প্রথম খণ্ড ঃ প্রথম ভাগ

ভারত সরকারের শিক্ষাধিকারিক বিভাগের উল্ছোগে লিখিত ও প্রকাশিত

সর্বেপল্লী রাধাক্ষণন্

সভাপতি

আর্দেশির রাতন্জি ওয়াডিয়া

ধীরেন্দ্রমোহন দত্ত

হুমায়ুন কবির

কর্মচিব

সম্পাদকমণ্ডলী

এম. পি. সরকার অ্যাণ্ড সন্স প্রাইভেট লিমিটেড কলিকাতা ১২ বাংলা সংস্করণের সম্পাদকমণ্ডলী

হুমায়ুন কবির

সভাপতি

রাসবিহারী দাস

অমিয়কুমার মজুমদার

কর্মচিব

প্রথম সংস্করণ আধিন, ১৩৬৬

এম সি সরকার অ্যাণ্ড সন্স প্রাইভেট লিঃ, ১৪ বঙ্কিম চাটুজ্যে খ্রীট, কলিকাতা ১২ শ্রীস্থিয় সরকার কর্তৃক প্রকাশিত, এবং তাপসী প্রেস, ৩০ কর্মগুয়ালিস খ্রীট, কলিকাতা ৬ হইতে শ্রীস্থ্নারায়ণ ভট্টাচার্য কর্তৃক মুক্তিত।

মওলানা আবুল কালাম আজাদ স্মরণে

প্রথম খণ্ড ঃঃ প্রথম ভাগ বাঁহারা অমুবাদ করিয়াছেন

অমিয়কুমার মজুমদার, অরুণা মজুমদার দক্ষিণারঞ্জন ভট্টাচার্য, দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় বিশু মুখোপাধ্যায়, মনোরঞ্জন বস্থ

•

নিবেদন

মাহুষের চিন্তাভাবনার ইতিহাদই মাহুষের দভ্যিকার ইতিহাদ। যেদিন মাহুষ ভাবতে স্কুক করল, দেদিন থেকেই জীবজগতে তার বিশিষ্ট স্থান। প্রাণী হিদাবে মাহুষের অনেক হুর্বলতা,—তার দৃষ্টিশক্তি, প্রবণশক্তি, গতিশক্তি অক্সান্ত জন্তুর তুলনায় ক্ষীণ, শারীরিক শক্তি-দামর্থ্যেও তার স্থান উচ্চে নয়, কিন্তু এত হুর্বলতা দত্তেও বুদ্ধির উৎকর্ষে এবং পরস্পরের দঙ্গে দহুষোগিতার ফলে মাহুষ দমন্ত প্রাণী-জগতকে নিজের আয়ত্তে এনেছে। মাহুষ খেভাবে পরস্পরের দঙ্গে দহুযোগিতা করে, প্রাণীরাজ্যের অন্ত কোন তারে তার তুলনা মেলে না। ভাষার মাধ্যমে দে সহুযোগিতা ভিন্ন মাহুষ বাঁচতেই পারত না, কিন্তু দে সহুযোগিতার মূলেও মাহুষেব বৃদ্ধিবৃত্তি ও চিন্তাশক্তি কার্যকরী। বুদ্ধিশক্তির ঘারা কেবল প্রাণী-জগতকে নয়, প্রকৃতির শক্তিকেও মাহুষ নিয়ন্ত্রণ করে নিজের কাজে লাগাতে চায়, এবং তার দে উদ্দেশ্য বহল পরিমাণে দফলও হয়েছে।

মান্থ হিদাবে আবির্ভাবের সঙ্গেই তাই মান্তবের চিন্তার স্থান জীবনের নিতানৈমিন্তিক ও প্রত্যক্ষ প্রয়োজনগুলি মেটাবার জন্মই হয়তে। মান্থয প্রথম ভাবতে স্থাক করেছিল, কিন্তু সে ভাবনা বর্তমান ও সাক্ষাং অভিজ্ঞতার মধ্যে আবদ্ধ থাকেনি। প্রথম থেকেই মান্থ্য অগ্রপশ্চাৎ বিবেচনা করতে স্থাক করেছে, অতীতের শ্বৃতি ও ভবিশ্বতের কল্পনাকে প্রভিদিনের অভিজ্ঞতার সঙ্গে সংখাগ করে জ্ঞানের সাধারণ স্বত্রের সন্ধান করেছে। অসংখ্য ঘটনার অনস্ত বৈচিত্র্যের মধ্যে ঐক্যন্থাপনের জন্মই হয়তো ধারণার উত্তব, কিন্তু উদ্ভূত হবার সঙ্গে সঙ্গেই ধারণা অভিজ্ঞতা-নিরপেক্ষ সভোর সন্ধান দিতে স্থাক করেছে। শুধু তাই নয়, জীবনের দৈনন্দিন প্রয়োজন মেটাবার সঙ্গে সঙ্গেই মান্থযের মনে নিজের জন্ম, মৃত্যু, অদৃষ্টের বিচিত্র বিলাস ও বিশ্বজ্ঞগতের সত্তা ও সত্য নিয়ে প্রশ্ন জেগেছে। সে সম্বন্ধে মান্থযের চিন্তাধারা স্থমংবদ্ধ হতে হয়তো হাজার হাজার বছর লেগেছে, কিন্তু বিশ্বয় ও জিন্তাধায় মানবজীবনের উন্মেযের সঙ্গে সঙ্গেই এ সমন্ত প্রশ্নের উদয়ে দর্শনের জন্ম।

মাগ্রের অভিঞ্জতার কেন্দ্রস্থলে তাই দর্শনের অভিব্যক্তি। সম্ভানে হোক, অজ্ঞানে হোক, মানবগোষ্ঠার প্রত্যেকটি বোধশক্তিমান ব্যক্তিই তাই দার্শনিক। কেন জন্ম হ'ল, জীবনের উদ্দেশ্য কি, ঘটনাপ্রবাহের তাৎপর্য কি—এ সমস্ত প্রশ্ন মাহ্য কোনদিনই এড়াতে পারেনা। শুধু তাই নয়, দৃশ্যমান স্পর্শমান জগতের যে বিচিত্র প্রকাশ, তার মধ্যে অগণিত সঙ্গতি অসঙ্গতি প্রত্যেকেরই দৃষ্টি আকর্ষণ করে। সে সম্বন্ধ যেদিন মাহ্য ভাবতে হারু করল, সেদিনই দর্শনের গোড়াপত্তন। সে চিন্থাধারাকে যদি সংহত ও হাসংবদ্ধ না করি, তবে আমাদের চিন্তায় বারে বারে ভূল হবে। সংহত ও হাসংবদ্ধ করবার চেন্তা করলেও বহুক্তেতে ত্রু ভূল হবে, কিন্তু এ সমস্ত বিষয়ে চিন্তা না করে থাকাও মাহ্যেরে পক্ষে সম্ভব নয়। স্প্রির প্রথম দিন থেকেই মান্থ্য এদব বিষয়ে চিন্তা করেছে এবং তাই মাহ্যের আবির্ভাবের সঙ্গে সঙ্গে দর্শনেরও আবির্ভাব।

পৃথিবীর প্রত্যেক দেশ এবং প্রত্যেক যুগেই মান্নর দর্শনের সমস্থা নিয়ে বিচার করেছে। ব্যক্তি এবং জাতির বৈশিষ্ট্য এবং জাতিজ্ঞতার বৈচিত্র্যে সে চিস্তাধারায়ও প্রচ্ব বৈচিত্র্যের পরিচয় মেলে। জতীতে জনেক সময়ই এক দেশের দর্শন চিস্তার সঙ্গে জার্ম দেশের জার্মনিকদের পরিচয় ছিল না। তাই বহু ক্ষেত্রে বিভিন্ন দেশের বিভিন্ন দার্শনিকেরে একই ধরণের দিন্ধান্ত, একই ধরণের ভাবনা এবং একই ধরণের ভূলের পরিচয় মেলে। যদি পৃথিবীর দর্শন-চিস্তার সমগ্ররূপ সকলের সমূর্থে উপস্থিত করা যায়, তবে তাতে প্রত্যেকেরই লাভ, এবং প্রত্যেকের দর্শন-চিস্তায়ই তাতে নতুন গভীরতা, নতুন শক্তি ও বেগ আসবে।

বিজ্ঞানের সঙ্গে দর্শনের একটি বড় পার্থক্য এই যে, বিজ্ঞানের ইতিহাসে যে ধরণের প্রগতির পরিচয় মেলে, দর্শনে তা মেলে না। অতীতের বিজ্ঞানের ভিত্তিতেই আজকার বিজ্ঞানের বিকাশ, কিন্তু বিজ্ঞানের আগুনিক সিদ্ধান্ত বহুক্ষেত্রেই অতীতের সিদ্ধান্তকে অস্বীকার করে। শুধু তাই নয়, অতীতের যে সমন্ত সিদ্ধান্ত আজ লাস্ত বলে গণিত, আধুনিককালে বিজ্ঞানের ছাত্র তাকে অনেকখানি উপেক্ষাও করতে পারে। দর্শনের ক্ষেত্রে কিন্তু তা সম্ভব নয়। আজ যে সব সিদ্ধান্তকে আমরা ভূল মনে করি তাকেও প্রোপ্রিভাবে দর্শন অগ্রাহ্ণ করতে পারে না। তাদের অস্বীকার করলে বর্তমানকে বোঝাও কঠিন হয়ে দাঁড়ায়। তা ছাড়া কাল যা ঠিক মনে হয়েছিল, আজ হয়তো তাকে ভূল ভাবছি. কিন্তু আগামীকাল আবার সেই বিগতকালের স্থ্রকেই নতুন করে মানার পালা আদবে। দর্শনে এরকম পরিণতি বার বার দেখা গেছে। অতীতের পরিপ্রেক্ষিতে বর্তমানের বিচার এবং বর্তমানের পরিপ্রেক্ষিতে অতীতের বিচার করাই দর্শনের সাধনা। হেগেল দর্শনের ইতিহাসকেই দর্শন বলেছিলেন। সে কথা সম্পূর্ণ না মানলেও একথা কিন্তু মানতেই হবে যে, দর্শনের ইতিহাসকে বাদ দিয়ে দর্শন অধ্যয়ন সম্ভব নয়।

জীবনের প্রতি ক্ষেত্রেই মামুষের <u>ভাবন।</u> মানুষের ক্রিয়া-কার্যকে প্রভাবিত করে। দর্শন-চিস্তা সম্বন্ধে সম্পূর্ণ সজাগ বা অবহিত না হলেও দেশকালের চিস্তাধারার প্রভাব ব্যক্তি বা গোষ্ঠী এড়াতে পারে না, তাই প্রত্যক্ষভাবে না হলেও পরোক্ষভাবে মামুষের ইতিহাদে দর্শনের প্রভাব স্থগভীর। বিভিন্ন যুগে, বিভিন্ন দেশে যে বিভিন্ন জীবন-দর্শনের বিকাশ, বর্তমান যুগে মাহুষের পক্ষে তার পরিচয় আরে৷ প্রয়োজনীয়। বিজ্ঞান ও টেকনিকের অগ্রগতিতে পৃথিবী আজ একস্থত্রে বাঁধা, তাই যে কোন দেশে যা ঘটে, মাত্রুষ যা ভাবে, সমস্ত দেশেই তার প্রভাব পড়ে। পৃথিবীর দুর্শন-চিন্তার দঙ্গে পরিচয় তাই আজ প্রত্যেক শিক্ষিত মানবের কর্তব্য সমগ্র পৃথিবীর ঐক্যের কথা মাতুষের দর্শন-চিন্তায় বহুদিন হ'ল ধরা দিয়েছে, কিন্তু ত। দত্তেও দমগ্র পৃথিবীর দর্শন-চিন্তার ইতিহাদ রচনার কাজ আজও বেশীদ্ব এগোয় নি। ইউরোপে যে সমস্ত দর্শনের ইতিহাস প্রচলিত, ইউরোপ ভূথত্তের চিন্তার পরিচয় দিয়েই তারা তৃগু। প্রথম যুগের গ্রীক দার্শনিকদের চিন্তার উপর প্রাচ্য চিন্তাধারার প্রভাব রয়েছে, একথা স্বীকার করেও ইউবোপীয় দর্শনের ইতিহাস ভারতীয়, মিদরী বা চীন দর্শনের কোন বিবরণ দেয় নি। স্বতন্ত্রভাবে ভারতবর্ষের দর্শনের ইতিহাসও অনেক রচিত হয়েছে, কিন্তু সে ইতিহাসে পাশ্চাত্যদর্শন, চীনদর্শন বা আরবদর্শনের কোন বিবরণ নাই। স্বতম্বভাবে বিভিন্ন দেশের দর্শনের ইতিহাস হয়তো অনেক মিলবে—তাদের মধ্যে বহু শ্রেষ্ঠ মনীধীর রচিত শ্রেষ্ঠ পুস্তকও রয়েছে – কিন্তু বিশ্ব-দর্শনের ইতিহাস রচনার চেষ্টা বড একটা হয়নি।

১৯৭৮ সালে সর্বভারতীয় শিক্ষা সম্মেলনের উদ্বোধন বক্তৃতায় মণ্ডলানা আবুল কালাম আন্ধাদ প্রস্তাব করেন যে, ভারত সরকারের পৃষ্ঠপোষকতায় সর্বদেশ ও সর্বকালের দর্শন-চিন্তার ইতিহাস রচিত হোক। বোধ হয় পৃথিবীর জ্মন্ত কোন দেশে এ ধরণের প্রস্তাব সরকারের তরফ থেকে আসত না। এ কথাও বোধ হয় ঠিক যে মণ্ডলানা আজাদের মতন দর্শনবিজ্ঞান অন্তরাগী ও স্থপণ্ডিত মন্ত্রীর পক্ষেই এরকম প্রস্তাব করা সম্ভব হয়েছিল। তিনি মনে-প্রাণে বিশাস করতেন যে বিভিন্ন চিন্তাধারা, সংস্কৃতি ও সভ্যতার সমবায়ে ভারতবর্ষে যে বিচিত্র মানবসমান্ধ গড়ে উঠেছে, তার মধ্যে ভবিশ্বং পৃথিবীর বিশ্ব-সমাজের পূর্বাভাস মেলে। ভারতবর্ষের প্রাঙ্গণে পূর্ব ও পশ্চিম, উত্তর ও দক্ষিণ এসে মিলেছে। বহু জাতি, বহু ধর্ম, বহু ভাষার পারস্পরিক সহযোগিতায় এখানে বিবিধের মধ্যে মহান্ মিলন রচিত হয়েছে। ভারতীয় সভ্যতা ও সংস্কৃতিকে ঠিকভাবে ব্রুতে হলে পৃথিবীর সমস্ত সভ্যতা ও সংস্কৃতির সঙ্গে প্রিচয় প্রয়োক্ষন। ভারতীয় দর্শনের

বৈচিত্র্য ও বহুম্থিনতার মধ্যে পৃথিবীর মাহুষের চিন্তাধারার ঐশ্চর্য ও প্রাচুর্যের পরিচয় মিলবে, এ বিষয়ে মওলানা আজাদের মনে কোন সন্দেহ ছিল না।

মওলানা আজাদের অহ্প্রেরণায় পূর্ব ও পাশ্চাত্য দর্শনের এ ইতিহাদ রচনা স্থক হয়। অধ্যাপক দর্বেপল্লী রাধাকুফুন্, অধ্যাপক আরদেশিব ওয়াদিয়া, অধ্যাপক ধীরেক্রমোহন দত্ত ও বর্তমান লেথককে নিয়ে ষে সম্পাদকমণ্ডলী গঠিত হয়, প্রায় ষাটজন থ্যাতনামা পণ্ডিতের দহায়তায় দেই মণ্ডলী সমস্ত পৃথিবীর দর্শনের এই ইতিহাস সংকলিত করেন। বিভিন্ন দেশ ও যুগের দর্শনের এরকম সমাবেশ পূর্বে বোধ হয় কোনদিন হয়নি—গেদিক থেকে এ গ্রন্থগানি বিশ্ব-দর্শনের প্রথম ইতিহাদ বলে দাবী করতে পারে। সম্পাদকমগুলীর বিশাস যে, মানবাঝার অন্তর্নিহিত এক্য এ গ্রন্থে পরিস্ফুট হয়ে উঠেছে। বহিঃপৃথিবীর স্বরূপ নিয়ে আলোচনা হয়তো পাশ্চাত্য দর্শনে থানিকটা বেশী, হয়তো ভারতীয় দর্শনে মন্লগুত্ব ও পরাবিহার প্রতি অতুরাগ প্রবলতর, চীনদেশের চিন্তাধারায় হয়তো দামাজিক সমস্তার প্রশ্ন নিয়েই বেশী আলোচনা, বিভিন্ন যুগ ও বিভিন্ন দেশের দর্শনে এ ধরণের বিভিন্ন সমস্থার প্রতি মনোনিবেশে তলাং হতে পারে, কিন্তু মানবচিত্তের মল সমস্তাগুলির পরিচয় দর্শনের এ সমস্ত ক্ষেত্রেই মিলবে। বর্তমানে পাশ্চাত্য দেশে এবং থানিকটা পরিমাণে ভারতবর্ধেও ভাষাগত বিশ্লেষণ বা তায় শাল্পের প্রশ্ন নিয়ে অতিরিক্ত বাড়াবাড়ি। সম্পাদকমণ্ডলীর বিখাপ যে, বিভিন্ন যুগের বিভিন্ন সভ্যতার চিন্তাধারার দলে পরিচয়ের ফলে বর্তমান যুগের এ দংকীর্ণতাও হয়তো খানিকটা কাটবে, এবং দর্শনের মহত্তর সমস্তা নিয়ে নতুন করে আলোচনা শুক্র হবে।

ইংরেজীতে গ্রন্থথানি ১৯৫২ সালে প্রকাশিত হয়। এক অর্থে পৃথিবীর দর্শন-সাহিত্যে গ্রন্থথানিকে স্বাধীন ভারতের প্রথম অবদান বলা চলে এবং প্রথম থেকেই পৃথিবীর বিভিন্ন দেশে স্থবীরুদ্দ বইথানির সাদর অভ্যর্থনা করেন। বিভিন্ন দেশ ও জাতির পরস্পরের পরিচয়ের জন্ম রচিত এ গ্রন্থ ভারতবর্ষের বিভিন্ন অঞ্চল ও বিভিন্ন ভাষাভাষীর পারস্পরিক পরিচয়েও সাহাষ্য করেবে, এ আশা প্রথম থেকেই আমাদের ছিল। প্রথম থেকেই তাই উদ্দেশ্য ছিল যে বিভিন্ন ভারতীয় ভাষায় গ্রন্থথানিব অন্থ্যাদ হোক, এবং সেই উদ্দেশ্য অন্থ্যায়ী আজ বাঙলাভাষায় এ অন্থ্যাদ প্রকাশিত হোল।

ধাঁদের দাহায্য ভিন্ন এ অনুবাদ প্রকাশ করা দন্তব হ'ত না, তাঁদের সকলকেই আমার আন্তরিক অভিনন্দন জানাই। বাঙলা গ্রন্থংনির জন্ম যে সম্পাদক-মণ্ডলী গঠিত হয়েছিল, তাঁদের মধ্যে সকলেই এবং বিশেষ করে শ্রীঅমিয়কুমার মন্ত্রুমার, শ্রীচন্দ্রোদার, শ্রীচন্দ্রোদার ভাষাতার্য এবং শ্রীকল্যাণচন্দ্র গুপ্ত গ্রন্থানির প্রকাশের

ব্যাপারে যে ভাবে খেটেছেন, তা সত্যই প্রশংসনীয়। গ্রীবিশু মুখোপাধ্যায়ও গ্রন্থখানির অমবাদ ও প্রকাশের কাজে যথেষ্ট সহায়তা করেছেন। প্রকাশক এম, সি, সরকার এশু সন্স-এর গ্রীস্থানিরন্দ্র সরকার মহাশয় এগিয়ে না আসলে বইথানি প্রকাশ এত সহজে হোত না। ভারত সরকার কেবলমাত্র মূল গ্রন্থ সংকলনে নয়, বাঙলা অমুবাদের জন্মও নানা ভাবে সাহায্য করেছেন। ভারত সরকার এবং বাঙলা সরকারের আর্থিক সহায়তার ফলে গ্রন্থখানির দাম কমানো সন্তব হয়েছে। আশা করি থে, তার ফলে স্কুল, কলেজ, লাইব্রেরী ছাড়াও দর্শন-অনুরাগী পাঠক বইখানি ব্যবহার করতে পারবেন।

পূর্বেই বলেছি যে ইংরেজী বা অতা কোন ইউরোপীয় ভাষায়ও বিগ-দর্শনের এ ধরণের ইতিহাদ পূর্বে রচিত হয়নি। বিভিন্ন ভারতীয় ভাষায় আজকাল দর্শন আলোচনা বা দর্শন বচনার পরিচয় আরো কম মেলে। মেদিক থেকেও ভারতীয় ভাষায় এ ধরণের বইয়ের অমুবাদ যে কত দরকার, দে দম্বন্ধে আলোচনা নিম্প্রোজন। স্বাধীন ভারতবর্ষ গণতাম্থিক বাইরূপ বরণ করে নিয়েছে। শিক্ষিত এবং চিস্তাশীল জনসাধারণের সহযোগিতা ভিন্ন গণতন্ত্র কি করে সার্থক হবে ? নিজের মাতৃভাষার মাধাম ভিন্ন অক্ত কোন উপায়ে দেশের জনসাধারণ পৃথিবীর জ্ঞানভাণ্ডার থেকে মনের খোরাক দংগ্রহ করতে পাবে না। তাই প্রত্যেক ভারতীয় ভাষায়ই সমস্ত পৃথিবীর জ্ঞানভাণ্ডার প্রকাশিত না করতে পারলে ভারতীয় জনসাধারণের প্রতি অবিচার করা হবে। নানা ক্ষেত্রে বিভিন্ন ভারতীয় ভাষায় আজও সমুদ্ধ দাহিত্যের অভাব। আমার বিশাদ যে প্রত্যেক ইংরেজী-শিক্ষিত ভারতবাসী যদি নিজের মাতৃভাষায় বিদেশী ভাষালব্ধ জ্ঞানের পরিচয় দিতে চেষ্টা করেন, তবে পাঁচ-ছয় বংসরের মধ্যেই ভারতীয় বিভিন্ন ভাষা বর্তমান যুগোপধোগী দাহিত্যে সমুদ্ধ হয়ে উঠবে। বর্তমান গ্রন্থানি যদি বিশ্বের দর্শন-চিহার বিপুল ঐশ্বর্থ সম্বন্ধে বাঙালী পাঠককে সচেতন করে তুলতে পারে, সেই এখর্ষের প্রতি বাঙালী পাঠকের মনে কৌতৃহল ও আগ্রহ জাগায়, তবেই আমাদের সমস্ত পরিশ্রম সার্থক মনে করব।

ছমায়ুন কবির

२२ व्यात्रहे, ५२१२

ভূমিকা

(मृल हेश्द्रिकी मःश्वद्रुश्व)

ভারত দরকারের আফুকুল্যে একথানি দর্শনের ইতিহাদ প্রণয়ন করিবার প্রস্তাব সর্বপ্রথম ভারতের শিক্ষামন্ত্রী মাননীয় মওলানা আবুল কালাম আজাদ উত্থাপন করেন। পৃথিবীর বিভিন্ন সভ্যতা ও সংস্কৃতির মধ্যে মাম্লযের চিস্তাধারার বিকাশ কি ভাবে ঘটিয়াছে তাহার যথাযথ চিত্র এই দর্শনের ইতিহাসে প্রতিফলিত হইবে, ইহাই ছিল মাননীয় শিক্ষামন্ত্রীর অভিপ্রায়। ১৯৪৮ দালে অমুষ্ঠিত নিথিল ভারত শিক্ষা-সম্মেলনের উদোধন প্রসঙ্গে তিনি বলিয়াছিলেন যে, ইউরোপে "সাধারণ দর্শনের ইতিহাস ও গ্রীক দর্শন হইতে হারু করিয়া আধুনিক ইউরোপীয় দর্শনে শেষ হয়; ভারত ও চীনদেশের চিন্তাবারাকে এই ইতিহাস কোন মতে স্পর্শ করে মাত্র। ভারতবর্ধের বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলিতে এই জাতীয় দর্শনের ইতিহাসেরই এতকাল পঠন-পাঠন হইতেছে। কিন্তু আমার বিশ্বাস, আপনারা অবশ্রুই স্বীকার করিবেন যে, এই জাতীয় দর্শনের ইতিহাসে পৃথিবীর দার্শনিক চিন্তাধারার বিকাশ সমাক প্রতিফলিত হয় নাই। তত্ত্বিভা ও দর্শনের ক্ষেত্রে ভারতীয় মনীষীদের প্রকৃষ্ট অবদানের কথা আজ কেহই সম্বীকার করিতে পারেন না। একথা অবশ্য সত্য যে, সম্প্রতি ভারতীয় বিপ্রবিগালয়গুলিতে ভারতীয় দর্শন পাঠ্য-বিষয়ের অন্তর্ভুক্তি হইয়াছে, কিন্তু তবুও একথা স্বীকার করিতে হইবে যে, পৃথিবীর দর্শনের ইতিহাসে ভারতীয় দর্শন তাহার যোগ্য স্থান পায় নাই :"

মাননীয় শিক্ষামন্ত্রী ১৯৪৮-১৯ সালের বাজেট-বিতর্ককালে তাঁহার এই ধারণা আরও বিশদভাবে প্রকাশ করিয়া বলিয়াছিলেন—

"মাননীয় সদস্যের। অবশ্যই অবগত আছেন যে, ভারতীয় দর্শন মানবসভাতার অন্তম গর্বের সম্পদ। আমাদের কলেজ-পাঠা দর্শনের ইতিহাসে ভারতীয় দর্শন অবশ্য এক অথাত কোণে স্থান পাইয়াছে। দর্শনশাস্ত্রকে যথার্থ পরিপ্রেক্ষিতে ব্ঝিতে হইলে প্রাচীন গ্রীস ও বর্তমান ইউরোপে দার্শনিক চিস্তার যে বিকাশ ঘটিয়াছে তাহা এবং সেই সঙ্গে দার্শনিক চিস্তায় ভারতের দান সম্বন্ধে প্রত্যেক ছাত্রের স্মাক্ জ্ঞান লাভ করিতে হইবে। ডক্টর রাধারুষ্ণন্কে সভাপতি করিয়া প্রসিদ্ধ দার্শনিকদের একটি

পরিষদ গঠন করিবার প্রস্তাব আমি উত্থাপন করিতেছি। এই পরিষদের কাজ হইবে এমন একথানি দর্শনের ইতিহাস রচনা করা, যাহাতে পূর্ববর্ণিত বিষয়গুলির উপর ষথায়থ গুরুত্ব দেওয়া হইবে।"

উদ্ধৃত বিবৃতি অন্থসরণে সভাপতি ভক্টর রাধাক্বঞ্চন্ এবং অধ্যাপক এ. আর. ওয়াদিয়া, ডি. এম্. দত্ত ও হুমায়ুন কবিবকে লইয়া একটি পরিষদ গঠন করা হয়। এই পরিষদ পূর্বোক্ত পরিকল্পনা অন্থসারে একথানি গ্রন্থ প্রকাশের উদ্দেশ্যে সম্পাদকমণ্ডলী হিসাবে কাজ করে। পৃথিবীর সকল দেশের দার্শনিক চিন্তার বিকাশ, বিশেষ করিয়া ভারতে দর্শনের বিকাশকে অবলম্বন করিয়া এই গ্রন্থ রচনা করিতে হইবে ইহাই ছিল সম্পাদকমণ্ডলীর উদ্দেশ্য।

শোভাগ্যবশতঃ আমরা যাট জন পণ্ডিতের সাগ্রহ এবং অরুষ্ঠ সহযোগিত। লাভ করিয়াছি, যাঁহারা তাঁহাদের বিশেষভাবে অধীত বিষয় অবলম্বন করিয়া উক্ত গ্রম্থে প্রবন্ধাবলী প্রকাশিত করিয়াছেন। লেথকদের অধিকাংশ ভারতীয় হইলেও আমরা চীন, জাপান ও ইউরোপের পণ্ডিতগণকে আহ্বান জানাইতে দ্বিধা করি নাই। এই গ্রম্বের সকল লেথকদের প্রতি তাঁহাদের মূল্যবান সাহায্যের জন্ম আমরা কৃতজ্ঞ। যদিও সম্পাদকগণ লেথক নির্বাচন ও বিষয়বস্তু নির্বারণ করিয়া দিয়াছিলেন, তথাপি লেথকদের বিষয়বস্তু পরিবেশনে যথেষ্ট স্বাধীনতা ছিল। এই জাতীয় বছ লেথকদের সমবেত প্রচেষ্টার মধ্যে যে গুক্তর ক্রটি থাকিয়া যায় সে সম্বন্ধে সম্পাদকগণ অবশ্র অবহিত আছেন। তথাপি তাঁহারা সমগ্র প্রচেষ্টার মধ্যে একটি উদ্বেশ্যাত ক্রিক্য সম্পাদন করিবার চেষ্টা করিয়াছেন।

দর্শনশান্ত প্রগতিশীল বিজ্ঞানের মত নয়—যে বিজ্ঞানের ইতিহাস তাহার স্বল্প আলোকপ্রাপ্ত অতীতের মধ্যে নিহিত। বিজ্ঞানের প্রগতি বহিজ্ঞাগতিক ও পরিমাপ্রে যোগ্য সাক্ষ্যপ্রমাণের উপর নির্ভর করে। দর্শনশান্তে বিচারের জন্ম যে প্রমাণাদি ব্যবহার করা হয়, তাহারা বাহ্য প্রমাণ নহে বলিয়া অবশু দর্শনের দৃষ্টিভঙ্গী কিছু কম বৈজ্ঞানিক নহে। তাত্ত্বিক ও ব্যবহারিক বিজ্ঞানের উন্নতি সত্তেও একথা আমরা জোর করিয়া বলিতে পরি না যে, অতীতের চিস্তানায়কদের তুলনায় আমাদের দার্শনিক অস্তদৃষ্টি গভীরতর। কাহারও কাহারও মতে বৃদ্ধ ও প্রেটোর যুগে দার্শনিক চিস্তার যে গভীরতা দেখা গিয়াছিল বর্তমান যুগেব দার্শনিক চিস্তা তাহার তুলনায় অনেক কম পরিপক্ষতা ও পূর্ণতা লাভ করিয়াছে। সে যাহাই হউক, দর্শনের ইতিহাসের সম্যক্ জ্ঞান না থাকিলে কেহই দর্শন শাল্পের হুগভীর আলোচনা করিতে সমর্থ হন না। মোহ্মুক্ত মন লইয়া স্বাধীনভাবে দর্শন আলোচনা করার যে মূল্য, দর্শনের ইতিহাসের অবশ্য সে মূল্য নয়। তথাপি ইহা দর্শনশাল্পের

আলোচনাকে বোধগম্য ও ফলপ্রদ করিবার জত্ত একটি কাঠামে। রচনা করিয়া থাকে।

দার্শনিক চিস্তার অগ্রগতি বৈজ্ঞানিক জ্ঞানসৃদ্ধির মত নয়। উভয়ের মধ্যে গুণগত পার্থক্য রহিয়াছে। বিজ্ঞানের ক্ষেত্রে জ্ঞানের সীমা নিদিষ্ট তথ্যের সাহায্যে বৃদ্ধি পাইয়াছে; দর্শনের ক্ষেত্রে জ্ঞানের পরিমাণগত বৃদ্ধি হয় নাই, স্বাভাবিক উন্নয়ন ঘটিয়াছে। অতাতের দার্শনিক চিস্তাধারার সঙ্গে বর্তমান চিস্তাধারার যথেষ্ট মিল রহিয়াছে, কিন্তু আজু আমরা দেই চিন্তাধারাকে নৃতন দৃষ্টিভঙ্গীতে, নৃতন গভীরতা ও স্ক্ষাতার সঙ্গে উপলব্ধি করিয়া থাকি।

বর্তমান গ্রন্থে বিভিন্ন দেশের এবং বিভিন্ন বৃগের দর্শনকে এক ফতে গ্রথিত করা হইয়াছে; ইহার ফলে বিদগ্ধ পাঠক মানব সমাজে দার্শনিক দৃষ্টির বিভিন্ন ও বিচিত্র প্রকাশকে তুলনা করিতে পারিবেন। এই দিক হইতে বর্তমান গ্রন্থকে পথপ্রদর্শক বলা যাইতে পারে। ইহা হয়ত উন্নততর আন্তর্জাতিক বোধ জাগ্রত করিতে সমর্থ হটবে এবং ভৌগোলিক ও জাতিগত বাধা অতিক্রম করিয়া মানব-আকাক্রার মধ্যে যে ঐক্য বিরাজ করিতেছে তাহার পরিচয় দিতে পারিবে। বিভিন্ন যুগের চিন্তার মধ্যে যে পার্থক্য দেখা যায় তাহা শুধু বিষয়বস্তব উপর গুরুত্ব প্রয়োগ ব্যাপারে। পাশ্চাত্য দর্শন যেমন বহির্জগতের স্বভাবের উপর অত্যধিক গুরুত্ব আরোপ করে, ভারতীয় দর্শন, বিশেষতঃ হিন্দু ও বৌদ্ধ দর্শন, তেমনি মনতত্ব ও তত্ববিভার উপর অধিক গুরুত্ব আরোপ করে, ভারতীয় দর্শন, বিশেষতঃ হিন্দু ও বৌদ্ধ দর্শন, তেমনি মনতত্ব ও তত্ববিভার উপর অধিক গুরুত্ব আরোপ করে। চীন দেশের চিন্তাধারার মধ্যে আবার সামাজিক সমস্যা আলোচনার দিকে বেশী প্রবণতা দেখা যায়।

চিন্তাজগতের যে রূপ-বেগা এই গ্রন্থে বর্ণিত হইয়াছে তাহা পাঠক-চিত্তকে আনন্দ দান করিতে পারিবে বর্ণিয়া আশা করি, কারণ বর্তমান যুগে কোন কোন দেশে দর্শনের দীমারেখা দঙ্গচিত হইয়া আদিয়াছে এবং ইহা শুধু তাত্তিক ও ভাষাগত বিশ্লেষণে পর্যবদিত হইয়াছে।

যদিও সকল দেশের দার্শনিক চিস্তার প্রধান ধারাকে আমরা এই গ্রন্থে পরিবেশন করিয়ছি, তব্ও এই ব্যাপারে আমরা সম্পূর্ণতা লাভ করিয়ছি এমন বলিতে পারি না। এই প্রকার বিমিশ্র-গ্রন্থে একজাতীয় মান রক্ষা করা স্থকঠিন। লেখকদের ব্যক্তিগত অভিক্ষচি ও পক্ষপাতের প্রতি আমাদিগকে লক্ষ্য রাখিতে হইয়াছে। শব্দের বানানের বিষয়ে আমরা একজাতীয় মান বজায় রাখিবার চেষ্টা করিয়াছি।

বিভিন্ন জাতির সংস্কৃতি ও ঐতিহের মধ্যে যে দার্শনিক মত গড়িয়া উঠিয়াছে তাহাদের তুলনা করা থ্ব সহজ কাজ নহে। এক মতবাদে যে ভাব, ধারণা বা

পারিভাষিক শব্দ ব্যবহার করা হইয়াছে, অন্ত মতে তাহাদের ঠিক প্রতিশব্দ খুঁজিয়া পাওয়া কঠিন। উদাহরণম্বরূপ, হিন্দু দর্শনে ব্যবহৃত 'আত্মা' ও 'মায়া' শব্দ ছুইটি যথাক্রমে অহং ও ভ্রান্তি অর্থে অসঙ্গতভাবে প্রয়োগ করা হইয়াছে।

নিথ্ত কালাস্ক্রম বক্ষা করিয়া দর্শনের ইতিহাদ প্রণয়ন করা দস্তবপর নহে। কারণ, দার্শনিক দৃষ্টিভঙ্গী বিভিন্ন দেশে এবং বিভিন্ন জাতির মধ্যে স্বাধীন ভাবেই আত্মপ্রকাশ করিয়াছে। দেই জন্ম এই গ্রন্থের নাম "দর্শনঃ প্রাচ্য ও পাশ্চাত্য" রাধার কথা আমরা প্রথমে চিন্তা করিয়াছিলাম। কিন্তু কিছুকাল পরে প্রায় ঐ নামের একথানি গ্রন্থের সন্ধান আমরা পাই এবং পাছে গ্রন্থের নাম লইয়া কোন বিভ্রান্তির সৃষ্টি হয় দেই জন্ম আমরা বর্তমান নাম গ্রহণ করিয়াছি। "গণিত ও জ্যোতিষ শাল্পে এবং অন্যান্ম বিজ্ঞানে ভারতের অবদান" এই নামে একটি পরিচ্ছেদ এই গ্রন্থে কেন রাথা হইয়াছে, দে সম্বন্ধে হয়ত কিছু কৈফিয়ত দিবার প্রয়োজন আছে। বহু লোকের মনে বন্ধমূল ধারণা আছে যে, ভারতবাদীর মন প্রধানতঃ তত্ত্ববিচাভিম্থী। বর্তমান যুগের ভারতীয় বৈজ্ঞানিকরা এই মতের অসারতা প্রতিপন্ন করিয়াছেন। কিন্তু ইহাও আনন্দের সঙ্গে লক্ষ্যণীয় যে, স্থ্রাচীন যুগেও বিজ্ঞানের অগ্রগতির জন্ম ভারতবাদী মূল্যবান কীতি রাথিয়া গিয়াছে। এই পরিচ্ছেদ প্রাচীন ভারতীয় দর্শনের পটভূমিকা হিদাবে গ্রহণ করা যাইবে।

মাননীয় মওলানা আবুল কালাম আজাদ এই গ্রন্থ প্রণয়নে যে অন্থপ্রেরণা দিয়াছেন সেজ্ঞ তাঁহার নিকট আমরা ক্তজ্ঞ।

লগুনস্থ স্থল অব ওরিয়েণ্টাল এগিও এগাফ্রিকান্ ফীডিজ-এর অধ্যাপক এগ্ ভট্টাচার্য এম এ., পি. এচ্ ডি., ডি লিট্., ব্যারিফীর-এগাট্-ল মহাশ্রের প্রতি সম্পাদকগণ বিশেষভাবে ঋণ স্বীকার করিতেছেন। লগুনে থাকিয়া অধ্যাপক ভট্টাচার্য বর্তমান সম্পাদকমণ্ডলীর পক্ষ হইতে প্রুফ্-সংশোধন ও নির্ঘণ্ট প্রস্তুতিরূপ অস্ত্রেকর অথচ প্রয়োজনীয় কাজ করিয়াছেন।

সম্পাদকর্ন্দ

সূচীপত্র

বিষয়				পৃঠা
নিবেদন—ছমাযুন কবির	••			অ
ভূমিকা—(মূল ইংবেজী সংস্করণের)	• • •		•••	শ্বা
স্চনা—আবুল কালাম আজাদ				ক
প্রথ	াম খণ্ড			
ভারতীয় চি	স্তাধারার ভিবি	<u>3</u>		
১। ভারতীয় চিন্তাধারায় প্রাক্-বৈদি	ক উপাদান			৩
লেথক ঃ সি. ক্ত্লান রাজা বি. এ, ডি. ফিল্				
সংস্কৃত-সাহিংত্যেব অধ্যাপক, মাদ্রাজ বিগবি	াগাল্য, মাজাজ			
২ বেদ				28
লেথকঃ তাবাপদ চৌধুবী এম, এ, বি. এল	ৰ, পি এচু. ডি (ফ	ৰণ্ডন)		
সংস্কৃত সাহিত্যেব অধ্যাপক, পাটনা কলেজ	•			
৩। উপনিষদ				৩৭
লেথকঃ টি. এম. পি মহাদেবন এম. এ, পি	t. এচ. দ্ <mark>রি</mark>			01
দুৰ্ণন বিভাগেব প্ৰধান অধ্যাপক, মাদ্ৰাজ বি	•			
৪। র†মায়ণ · · · · · ·				dua
৪। রামায়ণ · · · · · · · · · · · · · · · · · · ·	• •	••	••	৬৩
ে। মহাভারত ও ভগবদ্গীত।	•••	•••	••	99
লেখক ঃ স্থশীলক্মার দে এম. এ (কলিক	•	লওন)		
সংস্কৃত-দাহিত্যেব ভূতপূর্ব অধ্যাপক, ঢাকা	াবখাব তালয়			
৬। মহু ও কৌটিলা	•••	••		7 0 4
লেখক: কে. এ, নীলকণ্ঠ শান্তী এম. এ		6 .		
ভারতীয় ইতিহাস ও প্রত্তব্রে ভূতপূর্ব্ অ	ধাপক, মাদ্রাজ বি	শব তালয়		
৭। বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ	•••		• • •	३२ १
লেখকঃ এ. কে, বন্দ্যোপাধ্যায়				
অধ্যক্ষ মহারাজা প্রতাপ ডিগ্রী কলেজ, গে	ারক্ষপুর			

দ্বিতীয় খণ্ড

	निष य	পৃষ্ঠা
	ভারতীয় দর্শনেব পরম্পরাগত সম্প্রদায়সমূহ	
b	চার্বাক দর্শন (জড়বাদ) লেথকঃ দক্ষিণারপ্তন ভট্টাচার্য এম. এ, কাবাতীর্য, শ'রী, পি. এচ. ডি (কলিকাতা) অধ্যাপক কৃষ্ণনগর কলেজ, নদীযা	28¢
۱۶	জৈন দর্শন	১৫৩
7 • 1	বৌদ্ধ দর্শন (ক) প্রাচীন বৌদ্ধ দর্শন · · · · · · · · · · · · লেখকঃ হবিদাস ভট্টাচায গম. এ, বি এল, পি. আব. এম, দর্শন-মাগব দশন বিভাগের অবসবপ্রায় প্রধান অ্যাপেক, ঢাকা বিশ্ববিদ্যালয়	390
771	ঐ (খ) ভাৰতীয় বিভিন্ন বৌদ্ধ সম্প্ৰদায়ের ঐতিহাসিক ভূমিক। লেথকঃ বিধুশেষৰ ভট্টাচাম, শাৰ্থা, মহামহোপাধায়ে অবসবপ্ৰ, প্ৰথমে অধাপক, কলিকাতা বিধবিচ্যালয়	નહ દ
)२।	ঐ (গ) বৌদ্ধান্দি দাশনিক সম্প্রদায়সমূহ লেগকঃ টি. আর. ভি মৃতি দশনেব এধ্যাপিক, সিংহল বিধ্বিভালয়, কলমা	>>?
> ७ ।	ন্ত্ৰায়-বৈশেষিক দৰ্শন —(ক) প্ৰাচীন ন্তায়-বৈশেষিক দৰ্শন লেখকঃ সতীশচল চট্টোপাধায় এম. এ, পি. এচ. ডি পি. আৰু এস (কলিকাতা) কেকচাৰাৰ, দশন বিভাগ, কলিকাতা বিশ্বিজ্ঞালয়	২ ৬8
184		२ १ इ
74	সাংখ্য-যোগ · · · · · · · · · · · · · · · · · · ·	२२७

সূচনা

আবুল কালাম আজাদ

ইরাণ দেশের এক কবি বিশ্বক্ষাণ্ডের পরিচয় দিতে গিয়ে তাকে পুরানো পুঁথির পাণ্ডুলিপির দঙ্গে তুলনা করেছেন। পুঁথির স্কুক্ত ধেনেরে পাতা খোড্য়া গেছে, কাজেই কিভাবে তার আরম্ভ ও কোথায় তার পরিসমাপ্তি, দে কথা কেউ জানে না, জানবার কোন সন্তাবনাও নাই।

> মা যি আঘাষ যি আনজাম ই-জাহান বে-পবর-ইম আওয়াল-ও-আথের-ই-ইন কুহনা কেতাব উফ্তাদ আন্তঃ।

মানুষের আত্মচেতনার স্থক থেকে সে এই হারানো পাতা থুঁজে বেড়াছে।
মানব-আত্মার সেই অভিযান ও তার ফলে দে যে অভিজ্ঞতা অর্জন করেচে, তারই
নাম দর্শন। পুথির পরে প্থি লিখেও দার্শনিকের পক্ষে দর্শনের সংজ্ঞা ও প্রকৃতির
বিবরণ দেওয়া কঠিন, কিন্তু কবি একটি শ্লোকেই দর্শনের মর্মকথা ব্যক্ত করেছেন।

জীবন ও সন্তার তাৎপর্য উপলব্ধিই দুর্শনের লক্ষ্য। মান্নয যেদিন আত্মসচেতন হয়ে চিন্তা করতে স্থক করল, তার মনে দেদিন তৃটি প্রশ্ন প্রবল হয়ে দেখা দিল : মানব জীবনের তাৎপর্য কি ? যে বিশ্বস্থান্তির মধ্যে মান্থ্যের বাস তার স্বরূপই বা কি ? প্রশ্নের উত্তর খুঁজে মান্ন্য কতকাল নানাদিকে নানাভাবে হাতড়ে বেড়িয়েছে সে কথা আমরা জানি না, তবে খুঁজতে খুঁজতে যেদিন পথের হদিস পেল, তথন থেকে লক্ষ্য স্থির করে সে প্রজ্ঞা ও চিন্তার পথে অগ্রসর হতে চেন্তা করেছে। স্থসংবদ্ধ বিচার ও আলোচনার সেই থেকে স্থক। মান্থ্যের বৃদ্ধি যেদিন এই নতুন কর্ম-পন্থা অবলম্বন করল, সেইদিন দর্শনের জন্ম।

3

অন্তাদশ শতক পণস্ত ইউরোপের দর্শনের ইতিহাস মধ্যযুগের আরব দার্শনিক ও ঐতিহাসিকের ধারা অত্সরণ করে এসেছে।': দার্শনিক দৃষ্টিভঙ্গি থেকে দর্শনের বিকাশ বিচারের বদলে তাঁরা বিভিন্ন দার্শনিক ও তাদের সাঙ্গোপাঞ্চের বিবরণ দিয়েই ক্ষান্ত থাকতেন। এক কথায় দর্শনের ইতিহাস না বলে এ সমন্ত বিবরণকে দার্শনিকের ইতিহাস বলা চলে। প্রসঙ্গতঃ বলা উচিত থে, আরব লেথকের রচনায় তাদের নামকরণ

থেকেই একথা বোঝা যায়। আমরা যাকে দর্শনের ইতিহাস বলি, উনবিংশ শতকের গোড়ায় তার প্রথম আবির্ভাব। তথন যে ধারার প্রবর্তন, আজ্ব পর্যস্ত তাই প্রচলিত আছে। ছাত্রদের জন্ম পাঠ্যপুস্তক অথবা সাধারণ পাঠকের জন্ম সাধারণ বিবরণ— যে ধরণের দর্শনের ইতিহাসই রচিত হোক না কেন,—আজ্বকালকার লেথক এখানে ওথানে সামান্য অদলবদল করলেও উনবিংশ শতকের সেই ধারার বাইরে যেতে পারেন নাই।

গত একশো বছরে দর্শনের ইতিহাস ও আলোচনা অনেক এগিয়ে গেছে। নানা দেশের নানা জাতির পণ্ডিত বহু তথ্য ও তত্ত্বপূর্ণ পুঁথি লিখেছেন, কিন্তু সে সমস্ত বই যথন পড়ি,— একটা কথাই বার বার মনে আসে। দর্শনের উদ্ভব ও দর্শনের বিভিন্ন বিভাগের যে বিবরণ এ সমস্ত পুঁথিতে মেলে, আমার মতে সে বিবরণ পূর্ণাঙ্গ নয়। দর্শনের ইতিহাসের পূর্ণতর বিবরণের প্রয়োজন তাই আমি বার বার বোধ করেছি।

দর্শনের দামগ্রিক ইতিহাদের অনেক পাতা এমনভাবে বিনষ্ট হয়েছে যে, আজ তার পুনক্ষার দস্তব নয়। তাদের বিষয়ে তথ্য-সংগ্রহের সন্তাবনাও আজ নাই। আমরা জানি যে ইউনানের বহুপূর্বে মিশর এবং ইরাকে সভ্যতার বিকাশ হয়েছিল। আমরা একথাও জানি যে মিশরের আদিম জান ইউনানী দর্শনের প্রথম বিকাশকে গভীরভাবে প্রভাবায়িত করেছিল। প্রেটো তাঁর রচনায় যে ভাবে মিশরীয় জনশ্রুতির ব্যবহার করেছেন তাতে স্পষ্ট বোঝা যায় যে, এ দমস্ত জনশ্রুতিকে দেকালের লোক স্বতঃদিদ্ধ জ্ঞান বলে মেনে নিত। আ্যারিষ্টল তো পরিষার ভাবেই বলেছেন, মিশরী পুরোহিতেরাই পৃথিবীর আদিম দার্শনিক। মিশরের সঙ্গে ইউনানের সম্বন্ধ কি, সে বিষয়ে কিন্তু আমরা বিশেষ কিছু জানি না। এ বিষয়ে বিশদ জ্ঞানের কেবল যে অভাব তা নয়, দে জ্ঞান অর্জনেরও কোন দন্তাবনা দেখা যায় না। বাবিলন বা নিনিভে যে সভ্যতার বিকাশ, তার দার্শনিক স্বরূপ ও প্রকৃতি সম্বন্ধেও আমাদের জ্ঞান অত্যস্ত অনুস্পৃর্ব। প্রাকৃ-ইউনানী এ দমন্ত সভ্যতায় যে প্রশ্ন ও জিজ্ঞাদার স্বন্ধ, তারই ফলে ইউনানী দর্শনের বিকাশ সম্ভব হয়েছিল কিনা দে বিষয়েও আমরা স্থির করে কিছু বলতে পারি না। দর্শনের ইতিহাদের এ দমন্ত কাঁক যে কোনদিন পূরণ হবে, দে আশাও স্থদ্বপরাহত।

প্রাচীন ইতিহাসের কয়েকটি অঞ্চলের বিষয়ে আমাদের জ্ঞান বর্তমান শতকে অনেক বৃদ্ধি পেয়েছে। দর্শনের বিকাশের পূর্ণতর বিবরণ দেওয়া আজ তাই সম্ভব। প্রাচীন ভারতের ইতিহাস সম্বন্ধে অনেক নতুন তথ্য প্রকাশিত হয়েছে। ঐতিহাসিক জ্ঞানবৃদ্ধির সঙ্গে দর্শনের বিকাশের ধারা সম্বন্ধে নতুন তথ্য-সংগ্রহের ক্ষেত্রও মিলেছে। এককালে বলা হ'ত যে ইউনানে দর্শনের স্কর। কিন্তু প্রাকৃ-ইউনানী যুগেও দর্শনের

বিকাশের ইতিহাদ খুঁজে পাওয়া যায়; এবং দে বিকাশের প্রকৃতি ও ধারা সম্বন্ধেও আমরা আজ থানিকটা ধারণা করতে পারি। সাধারণভাবে কিন্তু তাতে আমাদের ঐতিহাদিক দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়নি — উনিশ শতকে দর্শনের ইতিহাদের যে ধারা প্রচলিত ছিল, দেই সংকীণ দৃষ্টিভঙ্গী আজও প্রবল।

ইউনানে দার্শনিক অন্থ্যদ্ধিংদা থেকেই যে ইউরোপীয় দর্শনের স্বরু দে বিষয়ে দন্দেই নাই। খৃষ্টধর্ম প্রচারের পরে দর্শনের বিকাশ ব্যাহত হয় এবং বহু শতাদী ধরে ইউরোপে দর্শনের কোন ঠিকানাই মেলেনা। কয়েক শ বছর পরে অন্তম শতাদীতে আরব পণ্ডিতেরা আবার ইউনানী দর্শনের আলোচনা স্বরু করেন এবং তাদের মাধ্যমেই ইউরোপে আবার দর্শনের প্রকুজ্জীবন হয়। এই আলোচনা ও অধ্যয়নের ফলে চিত্তবৃত্তির যে সম্প্রদারণ ও মৃক্তি, তাই পরবর্তীকালে ইউরোপীয় রেনেদাঁদের বিকশিত হয়ে উঠল। আরব অন্থ্যাদক ও টাকাকারেদের মারফত যে জ্ঞানভাগুরের সঙ্গে ইউরোপীয় পণ্ডিতদের এতদিন পরোক্ষ পরিচয় ছিল, রেনেদাঁদের যুগে ইউনানী দর্শনের মৃলগ্রন্থের সাক্ষাং সংস্পর্শে দে জ্ঞান পূর্ণত্ব হয়ে উঠল। রেনেদাঁদের পরে যে নতুন চিন্তাধাবার বিকাশ, আধ্নিক দর্শন তারই পরিণতি। ফলে ইউরোপীয় দর্শনের ইতিহাদকে অনেক সময় আদিম, মধ্যযুগীয়, রেনেদাঁদ এবং আধ্নিক এই চার অধ্যায়ে বিভক্ত করা হয়।

উনিশ শতকে ইউরোপীয় পণ্ডিতের। যথন দর্শনের ইতিহাদের থদ্ড। তৈরী করতে চেষ্টা করলেন, তথন এই চতুবগীয় বিভাগ স্বভাবতঃই তাঁদের মনে এল। ইউরোপীয় চিত্তবৃত্তির উপরে থুষ্টান প্রভাবের ফলেও এধরণের বিভাগ সহজ্ব মনে হয়। ইউরোপীয় পণ্ডিতের। মানবসভ্যতার সমগ্র ইতিহাদকে গৃষ্টধর্মের আবির্ভাবের দৃষ্টিকোণ থেকে দেখতে অভ্যন্ত। ফলে, মানব ইতিহাদের বিরাট বিন্তারকে তাঁরা ঘটি বড় বড় থণ্ডে ভাগ করেছেন: খৃষ্টপূর্ব ও খৃষ্টপরবর্তী। খৃষ্টপরবর্তী যুগেরও ছুই ভাগ। রিফরমেশনের আগেকার ও তার পরের যুগ। এরন্মানের মত দার্শনিকও দর্শনের বিকাশের ইতিহাদকে এই গাঁচে ফেলে তার বিভাগ করতে চেয়েছেন। এরদ্মানের মতে দর্শনের তিনযুগ, প্রাক্-খৃষ্টায় ইউনানী দর্শন, গৃষ্টায় মধ্যযুগীয় দর্শন এবং রিফরমেশনের পরবর্তী আধুনিক দর্শন।

একটু বিবেচনা করলেই বোঝা যায় যে, এ বিবরণে দর্শনের সার্বজনীন ইতিহাস মেলে না, এ ইতিহাস একান্তভাবে ইউরোপীয় দর্শনের ইতিহাস। উনিশ শতকের গোড়ায় ভারতীয় এবং চৈনিক দর্শনের সম্বন্ধে জ্ঞানের অভাব ছিল বলে এই আংশিক বিবরণকেই সার্বজনীন ইতিহাসের স্থান দেওয়া হয়। কালক্রমে সার্বজনীন ইতিহাস হিসাবে তা গ্রাহ্ও হয়। ছাক্রদের পাঠ্যপুত্তক অথবা সাধারণের জন্য লেখা বিবরণ যে

রকমই হউক, উনিশ শতকে দর্শনের যত ইতিহাস লেখা হয়েছে, তাদের সবাই এ ধারা স্থান্থন করেছে। ফলে দর্শনের ইতিহাসের যে আংশিক ছবি সাধারণ পাঠকের মনে গেঁথে গেছে, পরবর্তী যুগের গবেষণায় নতুন নতুন তথ্য আবিষ্কার সত্ত্বেও সে ছবি বদলায়নি। দর্শনের ইতিহাসের কথা ভাবলে তাই এই আংশিক ইতিহাসের কথাই আমাদের মনে আদে। তা নইলে বর্তমান শতকের দ্বিতীয় দশকে দর্শনের ইতিহাস লিখতে বসে থিলির মতন পণ্ডিত প্রাচ্য দর্শনের অবদানকে অস্বীকার করে ইউনানী দর্শনের বিবরণকে মানব ইতিহাসে স্থসঞ্জস চিস্তার প্রথম উদ্ভব বলবেন কেন ?

আদলে কিন্তু দর্শনের প্রচলিত এ ইতিহাদ আংশিক ও অদম্পূর্ণ। কেবল দর্শনের উদ্ভব নিয়ে নয়, পরবর্তী যুগের সম্পূর্ণ বিবরণও তাতে মেলে না। পাশ্চাত্য জগত দর্শনের যে তিন বা চার অধ্যায়কে স্বীকার করেছে তার প্রভাব আমাদের মনে এত প্রবল যে অন্য কোন পরিপ্রেক্ষিতে আমরা দর্শনের ইতিহাদ আলোচনা করতে চাই না। ইতিহাদের বিচার করলে কিন্তু একথা মানতেই হবে যে, খুষ্টীয় যুগ আরন্ত হবার অনেক আগে বৌদ-চিন্তাধারায় বিভিন্ন দার্শনিক দৃষ্টিভদ্ধীর বিশিষ্ট প্রকাশ ঘটেছিল। দেকালে দর্শনের প্রগতির বিচারে তাই ভারতীয় দর্শনিচন্তাকে বাদ দিলে চলবে না; ইউনান এবং ভারতবর্গে দর্শনিচিন্তার প্রদার ও প্রকৃতির তুলনামূলক আলোচনা তাই কেবল চিন্তাকর্গক নয়, দর্শনের ইতিহাদ রচনার জন্য অপরিহার্য। মানুলী এবং প্রচলিত ইতিহাদ কিন্তু কেবলমাত্র ইউরোপীয় দর্শন আলোচনা করেই তুই। প্রাচ্যে দর্শনের বিকাশ ও বিশ্ব-দর্শনে প্রাচ্যের অবদান তালের চোথে পড়ে না। বিংশ শতকের গোড়া থেকে ভারতীয় এবং চৈনিক দর্শনের অনেক নতুন নতুন তথ্য আবিক্বত হয়েছে, কিন্তু আজও দেজান বিশেষজ্ঞদের মধ্যেই আবদ্ধ। সাধারণ পাঠকেব জন্ম রচিত দর্শনের প্রচলিত ইতিহাদে আজও তার যথাগোগ্য স্থান মেলে নাই।

সাম্প্রতিক লেথকদের মধ্যে কেউ কেউ দর্শনের ইতিহাসের এ পুরাতন ধারণা যে আংশিক ও অসম্পূর্ণ সে সম্বন্ধে সচেতন। তাই পুরাতন আংশিক বিবরণের বদলে দর্শনের সামগ্রিক ইতিহাস রচনার চেষ্টাও স্থক্ষ হয়েছে, কিন্তু তবু একথা বলা চলেনা যে, সে পুরানো দৃষ্টিভঞ্চীর পুরোপুরি রুপান্তর ঘটেছে। দর্শনের সামগ্রিক ইতিহাসে প্রাচ্য দর্শন আজও তার ষথায়থ স্থান পায় নাই। তবে থে মালমসলা যোগাত হয়েছে, তাকে সংগ্রহ করলে বিশ্ব-দর্শনের সামগ্রিক ইতিহাস আজ সম্ভবপর। প্রাচ্য ও প্রতীচ্য দর্শনের সমান স্বীক্কৃতি দিয়ে ইতিহাস রচনার দিন তাই আজ এসেছে। এ প্রসঙ্গে দর্শনের উদ্ভব নিয়ে মৌলিক প্রশ্ন উঠে। দর্শনের কাহিনী স্থক করব কোখেকে ? ভারতবর্ষে না ইউনানে ? দর্শনের প্রাথমিক বিকাশের পরিচয় কোন্ দেশে মিলবে ?

ইউনানী দর্শনের আদিম বিকাশের অনেক কথা সম্বন্ধেই আমরা ওয়াকিফহাল।
একথা প্রায় সর্বস্বীকৃত যে, খৃষ্টপূর্ব ষষ্ঠ শতকের আগে ইউনানে দর্শন আলোচনার
কোন সঠিক হদিস মেলেনা। ইউনানী মনীধীদের মধ্যে থালিস প্রথম ব্যক্তি
থাকে যথাযথ অর্থে দার্শনিক বলা যায়। একটি বিশিষ্ট ঘটনার দক্ষন আমরা তাঁর
সাল তারিথ নির্ণয় করতে পারি। বলা হয় য়ে, খৃষ্টপূর্ব ৫৮৫ সালে যে স্থ্রহণ হয়,
থালিস গণনা করে তার সম্বন্ধে সঠিক ভবিয়্বদাণী করেছিলেন। থালিসের পরবর্তী
কালে যে ত্ইজন মনীধী ইউনানী দর্শনের বিকাশের মোড় ফিরিয়ে দেন, তাঁদের
নাম পিথাগোরাস ও সক্রেটিস। খৃষ্টপূর্ব ৫০২ সালে পিথাগোরাস জীবিত ছিলেন
এবং খৃষ্টপূর্ব ৩৯২ সালে সক্রেটিসের মৃত্যু হয়।

গৃষ্টপূর্ব ষষ্ঠ শতকের ভারতবর্ষের দিকে তাকালে কিন্তু সম্পূর্ণ অন্ত ধরণের অবস্থা চোথে পড়ে। ভারতবর্ষে ষষ্ঠ শতক দর্শনের উদ্ভবের যুগ নয় — দর্শনের পরিণতির যুগ। ইউনানে তথন দর্শনের প্রথম প্রভাত, কিন্তু ভারতবর্ষে তথন দর্শনের মধ্যদিন। দর্শনি পথে মানবচিত্তের প্রথম অনিশ্চিত পদক্ষেপের যুগ অতিক্রম করে ভারতবর্ষ দেদিন যেখানে পৌচেছিল, তার পিছনে বহুদিনের অভিযানের অভিজ্ঞতা স্ক্রপষ্ট।

সে যুগের বিবরণে হৃটি কথা স্পষ্ট হয়ে ধরা দেয়:

- (১) বৌদ্ধ ও জৈন দর্শনের বিকাশ এই যুগেই হয়েছিল।
- (২) বৃদ্ধ ও মহাবীরের আবির্ভাবের পূর্বে ভারতবর্ষে দর্শন বিচারের যে বিকাশ, তাকে অপ্রচুর বলা চলে না। বস্ততঃপক্ষে দর্শনের যে বিভিন্ন দৃষ্টিভঙ্গীর পরিচয় সে যুগে মেলে, বছকালব্যাপী গভীর ও সৃক্ষ চিন্তা এবং গবেষণা ভিন্ন তাদের বিকাশ সম্ভবপর নয়।

পৃথিবীর মহত্তম ব্যক্তিদের মধ্যেও গৌতম বুদ্ধের এক বিশেষ স্থান। তাকে পয়গয়র বলা উচিত না দার্শনিক বলা উচিত, দে বিষয়ে মতভেদের অবকাশ রয়েছে। তাই তাঁর প্রচারিত বাণীর মর্ম নিয়ে প্রশ্ন উঠে: তিনি কি নতুন শ্রুতি বা ওহি প্রচার করেছিলেন, না দর্শনের নতুন আবিদ্ধার ব্যক্ত করেছেন? বছয়্গব্যাপী বিতকের পরেও ধর্ম ও দর্শন ত্ই-ই গৌতম বৃদ্ধকে একাস্ভভাবে দাবী করে। দে প্রাতন তর্কের অবতারণা করতে আমি চাই না, কিন্তু আমার মনে হয় যে গৌতম বৃদ্ধকে পয়গয়য়র না বলে দার্শনিক বলাই বেশী সংগত। ঈশয়-উপলব্ধির জন্ম নয়.

জীবনের সমস্যা সমাধানের জন্মই তাঁর সাধনার স্থক। সেই সমস্যার সমাধান করেই তাঁর অন্সন্ধিৎসার শেষ। ঈগরের অন্তিত্ব বা স্বরূপের প্রশ্ন তাঁর চিত্তকে আলোড়িত করে নাই ? ভারতীয় ধর্মের দৃষ্টিভঙ্গীতে অগণিত দেবদেবীর স্থান। গৌতম বুদ্ধের মানসজগতে তাদের কোন স্থান নাই। ঈশরের বিষয় কোন প্রশ্ন না তুলে তিনি নিজের সমস্যার সমাধান খুঁজেছেন, এবং যে সমাধান তাঁর জিজ্ঞাদাকে তৃপ্ত করেছিল, তার মধ্যে ঈশরের উল্লেখ নাই। যে মূলনীতিকে ভিত্তি করে তাঁর সন্ধান ও অনুসন্ধিৎসা, তা-ও মূলতঃ দার্শনিক। তাঁর মতে মানুষের সমস্যা প্রচিষ্টার লক্ষ্য জীবনের সমস্যার সমাধান, এবং ঈশরকে বাদ দিয়েই সে সমস্যা সমাধান করা যায়। একথা সত্য যে, তার মৃত্যুর পরে তাঁর শিগুদের মারফৎ তাঁর দার্শনিক চিন্তাধারা পুরোপুরি ধর্মাতে রূপান্তরিত হয়। তারা যথন দেখল যে, প্রচলিত ধর্মবিশ্বাদে ঈশরের যে স্থান, বুদ্ধ তাঁর দৃষ্টিভঙ্গীতে দে স্থান শৃত্ত রেখেছেন, তথন তারা বৃদ্ধকেই দে শৃত্য দিংহাদনে বদিয়ে ক্ষান্ত হ'ল। বৌদ্ধনতাদের এই পরিণতির জন্ম কিন্তু বৃদ্ধকে দায়ী করা চলে না।

জৈন মতবাদের উদ্ভব প্রায় একই সময়ে। ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধে জৈন মনীধীর। আবো নিস্পৃহ। গৌতম বৃদ্ধের মত মহাবীরও ঈশ্বের অস্তিত্বের প্রশ্ন না তুলেই জু<u>বিনের সম্প্রার</u> সমাধান খুঁজেছেন। জৈনবাদের চিন্তাজগতের যে কাঠামো, দর্শনের মূলনীতির উপরই তার বৃনিয়াদ।

পোতম বৃদ্ধ বা মহাবীরের ব্যক্তিষের দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করা আমার উদ্দেশ্য নয়। আমি চাই, যে চিন্দা জগতের পশ্চাদপটে তাঁদের আবির্ভাব, পাঠকের দৃষ্টি সেই পশ্চাদপটের প্রতি আরুষ্ট স্থোক। দর্শনের ঐতিহাসিকের পক্ষে এই পশ্চাদপটের আলোচন। সবচেয়ে বেশী প্রয়োজন। যর্ম্ন শুতকের ভারতবর্ষে যে গৌতম বৃদ্ধ বা মহাবীরের দৃষ্টিভঙ্গী ও চিন্তাপদ্ধতির বিকাশ সম্ভব হয়েছিল, তাতেই সে যুগের ভারতবর্ষের ব্যাপক ও গভীর দার্শনিক অন্তর্গুটি প্রমাণিত হয়। বোঝা ধায় যে, সে যুগের ভারতবর্ষের যে মানসিক আবহাওয়া তাতে জীবনের রহস্তেব বিভিন্ন ও বিচিত্র বিবরণ পাশাপাশি বিকাশলাভ করেছে। এ কথাও বোঝা যায় যে, সে যুগের ভারতবর্ষ দার্শনিকভার এমন ন্তরে পৌচেছিল যে ঈশ্বরের অন্তিম্ব অথবা ঈশ্বরের প্রত্যাদেশের প্রশ্ন না তুলেই এ সমন্ত গৃঢ় সমস্তার সমাধান থোঁজা সম্ভব হয়েছিল।

ইউনানে এ ধরণের দৃষ্টিভঙ্গীর বিকাশ হয়েছে বছদিন পরে। ইউনানের প্রাচীনতম দর্শনের মধ্যে আয়োনিয়ান মতবাদ অস্ততম। আয়োনিয়ান দর্শনের মতে গ্রহনক্ষত্র সঞ্জীব আত্মার বাহন। বস্তুতঃপক্ষে গ্রহনক্ষত্রের অধিষ্ঠাতা আত্মার দক্ষে লোকিক ধর্মের দেবদেবীর কোন পার্থক্য নাই বললেই চলে। অলিম্পাস পাহাড়ের শিথরে যাঁরা অধিষ্ঠিত, তাঁরা লোকিক ধর্মমতের দেবদেবী। তাঁরাই যথন দার্শনিকের বেশে আকাশে গ্রহনক্ষত্রের অধিষ্ঠাতা হলেন, তথন তাঁদের নাম নক্ষত্রজগতের আত্মা। পরবর্তীকালে বিভিন্ন ইউনানী মতবাদে আয়োনিয়ান দর্শনের প্রভাবে অহরপ বিধাসের পরিচয় মেলে। আরিইটলের রচনায় আত্মার উল্লেখ আছে। কিন্তু যদি এ সমস্ত আত্মার স্বরূপ বিশ্লেষণ করা হয়, তবে দেখা যাবে যে, ইউনানী দেবদেবীর সক্ষে তাদের বিশেষ পার্থক্য নাই। সক্রেটিন এ ধরণের দেবদেবীর উপাসনার বিশ্বদ্ধে প্রতিবাদ করেছেন বটে, কিন্তু তিনিও দেবদেবীর লোকিক ধারণাকে দর্শন থেকে সম্পূর্ণ বাদ দিতে পারেন নি।

অন্যান্ত দেশে, ধর্ম ও দর্শনের বিকাশের যে ধারা, তার সঙ্গে যদি ভারতীয় মনীষী কিভাবে এ সমস্ত সমস্তার সমাধান খুঁজেছিলেন তার তুলনা করা হয়, তবে দেখা যায় যে, ভারতবর্ষের দৃষ্টিভঙ্গী সম্পূর্ণ অত্যরকম। অত্যত্ত দর্শন ও ধর্মের লক্ষ্য সভস্ত্র, পথও বিভিন্ন। কথনো কখনো তাদের পথে মিল দেখা যায়, একে অপরকে প্রভাবিত করেছে তারও পরিচয় মেলে, কিন্তু তরু তারা কথনো এক হয় নি। ধর্ম ও দর্শনের পৃথক সন্তা সর্বদা বজায় রয়েছে। ভারতবর্ষে কিন্তু তাদের স্বতন্ত্ব করে দেখা কঠিন। ইউনানে যা কথনো হয়নি এদেশে তাই ঘটেছে। আশ্রম বা শিক্ষায়তনে আবদ্ধ না থেকে দর্শন লক্ষ্য লক্ষ্য মানুষের জীবনে ধর্মে রূপান্তরিত হয়েছে।

বিশ্ব স্থাধির সমস্যার যে সমাধান গৌতম বৃদ্ধ ও মহাবীর পেয়েছেন, দে সমাধান যে মূলতঃ দার্শনিক দে কথা আমরা আগেই দেখেছি। তা সত্ত্বেও কিন্তু সেমেটিক পয়গম্বরদের মতন তাঁরাও ধর্মগোষ্ঠার প্রতিষ্ঠাতা। পয়গম্বরদের প্রচারের ফলে নতুন ধর্মগোষ্ঠার উদ্ভব—গৌতম বৃদ্ধ ও মহাবীরের শিক্ষাও নতুন ধর্মগোষ্ঠার স্থাষ্ট করেছে। ইউনানী দার্শনিকদের মধ্যে বহু ব্যাপারে সক্রেটিসের স্থানু অনহা। তিনি যে প্রকৃত দার্শনিক এ বিষয়ে সন্দেহ নেই, কিন্তু কেবলমাত্র দার্শনিক বললে তাঁর ব্যক্তিম্বের পরিপূর্ণ পরিচয় দেওয়া হয় না। তাঁর স্বরূপের বিষয়ে চিন্তা করলে বার বার ঈদা মদীর কথা মনে পড়ে। সক্রেটিসের জীবনের বিষয়ে আময়া ঘেটুকু জানি, ইসরায়েলের পয়গম্বর বা ভারতবর্ষের যোগীৠ্ষির জীবনের সঙ্গে তার গাভীর মিল রয়েছে। সমাধিস্থ অবস্থায় তাঁর বহুসময় কাটত। ওহি অথবা অন্তর্বাণীতে তাঁর গভীর বিশাদ ছিল। সংশয় সন্দেহের মূহুর্তে সেই ওহি তাঁর কর্তব্য নির্দেশ করেছে। জীবনাস্তের প্রাক্তালে যথন তিনি এথেনীয় বিচারকের দামনে শেষ জ্বানবন্দী দেন, তথন সেই ওহির নির্দেশ অম্ব্রুগারেই তিনি ভাষণ দিয়েছিলেন।

এ সমস্ত কথাই সর্বজনগ্রাহ্য, কিন্তু তবু সজেটিসের স্থান দার্শনিক মহলে। তাঁর ব্যক্তিত্ব অথবা তাঁর শিক্ষার ভিত্তিতে তাঁর শিগ্য-সাক্রেদরা নতুন ধর্মগোষ্ঠার প্রতিষ্ঠার চেষ্টা করেনি। এই একটি দৃষ্টান্ত থেকেই ভারতীয় ও ইউনানী দৃষ্টিভঙ্গীর পার্থক্য বোঝা যায়। ইউনানে ধর্মের প্রসঙ্গ দর্শনের লক্ষণযুক্ত হয়ে দেখা দেয়—ভারতবর্ষের দর্শন ধর্মে রূপান্তরিত হয়ে যায়।

দর্শন ও ধর্মের আমরা যে পার্থক্যের রেখা টেনেছি, ভারতবর্ধের সে রেখা স্কুম্পষ্ট নয়। ভারতীয় পরিস্থিতির সঠিক বিবরণ দিতে হলে, হয় কোন নতুন পার্থক্য চিন্ফের খোঁজ করতে হবে, অথবা স্বীকার করতে হবে যে অন্তত্ত যাই হোক না কেন, ভারতবর্ধের দর্শন ও ধর্ম একই পথের পম্বী।

গৌতম বৃদ্ধ ও মহাবীরের ব্যক্তিত বিশ্লেষণের ভিত্তিতে আমরা খৃষ্টপূর্ব ষষ্ঠ শতকের ভারতবর্ষের মানসিক পরিস্থিতির ধারণা করতে চেষ্টা করেছি। আভ্যস্তরীণ বিচারের ফলে যে দিন্ধান্তে পৌচেছি, বহির্জগতের ঘটনা-সংস্থানে তার কোন সমর্থন মেলে কিনা এবার দে কথার আলোচনা করা যাক। যে সমস্ত নজীর মেলে তার একটির প্রতি পাঠকের দৃষ্টি আগেই আকর্ষণ করেছি। গৌতম বৃদ্ধ ও মহাবীরের আবির্ভাবের পূর্বেই যে উপনিষদের চিন্তাধারার বিকাশ আরম্ভ হয়েছিল, ভারতীয় দর্শনের ঐতিহাসিকদের মধ্যে সে বিষয়ে আজ কোন মতভেদ নাই। উপনিষদের রচনাকাল এক নয়। প্রথম উপনিষদগুলি যে গৃষ্টপূর্ব অষ্টম শতকে রচিত হয়েছিল একথাও প্রায় স্বাই মানেন। ভারতীয় ষ্ডু দর্শনের পৌর্বাপর্য ও সময়ের বিষয়ে কিন্তু পণ্ডিতের। একমত নন। কারে। কারে। মতে গৌতম বৃদ্ধের আবির্ভাবের পূর্বেই চার্বাক মন্তবাদের পূর্ণ বিকাশ ঘটেছিল। প্রমাণস্বরূপ তাঁরা বলেন যে, উপনিষদের কয়েকট হতে জড়বাদের ইঙ্গিত মেলে। কাজেই মনে হয় যে বিশ্বস্থীর জ্ঞভবাদী বিবরণ সেকালে প্রচলিত ছিল, এবং জ্ঞভবাদই চার্বাক দর্শনের মর্মকথা। সাংখ্য ও যোগ দর্শন সম্বন্ধেও কোন কোন পণ্ডিতের ধারণা যে প্রাক্রৌদ্ধ যূগে তাদের বিকাশ হয়েছিল। বৌদ্ধ মতবাদের সঙ্গে সাংখ্য ও যোগ দর্শনের অনেক দিন্ধান্তের মিল বয়েছে বলে তাঁরা মনে করেন যে, ভারতীয় দর্শনের এ ছটি বিশিষ্ট ধারার উদ্ভব বৃদ্ধের পূর্বে বা সমসাময়িক যুগে হয়েছিল।

এ কথা মান্লে ভারতীয় দর্শনের গোড়াপন্তনের তারিথ খুইপূর্ব দপ্তম শতকের চেয়ে কয়েক শত বংসর পিছনে টেনে নিতে হয়। একথা স্বতঃসিদ্ধ যে, দর্শন আলোচনা কয়েকশো বছর আগে ক্ষক্র না হলে দপ্তম শতকে ভারতীয় দর্শনের এত পরিপূর্ণরূপ সম্ভব হ'ত না। ইউনানে থালিদ ও অ্যারিষ্টিলের মধ্যে তিন শতাকীর ব্যবধান। ভারতীয় দর্শনের প্রথম আরম্ভ থেকে সাংখ্য, যোগ অথবা চার্বাক

দর্শনের বিকাশের জন্মও অন্ততঃ তিনশো বছর লাগলে আশ্চর্য হবার কিছু নাই। কাজেই একথা বলা অন্যায় হবে না যে, ভারতবর্গে দর্শন আলোচনার প্রথম আরম্ভ থটের আবিভাবের প্রায় হাজার বছর আগে স্কুকু হয়েছিল।

আমাদের সাম্প্রতিক জ্ঞান কিন্তু এ বিষয়ে কোন নিশ্চিন্ত দিশ্বান্তে পৌছতে দেয় না। এ ধরণের অমুমানের মাল-মদলা অনেক মেলে, কিন্তু কল্পনা, সন্তাব্যতা বা অফুমানের উপর নির্ভর করে ইতিহাদ রচনা করা যায় না। ইতিহাদ চায় স্কম্পষ্ট প্রমাণ এবং এ কথা আমাদের মানতে হবে যে, ভারতীয় দর্শনের উদ্ভবের তারিখ কবে, সে বিষয়ে কোন নিশ্চিত প্রমাণ মেলে না। আধুনিক পণ্ডিতদের মধ্যে অনেকে তাই বলেন যে, প্রাক্রৌদ্ধযুগে সাংখ্য বা যোগদর্শনের বিকাশের বিষয়ে নিশ্চিত কিছু वना यात्र ना ; खरू এই টুকু জোর করে वना চলে যে বুদ্দের আবিভাবের যুগে সাংখ্য, যোগ প্রভৃতি বিভিন্ন দার্শানিক মতবাদের পূর্ণ পরিণতি না ঘটে থাকলেও পরবর্তী কালের ষড় দর্শনের বিকাশের ভিত্তি দে যুগে স্থাপিত হয়েছিল। বিভিন্ন দর্শনের সম্ভাবনা যে ষষ্ঠ শতকে দেখা দিয়েছিল, এ কথা না মানলে অন্তায় হবে, কিন্তু এর বেশী দাবী করলে তাও বাড়াবাডি হবে। উপনিষদের যে সমস্ত বাক্য ষড দর্শনের অন্তিত্বের প্রমাণ মনে করা হয়. বস্তুতঃপক্ষে তাদের ষড় দর্শনের বিকাশের পূর্ব-স্কুনা মনে করাই উচিত। বিভিন্ন বাক্যগুলির মধ্যে যে মতভেদ দেখা যায়, তাতে এই কথাই প্রমাণ হয় যে, তথনই বিভিন্ন মতবাদ স্বক্ত হয়েছিল। কোন কোন বাক্যে জড়বাদের আভাদ মেলে এবং একথা বোঝা যায় যে, দে যুগের মনীঘীদের মনে বিশস্প্তির জড়বাদী বিবরণের সম্ভাবনা দেখা দিয়েছিল। এ সমস্ত ইন্ধিতকে চার্বাক দর্শনের প্রথম বুনিয়াদ মনে করা চলে, কিন্তু এ কথা বলা চলে না বে, পরিপূর্ণ মতবাদ হিদাবে চার্বাক দর্শনের বিকাশ দে যুগে হয়েছিল। বৌদ্ধমতবাদ এবং দাংখ্য বা যে।গ দর্শনের মধ্যে কয়েক বিষয়ে সাদৃশ্য আছে বলে যে সব পণ্ডিত মনে করেন যে বৌদ্ধমতবাদ বিকাশের আাগেই সাংখ্য এবং যোগ দর্শনের বিকাশ ঘটেছিল, তাঁরা একটা কথা ভূলে যান— সাদৃত্য রয়েছে বলে সাংখ্য বা যোগ দর্শনকেই প্রাচীনতর মনে করতে হবে কেন? বৌদ্ধমতবাদের বিকাশ যদি আগে হয়ে থাকে এবং তার প্রভাবে সাংখ্য ও যোগদ র্শনের পরিণতি ঘটে থাকে, তা'হলেও তাদের মধ্যে সাদৃশ্য হতে পারে। कार्ष्क्र भावस्थितिक माम्या (थरक रकान मखनारमय উদ্ভব আগে দে कथा वना চলে না।

আমাদের আলোচনা থেকে ছটি বিষয় প্রমাণিত হয়:

(১) গৌতমবুদ্ধের আবির্ভাবের পূর্বেই বিভিন্ন উপনিষদে দর্শনের বিকাশ ও পরিণতির পরিচয় মেলে।

(২) প্রাক্বৌদ্ধ যুগে ভারতীয় দর্শনে বিভিন্ন মতবাদের প্রথম স্ত্রপাত দেখা দিয়েছিল। বিভিন্ন দর্শনের স্বস্পষ্ট বিকাশ হয়েছিল কিনা দে সম্বন্ধে কোন নিশ্চিত প্রমাণ নাই। নিঃসন্দেহে শুধু এ কথা বলা যায় যে, বুদ্ধের আবিভাবের পূর্বেই দার্শনিক বিচার ও বিশ্লেষণের পরিণতি অনেক দূর এগিয়েছিল।

দর্শনের ইতিহাস বিচারের ফলে আমাদের স্থির সিদ্ধান্ত এই যে, ইউনানের আগেই ভারতবর্ষে দর্শনের আলোচনা স্থক্ষ হয়েছিল। খৃষ্টপূর্ব ষষ্ঠ শতকে ইউনানে দর্শনের শৈশব, কিন্তু তথন ভারতবর্ষে দর্শনের পরিপূর্ণ যৌবন। বিশ্বদর্শনের ইতিহাস রচনা করতে হলে ইউনানে নয়, ভারতবর্ষে তাব প্রথম অধ্যায় স্থক করা উচিত।

•

উপনিষদে ভারতীয় দর্শনের প্রাচীনতম প্রকাশ। উপনিষদগুলির ধর্মীয় ও ধর্মবাদী স্বরূপ স্থাপ্ট, কিন্তু তাই বলে তাদের বাদ দিয়ে দর্শনের ইতিহাস রচনা করা চলে না। যেলার বা এবদ্যান্ অভিজ্ঞতা-নির্ভর বা বৃদ্ধিকেন্দ্রিক দর্শনের ইতিহাসে উপনিষদের স্থান স্থীকাব করতে চাননি, কিন্তু এ দিদ্ধান্ত ঠিক নয়। একথা সত্য যে, বক্তি বিশেষেব ইকান্তিক অভিজ্ঞতা হিদাবে মর্মবাদকে দার্শনিক বিচাবের কণ্টিপাথরে যাচাই করা যায় না, কিন্তু এ ধরণের অভিজ্ঞতার ভিত্তিতে যখন স্থান্ত কা দর্শনিদৃষ্টি গড়ে তোলবার চেন্তা হয়, তখন সে প্রচেষ্টাকে দর্শনের ইতিহাসে স্থান দিতেই হবে। বস্ততঃপক্ষে তখন সে প্রচেষ্টা দর্শন সাধনার এক জরুরী অংশ হবে উঠবে, দর্শন ভিন্ন অত্য কোন নামে তার ঠিক পরিচয় দেওয়া যায় না।

দর্শন বলতে আম্বা কি বৃথি ? জীবন এবং সন্তার সরপ ব্যবার চেষ্টার নামই দর্শন। সত্য উপলব্ধির পথ ছু'টি। শুতি ও ঐতিহ্নকে অবলম্বন করে সভ্যের সন্ধানের নাম ধর্ম, বৃদ্ধিব অবাবিত অন্সন্ধিংদার পথে সত্যের সন্ধানের নাম দর্শন।

আদিম কাল থেকে বিশ্ব-সমশ্রা সমাধানের জন্ত দর্শন হু'টি স্বভন্ন পথ অনুসরণ করে এসেছে। শাগত সভাের সন্ধানে সভা্যন্তা অহরের গৃহ্নতম কেন্দ্রে প্রবেশ থুঁজেছেন। বহির্জগতের বিচিত্র প্রকাশে বৈজ্ঞানিক সেই একই সভাের সন্ধান করেছেন। ভারতীয় চিন্তাধারার বৈশিষ্ট্য এই যে, বহির্জগতের চেয়ে অন্তরলাকের দিকে তার দৃষ্টি বেশী। বহির্জগতের বৈচিত্রাবিশ্লেষণ করে ভারতীয় দর্শন আন্তরসন্তার দিকে এগােয় নি, বরং আন্তরসন্তার উপলব্ধির ভিন্তিতে দৃশ্যমান বহির্জগৎকে বুঝতে চেয়েছে। উপনিষদে দর্শনের এই আন্তান্তরীণ দৃষ্টিভঙ্গীরই প্রকাশ।

ইউনানী দর্শনের প্রাচীনতর পদ্ধতিগুলিতেও এই দৃষ্টিভঙ্গী বহুক্ষেত্রে অবলম্বিত হয়েছিল। অন্ততঃপক্ষে এ কথা নিঃসন্দেহ যে প্রাচীন ইউনানী দর্শনে এ দৃষ্টিভঙ্গীর স্থান রয়েছে। অরফিক বা পিথাগোরিয়ান দর্শনের বিষয় আমরা যা জানি তাতে এ কথার দাক্ষ্য মেলে। সক্রেটীদের দর্শনে হন্দমূলক বিচারপদ্ধতি স্থস্পষ্ট, তাঁর দর্শনকে ফ্রায়-নির্ভর বলা চলে। কিন্তু এ কথা ভুললে চলবে না যে, তাঁর নিজের স্বীক্বতিতেই আছে তিনি অন্তর-বাণীর দাবা চালিত হতেন। ভারতীয় দর্শনের মত গ্রীক দর্শনও তাই ঘোষণা করেছেঃ নিজেকে জানু। প্লেটোর আদর্শবাদে মর্মবাদের ভবিগ্রং বিকাশের আভাদ মেলে। আত্মদর্শনের পরিণতির বীজ তার মধ্যে নিহিত, কিন্তু প্লেটোর প্রধান শিগু আবিষ্টটলের দর্শনে মর্মবাদ বা আত্মদর্শন বিকাশের কোন প্রয়াস নাই। মর্মবাদের পূর্ণ পরিণতি পরে আলেকজান্তিয়ায় হয়েছিল, এবং নিও-গ্লোটোনিজম বা নব-প্লেটোবাদ তার পরিসমাপ্তি। উপনিষদের শিক্ষা এই আলেকজান্দ্রিয় দার্শনিক পদ্ধতির বিকাশের মূলে কিনা, সে বিষয়ে সঠিক বলা কঠিন ৷ কিন্তু এ কথা আমরা জানি যে, সে যুগে আলেকজান্দ্রিয়া প্রাচ্য ও প্রতীচ্য দর্শন ও ধর্মের মিলনক্ষেত্রে পরিণত হয়েছিল। বিচিত্র ধর্মের দেবদেবীর পূজা আলেকজান্দ্রিয়ার বাজারে প্রচলিত ছিল, এবং তারই সর্বধর্ম সমন্বয়ের চেষ্টায় দিরাপিয়ম প্রতিষ্ঠিত হয়। মনে হয় যে দর্শনের ক্ষেত্রেও তাই হয়েছিল। বিভিন্ন দর্শনের ধারা, মানবচিন্তার বিভিন্ন পদ্ধতি ও লক্ষ্যের সমন্বয় সাধনা আলেকজান্দ্রিয়ায় এক সম্মিলিত চিত্তাধারার সৃষ্টি করেছিল।

ইন্দ্রিরের পথে তত্ত্বজ্ঞান মেলে না, এই বিশাসই মর্যাদের মূলনীতি। যদি সন্তার চরম বিকাশ উপলব্ধি করতে চাই, তবে ইন্দ্রিয়জগং বর্জন ক'রে আন্তর অভিজ্ঞতার জগতে প্রবেশ করতে হবে। পিথাগোরাস থেকে প্রেটো পর্যন্ত বিভিন্ন ইউনানী দার্শনিকের দর্শনে এ বিশ্বাসের পরিচয় মেলে। প্রেটোর দর্শনে জ্ঞানজগং ও ইন্দ্রিয় জগং সম্পূর্ণ স্বতন্ত। মধ্যদিনের আলোর সঙ্গে গোধূলির আলোর তুলনা করে প্রেটো তাদের তফাত বোঝাতে চেষ্টা করেছেন। প্রেটোর মতে গোধূলির আলোতে যেমন সব্কিছু অম্পষ্ট ভাবে দেখা দেয়, ইন্দ্রিয়-জ্ঞানে বাস্তবের পরিচয় তেমনি অম্পষ্ট। বৃদ্ধির আলোক দিবালোকের মতন বাস্তবকে উদ্ভাগিত করে। দৃশুমান জগং ও পারমার্থিক সন্তার স্বাতন্ত্র্য বোঝাতে গিয়ে প্রেটো বলেছেন যে, ইন্দ্রিয় দৃশুমান জগতের পরিচয় দিতে পারে, কিন্তু পারমার্থিক সন্তা কল্যাণধর্মী, এবং কল্যাণের স্বরূপ প্রকাশ করতে চায়, কিন্তু একমাত্র কল্যাণকেই শাশ্বত সন্তা বলা যায়। ইন্দ্রিয়ের পথে সেই সং বা সন্তা মেলে না। "রিপাবলিক" গ্রন্থে গ্রেরানীদের পরিকল্পনায় প্রেটোর দর্শনের চরম বিকাশ প্রত্যক্ষাত্মক প্রজ্ঞা

উপনিষদের ভিত্তি। প্লেটোর দর্শনে তার স্পষ্ট উল্লেখ নেই বটে, কিন্তু যে ভাবে তিনি ইন্দ্রিয়লন অভিজ্ঞতা বর্জন করে সত্যকে খুঁজেছেন, তার সঙ্গে মর্মবাদীদের ইন্দ্রিয়-জগং বর্জনের মিল স্পষ্ট।

ভারতীয় ও ইউনানী দর্শনের মধ্যে আর এক ব্যাপারে মিল লক্ষ্যণীয়। ইউনানী দর্শনে হ্বস্প (nous) এবং ভারতীয় দর্শনে আত্মা—এ ত্'টি ধারণার মধ্যে বিশেষ কোন পার্থক্য দেখা যায় না। এনাকদেশ্যোরাদের মত বর্জন করে প্লেটো বিশাত্মা স্বীকার করেছেন। প্লেটোর দর্শনের মর আত্মার ও অমর আত্মার পরিকল্পনার সঙ্গে ঘদি ভারতীয় দর্শনের জীবাত্মা ও পরমাত্মার তুলনা করা হয়, ভবে দেখা যাবে যে ভাদের মধ্যে বিশেষ পার্থক্য নাই।

উপনিষদের দর্শন-দৃষ্টি মর্মবাদী, এ অজুহাতে দর্শনের ইতিহাস থেকে উপনিষদের আলোচনা বাদ দেওয়া চলে না। যদি তা করা হয়, তবে ইউনানী দর্শনের অধিকাংশকেই দর্শনের ইতিহাস থেকে বাদ দিতে হবে।

একথাও আমাদের মনে রাখতে হবে যে, কেবলমাত্র বিষয়বস্ত বিচার করে দর্শনের ক্ষেত্র নির্ণয় করা চলে না। যে বিবয়কে আমরা প্রথম দৃষ্টিতে দর্শনের বহিভূতি মনে করি, দার্শনিক দৃষ্টিভঙ্গী ও বিচারপদ্ধতি অবলখনের ফলে তাও দর্শনের প্রতিপাত্ত হয়ে দাড়ায়। শ্রুতি বা ব্যক্তিসর্বস্ব অভিজ্ঞতার উপর নির্ভর করে যদি কেউ সন্তার বিবরণ দিতে চায়, তবে সে বিবরণকে ধর্মতত্ব বা মর্মবাদ বলা সঙ্গত তাকে দর্শন বলা চলে না। পক্ষান্তরে, ধর্মবিশ্বাস বা মর্মবাদী অভিজ্ঞতাকে স্বীকার করেও যদি কেউ বিচারবৃদ্ধি দিয়ে তার বিশ্লেষণ করতে চায়, যদি সে মনে করে যে স্প্রের্থের সমাধান জ্ঞানমার্গের দ্বারাই সম্ভব, তবে তাকে দার্শনিকের পর্যায়ে ফেলতে হবে। বস্তুতঃপক্ষেদর্শন বিচারের অনেক গৃঢ় তত্ত্ব মর্মবাদী সাহিত্য বা ধর্মগ্রন্থ হতে আহ্বিত হয়েছে।

দর্শনকে ধর্মের অন্তর্গামী করবার চেষ্টায় পৃষ্টান ও মুদলমান দার্শনিকদের মধ্যে কয়েকটি বিভিন্ন মতবাদের সৃষ্টি হয়, কিন্তু তাঁদের রচনাও দর্বদম্বভিক্রমে দর্শন বলে স্বীকৃত হয়েছে। তার কারণ এই যে, যুক্তির আক্রমণ থেকে ধর্মকে বাঁচাবার জন্ম তাঁরা যুক্তির অস্ত্রই ব্যবহার করেছেন। আগষ্টিন অথবা তাঁর পরবর্তী খৃষ্টান ভাশ্যকারদের রচনাকে তাই দর্শন থেকে বাদ দেওয়া যায় না। মুদলমান ভাশ্যকারদের বেলায়ও একথা থাটে। ধর্মবিচারের এ দাহিত্য বাদ দিলে আরব দর্শনের একটি স্মরণীয় অধ্যায় বাদ দিতে হয়। আরব মনীষীদের মধ্যে ইবন্, দিনা ও ইবন্ আল্কেশদ্ স্বনামধন্য। কিন্তু তাঁদের একান্তভাবে আরব দার্শনিক বলা চলে না। আরিইটলের অন্তর্গামী ও ভাশ্যকার এই তাঁদের স্বত্য পরিচয়। আরব দর্শনের স্বকীয় স্কর্ম জানতে হলে যে সব ভাষ্যকারের রচনা অধ্যয়ন করতে হয়, তাঁদের মধ্যে স্বনেককেই

প্রীক দর্শনের বিরোধী মনে করা হ'ত। এই প্রসঙ্গে লক্ষ্য করবার জিনিস এই ষে, বর্তমান যুগে বিশপ বার্ক লি ধর্মতব প্রমাণের জন্মই দর্শন রচনা স্থক করেছিলেন, কিন্তু তাঁর স্থান অবিসংবাদীভাবে দার্শনিক মহলে। বার্কলির মতবাদের বিবরণ না দিলে দর্শনের ইতিহাস অসম্পূর্ণ থেকে যায়।

যেলর অভিযোগ করেছিলেন যে, ভারতীয় দর্শন সর্বদাই ধর্মসাপেক্ষ; কোন কালেই ধর্মের বন্ধন হতে মৃক্ত হতে পারে নাই। এই অভিযোগ ভিত্তিহীন। বেদ ও শ্রুতিতে বিশ্বাসের কথা শ্বরণ করেই হয়তে। দেলার এ কথা বলেছিলেন। কিন্তু তিনিট বিশ্বোহী মতবাদের পরিচয় মেলে। বৌদ্ধ, জৈন ও চার্বাক দর্শন ঐতিহ্ অথবা শ্রুতিনির্ভর নয়। ষড় দর্শনের মধ্যেও হ্যায় ও সাংখ্য বাহতে বেদ অহুগামী হলেও বহুক্ষেত্রে বেদের নির্দেশ অভিক্রম করেছে। তাই এ কথাও নিঃসন্দেহে বলা চলে যে, বুদ্ধের যুগে ভারতীয় দর্শন ধর্মনিরপেক্ষ স্বকীয় স্বাভন্ন্য স্থাপন করেছিল।

8

সংশ্লিষ্ট আর একটি প্রসঙ্গের সংক্ষিপ্ত আলোচনা করতে চাই। ইউনানের পূর্বে ভারতবর্ষে দর্শনের বিকাশ হয়েছিল, এ কথা যদি অবিসঙ্গাদী সত্য বলে মেনে নেওয়া হয়, তবে ভারতীয় দর্শনের প্রভাব ইউনানী দর্শনে পড়েছিল এ কথা মনে করা কি অন্তায় হবে ? নীল নদী ও সাতিল আরবের সভ্যতা ইউনানী সভ্যতার বহু পূর্বে বিকশিত হয়েছিল দেকথা আমরা জানি। এ কথাও মনে করবার সঙ্গত কারণ রয়েছে এ ত্'টি প্রাচীনতর সত্যতা ইউনানী সংস্কৃতির বিকাশে সহায়তা করেছিল। ভারত ও ইউনানের মধ্যে কি সেরকম সাক্ষাৎ বা পরোক্ষ সম্বন্ধ স্থাপন করা যায় না ?

বর্তমান যুগের ঐতিহাসিকের। এ সমস্থার আলোচন। করেছেন, কিন্তু কোন স্থির সিন্ধান্তে পৌছতে পারেন নি। এ কথা অবশু ঠিক যে, ইউনানী দর্শনের প্রাচীনতম কয়েকটি মতবাদের সঙ্গে ভারতীয় দর্শনের বিশায়কর সাদৃশ্য রয়েছে। তাই অমুমান হয় যে ভারতীয় প্রভাবের ফলেই এ সাদৃশ্যের উদ্ভব। এ কথা বিশেষভাবে অরফিক মতবাদের বিষয়ে প্রযোজ্য। ঐতিহাসিকেরা প্রায় একমত যে অরফিক মতবাদে যে সব বিশ্বাসের পরিচয় মেলে, ইউনানী দৃষ্টিভঙ্গীর সঙ্গে তারা পুরোপুরি থাপ থায় না। তাদের সঠিক ব্রতে হলে অরফিক মতবাদ এসিয়া থেকে ইউনানে এসেছিল মনে করতে হয়। দেহের বন্ধন ছেদ করে আত্মা মুক্তিলাভ করে—এ বিশ্বাস অরফিক মতবাদের মর্মকথা। এ বিশ্বাসের উদ্ভব ভারতবর্ষে। যেলার নিজেও সে কথা স্বীকার করেছেন, কিন্তু তবু তাঁর ধারণা যে এ মতবাদ ইরাণ থেকে ইউনানে এসেছিল।

পরবর্তীকালের গবেষণায় কিন্তু এ কথা বলে না যে, মৃক্তি বা মোক্ষে বিশাস জরপুত্ত্বের মতবাদের অপরিহার্য অন্ধ । কাজেই এ বিশাস ভারতবর্ষ থেকে ইউনানে গিয়েছিল এবং সাক্ষাৎ বা পরোক্ষভাবে ইউনানী দর্শনের প্রথম প্রকাশকে প্রভাবান্থিত করেছিল, এ কথা মনে করা অসঙ্গত হবে না ।

দেশে অমণ প্রয়েজন। বিভিন্ন দার্শনিকদের জীবনীতে উল্লেখ আছে যে, তাঁরা জ্ঞান আর্জনের জন্ম প্রান্তান জ্ঞান আর্জনের জন্ম প্রান্তান করেছিলেন। দেমক্রিতদের বিষয় আমরা জানি যে, তিনি বছ বৎসর মিদর ও ইরাণে কাটিয়েছিলেন। পিথাগোরাদের বিষয় বলা হয় যে, স্বগৃহ পরিত্যাগ করে তিনি মিদর যাত্রা করেছিলেন। দোলান এবং প্রেটোও যে প্রাচ্য দেশে অমণ করেছিলেন, দে কথা দর্ববিদিত। কাজেই পিথাগোরাদ বা দে যুগের অন্ত কোন দার্শনিক ভারতবর্ষে এদে থাকবেন একথা বিচিত্র নয়। অবশ্য এ ধরণের ভারত-অমণের কোন ঐতিহাদিক নজীর বা প্রমাণ মেলে না। কিন্তু একথা প্রায় সকলেই স্বীকার করেন যে, একান্তভাবে ভারতীয় এমন বিধাদ বা মতবাদের পরিচয় পিথাগোরাদের দর্শনে অনেক মেলে। যদি পিথাগোরাদের নাম উল্লেখ না করে তাঁর দার্শনিক মতবাদের বিবরণ দেওয়া হয়, ভারতীয় দর্শনের ছাত্র সহজেই ভারতীয় কোন দার্শনিকের বিবরণ বলে তাকে ভূল করতে পারেন। কেন এবং কি ভাবে তা সম্ভব হয়েছিল, দর্শনের ইতিহাদ আজও দে রহস্থের সমাধান করতে পারে নি।

আলেকজাপ্তারের গুরু এরিষ্টটল। তিনি আলেকজাপ্তারকে ভারতীয় জ্ঞান-বিজ্ঞানের তথ্য সংগ্রহ করতে অন্ধরাধ করেছিলেন ইতিহাসে এ কথার উল্লেখ আছে। তাতেই মনে হয় যে, আলেকজাপ্তারের ভারত অভিযানের পূর্বেই ভারতীয় তত্ত্জানের খ্যাতি ইউনান পর্যন্ত পৌচেছিল। আলেকজাপ্তারের মৃত্যুর পরে তাঁকে নিয়ে নানা কাহিনী রচিত হয়। দে সব কাহিনী গ্রীক ভাষায় রচিত, কিন্তু প্রথমে সিরিয়ান এবং পরে সিরিয়ান থেকে আরবী ভাষায় তাদের অন্থবাদ হয়। দে সমস্ত কাহিনীতে ভারতীয় দার্শনিকের সঙ্গে আলেকজাপ্তারের সাক্ষাতের উল্লেখ আছে। ভারতীয় মনীষীর কাছে তিনি দার্শনিক সমস্তার সমাধান চাচ্ছেন এবং স্বীকার করছেন যে, ইউনানের চেয়ে ভারতবর্ষে দর্শন বেশী অগ্রসর, এ সমস্ত বর্ণনা হয়তো কাল্পনিক কিন্তু ঐতিহাসিক প্রমাণ বলে না মানলেও এ সমস্ত কাহিনীকে একেবারে অগ্রাহ্ করা যায় না। এ ধরণের কাহিনীর প্রচলন ছিল এবং লোকে আগ্রহ করে তা শুন্ত; এই থেকে বোঝা যায় যে, ভারতীয় দর্শনের খাতি এ সব অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। বলা হয় যে স্টেপ্র ও খুটপর প্রথম শতাকা এই ছুই শত বংসরের মধ্যে এ সব কাহিনী রচিত হয়েছিল।

যথন যে দেশ আলেকজাণ্ডার জয় করেছেন, দেখানেই তিনি ইউনানী উপনিবেশ স্থাপন করেছিলেন। ভারতবর্ষেও তার ব্যতিক্রম হয় নাই। দিল্পু নদীর তীরে তিনি উপনিবেশ স্থাপন করেছিলেন একথা আমরা জানি। এ কথাও আমরা জানি যে, সন্দেহবাদী দর্শনের প্রতিষ্ঠাতা পিরো (Pyrrho) তাঁর ভারতীয় অভিযাত্রী-বাহিনীর সঙ্গে এসেছিলেন। আলেকজাণ্ডারের মৃত্যুর পর সেল্ক্রম নিকেটর চক্রপ্তপ্ত মৌর্যের সঙ্গে সম্বন্ধ স্থাপন করেন এবং তাঁর রাজসভায় দ্ত হিদাবে মেগান্থিনিসকে পাঠান। কাজেই দেখা যায় যে, অশোকের সিংহাসন লাভের পূর্বেই ভারতবর্ষ ও ইউনানের মধ্যে যোগাযোগ স্থাপিত হয়েছিল। তাতেই মনে হয় যে, চিস্তার ক্ষেত্রেও তাদের মধ্যে যোগাযোগ ছিল। অশোকের মুগে এ যোগাযোগের নিশ্চিত থবর মেলে। অশোকের শিলালিপি থেকেই আমরা জানি যে অশোক ভূমধ্য সাগরের উপকূলের বিভিন্ন দেশে এবং মেসিভোনিয়ার রাজসভায় ধর্ম-প্রচারক পাঠিয়েছিলেন। তুঃথের কথা যে, এ সব প্রচারক দলের কোন পাশ্চাত্য বিবরণ আমরা পাই না।

এই বিষয়ে যতটুকু সাক্ষ্য প্রমাণ মেলে তার ভিত্তিতে নিম্নলিথিত সিদ্ধান্ত করা যায়। অশোকের শিলালিপিতে যে সব দেশের উল্লেখ আছে দেখানে বৃদ্ধের বাণী পৌচেছিল এ কথা নিশ্চিত। সেকালে বৌদ্ধর্মের সম্প্রদারণের যুগ। তাই উল্লিথিত দেশগুলি ভিন্ন অন্তত্ত্বও যে বৃদ্ধের বাণী পৌচেছিল এ কথা মনে করা অসংগত নয়। অশোকের পৃবেই ভারতীয় প্রভাব ইউনানে পৌচেছিল এ কথাও সম্ভবতঃ সত্য। ভারতীয় চিন্থাধারা ও ইউনানের প্রাথমিক দার্শনিক মতবাদের, বিশেষ করে পিথাগোরাসের দৃষ্টভঙ্গীর মধ্যে যে বিশ্বয়কর সাদৃশ্য আছে সে কথার উল্লেখ আগেই করেছি। হয় এ সাদৃশ্য দৈবাং ঘটেছিল, অথবা মানতে হয় যে ভারতবর্ষ ও ইউনানের মধ্যে আদান-প্রদান থাকার ফলে এই রকম হ্যেছিল। উভয়ের মধ্যে আদান-প্রদান ছিল এ কথা স্বীকার করলে ভারতীয় দর্শন যে ইউনানী চিন্তাধারাকে প্রভাবান্বিত করবে এটাই স্বাভাবিক, কারণ সে যুগে ইউনানের প্রাথমিক দর্শনের তুলনায় ভারতীয় দর্শন অনেক বেশী পরিণত ও সমৃদ্ধ ছিল। এ সমস্ত কথা ভেবে দেখলে মনে হয় যে, ভারতীয় দর্শন ইউনানী দর্শনের প্রথম বিকাশে সহায়তা করেছল। অবশ্য সে প্রভাবের প্রকৃতি বা পরিমাণের কোন সঠিক ধারণা আমাদের নাই।

ভারতীয় দর্শন ইউনানী দর্শনের বিকাশে সহায়তা করে। ছল কিনা, এতক্ষণ সেই বিচারই করেছি। এবার দেখা যাক যে, ভারতীয় দর্শনের উপর ইউনানী দর্শন ও বিজ্ঞানের প্রভাবের কোন নিদর্শন মেলে কিনা। সে প্রভাবের কোন বিস্তৃত্ত বিবরণ দেওয়া কঠিন, তবে একটা কথা নিশ্চিত যে খৃষ্টান্দ চতুর্থ শতকের প্রারম্ভ থেকে ইউনানী নক্ষত্ত-বিজ্ঞান ভারতীয় নক্ষত্ত-বিজ্ঞানকে প্রভাবান্ধিত করেছিল। তার

একটি প্রমাণ এই যে, ইউনানী কিছু পারিভাষিক শব্দ ভারতবর্ষে প্রচলিত হয়।
বিখ্যাত ভারতীয় জ্যেভিষী বরাহমিহিরের মৃত্যু আছুমানিক ৫৮৭ খৃষ্টাব্দে হয়।
তাঁর বৃহৎসংহিতায় ইউনানী জ্যোতিষীদের কথা তিনি লিথেছেন। আল্বেহনীর
বিখ্যাত ইণ্ডিকা (বা ভারতকথা) গ্রন্থে তিনি আরেকজন জ্যোতিষীর লেখা উদ্ধৃত
করেছেন। তিনিও গ্রীক পণ্ডিতদের অনেক প্রশংসা করেছেন। খৃষ্টীয় তৃতীয়
শতাদীর পর থেকেই ভারতবর্ষ ইউনানী চিস্তাধারার সঙ্গে পরিচিত হয়েছিল এবং
এদেশের মনীধীরা ইউনানী বিজ্ঞানের প্রভাবে এসেছিলেন, এ অনুমান অথোজিক
নয়। ষড় দর্শন অথবা বৌদ্ধ বা জৈন দর্শনের বিভিন্ন মতবাদের মধ্যে কোনটি কভটুকু
ইউনানী চিস্তাধারা প্রভাবান্থিত দে কথা ঠিক করে বলা যায়না।

এই আলোচনার ফলে বলা চলে যে, গৃষ্টপূর্ব এবং গৃষ্টপর যুগে ভারত ও ইউনানের সম্পর্কের ছুটি পর্যায় মেলে। পৃষ্টপূর্ব যুগে ভারতীয় দর্শন সম্ভবতঃ ইউনানী দর্শনকে প্রভাবান্বিত করেছিল, গৃষ্টপর যুগে ভারতীয় চিন্তাধারার কয়েকটি প্রকাশে ইউনানী চিন্তার ছায়া পড়েছিল, এ কথা মনে করারও সঙ্গত কারণ আছে।

¢

একটি কথা এবার স্পষ্ট করে বলা দরকার। দর্শনের সামগ্রিক ইতিহাস রচনার জন্ম আমার যে আগ্রহ, ঐতিহাসিক দৃষ্টিভঙ্গীর প্রয়োজনই তার একমাত্র ভিত্তি। বিগ-দর্শনের বিকাশে কোনও দেশ বা জাতির অবদান বাড়াবার বা কমাবার আমার বিন্দমাত্র ইচ্ছ। নাই। ভৌগোলিক দীমারেখার ভিত্তিতে আমরা মানবজাতিকে নান। সম্প্রদায়ে বিভাগ করেছি। পৃথিবীর মানচিত্রে এসিয়া, ইউরোপ এবং আফ্রিকার রঙ আলাদা, কিন্তু জ্ঞানের মানচিত্র এক এবং অবিচ্ছিন্ন, দেশ জ্ঞাতি বা ধর্মের ভিত্তিতে তাকে আলাদা কবা চলে না। জ্ঞান সমস্ত শীমা ও বন্ধনের বাইরে। পৃথিবীর যেখানেই তার উল্লেষ হোক না কেন, জাতিধর্যনির্বিশেষে জ্ঞানবিজ্ঞানে সর্বমানবের সমান অধিকার। উপনিষদের ঋষি ভারতীয় এবং সক্রেটিস ইউনানী এ কথা সত্য, কিন্তু মান্থবের জ্ঞানভাণ্ডারে তাঁদের যে দান, তাঁকে ইউনানী ব। ভারতীয় বলা অর্থহীন; সে জ্ঞান বিশ্বমানবের উত্তরাধিকার। ইউনানের পূর্বে ভারতবর্ষে দর্শনের বিকাশ হয়েছিল এ কথা মানলে দর্শনের ইতিহাদে ভারতবর্ধের বিবরণ প্রথম উল্লেখ করতে হবে, কিন্তু তাতে যে ভারতবর্ধের গৌরব বাড়ল অথবা ইউনানের মর্যালা কমে গেল এমন মনে করা ভুল। বহু আমির জাতির বিষয়ে আরব কবি যে কথা বলেছেন, মামুষের জ্ঞানসাধনের বিষয়ে সে কথা সমান থাটে:

সূচনা

লা তকুল দারুহা বে-শরকী নজদীন কুলু নজদীন লিল আমিরিয়তি দারু।

তার ঘর নজদের পূর্বে এ কথা বোলোনা,—
বহু আমির জাতির যেথানে বাস, তার সবটাই নজদ !

Ŀ

প্রকৃতিকে স্বাদে আনবার সাধনায় মান্তবের চেষ্টা যে পরিমাণে সার্থক হয়, পৃথিবীর বিভিন্ন অঞ্চলের যোগস্ত্র ততই নিবিড় হয়ে উঠে। ফলে বিভিন্ন সভ্যতা ও সংস্কৃতি আজ পরস্পরের এত কাছাকাছি এসেছে। নিবিড়তর সংস্পর্শের ফলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তাতে বিভিন্ন জাতির অবদান মান্তবের সত্য-সাধনার একস্ত্রে গাঁথা আজ সন্তব। বিভিন্ন সভ্যতার অভ্যন্তরে যে বিভিন্ন দৃষ্টি কার্যকরী, ঘনিষ্ঠতর সংস্পর্শের ফলে আজ তাদের মেলানোও অপেকারুত সহজ। বিশ্ব-দর্শনের বিকাশ আজ কেবলমাত্র জ্ঞানসাধনার দাবী নয়, মান্তবের স্মিলিত জীবনের জন্ম আজ তা অপরিহার্য।

এ কথা মনে রেখে আজ তাই দর্শনের ইতিহাস নতুন করে লিখতে হবে। বিভিন্ন জাতি ও যুগের অবদানকে কেবল স্বীকার করলে চলবে না, এক সম্প্রিলিত বিশ্ব-দর্শনের বিকাশে তাদের যথাযথ স্থান দিতে হবে। একটি দৃষ্টাস্ত দিলেই কথাটি পরিষ্কার হবে। জ্ঞান-সমস্থার সমাধানে আজ পর্যন্ত আমরা হয় ভারতীয় দার্শনিক, অথবা আরব মনীষী অথবা ইউনানী নৈয়ায়িকের মতামতের আলোচনা করেছি, কিন্তু ভারতীয়, ইউনানী এবং আরব চিন্তাধারার তুলনা ও বিচারের চেষ্টা করি নাই। ফলে দর্শনের সমস্থাকে বিশুদ্ধভাবে দার্শনিক দৃষ্টিভঙ্গীতে না দেখে জাতীয় বা দেশজ জিজ্ঞাদার মাপকাঠিতে তার বিচার করেছি। বিভিন্ন দেশ ও যুগের অন্তর্দৃষ্টির সমন্বয় করে আজ আমাদের দর্শনের সমস্থার সমাধান খুঁজতে হবে, তবেই প্রকৃত দার্শনিক দৃষ্টিভঙ্গী দিয়ে দর্শন রচনা সম্ভব।

٩

'স্চনা'র গোড়াতেই এক ইরাণী কবির কবিতা উদ্ধৃত করেছি। <u>দেখানে কবি</u> বলেছেন যে, স্টের আদি গ্রন্থের প্রথম ও শেষ পাতা খোওয়া গেছে। সেই হারানো পাতার সন্ধানের নাম দর্শন। আজ অন্ততঃ তিন হাজার বছর মাহ্র্য তার সন্ধানে বেরিয়েছে, কিন্তু আজও হারানো পাতার কোন খোঁজ মেলেনি। কোনদিন যে খোঁজ মিলবে তারও বিশেষ আশা নাই। সেই সন্ধানের বিবরণ দর্শনের ইতিহাস।

এ অভিযানের ফলে গন্তব্যে আমরা পৌছি নাই, কিন্তু দেই যাত্রাপথে এক বিশ্বয়কর সন্ধান ও জিজ্ঞাদার কাহিনী আমাদের মিলেছে।

দর্শনের তীর্থযাত্তী আজও মানস্তীর্থের সন্ধান পায় নাই, কিন্তু যাত্রাপথে এক নতুন ঐশর্য তার করায়ত্ত হয়েছে। দর্শনের অভিযানকে উপলক্ষ্য করে মাহ্ব্য বিজ্ঞানের আবিস্কার করেছে। বিজ্ঞান মাহ্ব্যকে নতুন ক্ষমতা দিয়েছে, কিন্তু মনে শান্তি দেয় নাই। সভ্যতা সংগঠনের উপাদান হিসাবে বিজ্ঞানের আবির্ভাব, কিন্তু আজ বিজ্ঞান মাহ্য্যের মারণান্তে রূপান্তবিত হতে বসেছে। দর্শনিকে আজ তাই বিশ্বশান্তি স্থাপনার সাধনায় ত্রতী হতে হবে। যদি দর্শনের এ নতুন সাধনা সার্থক হয়, মাহ্য্য আবার মনের শান্তি খুঁজে পায়, তবে স্প্তির ইতিহাসের হারানো পাতার প্নক্ষার হোক আর না হোক, দর্শন মানব-সাধনার নতুন ইতিহাস রচনা করবে। ইরাণ দেশের আরেক জন কবির ভাষায় তথন দর্শনের এ কথা বলবার অধিকার হবে:

রাহ রাঙা রা থান্তাগি য়ে বাহ নিন্ত ইশক হম রাহ আন্ত ও হাম থোদমনজিল আন্ত।

যার। এ পথে চলে, তার। কখনো ক্লান্তি জানে না—কারণ এ পথ একই সঙ্গে পথ ও গন্তব্য।

দুষ্টব্য

- ১। আরব সেপকগণ ছটি পৃথক ধরণের পুথক লিপেছেন। একটি প্রধানতঃ জীবন-সৃত্তান্ত সম্প্রকীয়, তাতে লাশনিকদের জীবনাই মৃথাতঃ আলোচিত হয়েছে, লাশনিক তব্ব সেধানে গৌণ। ছিতীয় প্রেণীর পুরকে দাশনিক তব্ব সমূহই প্রাধান্তলান্ত করেছে, লাশনিকগণের জীবনগুতান্ত প্রসঙ্গতঃ আলোচনা করা হয়েছে মাত্র। প্রথমপ্রেণীর পুরককে বলা হয়েছে "তারিথ-উল-হকাম", জাধবা "তারিথ-উল-ফলাসফ" ("লাশনিকদের ইতিহাস"), ছিতায় প্রেণীর পুস্তকের নাম "কিতাব-উল-মিললেওয়ন-নহাল" (ধর্মীয় ও দাশনিক সম্প্রদায়ের পুস্তক) অথবা "অল-আরা-ওয়াল মলকালাত্" (মতামত ও আলোচনা)। অন্যান্য কতকগুলি পুস্তকে দেশনের বিশেষ বিশেষ মৃথ নিয়ে আলোচনাও করা হয়েছে। উদাহরণতঃ, অলকারাবী (জন্ম ৯২৫ য়ঃ) অ্যারিসটটলের পূর্বতী ও পরবর্তী মৃথ সম্বন্ধে একথানি পুস্তক লিপেছেন। এই আলোচনাকে আমরা বোধহয় ধারাবাহিক দশনের ইতিহাস প্রথমনের প্রথম প্রচেষ্টা বলতে পারি।
- ২। এরদ্মান, জে, ই, "হিস্ট্রি অব্ফিলজফি" পৃঃ ১
- ৩। পিলি, ফ্রান্ক, "হিস্ট্ি সব্ ফিলজফি" পুঃ ৩

- ৪। এরদ্মান্, জে, ই, "হিন্ট্রি অব্ ফিলজফি" পৃঃ ১৩
 যেলার, ই, "আউটলাইন অব দি হিন্ট্রি অব্ গ্রীক ফিলজফি" পৃঃ ২
- ে। যেলার, ই, "আউটলাইন অব্দি হিন্টি অব্ গ্রীক ফিলজফি" পু: ২
- ৬। যেলার, ই, "আউটলাইন অব দি হিস্টি অব গ্রীক ফিলজফি" পঃ ১৬
- ৭। তুলনীয়—

নিম্নলিথিত অশোকের শিলালিপি বেভানের "হাউস এফ সেলিউকাস"-এর প্রথম ঋণ্ডের ২৯৮ পৃষ্ঠায় উদ্ধৃত হয়েছে—

"এবং আইনের দ্বারা জয়ই মহামান্য সমাটের মতে প্রধানতম জয়। মহামান্য সম্রাট এই মতবাদ তাঁর নিজের সামাজ্য ও প্রতিবেশী রাজ্য সমৃহেও কার্যকরী করেন। প্রায় ছয় শত সজ্যরাজ্য এমন কি যেগানে গ্রীক রাজা আটিয়োকাস বাস কবেন এবং আটিয়োকাস ছাড়াও টোলেমি, আটিগোনাস, মগদ্ ও আলেকজাগুরে এই চারজন বাজা সেগানে বাস করেন এবং একই ভাবে সমাটের নিজের রাজ্যে "যণ" দিগের (অর্থাৎ পাঞ্জাবের গ্রীকগণ) মধ্যেও কার্যকরী করেন।

প্রথম শক্ত ভারতীয় চিন্তাপারার ভিন্তি

*

ভারতীয় চিন্তাধারায় প্রাক্-বৈদিক উপাদান

লেখক সি কুহুন বাজা বি এ, ডি ফিল্ (অগ্রফোড) দ স্কুত দাহিত্যের অধ্যাপক, মালাল বিধবিলান্য মালাল

বেদ

লেথক তারাপদ চৌধুবী এম এ, বি এল, পি এচ ডি (লণ্ডন) সংস্কৃত মাহিত্যেৰ অবাপক, পাটনা কলেজ বিহাৰ

উপনিষদ্

লেথক টি এম- পি মহাদেবন এম এ, পি এচ ডি দশন বিভাগের প্রধান অধ্যাপক, মাদাল বিখবিচাল্য মাদাল

মহাকাব্য

রামায়ণ

লেগক তাবাপদ চৌ বুবী

মহাভারত

লেখক স্থশীলকুমার দে এম এ (কলিকাতা) ডি লিট্ (লওন) দংস্কৃত সাহিত্যের ভূতপুর অব্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয

মন্ম ও কোটিল্য

(সামাজিক ও রাজনৈতিক চিম্ভাধারা)

লেখক কে এ. নীলকণ্ড শাস্থ্রী এম. এ ভাবতীয় ইতিহাস ও প্রত্নতব্বে ভূতপূর্ব অধ্যাপক, মাদ্রাজ বিশ্ববিদ্যালয

বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ (প্রাচীন ইতিবৃত্ত ও ভক্তিমূলক চিন্তাধারা)

লেখক এ কে বন্দ্যোপাধ্যায অধ্যক্ষ মহারাজ প্রতাপ ডিগ্রী কলেজ, গোরক্ষপুর

श्रथम श्रीबटाकृष

ভারতীয় চিন্তাধারায় প্রাক্-বৈদিক উপাদান

ভারতীয় দার্শনিক চিন্তার বিকাশে তুইটি প্রধান ধারা দেখিতে পাওয়া ষায়—
একটি বৈদিক এবং অপরটি অবৈদিক। অবশ্য এই বিষয়ে কোন সন্দেহ নাই যে
মধাযুগের আরম্ভ হইতে বেদকেই ভারতীয় চিন্তার একমাত্র উৎস মনে করা হইয়াছে,
কিন্তু বেদ শদটিকে অত্যন্ত ব্যাপক অর্থে ব্যাথা করিয়াই এরপ মনে করা সন্তবপর
হইয়াছে। যেমন আগমশান্ত্র এবং আযুর্বেদ ও সংগীতবিভা প্রভৃতি বিজ্ঞান ও শিল্পকলাগুলিকেও বেদের অক্ব বলিয়া ধরিয়া লওয়া ইইয়াছিল, যদিও বেদের কোন
প্রচলিত অংশেই এই সকলের ফ্চনা দেখানো সন্তব নয়।

হিন্দু চিন্তাধারা এক স্থপ্রাচীন দ্রাবিড় সভ্যতার সঙ্গে আর্য বা বৈদিক উপাদানের সংমিশ্রণের পরিণাম, না, পূর্ববর্তী আর্য বা বৈদিক সভ্যতার সহিত দ্রাবিড় সভ্যতা বা উপাদানের সংমিশ্রণের পরিণাম— এই বিষয়ে স্থনিশ্চিতভাবে কিছুই বলা যায় না। স্থনিশ্চিতভাবে মাত্র ইহাই বলা যায় যে হিন্দু চিন্তাধারা বলিয়া যাহ। পরিচিত তাহা ভুধু আর্য বা বৈদিক সভ্যতার সরল বিকাশ নয়। আর্য বা বৈদিক ব্যতীত অপর যে উপাদানটি এই চিন্তাধারার বিকাশে সাহায্য করিয়াছিল তাহাকেই বর্তমান প্রবন্ধে দ্রাবিড় বলিয়া অভিহিত করা হইবে। হিন্দু চিন্তাধারার অবৈদিক উপাদানগুলির মধ্যে দ্রাবিড় উপাদানটিই স্ব্রাপেক্ষা গুরুত্বপূর্য, স্বত্রাং অপরাপর অবৈদিক উপাদানগুলির দিকে দৃষ্টি না দিলেও চলিতে পারে।

প্রাবিড় শকটির সংজ্ঞা দেওয়া কঠিন। বিশিষ্ট কয়েকটি ভাষাকে অথবা বিশিষ্ট এক গোষ্ঠীর লোককে অথবা বিশিষ্ট একটি সভ্যতাকে বুঝাইতে এই শকটির ব্যবহার করা হয়। আর্য ভাষাগুলির সঙ্গে মিপ্রিত হইলেও প্রাবিড় ভাষাগুলি তাহাদের নিজেদের স্বাতয়্ত্য বজায় রাখিতে সক্ষম হইয়াছে। ভারতবর্ষে জাতিগত সংমিশ্রণ এত বেশী হইয়াছে যে বর্তমানে প্রাবিড় জাতির মাহম্ব কাহারা, সেকথা সঠিকভাবে বলা অসম্ভব। তেমনই আর্য বা বৈদিক সভ্যতা হইতে স্বতম্বতাবে প্রাবিড় সভ্যতার পূর্ণ সংজ্ঞা দেওয়াও সম্ভব নয়। ভাষাগত এবং জাতিগত পর্যবেক্ষণের ফলে এইকথা আজ স্বস্পষ্ট য়ে, উত্তর ভারতকে সম্পূর্ণ আর্য এবং দক্ষিণভারতকে সম্পূর্ণ প্রাবিড় মনে করা ভূল। ভাষার দিক হইতে অবশ্র এই বিভাগে অত্যধিক ভূল হয় না, যদিও উত্তর

ভারতে প্রচলিত কয়েকটি অপ্রধান ভাষায় স্পষ্টতঃই দ্রাবিড় প্রভাব লক্ষ্য করা যায়। ভারতীয় চিন্তাধারার যে অঙ্গগুলিকে বৈদিক-সাহিত্যের কোন অংশের প্রত্যক্ষ ও স্বাভাবিক বিকাশ বলিয়া বেদে খুঁজিয়া পাওয়া যায় না, আমাদের পক্ষে শুধু সেই-শুলিকেই ব্যাপকঅর্থে দ্রাবিড়ীয় বলিয়া গ্রহণ করা সম্ভব।

ভারতীয় চিস্তাধারার বিবর্তনে অরণ্যের ভূমিকা যথাযোগ্যভাবেই স্বীক্বতিলাভ করিয়াছে। ঋষিদের আশ্রমগুলি নিশ্চয়ই ভারতীয় দার্শনিক চিস্তার বিকাশের কেন্দ্র। কিন্তু উপনিষদের যুগ হইতেই এইরপ হইয়াছিল, উপনিষদ-পূর্ব বেদগুলিতে অরণ্যের কোন ভূমিকাই নাই। ঋথেদের ঋষিরা গৃহী ছিলেন। তাঁহারা নগরে ও গ্রামে বাদ করিতেন, ধ্যান করিবার জন্ম অরণ্যবাদী হইতেন না। ব্রাহ্মণ্য সভ্যভাতেও (বেদের ব্রাহ্মণাংশের সভ্যতা) অরণ্যের কোন ভূমিকা নাই। অবশু, তৈত্তিরীয়-আরণ্যকে গ্রাম ও গৃহ ব্যতীত স্থানাস্তরেও বাধ্যায় করিতে হইবে এইরপ উল্লেখ আছে, এবং সেইস্থানের বর্ণনা দিতে গিয়া বলা হইয়াছে যে, তাহা অ-চ্ছদি-দর্শ—অর্থাৎ তাহা এমন একটি স্থান যেথান হইতে গৃহসমূহের ছাদ (ছিদি) দেখা (দর্শ) যায় না। পরবর্তী বৈদিক-সাহিত্যে হিন্দু জীবন্যাপনের প্রসঙ্গে স্থাধ্যায়কে স্পষ্টই ছুই ভাগে ভাগ করা হইয়াছে,—গ্রাম্য, অর্থাৎ যাহা গ্রামে হইতে পারিত এবং আরণ্য, অর্থাৎ যাহা অরণ্যেই হওয়া উচিত।

বৈদিক দেবতারা আরণ্যক দেবতা নন। তাঁহারা অশ্বচালিত রথে আরোহণ করিয়া আদিতেন এবং উহাদের প্রদক্ষ মৃগয়ার কোন উল্লেখ পাওয়া যায় না। কিন্তু হিন্দ্ধর্মের অবৈদিক দেবতাগুলির সঙ্গে অরণ্য এবং মৃগয়ার সম্পর্ক দেখা যায়। হিন্দ্ধর্মের প্রায় সমস্ত <u>প্রেব দেবতাই অবৈদিক এবং তাঁহাদের দ্রাবিভূীয় বলিয়া মনেকরা হয়। এই দিক্ হইতে ছইটি দেবতার নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। কালী বা হুর্গা এবং আয়াম্পান (শেষোক্রটি দ্রাবিভূীয় দেবতা। ইনি সম্ক্রমন্থনের পর শিবের উরসে অমৃত পরিবেশনকারিণী মায়া-রূপী বিফুর গর্ভজাত)। দক্ষিণ ভারতের কোন কোন অঞ্চলে এই ছুইটি দেবতার মন্দির 'কাব্' নামে অভিহিত। 'কাব্' শল্টির অর্থ অরণ্য বা কুঞ্জ। ইহা হইতে স্পষ্টই বুঝা যায় যে, অরণ্যে এবং কুঞ্জেই এই ছুইটি দেবতার পূজা করা হইত। সর্প-দেবতার বিগ্রহ যে সকল স্থানে প্রতিষ্ঠিত এবং পূজিত হয়, সেই স্থানগুলিকেও ঐ একই শব্দে অভিহিত করা হয়।</u>

এই দেশের চিন্তাধারার বিকাশের পথে অবৈদিক উপাদানটি শুধুই যে নৃতন একটি পরিবেশ স্বষ্টি করিয়াছিল তাহাই নয়, ইহা সত্যের সমস্যা সমাধানের প্রশালীতেও পরিবর্তন ঘটাইয়াছিল। বৈদিক সভ্যতা প্রধানতঃ ক্রিয়া-কলাপের উপর

ভারতীয় চিন্তাধারায় প্রাক-বৈদিক উপাদান

প্রতিষ্ঠিত ছিল। যজে সোম আছতি দেওয়াই বৈদিক আর্যদের ধর্মজীবনের সর্বপ্রধান অষ্ঠান ছিল। বেদসমূহ এইরূপ আচারাষ্ঠানের সহিত থুব ঘনিঠভাবে সম্বদ্ধ। বেদে যজ্ঞই প্রধান, চিন্তা <u>বা তত্ত্বিচার উ</u>হার অঙ্গমাত্র এবং উহার স্থান গৌণ। অবশ্য, ঋথেদের কবিদের মধ্যে দেবতাদের সহিত সাযুজ্যের স্পষ্ট পরিচয় পাওয়া যায়, এমন কি বেদে তত্ত্বিচার এবং দার্শনিক চিন্তারও অভাব নাই। কিন্তু যেখানে লোকে অহুষ্ঠানে এত ব্যাপত থাকে, দেখানে তত্ত্বিচারের অথবা স্ক্রাচিস্তার বিকাশের অবকাশ নাই। <u>সৃক্ষ্টিস্তার বিকাশের জন্ম অমুধ্যান এবং নিবিষ্টচিত্ত</u>া একান্ত প্রয়োজন, কিন্তু যজ্ঞামুষ্ঠান ইহার বিশেষ অন্তব্দ নয়। দৈবশক্তির অধিকতর মূর্ত আকারে উপাদনা করিলে ঈশ্বর ও বিশ্বজগং এবং ইহাদের পারস্পরিক দম্পর্কের বিষয়ে উচ্চতর চিস্তার প্রসার ঘটিতে পারে। দৈবশক্তির কোন প্রতীক অথবা কোন বিগ্রহ যেখানে প্রতিষ্ঠিত আছে, এমন কোন মন্দিরেই এই ধরনের উপাদনা হইতে পারে। দার্বজনীন অমুষ্ঠানরূপে যজ্ঞাদি বংসরের কেবলমাত্র কয়েকটি নির্দিষ্ট মানেই করা হইয়া থাকে, যদিও গৃহে অমুষ্ঠিত যজ্ঞ একটি দৈনন্দিন বা পার। অপরপক্ষে, মন্দিরে দৈবশক্তির উপাদনা একটি স্থায়ী ও নিয়মিত অন্নষ্ঠান। এই ক্ষেত্রে শুধুই যে জনকয়েক অতীক্রিয়শক্তিসম্পন্ন কবির দৈবশক্তির দহিত সাযুজ্য ঘটে তাহাই নহে, অন্তেরাও ভগবৎশক্তির মূর্তরূপ দর্শন করিতে পারে। যজামূর্চানে ইহা সম্ভবপর নয়; কারণ দেখানে শুধু অগ্নি ছাড়া আর কিছুই দৃখ্যমান নয় এবং দেখানে তাহারা নিজেরা উপাসনার কার্যকলাপে যোগদান করিতে পারে না। মন্দিরে উপাদনা করিতে হইলে নিতাপজার ব্যবস্থা করিতে হয়, দকলকে একত্রে মিলিত হইতে হয় এবং মূর্ত বিগ্রহের প্রতিষ্ঠা করিতে হয়— এইগুলিই মননশীল চিন্তাধারার বিকাশের পক্ষে অনেক বেশী অমুকুল।

উপনিষদগুলিতে বৈদিক যজ্ঞামুগান এবং অরণ্যে দৈবশক্তির উপাসনা, এই তুইটিরই সংমিশ্রণ দেখা যায়। যদিও আচার অমুগান বর্জন করা হয় নাই, তথাপি অরণ্যে অগ্নিযক্তে ক্রমশঃ ক্রম

আরণ্যক প্রতিষ্ঠান হিদাবেই মন্দিরগুলির স্ত্রপাত হইয়াছিল। সম্ভবতঃ নিজ নিজ গৃহে, গ্রামে এবং নগরে উপাদনা করিবার যে ধারাটি বৈদিক উপাদনাপদ্ধতির বৈশিষ্ট্য তাহার সহিত মন্দিরে উপাদনার সংযোগের ফলেই গ্রামে এবং নগরে মন্দির-গুলি গড়িয়া উঠিয়াছিল। ইহার ফলেই গৃহে গৃহে দেবারাধনার জন্ম মন্দির প্রতিষ্ঠিত হইয়াছিল। এমন বহু মন্দির আছে যেখানে বিগ্রহগুলি স্বয়ং-প্রতিষ্ঠিত ব্লিয়া স্বীকৃত। এই বিগ্রহগুলি স্বয়ন্ধু নামে পরিচিত। এখন পর্যন্ত এমন মন্দিরও আছে

যেখানে বিগ্রহকে বৃষ্টির মধ্যে অনাচ্ছাদিত অবস্থায় রাখা হয়। মন্দির হয়ত একটা আছে, কিন্তু বিগ্রহের ঠিক উপরে কোন ছাদ নির্মাণ করা হয় না। মন্দির এবং বিগ্রহ উপাসনার সঙ্গে অবণ্যের যে মৌলিক সম্পর্ক ছিল, এই সকলই তাহার নিদর্শন। উপাসনার অষ্ঠান কালক্রমে নগর হইতে ধ্যানধারণার পক্ষে বিশেষ অষ্ঠ্রল অরণ্যে স্থানাস্তরিত হইল, তাহা ছাড়া যজ্ঞানুষ্ঠানের পরিবর্তে মন্দিরে মূর্ত বিগ্রহের উপাসনা প্রচলিত হইল— উভয় পরিবর্তনই অবৈদিক সভ্যতার ফল। ইহাদের দ্বারা দর্শনের বিকাশ বিশেষভাবে প্রভাবান্থিত হইয়াছিল।

বেদে বিশ্বের ঐক্যের ধারণা দেখিতে পাওয়া যায়, কিন্তু দার্শনিক চিন্তার বিকাশের পক্ষে যাহা সর্বাগ্রে প্রয়োজন তাহার কোন অন্তিত্ব দেখা যায় না। হিন্দুধর্মের তুইটি প্রধান অবৈদিক উপাদানের প্রভাবে এই বিশ্বের ঐক্যমীকৃতি সম্ভবপর হইয়াছিল। বেদেও এই তুইটি উপাদানের পরিচয় পাওয়া যায়, কিন্তু পরবর্তীকালেই এইগুলির ব্যাখ্যা এবং স্কমংবদ্ধ বিবরণ দেওয়া হইয়াছিল। উহাদের মধ্যে প্রথম উপাদানটি দেবতাগণের মধ্যে স্ত্রী-দেবতার আবিভাব। দৈবশক্তিকে পুরুষরূপে উপাসনা করাই বৈদিকধর্মের প্রধান বৈশিষ্ট্য। বেদে দেবীর সংখ্যা খ্বই কম, যে অল্ল কয়েকটি দেবীর উল্লেখ সেখানে আছে তাঁহাদের গুরুত্ব তেমন বেশী নয়।

সম্ভবতঃ পৃথিবীর দক্ষে অভিন্নরূপে কল্লিতা অদিতি-ই একমাত্র দেবী, হাঁহার বৈদিক দেবতাদের মধ্যে উচ্চ স্থান আছে; কারণ তিনি দেবগণের মাতা। কিন্তু বৈদিক যুগে অগ্নি, ইন্দ্র, বরুণ, বিফু প্রভৃতি দেবতাদের স্থায় অদিতি পূজিত হইতেন না। বৈদিক দেব-দেবীদের মধ্যে সরস্বতীর স্থান খুবই নগণ্য। বেদে ইন্দ্রাণীর উল্লেখও কেবলমাত্র প্রস্কুত্রনেই করা হইয়াছে। হিন্দুধর্মে মাতৃ-দেবতার আবির্ভাব পরবতী যুগেই লক্ষ্য করা যায় এবং ইহার কারণ হিদাবে অবৈদিক দেব-দেবীগণের প্রভাবই ধরিয়া লওয়া যাইতে পারে। সেইজন্য কালক্রমে আমরা দেবীকেই বিশ্বের সর্বশ্রেষ্ঠ শক্তি হিদাবে দেখিতে পাই, দেবী-ই সর্বশ্রেষ্ঠ দেবতার স্ক্রনীশক্তি, এবং শেষ পর্যন্ত প্রায় প্রত্যেকটি প্রধান দেবতার সঙ্গেই সংযুক্ত এক একটি দেবীকেও আমরা দেখিতে পাই। এই ভাবে আমরা প্রী (ধনসম্পদ এবং এশ্বর্যের অধিষ্ঠাত্রী দেবী) এবং ভূমি (পৃথিবীকে) বিষ্ণুর পত্নীরূপে, পার্বতীকে শিবের পত্নীরূপে এবং সরস্বতীকে ব্রহ্মার পত্নীরূপে দেখি। স্ক্তরাং দৈবশক্তির ত্রিমৃতির একটি শক্তি বা নারীরূপও ছিল।

কালিদাদের রচনাবলী হইতে আমরা জানিতে পারি যে, তৎকালীন ধর্মে ব্রহ্মা উচ্চস্থানে অধিষ্ঠিত ছিলেন। <u>বৈদিক এই দেবতাটি যে প্রধান দেবতারূপে স্থায়ী আস</u>ন লাভ করিতে পারেন নাই—এই ঘটনা হইতে ভারতীয় ধর্মজীবনে অবৈদিক ধারার

ভারতায় চিন্তাধারায় প্রাক্-বৈদিক উপাদান

প্রভাব বেশ ব্রা যায়। যদিও পুরুষ দেবতাদের মধ্যে বিষ্ণু ও শিব উভয়েই শ্রেষ্ঠ মর্যাদা পাইয়া আসিয়াছেন, তথাপি স্ত্রী-দেবতাদের মধ্যে শিবের পত্নীই প্রাধান্তলাভ করিয়াছিলেন। হিন্দুধর্মে পরবর্তীকালে যে দেবী একটি স্বতন্ত্র স্থান অধিকার করিয়াছিলেন পার্বতী, কালী এবং হুর্গা তাঁহারই বিভিন্ন রূপ। এমন অনেক ধর্মসম্প্রাদায় আছে যাহাদের নিকট মাতৃ-দেবতাই সর্বোচ্চ ভগবং-শক্তি এবং শিব কেবলমাত্র এই দেবীরই পতিরূপে পূজিত হন। শিবকে অর্থ-নাবীশ্বর রূপেও পূজা করা হইয়া থাকে। এই সর্বশ্রেষ্ঠ দেবী ছাড়াও মহাবিলা, যোগিনী প্রভৃতি তাঁহার সিদ্ধনীও রহিয়াছেন। ইহা এবং অন্তান্ত তথ্য হইতে দৈবশক্তির নারীরূপকে যে কত উচ্চস্থান দেওয়া হইয়াছিল তাহা ব্রিতে পারা যায়।

পুরাণগুলির ঈশ্বরণাদী সাংখ্যমতামুসারে বিশ্বজগতের উৎস এমন একটি দৈবশক্তি যাহা পুরুষ এবং প্রকৃতি এই ত্ইটি সন্তায় রূপান্তরিত হইয়াছে। পুরুষ এবং প্রকৃতির পারস্পরিক ক্রিয়ার ফলেই এই জগতের স্বাষ্ট ও স্থিতি। সাংখ্যদর্শনের এই তত্ত্বই উপনিষদের দার্শনিক চিন্তাধারার একটি প্রধান ভিত্তি। বেদে যাহাদিগকে পিতা ও মাতারপে বর্ণনা করা হইয়াছে, সেই ক্যোঃ এবং পৃথিবী এবং অদিতির ধারণা হইতে এই মতবাদের উল্লেষ সম্ভবপর হইতে পারে কি না তাহা সন্দেহের বিষয়। যাহাতে স্ত্রী-দেবতাদের যথাযোগ্য মর্যাদা দেওয়া হইয়াছে অবৈদিক এমন কোন চিন্তাধারার প্রভাব ব্যতীত উক্ত মতবাদের উদ্ভব হইতে পারে না বলিয়াই মনে হয়।

ভারতীয় চিন্তাধারায় পশু, পক্ষী, বৃক্ষ প্রভৃতিকে যে উচ্চন্থান দেওয়া ইইয়াছে তাহার মূলেও অবৈদিক ধর্মগুলির প্রভাব দেখিতে পাওয়া যায়। বেদে পশু এবং বৃক্ষের বিশেষ কোন গুরুত্ব নাই। নগরসভাতায় ইহাই স্বাভাবিক। অরণ্যে যে সভ্যতার বিকাশ একমাত্র তাহাতেই পশু এবং বৃক্ষের উচ্চ মর্যাদা থাকা সম্ভব। অবশু বেদে আমরা দেবতাদের রথবাহী অশু এবং বৃক্ষের উচ্চ মর্যাদা থাকা সম্ভব। অবশু বেদে আমরা দেবতাদের রথবাহী অশু এবং বৃক্ষের উচ্চ মর্যাদা থাকা সম্ভব। বিদে অগ্রাগ্য আরও অনেক পশুপক্ষী এমন কি মংস্থেরও উল্লেখ আছে; সোম এবং সোমনস এবং যজ্ঞ ছানে প্রোথিত কাষ্ঠথণ্ডেরও উল্লেখ পাওয়া যায়। কিন্তু বেদে এই সমস্ত পশু, পক্ষী, বৃক্ষ এবং লতাপাতার উল্লেখ থাকিলেও ইহারা মোটেই তেমন গুরুত্বপূর্ণ নয়, ইহাদের উল্লেখ নিতান্তই প্রসন্ধতঃ করা হইয়াছে।

কিন্তু পরবর্তীকালে হিন্দু-চিন্তাধারা পৃথক্ আকার ধারণ করিয়াছে। হিন্দু-জীবনে গো-উপাদনা একটি প্রধান অফুষ্ঠান হইয়া দাঁড়াইয়াছে। কিন্তু বেদে এই ব্যাপারটির কোন উল্লেখ পাওয়া যায় না। পরবর্তী-হিন্দুধর্মে অভাভ আরও অনেক পশুপক্ষীকে বিভিন্ন দেবদেবীর বাহনরূপে, এবং তাঁহাদের ধ্বজা-চি্ছ্রূপে দেখিতে

পাওয়া যায়। যেমন শিবের বাহন রয়, এবং বিফ্র বাহন গরুড় (স্রাবিড় "কায়ৢগন" অর্থাৎ শকুনি এই শক্টিরই সংস্কৃত রূপ 'গরুড়'), ব্রহ্মার বাহন হংস। তাহা ছাড়া, পৃথিবীর ভারবাহী শেষ বা অনস্তনাগের কুগুলীরুত দেহের উপর বিফু শায়িত আছেন এবং সর্প বাস্থকী শিবের অলঙ্কাররূপে শোভা পান। হন্তী, সিংহ, ব্যাঘ্র, মহিষ প্রভৃতি নানা পশুকেও আমরা ক্রমশঃ বিভিন্ন দেবদেবীর সঙ্গে হইয়া উঠিল। বেদ-পরবর্তী য়ুগে হিন্দুরা রক্ষকে বিশেষতঃ বটরক্ষকে পূজা করিতে আরম্ভ করিয়াছিলেন। অন্তান্থ নানা রক্ষ এবং লতাপাতাও ক্রমশঃ বিভিন্ন শক্তির সহিত যুক্ত হইয়াছিল। এইভাবে দৈব-শক্তির প্রকাশের ক্ষেত্র বহন্তর হইয়া উঠিল এবং কালক্রমে নদী এবং সমুক্র্লে পুণ্যায়ান অর্থাৎ তীর্থসমূহের উদ্ভব হইল। দৈবশক্তি শুধু যে মন্দিরেই আছেন তাহা নয়, এই পৃথিবীর কোন কোন বিশিষ্ট স্থানেও আছেন এবং এই সকল স্থানের সংস্পর্শে আদিলে মান্থ্যের আধ্যাত্মিক উন্নতি হয়—তীর্থবাদের পশ্চাতে এইরূপ বিশ্বাস বর্তমান।

মাম্বকে দেবতার পর্যায়ে উন্নীত করা বেদ-পরবর্তী ধর্মের আর একটি বৈশিষ্ট্য। মহাপুরুষদের সম্বন্ধে কল্পনা করা হইয়াছে যে, তাঁহারা আদলে দেবতা এবং মান্ব-জাতিকে রক্ষা করিবার জন্ম পৃথিবীতে নররূপে জন্মগ্রহণ করেন। ইহাদের জন্মও মন্দির নিমিত হইয়াছিল এবং ইহারা এই সব মন্দিরে দেবতারূপে পূজিত হইতেন। ইহার একটি প্রকৃষ্ট উদাহরণ রাজপুতানার কর্ণীজী দেবী। ইহার পুজা আধুনিক কাল পর্যন্ত প্রচলিত ছিল। অবশ্য বেদেও মরুৎ এবং ঋভুদের ন্থায় কোন কোন মামুষকে দেবতার পর্যায়ে উন্নীত হইতে দেখা যায়, আবার অঙ্গিরদের স্থায় কোন কোন মামুষকে দৈবশক্তিসম্পন্ন এবং দৈবশক্তির ক্ষমতায় অধিষ্ঠিত হইতে দেখা যায়। কিন্তু মান্ত্য হিদাবে মর্ত্যে জন্মগ্রহণ করিয়াছেন এমন কোন দেবতার উল্লেখ বেদে পাওয়া যায় না। বেদ-পরবর্তী হিন্দুধর্মে ঈশ্বর পশুরূপও ধারণ করিয়াছেন দেখা যায়—ষেমন কপি-দেবতা হহুমান এবং হস্তী-মানব দেবতা গণেশ। শিবের অস্কুচর নন্দীর বুষ-দ্ধপ আর স্কন্দ বা স্থত্রন্ধণ্যের সর্পরূপ। বিষ্ণুর সঙ্গে জড়িত যে অবভারবাদের স্বষ্টি হইয়াছে তাহাও অনেক পরের যুগের। বিষ্ণুর অবতাররপগুলির মধ্যে মাত্র একটিকেই বেদে খুঁজিয়া পাওয়া যায়, এবং তাহা হইল দেই বামনদেবের যিনি তিনটি পদক্ষেপে সমগ্র বিশ্ব পরিমাপ করিয়াছিলেন। বেদে যে 'বরাহ' শব্দটির উল্লেখ আছে তাহাকে অনেক টীকাকার বরাহ অবতারের উল্লেখ বলিয়াই ব্যাখ্যা করিবার চেষ্টা করিয়াছেন। কিন্ধ এইরপ ব্যাখ্যার কোন ভিত্তি নাই। বিষ্ণুর অন্তান্ত অবতারগুলি অবৈদিক।

ভারতীয় চিন্তাধারায় প্রাক-বৈদিক উপাদান

বেদের দেবতাদের ব্যক্তিত্ব খুবই কম এবং তাঁহারা স্পষ্ট আকারও ধারণ করেন নাই। কিন্তু পরবর্তী হিন্দু-চিন্তাধারায় ঈশবের ধারণার আমূল পরিবর্তন হইয়াছে। ইহার আকার আরও স্পষ্ট হইয়াছে এবং বিভিন্ন দেবতার ভিন্ন ভিন্ন শক্তি ও কার্যাবলী নির্দিষ্ট হইয়াছে। জগৎস্প্টির কর্তৃত্ব ব্রহ্মার উপর অর্পিত হইয়াছে, কিন্তু জগৎস্প্টার ধারণাটি অস্পষ্ট এবং স্ক্রম বলিয়া ধর্মে ইহার মাহাত্ম্য কমিয়া আদিল। অবশ্য পৌরাণিক কাহিনীতে ব্রহ্মার স্থান বহিয়া গেল। পক্ষান্তরে শিব এবং বিফুর ধারণা ক্রমশঃ স্পষ্ট, মূর্ত এবং ব্যক্তিত্বসম্পন্ন হত্য়ার ফলে হিন্দু-চিন্তাধারায় ইহার। সর্বোচ্চ স্থান অধিকার করিলেন।

শ্রী ও ভূমি—এই ছই পত্নীসহ শেষনাগের কুণুলীকৃত দেহে শরান জগংপালক বিষ্ণুর যে বিগ্রহ আমরা দেখিতে পাই, তাহা বেদবাণত ঈশ্বরের কোন ধারণা হইতেই উদ্ভূত হইতে পারে না। পত্নী পার্বতী এবং পুত্র অফুচরগণসহ কৈলাসপর্বতে অবস্থিত যে শিব উন্নতত্ব জগংস্ক্টির জন্ম জগতের সংহারকার্যে নিযুক্ত, তাঁহার সম্বন্ধেও একই কথা প্রযোজ্য। গণেশ, স্কন্দ এবং অন্যান্য আরও অনেক দেবতাও ক্রমশঃ বিশিষ্ট ব্যক্তিবসম্পন্ন এবং ভিন্ন ভিন্ন নিদিষ্ট কার্যের অধিকারী হইলেন।

দেবতাদের ব্যক্তিত্ব সম্বন্ধে লোকের ধারণা যতই বাড়িতে লাগিল ততই হিন্দুধর্মে ভক্তিবাদের বিকাশ হইল। বেদেও, বিশেষতঃ বরুণের স্তোত্রগুলিতে, ভক্তির কিছু কিছু পরিচয় পাওয়া যায়। কিন্তু যে দেবতারা অশরীরী ও স্ক্রা, এবং এমন কি বিগ্রহরূপেও যাঁহারা দৃশুমান নহেন, সেই বৈদিক দেবতাদের সম্বন্ধে প্রকৃত ভক্তি কি করিয়া সম্ভবপর হইতে পারে? বৈদিক যজ্ঞোপাসনা গৃহ বা গ্রামের অনুষ্ঠানমাত্র ছিল এবং মন্দিরে উপাসনা-পদ্ধতিই জাতীয় বা সার্বজনীন অনুষ্ঠানরূপে গড়িয়া উঠিয়াছিল। বৈদিক যুগের ঋষিরা দেবতাদের সহিত সাক্ষাং সন্ধলাতের অধিকারী ছিলেন, কিন্তু এখন তাঁহাদের পরিবর্তে, দেবতাদের নিকট সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিয়াছেন এমন অনেক পরমভক্তের আবির্ভাব হইল।

হিন্দ্ধর্ম সম্বন্ধে বৈদিক-সাহিত্য হইতে পৃথক্ একটি নৃতন সাহিত্য গড়িয়া উঠিল।
ইহাই মন্দির-উপাসনা সম্পর্কিত আগম-শাস্ত্র। তামিল ভাষায় শৈবসম্প্রদায়ের এক
বিরাট সাহিত্য আছে। তামিলের প্রাচীনতম ধর্ম-সাহিত্য হইতেছে 'আলোয়ার' বলিয়া
খ্যাত সম্ভনের ভক্তিমূলক সঙ্গীতসমূহ। এই সমস্ত ভক্তিমূলক সঙ্গীত একত্র সঙ্গলিত
হইয়া 'তিরু-মূরাই' নামে পরিচিত। 'নাল্-আভিয়ার', 'তিরু-বাচকম্' 'তেবারম্'
প্রভৃতি রচনাগুলি দক্ষিণ ভারতে সমধিক প্রাদিদ্ধ। বৈষ্ণবমতাবলম্বীদেরও 'দিব্য-প্রবন্ধ'
নামে পরিচিত অন্তর্মপ সাহিত্য আছে। খৃষ্টুর্গের প্রথম কয়েক শতকের মধ্যে রচিত

এই সব রচনা এবং 'মণিমেথলাই' প্রভৃতি মহাকাব্যে যথেষ্ট দার্শনিক বিচার এবং বৌদ্ধ ও জৈন মতের থগুন আছে। এই সকল সম্ভরা দেশের রাজাদিগকে বৌদ্ধ ও জৈনধর্ম হইতে পুনরায় হিন্দুধর্মে আনয়ন করিতে সমর্থ হইয়াছিলেন, কিন্তু এই রাজারা যে হিন্দুধর্মে দীক্ষিত হইয়াছিলেন তাহা যে বৈদিক হিন্দুধর্ম একথা বলা যায়না।

বেদের অমুষ্ঠান-পদ্ধতি এবং দার্শনিক চিন্তাধারার ব্যাখ্যার উপর প্রতিষ্ঠিত ষথাক্রমে ব্রাহ্মণ ও উপনিষদ্-সাহিত্যের যুগ হইতে কুমারিল ভট্ট এবং শঙ্করাচার্যের যুগ পর্যন্ত একটা স্থলীর্ঘ সময় অতিক্রান্ত হইয়াছে। এই হুই হাজার বছরে একদিকে যেমন মীমাংসা এবং বেদান্তের স্ব্রসমূহ রচিত হইয়াছে, অন্তদিকে তেমনই সংস্কৃত ভাষায় মহাভারতের অঙ্গহিদাবে ভগবদগীতাদহ মহাকাব্যগুলি এবং তামিলভাষায় একটি বিরাট উপাদনা-দাহিত্যেরও সৃষ্টি হইয়াছে। এই দাহিত্যগুলি বৈদিকধর্মের পুনক্ষজীবনের পথ প্রশস্ত করিয়াছিল, কিন্তু এই সঙ্গে ইহাও দ্রষ্টব্য যে অবৈদিক বিরাট সাহিত্য রচিত হইয়াছিল। তাহা ছাড়া শৈব-দিদ্ধান্ত প্রভৃতি সম্প্রদায়গুলি এবং বৈষ্ণবধর্মের কোন কোন সম্প্রদায় তাহাদের মূল গ্রন্থগুলিকে বেদের অঙ্গরূপে গণনা না করিয়া স্বতন্ত্ররূপেই প্রামাণিক বলিয়া গ্রহণ করিয়াছেন। বৈদিকধর্মের এই পুনকজ্জীবন প্রায় সম্পূর্ণভাবেই চারিটি প্রধান দ্রাবিড় ভাষাভাষী ব্যক্তিদের ছারাই ঘটিয়াছিল ইহা লক্ষ করিবার বিষয়। কুমারিল ভুট্ট ছিলেন অন্ধ্র দেশের লোক, শঙ্করাচার্য ক্রোলায় জন্মগ্রহণ করিয়াছিলেন, রামাত্লাচার্য তামিলদেশে আবিভূতি হইয়াছিলেন, এবং মাধবাচার্যের জন্মভূমি ছিল কর্ণাটক দেশ। ইহা অবশ্য সভ্য যে যাঁহারা ধর্মের এই সংস্কার করিয়াছিলেন তাঁহারা বৈদিকধর্মের নামেই ইহা করিয়াছিলেন, মন্দির-উপাসনারূপ কোন নৃতন ধর্মের নামে করেন নাই। শেষোক্ত ধর্মমত সংক্রান্ত যাবতীয় মূল সাহিত্য বেদের শ্রেষ্ঠত্ব স্বীকার করিত এবং ইহাব সঙ্গে সংশ্লিষ্ট হইয়া যে নৃতন ধর্ম-সাহিত্য গড়িয়া উঠিল, তাহা বেদেরই অঙ্গ বলিয়া বেদে স্থান পাইল। শহরের অদৈতবাদ উপনিষদের উপর প্রতিষ্ঠিত হইতে পারে, কিন্তু তাঁহার ঈশ্বরতন্ত্র নিশ্চয়ই বৈদিক নহে। রামাত্মজ এবং মাধ্বের দর্শনের মূল হত্ত্রগুলিই শুরু বেদ হইতে গৃহীত হইয়াছিল, কিন্তু উহাদের ব্যাথ্যা পরবর্তীযুগের মন্দির-উপাসনার ধর্ম এবং আগমশাম্বের উপর প্রতিষ্ঠিত।

বেদের বিষ্ণুর সঙ্গে পরবর্তীকালের হিন্দুধর্মের 'ত্রি-বিক্রয়' বিষ্ণুর শুধু নামেই মিল আছে। বেদের রুদ্রের সঙ্গে তেমনই পরবর্তী হিন্দুধর্মের শিবেরও খুব কম মিল আছে। শুধু শিবের অপর একটি নাম হিদাবেই রুদ্র শক্টি প্রচলিত ছিল। কালক্রমে

ভারতীয় চিস্তাধারায় প্রাক-বৈদিক উপাদান

হিন্দ্ধর্মে বহু গ্রামীণ দেব-দেবীর আবির্জাব হইল। ইহাদের বিভিন্ন কার্য ও গুণাবলী কল্পিত হইল, ইহাদের সম্বন্ধে বহু উপাখ্যান প্রচলিত হইল। এই নৃতন ধর্ম বেদের আহুগত্য স্বীকার করিয়া লইলেও ইহা বৈদিকধর্মে এক বিপ্লব আনয়ন করিয়াছিল।

মোহেন্-জো-দারো এবং হারাপ্লায় দিন্ধু উপত্যকায় যে স্থপ্রাচীন সভ্যতার ধ্বংসাবশেষ আবিদ্ধৃত হইয়াছে তাহার ফলে বিগত ত্রিশ বংসরে ভারতীয় চিন্তাধারার বিবর্তনে অবৈদিক উপাদানের প্রভাব সম্পর্কে আমাদের জ্ঞান আরও অনেক বৃদ্ধি পাইয়াছে। এই ছই স্থলে যে সকল পুরাকালের বস্তু আবিদ্ধৃত হইয়াছে, সেগুলি হইতে বুঝা যায় যে, খৃষ্টপূর্ব তিন সহস্র বৎসর পূর্বেও এই অঞ্চলে বহু নগর ছিল; এই সভ্যতা সম্পর্কে অন্ধুসন্ধান এবং গবেষণার কাজ এখনও তেমন অগ্রসর হয় নাই, এবং বৈদিক সভ্যতার সঙ্গে এই সভ্যতার কালিক সম্পর্ক বিষয়ে এখনও প্রচুর মতভেদ আছে। তৎসত্বেও এই যুগের লোকদের নাগরিক, সামাজিক এবং ধর্মজীবন সম্বন্ধে যে মূল্যবান তথ্যাদি পাওয়া গিয়াছে তাহার ফলে প্রাচীন ভারত সম্বন্ধে আমাদের জ্ঞানের অসম্পূর্ণতা অনেক স্থলে দূর হইয়াছে।

দিক্-উপত্যকার সভ্যতায় বৈদিক আচার অন্তর্গানপদ্ধতির অন্তর্গ কিছু ছিল, ইহার কোন প্রমাণ পাওয়া যায় না। কিন্তু অবৈদিক সভ্যতার এমন অনেক চিহ্ন এখানে পাওয়া যায়, যাহা পরবর্তীকালের হিন্দুধর্মের বিকাশে একটি বিশিষ্ট অংশ গ্রহণ করিয়াছিল। উদাহরণস্বরূপ, তৎকালীন দিক্দেশের লোকদের ধর্মে লিঙ্গপূজা একটি প্রধান স্থান অধিকার করিয়াছিল। লিঙ্গ দৈবশক্তির স্তজনীক্ষ্মতার একটি গ্রেকে এই ধারণা অত্যন্ত অস্পষ্ট। বেদে বিশ্বস্থানির প্রথমিক পর্যায়ে কয়েকটি ব্যাপারে বিভিন্ন দেবতাদিগকে ভিন্ন ভিন্ন শক্তি আরোপ করা হইয়াছে বটে, কিন্তু বিশ্বস্থার্রেকে ঈশ্বরের কল্পনা বেদে দেখা যায় না। যাহারা যজ্ঞ করে না এবং দক্ষিণা প্রদান করে না, বেদে তাহাদের নিন্দা করা হইয়াছে। সম্ভবতঃ সিক্ক্-উপত্যকার প্রাচীন অধিবাদীগণ এই নিন্দার লক্ষ্যস্থল।

মাতৃ-দেবতার উপাদনা দির্ক্-উপত্যকার সভ্যতার আর একটি প্রধান বৈশিষ্ট্য।
এই অঞ্চলে মাতৃ-দেবতার বিভিন্ন মূর্তি পাওয়া গিয়াছে, দেইগুলি থে একই দেবতার
বিভিন্ন রূপ সে বিষয়ে কোন দন্দেহ নাই। স্থতরাং এই সভ্যতায় ঈশরের স্ত্রী-রূপের
যে অবৈদিক ধারণার প্রাধান্ত লক্ষ করা যায় তাহা ভারতীয় সভ্যতার পরবর্তী
বিকাশের ধারাকে প্রভাবান্তি করিয়াছিল। মন্দির-উপাদনাও এই সভ্যতার একটি
প্রধান অন্ধ। পূর্ববর্ণিত জাবিড় সভ্যতাতেও এই ছুইটি অন্ধ বর্তমান। পিন্ধ্-

উপত্যকার এই সভ্যতাটি মুখ্যতঃ নগর-সভ্যতা; এবং যাহা কিছু ধ্বংসাবশেষ আবিষ্ণত হইয়াছে তাহা যথন শুধু নগর হইতেই হইয়াছে, তথন এই সভ্যতার অহ্য কোন রূপ থাকাও সম্ভবপর নয়। দ্রাবিড়-সভ্যতার অহ্যরপ এই সভ্যতার মধ্যেও পশু এবং পক্ষীর একটি বিশিষ্ট স্থান আছে। সিন্ধু উপত্যকায় নানারূপ মূর্তি আবিষ্ণত হইয়াছে, কিন্তু এইগুলি অলঙ্করণের উদ্দেশ্যে না উপাদনার উদ্দেশ্যে ব্যবহৃত হইত তাহা সঠিক ভাবে বলা যায় না। এইগুলি চিত্রছারা লেখনপদ্ধতির বর্ণমালাও হইতে পারে। এই সভ্যতা সংক্রান্ত এমন অনেক বিষয় আছে যাহাদের সম্বন্ধে নিশ্চয় করিয়া কিছু বলা যায় না, কিন্তু ইহার মধ্যে পশুদের প্রাধান্ত বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয়।

দির্ক্-উপত্যকার সভ্যতায় অপর যে একটি প্রধান অবৈদিক উপাদান স্পষ্টই দেখা যায়, তাহা হইল মৃতদেহের সংকার পদ্ধতি। দির্ক্-উপত্যকায় অনেক সমাধিপাত্র আবিদ্ধত হইয়াছে। এই সকল হইতে ব্ঝা যায় যে, এখানে মৃতদেহ দাহ করা হইত। বৈদিকপদ্ধতি হইতে এই পদ্ধতি সম্পূর্ণ পৃথক, কারণ মৃতদেহ দাহ কবাই বৈদিক রীতি। মৃতদেহ সমাধিস্থ করার উদ্দেশ্য কি ছিল সে সম্বন্ধে গবেষণা খ্বই কৌত্হলোদ্দীপক হইবে। আত্মা প্র্নরায় পৃথিবীতে আগমন করিয়া সম্ভবতঃ একই দেহকে আশ্রয় করিতে পারে, এই আশাতেই কি দেহটিকে একেবারে ধ্বংস করা হইত না? এই ধারণা হইতেই কি জনান্তরবাদের স্ত্রপাত হইয়াছে? অবশ্য মৃত্যুর পর পৃথিবীতে মানবাত্মার প্রত্যাবর্তনের বিশ্বাসটি বৈদিকসাহিত্যে একেবারে নাই এমন নয়; কিন্তু মৃত্যুর পর আত্মা উন্নত্তর এবং অধিকতর স্থ্যমন্ত্র অন্ত অবস্থান করে এই বিশ্বাসই বেদে অধিক প্রাধান্তলাভ করিয়াছে। পৃথিবীতে আবার জীবনধারণের জন্ম আত্মার পুনরাগমনে বিশ্বাস এতথানি প্রাধান্ত লাভ করে নাই।

বৈদিক-দাহিত্যের প্রথম যুগে কর্মবাদের কথাও খুব অস্পষ্ট। কর্মবাদ শুধু সংকর্মের ফল হিদাবে স্থথলাতে বিশ্বাদই নয়। এই তত্ত্বের মূল কথা এই ষে, বর্তমানের মাম্বর যেমন তাহার অতীতের ফলস্বরূপ, তেমনই দে তাহার নিজের ভবিশ্বতেরও প্রয়া। প্রান্ধাদি বৈদিক আচার হইতে ব্ঝিডে পারা যায় যে, স্বকৃত কুকর্মের প্রায়শ্চিত্ত অন্তেও করিতে পারে এইরূপ বিশ্বাদই বৈদিক যুগে প্রচলিত ছিল। পুনর্জন্মবাদ এবং কর্মবাদ - এই ঘুইটিই পরস্পরাপ্রিত এবং উপনিষদে এই ঘুইটি তব্বেরই গুরুত্ব আছে, কিন্তু প্রাচীন উপনিষদগুলিতে এই ঘুইটি মতবাদের দন্ধান পাওয়া গেলেও তাহা অত্যন্ত অস্পষ্ট। মূতব্যক্তি নিজেই তাহার ভারানিয়ন্ত্রন

ভারতীয় চিন্তাধারায় প্রাক-বৈচ্চক উপাদান

করিতে পারে এবং এই পৃথিবীতে প্রত্যাবর্তন করিতে পারে, এই বিশাদ হইতেই বোধহয় অবৈদিক দমাজে মৃতদেহ দাহ করা হইত না। মায়য় নিজেই নিজের ভাগ্যনিয়য়ৢ। এবং নিজেই পৃথিবীতে ফিরিয়়া আদিতে পারে, এই ভাবটি অবৈদিক ধর্মের দঙ্গে যতটা থাপ থায়, বৈদিকধর্মের দঙ্গে ততটা নয়। কায়ণ আচার-অয়ৢয়্ঠান-আপ্রিত বৈদিকধর্মে মায়য় দেবতাকে দল্পপ্ত করিবার উদ্দেশ্যে যজায়য়ৢয়্ঠান করে এবং দেবতা দল্পপ্ত হইয়া মায়্রেরে উপকার করেন। দাক্ষিণাত্যের ভাষাসমূহে মৃতদেহ দংকার করিবার অনেকগুলি পদ্ধতিরই উল্লেখ আছে, তাহাদের মধ্যে সমাদিস্থ করা একটি, যদিও দাহ করার পদ্ধতিও একেবারে অজ্ঞাত নয়। কিন্তু দাক্ষিণাত্যের সাহিত্যে মৃতদেহ দাহ করার যে উল্লেখ দেখিতে পাওয়া যায়, তাহা দন্তবতঃ বৈদিক পদ্ধতির প্রভাবেই ঘটিয়াছে। দয়্যাদ-আপ্রম প্রাচীন বৈদিক দভ্যতা হইতে দাক্ষাং ও স্বতম্বভাবে উদ্ভূত হয় নাই। সয়্যাদীদের মৃতদেহ দাহ না করিয়া দমাধিস্থ করা হয়, এই প্রথা আদ্ধ পর্যন্ত চলিয়া আদিয়াছে। যে সময়ে দাহ করার পরিবর্তে সমস্ত মৃতদেহই সমাধিস্থ করা হইত সেই যুগেরই প্রভাব হয়ত এই বীতিতে বিছমান রহিয়াছে। যোগবলে সয়্যাদীরা যাহাতে পুন্রজীবন লাভ করিতে পারেন হয়ত দেইজন্যই তাহাদের মৃতদেহকে দাহ করিয়া একেবারে ভন্মীভূত করা হইত না।

দিক্ধ-উপত্যকার সভ্যতা এবং দ্রাবিড়-সভ্যতার পার্থক্য সম্বন্ধ সন্দেহ আছে।
এই তুইটি সভ্যতার মধ্যেই যে প্রচুর মিল আছে পণ্ডিতেরা তাহা স্বীকার করিয়াছেন।
এই কারণেই ভারতীয় চিস্তাধারার বিকাশে দ্রাবিড় উপাদানগুলির এত পুদ্ধারূপুদ্ধ
আলোচনা করা হইল। দ্রাবিড় সভ্যতা সম্পর্কে যে সমস্ত কথা বলা হইল তাহা
প্রায় সবই সিক্ধ-উপত্যকার এই সভ্যতা সম্পর্কেও প্রয়োজ্য।

মোট কথা এই যে অবৈদিক অর্থাং দ্রাবিড় এবং দিক্-উপত্যকার সভ্যতার প্রধান উপাদানগুলি নিম্নর (১) সর্বসাধারণের জীবনে অরণ্যের প্রভাব; (২) মন্দিরে উপাসনা এবং তাহার সহিত অধিকতর মূর্ত আকারে দেবতার অহুধ্যান; (৩) বিশ্বজ্ঞগতের পরিকল্পনাধারার মধ্যে পশুপক্ষী, বৃক্ষ প্রভৃতির উচ্চস্থান লাভ; (৪) ঐশীশক্তির স্ত্রীরূপকে উচ্চতর মর্যাদা দান; (৫) ঈশ্বরের স্রষ্ট্র এবং (৬) জাতীয় মহাপুরুষ হিসাবে দেবতাদের আবির্ভাব এবং মাহুষের দেবত্বে উন্নয়ন।

দিতীয় পরিচেছদ

বেদ

§১ মূল-দাহিত্য

বেদের হুটি অঙ্গ: মন্ত্র এবং ব্রাহ্মণ। মন্ত্র চারিভাগে বিভক্ত; ইহাদের মধ্যে তিনটি প্রধানতঃ যজ্ঞানুষ্ঠানের দঙ্গে সংশ্লিষ্ট, যেমন—(১) আবৃত্তির যোগ্য ছন্দোবদ্ধ বাক্য (ঝক্) (২) গীতোপযোগী ছন্দোবন্ধ বাক্য (সামন) এবং গ্রহময় মন্ত্রাদি (ষজুদ্) এবং (৪) অথবাঙ্গিরদ। শেষোক্ত রচনাগুলির প্রথম এবং তৃতীয় শ্রেণীর রচনা হইতে কোন আকারগত পার্থক্য লক্ষিত হয় না, এইগুলির বিষয়বস্ত হইতেছে ইন্দ্রজাল এবং ধর্মের বিবিধ অঞ্চান। স্বাভাবিক ধ্বনিগত সাদুগ্রের ভিত্তিতে এই রচনাগুলি এক একটি নির্দিষ্ট আকারে সঙ্কলিত হইয়া সংহিতা নামে পরিচিত হইয়াছিল। এইভাবে ঝয়েদ-সংহিতা দামবেদ-সংহিতা যজুর্বেদ-সংহিতা এবং অথর্ববেদ-সংহিতার উংপত্তি হইল। যজুর্বেদের তুই ভাগ-কৃষ্ণ এবং শুকু। প্রথমটিতে বান্ধণ নামক অংশ আছে, দিতীয়টিতে নাই। বান্ধণগুলি বিভিন্ন সংহিতাকে অবলম্বন করিয়া রচিত হইয়াছে। এইগুলি গতে লিখিত এবং ইহাদের মধ্যে যজের বিস্তৃত বর্ণনা এবং প্রশংদা আছে। একটি না একটি সংহিতার সঙ্গে এই গুলি সংযুক্ত এবং গৃঢ়তত্ত্ব ও দার্শনিক আলোচনা সমন্ত্রিত আরণ্যক এবং উপনিষদ-গুলি ইহাদেব অন্তর্ভুক্ত বলিয়াই গৃহীত হয়। আরণ্যক এবং উপনিষদগুলির বিষয় পরবর্তী অধ্যায়ে আলোচিত হইবে। কালক্রমে প্রত্যেকটি সংহিতা এবং কয়েকটি ব্রাহ্মণেরও ভিন্ন ভিন্ন পাঠ প্রচলিত হয়।

ভারতীয় ঐতিহে বেদের রচয়িতাদের অথবা উহার রচনাকালের কোন সন্ধান পাওয়া যায় না। ভারতীয়গণ বেদকে পর্বদাই শাখত এবং অপৌরুষের বলিয়া বিখাদ করিয়াছেন। বেদের ঋষিরা বেদের রচয়িতা ছিলেন না, কেবল প্রত্যেক যুগারস্তে তাঁহাদের নিকট বেদ প্রকাশিত হইয়াছিল। ম্যাক্স্নরই সর্বপ্রথম বেদের রচনাকাল নির্ণয়ের চেষ্টা করেন। তাঁহার মতে এই রচনাকাল খঃ পৃঃ ১২০০ হইতে ৬০০ বংসর, কিন্তু এই কালনির্ণয়ের জন্ম তিনি কোন মৃক্তি দেন নাই। অত্যন্ত আশ্চর্যের বিষয় এই যে. পরবর্তী অধিকাংশ পণ্ডিত ব্যক্তি এই মতটিকেই সমর্থন করিয়াছেন। তাঁহারা এই সিদ্ধান্তের সমর্থক অনেক যুক্তি দিবার চেষ্টাও করিয়াছেন এবং কাহারও এই মতের প্রামাণ্য অস্বীকার করিবার স্পর্ধা হইলে তীব্র প্রতিবাদ করিয়াছেন। বেদের মূল-গ্রন্থে জ্যোতির্বিজ্ঞান সংক্রান্ত যে সমস্ত বিষয়ের উল্লেখ আছে, তাহার উপর ভিত্তি করিয়া তিলক তাহার Orion (বোম্বাই—১৮৯৩) নামক গ্রন্থে এবং জ্যাকবি Festgruss an Rudolf von Roth (Stuttgart, 1893)-এ প্রকাশিত একটি প্রবন্ধে একই সঙ্গে এবং পরস্পর স্বতন্ত্রভাবে এই রচনাকাল খৃষ্টপূর্ব ৪৫০০ হইতে ২৫০০ বংসরের মধ্যে ছিল বলিয়া দিলান্ত করিয়াছিলেন। তিলক ইহাও প্রমাণ করিতে চেষ্টা করিয়াছিলেন যে, ক্যেকটি প্রাচীনতম স্থোত্রের রচনাকাল অনুর্দ্ম গৃং ৬০০০ বংসর। ধ্যেরের মহিত বিচার করিলে এই শিদ্ধান্তই যে মূলতং সমীচীন ইহা প্রতিপন্ন হয়। জ্যাকবি তাহার অন্থান্য বহু প্রবন্ধে অন্থান্য যুক্তি দারাও এই শিদ্ধান্ত সমর্থন করিয়াছিলেন। ত

আলোচনার স্থবিধার জন্ম বেদের দার্শনিক তত্বগুলিকে আমরা নিম্লিখিত শিরোনামায় উপস্থিত করিব: ধর্ম; ঈশরতত্ত্ব; একেশরবাদ, দর্বেশরবাদ এবং অবৈতবাদ; নীতিবিজ্ঞান; বিশ্বতত্ত্ব এবং স্প্রতিত্ত্ব; পরলোকতত্ত্ব; মনোবিজ্ঞান এবং যুক্তিবিজ্ঞান।

§**২** ধর্ম

বৈদিক যুগেব লোকেরা যে দেবতাদের উপাদনা করিত তাহার আলোচনা আমরা এই অধ্যায়ের পরবর্তী অংশে করিব। স্তোত্রপাঠ, ভক্তিপ্রদর্শন এবং আহতি প্রদান এইগুলিই ছিল প্রধানতঃ উপাদনার পদ্ধতি। যদিও পরে এইগুলি যজ্ঞের অঙ্গরপেই স্বীকৃত হইয়াছিল, তথাপি পৃথক বা সংযুক্তভাবে প্রথম তুইটি ক্রিয়ার উপর যে স্বতন্ত্র মর্যাদা আরোপিত হইত তাহারও প্রমাণ পাওয়া যায়। যজ্ঞে এক বা একাধিক অগ্রি আফুঠানিকভাবে প্রজ্জনিত করিবার পূর্বে ত্র্ম্ম, মধু, ঘৃত, শস্ত ও ঐগুলি দ্বারা প্রস্তুত বিভিন্ন দ্রব্য, মাংস, উত্তেজক সোমরদ প্রভৃতি প্রিয় ভোজ্য ও পানীয় বস্তু উৎসর্গ করা হইত। এই সকল উৎসর্গ করিবার সময় নির্দিষ্ট বিধান ও রীতি অনুযায়ী যজুর্মন্ত্র উচ্চারণ, ঋক্নোত্র পাঠ এবং সামগান করা হইত। শ্রৌত-যক্ত্র বিলিয়া পরিচিত মহাযজ্ঞগুলির জন্ম একাধিক পুরোহিত্বের প্রয়োজন হইত, কিন্তু নিজ গৃহের ধর্মাফুর্চানে (গৃহ্নকর্ম) গৃহকর্তা এবং তাহার স্বী কোন পুরোহিতের সাহায্যে অথবা বিনা সাহায্যেই তাহা সম্পন্ন করিতে পারিত। অগ্রিতে বা উৎসর্গীকৃত প্রবাদি দেবতাদের নিকট পৌছাইয়া দিবার জন্ম অথবা

সেইগুলি গ্রহণের উদ্দেশ্যে দেবতাদের আনয়ন করিবার জন্ম অগ্নিদেবতার নিকট প্রার্থনা করা হইত। পার্থিব স্থপ এবং মৃত্যুর পর মনোরম স্বর্গজীবন প্রাপ্তির উদ্দেশ্যেই দেবতাদের শুভেচ্ছা লাভের জন্ম প্রথমতঃ ষজ্ঞ অন্থান্তত ইউত; কিন্তু কালক্রমে যজ্ঞান্ত্র্যানে অসংখ্য বৈচিত্র্য আদিয়া পড়িয়াছিল এবং ক্রমশঃ ক্রমশঃ তাহা ক্রমবর্ধমান হর্বোধ্য রহস্থে আরত হইয়া পড়িয়াছিল। যজ্ঞ যেমন আমাদিগকে সহজেই স্বর্থেখর্য, তেমনই মৃত্যুও দান করিতে পারে; সেইজন্ম তৈত্ত্তিরীয় সংহিতায় (২০০০) যজ্ঞকে 'ক্র্রধার' বলিয়া বর্ণনা করা হইয়াছে এবং যজ্ঞান্ত্র্যানকারীকে সদাচারের গুরুত্ব শিক্ষা দিয়াছে। ক্রমে যজ্ঞ যে কোন বস্থলাভের স্বতম্ম উপায়ররপে গৃহীত হইল এবং প্রথমতঃ যজ্ঞে যে দেবতাদিগকেণ শ্রান্থা প্রদর্শিত হইত, তাহাদের পরিবর্তে যজ্ঞই শ্রনার পাত্র হইয়া পড়িল (ঝগ্লেদঃ ২০২৬০; ১০০১৫); তৈঃ সঃ ১৯৮০; বাঃ সঃ ১৯০৭; তৈঃ বাঃ ৩০১২০০২; কোঃ বাঃ ২০৮০। ইহারই ফলে আমরা দেখিতে পাই যে, স্প্রিকর্তা প্রজাপতিসহ দেবতারা 'ব্রাহ্মণ'গুলিতে একাধিকবার নিজ্যাই যজ্ঞকারীরূপে দেখা দিয়াছেন। গৃঢ় অর্থে যজ্ঞ ক্রমশঃ প্রজাপতি, বিফু, সংবৎসর ও মৃত্যুর সহিত অভিন্ন বলিয়া গৃহীত হইল।

বেদের প্রাচীনতম স্তোত্রগুলিতেও মন্ত্রগুলিকে দেবতাদের মতই অলৌকিক শক্তিসম্পন্ন বলিয়া মনে করা হইত এবং এইজন্ম উহাদিগকে ব্রহ্ম নাম দেওয়া হইয়া-ছিল। মন্ত্রের এই প্রবলশক্তির ধারণা ছাড়াও একটি বিশুদ্ধ ভক্তির স্থর অসংখ্য তোত্রের মধ্যে লক্ষিত হয়। দেবতাদের উদ্দেশ্যে প্রিয় সম্বোধন বচনগুলিও এই কথার স্বপক্ষে একটি প্রমাণ (🖇)। দেবতাদের প্রকৃতি এবং মহিমা সম্বন্ধে ধ্যান করার কণা ঋথেদের ১৷২৪৷১, ৩৷৬২৷১০, ৫৷১৷৪ ইত্যাদি স্ফে খুব জোরের সহিত বলা হইয়াছে। তপস্থার (তপস) ক্ষমতা এবং কার্যকারিতা সম্বন্ধে ঋগেদে প্রশংসা করা হইরাছে (ঋ: ১০।১৫৪।২, ৪, ৫; তৈ: স: ৫।৩।৫।৪; কৌ: ব্রা: ২।৮, তৈ: ব্রা: ৩)২।৩))। তৈত্তিরীয় সংহিতায় (৫।২।১।৭) শান্তি এবং হৈর্বের অন্নেষ্টা, বন্ধমুষ্টি, বাক্দংঘমী যাঘাবর তপশ্বীর উল্লেখ আছে। ঋণ্ডেদের ১০।১৩৬ স্তেড 'গন্ধর্ব, অপ্সর এবং মৃগ অধ্যাধিত স্থানে সঞ্চরমান' এবং দেবতাদের সঙ্গ উপভোগকারী নগ্ন বা গৈরিক ধূলায় আরুত (ঐ বা: ৭।১৩) লোমশ মুনির রহস্তময় এবং অলোকিক শক্তি সম্বন্ধে বিস্তৃত বর্ণনা আছে। এই সমস্ত ধর্মকর্মের সহিত নীতির ধারণাও বিজ্বড়িত ছিল। এই সম্পর্কে আমরা পরে আলোচনা করিব। (se) এই প্রসক্তে বিশেষভাবে উল্লেখযোগ্য যে, মৃতি বা মন্দিরের কোন উল্লেখ এই সকল ক্ষকে পাওয়া যায় না: অবশ্য ঝার্যদের ১০।১০৭।১০ স্থাক্ত "দেবমান" (অর্থাৎ দেবতার আলয়)

শক্টিকেই হয়ত ইহার একমাত্র উদাহরণ বলিয়া মনে করা যাইতে পারে। ঋথেদের ৪।২৪।১০ (এবং দস্তবতঃ ৮।১।৫) স্থক্তে ইন্দ্রের কোন অলোকিক শক্তিদম্পন্ন মৃতির উল্লেখ আছে; এই মৃতি বিক্রয় করা বা ভাড়া দেওয়া যাইত। নৈমতিকি বস্তু ও পশু-পক্ষী পূজা (Totemism) এবং দর্বপ্রাণিবাদের পৃথকভাবে কোন উল্লেখ নাই বটে, তথাপি দকল বস্ততে ঈখরের অন্তিত্বের ধারণা প্রস্থৃত যে দর্বপ্রাণিবাদ তাহার যথেষ্ট পরিচয় পাওয়া যায়।

উপরে ধর্মবিখাদের যে চিত্র অন্ধিত হইল তাহার পাশাপানি মন্ত্রন্ত্র, বনীকরণ এবং ইল্রন্থালের ক্ষমতা দখন্দে সাধারণের যে ব্যাপক বিখাদ ছিল তাহাও এই প্রদক্ষে মনে রাথা প্রয়োজন। বৈদিক দাহিত্যে দর্বত্রই এই বিষয়গুলির ইতন্ততঃ উল্লেখ আছে বটে তথাপি বিশেষভাবে এইগুলি অথর্ববেদ এবং তাহার অনুষ্ঠানান্দ যে কৌশিকস্ত্র উহাদের বিষয়। দেইজন্মই এই গ্রন্থইটিতে পরবর্তী তন্ত্রশান্তের স্কুচনা রহিয়াছে। অধিকাংশন্থলে এই দকল মন্ত্রন্ত বিদ্যু, দানব, যাত্কর, রোগ এবং দৈবত্রিপাক নিবারণের জন্ম এবং স্থা, শান্তি ও পারম্পরিক সম্প্রীতি অর্জনের জন্ম ব্যবহৃত হইত। অবশ্য কোন কোন মন্ত্রন্ত প্রতিদ্বারীর বিপক্ষে স্থবিধালাভ এবং এমনকি শক্রর অনিষ্টাধনের জন্মও ব্যবহৃত হইত। এই ক্ষেত্রেও আমরা লক্ষ্য করি যে, দেবতারা বৈদিক মান্থ্যের বন্ধুস্থানীয় ছিলেন এবং অম্বরেরা শক্রন্থানীয় ছিল। অন্যান্য বেদের মত অথর্ববেদেও যাত্রিগাকে ভীত্র নিন্দা করা হইয়াছে।

§**৩ ঈ**শ্বরতত্ত্র

অতিমানবীয় শক্তি ও জ্ঞান, ভাষরতা, অমরত্ব, করুণ। এবং পাপে বিতৃষ্ণা বৈদিক দেবতাগণ ও তাঁহাদের সহিত সংশ্লিষ্ট পদার্থদমূহে বিজমান। এই দেবতাদের সম্বন্ধে ধারণা প্রধানতঃ তিন শ্রেণীর পদার্থকে অবলম্বন করিয়া গড়িয়া উঠিয়াছিল—(১) প্রকৃতির মহনীয় রূপসমূহ—এইগুলির নৈকট্যের মাত্রাহ্যায়ী দেবতাদিগকে তিন শ্রেণীতে বিভক্ত করা হইত। (ক) স্বচ্চ, যথা—স্বর্গ (তোঃ), ধরণী (পৃথিবী), স্বর্গ, উষা, বায়ু (বাত), অগ্লি, জল, (আপঃ) এবং বিভিন্ন নদী দেবতা এবং পানীয় দেবতা সোম; (খ) ঈষৎ স্বচ্ছ, যথা—পৃষ্ন, বিয়ু, রুদ্র, অপাংনপাৎ ইত্যাদি এবং (গ) অস্বচ্ছ—যথা অদিতি, বরুণ, মাতরিশ্বন, ঋতুগণ প্রভৃতি; (২) কয়েকটি বিশেষ ক্রিয়া—এইগুলির সহিত সংশ্লিষ্ট দেবতারূপে নির্মাতা (ত্বষ্টু), উদ্দীপক (সবিতৃ), ময়াধিপতি (বৃহস্পতি বা ব্রহ্মণস্পতি) ইত্যাদির নাম করা যায় এবং কয়েকটি অমূর্ত

ধারণা—যথা বিশ্বাস (শ্রদ্ধা), ক্রোধ (মহ্যু), রোগ বা বিনাশ (নিশ্বতি ইত্যাদি)। শেষোক্ত দেবতাগুলি কেবলমাত্র সম্বোধনের পাত্র এবং তাঁহাদের কার্যকলাপও তেমন গুরুত্বপূর্ণ নয়। ইতরপ্রাণী, উদ্ভিদ্, অচেতন বস্তু এমনকি মহুয়নিমিত কোন কোন বস্তুত কথনও কথনও শান্তি ও সমৃদ্ধি প্রদান করিবার জগু আহত হইত।

মোটের উপর প্রাকৃতিক শক্তিগুলিতে মানবধর্ম আরোপ করিয়াই দেবতাদিগের কল্পনা করা হইয়াছিল। মানবংম আবোপ দকলক্ষেত্রে থুব স্পাইভাবে করা হয় নাই। প্রায় স্বচ্ছ, অস্বচ্ছ এবং ক্রিয়ারপী দেবতাগুলি সম্বন্ধে ইহা যতটা স্পষ্টভাবে করা হইয়াছিল, অন্তান্ত দেবতা সম্বন্ধে ততটা স্পষ্টভাবে করা হয় নাই। প্রাকৃতিক শক্তিগুলিতে মানবধর্ম আরোপ করার ফলেই দেবতাদের মধ্যে যে বয়স, আকার এবং পারস্পরিক সম্বন্ধ সম্পর্কে বিভিন্নতা আছে (ঋ সঃ ১৷২৭৷১৩; অথ ১৷৩০৷২), তাঁহারা সন্তান উৎপাদন করেন, দোমপান করিয়া অমর হন (ঝ: দ: ১।১০৬৮), তপশ্চর্যা অথবা অন্তান্ত আচার পালন করেন (ঋ: স: ১০1১৬৭া১; অথ ১1১১)৬; শত ব্রাঃ ১১৷১৷২৷১২), কতকগুলি দেবতার অনুগ্রহভাজন হইয়া থাকেন (ঋঃ সঃ ৬।৭।৪; ৪।৫৪।২)--এইরপ কল্পনা করা সম্ভবপর হইয়াছিল। কথনও বা দেবতারা সকলেই তুল্যশক্তি (ঋ: সঃ ৮।০-।১) এবং 'অমুতের পুত্র' (ঋ: সঃ ৬।৫২।৯ ; ১০।১০৷১) বলিয়া এই সমস্তই অস্বীকার করা হইয়াছে। তাঁহারা স্বর্গে বাদ করেন এইরূপ বলা হইয়াছে, আবার কথনও কথনও তাঁহাদের মধ্যে কেহ কেহ স্বর্গে, কেহ কেহ অন্তরীক্ষে, কেহ কেহ পুথিবীতে বাদ করেন এই বলিয়াও তাঁহাদের মধ্যে শ্রেণীবিভাগ করা হইয়াছে (ঝ: ম: ১৷১৩৯৷১১; অথ ১৷৩০৷৩)—সূর্য, বাত ও অগ্নিকে যথাক্রমে এই তিনশ্রেণীর প্রতিনিধিরূপে গ্রহণ করা যায় (ঋ: স: ১০।১৫৮।১ ; তৈ: স: ৭।৩।১২)। ইন্দ্র, বরুণ, সবিত প্রভৃতি দেবভাদের মধ্যে প্রত্যেকেই কথনও কথনও সর্বশ্রেষ্ঠ বলিয়া গুহীত হইয়াছেন। এই ব্যাপারকে—অর্থাৎ প্রত্যেক দেবতাকে প্র্যায়ক্রমে অপর দকল দেবতা অপেক্ষা শ্রেষ্ঠ এবং স্বতম্ব বলিয়া বিশ্বাদ করাকে— ম্যাক্স্পলার একাতিদেববাদ (Henotheism) বলিয়া ব্যাথ্যা করিয়াছেন। ° কিন্ত বৈদিক যুগে যে দেবতা দাময়িকভাবে কোন ব্যক্তির মনোযোগ আকর্ষণ করিতেন, দেই ভক্তের মনে তাঁহাকে সর্বাপেক্ষা মহনীয় করিয়া দে**থার যে স্বাভাবিক প্রবণতা** ছিল, অথবা দকল দেবতাই সমান বা অভিন্ন এই বিশাস ছিল বলিয়াই বিভিন্ন দেবতাকে এক এক সময়ে শ্রেষ্ঠ বলিয়া মনে করা সম্ভবপর হইয়াছিল বলিলে বোধ হয় এই ব্যাপারকে আরও স্থপুভাবে ব্যাখ্যা করিতে পারা যায় (ঋ স: ১)১৬৪।৪৬; भारभार : २०१११८। वर §8)। भ

স্বর্গ ও পৃথিবীর সৃষ্টি এবং ধৃতি, অন্তরীক্ষে স্থর্বের স্থাপন, নদীগুলির গতিপথ খনন এবং তাহাদের নিয়াভিম্থী চির্ভন প্রবাহ নিদিট করা প্রভৃতি ক্তকগুলি বিশাল জ্বাগতিক ক্রিয়া কয়েকটি বিশিষ্ট দেবতার উপর আরোপ করা হইয়াছে। তাঁহার। জাগতিক ব্যাপারের বিপর্যয়কারী অনাবৃষ্টি, অন্ধকার প্রভৃতি অম্বনের সহিত সংগ্রামে লিপ্ত থাকেন এবং শেষ পর্যন্ত তাহাদিগকে পরাভূত করেন। যে জাগতিক শৃখ্লা চিরস্তন ও অলঙ্ঘ্য তাহাকে 'ঋত' বলা হইয়াছে। 'ঋত' শ্দের আক্ষরিক অর্থ "ঘটনার স্বাভাবিক নিয়ম"। ধর্মের নিয়ম এবং নৈতিক নিয়মও চিরন্তন ও অলজ্যা বলিয়া 'ঋত' শব্দ খুব শীঘ্ৰ এগুলিকেও বুঝাইতে লাগিল। দেবতারা, বিশেষ করিয়া আদিত্যগণ ও তাঁহাদের নেতা বকণ এই ব্যাপক অর্থে গৃহীত ঋতের উৎসাহী রক্ষক। কেবল ইহাই নয় তাঁহারা ঋত হইতেই উত্তত, ঋতের দ্বারাই পরিচালিত (ঝতাবং) এবং ঋতের দারাই পুষ্ট (ঝতার্ধ্)। কট বা রোগ উৎপাদনকারী ক্ষুত্রতর ভূতপ্রেতাদির অপদরণ বা বিনাশ, শত্রুদের পরান্ত করিতে দাহায্য, পাপের তির্যক গতির বিনাশ অথবা শ্বলনের মার্জনা ভিক্ষার জন্মও মান্ত্ৰ তাঁহাদের নিকট প্রার্থনা করে। তাঁহাদিগকে 'পিতা' 'মাতা' 'ভ্রাতা' 'লুজং', ও 'মিত্র' প্রভৃতি শব্দধারা সম্প্রীতির সহিত সম্বোধন করা হয় এবং এই সকল সম্বোধন হইতেই পূজক ও পূজিতের মধ্যে কিরূপ দোহার্দ্য ও শ্রদ্ধাপূর্ণ সম্পর্ক বিভয়ান তাহা বুঝা যায়। আবার ইহাও দেখা যায় যে, কোন কোন দলেহবাদী ব্যক্তি স্পষ্টভাবেঁই ইন্দ্র অথবা অপর যে কোন দেবতার অন্তিত্ব অম্বীকার করিতেছেন, কারণ "ভাঁহাকে কেই বা দেখিয়াছে ?" (ঝ: দ: ২।১২।৫; ৮।১০০।০; অথ ১১।২।২৮ শ্র:)। তাহাদের এই মত থগুন করিবার জন্ম ঋষিদিগকে বেশ পরিশ্রম করিজে হইতেছে।

ব্রাহ্মণ-সাহিত্যে প্রায়ই প্রজাপতির তুই সন্ততি দেবতা ও অন্তর্মের সংগ্রামের উল্লেখ দেখিতে পাওয়া যায়। কিন্তু শতপথ ব্রাহ্মণে (১১।১।৬।২)১০) দৃঢ়তার সহিত এরপ ঘটনাকে অস্বীকার করিয়া প্রকৃত তথ্যের পরিচয় দেওয়া হইয়াছে। এই ব্রাহ্মণ রচনাটি ঋ: স: ১০।৫৪।২ এর পাঠান্তর এবং ইন্দ্রের যুদ্ধগুলিকে এই বাক্যে 'মাঘা' বলিয়া অবজ্ঞা করা হইয়াছে। ঋ: স: ৩।৫৩৮ এবং ৬।৪৭।১৮তেও ইন্দ্রের বিভিন্ন আকার ধারণকে মায়ার কার্য বলিয়া উল্লেখ করা হইয়াছে। এই পরিচ্ছেদের চতুর্থ অন্তচ্ছেদে যাহা বলা হইয়াছে এবং দেবতাদের সম্বন্ধে 'মহাশক্তির সন্ততি', 'চরমসতা হইতে জাত', 'অমৃত' দক্ষ' অদিতি (ঋ: স: ৮।২৫।৫ ক; ৮।৬৯।৪ গ; ১০।১৩।১ গ; ৬।৫০।২ ক; এবং ৮।২৫।৫ থ; ৭।৬০।৫ ঘ) এবং 'মন হইতে জাত', 'মনের সমানধর্মা' (তৈ: স: ১।২।৩১) প্রভৃতি যে সকল বিশেষণ প্রয়োগ করা হইয়াছে, দেগুলিকে এই

তথ্যের প্রদক্ষে বিবেচনা করিলে বুঝা যায় যে, ঋষিগণ দেবতাদিগকে একই সর্বাম্নস্থাত সন্তার বিভিন্ন প্রকাশ বলিয়া জানিতেন। ভগবদ্গীতার দশম অধ্যায়ের ৪১ শ্লোকে যাহা বলা হইয়াছে—"যে যে বস্তুতে এখর্য, খ্রী ও বীর্য আছে, তাহাকেই ভগবৎসন্তার অংশ বলিয়া বুঝিতে হইবে"—এবং ভাগবতপুরাণের ১০৮৭।১৫ শ্লোকে যাহার সমর্থন পাওয়া যায় তাহাই তাঁহারা বিশাস করিতেন।

§৪ একেশ্বরবাদ, **দর্**বেশ্বরবাদ ও অদৈতবাদ

ঋথেদের ৩।৫৫ হুক্তে বলা হইয়াছে যে, "দেবগণের দেবত্ব একের মধ্যেই নিহিত"। দেবতারা পরস্পর হইতে উদ্ভত ১ এবং তাঁহাদের প্রত্যেকেই অপর সকল দেবতা অপেক্ষা শ্রেষ্ঠ ইত্যাদি আপাতদৃষ্টিতে যে দকল অসম্বত কথা বলা হইয়াছে, ইহাদের পিছনে দেবতাদের অভিনতা দম্বন্ধে যে ধারণা ছিল, ঋর্যেদের এই স্বক্তে তাহাই ব্যক্ত করা হইয়াছে। খঃ মঃ ১।১৬৪।৬৪ তে যেখানে বলা হইয়াছে, "একই সম্বস্তুকে ঋষিগণ নানাভাবে বর্ণনা করেন" এবং ১০৷১১৪৷৫ তে যেখানে বলা হইয়াছে যে জ্ঞানী ঋষিগণ তাঁহাদের বাক্যের সাহায্যে যে স্থপর্ণ প্রকৃতই এক তাহাকে বহুরূপে পরিণত করেন —দেই ঐক্যের কথাই আরও স্পষ্ট করিয়া বলা হইয়াছে। সূর্যকে দেখিয়াই সম্ভবত: পরম দঠাকে স্থপর্ণরূপে কল্পনা করা হইয়াছিল, কারণ বেদে সূর্য এক বিরাট স্বজনশীল নিয়ামক ও জীবনদায়ক শক্তিরূপেই > > পরিচিত এবং স্থপর্ণ বলিয়া বর্ণিত হইয়াছে এবং মনে হয় অপর একটি গুরুত্বপূর্ণ ধারণা যথা স্থবর্ণভ্রণ বা হিরণ্যগর্ভের ধারণাও১২ এই সুর্যের ধারণা হইতেই উদ্বত হইয়াছে। এই এক সদ্বস্ত (একং সৎকে) ঋথেদে 'অন্ধ্ (১)৬ মাত ; ১।১৬৪।৬ ; ৮।৪১।১০ প্র:) 'অমুর্' (৫।৬৩।৩।৭ ; ১০।১৭৭।১). 'পিতা' (১।১৬ । २ ; ১৬৪।২২ এবং ১।১৬०।৪ ; ৪।৫৬।৩) অথবা 'এক' (১।১৬৪।৪৬ ; ৮।৫৬।২; ১০।১২৯।২)—এই সকল নির্বিশেষ উপাধিতে ভৃষিত করা হইয়াছে। কিন্তু বিশ্বকর্মা সম্বন্ধে তুইটি সুক্তে (১০৮১-৮২) এবং হিরণ্যগর্ভ সম্বন্ধে একটি সুক্তে (১০)১২১) সমগ্র বিশ্বের স্ষষ্টিকর্তা, নিয়ামক ও পালকরূপে ইহার গুণাবলীর স্তম্প্ট বর্ণনা দেওয়া হইয়াছে; ১।১৬৪।৩১ এ তিনি রক্ষক বা 'গোপা' বলিয়া উল্লিখিত। তিনি অবিশ্রাম ইতন্ততঃ দঞ্চরণ করেন "কেন্দ্রাহুগ এবং কেন্দ্রাতিগ শক্তিদারা স্বয়ং আবৃত হইয়া পুনঃ পুনঃ বস্তুদমূহের অন্তরে আবর্তিত হন।" ইহা ছাড়া অথর্ববেদে তাঁহাকে 'দিব্যগন্ধর্ব' (২।১।২ ; ২।১), 'পোষক' (ऋছ, ১।१-৮), বক্তবর্ণ (বোহিত, ১৩।১-৪) জীবনীশক্তি (প্রাণ ১১।৪) এবং 'কাল' (১৯।৫৩-৫৪)

বেদ: একেশ্বরবাদ, সর্বেশ্বরবাদ ও অদ্বৈতবাদ

রূপেও উল্লেপ করা হইয়াছে। এই একেশ্বরণাদ প্রায়ই সর্বেশ্বরণাদের ধারণাদারা অন্নরঞ্জিত। সকল দেবতাই অগ্নির মধ্যে বর্তমান (ঋ: স: ৫।৩।১প), ইল্রের মধ্যে বর্তমান (আং৪।১৭খ) এবং চক্রের মধ্যবিন্দুর মত সবিতার চারিদিকে সগ্নিবিষ্ট (১।৩৫।৬প)। আবার বিশ্বদেবগণের প্রতি উদ্দিষ্ট ১০।১০০ স্বক্তে অদিতিকে সর্ব ('সর্বতাতি') বলিয়া উল্লেখ করা হইয়াছে। ১০।৮২।৬ এবং ১০।১২১।৭-৮ স্বক্তের বক্তব্যপ্ত ইহাই। কিন্তু ধ্যম ১।৮৯।১০ স্বক্তে অদিতিকে যাহা কিছুর ধারণা করা সম্ভব—যাহা কিছু জন্মিয়াছে বা জন্মিবে—এইরপ সকল বন্ধর সহিত অভিন্ন বলা হইয়াছে, তথনই সর্বেশ্বরণাদ অবৈত্ববাদে পরিণত হইয়াছে।

ঝাংগদের ৮।৫৮।২ স্তে বলা হইয়াছে যে যেমন সর্বত্র একই অয়ি, একই হর্ষ এবং একই উষা কার্য করে, সেইরূপ একই সত্তা নানারূপ ধারণ করিয়াছে। অন্তর্মপতাবে ২।৩৫।২।৮তে "অপাংনপাং" দেবতা (জলসমূহের তনয়) সম্পর্কে বলা হইয়াছে যে, তাঁহার নিজেরই স্ট অন্ত সমস্ত বস্ত তাঁহারই শাথা মাত্র। "প্রজাপতি গর্জে দক্ষরণ করেন—তিনি অজাত, নিজেকেই বিভিন্নরূপে উৎপন্ন করেন" (বাং সং ৩১।১৯ ক-খ)। "তিনি সমস্ত জগৎকে তাঁহার একার্থ দিয়া স্পষ্ট করিলেন, যে আলোক তাঁহার অপর অর্ধ তাহা কোথায়?" (অথ ১০।৮।১৩ গ-খ)। শেষোক্ত অংশে চরম সত্তার সর্বান্ত্র্যাত্তা ও স্বাতিশয়্রত্ম সম্বন্ধে যে ইন্ধিত আছে তাহা পুরুষস্ক্তেও দেখিতে পাওয়া যায়। বিশ্বে যাহা কিছু আছে তাহা তাহার (পুরুষের) একচতুর্থাংশ মাত্র, তাঁহার অপর তিন অংশ স্বর্গে অমৃতরূপেই বিলমান আছে (ঝঃ দঃ ১০।৯০।৩ গ-ঘ—অথ ১০।৭। ৮-৯ ও দ্বন্তর্যা)। অথর্ধবেদের ছুইটি স্কন্ত-স্কেও (১০।৭-৮) অবৈত্বাদ বিশ্বভাবে ব্যাথ্যাত হইয়াছে।

জীবায়া ও পরমাত্মার অভেদ অ বৈতবাদের একটি অনুসিদ্ধান্ত। ঋঃ সঃ ৪।২৬
পুক্তে এই সিদ্ধান্তই গ্রহণ করা হইয়াছে বলিয়া মনে হয়। এই স্থানে দেখা যায় য়ে,
বামদেব নিজেকে বিভিন্ন পৌরাণিক ব্যক্তি এবং দেবতার সহিত অভিন্ন বলিয়া
উল্লেখ করিয়াছেন। অপর এক ঋষি ঘোষণা করিয়াছেন, "আমিই সমস্ত কিছু"।
(ঋঃ সঃ ১০।৬১।১৯) বাঃ সঃ ৮।৯তে অহং-এর বিশালতা ও রহস্ত সম্বন্ধে জোরের
সহিত বলা হইয়াছে এবং অথ—১০।৭।১৭ ক খ তে ঘোষণা করা হইয়াছে য়ে, য়াহারা
মান্ত্রের মধ্যে ব্রহ্ম অর্থাৎ পরমাত্মাকে উপলব্ধি করেন, তাঁহারা যিনি শীর্ষস্থানে
অবস্থিত তাঁহাকে (পরমেগ্রাকে) জানেন (তৈঃ ব্রাঃ ৩।১০।৮)। ঋঃ সঃ ১।১৬৪।২০তে
হইটি আত্মাকে (অথবা দেহ ও আত্মাকে?) ৩ একই বৃক্ষে অবস্থিত তুইটি পক্ষীর
সহিত তুলনা করা হইয়াছে—ইহাদের মধ্যে একটি স্বাত্ ফল ভক্ষণ করে এবং

অপরটিকে বিনা আহারেই উজ্জ্বল দেখায়। এই রহস্তময় স্কুটির ২১, ২২, ৩০,৩১ ঋক্ এবং দম্ভবতঃ ৩৭ সংখ্যক ঋকেরও আলোচ্য বস্তু আত্মা। স্বস্তু স্কুটিতে (অথ ১০।৭-৮; শঃ ব্রাঃ ১০।৫।৪।১৫-১৬; ১০।৬।০; ১১।২।১০) এবং আরও অনেক-গুলিতে বহু ঔপনিষ্দিক চিন্তার ও এমন কি ঋঃ সঃ ২০।৮।০৪এ অবৈত্বেদান্তীদের মায়াবাদেরও ও প্রতিবাদ দেখিতে পাওয়া যায়। "যেখানে মানব ও দেবতাগণ রথচক্রের নাভিতে শলাকাগুলির ন্তায় দ্বিবিষ্ট আমি সেই বারিসমূহের ও পুষ্প (অর্থাৎ সারাংশ) সম্বন্ধে জিজ্ঞানা করি, আমি সেই স্থানের কথা জিজ্ঞানা করি যেখানে ইহা মায়ার সহিত অবস্থিত।"

আত্মা এবং তাহার মৃক্তি সম্বন্ধে যাবতীয় তথ্য সংক্ষেপে ১০৮।৪৪ ঋকে এইরূপ বলা হইয়াছে—"তিনি কামনা হইতে মৃক্ত, প্রাক্ত, অমর, স্বয়স্থ্, রসতৃপ্থ, সর্বন্যনতা বর্জিত—এই আত্মা জ্ঞানী, অজর এবং নবীন; ইহাকে জ্ঞানিয়াই মানব মৃত্যুভয় অতিক্রম করে।" বাঃ সঃ ২১।১৮-১২এর বক্তব্যও এইরূপ।

§৫ নীতিবিজ্ঞান

নৈতিক শৃদ্ধলা যে মহিমান্থিত এবং অলজ্য্য এবং ইহার কার্যকারিতা অমোঘ এবং আয়সঙ্গত, ঋতের (১০) ধারণায় তাহাই স্টেত হইতেছে। উত্তরকালে ইহাই কর্মবাদে পরিণত হইয়াছে। অন্ধরপভাবে এশ অন্ধাদন (এত) ব্যাপক অর্থে 'সঙ্কল্ল' বা 'আচরণ'কেও অঙ্গীভূত করিয়াছে। দেবতাগণ (১০) অন্তরের দিক্ হইতে মানবদের চিন্তা, বাক্য বা কার্যের দোষগুণ বিচার করিয়া থাকেন (ঋঃ সঃ ২।২৭০০; ৮। ৮।১৫) এবং তাহাদিগকে যথাযোগ্য শান্তি বা পুরস্কার দিয়া থাকেন। 'সত্য' শব্দের মৌলিক অর্থ 'সত্তের অর্থাং সহস্কর সহিত সঙ্গতি' এবং 'অনৃত' শব্দের মৌলিক অর্থ 'ঋতের অপলাপ'। এই যে তুইটি শব্দ পরবর্তী যুগে কেবলমাত্র বাক্যের সভ্যতা ও মিথ্যাত্ব ব্যাইতে ব্যবহৃত হইত, তাহারা বৈদিক যুগে নীতিঘটিত প্রদঙ্গে সাধারণভাবে পুণ্যকর্ম ও পাপকর্ম অর্থে ব্যবহৃত হইয়াছে। (ঋঃ সঃ ৭।৪৯০০; তৈঃ বাঃ ৩।৭।১২।০)। তুই অভিপ্রায়, শপথক্রিয়া, মিথ্যাবাদিতা, চক্রান্ত, নিন্দাবাদ, পরচর্চা, অসাধূতা, ইক্সক্রাল, দ্যুতক্রীড়া, ঋণ, স্বার্থপরতা, বৈরাচার বা ব্যভিচার, চৌর্য এবং প্রাণিহিংসা এইগুলি পাপকার্য বলিয়া গণিত (ঋঃ সঃ ১)২০২২; ৪।৫।৫; ৭০১০৪।১২২৫; অপ ৬।১১২।০ ঘ; বাঃ সঃ ০০৫।১০; সৈঃ সঃ ৪০১৪১৭; তৈঃ বাঃ ৩।৭।১২); অপরপক্ষে সততা, সরলতা, সহাহুভূতি, বদান্ততা, অহিংসা, সত্যপরায়ণতা, হিত এবং

মনোহারী বাক্য, সংযম ও ব্রহ্মচর্য, সম্রাদ্ধবিশ্বাস, এবং ক্বচ্ছু সাধন উচ্চপ্রশংসিত পুণ্য বলিয়া গণিত হইত। (ঋঃ সঃ ১০০১১৭০১৫৪; অব ১১০৫; গোঃ ব্রাঃ ১০০১৪৪; বাঃ সং ১৯০৭৭; ২৬০২; কোঃ ব্রাঃ ২০৮) যজ্ঞে যে পশুকে বলি দেওলা হয় দে নিহত হয় না, স্বর্গে যায়—এই উক্তি কেবলমাত্র হত্যা সম্বদ্ধে দ্বিধা হইতেই উদ্ভূত হইয়াছে (ঋঃ সঃ ১০১৬২০২১; এঃ ব্রাঃ ২০৬)। একই যজ্ঞের তিনবার অন্নষ্ঠান, অবৈধ ভোজন এবং যথেছে দানগ্রহণ—এগুলিও তঃথের কারণ (তৈঃ সঃ ১০১১০০); পঞ্চ ব্রাঃ ১৯০৪০১০-১১)। পাপীর সংসর্গও অশুচিতার কারণ (অথ ৭৮৯০০)। পাপীর বোধশক্তির অভাব থাকিলে (ঋঃ সঃ ৭৮৯৮৬ ; শঃ ব্রাঃ ৪৪৪৫।২০) অথবা দে দোষ স্বীকার করিলে (শঃ ব্রাঃ ২০৫০১২০০) তাহার তৃদ্ধার্যের হেয়ত হ্রাস পাইতে পারে, কিন্তু অজ্ঞানকৃত, আক্ষ্মিক বা অনিবার্থ পাপকার্যের জন্ম প্রায়শ্চিত্তের প্রয়োজন হয় (তৈঃ ব্রাঃ ২০৭১২০১-৪)।

এক পরিবারভুক্ত ব্যক্তিগণকে পারম্পরিক অন্থরাগ, শ্রদ্ধা ও অন্তর্গন, পিতা-মাতার আন্থগত্য, একক্রিয়তা, মধুর হিতবাক্য, দাম্পত্য প্রেম ও দায়িত্ববোধ এই গুণগুলি অর্জন করিতে শিক্ষা দেওয়া হইয়াছে (অথ এ৩॰; ঝঃ সঃ ১।৭৩।৩ ঘ; ১০।০৪।২)। জায়া স্নেহের উচ্চাসনের অধিকারী বলিয়া স্বীকৃত (ঝঃ সঃ ৩।৫৩।৪ক; ১০।৮৫।৪৬; তৈঃ সঃ ৬।১।৮।৫; শঃ বাঃ ৫।২।১।১০)। কোন কোন ক্ষেত্রে নারীর আপন পতি নির্বাচনের (ঝঃ সঃ ১০।২৭।১২; তৈঃ বাঃ ২।৪।২।৭) এবং পুনবিবাহের অধিকার ছিল (অথ ৯।৫।২৭-৮) এবং পুক্ষদিগের বছবিবাহ অন্থমোদিত হইলেও নারীর বহুপ্তিগ্রহণ অন্থমোদিত ছিল না (তৈঃ সঃ ৬।৫।১।৪; শঃ বাঃ ৯।৪।১।৬; গোঃ বাঃ ২।৩।২০)

প্রত্যেক ব্যক্তি ঋষি, দেবতা, পিতৃপুরুষ, নর ও পশুদের নিকট ঋণ লইয়াই সমাজে জন্মগ্রহণ করে এবং এই ঋণ যথাক্রমে স্বাধ্যায় (বেদপাঠ) যজ্ঞ, প্রজনন অতিথিসংকার ও আহার্য দিয়া পরিশোধ করিতে হয়—এই পাঁচটিকে পঞ্চ 'মহাযজ্ঞ' বলা হইয়াছে (তৈঃ সঃ ভাতা>া৫; শঃ বাঃ ১াগাবা>-৫; ১১া৫াভা১)। যাজক (ব্রহ্মন্, বাহ্মণ), শাসক (রাজ্ঞ্য, ক্রিয়) এবং বৃত্তিজীবী । বিশ্, বৈশ্য) শ্রেণী হারা গঠিত যে সমাজ প্রাচীনতম যুগ হইতেই চলিয়া আদিতেছিল বলিয়া মনে হয় তাহা একটি দেবক শ্রেণীকে (শৃদ্র) অঙ্গীভৃত করিয়া শক্তিমান্ হইয়া উঠিল। এই শৃদ্রেরা এতদিন দাস বলিয়াই পরিচিত ছিল (অথ ৪াবতা৪-৮; ৫াববা৭; তৈঃ সঃ তাহাভাই)। আর্য বলিতে কিন্তু কেবল প্রথম তিন শ্রেণীকেই ব্র্যাইত, কিন্তু তথন পর্যন্ত জাতিতেদ প্রথার কঠোরতার কোন প্রমাণ পাওয়া যায় না। এই যুগেই

প্রথম আর্বের জীবনকে চারিটি ক্রমিক অবস্থায় বিভক্ত করা হইয়াছিল, যথা - ব্রহ্মচর্ষ (ছাত্রাবস্থা) গার্হস্থা, বাণপ্রস্থ এবং সন্ধ্যাস। এইগুলিকে 'আশ্রম' বলা হইত এবং এইগুলির মধ্য দিয়া মান্ত্র্য আধ্যাত্মিক উন্নতি লাভ করিবে এইরূপ মনে করা হইত।' দ্ব্যবিদ্ধে ব্যক্তির সমৃদ্ধিলাভের সম্ভাবনাকে স্পষ্টভাবেই অস্বীকার করা হইয়াছে।

রাষ্ট্রশংক্রান্ত ব্যাপারে দেখা যায় যে জননির্বাচিত এবং জনপ্রিয় রাজা (ঋ: সঃ
১০।১২৪।৮ গ; ১০।১৭৩।১; অথ ৪।৮।৪) প্রজাদের রক্ষক ছিলেন (ঋ: সঃ
৩।৪৩।৫)। তাঁহার অন্থগত মিত্র থাকিত (ঋ: সঃ ১।৭৩।৩ খ) এবং তিনি ধনীদের
সাহায্যপুষ্ট হইতেন (ঋ: সঃ ১।৬৫।৭ খ)। শিষ্টাচারদক্ষত বচন (বাঃ সঃ ২৬।২)
সম্প্রীতি এবং একপ্রাণতা (ঋ: সঃ ১০।১৯১) এবং রাষ্ট্রের মধ্যে পরম সমৃদ্ধির
(বাঃ সঃ ২২।২২; ঋ: লঃ ১।৯১।২০) জন্ত উদ্বেগপ্রকাশ হইতে সেই যুগে নাগরিক
দায়িত্রবোধ কতিটা অধিক ছিল তাহা বুঝা যায়।

সংকর্মের চরম লক্ষ্যরূপে কখনও সমৃদ্ধি (ঋঃ সঃ ১।১৮৯।১; ৮।৯৭।১৩), কখনও স্বর্গ (ঋঃ সঃ ১০।১৪৫।৪; অথ ১১।৪।১১) কখনও বা অমৃতত্বের (অথ ১১।৫।১৯) উল্লেখ করা হইয়াছে। কিন্তু ১০।৩১।২ ঋকে মাফ্ষের বিবেক ও প্রজ্ঞাদম্মত সংকর্মের নিজন্ম মূল্য আছে বলিয়া স্বীকার করা হইয়াছে এইরূপ মনে হয়।

§৬ বিশ্ব**তত্ত্ব এবং স্থ**টিতত্ত্ব

বৈদিক ভারতবাদীর কাছে বিশ্ব তিনটি অঞ্চলে বিভক্ত—পৃথিবী, অস্তরীক্ষ এবং নভোমগুলের বাহিরে অবস্থিত স্বর্গ। পূর্বেই বলা হইয়াছে যে প্রাকৃতিক ঘটনাবলীর অবস্থান, পারম্পর্য বা আচরণের অমোঘর বা নিয়মাস্বর্তিতা 'ঋত' নামক সর্বব্যাপী শৃঙ্খলার উপর নির্ভরশীল। স্থের স্বয়ংনির্ভরশীলতার এবং উষা, ঝঞ্চা প্রভৃতির প্রকাশের কারণরূপে বেদে কথনও কথনও স্বধা (ঋঃ দঃ ১৯৬৪৪; ৪১৩০৫; ৭৭৮৪৪) নামক একটি অস্তর্নিহিত শক্তির উল্লেখ দেখিতে পাওয়া ষায়। স্বর্গ ও পৃথিবী স্তন্তের উপর দাঁড়াইয়া আছে এইরূপ কল্পনা করা হইয়াছে, কিন্তু ইহা যে রূপকমাত্র তাহা ব্যা যায়, কারণ ইহার বিরোধী স্থাপ্ট উক্তিও দেখিতে পাওয়া যায়। (ঋঃ দঃ ২১১৫২; ৪০৫৯০; ১০১৪৯১) বিশ্বের উৎপত্তি বা স্বৃষ্টির সম্প্রা যায়। (ঋঃ দঃ ২১১৫২; ৪০৫৯০; ১০১৪৯১) বিশ্বের উৎপত্তি বা স্বৃষ্টির সম্প্রা যথেষ্ট কৌত্হলের সঞ্চার করিত (ঋঃ দঃ ১১৬৪৪; ১০০১।৭, ১০৮১।২ ইত্যাদি)। বিভিন্ন স্বক্তে, ব্রান্ধণে, এবং কৃষ্ণযন্ত্রের বান্ধণাংশে স্বৃষ্টস্বন্ধে অনেক

বেদ: বিশ্বতম্ব এবং সৃষ্টিতম্ব

কাল্পনিক উপাখ্যান আছে। কিন্তু সেগুলির দার্শনিক তাংপর্য অতি অল্প বলিয়া স্প্রতিত্তপ্রপ্রসঙ্গে বেদে যে উচ্চাঙ্গের চিন্তার সন্ধান পাওয়া যায়, তাহার প্রকৃত মূল্য নির্ধারণের জন্ম আমরা এখানে প্রধানতঃ ১০।৭২ এবং ১২৯ ঋকে এবং অন্থান্ম স্থানে এই সম্বন্ধে যে সকল উক্তি আছে সেইগুলির আলোচনা করিব।

ঝঃ দঃ ১০।১২৯ হক্তে বলা হইয়াছে যে, প্রাথমিক অবস্থায় 'অসং' বা 'সং' কিছুই ছিল না, বাতাদ বা স্বর্গ, কোন আবরণ'ই, আশ্রয়, জল বা গতীর গহন, মৃত্যু বা অমৃত, দিন বা রাত্রির কোন চিহ্ন ছিল না। "আপন অস্তনিহিত শক্তি (স্বধা) দারা দেই নির্বাত 'এক' ম্পন্দিত হইতেছিল", এবং ইহা ছাড়া আর কিছুই ছিল না। অন্ধকার দারা অন্ধকার আর্ত ছিল এবং দমন্তই একাকার দলিলরপ ছিল'। তাহার পর দেই দস্ত্যমান (আভুঃ)'' 'এক' যাহা শৃত্তার (তুচ্ছা) অস্তরালে ছিল তাহাই তপের (অন্তনিহিত তুর্দমনীয় শক্তি) প্রভাবে প্রকাশিত হইল। ইহা হইতে মনের আদিবীজ কামের উদ্ভব হইল। জ্ঞানীগণ অন্তরে অবেষণ করিয়া সনীষাদারা অনতের মধ্যে সতের স্ত্র (অর্থাং কারণ) খুঁজিয়া পাইলেন। তাহাদের পরিমাপক রজ্জু উপরে এবং নীচে বিস্তৃত হইয়া উৎপাদকসমূহ (রেতোধাঃ) এবং মহান্ শক্তিসমূহকে (মহিমানঃ)—অধোদেশে অন্তর্নিহিত প্রেরণা (স্বধা) এবং উর্ধেদেশে প্রযুক্তে (প্রয়তি) (১—৫ প্রক্) আবিন্ধার করিল।

এই স্ত্তে বলা হইরাছে যে, ইন্দ্রিয়গ্রাহ্ জগতের আবির্ভাবের পূর্বে এমন কিছু ছিল যাহাকে সং বা অসৎ কিছুই বলা যায় না, ই অর্থাৎ যাহার সহিত কালের কোন সম্পর্ক নাই। যাহা দারা এই অনির্বচনীয় কিছুর ধারণা করিতে পারা যায় এমন কোন ঘটনাবলী ছিল না—এমন কি ইন্দ্রিয়গণ, মন এবং সমগ্র প্রাকৃত জগৎ তথন পর্যন্ত অফুট ছিল। স্থাইতিত্ব প্রসঙ্গে শাতিতে প্রায়ই তপঃ শক্টি পাওয়া যায় (ঝঃ সঃ ১০।১৯০।১; অথ ১০।৭।১; ১১।৮।২ ইত্যাদি) এবং স্বাই ক্রিয়াব পূর্বে প্রজাপতি তপস্থা করিয়াছিলেন ইহা ম্পেইই বেদের ব্রাহ্মণাংশে উল্লিথিত হইয়াছে। এই প্রসঙ্গে অথর্ববেদের উক্তি (১১।৮।৬)—"তথন তপঃ ছিল এবং কর্ম ছিল এবং তাহারা মহত্তমকে অর্চনা করিল," খুবই তাংপর্যপূর্ণ। সমবেত কর্ম হইতে এই জগতের উদ্ভব হইয়াছে এই মতবাদের স্টনা সম্ভবতঃ এইখানে পাওয়া যায় এবং তপঃ হয়ত 'অপূর্ব' 'অদৃষ্ঠ' ইত্যাদি পরবর্তীকালের ধারণার মত সমবেত কর্মের অন্তনিহিত শক্তির তোতক মাত্র। আলোচ্যমান স্তক্তে 'উদ্বেল সম্দ্র' অর্থে ব্যবহৃত 'অর্পব' শব্দ, উপরে আলোচিত 'দলিল' এবং 'অপ্' (অথ ১০।২।৭; ৮।০৪।৪০ ইত্যাদি) প্রস্তৃতি শব্দ কেবলমাত্র নিরাকার, অমীম, বিশ্বের চিরস্কন উৎসম্বন্ধপ অব্যক্ত শক্তির

ভোতক রূপেই ব্যবস্থাত হইতে পারে, এবং নিঃসন্দেহে ইহাকেই পরবর্তীযুগে কারণ-বারি বলা হইয়াছে। 'কাম' স্ষ্টির প্রেরণামাত্র' এবং সমবেত মন বা বিশ্ব-মন এই কাম হইতেই উছ্ত। 'রেতোধাঃ' শব্দ পরবর্তীযুগে যাহাকে জীবাঝা বা পুরুষ বলা হইয়াছে তাহাই বুঝাইতেছে এবং 'মহিমানঃ' শব্দ পরবর্তীযুগের দর্শনে ব্যবস্থাত প্রকৃতির গুণগুলিকে বুঝাইতেছে। প্রথাত্ত। এবং অন্তর্নিহিত প্রেরণা (স্বধা) বিপরীতক্রমে ও এই তুইটিকে বুঝাইতেছে। পরবর্তী দর্শনের ভাষায় প্রকৃতিতে কতকগুলি অন্ধপ্রবণতা এবং জীবাঝাদের কতকগুলি স্থায়ী মানসসংস্থার (কামনা—এথানে সংস্থার = তপঃ) আছে এথানে তাহাই বলা হইয়াছে।

ঋ: मः ১০।৭২ হইতে আমরা তথনকার স্প্টিতত্ত্বের ধারণার আরও কিছু উপাদান পাই। "দেবতাদের আদিমতম যুগে অসং হইতে সতের উদ্ভব হইল। তাহার পর দিকগুলি অর্থাং ব্যোমের আবির্ভাব হইল। এই সতাই বিশ্ব হইতে উদ্বত হইল, অৰ্থাং বিশ্বে প্ৰকাশিত হইল। অদিতি হইতে দক্ষ জনিলেন এবং দক্ষ হইতে অদিতি জন্মিলেন। কারণ, "হে দক্ষ। যথন তোমার কন্তা অদিতি জিনীয়াছিলেন তথন তাঁহার পরে মহাত্মভব ও অমৃতবের সহিত সম্পর্কযুক্ত দেবতারা জন্মিলেন।" (২।৫) এম্বলে 'সং' বলিতে আদিমতম জগং যাহাকে দেশ ও কালে স্থাপিত করা যায় তাহাকেই বুঝিতে হইবে এবং অসং বলিতে তাহারও পূর্বে দেশকালাতীত যাহ। ছিল তাহাকে বুঝিতে হইবে। 'বিস্তৃত-রূপে অবস্থিত' (উত্তান পদ) (অথ ৩।২১।১০তে জলসমূহকে 'আপ:' 'উত্তানশীবারি:' অর্থাৎ বিস্তৃতরূপে অবস্থিত বলা হইয়াছে) শব্দটি কেবলমাত্র উপরে উল্লিখিত সলিল বা অপ্নামক অদীম, অনির্দেশ্য বস্তকে বুঝাইতে পারে। ৫।৪-এর প্রথমার্ধ ৫।৩-এরই ব্যাগ্যা মাত্র, কিন্তু ইহার দ্বিতীয়ার্দে অপর একটি প্রয়োজনীয় তথ্যের ব্যাগ্যা আছে। যে 'অদিতি' শব্দের আক্ষরিক অর্থ 'সীমাহীনতা' বা 'অসীমতা' তাহা এথানে 'উত্তান-পদ' বা অসৎ বলিয়া যাহাকে বিবৃত করা হইয়াছে কেবলমাত্র তাহাই বুঝাইতে পারে এবং 'দক্ষ' শব্দ যাহার আক্ষরিক অর্থ 'বৃদ্ধি' বা 'চৈতত্ত্য' তাহা বিষয়ীতত্ত্বকেই বুঝাইতে পারে। এই ভাবে অদিতি হইতে দক্ষের আবির্ভাবের বিবরণের সহিত চরক-সংহিতায় উদ্ধত (৪)১/৬১/৬৫) যে সাংখ্য মতবাদে অব্যক্তকে প্রকৃতি-পুরুষের ভেদের আবির্ভাবের পূর্ববর্তী অবস্থা বলিয়া বর্ণনা করা হইয়াছে, তাহার সহিত সামঞ্জপ্ত আছে; আর দক্ষ হইতে অদিতির আবিভাবের বিবরণে যে মতবাদ অমুসারে চিন্নাত্রই প্রথম তত্ত্ব এবং জড়বস্তু ইহারই উপাধি বা গুণ তাহারই স্কুচনা দেখিতে পাওয়া যায়।

কোন কোন স্থলে সৃষ্টি একবারমাত্র হইয়াছিল এইরূপ উল্লেখ পাওয়া যায়

বেদ: মৃত্যুত্ত্ব

(ঝঃ স: ৬।৪৮।২২; ১০।৭৪।৪; বাঃ স: ৩০।২৮)। কিন্তু ঝঃ স: ১০।১৯০।০তে স্রষ্টা (ধাতা) বিভিন্ন জাগতিক বস্তুকে পূর্বের মত (ধ্যাপূর্বম্) এবং অথ ১০।৭।২৬তে স্কন্ত ক্ষরকালে পুরাতনকেই আবভিত করিয়া রূপায়িত করিয়াছিলেন বলা হইয়াছে, অন্তদিকে আবার প্রায়ই স্কৃষ্টি ও প্রলয় চরমসভায় নিরবচ্ছিন্নভাবে ঘটতেছে (অথ ১০।৮।২৯; ৩৯।৪২; ঝঃ সঃ ১০।৯০।২ ইত্যাদি) এবং অমৃতত্ব এবং মৃত্যু ইহারই অন্তরে অনুস্তাত আছে (ঝঃ সঃ ১০।১২১।২; অথ ১০।৭।১৫) ইহাও বলা হইয়াছে।

§৭ মৃত্যু**ত**ত্ত

বৈদিক যুগের ভারতীয়দের যে পরজগং অপেশা ইহজগতেই অধিক অত্নবক্তি ছিল তাহা কেবলমাত্র তাঁহাদের দীর্ঘজীবন এবং তাহার দৌভাগ্যস্থগের জন্ম প্রার্থন। হইতে নয়, পরন্ত এই জগংকে 'সর্বাপেক্ষা প্রিয়' (অথ ৫।৩০।১৭) অথবা অমৃতত্বপূর্ণ জগৎরূপে বর্ণনা (অথ ৮।১।১) এবং পরজ্গং দম্বন্ধে কোন কোন স্থলে আস্থাহীনতা-স্চক ইঙ্গিত (কাঃ সঃ ৮।৮; তৈঃ সঃ ৬।১।১) হইতেও বুঝা যায়। মত্যজীবের অমৃতত্ব ব্ঝাইতে 'ঐহিক উন্নতি' (কাঃ সঃ ৮০১) বা পূৰ্ণায়ু জীবন (অৰ্থাৎ শত বংসর) এবং সমৃদ্ধি (পঃ গ্রাঃ ২২।১২।২) এবং সন্তত্তির মধ্য দিয়া নিজের জীবনকে রক্ষা করার (তৈঃ ব্রাঃ ১।৫।৫।৬; ঝঃ সঃ ৫।৪।১০) কথাই বলা হইয়াছে। পুনর্জন-লাভকে এমনকি পুরস্কারস্বরূপ গণ্য করা হইয়াছে। অতএব ইহাতে আ*চর্য হইবার কিছুই নাই যে, পরজীবনসম্পকিত চিন্তা অধিকাংশ ক্ষেত্রেই অবশুস্তাবী মৃত্যু দারাই উদোধিত হইয়াছে। অন্ত্যেষ্টিক্রিয়া সম্পর্কে নানা ক†হিনীর স্বষ্ট হইয়াছিল, কিন্তু মৃতদেহ সংকারের অন্তান্ত পদ্ধতির উল্লেখণ্ড মাঝে মাঝে দেখিতে পাওয়া যায়) অথ ১৮৷২৷৩৪ ; ৠঃ সঃ ১০৷১৮৷১০-১৩)! অগ্নি মৃত ব্যক্তিকে বহন করিয়া দর্বোচ্চ স্বর্গে পিতৃপুরুষদের সকাশে লইয়া যান, এবং এথানে ভাহাদের পথ-প্রদর্শক এবং রাজা যম এবং বরুণের সহিত তাহার সাক্ষাৎ হয় (ঋঃ সঃ ১০০১৪০১, ৭,৮)। এই প্রক্রিয়াটিকে অস্থ-নীতি বা অস্থ নীত—'আত্মাকে পথপ্রদর্শন' অথবা 'স্ক্ষাবস্থায়' লইয়া যাওয়া (ঝ: স: ১০।১৫।১গ) নামে অভিহিত করা হয়। অগ্নি শুধু দেহকে দগ্ধ করেন, কিন্তু জীবের 'অজাত অংশ'ং বা বিদেহ আত্মা জ্যোতিমান্ (ঋঃ সঃ ১০।৫৬।১) এবং পূর্ণায়ত (৬।১২০।৩) দেহ ধারণ করিয়া যেন পিতা মাতা হইতে নিজ্ঞান্ত হয়। (শঃ ব্রাঃ ২।২।৪।৮) মৃত ব্যক্তি ইহলোকে তাহার উদ্দেশ্যে উৎস্ট্ট দ্রব্যাদি ভোগ করে এবং স্বর্গের আনন্দসমূহও উপভোগ করে—এইরূপ যে

বর্ণনা আছে তাহা হইতেই বুঝা যায় যে, এই দেহ স্থূল না হইলেও ইন্দ্রিয়-বিশিষ্ট। স্বর্গত আত্মার দেহের এই ধারণা পরবর্তীযুগের স্ক্ষেশরীরের ধারণার অফুরূপ^{২৬}।

ঋ: দঃ ৯৷১১৩৷৭-১১তে স্বৰ্গস্থ প্ৰমোদের বৰ্ণনা করিয়া বলা হইয়াছে যে, "দেইখানে চির-উৎসারিত আলোক এবং বেগবতী স্রোতম্বিনী আছে, সকলের গতি অবারিত, শক্তি, অন্ন এবং তৃপ্তির প্রাচুর্য, উন্নাদ, সচ্ছলতা, আনন্দ ও সর্বকামের পরিতৃপ্তি আছে" । বেদের অন্তান্ত স্থানে আরও কয়েকটি আনন্দপ্রদ বর্ণনা আছে (ঋ: मः ১০।১৩বাণ; অথ তাবলাত; ৪াত৪; শঃ ব্রাঃ ১৪।৭।১।৩২-৩৩ প্রঃ)। স্তোমৃতকে এইস্থানে লইয়া যাইবার জন্ম অগ্নির নিকট প্রার্থনা করা হইতেছে (খঃ সঃ ১ । ১৫৪। ২-৫)। বাহার। কঠোর নিয়ম পালন (তপঃ) করিয়াছেন, যুদ্ধে বীরের মৃত্যু বরণ করিয়াছেন, প্রভৃত যজ্ঞামুষ্ঠান ও আছতিপ্রদান করিয়াছেন, কিম্বা সভ্যপরায়ণভার (ঋত) নিয়ম পালন করিয়াছেন, এই স্থান কেবলমাত্র তাঁহাদেরই জন্ম নির্দিষ্ট। বিপরীতক্রমে, যে খানে অধিকারামুযায়ী পাপীরাই স্থান পায়, সেই নরককে 'অতলস্থান', 'অন্তহীন গভীর' 'অনিরূপ্য তমিশ্রা' (ঋঃ সঃ ৪।৫।৫; ৭।১০৪।০,১৭) বা 'হীনতম, কৃষ্ণ বা অন্ধ তমিস্রা' (অথ দাবাবও; ৫)০০।১১; ৯।২।১০) বলিয়া অম্পষ্টভাবে উল্লেখ করা হইয়াছে। বাঃ সঃ ৩০।৫ এবং অথ ১২।৪।৩৬ এই প্রথমে এই স্থানকে 'নরক' বা 'নারক লোক' বলা হইয়াছে। অথ ৫।১৯এ নরক্ষম্বণার সামান্ত বর্ণনা আছে, এবং শঃ ব্রাঃ ১১৷৬৷১ ও জ্যৈ ব্রাঃ ১৷৪২-৪৪তে ইহার বিস্তৃত বৰ্ণনা পাওয়া যায়।

স্বাস্থিত আত্মা যক্ত এবং দানাদি কর্মের ফল ভোগ করে (ঋং সঃ ১০।১৪।৮; বাং সঃ ১৮।৬৪)। পূর্বেই বলা হইয়াছে (ॐ৬) যে, অথববৈদে 'কর্মন্' শক্টির ব্যবহার অত্যস্ত তাংপর্যপূর্ণ (১১।৭।১৭)। শং প্রাস্থণে বলা হইতেছে যে, "মান্থ্য তাহার আপনার নির্মিত জগতেই জন্মগ্রহণ করে" (৬।২।২।২৭) এবং মান্থ্যের পুণ্য ও পাপ কর্মের মূল্য নির্ধারণ করিবার জন্ম তাহাকে পরজগতে তুলাদণ্ডে স্থাপিত করা হয় (১১।২।৭।৩০)। স্কতরাং যথাধোগ্য পুরস্বারের ধারণা ক্রমণঃ বন্ধমূল হইতেছে দেখা যায়। শং ব্রাঃ ১০।৬।০০ আরও অগ্রসর হইয়া ঘোষণা করিয়াছেন যে, থেহেতু মান্থ্য তাহার কামনাঘারাই গঠিত (ক্রতুময়), সেই হেতু সে পরস্বগতে এইগুলি লইয়াই জন্মগ্রহণ করিবে।

ৠ: স: ১০।১৬।৩এ বিগতদেহ আত্মাকে অতাত স্থানের মধ্যে উদ্ভিদ্গণের মধ্যে যাইতে এবং দেইথানে দেহযুক্ত হইয়া থাকিতে বলা হইয়াছে। ম্যাক্ডোনেল এইছলে পুনর্জন্মবাদের হুচনা আছে বলিয়া মনে করেন। পুনর্জন্মসম্পর্কে ক্রমবর্ধমান

বেদ: মনোবিজ্ঞান

বিশ্বাদের পরিচয় ব্রান্ধণগুলিতে (যেমন শঃ বাঃ ১/৫।০।১৪ ; ১০।৪।০)১০) পাওয় যায় এবং জনান্তর ব্রাইবার জন্ত 'প্নমৃ ত্যু', 'প্নর্-অন্থ (প্নরায় জীবনলাভ—শঃ বাঃ, তৈঃ বাঃ) এবং প্নর্ আয়াতি (পুনর্জনা প্রভৃতি শব্দ স্প্টি করা ইইয়াছে। কোন কোন পণ্ডিত দ্পুন্মৃ ত্যু'কে পরজগতে পুনরায় মৃত্যু বলিয়া ব্যাখ্যা কবেন এবং মনে করেন যে, ইহার দহিত জন্মান্তরে বিশ্বাদের কোন দম্পর্ক নাই। কিন্তু কোন মৃত ব্যক্তির 'পুন্মুল্য মৃত্যু' বলার মধ্যে কোন অর্থই খুঁজিয়া পাওয়া যায় না। 'পুনর্জন্মে'র পরিবর্ত্তে 'পুন্মু ত্যু'র কথাই যে বৈদিক মানবেরা বেশী চিন্তা করিতেন তাহার কারণ সম্ভবতঃ এই যে, তাঁহারা মৃত্যুকেই অধিক ভয় করিতেন, পরবর্তী মুগের মানবদের মত জন্মকে নয়। ' তাঁহানো মৃত্যুকেই অধিক ভয় করিতেন, পরবর্তী মুগের মানবদের মত জন্মকে নয়। ' তাঁহাদের এই দৃষ্টিভঙ্গীর দিক হইতে ব্যাখ্যা করিলে ঋঃ সঃ ১০।১৪।৮ গ'তেও পুনর্জন্মেরই আভাদ রহিয়াছে বলিয়া মনে হয়। এই স্ক্তেমৃত ব্যক্তিকে 'পুনরায় গৃহে আদিতে' কলা হইতেছে এবং ঋঃ সঃ ১০।১৬।৫এ অগ্রির নিকট তাহার আয়ৢঃ এবং সন্থতিলাভের জন্ম প্রার্থনা কর। হইতেছে।

শঃ ব্রাঃ ২২।২।৬।১৩-১৪ এবং ১০।৬।৩)১-২এ দেবারাধনা অপেক্ষা যথার্থ পদ্ধতিতে ধ্যানের সাহায্যে আত্মার ভজনা করাকে অধিক মূল্যবান ফলপ্রদ বলিয়া শিক্ষা দেওয়া হইয়াছে। আত্মা সম্বন্ধে যথার্থ জ্ঞানের সাহায্যে মৃত্যু বা পুনর্জনের আতক্ষ হইতে চরম মৃক্তিলাভ হইতে পারে এই বিশাস এবং জগতের ঘটনাপরম্পরা সম্পর্কে অধিকত্র ত্রায়েষী মনোভাব সম্বন্ধে পূর্বেই আলোচনা কবা হইয়াছে। (১৪,১৬)

§৮ মনোবিজ্ঞান

সমস্ত মানসিক ক্রিয়া যে বস্তবারা সম্পন্ন হইয়া থাকে তাহার সাধারণ নাম 'মনস্'। এই শক্টি প্রায়ই যাহা চিন্তা করে, আবার যাহা দেহকে সঞ্জীবিত করে, এমন বস্তকেই ব্রাইয়া থাকে। (ঋ: সঃ ১০১৬৪০১৮; ১০০৭৪৪-৬; ৫৯০৫ ইত্যাদি)। মনকে হৃদয়ে সন্নিবিষ্ট 'আলোক' রূপে উল্লেখ করা হইয়াছে। ঋঃ সঃ ভালাভ; ৭০০০৮; বাঃ সঃ ৩৪০০-৬ এ ইহার আলোচনা আছে। বহুস্থলে আবার যে বস্তু দেহকে সঞ্জীবিত করে কেবলমাত্র তাহাকেও ব্রাইতে এই শব্দ প্রয়োগ করা হইয়াছে এবং ইহাকে অপর বস্তু হইতে পৃথক্ করা হইয়াছে। (ঋঃ সঃ ভালাভদ; অথ ১০০০০০২; চাহচাছ০)। সাধারণতঃ হৃদয়কে মনের আধার বলিয়া কল্পনা করা হইয়াছে, কিন্তু কোন কোন স্থলে হৃদয় একটি ইন্দ্রিয় এবং মন হৃদয়ের ক্রিয়া মাত্র (ঋঃ সঃ তাহভাদ; ধাহভাহ; ১০০৭১৮ ইত্যাদি) অথবা হৃদয়ের সম্পূর্ণ অন্ত ক্রিয়া আছে এই বলিয়া হৃদয়

এবং মনের মধ্যে পার্থক্য করা হইয়াছে। (অথ গা২০।৯; ৫।২১।২; ঋঃ দঃ
১০।১৯১।৭)। অল্প কয়েকটি স্থলে কিন্তু মন্তক্কে বিশেষ কতকগুলি মানদক্রিয়ার
আবাদস্থলরূপে কল্পনা করা হইয়াছে (ঋঃ দঃ ২।১৬।২; ৮।৯৬।৩; ৫।৫৭।৬)।
"আবার বাদস্থানস্বরূপ নবছারবিশিষ্ট ত্রিগুণ-দমন্বিত পদ্ম" (অথ ১০।৮।৪৩) স্পষ্টই
মনের দহিত অভিন্ন হদয়কেই বৃঝাইতেছে। এই উদ্ধৃত বচনটিতে মনের দাংখ্যদম্মত
উপাদানগুলির ইঙ্গিত বহিয়াছে। (ইহার দহিত অথ ৮।২।১ যেস্থলে রজ্প এবং
তমদ্ এই তৃইটি শব্দ একত্রে ব্যবহৃত হইয়াছে তাহাও তুলনীয়)। কামনাকে
পূর্বেই মনের প্রথম বীজরূপে বর্ণনা করা হইয়াছে। (১৬)

খঃ দঃ ১০।১৬৪; অথ ১৯।৫৬-৫৭এ মনের জাগ্রং, স্বপ্ন এবং স্থর্প্তি এই তিনটি অবস্থার কথা বলা হইয়াছে। স্বপ্লকে "জীবিতাবস্থা এবং মৃত্যু এই ছই হইতে পৃথক্" "এবং উত্তপ্ত মন-প্রস্ত" (অথ ১৯।৫৬।৫) বলিয়া উল্লেখ করা হইয়াছে। অত্য সকলে যথন স্থপ্ত তথন প্রাণ সতেজ ও জাগ্রত থাকে (অথ ১১।৪।২৫)। মহীধর বাঃ দঃ ৪।১৯এ চিং, মন্দ্ এবং ধী শক্গুলিকে যথাক্রমে পরবর্তী যুগের চিত্ত, মন এবং বৃদ্ধি শব্দের সহিত একার্থক বলিয়া ব্যাণ্যা করিয়াছেন। চিত্তের ক্রিয়া নিবিকল্প জ্ঞান, মনের ক্রিয়া সঙ্কল্প এবং বৃদ্ধির ক্রিয়া নিশ্চয়। মনের ক্রিয়া নিবিকল্প জ্ঞান, মনের ক্রিয়া সঙ্কল্প বিকল্প এবং বৃদ্ধির ক্রিয়া নিশ্চয়। মনের ক্রিয়া লিবিকল্প জ্ঞান, মনের ক্রিয়া সঙ্কল্প বিকল্প এবং বৃদ্ধির ক্রিয়া নিশ্চয়। মনের ক্রিপ্রতা ও চাঞ্চল্য এবং ইহার দর্ব দেশও দর্ব কালব্যাপিত্ব সম্বন্ধে প্রায়ই উল্লেখ দেখিতে পাওয়া যায়। (বাঃ সঃ ৩৪।১।৪; অথ ১০।৭।৩৭) অথ ১৯।৯।৫ এ পঞ্চেক্রিয় এবং ষষ্ঠ ইক্রিয়ন্ধপে মনের উল্লেখ আছে। কিন্তু ঋথেদে ইক্রিয় শব্দ 'ইক্রের সম্পর্কিত' বা ইক্রের শক্তিব। ক্রমতা অথবা তত্ত্রা শক্তিব। ক্রমতা অর্থেই ব্যবহৃত হইয়াছে। শঃ বাঃ ১১।৫।৭।১এ প্রাপ্ত ইক্রিয়-সংযম, একারামতা (মনের অভিনিবেশ) এবং যুক্তনম্বন্ধণ (মনেতে অভিনিবেশ) শব্দগুলি যোগদর্শনের স্চেনা করে।

§৯ যুক্তিবিজ্ঞান

ঋগেদে মানবের অজ্ঞতার কথা (১।১৬৪।৫,৬; ১০।৮৮।১৮ ইত্যাদি) এবং সত্যের অনিরপ্যতার কথা (৫।৮৫।৮; ১০।১৬৯।৫; ৮।১০০।৩) স্পষ্টভাবেই স্বীকাব করা হইয়াছে। (১) ইক্রিয় বা মনের সাহায্যে প্রত্যক্ষজ্ঞান (১।১৮৪।২:৮।২৫।৯; ১০।৬৭।২; ১০।১৩০।৬ (২) জ্ঞানীর বচন (১।১৬৪।৪; ১০।১২৯।৬) এবং (৩) মনের দ্বারা অমুসন্ধান অর্থাৎ অমুমান (১০।৮১।৪; ১০।১২৯।৪,৫) সভ্যে উপনীত হইবার বিভিন্ন উপায়। বিশেষ অস্তদ্ধির উৎসরূপে তপশ্চর্যার উল্লেখ শুধু ব্রাহ্মণ এবং অপুর

বেদঃ যুক্তিবিজ্ঞান

বেদগুলিতেই নয়, এমন কি ঋথেদেও রহিয়াছে (তৈঃ সঃ এতা এও ; ঋঃ সঃ চাবহাড)। জ্ঞানের উৎস হিসাবে বেদগুলি যে অভ্রান্ত এবং স্বতন্ত প্রমাণ তাহা আদ্ধাণগুলিতে পূর্বেই স্বীকৃত হইয়াছে (শঃ আঃ ১০।৪।২।২১-২২; তৈঃ আঃ ৩।১২।২।১) এবং সাক্ষাং প্রত্যক্ষজান এবং পরোক্ষজানকে প্রায়ই পূথক করা হইয়াছে।

উপাদানকারণ এবং নিমিত্তকারণ সম্বন্ধে অন্থ্য জিৎসা স্থ্যচলিত ছিল (খং সং ১০০৮১।২,৪ ; ১৬৮০০)। 'নিদান' অর্থাৎ বন্ধন মূলকারণ (খং সং ১০০১১৪।২ ; ১৩০০০, 'বন্ধু' অর্থাৎ সংযোগ>কারণ (খং সং ১০০১২৯০৪ ; অথ ৪০১০০০) 'নাভি' অর্থাৎ নাভিমণ্ডল>উৎস-মূথ (বাং সং ২০০২৯) এবং আরম্ভণ' অর্থাৎ ধারণ (পর্যালোচনা)>সম্পাদন (ঋঃ সং ১০৮১।২ = বাং সং ১০০৮৮) প্রভৃতি শব্দের অর্থের বিবর্তনের ধারা হইতেও ইহা বুঝিতে পারা যায়। আরও কয়েকটি পারিভাষিক শব্দের প্রবর্তন অথবা তাহাদের অর্থেব ক্রমপরিণতিও এই ক্ষেত্রে লক্ষ্য করা যাইতে পারে। এই শক্ত্রেলি এবং বন্ধনীর মধ্যে এইগুলি কোথা হইতে সংগৃহীত হইয়াছে তাহা দেওয়া হইল—'কারণ' (গোং বাং). 'ক্ষেত্র'—ভূমি> পরিসর বা প্রসার এবং ক্ষেত্রবিদ্ কোন বিষয় সম্বন্ধে জ্ঞানসম্পন্ন (ঋঃ সং) নানাত্ব'—ভেদ (বাং), 'পক্ষ'—পাথা> (আলোচনায়) কোন বিশেষ মতের সমর্থক (ঋঃ সং) 'প্রকৃতি'—উৎস বা আদিরূপ (গোং বাং), 'প্রাকৃত'—মৌলিক (শং বাং) 'বিকৃত' —পরিবর্তন বা ভিন্নন্প গ্রহণ (শং বাং) 'ভূত' এবং 'ভূবন'—বস্তু (ঋঃ সং) এবং 'মজমন্', 'মহিমন্' বা 'মহমন্' – বুহর বা শক্তি>গুণ (ঋঃ সঃ ; অথ ১০০০।২০০২)

খল্, বৈ হি প্রভৃতি অব্যয়দারা স্চিত যুক্তিনির্ভর উক্তি প্রায়ই যেখা যায়। উপমান্ত্যানের একটি দৃষ্টান্ত (अ: मः ৮।৫৮।২) পূর্বেই উদ্ধৃত করা হইয়াছে। (१९) (১) বিচিকিৎসা (সন্দেহ) (২) মীমাংসা (প্রগাঢ় চিন্তা) এবং (৩) স্থিতি (চরম সিদ্ধান্ত)—এই তিনটি উপাদানে গঠিত 'মীমাংসা' নামক একপ্রকার অবরোহান্ত্যানের উল্লেখ বাহ্মণগুলিতে প্রায়ই দেখিতে পাওয়া যায়। ৽ 'প্রাল্'— জিজ্ঞানা বা সমস্তা, 'প্রতিপ্রাল'— বিতর্কের প্রতিপক্ষ (অথ ২।২৭), 'প্রাল্নি'—প্রশ্নকর্তা, 'অভিপ্রাল্নি'-প্রতিপ্রশ্নকর্তা 'প্রশ্নবিবাক'—মধ্যন্ত এবং 'মর্যাদা'— সীমা অর্থাৎ প্রচলিত নিয়মাবলী (বাং সং ৩০।১০) প্রভৃতি শক্ষ হইতে সে যুগে বিতর্ক কিরপ জনপ্রিয় ছিল তাহা বুঝা যায়। (i) ইয় (পুষ্টি)—উর্জ (বল) ইষ্ট (যজ্ঞ)—পূর্ত (দাক্ষিণ্য), নামন্ (বৈশিষ্ট্য)—রূপ (বহিরাক্ষতি) প্রভৃতি ভিন্নর্থক কিন্তা (ii) বিত্যা (জ্ঞান) —অবিত্যা (অজ্ঞান) ; সৎ (ভাব)—অসৎ (অভাব) প্রভৃতি বিপরীতার্থক শক্ষ্ব্যের সাহায্যে চিম্ভাপ্রকাশের রীতি ক্রমশংই অধিক প্রচলিত হইতেছে। ব্যাহ্মণাংশগুলিতে

বিভিন্ন সমজাতীয় প্রদক্ষ ব। অবস্থার বর্ণনায় পরস্পরসম্বদ্ধ অথচ বিরোধী ধারণার স্থদীর্ঘ তালিকা রচনার প্রবণতা প্রায়ই দেখা যায় (অথ ১২।৫; ১৩।৪; ১৫।২-৭)। বৃৎপত্তি নির্ণয় বারা বা অক্য উপায়ে শব্দের লক্ষণ নির্ণয়ের চেটাও বিরল নয় (অথ ৩।১৩।১-১৪; ১১।৮।৩৪; কৌ: ব্রা: ২।৮; শ: ব্রা: ৪।১।৪।১)

চিস্তাও বাক্যের নিবিড় সম্পর্কের উপর প্রায়ই জোর দেওয়া হইয়াছে। (ঋঃ সঃ ৬।৯।৬ ঘ; ১০।৭১।২; ১৭৭।২)। কৌঃ ব্রাঃ ২।৭ অনুসারে সমস্ত অনুভূতিকেই প্রকাশের পূর্বে ভাষায় রূপাস্তরিত করিতে হইবে, আবার ৯।৩এ বলা হইতেছে যে, মন ও ভাষার মধ্যেই সব কিছু নিহিত আছে। ঋঃ সঃ ১।১৬৪।৪৫ এবং ৮।১০০।১০,১০তে 'বাচ্'কে (স্বর, বাক্য) বিশ্বব্যাপী স্বর-শক্তি বলিয়া বর্ণনা করা হইয়াছে এবং দিতীয়োক্ত স্ক্তেই হাকে 'রাঝ্রা', সর্বময় শাসক এবং ঋঃ সঃ ১০।১২৫এই হাকেই রহস্তময় এশ বভাব, দেবতা, মানব এবং অক্যান্ত সমস্ত বস্তর ক্রিয়া-কলাপের নিয়ামক ও শাসকরপে উল্লেখ করা হইয়াছে। ঋঃ সঃ ১০।৭১এ বাক্যের মনোহারী ও হিতকারী তাৎপর্য যত্তপূর্বক ও যথাযথভাবে প্রকাশ ও অনুধাবন করিতে হইবেইহা বিশেষভাবে বলা হইয়াছে আর অথ ১০।৮।৩৩এ বলা ইইয়াছে যে, শাশতপুক্ষই (অপূর্ব) বাক্যসমূহের প্রেরয়িতা এবং এই বাক্যগুলি সত্যকথা বলিয়া পরম দেবতার (ব্রাহ্মণম্) সমীপে গমন করে।

১১০ উপদংহার

পরবর্তীকালের ভারতীয় অধ্যাত্মা ও দার্শনিক চিন্তাধারার কতকগুলি বৈশিষ্ট্য কিভাবে উহ্ত হইল তাহা উপরের আলোচনায় স্বস্পষ্টভাবে দেখান হইয়াছে। যে সকল ভক্তিমার্গে পরব্রদ্ধেরই প্রকাশরূপে কোন ইষ্টদেবতার কল্পনা করা হইয়াছে (১০) এবং ভক্তির কোমলতা এবং ভক্তের কঠোর নৈতিক আচরণের উপর গুরুত্ব আরোপ করা হইয়াছে (১১,১৫) তাহাদের স্ট্রনা বেদে দেখিতে পাওয়া যায়। বিভিন্ন রীতির তপশ্চর্যা, এমন কি তান্ত্রিক আচারগুলিরও পূর্বাভাগ বেদে বর্তমান। (১২)। বেদান্তের অবৈতবাদ এবং মায়া সম্বন্ধে ও জ্ঞানের মাধ্যমে মোক্ষলাভ সম্বন্ধে ইন্ধিত (১৪), মীমাংসা মতান্থ্যায়ী যজ্ঞের সর্বশক্তিমত্তা (১২) সাংখ্য দর্শন সম্মত ত্রিগুণ (১৮) এবং প্রকৃতির অন্ধ প্রবণতা (১৬) যোগদর্শনসম্মত ইন্দ্রিয়-সংখ্য এবং চিত্তের অভিনিবেশ (১৮) এবং গ্রায় বৈশেষিক মতান্থ্যারে (১৯) ব্রহ্ম-প্রাত্তির জন্ত যথার্থ বোন্ধিক দৃষ্টি ও যথার্থ বাক্যের প্রয়োজনীয়তা এই সকলেরই পূর্বাভাগ বেদে দেখিতে

সংক্ষিপ্ত শব্দের ব্যাখ্যা

পাওয়া ধায়। এতদ্যতীত আত্মা (১৪), মন (১৭, ১৮), পরব্রদ্ধ (১৪) বিশ্বের অভিব্যক্তি (১৬), কর্ম (১৫, ১৬, ১৭), পুনর্জন্ম (১৭) এবং মোক্ষ (১৪) প্রভৃতি দম্বন্ধে দাধারণ দমস্মাগুলির আলোচনাও আছে। পরবর্তীকালে বেদগুলিকে যে যাবতীয় ধর্ম ও দর্শনের প্রধান উৎদ বলিয়া স্বীকার করা হইয়াছিল তাহাতে আক্তর্ধের বিষয় কিছু নাই।

সংক্ষিপ্ত শব্দের ব্যাখ্যা

(ক) মূল গ্ৰন্থ

ঐঃ বাঃ --ঐতবেয় ত্রাগাণ — তাথৰ্ব*বেদ* অগ 312 --- 31th9 গেঃ বানণ --গোপণ ব্ৰাহ্মণ জৈঃ বাঃ ---জৈমিনীয় ব্রান্ধণ —কোষীতকি ব্ৰাহ্ণণ কোঃ বাঃ —কাঠক সংহিতা কাঃ সঃ —-মৈত্রায়ণীয় সংহিতা মৈঃ সঃ ---পঞ্বিংশ ব্রাহ্মণ পঃ বাঃ ---ঋথেদ সর্বান্ত্রমণি ঋঃ সর্বাঃ ---- सहभ्रम ৠ: া ভা ---শতপথ ব্ৰাহ্মণ —তৈভিবীয় ব্রাহ্মণ তৈঃ বাঃ --তৈত্তিরীয় সংহিতা তৈঃ সং —বাজসনেয়ী সংহিতা বাঃ সং

(খ) অন্তান্ত গ্ৰন্থ

এ এন লি: --- Max Muller, History of Ancient Sanskrit Literature

ৰি আর ভি —Bloomfield's Religion of the Veda প্রাদ্ —Grassman, Worterbuch zum Rigveda

জি আর আর —Griswold, The Religion of the Rigveda জি ভি বি —Geldner, Vedismus und Brahmanismus

অচ আই লিঃ — Winternitz, History of Indian Literature

(Eng. Trans.), Vol. I

আই পি — Radhakrishnan, Indian Philosophy Vol. I

এম্ ভি জি — Macdonell, Vedic Grammar
এম্ ভি এম্ — Macdonell, Vedic Mythology
এম্ ভি রী — Macdonell, A Vedic Reader

এম ডব্লিউ --- Monier-Williams, A Sanskrit English Dictionary

ও এদ টি — Muir, Original Sanskrit Texts Vols. I-V

আর পি ভি ইউ — Keith, Religion and Philosophy of the Veda and the Upanishads

দ্ৰষ্টব্য

- ১। এইগুলি এবং অক্তান্ত বিশেষ বিষয়ের জন্ম এচ্ আই লিঃ পুঃ ৫৫-২২৫ দ্রন্থবা
- ২। এচ্ আই লিঃ ২৯২ ও পরবর্তী কয়েক পৃষ্ঠা
- ७। ঐ २२६ शः शामग्रीका
- 8। আর পি ভি ইউ ৪৫৬ ও ৪৬২ পৃষ্ঠা
- ৫। ঋঃ ১ । ৬ ৩।৪ এবং যাক্ষের নিরুক্ত ৭।৪-১৩ দ্রেষ্টবা
- ৬। প্রায় সমুরূপ বিভাগ প্রথমে বি আর ভি ৯৬ পৃঃ এবং ১৫০ এবং পরবর্তী কয়েক পৃষ্ঠায় করা হইয়াছে
- ৭। এ এস্ লিঃ ৫২৬, ৫৩২, ৫৪৬ পৃষ্ঠা
- ৮। এম্ভি এম্২৬ ও পরবর্তী কয়েক পৃঠা
- ৯। ও এদ্টি ৎম থও ১১ এবং পরবর্তী কয়েক পৃষ্ঠা
- ১০। ছাবাপৃথিবী, দেবতাগণ, অদিতি, দক্ষ, সবিতৃ, এক আদিত্য, দেবতাগণ, পুরুষ, বিরাজ্ প্রঃ , এম্ ভি এম্ ১২ পৃঃ, ও এম্ টি ১ম খণ্ড ৫০ পৃষ্ঠা
- ১)। यः ১।১১৫।১, णाक्रराऽ . । । । । ।
- ১২। এম ভি এম ১০ পঃ আর এম ভূমিকা ২।১৪-১৫

বেদ ঃ এতদতিরিক্ত কয়েকটি গ্রন্থ

- ১৩। জি ভি বি ৯৬ পৃঃ পাদটীকায় ইহার অম্মভাবে ব্যাখ্যা করা হইয়াছে
- ১৪। ঐ ১০৫ পুঃ পাদটীকা
- ১৫। 🛪ঃ তাৰতাদ, ভা৪৭।১৮, ১০:৫৪।২ ; শঃ ব্রাঃ ১১।১।৬ 🖇 তএ পূর্বেই আলোচিত হইয়াছে
- ১৬। 🖔 ৬ দেষ্টব্য
- ১৭। ও এদ্টি এম গও ৪৫৭ ও পরবর্তী কয়েক পৃঠা
- ১৮। আই পি ১৩২ পৃঃ পাদটীকা ২। আর পি ডি ইউ ৪৭০ পৃঃ পাদটীকা ২
- ১ন। কিম আবরীবঃ ?

"কি আয়ত করিয়াছিল গ"

(ঃ √ র), ও এদ্টি ৪র্থ থগু ৪ পৃঃ, "ইহার মধ্যে কি ছিল ?"

এম্ ভি আর ২০৭ পৃঃ এবং এম্ ভি জি , কোন্ বস্তু সন্মুগে এবং পশ্চাতে সঞ্চালিত হইয়াছিল ?

(ঃ √ুবং) অর্থাং. দেখানে কি বায়ু ছিল? জি ভি বি ৮৮ পুঃ গ্রাস এবং এম ডব্রিউ

- ২০। "আক্ষরিক অর্থে বন্ধা, বিশুঝল অবস্থা" জি ভি বি—ঐ পুঠা
- ২১। এদ ভি আর—ঐ পুঃ, "প্রাণের বীজ", জি ভি বি—ঐ পৃষ্ঠা
- ২২। জিভিবি--ঐপঃ, আই পি ১০১ পৃঠা
- ২৩। জিভি বি—ঐ পৃষ্ঠা
- ২৪। ঐ৮৯ পৃষ্ঠা
- ২৫। ও এদটি অম খণ্ড ২১৭ পৃঠা
- ২৬। এম ভি এম ১৬৬ পৃষ্ঠা
- २१। ঐ ১৬৮ पृष्ठी
- ২৮। আর্পি ভি ইউ ৪৬৪ পৃষ্ঠা
- ২৯। এই অংশের প্রথম অনুচ্ছেদ দ্রম্ভন্য
- ৩০। 'গৃহে আগমন' বলিতে এখানে স্বৰ্গকে লক্ষ্য করা হইয়াছে। এম ভি এম ১৬৬ পুঃ জি আব আর ৩১৬ পৃঠা
- ৩১। ও এস্টি আয় থও ২১ পৃঠা
- ৩২। আর পি ভি ইউ ৪৮৩ পৃঠা

এতদতিরিক্ত কয়েকটি গ্রন্থ

Bergaigne-La Religion Ve dique.

Bloomfield—The Atharvaveda and the Gopatha-Brahmana.

Deussen-Philosophie des Vada.

Hillebrandt-Vedische Mythologie.

Hiriyanna-Outlines of Indian Philosophy.

Hopkins-Ethics of India.

Macdonell and Keith-Vedic Index of Names and Subjects.

Oldenberg Die Religion des Veda.

Ragozin-Vedic India.

Rapson-Cambridge History of India, Vol. I.

Zimmer-Altindisches Leben.

ছতীয় পরিচ্ছেদ

উপনিষদ্

১। ভুমিকা

কোন অতিশয়েক্তি না করিয়া এই কথা বলা যায় যে, ভারতীয় চিন্থাধারা ও সংস্কৃতির মূল উৎস হইল উপনিষদ্। উপনিষদ্ যে কেবল আন্তিক দর্শনগুলিকেই অন্ধ্রাণিত করিয়াছে তাহা নহে, বৌদ্ধ দর্শনের মত তথাকথিত কয়েকটি নান্তিক দর্শনকেও উদ্ধৃদ্ধ করিয়াছে।' উপনিষদাবলী স্থাংবদ্ধ দর্শনগ্রন্থ নহে এবং ইহাদের রচয়িতা একজন নহেন। যে সকল আচার্যদের উপলব্ধ সত্য উপনিষদে লিপিবদ্ধ হইয়াছে, তাঁহাদিগকে তত্ত্বিভার গবেষক না বলিয়া অতীন্দ্রিয় সত্য দ্রষ্টা বলাই অধিক সঙ্গত হইবে। তাঁহাদের উপদেশে একটি সহজ আবেদন এবং এমন একটি প্রামাণিকতা আছে যাহা চরম তত্ত্বের অপরোক্ষ অন্ধভৃতি হইতে উদ্ভৃত। আখ্যায়িকা, হিতোপদেশ, ঘরোয়া আলোচনা ও ঘনিষ্ঠ কথোপকথনের আকারে তাঁহারা তাঁহাদের উপলব্ধ তত্ত্বভিলি বিতরণ করিয়াছেন। তাঁহাদের রচনায় তত্ত্বিচার অপেক্ষা কাব্যই বেশী। এমন কি তাঁহাদের গল্পরচনাতেও কাব্যগুণ স্থম্পন্ট। এ কথা সত্য যে, উপনিষদ্গুলিতে অনেকস্থলে প্রতীকের ভাষা ব্যবহৃত হইয়াছে এবং ইহার ফলে অর্থ পরিষ্ণুট না হইয়া প্রচন্ধর বহিয়াছে, কথনও কথনও শব্দেশ্রেষর ব্যবহার এবং কিছু কিছু ত্র্বোধ্য শব্দের রহন্ত্রময় ব্যাখ্যাও দেখিতে পাওয়া যায়। কিন্তু এ কথাও প্রণিধানযোগ্য যে ইহাদের ঘারাও উপনিষদের আকর্ষণ বর্ধিত হইয়াছে।

২। উপনিষদ্দমুহের ক্রমবিবর্তন

উপনিষদের নাম বেদান্ত*, কারণ উপনিষদ্গুলির অধিকাংশই বেদের শেষ বা উত্তরভাগ এবং উপান্যদের শিক্ষা বেদেরই উদ্দেশ্য বা লক্ষ্যের ভোতক। সংস্কৃত 'অন্ত' শক্টি ইংরাজী 'end'-এর মত 'শেষপ্রান্ত' ও 'উদ্দেশ্য' এই ছুই অর্থেই ব্যবহৃত হইতে পারে। পরবর্তীযুগের কতকগুলি দার্শনিক সম্প্রদায় উপনিষদের ব্যাখ্যা করিয়াছেন বলিয়া দাবী করেন এবং এইজ্গুই ইহারা বৈদান্তিক সম্প্রদায় বলিয়া খ্যাত। 'উপনিষদ' শক্টির ব্যুৎপত্তিগত অর্থ—উপ (নিকটে), নি (ভক্তিসহকারে), সদ্

(উপবেশন করা)—"ভক্তিসহকারে নিকটে উপবেশন করা"; এবং এই অর্থ হইতেই বুঝা যায় যে, কিভাবে শিয়োরা ছোট ছোট আশ্রমে গুরুর কাছে বসিয়া প্রথমে ঔপনিষদিক মতবাদসমূহ শিক্ষালাভ করিত। হুতরাং উপনিষদের অর্থ 'অধিবেশন'। কালক্রমে এই ধরণের অধিবেশনে প্রদত্ত শিক্ষা-সম্পর্কেই নামটি প্রযুক্ত হইল। উপনিষদ্ পরম দত্যের শিক্ষা দেয় এই কথা মনে করা হইত। স্থতরাং যাহারা অধিকারী অর্থাৎ যাহারা এই শিক্ষা গ্রহণ করিতে ও ইহার দারা লাভবান হইতে পারিত, কেবল তাহাদিগকেই এই শিক্ষা দেওয়া হইত। যে কোন সময়েই এইরূপ যোগ্য ছাত্রের সংখ্যা অল্পই হইত। স্থতবাং 'উপনিষদ' শন্দটি 'গুঢ়' এই তাৎপর্য যুক্ত হইল ; এবং এই অর্থেই উপনিষদগুলিতে শক্টি ব্যবহৃত হইতে দেখা যায়। উদাহরণম্বরূপ, যেখানে উপনিষদে কোন গুরুত্বপূর্ণ বাক্য বলা হইয়াছে, দেখানে ইহাকে 'উপনিষদ্' এই আখ্যা দেওয়া হইয়াছে। যেমন বুহদারণ্যকে "দত্যের দত্য" (দত্যস্ত দত্যম) এই বাক্যটি সর্বভূতান্তরাত্মার 'উপনিষদ' হিদাবে বর্ণিত হইয়াছে। উপনিষদের যে সকল বাক্যকে মুখ্য বলিয়া ধরা যায়, তাহাদের ক্ষেত্রে 'গুহু আদেশ' 'পরমং গুহুম'' প্রভৃতি বচন প্রযুক্ত হইয়াছে ইহাও আমরা দেখিতে পাই। যাহা 'অবিভা' নাশ করে বা যাহা আমাদিগকে ব্রন্ধের নিকট লইয়া যায়^৮, এইরূপ অর্থে শঙ্কর প্রভৃতি ভাগ্যকারেরা উপনিষদ শব্দটির ব্যাখ্যা করিয়াছেন। এই অর্থ ব্যংপত্তির দিক হইতে সঠিক নাও হইতে পারে, কিন্তু তবুও এই অর্থটি উপনিষদের বিষয়বস্তু ও লক্ষ্যকে দঠিকভাবে নির্ধারিত করিয়াছে।

উপনিষদ্গুলি প্রায়শঃই 'ব্রাহ্মণের' শেষাংশ এবং সাধারণতঃ 'আরণ্যকে'র মাধ্যমেই 'ব্রাহ্মণ' হইতে উপনিবদে যাওয়। হয়। ব্রাহ্মণমৃহে আচারাফুষ্ঠান-সংক্রান্ত বিধিনির্দেশ আছে, উপনিষদে চরমতত্ব শিক্ষা দেওয়া হইয়াছে। আরণ্যকে ক্রিয়াকাণ্ডের রূপকাকারে ব্যাধ্যা দেওয়া হইয়াছে এবং এমন কতকগুলি ধ্যানের বিধি আছে, যাহাতে উপনিষদের তত্ববিচারের স্ট্রনা পাওয়া যায়। এত দীর্ঘ সময়ের ব্যবধানে উপনিষদ্গুলি ঠিক কিভাবে বিকাশলাভ করিয়াছে তাহা আজ বলা শক্ত। 'সত্যক্ত সত্যম্', 'তব্মিদি' প্রভৃতি যে সকল বাক্যকে আমরা ম্থ্য বাক্য বলিয়াছি, সম্ভবতঃ তাহাদের সম্বন্ধেই 'উপনিষদ' শব্দটি প্রথমে ব্যবহৃত হইত। যথন ছাত্রদের এইসব বাক্য শিক্ষা দেওয়া হইত, তথন স্বভাবতঃই ইহাদের সঙ্গে ব্যাখ্যাও থাকিত। পরবর্তীকালে এইসব ব্যাখ্যাও মূল বাক্যসমূহ যে রূপ ধারণ করিয়াছিল হয়ত সেইরপেই উপনিষদ্গুলি আমাদের কাছে আদিয়াছে। অধুনা যে সকল গ্রন্থ 'উপনিষদ' নামে পরিচিত, তাহাদের সংখ্যা তুইশতাধিক বলিয়া জানা যায়। 'মুক্তিকা' নামে একটি উপনিষদ্

উপনিষদ ঃ বৈদিক দেবতা ও বৈদিক যাগয়জ্ঞ সম্পকিত দৃষ্টিভঙ্গী

একশত আটিট উপনিষদের নামোলেথ করিয়াছে। অবশ্য এই সকল গ্রন্থের অনেক-গুলিই পরবর্তীকালের রচনা —প্রাচীন প্রামাণ্য উপনিষদ্গুলির অফুকরণমাত্র। শঙ্কর অথবা তাঁহার সমতুল্য কোন দার্শনিক কোন উপনিষদের ভাগ্য লিথিয়াছেন কিনা, অথবা তাহা হইতে কোন বাক্য উদ্ধৃত করিয়াছেন কিনা, ইহাই হইল সেই উপনিষদটি প্রামাণ্য কিনা তাহা স্থির করিবার মাপকাঠি। এই মাপকাঠিতে বিচার করিলে 'ম্ক্তিকা'য় উল্লিখিত প্রথম দশটি উপনিষদকে এবং অবশিষ্টের মধ্যে কয়েকথানিকে প্রাচীন ও বিশুদ্ধ বলিয়া মনে করা চলে। এইগুলি হইল ঈশাবাস্থা, কেন, কঠ, প্রশ্ন, ম্ওক, মাণ্ড্ক্যা, তৈত্তিরীয়, ঐতরেয়, ছান্দোগ্যা, রহদারণ্যক, কৌষীত্রকি, মৈত্রায়ণীয় এবং শ্বেতাশ্বতর। ইহাদের মধ্যে আবার 'বৃহদারণ্যক' এবং 'ছান্দোগ্য' স্বাপেক্ষা গুক্তম্পূর্ণ। কারণ এইগুলি যে শুণু প্রাচীন ও পূর্ণান্ধ গ্রন্থ তাহাই নহে, উপনিষদ্ গুক্তম্পূর্ণ। কারণ এইগুলি যে শুণু প্রাচীন ও পূর্ণান্ধ গ্রন্থ তাহাই নহে, উপনিষদ্ গুক্তম্পূর্ণ। কারণ এইগুলি যে শুণু প্রাচীন ও পূর্ণান্ধ গ্রন্থ তাহাই নহে, উপনিষদ্ গুক্তম্বান্ত উপনিষদ্ ত্ইটিতে পরিলক্ষিত হয়। '

প্রামাণ্য উপনিষদ্সমূহের কালিক অহুক্রম সম্পর্কে নিশ্চিতরূপে কিছু বলা সম্ভব নয়। ইহাদের মধ্যে অধিকাংশেরই রচনাকাল বুদ্ধদেবেরও পূর্ববর্তী। ১০ উপনিষদের ঋষিদের সম্পর্কেও বিশেষ কিছু বলা সম্ভব নয়। ইহাদের মধ্যে যাজ্ঞবন্ধ্য ও উদ্দালকের মত কয়েকজন ঋষি বিশেষভাবে আমাদের দৃষ্টি আকর্ষণ করেন। ইহাদের প্রত্যেকেরই বিশিষ্ট মতবাদ এবং এই মতের দারা প্রভাবান্থিত শিশ্যসম্প্রদায় দেখিতে পাওয়া যায়।

৩। বৈদিক দেবতা ও বৈদিক যাগয়ক্ত সম্পর্কিত দৃষ্টিভঙ্গী

উপনিষদিক উপদেশের তাৎপর্য বৃঝিতে হইলে প্রথমেই আমাদের ব্যা প্রয়োজন বেদের ব্রান্ধণাংশে বিহিত যজ্ঞাদি সম্বন্ধে এই সকল উপনিষদের মত কি। উপনিষদ-গুলির অন্তর্নিহিত ভাব স্বভাবতঃই ক্রিয়াকলাপের বিরোধী। বৃহদারণ্যকে বলা হইয়াছে, যে ব্যক্তি আত্মা ব্যতীত অন্ত কোনও দেবতার আরাধনা করে, সে দেব-গণের গৃহপালিত পশুবিশেষ; ' আরও বলা হইয়াছে যে, মৃত্যুদেবতা যম যজ্ঞে প্রতিষ্ঠিত এবং যজ্ঞ পুরোহিতের দক্ষিণায় প্রতিষ্ঠিত। ' ছান্দোগ্য উপনিষদে যজ্ঞ-পরিক্রমাকারী পুরোহিতদিগকে বিদ্রুপ করিয়া বলা হইয়াছে—উহারা যেন সারিবদ্ধ একদল কুকুর; উহারা "ওম্ আমরা থাইব, ওম্ আমরা পান করিব" এই মন্ত্র উদ্ধারণ করিতেছে। '

মৃত্তুক্যোপনিষদে ক্রিয়াকলাপের উপর সর্বাপেক্ষা তীত্র আক্রমণের পরিচয় পাওয়া

যায়। দেখানে যজ্ঞপ্রক্রিয়াকে বিপজ্জনক নৌকার সহিত তুলনা করা হইয়াছে। <u>ইহাও বলা হইয়াছে যে, যাহারা ইহাকে মূল্যবান মনে করে সেই সকল মূচ্মতি বারবার</u> জরা ও মৃত্যুর কবলগ্রন্ত হয় <u>। ১৪ উপনিষদের বহুসূলে</u> অবশ্য কর্মকাণ্ডের প্রতি বিরুদ্ধতা তেমন স্পষ্ট নয়; যাগযজের প্রচলিত রীতিকে গুরুত্ব না দিয়া তাহার একটি রূপকাত্মক অথবা দার্শনিক অর্থ দেওয়া হইয়াছে। আমরা পূর্বেই বলিয়াছি যে, আরণ্যকগুলির উদ্দেশ্য হইল ক্রিয়াকলাপকে রূপকাকারে ব্যাখ্যা করা; উপনিষদগুলিতে এই ধারারই অম্বর্তন করা হইয়াছে। বুহদারণ্যকের উপোদ্বাতে আমরা ইহার একটি প্রকৃষ্ট উদাহরণ পাই। দেখানে অশ্বমেধের রূপকাত্মক ব্যাখ্যা করা হইয়াছে। অশ্ব বলি দিয়া পৃথিবীর উপর সার্বভৌমত্ব অর্জন করা ঘাইতে পারে, কিন্তু উপনিয়দে যজের অশ্বকে সমগ্র বিশ্ব বলিয়া কল্পনা করা হইয়াছে এবং বলা হইয়াছে যে, এই বিশ্বকে ত্যাপ করিলেই আধ্যাত্মিক স্বাধীনতা লাভ কর। যায়। ছান্দোগ্যে মামুঘের সমগ্র জীবনকে সোমযজ্ঞের রূপক হিসাবে' ব্যাখ্যা করা হইয়াছে এবং পঞ্চ্পাণের উদ্দেশ্যে নিবেদিত আহুতি অগ্নিহোত্রের স্থান অধিকার করিয়াছে। ১৬ কর্মকাণ্ডের স্থান যে নিক্নষ্ট তাহা প্রতিপন্ন করিতে উপনিষদ্গুলি আব একটি প্রণালী অবলম্বন ক্রিয়াছেন, তাহা এই যে, যাগ্যজ্ঞের সাহায্যে কেবল পিতৃলোকেই যাওয়া যায়। পিতৃলোক মাতুষের অস্থায়ী আবাসভূমি এবং এখান হইতে নির্দিষ্ট সময়ে প্রত্যেককেই জন্মত্যু ভোগ করিবার জন্ত পৃথিবীতে অবশ্য প্রত্যাবর্তন করিতে হয়। ১৭

কিন্তু পরবর্তী যুগের কতকগুলি উপনিষদে যাগযজেরও একটি স্থান দেওয়ার আগ্রহ দেখিতে পাই। উদাহরণস্বরূপ শ্বেতাশ্বতরে অগ্নিও সোম প্রভৃতি দেবতাদের উদ্দেশ্যে প্রাচীন পদ্ধতিতে প্রার্থনার বিধান দেওয়া হইয়াছে (ব্রহ্মপূর্বম্), এবং এমন কথাও বলা হইয়াছে যে, যজ্ঞানুষ্ঠান অন্তপ্রেরণার জনক। ^{১৮} কিন্তু যে ইষ্টের উদ্দেশ্যে এইরূপ যজ্ঞ করা উচিত, তাহা দেবলোক নহে কিন্তু ঈশ্বর— যাঁহাকে পাইলে সর্ববন্ধন হইতে মুক্তিলাভ হয়। ^{১৯}

উপনিষন্গুলির প্রধান মতবাদের উদ্ভব কিভাবে হইল তাহা বুঝিতে হইলে খগেদের যে দকল ক্তে অবৈতবাদী চিন্তার পরিচয় আছে ' , দেইগুলির দিকেই দৃষ্টি দিতে হইবে,—কেবলমাত ক্রিয়াকাণ্ডের নিয়মগুলি যাহাতে দকলিত হইয়াছে দেই ব্রাপ্তালীর দিকে নয়। ঋগেদের দার্শনিক অর্থবিশিষ্ট ক্তেগুলিতে বহুদংখ্যক দেবতাকে একই তত্ত্বে পরিণত করিবার যে প্রবণতা দেখা যায়, উপনিষন্গুলিতে তাহাই বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে এবং এই মতবাদের প্রকৃত তাৎপর্য কি তাহাই বিশ্বভাবে ব্যাখ্যা করা হইয়াছে। ' ও দেবতাদের সংখ্যা কত প্রশ্ন করায়

যাজ্ঞবন্ধ্য প্রথমে বলিলেন, উহাদের সংখ্যা ৩০০৬, তাহার পর ক্রুমান্বয়ে এই সংখ্যা তেতিশি, ছয়, তিন, ছই, দেড় এবং অবশেষে এক বলিয়া উল্লেখ করিলেন। দেই এক দেবতা ব্রহ্ম এবং অপর দেবতারা তাঁহারই শক্তি। বস্তু, রুদ্র, আদিত্য এই সকল দেবতাদের প্রধান গোষ্ঠাগুলিকে স্র্য্ম ও আকাশ, চন্দ্র ও নক্ষত্র, ইন্দ্রিয়সমূহ এবং মন^{২২}—বন্ধের এই সকল বিভিন্ন অংশের সহিত অভিন্ন বলিয়া মনে করা হইয়াছে।
মৈরায়ণীয় উপনিষদে ব্রহ্মা, রুদ্র এবং বিফুসমেত যাবতীয় দেবতাকে মৃত্যুহীন ও অশরীরী পরপ্রক্ষের প্রকাশরূপে বর্ণনা করা হইয়াছে। কেনোপনিষদে ইন্দ্র উমা হৈমবতীর কাছে জানিতে পারিলেন যে, দেবতাদের শক্তি ও বৈভবের উৎস ব্রহ্মাণ্ডের নির্দিষ্ট কার্যক্রম পালন করিয়া থাকেন।
বাহাদের নির্দিষ্ট কার্যক্রম পালন করিয়া থাকেন।
বাহাদের নির্দিষ্ট বলিয়া গৃহীত হইয়াছেন, সেই প্রজাপতিকেও ব্রহ্মের অধীন বলা হইয়াছে। কৌষীত্রকিতে ইন্দ্রের সঙ্গে তাঁহাকেও পরব্রহ্মের আবাদে দারপালরপে কল্পনা করা হইয়াছে। কৌষীত্রকিতে ইন্দ্রের সঙ্গে তাঁহাকেও পরব্রহ্মের আবাদে দারপালরপে কল্পনা করা হইয়াছে।
কার্যাছে।
কার্যাছে।
কার্যাছে বিলিয় গৃহীত হর্মাছেন, সেই প্রজাপতিকেও ব্রহ্মের কোন প্রত্তিদন্দীকে পালার করিতে প্রস্তুত্ব নহেন। তাই ঋগ্রেদের একমাত্র সত্যে "একং সং" উপনিষদের "একমোবাদিতীয়্ম" (অন্বিতীয় এক) হইয়াছেন।

৪। পরা এবং অপরা বিদ্যা

উপনিষদে ঘুই প্রকার জ্ঞানের মধ্যে প্রভেদ করা হইয়াছে — উচ্চতর জ্ঞান অথবা পরা বিলা এবং নিম্নতর জ্ঞান অথবা অপরা বিলা। যাবতীয় ব্যবহারিক বিজ্ঞান ও কলা এবং নশ্বর পদার্থ ও ভোগ্যবস্তু সমন্ধীয় শাস্ত্রীয় জ্ঞান অপরা বিলার অন্তর্ভূ ক্ত। ইহা লক্ষ্য করিবার বিষয় যে, চতুর্বেদকেও অপরা বিলার অন্তর্ভূ ক্ত করা হইয়াছে : লৌকিক এবং ধর্মসন্ধীয় উভয়প্রকার বিলাতেই অগাধ পারদর্শিতা থাকা সত্বেও নারদ ঘুংখোপহত্চিত্তে তত্মজ্ঞানলাভের জন্ম সনংকুমারের নিকট উপস্থিত হইলে, সনংকুমার তাহার যাবতীয় বিলাকে নামসর্বস্ব (নাম এব) বলিয়া বিশেষিত করিলেন। যে বিলাধারা অবিনশ্বরকে (অ-ক্ষরকে) জ্ঞাত হওয়া যায়, ভাহাই পরাবিলা। তা বিলাবারা যাহা কিছু অশ্রুতপূর্ব তাহাই শ্রবণগোচর হয়, যাহা অচিন্তিতপূর্ব তাহা চিন্তার বিষয়ীভূত হয়, যাহা বোধাতীত তাহাই পরা বিলা। ইহার ব্যাখ্যা করিতে গিয়া আরও বলা হইয়াছে যে, জগতের চরমতত্বের যে জ্ঞান তাহা সেই তত্ত্বের বিভিন্ন রূপ বা প্রকাশের জ্ঞানকে অঙ্গীভূত করিয়াও তাহা অতিক্রম

করে। যেমন একথণ্ড মৃত্তিকার জ্ঞান হইলেই সমস্ত মৃত্তিকানির্মিত বস্তুর জ্ঞান হওয়া সম্ভব—এই সকল বস্তুর বৈশিষ্টা একটি শব্দের উপর নির্ভরশীল নামমাত্র, মৃত্তিকাই একমাত্র স্বত্য—তেমনই চরমতত্বের জ্ঞানও এইরূপ। ° চরমতত্ব অর্থাৎ পরমাত্মার জ্ঞানের তুলনায় নিম্নতর জ্ঞানকে অজ্ঞান অথবা মিথ্যাজ্ঞান (অবিছা) বলা যাইতে পারে। কঠোপনিষদে বলা হইয়াছে, "যাহা অবিছা এবং যাহা বিছা বলিয়া পরিচিত এই ছইটি একাস্তই পৃথক্ এবং বিরোধী। ° শ্বতাশ্বতরে বলা হইয়াছে যে, অবিছা এবং বিছা উভয়েই অক্ষর অনন্ত পরব্রেমার মধ্যে গৃঢ়ভাবে বর্তমান—কিন্তু অবিছা নশ্বর, বিছা অবিনশ্বর। ° শ

যাজ্ঞবন্ধ্য একাধিকস্থলে আত্মাকে অজ্ঞেয় বলিয়াছেন। তাহা হইলে প্রশ্ন উঠে আত্মজান কি করিয়া সম্ভব? পত্নী মৈত্রেয়ীকে শিক্ষালান প্রসঙ্গে তিনি বলিলেন, "দেহ হইতে মুক্তির পর (আত্মার) কোন চেতনা থাকে না।" মৈত্রেয়ী এই কথায় হতবৃদ্ধি হইয়া ইহার তাংপর্য জিজ্ঞাপা করিলে, যাজ্ঞবন্ধ্য তাহার উত্তরে বলিলেন, "যেখানে বৈতভাব আছে বলিয়া মনে হয় দেখানেই কেহ অপরকে দেখিতে পায়, অপর বস্তুকে ভ্রাণ করিতে পারে, অপরকে শুনিতে পায়, অপর বস্তুকে মনন করিতে পারে, অপর বস্তকে জানিতে পারে; কিন্তু যেখানে সমস্তই আত্মা হইয়া গিয়াছে, দেখানে কে কাহাকে কিদের দ্বার। দেখিবে, শুনিবে, বুঝিবে? কাহার দহিত বাক্যালাপ করিবে ? কাহার বিষয় চিন্তা করিবে ১৩৩ তাহা হইলে আত্মার অজ্ঞেয়ত্ব সম্মীয় প্রশ্নের ইহাই হইল উত্তর। আত্মা জ্ঞানের বিষয় নয় বলিয়া যে অজ্ঞেয় তাহা নহে, কিন্তু উহা সমস্ত জ্ঞানের ভিত্তি এমন কি জ্ঞানম্বরূপ বলিয়াই অজ্ঞেয়। মোট কথা, বস্তুকে ষেভাবে জানা যায় সেইভাবে ইহাকে জানা যায় না। "দর্শনক্রিয়ার কর্তাকে দেখা যায় না, শ্রবণক্রিয়ার কর্তাকে শোনা যায় না, মননক্রিয়ার কর্তাকে চিন্তা করিতে পারা যায় না, জ্ঞানক্রিয়ার কর্তাকে জানিতে পারা যায় না। তিনিই তোমার আগ্রা এবং সকল বস্ততেই বিরাজমান।"^{৩ ৪} কেনোপ্ষিদ যথন বলেন যে, দেখানে অর্থাৎ আত্মার সমীপে চক্ষু, বাক্য, মন কিছুই যাইতে পারে না. তিনি জ্ঞাত বম্ব হইতে পথক এবং অজ্ঞাত বস্তুর উর্দের, তথন দেই তত্ত্বেরই শিক্ষা আমর। পাই। ' তৈত্তিরীয় ঘোষণা করিয়াছেন যে, বাক্য ও মন জাঁহার নিকট পৌছাইতে না পারিয়া প্রতিনিবৃত্ত হয়। " আমাদের বাক্য ও চিস্তা বছত্বের ক্ষেত্রেই প্রযোজ্য, অবৈত আত্মার সহিত সম্পর্কস্থাপনে অক্ষম। তথাপি চরমলক্ষ্যে পৌছিবার উপায় হিদাবে নয়, অভিজ্ঞাপক বা হৃচক চিহ্ন হিদাবে এইগুলিকে আমাদের ব্যবহার করিতে হয়। "এই অজ্ঞেয়, নিম্বলম্ক, অপ্রমেয়, শাশত সত্য-অজ মহান নিত্য

উপনিষদঃ ব্রহ্ম ও আগ্না

আত্মাকে একটি এক্যরূপেই দেখিতে হইবে। ত আত্মাকে 'ইহা আছে' রূপেই ব্বিতে হইবে। ত ইহাই হইল শ্রেষ্ঠ জ্ঞান, পরা বিজ্ঞা বা প্রকৃত তত্মজ্ঞান। উপনিষদ আমাদিগকে উপদেশ দিতেছেন এই জ্ঞানের আহরণ করিতে এমন এক উপযুক্ত গুরুর নিকট হইতে, যিনি কেবল বিধান্নন পরস্ত ব্রদ্ধ্ঞানেরও অধিকারী। ত এরূপ গুরুর যে হুম্মাপ্য এ কথা সত্য, কিন্তু যোগ্য শিশুও তেমনই তুর্লভ। সকল শ্রেষ্ঠ বৃত্ত্বভি ও ত্বংসাধ্য। "ইহার উপদেষ্টা বিরল এবং ইহার অহুভবকারী স্থ্নিপুণ। যিনি ইহাকে যথাযোগ্য শিক্ষাধারা উপলব্ধি করিয়াছেন এমন ব্যক্তি তুর্লভ।"

৫। ব্ৰহ্ম ও আহা

যে ছইটি শব্দের তাংপর্য আয়ন্ত না করিলে উপনিষদ্গুলির মর্ম উপলব্ধি করা সম্ভব নয়, সেই ছইটি হইল ব্রহ্মন্ এবং আত্মন্। এই ছইটি শব্দকপ শুম্ভের উপর ভারতীয় দর্শনের প্রায় সমগ্র প্রাদাদটি যেন দাঁডাইয়া আছে একথা বলা যায়। এই ছইটি শব্দ কিভাবে তাহাদের বর্তমান তাংপর্য অর্জন করিল এবিষয়ে পণ্ডিতদের মধ্যে কিছু মতানৈক্য দেখা যায়। 'বৃহ্' ধাতু (বিক্ষুরিত হওয়া বা বৃদ্ধি পাওয়া) হইতে নিম্পান্ন ব্হন্দান আদিতে সম্ভবতঃ 'প্রার্থনা' বা 'বাক্য' ব্র্যাইত। কালক্রমে ইহার অর্থ দাঁড়াইল বিশ্বের অধিষ্ঠান বা সমগ্র সন্তার মূল কারণ যাহা বিশ্বরূপে বিকশিত হইয়াছে বা যাহা হইতে বিশ্ব উদ্ভূত হইয়াছে। অপর শব্দ 'আয়ন্' প্রথমে সম্ভবতঃ নিশাসপ্রশাস ব্যাইত, পরে প্রাণীর, বিশেষ করিয়া মানবের 'স্ব' বা 'অম্ভবাত্মা'বোধক শব্দে পরিণত হইয়াছে। প্রাচীন ঝ্বিদের উল্লেখযোগ্য আবিদ্ধার এই যে, ব্রহ্ম ও আত্মা মূলতঃ এক ও অভিন্ন। আয়াই ব্রহ্ম। জগতের চিন্তারাজ্যে উপনিষদ্ভিলির মহত্তম অবদান এই ঐক্যতত্ব।

উপনিষদ্গুলির বহুস্থানে 'ব্রহ্ম' ও 'আঝা' সমানাধিকরণ পদরূপে ব্যবহৃত ইইয়াছে এবং সমার্থক শব্দ বলিয়া গৃহীত ইইয়াছে। ছান্দোগ্য উপনিষদে দর্শনের মূল প্রশ্নটি ষেভাবে উপস্থাপিত ইইয়াছে তাহা এই—"আঝা কি? ব্রহ্মই বা কি?" বিশ্বের আদিকারণ সম্বন্ধে যেখানে প্রশ্ন উত্থাপন করা ইইয়াছে, এরূপ কতকগুলি স্থলে 'আঝান' শব্দ ব্যবহার করা ইইয়াছে এবং অক্যান্ত কতকগুলি স্থলে মানবের প্রকৃত আঝার প্রসদে 'ব্রহ্মন্' শব্দ ব্যবহৃত ইইয়াছে। অশ্বপত্তি কৈকেয় ছয়জন ব্রাহ্মণকে যে উপদেশ দিয়াছিলেন তাহাতে বিশ্বের চরম সন্তাকে বৈশ্বানর-আঝা বলিয়া বর্ণনা করা ইইয়াছে।" তৈত্তিরীয় উপনিষদে দেখা যায় যে, ভৃগু আঝার আচ্ছাদক কোষ-

গুলির বিশ্লেষণদারা উহার প্রকৃত স্বরূপ নির্ধারণে প্রবৃত্ত হইয়াছেন, কিন্তু এম্বলে প্রকৃতপক্ষে ব্রদ্ধই তাঁহার জিজ্ঞাদার বিষয়। १৪ অতএব উপনিষদের ঋষিরা মানবের অন্তরে এবং বাহিরে যে এক অদিতীর চরম দতা আছে তাহাকে ব্ঝাইতে 'ব্রহ্মন্' এবং 'আত্মন্' এই তৃইটি শব্দই প্রয়োগ করিতেন। বিশ্বের আদিকারণ এবং জীবের স্বরূপ দম্বদ্ধে অন্ত্যহ্বান করিতে গিয়া তাহারা আবিকার করিলেন যে, এক অদিতীয় দত্তাই বৈচিত্রাময় জগৎ ও বহুজীবরূপে প্রতিভাত হইয়াছে।

বেমন আত্মার স্বরূপ সম্বন্ধে, তেমনই বিশ্বের চরম কারণ সম্বন্ধেও উপনিষদে প্রশ্ন উত্থাপিত হইরাছে। উভয়ক্ষেত্রেই অহুসন্ধানের পদ্ধতি অহুরূপ—অর্থাৎ সত্যের স্থূলতর প্রকাশ হইতে ফক্ষতর প্রকাশের দিকে অগ্রগতি। উপনিষদ হইতে কয়েকটি বিশেষ উদাহরণহারা আমরা ইহা দেখাইতে চেষ্টা করিব।

রাজা জনকের সভায় যে দার্শনিক বিচার হইয়াছিল, তাহাতে গার্গী নামে এক নারী ঋষি যাজ্ঞবন্ধ্যকে সমস্ত বস্তুর আধার সম্বন্ধে প্রশ্ন করিলেন। প্রশ্নের সঠিক আকারটি হইল, "এই সমস্ত টানা ও পোড়েন কিসের উপর বয়ন করা হইয়াছে?" যাজ্ঞবন্ধ্য প্রশ্নকর্ত্রীকে ক্রমান্বয়ে কয়েকটি উত্তর দিয়া উচ্চ হইতে উচ্চতর জগতে লইয়া গেলেন এবং অবশেষে গার্গী যথন তাঁহাকে প্রশ্ন করিলেন, "মহাশৃত্যের টানা ও পোড়েন কিসের উপর বয়ন করা হইয়াছে?" তথন তিনি উত্তর দিলেন যে, অবিনশ্বরই (অ-ক্ষর) মহাশৃত্যের আধার। শে আর এক প্রশ্নকর্তা উদ্দালক সমস্ত বস্তর অন্তর্নিয়ামক সম্বন্ধে প্রশ্ন করিলেন। কয়েকটি হ্বন্দর বাক্যে যাজ্ঞবন্ধ্য ব্যাইয়া দিলেন যে, জীবের অন্তর্রে এবং সমগ্র বিশ্বের যাবতীয় বস্তর অন্তর্বালে যে চরম সত্তা রহিয়াছে, যাহাকে এই বস্তুগুলি জানে না, কিন্তু যাহা অন্তর্বালে যে চরম সত্তা রহিয়াছে, তাহাই অন্তর্বামী এবং উদ্দালককে সম্বোধন করিয়া তিনি বলিলেন, "এই অন্তর্বামী তোমারই মৃত্যুহীন আত্মা।" "যিনি সকল বস্তুতেই বর্তমান অথচ সকল বস্তু হইতে পৃথক্, যাহাকে এই বস্তুগুলি জানে না, সকল বস্তুই যাহার শরীর, যিনি সকলকে অন্তর হইতে নিয়ন্ত্রণ করেন—তিনিই তোমার আত্মা, অবিনশ্বর, অন্তর্গামী।" "৬

তৈত্তিরীয় উপনিষদে দেখা যায় যে, ভৃগু তাঁহার পিতা বরুণের নিকট উপস্থিত হইয়া ব্রন্ধের স্বরূপ জানিতে চাহিলেন। " বরুণ পুত্রকে চরমতত্ত্বের দাধারণ স্বরূপ নির্দেশক একটি বাক্য দিলেন এবং তপস্থাবারা নিজেই সত্যকে আবিষ্কার করিয়া লইতে উপদেশ দিলেন। "বাহা হইতে সমস্ত বস্তু উৎপন্ন হয়, উৎপন্ন হইয়া বাহার দারা বর্ণিত হয় এবং বিনাশকালে বাহাতে অনুপ্রবিষ্ট হয়, তাঁহাকে জানিবার চেষ্টা কর, তিনিই ব্রন্ধ।" ভৃগু এই বাক্যটিকে তাঁহার তপশ্চধার ভিত্তিরূপে অবলম্বন করিয়া

সত্যের সন্ধানে প্রবৃত্ত হইলেন। তাঁহার প্রথম আবিদ্ধার হইল এই যে, থাছ (অর অথবা জড়বস্তু) অন্তিবের জন্ম অপরিহার্য। কিন্তু শীঘ্রই তিনি উপলব্ধি করিলেন যে, অরকে যাহা সক্রিয় করে, অর্থাৎ জীবন (প্রাণ), অর তাহারই বহিরাবরণমাত্র। কিন্তু এই জ্ঞানেও তিনি সন্তুষ্ট হইলেন না, কারণ আরও অন্তুসন্ধান করিয়া তিনি দেখিলেন যে, প্রাণের আধার মন। পরবর্তী বিশ্লেষণে ভৃত্তর নিকট প্রতিভাত হইল যে, মনও উংপর হইয়া থাকে এবং তাহা তাঁহাব পিতৃপ্রদন্ত ব্রন্ধের লক্ষণের সহিত মিলিতে পারে না। তথন তিনি সিদ্ধান্ত করিলেন যে, বৃদ্ধিমূলক চৈতন্তই (বিজ্ঞান) চরম সত্য। কিন্তু বন্ধবাদ, প্রাণবাদ এবং মনোবাদ যেমন ক্ষেত্র বিচারে অসম্পূর্ণ বলিয়া প্রতিপন্ন হইয়াছিল, বৃদ্ধিবাদও তেমনই অপরিণত বলিয়া প্রতিভাত হইল। অবশেষে ভৃত্ত এই চরম সত্যে উপনীত হইলেন যে, আনন্দই ব্রন্ধ। পরব্রন্ধ স্বরূপ এই আনন্দের মধ্যে ভোক্তা ও ভোগ্যবস্তুর কোনও পার্থক্য নাই। অসীমের মধ্যে কোনও ভেদ থাকিতে পারে না। আত্মার স্বরূপ বৃথিতে হইলে যে যোগ্যতা ও নিয়ত অন্তুসন্ধান উভয়েরই প্রয়োজন, ছান্দোগ্যে কথিত ইন্দ্র-বিরোচন উপাগ্যান সেই তথ্যের অপর একটি দৃষ্টাস্বস্থল। ত্ব

জাগ্রং, স্বপ্ন ও স্ব্যুপ্তি—চৈতত্ত্বের এই তিনটি অবস্থা দম্বন্ধে অনুসন্ধানের পদ্ধতি আত্মার স্বরূপের উপলব্ধিতে উপনীত হওয়ার জন্ম উপনিষদে স্থপ্রচলিত উপায়গুলির মধ্যে একটি। যে মাণ্ড্ক্য উপনিষদ সমগ্র বেদান্তের সার (সর্ববেদান্ত-সারিষ্ঠ) বলিয়া কথিত, তাহাতে এই পদ্ধতির দর্বাপেক্ষা সংক্ষিপ্ত ও স্থসংহত বিবরণ পাওয়া যায়।^{৪১} এই উপনিষদের আরন্তে 'ওম' এই রহস্তময় ধ্বনিটকে যাহা কিছু অন্তিম্বান্ তাহার সহিত অভিন্ন প্রতিপন্ন কর। হইয়াছে। যাহা কিছু ছিল, যাহা আছে এবং যাহা হইবে এই সমস্তই 'ওম'। কালের তিনটি বিভাগকে অতিক্রম করিয়া যাহা আছে, অর্থাৎ যাহা প্রকাশিত বিশ্বের অপ্রকাশিত ভিত্তি তাহাও এই 'ওম্'। এই সমস্তই ব্রহ্ম যাহার সাঙ্কেতিক ধ্বনি 'ওম্'। আত্মাই ব্রন্ধ। তাহার পর আত্মার জাগ্রৎ, স্বপ্ন ও সুষ্প্তি অবস্থাতায় 'ওম'-এর অ, উ, ম এই তিনটি অংশের (মাতার) অনুরূপ এবং আত্মার যাহা স্বাভাবিক অবস্থা অর্থাৎ অব্যয়, নিরালম্ব, তুরীয় অবস্থা, তাহা 'ওম্'-এর মাত্রাহীন (অ মাত্র) অংশের অত্মরপ—এইভাবে ব্যাখ্যা করা হইয়াছে। জাগ্রদবস্থায় আত্মা ইন্দ্রিয়েব বাহ্য বিষয়গুলির সঙ্গ করে এবং তাহার উপভোগগুলিও স্থুল, স্বপ্নে সে কল্পনার জগতে বিহার করে, এবং দেখানে তাহার অহুভৃতি সৃষ্ম। স্বয়ৃপ্তিতে কোন বাসনা থাকে না, স্বপ্নও থাকে না, স্রষ্টা ও দৃষ্টবস্তর পার্থক্য অবলুপ্ত হইয়া যায়। আত্মা একাকার হইয়া যায় এবং কেবল চৈতগ্রঘন্রপে অবস্থান করে—আনন্দ যেন

আনন্দকে উপভোগ করিতেছে। এই তিনটি অবস্থায় আত্মার যথাক্রমে তিনটি সংজ্ঞা দেওয়া হয়—বৈশানর, তৈজস এবং প্রাক্ত। চতুর্থ বা তুরীয় অবগাটি পরিবর্তনশীল রূপগুলির উর্দের, আর ইংাই আত্মার প্রকৃত স্বরূপ। যদিও এই তুরীয়াবস্থা জাগ্রং, স্বপ্ন ও স্বয়ুপ্তি এই তিনটি অন্তভূতি ধারার অধিষ্ঠান, তাহা হইলেও ইংা উহাদের সহিত জড়িত হয় না। ইংা অদৃশ্র, অব্যবহার্য (দাধাবণ ব্যবহারের বিষয় নহে), ইংার পরিচয়জ্ঞাপক কোন চিহ্ন ইংাতে নাই। ইংা অচিস্ত্য এবং অসংজ্ঞেয়, ইংা চেতনার সারভূত এক আত্মা। ইংারই মধ্যে বিশ্ব অন্তলীন হয়, ইংাই প্রশান্ত, আনন্দ। এইভাবে মাণ্ড,ক্য উপনিষদ্ আত্মার প্রকৃত স্বরূপ সম্বন্ধে উপদেশ দিয়াছেন।

উপনিষদের মতে চরম সন্তার স্বরূপ সমস্ত বিষয় হইতে সম্পূর্ণ পুথক্ যে বিষয়ী তাহ। নহে, ইহা বিষয় এবং বিষয়ী উভয়েরই অধিষ্ঠান। আত্মার বিশ্ব-রূপ এবং ব্যক্তি-ৰূপ এই ছুইয়ের আপাত পার্থক্যের অবদান হুইলেই এই সত্যের উপলব্ধি সম্ভবপর। এই উপলব্ধির সহায়ক হিদাবে চৈতন্তের উক্ত প্রতিটি ন্তরে আত্মার ব্যক্তি-রূপ ও বিশ্ব-রূপের মধ্যে অভেদ উপদিষ্ট হইয়াছে। এই দৃষ্টিভঙ্গী হইতেই মাণ্ড,ক্যে স্বয়প্ত অবস্থায় (প্রাক্ত) আত্মাকে দর্বভূতের প্রভূ রূপে বিশেষিত করা হইয়াছে। ' ॰ ছান্দোগ্যে চক্ষতে দৃষ্ট পুরুষকে স্থ্যতলে দৃষ্ট পুরুষের সঙ্গে । আর মন ও মহাশৃত্যকে ব্রন্ধের দঙ্গে অভিন্ন কর্মনা করা হইয়াছে '। বুহদারণ্যকে 'ও কোষীতকিতে¹³ বালাকি ও অজাতশক্রর কথোপকথনে প্রথমে বিষয়ের দিক হইতে চরমতত্ত্বের সমস্রা সমাধানের চেষ্টা করা হইয়াছে। বালাকি সূর্য চন্দ্র প্রভৃতি বস্তুর অধিষ্ঠাত। পুরুষকে ব্রহ্মরূপে উল্লেখ করিয়াছেন। অজাতশক্র দেথাইয়াছেন যে, জাগতিক বস্তুর প্রত্যেকটির অন্তরালেই একটি গভীরতর তম্ব বর্তমান। এইগুলি হইল চরমতত্ত্বের অধিদেবরূপ। ইহার পর মান্তবের ছায়া, প্রতিধ্বনি, দেহ, চকু প্রভৃতি অণ্যাত্মরূপগুলি দম্বন্ধে আলোচনা করা হইয়াছে এবং অবশেষে যে আত্মা হইতে যাবতীয় জগৎ, সমস্ত দেবতা এবং প্রাণী নির্গত হইয়াছে, অজাতশত্রু সেই বিশ্বাত্মার একটি বর্ণনা দিয়াছেন।

উদালক তাঁহার পুত্র খেতকেতুকে যে উপদেশ দিয়াছেন, তাহাতেও উপনিষদের মূল প্রতিপাল যে অভেদ-তত্ব তাহাই ব্যাগ্যাত হইয়াছে। " দেস্থলে উদালক সর্ব-সন্তার অধিষ্ঠান এবং সকল পদার্থের চরম কারণ যে সং, তাহাকে খেতকেতুর আত্মার সহিত অভিন্ন বলিয়াছেন। "যাহা স্ক্ষতম দারবম্ব তাহাই সমগ্র জগতের আত্মা, তাহাই চরমত্ব, তাহাই আত্মা, তাহাই তুমি, হে খেতকেতু।" এই অভেদ-তত্বের বোষণা নয় বার করা হইয়াছে এবং ইহা হইতে বুঝা যায় যে উদ্ধানকের উপদেশের ইহাই মূল কথা। কিন্তু ইহা লক্ষ্য করিতে হইবে যে, এখানে জীবাত্মাকেই দর্বসন্তার অধিষ্ঠান বলা হয় নাই। ঔপনিষদিক দর্শন বিষয়ীনিষ্ঠ বিজ্ঞানবাদের প্রকারবিশেষ নয়। জীবাত্মা যে পরমাত্মা হইতে অভিন্ন ইহা সত্য, কিন্তু পরমাত্মা দারাই সমগ্র জগং এবং ব্যষ্টিরূপে জীবাত্মাসমূহের উপপত্তি হয়। "

উপনিষদগুলিতে অদয় ব্রহ্ম বা পরমাত্মাকে ছুইভাবে চিন্তা করা হইয়াছে--(১) বিশ্বজগতের দার্বিক অধিষ্ঠানরূপে এবং (২) বিশ্ব যাহার প্রাতিভাসিক রূপমাত্র সেই চরম তত্ত্বপে। প্রথমটি ত্রন্ধের সপ্রপঞ্চ রূপ, অর্থাং বিশ্বে প্রকাশমান রূপ এবং দিতীয়টি ত্রন্দের নিম্প্রপঞ্চ রূপ অর্থাৎ যাহাতে থিখের অন্তিত্ব নাই। এই চুইটি দৃষ্টি-ভঙ্গীর মধ্যে পার্থক্যের ফলে পরবর্তীকালে বৈদান্তিকদের মধ্যে ঈশ্বরবাদী এবং নিগুণ ব্রহ্মবাদী এই হুইটি বিভিন্ন সম্প্রদায়ের উদ্ভব সম্ভব হুইয়াছিল। এই ছুইটি দৃষ্টিভঙ্গীর উদাহরণস্বরূপ আমরা উপনিষদ হইতে কয়েকটি বাক্য উদ্ধৃত করিতেছি। নিম্নলিখিত বাক্যগুলিতে সপ্রপঞ্চ তত্ত্বসমর্থক মতবাদ দেখিতে পাওয়া যায় ৷ "মনোময়, প্রাণ-শরীর, জ্যোতিঃম্বরূপ, স্ত্যুস্তল্প, আকাশাত্মা, সর্বকর্মা, সর্বকাম, সর্বগন্ধ, সর্বরুম, সর্ব-জ্বংব্যাপী, নির্বাক ও শান্ত —আমার হৃদয়স্থ এই আত্মাই বীহি, ঘব, দ্যপ, শ্রামাক কিন্দা শ্রামাকতণ্ডল হইতেও স্ক্ষত্র, আমার হৃদয়স্থ এই আত্মাই পৃথিবী হইতে বিশালতর, অন্তরীক্ষ হইতে বুহত্তর, ত্মালোক হইতে বুহত্তর—এই দমস্ত লোক হইতে বিশালতর।" " এই আত্মাই নিমে, ইনিই উর্দের, ইনিই পশ্চিমে, ইনিই পূর্বে, ইনি দক্ষিণে, ইনি উত্তরে, ইনিই এই সমস্ত জগং।"^{১৮} "ইনি ব্ল্ল, ইনি ইল্ল, ইনি প্রজাপতি, ইনি এই দকল দেবতা, ইনি পঞ্চ মহাভূত অর্থাৎ পৃথিবী, বায়ু, আকাশ জল ও তেজ--এই সকল এবং যেগুলিকে কুদ্রমিশ্র বলিয়া মনে হয়, এই সবই ইনি—ইনিই বিভিন্ন-প্রকারের বীজ্ঞ, অপিচ সচল ও অচল সমস্তই অর্থাৎ অগুজ, জরায়ুজ, স্বেদজ, ও উদ্ভিজ্ঞ জীব এবং অশ্ব, গো, মহুয়া ও হস্তীসমূহ এবং অপর যে সকল প্রাণী পায়ে চলে, আকাশে উড়ে অথবা যাহার। অচল—এই সমস্তই ইনি।" ে ধে সকল স্থলে নিস্প্রপঞ্চ মতবাদ উপদিষ্ট হইয়াছে, সেগুলির উদাহরণস্বরূপ নিম্নলিথিত বাক্যগুলিকে লওয়া যাইতে পারে। "হে গার্গি, জ্ঞানীরা বাঁহার উপাসনা করেন ইহাই সেই অক্ষরতত্ব—ইনি অস্থূল, অন্মু, অহ্রস্ব, অ-দীর্ঘ, অ-লোহিত, অ-স্নেহ, অক্তায়, অতমঃ, অবাযু, অনাকাশ, অসঙ্গ, অরস, অগন্ধ, অচকুন্ধ, অ-শ্রোত্ত, অ-বাক্, অ-মন, অ-তেজন্ব, অ-প্রাণ, অ-মুথ, অ-মাত্র, অনস্তর ও অবাহা। তিনি কাহাকেও ভক্ষণ করেন না, এবং অপর কেহও তাঁহাকে ভক্ষণ করে না।"" "মিনি শব্দ, স্পর্শ, রপ, রফুও গন্ধবিহীন, ধিনি অক্ষয়,

শাখত, অনাদি ও অনন্ত, যিনি মহৎ হইতে মহত্তর এবং গ্রুব তাঁহাকে উপলব্ধি করিলে জীব মৃত্যুমুখ হইতে বিমৃক্ত হয়।""

ব্রহ্ম সম্বন্ধে নেতিবোধক বর্ণনা দেওয়ার তাৎপর্য ইহা নহে যে, ব্রহ্ম শৃক্ত অথবা অসং। ইহার তাৎপর্য এই যে, মানব-চিন্তা যেসকল ধারণার সহিত পরিচিত দেগুলি-দারা ত্রন্ধকে পরিচ্ছিন্ন করা যায় না। ত্রন্ধ 'ইহা নহেন, ইহা নহেন'।"৬২ যেসকল বাক্যে ব্ৰহ্মকে দৎ, চিং ও আনন্দ বলিয়া বৰ্ণনা করা হইয়াছে, সেই সকল বাক্যের সহিত দঙ্গতি রাখিয়াই এই সকল নেতিবোধক বাক্যের ব্যাখ্যা করিতে হইবে। সং, চিং, আনন্দ—এই শন্তুলিকে প্রচলিত অর্থে গ্রহণ করা যায় না সত্য বটে, কিন্তু মানব-মন আজ পর্যন্ত যে সকল ধারণার সাহায়ে প্রমাতার স্বরূপ নির্দেশ করিতে চেষ্টা করিয়াছে, তাহাদের মধ্যে এইগুলিই দর্বোত্তম। বুহদারণাক উপনিষদে ত্রহ্মকে সত্যের সত্য (সত্যন্ত সত্যম) বলিয়া বর্ণনা করা হইয়াছে^{৬৩} এবং 'স্ত্যুম' পদটিকে স তি এবং যম্ এই তিনটি অংশে বিভক্ত করিয়া দেখান হইয়াছে যে, প্রথম এবং তৃতীয় অংশের অর্থ 'সত্য' এবং দিতীয় অংশের অর্থ 'অস্ত্য', এবং সমগ্র শব্দটির অর্থ এই যে, অসত্য তুইপার্থে সত্যন্ধারা বেষ্টিত। ৬ খাত্মা যে চৈতন্তই ইহা অনেক-গুলি বাক্যে বলা হইয়াছে। আত্মাকে সর্বজ্যোতির জ্যোতি অথবা স্বয়ংপ্রভ বলিয়া বর্ণনা কর। উক্ত তত্ত্ব শিক্ষা দিবার একটি রীতি। "সেখানে হর্ষের দীপ্তি নাই, চন্দ্র-তারকার দীপ্তি নাই; বিহাৎ সকলেরও দীপ্তি নাই, এই অগ্নির দীপ্তি কি প্রকারে थांकित ? जिनि मौक्षिमान विनिष्ठां ममन्त्र वन्न जम्मुगायी मौक्षिमान, जांशावर मौक्षिर সমগ্র জগং আলোকিত।"^{*} বন্ধ যে অন্ত্রসাপেক স্তাবান এবং স্বয়ংপ্রভ চৈত্ত শুধু ইহাই নহে তিনি প্রমানন্ত। বুহদারণ্যক " এবং তৈত্তিরীয় উপনিষদে" মানবের শ্রেষ্ঠ আনন্দকে এককরপে গ্রহণ করিয়া এই আনন্দের পরিমাণ নির্ধারণ করা হইয়াছে। প্রথমোক্ত উপনিহদের মতে ত্রন্ধের আনন্দ মানবীয় আনন্দের শতকোটি গুণ, দ্বিতীয় উপনিষদের মতে মানবের শ্রেষ্ঠ আনন্দ হইতে এই আনন্দ কোটি কোটি গুণ শ্রেয়:। এই দকল বাক্যের তাৎপর্য এই যে, ব্রহ্মের আনন্দ অদীম ও অপরিমেয়। ছান্দোগ্য উপনিষদে^{১৮} ব্ৰহ্মকে ভূমা বলা হইয়াছে। ভূমাই স্থুখ, অল্লে স্থুখ নাই। পরবর্তী বৈদান্তিক সাহিত্যে ত্রহ্মকে সচ্চিদানন্দ বলিয়া অভিহিত করা হইয়াছে। আমরা যে সকল বাক্য আলোচনা করিয়াছি এই শব্দটি সেইগুলি হইন্ডে সংগৃহীত। বুহদার্ণ্যকে ব্রহ্মকে বিজ্ঞান এবং আনন্দ বলা হইয়াছে (বিজ্ঞানমানন্দং ব্ৰহ্ম) ১৯ তৈত্তিবীয়ে ব্ৰহ্মকে সত্য, জ্ঞান ও অনস্ত (সত্যং জ্ঞানমনন্তং ব্ৰহ্ম) বলা হইয়াছে।¹°

৬। জ্বগৎ

উপনিষদে দপ্রপঞ্চ বন্ধ ও নিম্প্রপঞ্চ ব্রদ্ধ প্রতিপাদক ঘুইটি মতবাদের অহুদ্ধপ জগং সম্বন্ধেও ঘুইটি মতবাদ দেখিতে পাওয়া যায়; তাহাদের মধ্যে একটি মতাহুদারে জগং যথার্থই ব্রদ্ধ হইতে উছুত হইয়াছে এবং অপর মতাহুদারে জগং ব্রদ্ধের অবভাদনাত্র। উপনিষদে স্প্রতিত্ব পরিপূর্ণভাবে অথবা বহুবার আলোচিত হয় নাই এবং যে দকল স্থলে এই তত্ব আলোচিত হইয়াছে, দেই দকল স্থলেও বর্ণনাগুলির ভিতর দম্পূর্ণ সম্পতি নাই। কিন্তু সমগ্র জগং যে কোনও জড়বস্ব হইতে উংপন্ন হয় নাই, কিন্তু আত্মা হইতেই উংপন্ন হইয়াছে দে বিষয়ে মতৈক্য দেখা বায়। শ্রেতাব্বর উপনিষদের আরম্ভে এই প্রশ্নগুলি জিজ্ঞাদিত হইয়াছে — এই জগতের কারণ কি ? আমরা কোথা হইতে উংপন্ন হইয়াছি ? কাহার দ্বারা জীবিত আছি ? কাহাতে আমরা আশ্রিত ? কাহার পরিচালনাধীনে আমরা স্বর্থ ঘুংথ ভোগ করিয়া থাকি ? উপনিষদের মতে কোন জড়দ্রব্য বা দদীম পদার্থকে অবলম্বন করিয়া এই দকল প্রশ্নের সহত্তর দেওয়া যায় না। কাল, বভাব, নিয়তি, যদুচ্ছা (আকম্মিকতা), পঞ্চন্ত, যোনি অথবা পুক্ষ ইহাদের মধ্যে কোনটিই আদিকারণ হইতে পারে না। এইগুলিকে গৌণ কারণ বলিয়া গণ্য করা যাইতে পারে কিন্তু ভগবানের স্বকীয় গুণগুলিতে নিহিত তাহার আত্মশক্তিই ইহাদিগকে নিয়ন্ত্রিত করিয়া থাকে। " "

স্ষ্টি-সংক্রান্ত ঔপনিষ্দিক বাক্যগুলির মধ্যে অপর যে বিষয়ে মতৈকা দেখা যায়, তাহা এই যে, ব্রহ্ম কোনও বহিঃস্থিত বস্ত হইতে জগং স্থান্টি করেন নাই; জগং ব্রহ্মের একাংশের প্রকাশমাত্র। অর্থাং, ব্রহ্ম বিশাস্থ্যতে এবং বিশাতীত হইই। পরবর্তী বেদান্তের পরিভাষায় ব্রহ্ম একই দঙ্গে জগতের উপাদান এবং নিমিত্তকারণ উভয়ই। "এই সমস্তই ব্রহ্ম, ইনি শান্ত, ইহাকে তজ্জলান বলিয়া উপাসনা করা উচিত", শঙ্কর ছান্দোগা উপনিষ্দের এই বাক্যের অন্তর্গত তজ্জলান পদ্টির অর্থ করিয়াছেন, "যাহা (তং) হইতে জগং উৎপন্ন (জ) হয় যাহাতে জগং লয়প্রাপ্ত (লা) হয়, এবং যাহাতে জগং শাদপ্রশাদ গ্রহণ করে (অন) এবং বাঁচিয়া থাকে।" ইন্ত তিরীয়ে স্পর্টই বলা হইয়াছে যে ব্রহ্মই জগতের স্বৃষ্টি, স্থিতি এবং ধ্বংদের কারণ। ত ক্রম এবং কেন উপনিষ্দ হুইটিতে ব্রহ্মই যে জগংকারণ তাহা দেখাইবার চেন্তা করা হইয়াছে। ক্রশোপনিষ্দের আরম্ভেই বলা হইয়াছে যে, এই সমস্তই (সমগ্র জগং) ঈশ্বর কর্তৃক ব্যাপ্ত: অর্থাং জগতের উপাদান ঈশ্বর হইতেই আদিয়াছে। কেনোপনিষ্দে বলা হইয়াছে যে, ব্রহ্ম সকল বস্তর আদি প্রের্য্মিতা। এই উপনিষ্ণের নাম যে পদ হইতে

হইয়াছে অর্থাৎ 'কেন' (কাহার দারা ?) তাহা করণকারকে ব্যবহৃত হইয়াছে। ইহা হইতেই বুঝা যায় যে জগতের নিমিত্ত কারণ সম্বন্ধে উপদেশ দেওয়াই ইহার অভিপ্রায়।

উপনিষদের স্ষ্টিবাক্যগুলি এবং যে সকল উপমা দ্বারা উপনিষদে এক হইতে বহুর উদ্ভব ব্যাখ্যা করা হইয়াছে, সেগুলি আলোচনা করিলেও বুঝিতে পারা যায় যে, জ্বগতের উপাদানকারণ এবং নিমিত্তকারণ অভিন্ন। তৈত্তিরীয়ে বলা হইয়াছে. "তিনি ইচ্ছা করিলেন 'আমি আপনাকে উৎপন্ন করিব', তিনি তপস্থা করিলেন এবং তপস্তা করিয়া এখানে যাহা কিছু আছে দেই দব সৃষ্টি করিলেন। ইহা সৃষ্টি করিয়া তিনি তাহারই মধ্যে প্রবেশ করিলেন।" " অমুরূপভাবে ছান্দোগ্যও বলিয়াছেন, "তিনি চিন্তা করিলেন 'আমি বছ হইব, আমি প্রকৃষ্টরূপে আপনাকে উৎপন্ন করিব'।" ইহার পর উক্ত উপনিবদে ক্রমান্বয়ে অগ্নি, জল এবং থাতের উৎপত্তি বর্ণনা করা হইয়াছে। ' বুহদারণাকে বলা হইয়াছে যে, জগং প্রথমে অবাক্ত অবস্থায় ছিল এবং পরে নাম ও রূপের আকারে ব্যক্ত হইয়াছিল। উপনিষদের ভাষায় "জগংকে ব্যক্ত করিয়া ঐ আত্মা জগতে প্রবেশ করিলেন। ক্ষুরাধারে যেমন ক্ষুর প্রবেশিত থাকে, অথবা অগ্নি যেমন স্বীয় উৎপত্তিস্থলে থাকে " তেমনই এই আত্মা সমগ্ৰ বিষে নথাগ্র পর্যন্ত প্রবিষ্ট হইয়া আছেন। ব্রদ্ধ হইতে জগতের অভিব্যক্তিকে উর্ণনাভ হইতে জালের নির্গমন গ অথবা অগ্নি হইতে ফুলিকের বিকিরণ, মৃত্তিকা হইতে ওষ্ধির উদ্গম 🖰 এবং জীবিত মনুয়ের মন্তক হইতে কেশোদ্গমের সহিত তুলনা করা হইয়াছে। ' ষদিও এই ভেদ্যুক জগং এই এক অন্তরাত্মা হইতে উছুত হইয়াছে, তাহা হইলেও এই জগতের দোষে অস্তরাত্মা হুষ্ট হন না। বহুরূপধারণকারী অগ্নি ও বায়কে ত্রন্ধের উপমানকণে উল্লেখ করিয়া কঠোপনিষদ্ বলিতেছেন, "সুর্গ ষেমন সকল জীবের দর্শনের হেতু হইয়াও কোন চক্ষুর বাহ্য দোষ ঘারা হুট্ট হন না তেমনই সর্বভৃতের অন্তরা ন্না জাগতিক হুঃধন্বার। ক্লিষ্ট হন না, কারণ তিনি তদতীত।" • °

আরা জগতের জড় ও জৈব —এই হুই উপাদানেরই মূল কারণ। পূর্বে উদ্ধৃত ছান্দোগ্য-বাক্যে বলা হইয়াছে যে, ব্রহ্ম হইতে ক্রমায়য়ে অগ্নি, জল ও পৃথিবী—এই তিন ভূত উংপন্ন হইয়াছে। '' তৈত্তিরীয় উপনিষদে আকাশ, বায়ু, অগ্নি, জল এবং পৃথিবী এই পঞ্চভূতের উল্লেখ দেখিতে পাই, ইহারা একের পর একটি আত্মা হইতে উদ্ভূত হইয়াছে। আমাদের জ্ঞানেক্রিয়গুলির বিশেষ বিশেষ বিষয় যথা শব্দ, স্পর্শ, বর্ণ, রদ ও গদ্ধ যথাক্রমে আকাশ, বায়ু, অগ্নি, জল ও পৃথিবীর বিশেষগুণ বলিয়া এই জ্ঞানেক্রিয়গুলির সংখ্যাকে ভিত্তি করিয়া ভূত অথবা মৌলিক পদার্থগুলির সংখ্যা

নির্ধারিত হইয়াছে। অবশ্য এইগুলিকে আমাদের অহুভূত উপাদানগুলির সহিত ষ্পভিন্ন মনে করা উচিত নয়। শেষোক্ত পদার্থগুলি বিশুদ্ধ মৌলিক পদার্থ নয়, মিশ্রিত পদার্থ; এইজন্মই ইহাদিগকে সুলভূত বলা হয়। মৌলিক পদার্থগুলি স্ক্ষা। এইগুলি হইতেই পঞ্চীকরণ নামক পারস্পরিক মিশ্রণের এক প্রক্রিয়ার সাহায্যে স্থুল পদার্থগুলি রূপ পরিগ্রহ করে। প্রশ্নোপনিষদে স্ক্র পদার্থগুলিকে আকাশ-মাত্রা, বায়ুমাত্রা, তেজোমাত্রা, আপো-মাত্রা এবং পৃথিবী-মাত্রা বলা হইয়াছে।৮২ 'পঞ্চীকরণ' শক্টি পরবর্তীযুগে উছুত হইলেও মৌলিক পদার্যগুলির পরস্পর মিশ্রণের তত্ত্ব উপনিষদ্গুলিতে অবিদিত ছিল না, কারণ ছান্দোগ্যে যেথানে তিনটি মৌলিক পদার্থের কথা আছে, দেখানে উহাদের প্রত্যেককেই ত্রিবৃং করার (তিনেরই পরস্পরের দহিত মিশ্রিত করার) কথাও রহিয়াছে দেখা যায়।৮৩ এই পঞ্ভূত হইতে যে বস্তুজ্ঞগথ বিবর্তিত হইয়াছে তাহা হইতে জীবগণ তাহাদের ভোগের বিষয়, সাধন (উপায়) এবং আয়তন (স্থান) প্রাপ্ত হয়। জৈব দেহগুলিকে তিন শ্রেণীতে ভাগ করা হইয়াছে —অওজ, জীবজ এবং উদ্ভিজ্জ। ৮৪ পরবর্তীযুগে এইগুলির দহিত একটি চতুর্থ শ্রেণী 'বেদজ' যোগ করা হইয়াছিল। অপেক্ষাকৃত প্রাচীন উপনিষদ্-গুলিতে সৃষ্টি ও লয়ের পুনঃ পুনঃ আবর্তনের কোন উল্লেখ নাই। কিন্তু খেতাখতরে একাধিকস্থলে ইহার উল্লেখ আছে। রুদ্র সমস্ত জীব সৃষ্টি করিবার পর কালের অস্ত ঘটিলে তাহাদিগকে একাকার করিয়া দেন। ৮৫ মায়াজাল বিস্তৃত করার কাজ তিনি বহুবার করিয়া থাকেন—এরূপ কথাও বলা হইয়াছে। ৮৬

নিম্প্রশাস মতবাদ অনুসারে প্রকৃত সৃষ্টি বলিয়া কিছু নাই। গৌড়পাদ বলেন, "উপনিষদে মৃত্তিকা, ধাতু, অগ্নিক্লিক্ক প্রভৃতি দৃষ্টান্তের সাহায্যে বিভিন্ন পদ্ধতিতে যে স্ক্টেতত্ব শিক্ষা দেওয়া হইয়াছে, তাহা (ব্ৰহ্মণ্ড জগতের) অভেদ তত্ব ব্ঝাইবার একটি উপায় মাত্র। ভেদের অন্তিত্ব কোন প্রকারেই নাই। ৮৭ জগতের অবভাস হয় মাত্র, ইহার প্রকৃত সন্তা নাই। এই মতের মধ্যেই মায়াবাদ নিহিত রহিয়াছে, কারণ মায়াঘারা নিক্রপাধিক ব্রহ্ম কিরূপে সোপাধিকরূপে প্রতীয়মান হন তাহার উপপাদন করা হইয়া থাকে। উপনিষদে পূর্ণাকারে মায়াবাদ নাই ইহা সত্য বটে, কিন্তু উপনিষদের কোন কোন ঋষির নিক্ট এই চিন্তাধারা পরিচিত ছিল। দৃষ্টান্ত স্বরূপ বলা ঘাইতে পারে যাজ্ঞবন্ধ্যের উপদেশের মধ্যে মায়াবাদের সন্ধান পাওয়া যায়। এখানে ঋষি বলিতেছেন যে, জগতে যেন (ইব্) ছৈতভাব আছে বলিয়া মনে হয়। ৮৮ "বেন অবলিয়া মনে হয়" এই কথা ঘারা ব্ঝা যায় যে, ছৈত্যুক্ত জগতের প্রকৃত্ত দত্তা নাই, উহা মিধ্যা মায়ামাত্র। ছান্দোগ্যে সকল পরিণামী বস্তকে নামমাত্র

(নামধেয়), কথামাত্র (বাচারস্থণ) বলা হইয়াছে। " মৈত্রায়ণীয় উপনিষদে বৃদ্ধকে অগ্নিচক্রের সহিত তুলনা করা হইয়াছে। পরবর্তীকালে গৌড়পাদ এই উপমাটিকে সম্প্রদারিত করিয়া জগতের মিথ্যাত্ব ব্যাখ্যা করিয়াছিলেন। " "ইক্ষ্রমায়াদারা বহুরূপ ধারণ করেন" ঋগ্নেদের এই বাক্যেও আমরা 'মায়া' শব্দের ব্যবহার দেখিতে পাই। " বৃহদারণ্যকে জগতের প্রকৃত সন্তা অস্বীকার করিবার প্রসঙ্গে ঋণ্যেদের এই বাক্যাটি উদ্ধৃত হইয়াছে ইহাও লক্ষ্য করিবার বিষয়, " আর শ্বেতাখতরে স্পষ্টভাবেই 'মায়া' শব্দ ভ্রান্তি অর্থে ব্যবহৃত হইয়াছে এবং সর্বজীবের ঈশ্বরকে 'মায়াবী' বলিয়া বর্ণনা করা হইয়াছে। " মায়ার সমার্থক 'অবিচ্যা' শব্দও একাধিক উপনিষদিক বাক্যে দেখিতে পাওয়া যায়। " মায়া, অবিচ্যা প্রভৃতি শব্দের ব্যবহার হইতে ইহাই বুঝিতে হইবে যে, জগতের প্রকাশ একটি বিশ্বয়কর ব্যাপার। বছত্বপূর্ণ জগতের স্বষ্টি রন্দ্রের অন্বয় এবং অন্যুসাপেক্ষ স্বরূপের হানি ঘটায় না। "উহা পূর্ণ, ইহাও পূর্ণ, পূর্ণ হইতে পূর্ণের উদ্ভব হয়, পূর্ণ হইতে পূর্ণ গ্রহণ করিলে পূর্ণ ই অবশিষ্ট থাকে।"

৭। জীবের বন্ধ ও মুক্তি

ব্যক্তি-আত্মাকে জীব বলা হইয়াছে। 'জীব্' ধাতুর অর্থ 'বাঁচিয়া থাকা'—'জীব' শক্ষটি এই ধাতু হইতে ব্যুংপন্ন। সপ্রপঞ্চ ও নিপ্পাঞ্চ এই উভয় মতাহুসারেই জীব ও ব্রন্ধের মধ্যে স্বরূপতঃ কোনও ভেদ নাই। "যিনি দাক্ষাং অপরোক্ষ ব্রন্ধ এবং দকল জীবের অন্তরাত্মা তিনি কে ?" ' উশস্ত চাক্রায়ণের এই প্রশ্নের উত্তরে যাজ্ঞবল্ধ্যা কহিলেন, "তোমার আত্মাই সর্বভূতের অন্তরাত্মা।" তুইটি পক্ষীর যে উপমা দেওয়া হইয়াছে তাহার উদ্দেশ্য ব্রন্ধ ও জীবের ভেদ শিক্ষা দেওয়া নয়, কিন্তু ইহাদের মধ্যে ভেদ প্রতীয়মান হইতেছে কেন তাহা বৃঝাইয়া দেওয়া। "সর্বদা দম্মিলিত ও পরস্পরের সহচর তুইটি পক্ষী একই বৃক্ষকে আশ্রেম করিয়া রহিয়াছে। তাহাদের মধ্যে একটি স্থমাত্ ফল ভক্ষণ করে, অপরটি ভক্ষণ না করিয়া কেবল দর্শন করে। একই বৃক্ষে অবস্থিত একজন জগতের তৃঃখনমূহে নিমগ্র হইয়া মোহগ্রন্ত হয় এবং শক্তিহীনতার জন্ম শোক করিয়া থাকে। কিন্তু যথন দে বছজনপৃজিভ ঈশ্বর ও তাহার মহিমাকে দর্শন করে তথন দে বীতশোক হইয়া থাকে।" 'ভ কঠোপনিম্বদে পরমাত্মা ও জীবাত্মাকে যথাক্রমে আলোক (আতপ) এবং ছায়ার সহিত তুলনা করা হইয়াছে।' প্রশ্লোপনিষ্বদে বলা হইয়াছে, "এই পরমাত্মা হইতে প্রাণের উদ্ভব

উপনিষদ: জীবের বন্ধ ও মৃত্তি

হইয়াছে। কোন ব্যক্তির সহিত তাহার ছায়া যেমন সংলগ্ন তেমনই ইহা (প্রাণ অর্থাৎ জীবাত্মা) তাহাতে (অর্থাৎ পরমাত্মাতে) সংলগ্ন থাকে। "১৮ স্থতরাং দেখা যাইতেছে যে, শরীর ও অন্তঃকরণ এই ছুইয়ের দারা আত্মা পরিচ্ছিন্ন বিলয়া প্রতীয়মান হইলেই জীবভাবের উদয় হইয়া থাকে। শরীর ও অন্তঃকরণ জীবাত্মার বারবার জন্ম ও ছুঃথের কারণ।

তৈতিরীয় উপনিষদে " " আত্মার পাঁচটি কোষের উল্লেখ আছে— যথা থাতানির্মিত সর্বাপেক্ষা উপরের বহিরাবরণ অন্তর্রসময় কোষ, বায়নির্মিত প্রাণময় কোষ, অর্থাৎ প্রাণ, মনোময় কোষ, বিজ্ঞানময়, অর্থাৎ বৃদ্ধিনির্মিত কোষ এবং আনন্দময় কোষ। পরবর্তীকালের বেদান্তে প্রথমটিকে স্থলশরীর, তাহার পরবর্তী তিনটির সমষ্টিকে স্ক্ষ্ম শরীর এবং শেষেরটিকে কারণ শরীর অথবা অজ্ঞান বা অবিতা বলিয়া অভিহিত করা হইয়াছে। এইগুলির সমৃদ্দয় আত্মার ব্যবহারিক আয়তন অথবা গৃহ বলিয়া অভিহিত হয়। এইগুলির সমৃদ্দয় আত্মার ব্যবহারিক আয়তন অথবা গৃহ বলিয়া অভিহিত হয়। এইগুলিরারা পরিচ্ছিন্ন হইয়া আত্মা বিষয়ের ভোগকর্তা হন। কঠোপনিষদে আত্মাকে রথীর সহিত, দেহকে রথের সহিত, বৃদ্ধিকে সারথির সহিত, মনকে বল্লার সহিত, ইন্দ্রিয়গুলিকে অখের সহিত এবং ইন্দ্রিয়ের বিষয়গুলিকে পথের সহিত উপমা দেওয়া হইয়াছে এবং ইহাও বলা হইয়াছে যে, জীবাত্মা শরীর, ইন্দ্রিয় ও মনের সহিত সংযুক্ত হইয়া ভোগকর্তা হন। " " ত

বিষয়ের সর্বজ্ঞানে এবং ভোগে অবশ্য মনের গুরুত্বই সর্বাপেক্ষা অধিক। বৃহদারণ্যকে মনের নিম্নলিখিত প্রধান ক্রিয়া বা বৃত্তিগুলির উল্লেখ করা হইয়াছে এবং বলা হইয়াছে যে, এই সমস্ত মনমাত্র—কাম, সঙ্কল্ল, সংশয়, শ্রদ্ধা, অশ্রদ্ধা, গ্রতি, অগ্রতি, লজ্জা, বৃদ্ধি, ভয়। ১০০ মন দশটি ইন্দ্রিয়ের সাহায্যে কাজ করে —পাঁচটি জ্ঞানেন্দ্রিয়, যথা দর্শনেন্দ্রিয় (চকু), শ্রবণেন্দ্রিয় (শ্রোত্র), স্পর্শেন্দ্রিয় (ছচ্), স্বাদের ইন্দ্রিয় (রদনা) এবং গন্ধের ইন্দ্রিয় (ল্লাণ)—পাঁচটি কর্মেন্দ্রিয়, যথা বচনেন্দ্রিয় (বাচ্) গ্রহণেন্দ্রিয় (পালি), গমনেন্দ্রিয় (পালি), মলত্যাগের ইন্দ্রিয় (পায়) এবং জননেন্দ্রিয় (উপস্থ)। জ্ঞানের সর্বপ্রধান ইন্দ্রিয় যে মন তাহা অন্যান্থ পাঁচটি ইন্দ্রিয়ের সাহায্যে জ্ঞান আহরণ করে এবং এই আন্ত জ্ঞানগুলিকে ঐক্যবদ্ধ করে এবং এক বা একাধিক কর্মেন্দ্রিয়ের সাহায্যে কর্মসম্পোদন করে।

দেহ (অন্নময় কোষ) এবং শাসবায় (প্রাণময় কোষ) মন অপেক্ষা নিমন্তরের পদার্থ। প্রথমটিকে আশ্রয় করিয়া জীবাত্মার কর্ম ও ভোগ নিষ্পন্ন হইয়া থাকে এবং দ্বিতীয়টি দেহকে জীবনীশক্তি দিয়া থাকে। বিজ্ঞানময় ও আনন্দময় কোষ মনোময় কোষ অপেক্ষা উচ্চন্তরের। প্রথমটি নৈতিক চেতনার এবং দ্বিতীয়টি নৈতিকাতীত

চেতনার নির্দেশক। বিজ্ঞানময় কোষের বিভিন্ন অংশের বর্ণনা করিতে গিয়া উপনিষদ্ বলিতেছেন, "শ্রদ্ধা ইহার মন্তক, ধর্মনিষ্ঠা (ঋত) ইহার দক্ষিণাক্ষ, সত্য বামাক্ষ, ধ্যান, (যোগ) ইহার শরীর, শক্তি (মহস্) নিয়াক্ষ অর্থাৎ ভিত্তি।" বন্ধনদশায় জীবের চেতনা আনন্দময় কোষের উর্দ্ধে উঠিতে পারে না। এই অবস্থায় জীব সাময়িকভাবে হুথ ও শান্তি ভোগ করিতে পারে। হুষ্প্তিতে এবং রসোপভোগের আনন্দে জীবের এই অবস্থা হইয়া থাকে। এই চেতনাকে কিন্তু মোক্ষাবন্থা বলিয়া মনে করা উচিত নয়, কারণ মোক্ষ বলিতে আত্মার নিরবচ্ছিন্ন এবং শাশ্বত মৃক্তি ব্যায়। জাগ্রৎ, স্বপ্ন ও হুষ্প্তি এই তিনটি ব্যবহারিক অবস্থা হইতে পৃথক্ করিবার জন্ম মোক্ষাবন্থাকে চতুর্থ বা তুরীয়াবস্থা বলা হইয়াছে।

উপনিষদের মতে জীবাত্মা দেহের সহিত জন্মগ্রহণও করেন না এবং ইহার ধ্বংসের সহিত বিনষ্টও হন না। "দেই জ্ঞানীর (অর্থাৎ জীবাত্মার) জন্মও নাই, মৃত্যুও নাই। ইনি অন্ত কিছু হইতে উদ্ভত হন নাই, ইহা হইতেও কিছু উদ্ভত হয় নাই। ইনি জন্মহীন, নিত্য, শাখত ও পুরাণ। শ্রীর নিহত হইলেও ইনি নিহত হন না"'°° জীবের মৃত্যুকালে কেবলমাত্র তাহার জড়দেহের বিনাশ হইয়া থাকে। জীবাত্মা স্ক্রশরীরকে আশ্রয় করিয়া এক জন্ম হইতে অন্ত জন্ম গ্রহণ করিয়া থাকে। এই জনান্তর গ্রহণের কারণ হইল অবিহা। বুহদারণাক উপনিষদেই আমরা প্রথমে জন্মান্তরবাদের স্পষ্ট উল্লেখ পাই। কোন ব্যক্তির মৃত্যুর পর তাহার শরীরের বিভিন্ন উপাদানগুলি অগ্নি প্রভৃতি পঞ্চতে বিলীন হইলে তাহার কি হয় যাজ্ঞবন্ধ্যকে ইহা জিজ্ঞানা করা হইলে যাজ্ঞবন্ধ্য প্রশ্নকর্তাকে একান্তে লইয়া গিয়া তাঁহাকে গোপনে জীবাত্মার জন্মগ্রহণ সম্বন্ধে উপদেশ দিয়াছিলেন। এই আলোচনার সারাংশ উপনিষদে এইভাবে বিবৃত হইয়াছে। "তাঁহারা কর্মসমন্ধেই কথা বলিয়াছিলেন, তাঁহারা কর্মেরই প্রশংসা করিয়াছিলেন। যে ব্যক্তি শুভ কর্ম করে সে নিশ্চয়ই সাধু হয় এবং যে অন্তভ কর্ম করে দে অসাধু হয়।"[>] অপর এক প্রসঙ্গে এই ঋষি জন্মান্তর সম্বন্ধে তাঁহার মত আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করিয়াছেন। একটি তৃণজলুক (জোক) যথন একটি তৃণের শেষপ্রান্তে আসে তথন সে তাহার শরীর সঙ্কৃচিত করিয়া অপর একটি তৃণে লাফাইয়া যায়, ঠিক তেমনই মৃত্যুর পর জীবাত্মা তাহার বর্তমান দেহ পরিত্যাগ করিয়া অপর এক দেহে প্রবেশ করে। স্বর্ণকার ষেমন পিতৃপুরুষদের গন্ধর্বদের, দেবতাদের, প্রজাপতি, ব্রন্ধা বা অন্ত কাহারও মূর্তি হইতে অধিক স্থন্দর মৃতি নির্মাণ করে, তাহার সহিতও এই দেহাস্তরপ্রাপ্তিরূপ প্রক্রিয়ার তুলনা করা ষাইতে পারে। জীবাত্মা পরজন্মে কিরূপ দেহ ধারণ করিবে তাহা তাহার প্রাক্তন উপনিষদ: জীবের বন্ধ ও মৃক্তি

কর্মের উপর নির্ভর করে। "মাছ্যের যেরূপ কামনা তাহার সম্বল্প হইয়া থাকে, তাহার যেরূপ সম্বল্প কেইরূপ কর্ম করিয়া থাকে, সে যেরূপ কর্ম করিবে সেইরূপ ফল নিজের জন্ম সম্পাদন করিবে।"'' মহুয়ের আআা মহুয়েতর প্রাণীর দেহেও জন্মগ্রহণ করিতে পারে। কঠোপনিষদে বলা হইয়াছে, "নিজেদের কর্ম-ফলাছ্যায়ী ও জ্ঞানাছ্যায়ী কেহ কেহ শরীর গ্রহণের জন্ম মাতৃগর্ভে প্রবেশ করে এবং অপর কেহ কেহ স্থাবরত্বপ্রাপ্ত হয়।"'' ভ ছান্দোগ্যে বলা হইয়াছে, "যাহারা ইহজনে প্রশংসনীয় কার্ম করে তাহাদের কোনও উচ্চশ্রেণীর জীবের গর্ভে— যথা ব্রাহ্মণগর্ভে, ক্ষরিয়গর্ভে অথবা বৈশ্রগর্ভে জন্মগ্রহণ করিবার সন্থাবনা আছে, কিন্তু যাহারা দ্বণ্য কর্ম করে তাহাদের নীচ্প্রেণীর গর্ভে— যথা কুকুর, শূকরী অথবা অস্পৃষ্ঠ-গর্ভে ক্মগ্রহণ করার সন্তাবনাই অধিক।"'' ইহাও বলা হইয়াছে যে, কোন ব্যক্তির মৃত্যু হইলে ইহলোকে পুনরায় জন্মগ্রহণ করিবার পূর্বে সে তাহারে পুণ্য অথবা পাণের ফল ভোগ করিবার জন্ম ধর্গ, নরক প্রভৃতি অন্যান্ম লোকেও যাইতে পারে। যাহারা যাগ্যজ্ঞাদিতে লিপ্ত থাকে তাহাদের সম্বন্ধে মৃণ্ডকোপনিমদে বলা হইয়াছে, "ইউকর্ম করিবার ফলে স্বর্গপৃষ্ঠে স্থভোগ করিয়া তাহারা এই মন্থা-লোক অথবা হীনতর লোকে পুনরায় প্রবেশ করে।"' ভ

বেদে ঋত ও ইষ্টাপূর্ত এই যে ছুইটি শব্দ আছে, তাহাদের মধ্যে কর্মবাদের আভাদ পাওয়া যায়। 'ঋত' শব্দটি কেবলমাত্র প্রাকৃত ঘটনার শৃঙ্খলা বৃঝাইত না, নৈতিক শৃঙ্খলাকেও বৃঝাইত। ইষ্টাপূর্তের ধারণাহ্মসারে মাহ্য যক্ত ও অন্তান্ত হিতকর কর্ম করিলে তাহার যে পুণালাভ হয়, উহার ফলে দে স্থখভোগ করিয়া থাকে। নৈতিক জগতে কর্মের নিয়ম জড়জগতে কার্যকারণ নিয়মের অন্তর্মণ। কিন্তু ইহাও বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয় য়ে, জীবাত্মা যে কর্মচক্র হইতে মুক্তিলাভ করিতে পারে ঔপনিষ্দিক দর্শনে তাহা স্বীকৃত হইয়াছে।

মোক্ষ অথবা মৃক্তি প্রত্যেক ব্যক্তির চরম লক্ষ্য। পুনর্জন্ম ইইতে উদ্ধার লাভ করাই মৃক্তি। উপনিষদে এই চরম লক্ষ্য সম্বন্ধে ছুইটি মত আছে। তাহাদের মধ্যে একটি মতাহুদারে কেবলমাত্র মৃত্যুর পরই মোক্ষলাভ হইতে পারে, অপর মতাহুদারে ইহজীবনেই মোক্ষলাভ হইতে পারে। বেদের মন্ত্র ও আক্ষণাংশে পরলোকদম্বনীয় যে দকল মতবাদ প্রচলিত ছিল তদহুদারে স্বর্গ একটি দূরবর্তী হান এবং জীবাত্মা কেবলমাত্র জড়দেহ পরিত্যাগ করিবার পর তথায় যাইতে পারে। প্রথমোক্ত উপনিষদিক মতটি এই দকল মতবাদ হইতেই আদিয়াছে। উপনিষদে কিন্তু এই মত পরিবৃত্তিত হইয়াছে। উপনিষদে মানব যাহা নয় তাহা হইবার চেষ্টাকে আদর্শ

বলিয়া গৃহীত হয় নাই, যে ব্ৰহ্ম হইতে সে স্বরূপতঃ অভিন্ন সেই ব্ৰহ্মকে লাভ করাই উপনিষদের মতে প্রত্যেকের প্রকৃত আদর্শ। উপনিষদের ঋষি বলিতেছেন, "যে ব্রহ্ম আমার আত্মা, ইহলোক পরিত্যাগ করিয়া আমি সেই ব্রন্ধে প্রবেশ করিব।"^{১°} যে জীবাত্মা এইভাবে ব্রহ্মের সহিত তাদাত্ম্য উপলব্ধি করেন, তাঁহার মার্গ দেবধান বলিয়া কথিত হয়। এই পথ পিতৃষান হইতে ভিন্ন। পিতৃষান হইল পুনর্জনোর আবর্তে বদ্ধ আত্মার পথ। পিতৃযান ধুম, রাত্রি, কুঞ্পক্ষ, হুর্যের দক্ষিণায়নের ছয় মাদ, পিতৃ-লোক, মহাশৃত্যের মধ্য দিয়া চল্রলোক পর্যস্ত গিয়া পুনরায় ইহলোকে ফিরিয়া আদিয়াছে। দেবধান জীবাত্মাকে আলোক, দিবদ, শুক্লপক্ষ, সূর্যের উত্তরায়ণের ছয়মাদ, বৎসর এবং সূর্যের মধ্য দিয়া চক্রলোক পর্যন্ত লইয়া ধায়। এইরূপ মুক্তিকে পরবর্তী বেদান্তে ক্রম-মুক্তি বলা হইয়াছে। লক্ষ্য সম্বন্ধে অপর মতবাদটি নিম্প্রপঞ্ ব্রহ্ম মতবাদের অন্নবর্তী। এই মতানুসারে মোক্ষ কোন নৃতন প্রাপ্তব্য অবস্থা নয়, ইহা আত্মারই শাখত সরূপ। বন্ধনের কারণ অবিছা জ্ঞানের দারা দূরীভূত হইলেই আত্মা ব্রন্মের সহিত অভিন্নত্ব উপলব্ধি করেন। ইহাই মোক্ষ এবং ইহা দেহবিনাশের অপেকা রাথে না। "রুদয়স্থ সমস্ত বাসনা যথন দূরীভূত হয় তথনই মরণ-ধর্মা জীব অমরত্ব লাভ করে, ইহলোকেই সে ব্রহ্মকে প্রাপ্ত হয়।"'' "তাহার প্রাণবায়ু বহির্গত হয় না, দে এক হইয়াই এককে লাভ করে।"১১১ পরবর্তী বেদান্তে মোক্ষের এই মতবাদকে দত্যো-মুক্তি এবং জীবন্মুক্তি বলিয়া অভিহিত করা হইয়াছে। এই তুইটি মতবাদের মধ্যে মোক্ষের স্বরূপদম্বন্ধে কোন পার্থক্য নাই। মোক্ষ হইল বন্ধন অথবা সংসার হইতে মৃক্তি। ইহা কেবলমাত্র ছঃখাভাবরূপ কোন অভাববস্ত नम्, हेट। পরম আনন্দ, নিরবচ্ছিন্ন শান্তি।

মোক্ষলাভের যোগ্যতা অর্জন করিতে হইলে মাম্বকে কি ভাবে জীবনযাপন করিতে হইবে তাহা উপনিষদগুলির বহুন্থলে বিবৃত হইয়াছে। সাধারণতঃ ইহা ধরিয়া লওয়া হইয়াছে যে, মৃমৃক্ ব্যক্তি অবশুই উন্নত নৈতিক চরিত্রের অধিকারী হইবেন। "যে ব্যক্তি তৃষ্কার্য হইতে বিবৃত হয় নাই, যে অশান্ত, অসমাহিত, অসংযতচিত্ত সে বৃদ্ধি হারা তাঁহাকে (ব্রহ্মকে) লাভ করিতে পারে না।" ' কেবলমাত্র চরিত্রবান্ ব্যক্তিই ব্রহ্ম অথবা আত্মতত্ত্ব সম্বন্ধে জিজ্ঞাদা করিবার অধিকারী ইহা ধরিয়া লওয়া হইয়াছে বলিয়া উপনিষদে নৈতিক অফ্শাদনগুলির বিস্তারিত আলোচনা নাই। কিন্তু তাহা হইলেও উপনিষদে এরপ বহু বাক্য আছে যাহাতে স্ক্লেইভাবেই সংজীবন্যাপনের বিধান দেওয়া হইয়াছে। অত্যব ইহা তুর্বোধ্য যে কি করিয়া কীথ্ প্রভৃতি পণ্ডিভগণ বলিয়া থাকেন যে, "উপনিষদে বান্ধণদের চিন্তালীলতার যে

পরিচয় পাওয়া যায় তাহার তুলনায় নৈতিক আচরণ সম্বন্ধে আলোচনা অবশুই অকিঞ্চিংকর ও মৃল্যহীন"১১৩ এবং "মাহুষের নৈতিক জীবনের সহিত সংশ্লিষ্ট নয় এমন কতকগুলি বল্পতেই আহ্মণদের মন নিবিট ছিল এরূপ বলিতে হয়।">>৽ তৈত্তিরীয় প্রভৃতি উপনিষদে পরস্পরের সহিত কিরূপ আচরণ করিতে হইবে সে সম্বন্ধে অতি দাধারণ নিয়মগুলিরও উপদেশ দেওয়া হইয়াছে। বুহদারণ্যকে অস্কুর, মানব এবং দেবতা যথাক্রমে এই তিনশ্রেণীর জীবকে লক্ষ্য করিয়া তিনটি অমুশাসন দেওয়া হইয়াছে—'দাম্যত' (চিত্তদংযম অভ্যাদ কর), 'দত্ত' (দানশীল হও) 'দয়ধ্বম' (অমুকম্পাযুক্ত হও)। এই তিনটি অমুশাদনে দমগ্র নীতিতত্ত্বই সংক্ষিপ্তভাবে বলা হইয়াছে। অবশ্য এরূপ কথাও দেখিতে পাওয়া যায় যে, যিনি ত্রহ্মকে উপলব্ধি করিয়াছেন তিনি সকল নিয়মের উর্দ্ধে—এরূপ ব্যক্তি যথেচ্ছ জীবন্যাপন করিতে পারেন। কিন্তু এই বাক্যের অর্থ কেবল এই মাত্র যে কিছুই তাঁহাকে বাহির হইতে নিয়ন্ত্রণ করে না, তিনি স্বভাবতঃই দর্বোত্তম নৈতিক জীবন্যাপন করেন। স্বতরাং কেহ যদি বলেন যে, তত্তজ্ঞান লাভ করিলে মামুষের অতীত পাপ বিনষ্ট হয় এবং তত্তজানী নিঃসঙ্গুচিতচিত্তে কোনপ্রকার শান্তির ভয় না করিয়া পাপাচরণ করিতে পারেন ইহাই উপনিষদের বক্তব্য, তাহা হইলে উপনিষদের শিক্ষাকে বিক্বত করা হয়। ১৫

উপনিষদের মতে আত্মার নিজের স্বরূপ সম্বন্ধে বিশ্বতিই বন্ধনের মূল। এই বিশ্বতির ফলে আত্মা ভ্ল করিয়া নিজেকে অহম্বার, মন এবং দেহের সহিত অভিন্ন মনে করিয়া থাকে এবং তাহার ফলেই আত্মা জন্ম-মৃত্যু-চক্রে জড়িত হইয়া পড়ে। মৃক্তির পথ স্বভাবতঃই ইহার বিপরীতগামী হইবে। আত্মাকে প্রথমতঃ পরিচ্চিন্ন জীবনের বেইনী ভান্দিয়া ব্যবহারিক সন্তার সম্বীর্ণ পরিধির বাহিরে যাইতে হইবে। ইহা সম্পাদন করিতে হইলে বৈরাগ্য বা ত্যাগসাধনের প্রয়োজন। কিন্তু জ্ঞানের উদন্ন হইলেই বৈরাগ্য পরিপূর্ণতালাভ করিতে পারে। কেবল ব্রন্মজ্ঞানের ঘারাই অ্জ্ঞান সম্পূর্ণভাবে বিনম্ভ হয়। এখানে যে জ্ঞানের কথা বলা হইয়াছে তাহা বিচার-মূলকজ্ঞান অথবা বৃদ্ধিদ্বারা আত্মার অধ্যমন্ত্রহণও নয়। ব্রন্ধ হইয়া ব্রন্ধকে জানিতে হইবে। ব্রন্ধোপলন্ধি করিতে হইলে যথাক্রমে শ্রবণ, মনন ও নিদিধ্যাদন প্রক্রিয়া অবলম্বন করিতে হইলে যথাক্রমে শ্রবণ, মনন ও নিদিধ্যাদন প্রক্রিয়া অবলম্বন করিতে হইলে অক্রান্ত তিম্বা এবং যৌক্তিক বিশ্লেষণ দারা উপনিষদের পাঠগ্রহণ, দ্বিতীয়টি হইল অক্রান্ত চিম্বা এবং যৌক্তিক বিশ্লেষণ দারা উপনিষদের শিক্ষায় বৌদ্ধিক প্রতীতি অর্জন, তৃতীয় প্রক্রিয়া হইল নিরবচ্ছিন্ন ধ্যান, ইহাদারা প্রমক্ষান লাভ করা যায়। চিম্ভার সহায়ক হিদাবে উপনিষদে বিভিন্ন প্রকারের

ধ্যান উপদিষ্ট হইয়াছে—ইহাদিগকে বিভা বলা হয়। মুমুক্ষকে অদৈত-তত্ত্বে উপনীত হইতে সাহায্য করাই এই দকল সাধনার উদ্দেশ্য। "কোন ব্যক্তি যদি আপনাকে 'আমিই সেই' বলিয়া উপলব্ধি করিতে পারে তাহা হইলে দে কোন্ বাদনায়, কিসের আকর্ষণে দেহের প্রতি আদক্ত হইয়া থাকিবে ?" এমনই এক পরম পুরুষার্থের জন্ম উপনিষদের ঋষি প্রার্থনা করিতেছেন—

"অসত্য হইতে আমাকে সত্যে লইয়া যাও অস্ধকার হইতে আলোকে লইয়া যাও মৃত্যু হইতে অমৃতে লইয়া যাও ৷">> °

সংক্রিপ্ত শব্দের ব্যাখ্যা

এদ বি ঈ	-Sacred Books of the East
ঋক্	स्टब्र्
ঐত	ঐতরেয় উপনিষদ্
কঠ	––কঠোপনিযদ্
কেন	কেনোপনিষদ্
কৌষী	—কৌষীতকি উপনিষদ্
ছা	— ছात्मागा উপনিयদ
হৈ	—হৈতিরীয় উপনিযদ্
역회	—প্রাপনিষদ্
নু হ	—বৃহদাৰণ্যকোপনিবদ্
মাণ্ড	—মাণ্ডক্যোপনিষদ্
¥	—মুগুকোপনিষদ্
মৈত্রা	— মৈত্রায়ণীয় উপনিষদ্
ষেত	—বেতাখতরোপনিষদ

দ্রপ্তব্য

১। "নান্তিক বৌদ্ধদর্শনকে লইয়া এমন কোন প্রধান হিন্দুদর্শন নাই ষাহার মূল উপনিষদে নাই"— Bloomfield—The Religion of the Veda, পৃ: ৫১। ভারতের বাহিরেও যে উপনিষদের প্রভাব

উপনিষদ: ক্রপ্টবা

বিস্তারলাভ করিয়াছিল তাহার প্রমাণ-স্বরূপ নিও-প্লেটোনিক দর্শন, (গ্) নষ্টিক দর্শন এবং ফুফী-দর্শনের উল্লেখ করিতে পারা যায়। যে-সকল দেশে বৌদ্ধর্ম এবং হিন্দুর্ম প্রচারিত হইয়াছিল উপনিষদ্ সমূহ সেই সকল দেশের চিস্তাধাবাকে গৌণভাবে প্রভাবিত কবিয়াছিল।

- ২। "এক অর্থে বাক্যালাপকেই দার্শনিক আলোচনার শ্রেষ্ঠ আকার বল। যাইতে পাবে, কারণ অস্ততঃ প্লেটোর মতে আয়া নিজের সহিত যে বাক্যালাপ কবে তাহাই চিন্তা, এবং তাহা ছাডা বাক্যালাপে চিন্তা যেমন একদিকে বাহিরের শক্তির শাসন হইতে নিজেকে মৃক্ত করে, তেমনই অস্ত চিন্তাব বগুতা স্বীকার করিয়া ব্যক্তিগত সন্ধীর্ণতা হইতেও নিজেকে মৃক্ত করে"—Alexander Koye Discovering Plato পৃঃ ৩ পাদ্টীকা।
- ৩। M. Hiriyanna—Outlines of Indian Philosophy পৃঃ ৫২। "দৈনিক ব্যবহারেব ভাষায় কিছু পড়া যেন অস্তের কাছে কিছু শোনা, কিন্তু কবিভায় কিছু পড়া যেন সাক্ষাং অমুভব হইতে শিক্ষা করা"—Max Easterman—Enjoyment of Poetry.
- ৪। এই শব্দটি উপনিষদেই দেখিতে পাওয়া যায়। খেত ৬।২২ এবং মূ গ্ৰাহাড দ্ৰন্তব্য।
- व्य-२।ऽ।२०
- ৬। ছা---এএ২
- ৭। কঠ—৩।১৭ শ্বেত ৬৷২২
- ৮। কঠ, বৃহ, তৈ এবং মৃ'র শঙ্করভাষ্টের ভূমিকা দ্রষ্টব্য।
- ৯। এই ছুইটি উপনিষদের কোনটিতেই বিপরীত চিন্তাধারার চিন্দেব অভাব নাই।
- ১• । রাধাকৃক্ণন্,—ভারতীয় দর্শন প্রথম খণ্ড, পৃঃ ১৪১ জন্তব্য । Walter Ruben তাঁহার Die Philosophen der Upanishaden গ্রান্থ উপনিযদেব ঋনিদের সংখ্যা নির্ণয় কবিবাব এবং তাঁহাদিগকে পুক্ষাকুক্রমে পাঁচটি শ্রেণীতে বিভক্ত কবিবার একটি মনোজ্ঞ চেট্টা কবিয়াছেন । উপনিযদে ঋষিদের পাঁচপুক্ষের সন্ধান পাওয়া যায়, বাঁহাবা বৃদ্ধদেবের পূর্ববর্তী । এক এক পুক্ষেব প্রিতিকাল ক্রিশ বংসর ধরিয়া তিনি সিদ্ধান্ত করিয়াছেন যে, উপনিষদের যুগ ৭০০ খঃ পৃঃ হইতে ৫৫০ খঃ পৃঃ পৃথন্ত বিস্তৃত্ত ছিল ।
- >>1 3€-->181>°
- ३२। ঐ-णाग२३
- ३७। ছा-->।>२
- ১८। मू-- ।२।१-১०
- -১c। ছা---৩I১৪-১৭
- 361 A-@132-28 किमी २16
- ১৭। বৃহ—১।৫।১৬; চাহা১৬; চা ৫।১৽।৩-৭, প্রশ্ল—১।৯, মৃ—১।২।১৽
- ১৮। শ্বেত---২।৬-৭
- ३०। खे-राउद
- २०। श्रक्-->।>७८।८७
- ২১। রাধাকৃষ্ণন্—ঐ পুঃ ১৪৪ "বেদের অর্ধদেবতাগণ লুপ্ত হইলেন এবং প্রকৃত ঈখরের আবির্ভাব হইল।"

- ২২। বুহ---৩।৯
- ২৩। মৈত্রা—৪।৫৬
- २८। कन---२८-२७
- २०। कर्र--७१७
- २७। कोशी-->।६
- ২৭। ছা—৬।১।৪
- २४। मू-->।>।8-৫
- ২৯। ছা--ভাগত
- ७०। ঐ--७।३।८
- ७३ । २।८
- ৩২। খেত--৫।১
- ७७। वृह---२।८।১२-১८
- ७८। ঐ---७।८।२
- ৩৫। কেন-১০
- ৩৬। তৈ-২।৪
- ৩৭। বৃহ –৪।৪।২०
- ৩৮। কঠ—৬।১৩
- Voa । म्—ऽ।२।ऽ२ ऽ०
- ¥०। कर्ठ-२.19
- ৪১। বৃহ—৪।৪।৫ স বাইয়মায়া এক।
- · ৪২। ছা—(I) ১ কো মু আল্লা, কিং প্রদা?
 - ८०। जे--११३३-२८
 - 88 ৷ <u>কৈ</u>—৩
 - ৪৫ ৷ বৃহ—ভাভ ও ৮
 - ८७। ঐ---ा१।ऽ६
 - ८०-- इर्
 - - ৪৯। দশোপনিষদ্—উপনিষদ্ ব্রক্ষােগীর ভাষ্য (আদিয়ার পুস্তকালয়) প্রথম গগু , পৃঃ ১১২
 - ৫০। মাতু--৬
 - ٥١ ا اد -- او ا د ١
 - ८२। ४ ७।३४।३
 - ৫৩। বৃহ---২।১
 - **८८। को**नी--8
 - . १९। छ-७।४।१

উপনিষদ ঃ দ্রন্থ

- এ৬। Josiah Royce তাঁহার গিফোর্ড বক্তৃতাবলীর প্রথম খণ্ডেব চতুর্থ বক্তৃতায় উপনিষদের অতীক্রিয়া নুভূতিবাদ দয়য়ের বহু আলোচনা করিয়াছেন, কিন্তু বর্তমান প্রবাদের লেগক মনে কবেন যে, তিনি উপনিষদের দর্শনকে এক প্রকার বিজ্ঞানবাদ বলিয়া ব্যাখ্যা করিয়া ভুল করিয়াছেন। The World and the Individual প্রথম গণ্ড, প্রঃ ১৫৮
- 491 51-013812-0
- ०४। ঐ--११२०१२
- ०१०-०१०
- ৬০। বৃহ--এ।৮।৮
- ৬১। কঠ—৩।১৫ উপনিবদ (জি, এ, নটেশন এয়াও কোং) পৃঃ ৪০
- ७२ । नृह—-४।२,।४
- ७७। ঐ--२।४।२०
- ७८। ये-(१८)
- ७८। कर्ठ--७।३८, म--२।२।३०
- ৬৬ | বৃহ--৪|৩|৩৩
- ७१। टेज---श्र
- ७४। ছा--११२७
- ७२। वृह--७।३।२४
- ৭০। তৈ—২।> Deussen মনে করেন বে পুরাকালে 'আনন্দম্'কে ভুল কবিয়া 'অনন্তম্' করা হইয়াছিল এবং প্রে প্রম্পুনাক্রমে তাহাই প্রচলিত হইয়া আসিয়াছে।
- 951 (यड-- 2150
- 9**২ | ছা- -৩**|১৪|১
- داد--قع ١٥١
- १४। ঐ--२1७
- १६। ছा--।२।८-8
- ৭৬। বু--১।৪।৭
- ११। व-राशर॰, मू-शश
- १४। डी---राशर०, मू--राशः
- १२। मू--)।)।१
- Rol 48--019 22
- ৮১ | ছা---৬াহাত-৪
- ♥ 1 전략-8 | ♥
- ৮৫। ছা---৬।৩।৩
- ८८। द्ये--।०।३
- ४०। ८१-७१

প্রাঢ়া ও পাশ্চাতা দর্শনের ইতিহাস

```
ष्ठा <u>जे</u>--बा०
৮৭। কারিকা--৩।১৫
प्रमा वेइ—राशाः ४
৮৯। ছা--৬।১।৩
৯০। মৈত্রা--৬।২৪:
৯১ ৷ ৠক্—ভা৪৭৷১৮
२ । वृश्—राधाऽ२
৯৩। শ্বেত--৪।১०
عاد - وه
৯৫ | বুহ---তা৪1১ এবং তা৫1১
৯৬। উপনিষদ্ ( জি, এ, নটেশন এ।ভি কোং ) পৃঃ ১০৮-৯ , মৃ—তা১।১-২ ; খেত -–৪।৬-
२१। कर्र-७१३
৯৮। প্রশ্ন-০।০
२—- हेर्
১০০। কঠ--৩৩-৪
२०२। वृह-->।०।७
১০২ | তৈ--হা৪
२००१ कर्र--२१३४
১০৪। বৃহ—এ২।১৩
১০৫। ঐ--৪।৪।৩-৫
১०७। कर्ठ--८19
١٥٠١ع ١١٥٠١٩ عامه
১०४। मू—)।२।১०
3.8 داد- اه د د
১১०। कर्ठ-७।১८
১১১। বৃহ---৪।৪।৬
১১७। ঐ श्रन्त भीः १४८
১১৪। ঐ গ্রন্থ পৃঃ ৫৮৬
১১৫। R. E. Hume, The Thirteen Principal Upanishads, পৃ: ৬০
১১৬। বৃহ--২।৪।৫
১১৭। ঐ-১াতা২৮
```

ठेडूर्थ भित्रदेखन

রামায়ণ

১। প্রাথমিক মন্তব্য

রামায়ণ প্রকৃত অর্থে মহাভারতের ন্যায় একথানি জাতীয় মহাকাব্য। আত্ম-প্রকাশের দিন হইতেই উক্ত গ্রন্থ ভারতবাদীর চিন্তা, ভাবনা ও আচার ব্যবহারের উপর এক গভীর প্রভাব বিস্তার করিয়া আদিতেছে। ইহা পৌক্রম্ব ও নারীত্বের এমন এক মহান্ আদর্শ প্রতিষ্ঠা করিয়াছে, যাহা দকল শ্রেণীর লোকেদের অন্তরে অমুকরণীয় আদর্শ হিদাবে স্থান পাইয়াছে। উক্ত আদর্শ তাহাদিগকে মহৎ করিয়াছে এবং ঘ্রেণিগের দিনে তাহাদিগকে দান্থনা দিতে সাহায্য করিয়াছে। রামায়ণ ভারতবর্ধের কবিদের প্রেরণার এক অফুরস্ত উৎস। সংস্কৃত, প্রাকৃত ও দেশীয় ভাষাকে অবলম্বন করিয়া রামায়ণ হইতে তাঁহারা কেবলমাত্র কাব্যের বিষয়বস্তু সংগ্রহ করিয়াছেন তাহাই নহে, কাব্যের মৌলিক ভারধারা ও কল্পনার প্রেরণাও রামায়ণের মধ্যে তাহারা লাভ করিয়াছেন।

উক্ত গ্রন্থের অতুলনীয় জনপ্রিয়ত। থাকা সত্ত্বেও এবং সম্ভবতঃ এই জনপ্রিয়তার জন্তই, গ্রন্থকার আদি কবি বাল্মীকি পরিকল্পিত রামায়ণের মূল রচনা আমাদের হস্তে আদিয়া পৌছায় নাই; বিক্বত অবস্থায় বহুবিষয়সংযুক্ত হইয়া গ্রন্থথানি আমাদের হস্তে আদিয়া পৌছায়ছে। ইহা ছাড়া বর্তমানে রামায়ণের প্রধানতঃ তিনপ্রকার পাঠ দেখিতে পাওয়া যায়ঃ পশ্চিম ভারত, বঙ্গদেশীয় ও বোধাই-এর পাঠ। উক্ত পাঠ সকলের মধ্যে পার্থক্য এত অধিক যে, যে কোন একটি পাঠের প্রায় এক তৃতীয়াংশ শ্লোক অন্ত তুই পাঠেও দেখা যায় না। জ্যাকবির 'ডাস্ রামায়ণ' (বন্, ১৮৯৯) নামক গ্রন্থে রামায়ণের বিষয়বস্তুর অতি কৃষ্ণ আলোচনা আছে এবং উক্ত আলোচনা সম্ভবতঃ রামায়ণের স্বর্গপেক্ষা উৎকৃষ্ট আলোচনা। জ্যাকবির মতে প্রচলিত সপ্তকাও বামায়ণের সপ্তম কাণ্ডের প্রায় সমগ্রই এবং প্রথম কাণ্ডের কিয়দংশ অপেক্ষাকৃত পরবর্তী যুগের সংযোজনা। জ্যাকবির মন্তব্য যদি ঠিক হয়, তাহা হইলে উক্ত সংযোজনা সকল অতি প্রাচীনকালেই ঘটয়াছিল; কারণ পূর্বোক্ত সকল পাঠেই এবং পরবর্তী যুগের পরম্পরায় এইগুলি দেখিতে পাওয়া যায়। রামায়ণের বয়স আলোচনা

করিতে গিয়া জ্যাকবি এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন' যে, রামায়ণ খৃষ্টপূর্ব পঞ্চ শতাকীর পূর্বে অথবা সম্ভবতঃ সপ্তম বা অষ্টম শতাকীতে রচিত।

বর্তমান প্রবন্ধে রামায়ণের যে দার্শনিক মতবাদ দেওয়া হইল তাহা বোদাই পাঠ হইতে সংগৃহীত হইয়াছে। পণ্ডিত ব্যক্তিদের মতে বোদাই পাঠই সর্বাপেক্ষা প্রাচীন এবং দর্বাপেক্ষা অধিক প্রচলিত। এইরূপ আশা করা যায় যে, উক্ত পাঠে রামায়ণের মূল ভাব সকল অপেক্ষাকৃত সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং অ্যান্ত পাঠে ইহার সমর্থনও পাওয়া যাইবে। বর্তমান প্রবন্ধে রামায়ণের যে সব স্থলের উল্লেখ আছে, সেইগুলি নির্ণয়সাগর প্রেদের দ্বিতীয় সংস্করণ (বোদাই ১৯০২) হইতে সংগৃহীত।

২। সামাজিক ও বৌদ্ধিক পটভূমি

রামায়ণে দমাজের যে চিত্র অন্ধিত হইয়াছে, তাহাতে চারিবর্ণ ও চতুরাশ্রম দুঢ়ভাবে প্রতিষ্ঠিত, প্রত্যেক ব্যক্তি নিজ নিজ বর্ণোচিত কর্মে নিরত এবং বেদ ও ঋষিবাক্যে লোকের শ্রদ্ধা মজ্জাগত। বামায়ণে গো ও ব্রাদ্ধণের পবিত্রতার কথা পুনাপুনা জোরের দহিত বলা হইয়াছে। ধর্ম ও কর্তব্য কর্মের উপর এত অধিক গুরুত্ব দেওয়া হইয়াছে যে, পরিণামে ইহা এক প্রকার মানসিক বিক্লতিতে পরিণত হইয়াছে। যাহারা বানর ও রাক্ষ্য নামে অভিহিত হইত তাহাদেরও বেদাধ্যয়ন ও বৈদিক ক্রিয়াকলাপে অধিকার ছিল। নগর দকলে এবং সম্ভবতঃ গ্রামগুলিতেও বহু মন্দির ছিল। কোন কোন মন্দিরে বিগ্রহ থাকিত, আবার কোন কোন মন্দিরে থাকিত না। এইসব উপাসনার মন্দির আয়তন বা চৈত্য বলিয়া কথিত হইত। অরণ্য ও পর্বতনিবাদী বিভিন্ন শ্রেণীর দল্লাদীরা লোকালয়ে ঘুরিয়া বেড়াইতেন তাঁহারা বিশেষ সম্মানের পাত্র ছিলেন। অপর দিকে অবিশাসী নান্তিকদেরও উল্লেখ আছে। ইহারা ধর্মাচরণকারীদের পক্ষে দর্বদাই উদ্বেশের কারণ ছিল। রাজা জনসাধারণের সম্মতিক্রমে ও স্থবিজ্ঞ মন্ত্রীদের পরামর্শাক্ষ্পারে রাজ্যশাসন করিতেন। তিনি বর্ণ ও আশ্রমের পালক এবং ধর্মের রক্ষক ছিলেন। যাহাতে তিনি জনসাধারণের সন্মুখে কোন নিন্দনীয় দৃষ্টান্ত রাথিয়া না যান, তাহার জন্ম তাঁহাকে ব্যক্তিগত জীবনে খুব সাবধান থাকিতে হইত।°

বৃদ্ধি সংক্রাপ্ত ব্যাপারে বিভার (বা বিনয়ের) উপর সমধিক গুরুত্ব অপিত হইত। বিনয়ের উদ্দেশ্য ছিল স্বাভাবিক গুণাবলীর প্রকাশ বা বৃদ্ধি। রামায়ণে দৃষ্ট, স্পষ্ট বা রামায়ণ ঃ দার্শনিক চিন্তার ফন্তুধারা ও সাধারণ দৃষ্টিভঙ্গা

অম্পষ্ট উল্লেখ হইতে মনে হয় যে, অত্যাত্ত বিষয়ের সহিত নিম্নলিখিত বিষয়গুলি ও শিকা দেওয়া হইত:

বেদ, উপনিষদ, ছয় বেদাঙ্গ (অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দ, নিরুক্ত ও জ্যোতিষ), ধর্মণাস্ত্র, পুরাণ, অর্থশাস্ত্র, রাজনীতি, ধহুর্বেদ, আলীক্ষিকী, ফলিত জ্যোতিষ, চারুকলা (বৈহারিক শিল্প), ভেষজবিছা, কৃষি, গো-জনন ও ব্যবদাবাণিজ্য (বার্তা)। পরবর্তী দাহিত্য শ্রুতি ও শ্বৃতি বলিয়া যে ছুইটি শন্দের বহুল প্রয়োগ দেখা যায়, দেইগুলি রামায়ণের যুগেই প্রচলিত হইয়া গিয়াছে। ব্যাকরণ, ধ্বনিশাস্ত্র, ছায় ও ধর্মণাস্ত্রে পাণ্ডিত্যের প্রভাব শিক্ষিত সম্প্রদায়ের কথাবার্তার মধ্যে দেখিতে পাওয়া যায়। দমাজে এইগুলিকে উচ্চ মূল্য দেওয়া হইত। আবার রাজা বা রাষ্ট্রের দম্বন্ধে আলোচনায়, রাজনীতির তথ্বগুলি স্ত্রী-পুরুষ নির্বিশ্বেষ দকলের জিহ্বাত্রে বিরাজ করিত। ইহা ব্যতীত অনুমান করা যায় যে, দর্বদাধারণ লোকের মধ্যে ভবিন্তুৎ শুভ ও অণ্ডভের লক্ষণ, অভুত ও অতিপ্রাকৃত ঘটনা এবং ইক্সজাল, মন্ত্র ও তপস্থার শক্তিতে বিশ্বাদ ছিল।

ও। দার্শনিক চিন্তার ফল্পধারা ও সাধারণ দৃটিভঙ্গী

রামায়ণের বহুন্থলে 'দর্শন'' ও 'প্রদর্শন'' শব্দের প্রয়োগ দেথা যায়। প্রথমটি 'দৃষ্টি' অথবা দমগ্রজীবনের প্রতি মনোভাব অথবা 'তত্বালোচনা' এই অর্থে ব্যবহৃত হইয়াছে। বিতীয়টিকে টীকাকারগণ 'শব্দ ও অন্থমান হারা স্ক্র্য় ও অতীন্দ্রিয় পদার্থের জ্ঞান' বলিয়া ব্যাথ্যা করিয়াছেন। অতিপ্রাকৃতিক ঘটনা ও অবস্থার বহু বর্ণনা সন্থেও, রামায়ণে যে অলঙ্ব্যা প্রাকৃতিক নিয়ম ও শৃঙ্খলা স্বীকৃত হইয়াছে, তাহা নিম্নোক্ত উক্তিগুলির মধ্যে দেখা যায়ঃ "যেমন বৃদ্ধ বয়দ, মৃত্যু, কাল বা দেবতার বিধান কোন বন্ধর মধ্যেই কথনও ব্যাহত হয় না…" ইত্যাদি। "পশুদিগের মধ্যে তিনটি হন্দ নির্বিকারে চলিয়া থাকে, তুমি এইভাবে তাহাদের বিষয়ে অভিভূত হইও না, কারণ এইগুলি অবশুস্থাবী" ; "পৃথিবী, বায়ু, আকাশ, জল ও আলোক প্রভৃতি নিজ নিজ স্বভাব অন্থ্যায়ী তাহাদের চিরস্তন ধারায় হয়" ; "কেহই জ্ঞলন্ত অগ্নিশিথা ম্পর্শ করিয়া দাহ হইতে অব্যাহতি পাইতে পারে না" ; এই জগতে কোন প্রাণীই চিরকাল অমর থাকিতে পারে না' —ইহা ভিন্ন, প্রাকৃতিক, নৈতিক ও ধর্মসম্বন্ধীয় আলোচনায় প্রায়ই 'মর্যাদা' ও 'স্থিতি' শব্দ ব্যবহৃত হইয়াছে। ইহাও পূর্বোক্ত দিদ্ধান্তেরই নির্দেশ দেয়। বহুসংখ্যক পারিভাষিক শব্দ ? রামায়ণের

প্রায় দর্বত্র ব্যবহৃত হইয়াছে। এইগুলি হইতে তৎকালীন দার্শনিক চিন্তার একটি প্রবল ফল্পধারার ইন্ধিত পাওয়া যায়। অবশ্য শাল্পে প্রকাশিত অতীদ্রিয় জ্ঞানদম্পন্ন ঋষিদের বাক্যের প্রতি লোকের অত্যধিক শ্রন্ধা ছিল; এবং ফ্রন্থ বিষয়ে প্রত্যক্ষ ও অনুমান প্রমাণ অপেক্ষা ঋষিবাক্যই আদৃত হইত। ২২ তথাপি কোন কিছুই এত পূজ্য ও পবিত্র বলিয়া স্বীকৃত হইত না যে, তাহাকে লোকায়ত দম্প্রদায়ের উল্লেখ রামায়ণে যথেষ্ট দেখিতে পাওয়া যায়।

রামায়ণে জীবনের প্রতি যে দাধারণ দৃষ্টিভঙ্গী দেখিতে পাওয়া যায়, তাহা একটি যথোচিত আশাবাদ বলিয়া মনে হয়। জীবনের অবশৃস্ভাবী সহচর যে স্থুখ ও ত্বংথ, তাহাদের প্রতি যে অনাদক্ত দৃষ্টি, তাহার উপর এই আশাবাদ প্রতিষ্ঠিত। উপনিষদের শিক্ষা সত্ত্বেও রামায়ণে পরবর্তী সাহিত্যের তায় জীবনকে কথনও বন্ধন বলিয়া মনে করা হয় নাই এবং জন্ম-মৃত্যুর চক্র হইতে চরম মোক্ষও পরম পুরুষার্থ বলিয়া উপদিষ্ট হয় নাই। "কোন প্রাণীই ছঃখ বিপদ হইতে মুক্ত নহে" ১ ; "অবিচ্ছিন্ন স্থথ দহজনভা নহে "১"; "জীবিত থাকিলে, যে কোন ব্যক্তির জীবনে, শত বংদর পরে হইলেও, স্থথ আদে" ' ; "স্থ জীবের উদ্বেগকারী দ্বদয়হীন পাপিষ্ঠ ব্যক্তি ত্রি-জগতের অধীশ্বর হইতে পারে, কিন্তু চিরকাল দে বাঁচিতে পারে না" ' ; "ধ্বংসেই সর্ববস্তুর পরিণতি, উত্থানের পতনে, মিলনের বিচ্ছেদে এবং জীবনের মৃত্যুতে"'দ। "তুইথানি কাৰ্চ্নথণ্ড যেমন সমুদ্ৰবক্ষে ভাষিতে ভাষিতে মিলিভ হয় এবং কিয়ংকাল পরেই বিচ্ছিন্ন হইয়া যায়, তদ্রূপ স্ত্রী, পুত্র, আত্মীয়ম্বজন, ঐশর্য সব কিছুই ক্ষণকালের জন্ম মিলিত হয় এবং তাহার পর বিচ্ছিন্ন হইয়া ষায় কারণ, বিচ্ছেদ অবশুস্তাবী। কোন প্রাণীই নৈদর্গিক নিয়ম লজ্মন করিতে পারে না; মৃতের জন্ম যে বিলাপ করে, সে এই ব্যাপারে নিরুপায়"১৯। "জীবন শ্রোতের তায় নিরম্ভর ভাদিয়া চলিয়াছে", এই কথা মনে করিয়া, "প্রত্যেকেই স্থথের দিকে তাহার চিত্তকে চালিত করিবে, কারণ সকল স্পষ্ট জীবই স্থ লাভ করিবার যোগ্য" । জীবের জন্মগত পাঁচটি ঋণের মধ্যে একটি তাহার নিজের কাছে। স্থামুভব দারা এই ঋণ পরিশোধ করিতে হয় !^{১১} কিন্তু প্রকৃত স্থুপ একমাত্র ধর্মের মধ্য দিয়াই লাভ করা যায়, কেবলমাত্র স্থ্পারেষণের মধ্য मिया बदर ।^{२२}

৪। প্রধান প্রধান ধারণা

শ্রমাজীবনের লক্ষাঃ যে সকল লক্ষ্য বা পুরুষার্থ মাহুষের কর্মপ্রচেষ্টাকে প্রভাবিত করে এবং যাহা লাভ করিবার জন্ম প্রতি মাহুষেরই চেটা করা কর্তব্য, রামায়ণের মতে দেই সব লক্ষ্য সংখ্যায় তিনটি। এইজন্ম সমগ্রভাবে ইহারা ত্রিবর্গ বলিয়া কথিত হইয়া থাকে। এই ত্রিবর্গ হইতেছে 'ধর্ম' (বা আধ্যাত্মিক পুণ্য) 'অর্থ' (অথবা ধনসম্পত্তি বা বৈষ্মিক স্থ্য-স্থবিধা) এবং 'কাম' (বা কামনার চরিতার্থতা)। এইগুলির মধ্যে ধর্ম সর্বপ্রধান এবং অপর তুইটি (অর্থ ও কাম) ধর্মের অধীন। কেবলমাত্র অর্থাসক্ত জীব এই জগতে য়ণার পাত্র হিসাবে গণ্য হইয়া থাকে, আবার অত্যধিক স্থান্থেষণও প্রশংসনীয় বলিয়া স্বীকৃত হয় নাই, কারণ ইহা শীঘ্রই মাহুষকে তুংখে লইয়া যায়।' প্রত্যেকে সমীচীন ও স্থান্মঞ্জন ভাবে এবং যথাযোগ্য সময়ে' তিরবর্গের প্রতিটি পুরুষার্থের জন্মই প্রয়ম্ব করিবে। কিন্তু যে ব্যক্তি অপর তুইটি বর্গকে অগ্রাহ্য করিয়া, কেবল স্থথের পশ্চাতে ধাবিত হয়, তাহার রুক্ষোণরি নিন্তিত ব্যক্তির স্থায় হঠাৎ পতনের পর নিন্তাভঙ্গ হয়।' ও

রামায়ণের সর্বত্র ধর্মশব্দের ব্যবহার দেখা যায়। শক্টি প্রায় বিনাবিচারে কপনও উপায় বা করণ অর্থে আবার কথনও লক্ষ্য অর্থে ব্যবহৃত হইয়াছে। শাল্পে বিহিত অথবা শিষ্টলোকের দারা অনুমোদিত ধর্ম, সমাজ এবং নীতি সম্বন্ধীয় যে কোন অথবা দর্বপ্রকার কর্তব্য কর্মই ধর্ম। ভারতীয় চিন্তাধারায় ধর্মেব ধারণা সর্বকালেই অতি গভীর তাংপর্যপূর্ণ। ধর্ম শব্দের ব্যুৎপত্তি উহার অর্থের পরিচায়ক। বৈদিক যুগে 'ধর্ম' শব্দটি ধর্মন্ (ঃ √ ধু = "ধারণ করা") এই আকারে "অবলম্বন", বা "দহায়ক", "বিধি" বা "অফুশাদন" বুঝাইত। পরবর্তীকালে স্বাভাবিক ক্রমবিকাশে ইহার নিম্নলিথিত অর্থগুলিও হইয়াছিলঃ "কোন বস্তুর অন্তর্নিহিত স্বভাব", "প্রচলিত রীতি", "ধর্মীয় অফুশাদন" এবং "কর্তব্যকর্ম"। ধর্ম শব্দের এই দকল অর্থ অভাবধি অক্ষুণ্ণ বহিয়াছে। স্থতরাং যাহা এই বিশ্বজগৎ ও সমাজকে ধারণ করিয়া আছে, ধর্ম শব্দ এই অর্থেই ব্যাখ্যাত হইয়াছে। "ধর্ম এই জগতে দর্বশ্রেষ্ঠ" এবং "দকল বস্তুর স্থূদৃঢ় আশ্রয়"। ১৬ "বৈষয়িক স্থােগ-স্থািধা বা স্থথ এই ধর্ম হইতেই উচ্চত হয়, ধর্মের মধ্য দিয়াই সকলে সব কিছু লাভ করিতে পারে; ধর্ম এই জগতের বিধারণ শক্তি (বা সার) ২০ ধর্মকে যে রক্ষা করে ধর্ম তাহাকে রক্ষা করে" ২৮ এবং গাঁহারা ধার্মিক ও সত্যনিষ্ঠ তাঁহাদের মৃত্যুভয় থাকে না"। ১৯ কিন্তু ধর্ম অধর্মকে বিনষ্ট করিতে পারে না। ধর্মের ফল ষেমন অবশ্রস্তাবী, অধর্মের ফলও তেমনি অবশ্রস্তাবী।""

ধর্মের পথ অতি স্ক্রা, এমনকি জ্ঞানীব্যক্তির পক্ষেও ইহার তাৎপর্য উপলব্ধি করা অত্যন্ত কট্টদাধ্য। ত এই জগতের ঘটনাবলীর তাৎপর্য ছুজের ; গ্রায়ের দিক হইতে ইহাদের দমর্থন হইতে পারে কিনা দেই সম্বন্ধে মনে প্রায়ই দক্ষেহ উদিত হয়। ত ধর্ম ও অধর্মের ফল স্থা ও জ্বথের মধ্যে এই জগতে আপাতঃদৃষ্টিতে এমন বৈপরীত্য দেখা যায় যে, কখনও কখনও ধর্ম ও অধর্মের শক্তি এমনকি ইহাদের অন্তিম্ব সম্বন্ধেও প্রশ্ন জাগে; এবং লোকে ক্ষমতা, ঐশ্বর্য কৌশলে কার্যদিদ্ধির সমর্থন করে, ত আর বাহারা ধর্মের জন্ম স্থাবের পথ পরিত্যাগ করিয়া কচ্ছু দাধন করেন তাঁহারা হাস্থাম্পদ বিবেচিত হন। ত

স্থান্ত ব ও ধর্মঃ রামায়ণের যুগে বৈদিক দেব-দেবী সকল সম্পূর্ণভাবে মানবীয় আকারে রূপান্তরিত হইয়াছিলেন এবং বহু নৃতন দেব-দেবীরও প্রবর্তন ইইয়াছিল। তাহাদের অমরত্ব অদীম নহে। উহা সাধারণ মান্থযেরই অতিমাত্রায় বর্ধিত আয়ুঙ্গাল মাত্র। সাধারণ মান্থয়ও পুণ্যকর্ম দারা তাহাদের স্তরে পৌছিতে পারিত। কিন্তু ইহাদের মধ্যে ত্রন্ধা, বিঞ্ ও মহেশ্র নামক তিনজন অতিদেবতারও আবির্ভাব হইল। তাহারা বিশ্বের.পৃষ্টি, স্থিতি ও লয়ের কর্তা এবং পরম ত্রন্ধের ত্রিবিধ পৌরুষ্ধের অভিব্যক্তি বিলিয়া পরিগণিত। ইহারা ত্রিমূর্তির অঙ্গ। 'অজ', 'শাশ্বত', 'কুটস্থ', 'বিভূ', 'অসীম', 'পরম কারণ ও সর্বাধার' প্রভৃতি যে সব বিশেষণে পরব্রন্ধকে বিশেষিত করা হয়, সমষ্টি ও ব্যষ্টিরূপে এই ত্রিদেবতাকেও সেই সব বিশেষণে বিশেষিত করা হইল। ' বন্ধার কারণ যে অপৌরুষ্বের ত্রন্ধ, তাহা অব্যক্তং বা আকাশ্বং (সর্ব্ব্যাপী) এবং আত্মা বা পরমাত্মা। সর্বভূতের আত্মা) নামে অভিহিত হইল। ত আর জীবাত্মার বিশিষ্ট নাম হইল ভূতাত্মা (ইন্দ্রিয় বা ইন্দ্রিয়ান্থভবে প্রতীয়মান আত্মা) বা লিঙ্কিন্ (চিহ্বিশিষ্ট)। পরম-ব্রন্ধনিষ্ঠ যে অনির্ব্চনীয় শক্তিবশতঃ বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয় সংঘটিত হয় ও ব্রন্ধের পৌরুষের রূপ গ্রহণ সম্ভবপর হয়, তাহার নাম মারা। ই ব

ধর্ম বিষয়ে, বৈদিক পূজা-পদ্ধতির সহিত মন্দিরে অধিষ্ঠিত বিগ্রহ পূজার প্রথাও প্রবর্তিত হইল। নৈবেতের বিভিন্ন উপচারের সহিত পূজা, গদ্ধ, মিষ্টান্ন এবং সকল প্রকার উৎকৃষ্ট থাত-সামগ্রীও যুক্ত হইল; এবং ফলে "কোন ব্যক্তির নিজের থাত ও তাহার দেবতার থাত এক" ১২ এইরপ কথা একেবারে নিঃসন্দিশ্ধ সত্যে পরিণত হইল। এই প্রসঙ্গে "যথার্থ ভঙ্গীতে উপবেশন" (আসন) ১৩, খাস-নিয়ন্ত্রণ (প্রাণায়াম) ১৯, চিত্তের একাগ্রতা (ধ্যান) ১৫, এবং পূর্ণ মনঃসংযোগ (যোগ ও সমাধি) এবং নানাপ্রকার ব্রত উপবাসাদির বিষয় বহুন্থলে লিখিত আছে। তপস্তা,

রামায়ণঃ প্রধান প্রধান ধারণা

বেদের নির্দিষ্ট অংশ অধ্যয়ন, বাহ্মণ ও দরিদ্রের প্রতি বদাগুতা, আতিথেয়তা, পিতৃ-পুরুষ ও বাহ্মণদিগের প্রতি শ্রহ্মা-প্রদর্শন প্রভৃতিও পুণ্যকর্মের অস্তভৃতি।

পূজা-অর্চনাদির ব্যাপারে লোকের মনোভাব থুব উদার ছিল বলিয়া মনে হয়;
এবং পরবর্তী যুগের সাম্প্রদায়িক সঙ্কীর্ণতার আদে কোন প্রশ্নই ছিল না।

চিন্তার আবহাওয়ার মধ্যে সন্ন্যাদের ভাব বেশ প্রবল ছিল। বিভিন্ন সম্প্রদায়ের °৬ দীক্ষিত সন্ত্রাসী ছাড়াও প্রত্যেক ধার্মিক নরনারীর আচার-ব্যবহারের মধ্যেও সন্মাদের প্রভাব দেখা যাইত। তাপস ও শ্রমণ নামে সম্ভবতঃ হুই শ্রেণীর সন্মাসী ছিলেন (উভয়ের মধ্যেই নারীদেরও স্থান ছিল) ^{৪৭}। এই তুই শ্রেণীর মধ্যে কোন সুন্ম পার্থক্য থাকিলেও, রামায়ণে কোথাও তাহার কোন স্পষ্ট উল্লেখ নাই। সন্মাসী ও সন্ন্যাসিনী অর্থে যথাক্রমে ভিক্ষু ও ভিক্ষুণী শব্দের উল্লেখ পি পাওয়া যায়। সাধারণ উপায়ে যে সকল বস্তু লাভ করা একপ্রকার অসম্ভব, যদিও তাহাদের জন্তই প্রায়শঃ লোকে তপভার আশ্রয় গ্রহণ করিত, তথাপি শ্রেষ্ঠ সন্মানীদের মধ্যে সম্ভবতঃ তপস্থার উদ্দেশ্য উচ্চতর ছিল। ইহারা ইন্দ্রিয় ও হৃদয়াবেণের সংযম, বৈরাগ্য এবং দর্বজীবের প্রতি দহাত্মভৃতি ও করুণা দারা এক পরিপূর্ণ মানদিক দাম্যভাব লাভ করিতে সচেষ্ট হইতেন। " ইহা পূর্বেই বলা হইয়াছে যে, রামায়ণে পূর্ণ মুক্তি বা মোক্ষের স্পষ্ট উপদেশ নাই। কিন্তু মাঝে মাঝে এই জাতীয় ইঙ্গিত পাওয়া যায় যে, মোক্ষলাভই তপস্থার উদ্দেশ্য। শ্রেষ্ঠ তপস্বীদের পরম লক্ষ্য 'ব্রন্ধলোক' বলিয়া অভিহিত হইয়াছে। কিন্তু ব্রহ্মলোক শব্দটি দ্বার্থবোধক (উহা কি ব্রহ্মের লোক, না ব্রহ্মার লোক ?)। ৫০ এইরপ প্রতীয়মান হয় যে, রামায়ণের মতে সন্মাসের অন্তিম স্তরের বৈশিষ্ট্য হইতেছে, দৈহিক স্থথ স্বাচ্ছন্যের প্রতি পরিপূর্ণ উপেক্ষা এবং নিয়ত আত্মানুধ্যান। "

নীত-বিজ্ঞানঃ ধর্মের অবিচ্ছেল্য অংশব্ধপে নৈতিকগুণের মূল্য রামায়ণে এত বেশী দেওয়া হইয়াছে যে, ইহাকে "কাব্যে-রূপান্তরিত-নীতি-বিজ্ঞান" বলিলে ভুল হইবে না। এইরূপ তুরুহ কাব্য-রচনায়, ইহা যে কতথানি কৃতকার্য হইয়াছে, তাহা যুগে যুগে লক্ষ লক্ষ ভারতবাদী ইহার প্রতি যে অগাধ প্রীতি ও শ্রদ্ধা দেথাইয়াছে, তাহা হইতে বুঝা যায়। সর্বভূতে দয়া, সত্যবাদিতা, আয়ুদংঘম, ধর্য, অপরের ক্রটি দম্বন্ধে সহন্দীলতা, আতিথেয়তা, আশ্রয়প্রার্থী শক্রকেও আশ্রয় দান, মন, বাক্ ও কর্মের বিশুদ্ধতা প্রভৃতি সংগুণাবলীকে রামায়ণে বিশেষভাবে প্রশংসাণ করা হইয়াছে। মাতা-পিতা, আচার্য, জ্যেষ্ঠন্রাতা, পতি ও প্রভুর প্রতি ভক্তি এবং কনিষ্ঠদের প্রতি তাঁহাদের তদক্রমণ স্বেহ এই সব সদ্গুণের উপর বারবার বিশেষ গুরুত দেওয়া

হইয়াছে। একদার-গ্রহণ ও সতীত্ব সর্বশ্রেষ্ঠ গুণগুলির মধ্যে স্থান পাইত। ১ সাধারণ অবস্থায় স্ত্রীলোকেরা পিতা, স্বামী ও পুত্রের উপর নির্ভরশীল ছিলেন এবং দর্ব অবস্থায়ই তাঁহার। দহদয় ব্যবহার পাইবার যোগ্যা ছিলেন এবং কোন স্ত্রীলোককেই হত্যা করা নিষিদ্ধ ছিল। ^{৫ ৪} স্ত্রী ছিলেন স্থামীর অবিচ্ছেত অঙ্গ বা অধান্ধিনী। ধর্মাচরণ ক্ষেত্রে তিনি ছিলেন সাথী বা সহধর্মিণী। তিনি সর্বদাই বিশেষ আদর ষত্মের পাত্রী ছিলেন। ° চরিত্রই ছিল স্বীলোকের শ্রেষ্ঠ বর্ম। ° ৬ সতী ও স্বামীভক্ত স্ত্রী সমাজে অতুলনীয় শ্রদ্ধা ও সম্মান লাভ করিতেন, যাহা কোন উচ্চন্তরের সন্মাদীর সম্মান অপেক্ষা কম নয়। রাজার উচ্চন্থান জনসাধারণের ভালবাদা ও দম্মতির উপর নির্ভর করিত, এবং রাজা নররূপী দেবতা বলিয়া সম্মানিত হইতেন। কারণ, রাজাই ছিলেন জনদাধারণের^{ে ৭} ধর্ম, ধন ও প্রাণের রক্ষাকর্তা। কিন্তু বিশেষ স্থযোগস্থবিধা ভোগ করিয়াও তিনি যদি তাঁহার কর্তব্য কর্মেণ্ট অবহেলা দেখাইতেন তাহা হইলে তাহা গহিত অপরাধ বলিয়া গণ্য হইত। বিচারক ও তায্য শান্তিভোগকারী দোষী ব্যক্তি উভয়েই স্বর্গে যায়। "> যে প্রথমে আঘাত করে, তাহাকে হত্যা করা পাপ নহে; কারণ যে কোন উপায়েই হোক ১০ প্রত্যেককেই নিজের জীবন রক্ষা করিতে হইবে। কিন্তু যুদ্ধক্ষেত্রেও যদ্ধে বিরত, ল্কায়িত এবং কর্যোড়ে আশ্রয়-ভিক্ষাকারী, পলায়নরত ও মাতাল শক্তকে হত্যা করা উচিত নংহ। ১১ রাজা, স্বীলোক, শিশু ও বুদ্ধকে হত্যা করা কিম্বা আম্রিত ব্যক্তিকে পরিত্যাগ করা গুরুতর পাপ^{১২} বলিয়া গণ্য হইত।

নৈতিক নিয়মের আত্যন্তিক অলজ্যানীয়তা রামায়ণে একাধিকবার* স্পাইতঃ উক্ত হইয়াছে। কিন্তু মাঝে মাঝে ছুনীতিপরায়ণ ব্যক্তির মুথে এবং সংসারে কথনও কথনও নীতিমত্তার অনাদর দেখিয়া, তাহার প্রতিবাদরূপে নীতিধর্মের নিন্দাও পাওয়া যায়। মায়িক সীতাকে হত্যার সময়ে ইক্সজিৎ বলিয়াছিলেন, "হে বানর! তোমরা বল যে জ্বীলোককে হত্যা করা উচিত নহে, কিন্তু শক্রকে যাহা কষ্ট দেয় তাহাই করা উচিত। তি সমুদ্রের ব্যবহারে ক্ষুক্ত হইয়া রামচক্র বলিয়াছিলেন, "জগতের লোক যাহারা অহকারী, অসং-হাদয় ও নির্লজ্ঞ এবং সকলকে অকারণ কষ্ট দেয়, তাহাদিগকেই সম্মান করে," আবার "প্রহার ও বলপ্রয়োগই এই জগতে কার্যদিন্ধির সর্বাপেক্ষা শ্রেষ্ঠ উপায় বলিয়া মনে হয়; অকৃতজ্ঞের প্রতি ক্ষমা ও মিষ্ট বাক্যে এবং তাহাকে উপহার প্রদানে ধিক।" তি

নৈতিক স্থায়-অন্থায় নিধারণ করিবার সময়, নিমোক্ত বিষয়গুলি বিবেচিত হইত: (১) পারলৌকিক কল্যাণ (২) শিষ্টলোকের অন্থমোদন (৩) অন্যলোকের নীতির উপর প্রভাব এবং (৪) নিজের সদসদ-বিবেকবৃদ্ধি ও আ্বাসুস্থান। ৬৭

অণুগ্রাদ: রামায়ণে প্রায়ই দেখা যায় যে, অপরিহার্য তুর্দশায় পড়িলে লোকে অদুষ্টবাদের আশ্রয় গ্রহণ করে। "যাহা যুক্তির বহিভূতি তাহাই দৈব। সূর্বভূতে ইহার গতি অব্যাহত।"^{৬৮} দৈব কালে পরিপক্ত। লাভ করে এবং উভয়ে এইরূপ অবিচ্ছেগ্য-ভাবে দম্বন্ধ যে, জগতে যাহা কিছু ঘটে কালকেই তাহার জন্ত দায়ী করা হয়। কথনও কথনও আবার দৈবকে সকল ভূতের অমোঘ নিয়ন্তা (নিয়তি) রূপে দেখা হইয়াছে। তারার প্রতি শ্রীরামচন্দ্রের ভাষণে এইরূপ মতবাদ দেখিতে পাওয়া ষায়। ¹° "নিয়তি এই বিশের কর্তা; নিয়তি ক্বতকার্যতার সহকারী; বিশের সর্ব-ভূতের কর্মই নিয়তির উপর নির্ভর করে। কাহারও কিছুই করিবার ক্ষমতা নাই; নিজের কর্ম বিষয়েও নিজের কোন কর্তৃত্ব নাই; জগং আপনি স্বাভাবিক গতিতে চলিতেছে; এবং কাল ইহার চরম আশ্রেমন্তন। কাল নিজের স্বরূপ কথনও অতিক্রম করে না, কালকে কথনও পরিহার করাও যায় না; কোন কিছুই স্বীয় নির্ধারিত স্বরূপ প্রাপ্ত হইয়া, তাহা কথনও অতিক্রম করে না। কালের সন্মুথে কোন সম্বন্ধ, কোন যুক্তি, কোন শক্তিরই মূল্য নাই; কালের উপর বন্ধুত্ব বা আত্মীয় স্বজনের দহিত দম্বন্ধের কোন প্রভাব নাই; ইহা মাতুষের ক্ষমতার বাহিরে। কিন্তু যে যথার্থ দেখিতে পায়, মে কালের বিবর্তন লক্ষ্য করিতে পারে; ধর্ম, অর্থ ও কাম কালক্ৰমেই লব্ধ হয়।" কিন্তু ভাগ্যকে প্ৰায়ই বৰ্তমান বা পূৰ্বজন্মের সঞ্চিত কর্মের পরিপক অবস্থা বলিয়া অভিহিত করা হইয়াছে। ইহার মধ্যে জন্মান্তরবাদে বিশ্বাদ অন্তর্নিহিত। ° > ইহা স্পষ্ট যে, নিয়তিবাদ ও কর্মবাদ ছুইটি বিভিন্ন দৃষ্টিভঙ্গী হইতে উদ্বত হইয়াছে: একটি মতবাদে জীবকে এই বিশাল বিশের অতি ক্ষ্ত তুচ্ছ অংশরূপে দেখা হইয়াছে, এব: অপর মতবাদে প্রতি জীবই অপর জীব হইতে স্বতন্ত্র, স্বতনাং তাহার ভান্যে যাহাই ঘটুক, সেই তাহার হল্ম দায়ী, এথানে অন্তায় বা আকস্মিকতার কোন অবকাশ নাই।

দৈবের প্রতি রামায়ণে এই জাতীয় দশান প্রদশিত হইলেও মান্থবের চেষ্টার মূল্যকে (পুরুষকার বা পৌরুষকে) কোথাও ছোট করা হয় নাই। আদলে কৃতকার্যতা অদৃষ্ট ও পুরুষকার উভয়ের "ই উপরই নির্ভর করে বলিয়া মানা হইয়াছে। পূর্বমতবাদদ্বয়ের দ্বিতীয়টিতে পুরুষকারের মূল্যও স্বীকৃত হইয়াছে। কারণ এই মতে দৈব পূর্বপুরুষকারেরই পরিণতাবস্থা। " পুরুষকারের কোন কোন উগ্র সমর্থক মাস্থবের প্রচেষ্টার সম্মুথে দৈবকে তুর্বল বলিয়াছেন এবং উহাকে কুপার চক্ষে দেথিয়া-

ছেন, এবং কালের শক্তির নিকট মন্তক নমিত না করা মাহুষের একটি মহৎ গুণ বলিয়া মনে করিয়াছেন। १৪১

জড়বাদ : রামায়ণে নান্তিক বলিয়া পুন:পুন: নিন্দিত জড়বাদীদের মত যাহা শ্রীরামচন্দ্রে নিকট বালীর ভাষণে সংক্ষেপে পাওয়া যায়, তাহা নিমে প্রদত্ত হইল:

জীব একাই জন্মগ্রহণ করে, এবং একাই ধ্বংস প্রাপ্ত হয়; তাহার কোন আত্মীয় বা বন্ধু নাই। স্থতরাং যদি কেহ ইনি আমার পিতা বা মাতা এইরূপ চিন্তার বশীভূত হয়, তাহা হইলে তাহাকে উন্মত্ত বলিয়া মনে করিতে হইবে। মান্তবের পক্ষে 'পিতা', 'ভাতা', 'গৃহ', 'ধন' স্বই ভাম্যমাণ পথিকের বিশ্রামাগারের তুল্য। কোন বৃদ্ধিমান ব্যক্তি এই সকলে আদক্ত হন না। জীবের জন্ম বিষয়ে পিতা ওধু সূত্রপাত করেন; প্রকৃতপক্ষে মাতৃগর্ভে বীর্য ও রজের মিশ্রণেই জীবের উৎপত্তি হয়। মৃত্যুতে জীব তাহার জীবনের অবশ্রস্তাবী পরিণতি লাভ করে; ইহাই জগতের নিয়ম; আর ইহাতে কাহারও ত্রুথ করিবার কিছু নাই। যাহারা আধ্যাত্মিক পুণ্যকে ঐশ্বর্য অপেক্ষা অধিক মূল্য দেয়, তাহারা সত্যই রূপার পাত্র, অপরে নহে। কারণ, তাহারা এই জগতে ত্বংথ ভোগ করে এবং পরিণামে মৃত্যুতে ধ্বংসপ্রাপ্ত হয়। সাধারণ ব্যক্তিরা পিতৃপুরুষদের অন্ত্যেষ্টিক্রিয়া ও শ্রাদ্ধাদির জন্ম বিশেষ ব্যগ্রতা প্রদর্শন করিয়া থাকে; কিন্তু ইহা কেবলমাত্র থাতাদির অপচয়। কারণ, মৃত ব্যক্তিরা কি খাইতে পারে? যদি একজনের দারা ভুক্ত দ্রব্য অপরের দেহে স্কালিত করা সম্ভবপর হয়, তাহা হইলে যাহারা বিদেশে বাস করিতেছে তাহাদের জন্ম খাতাদি প্রেরণ না করিয়া গৃহেই তাহাদের উদ্দেশ্যে খাতাদি নিবেদন করা সঙ্গত হইবে। 'আয়ত্যাগ', 'দান', 'দীক্ষাগ্রহণ', 'তপস্থা', 'সন্ন্যাদ'—প্রভৃতি সম্বন্ধে যে-সব শাস্ত্রবাক্য আছে, দেইগুলি ধূর্তব্যক্তিদের দারা রচিত হইয়াছে, স্থতরাং বুদ্ধিমান ব্যক্তি এইরূপ জানিবে যে, এই জগতে অন্ত কিছুই নাই; যাহা ইন্দ্রিয়-গ্রাহ্য শুধু তাহাই বিখাদ করিয়া অন্ত দব ধারণা পরিত্যাগ করিতে হইবে। ' '

জাবালির এই সকল নান্তিক ভাব ঠিক চার্বাকের মতবাদের হায়। অবশ্য দেখানে কোথাও চার্বাকের নামের উল্লেখ নাই।

৫। উপদংহার

রামায়ণের পূর্ববর্তী আলোচনা হইতে বৃঝা ঘাইবে যে, উহা একটি হৃদয়গ্রাহী মানবভার রসে পরিপূর্ণ কাব্য এবং উহাতে দর্শনের এমন একটি ব্যবহারিক মতবাদ

রামায়ণ: দ্রেষ্টবা

আছে, যাহাতে নীতি ও ধর্মের স্থান খুব গুরুত্বপূর্ণ। উচ্চ দার্শনিক তত্ত্বাদি ও নান্তিক সম্প্রদায়ের মতবাদ শুধু প্রদন্ধতঃই আলোচিত হইয়াছে। এবং উহা হইতে আমরা তৎকালীন সংস্কৃতির কিছু পরিচয় পাই। লোকায়ত-সমত 'আহীক্ষিকী' ব্যতীত নাম নির্দেশ করিয়া অন্ত কোন দার্শনিক সম্প্রদায়ের উল্লেখ রামায়ণে নাই; এবং বিশেষ সম্প্রদায়ের কোন বিশেষ মতবাদের কথাও বলা হয় নাই। কিন্তু বছ পারিভাষিক শন্ধ ও সাধারণ চিন্তাধারা হইতে স্পষ্ট ধারণা করা যায় যে, রামায়ণের যুগে বিভিন্ন ধারায় দার্শনিক চিন্তা যথেই অগ্রসর হুই বিছিল। সাম্প্রদায়িকতার কোন নিদর্শন পাওয়া যায় না। অবশ্য বিভিন্ন দেব-দেবীর প্রতি ভক্তির বহু উল্লেখ আছে। মোটাম্টি ভাবে বলা যাইতে পারে যে, রামায়ণের দর্শনে যুক্তিহীন মতাভিমানও নাই এবং সাম্প্রদায়িক বদ্ধমূল ধারণাও নাই। এইজন্য উহা চিরকাল বিশ্বমানবের কাছে আদর পাইবার যোগ্য।

দ্ৰপ্তব্য

- ১। Macdonell, History of Sanskrit Literature--পুঠা ৩০৮
- ২। Jacobi, Das Ramayana—পৃষ্ঠা ১০০—১১১
- 661081P 6160615 1 C
- ৪। হাহ্যাড৪, ১০৯৮০, আভভায়ের, ধায়দারক, হদাডর, ভাহ্যাচহ, ডাধ্যা, পার্গায়ড, পার্কৃতি।
- a 1 5|a 0|8 0
- 61 616819¢
- ৭। ২।৭৭।২৩
 বিভিন্ন ভালকারগণ কর্তৃক এই ছন্দগুলির বিভিন্ন ব্যাখ্যা করা হইয়াছে। যেমন "কুং-তৃষ্ণা, ছঃখ এবং মোহ, বৃদ্ধ বয়দ এবং মৃত্যু", বা "জন্ম এবং মৃত্যু , হুখ এবং ছঃখ, লাভ এবং ক্ষতি," বা "অন্তিহ, জন্ম, বৃদ্ধি, ক্ষয়, পরিবঠন এবং ধ্বংদ।"
- ৮। ৬।২২।২৩
- ٩ ١ الادراك ، ١٥ ١٥ ١٥ ١ ١
- ১০। ৭।৩০।৯ , অধিকস্ক ১০।১৭
- ১১। অনুপপর (অযৌক্তিক), ৬।৬৪।১১, অনুমান, ৪।৬।৯; ১০।৩৪, ৬।১৮।৩৭, "অনুমিতি জন্ম জান", ৫২।১৬; অব্যক্ত (অনভিব্যক্ত), ১।৭০।১৯, আকাশ (বস্তুণ্ন্ম দেশ)> (সর্বব্যাপী সত্তারূপে ব্রহ্ম), ১।৩৪।৪, ২।১১০।৫, ৭।১১০।১০; ইন্দ্রিয় (প্রত্যক্ষেব করণ), ৫।৯।২৯; ইন্দ্রিয়ার্থ (ইন্দ্রিয় বিষয়), ৫।৯।২৯; ৬।৯৩।২২; উপপত্তি (বিচার), ৫।৯।৩৯; উপপন্ন (যৌক্তিক),

২৷১১৮৷১৫ . তত্ত্ব (চরম সন্ত!), তত্ত্বজ্ঞ (চরম সন্তার জ্ঞাতা), ২৷৭৭৷২৪ : তমস (গুণক্রয়ের একটি গুণ), ২।১০৯।১৭ : তর্ক (যৌক্তিক বিশ্লেষণ), ৪।৩২।৯ : ডা২।৭ : ত্রিবর্গ । তিনের, অর্থাং ধর্ম, অর্থ এবং কামের সমষ্টি । ৪।৩৮।২৩ ় নিঃশ্রেয়দ (সর্বোত্তম মঙ্গল), ৬।৬৪।৮ ় নিসর্গ (প্রকৃতি), ৪। ৫৮।৩০-৩১: ক্সায় (যুক্তি বা অমুমান বাক্য), ৩।৫০।২২ : ৭।২২।২৪।৩০ : পঞ্চল্প (পঞ্চল্ড মিশিরা যাওয়া)। ৪।১১।৪৬ . ৫।১৩।২৩ : পঞ্চর্গ (পাঁচের, অর্থাৎ পঞ্চ ইন্সিয়ের সমষ্টি). ২।১০৯। ২৭. পরুষার্থ (মানুসের কর্মপ্রচেষ্টার লক্ষা), ৬।৬৪।১০, ৫।১৩।১৮, ব্রহ্মভুত (যে বা যাহা ব্ৰহ্মাছে) ১া৬৩া১৬ . ভাব (বস্তু), ২া৯৪া১৮ , ভত (সন্তা), ৩া৬৪া৭৫ , ৭া৩৪া১৯ . (জীবন্ত সন্তা), ২।৭৭।২৩. (মৌলিক পদার্থ সকল)>(মনসহ ইন্দ্রিয়াদি), ৭।৯৬।২১. ভূতান্ম। (জীবান্মা), ভাম্তাংং, মর্যাদা (সীমা, প্রতিষ্ঠিত ব্যবস্থা; যথাযোগ্যতা), ২।৩৫।১১; ৩। ৬৪। ৬৪ ইত্যাদি ্মায়া (ছুত্তর্য় ঐথরিক শক্তি), ৫। ৫৪। ৩৭ , ৭। ১০৪। ২। ৪।৫ , ১১০। ১১ , মায়া-যোগ = (স্পষ্টতঃ যোগমায়া), যোগরূপী মায়া ১। ২৯। ৯ , মোছ (ভ্রান্তি), ২। ৫৪। ৩০ , এবং সম্মোহ (ভ্রান্তিমূলক), ৭।৮৪। ১, যোগ (আম্মুনিবিষ্ট্রা), ২।২০।৪৮, ৩।৬।৬, রাগ (কামাদি হুদুয়াবেগ), ২। ২। ৪৪ ়েও। ৫৫। ১৬, রাজস (রজোজন্ম, রজঃ হুইতেছে প্রকৃতির একটি গুণ), ে। ৫৫। ১৬, রূপ (मेलु।), ৬। ১১৬। ৩০, লক্ষণ (পদ্রে অর্থনিধারক বচন, বা যপায়প বর্ণনা), ৬।৬৪।৬, বাদ (বিতর্ক), ১।১৪।১৯, ৬।১৭।৫২, বিপাক (কর্মের প্রিণতিলাভ) ৫। ৬৪। ৪ বাাবিদ্ধ ৩। ২। ২৭, এবং ব্যাহত ২। ১০৬। ১৮ (স্থ বিরোধী), সঙ্গ (আনস্ক্রি), ২।৩৭।২ সত্ত গুলিব মধ্যে একটি) ৭।৫৮।৬ (মন) ২।৩৯।৩২ . (আল্লা), ২। ২১। ৩৯ , সমাধি (আহৈ কাগ্রতা), ৪। ৩০। ১৬। ১৭ , ৭। ৪৯। ৮ , শ্বভাব (স্বীয় প্রকৃতি), ৬।২২।২৩,৬৪।৬।

- 251 0160155
- 201 21200100-02
- 181 016616
- 76: 2174170
- 251 6108 15.512512
- 291019
- 241 21206 120=0165 122
- 221 5120615A---5A
- २०। २। २०६। ७२, ६। २२--२२ এहे स्कार्ज ७ ऐस्सर्थ आहि।
- ২১। ২। ৪। ১৩—১৪ অস্ত চাবিটি হইতেছে দেবতা, ঋষি, পিতৃপুক্ষ এবং ব্রাহ্মণদের প্রতি। যজ্ঞ, অধ্যয়ন, পুক্রোৎপাদন ও দানদ্বারা যথাক্রমে ইইাদের ঋণ পরিশোধ করিতে হয়। ইহার সহিত পঞ্চ মহাযক্ত তুলনীয়।
- २२। ७।२।७०--७३
- 201 2123169-64
- २8 | २ | ३०० | ७२ --- ७७
- २६। ४। ७৮। २० --- २२ . २। ६७। ४७ अल्डेवा।

রামায়ণ: ক্রপ্টবা

```
251 2123183 910130
२१। ७ । ३ । ७०
२४। २।२६।७
২৯। ৬।৪৬।৩২
921 8135,30
٥٢ - ١٥٦ ع د ١ عه و ١ عه و ١ ٩١ ع و ١ ٩١ ع ، ١ ١ ع د ١ ع - ١ ع
20 | 6 | 68 | 6-2 | 50 | 58-82 | 50 | 5-6
08 | 2 | 3 0 3 0 | 5 0 | 5 0 | 5
001 2130010,0,6,61339130-25,91012
७७। ১।१०।১৯
091 2133010.91330130
८६ | ८६ १०० १८० । ५०
801 6120180
831 3136136 2818 6188 69 913 812, 8, 6, 330 133
82 | 2 | 300 | 00 , 308 | 30
36 | 66 | 6 | 68
७८। २।४।७७ १।१।७
९६। २।७।5
851 91912-5
८४। २।२२।२७,८।७।२,२७
७३। २।७१।२७
د< ۱ ح اده د ۱ ع ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د ۱ ع د د ۱ ع د د
 401 2168180 22136.339120-2
              ১ । ७२ । २১ , २ । ७১ । २८ , ४ । ७७ । ७७, ७৯, ७১ , २ । १४ । २১
 66 | 2 | 09 | 28 0 | 30 | 23 . 8 | 28 | 09 --- b . 66 | 20 -- 8
```

491 213.218,013134-20,8134183-0

वमा ७।७।३३,

69 | 8 | 74 | 62

- ७० | २ | २७ | २८ . ७ | २ | ३८ 921 9180 102 8122109
- ७२। २।१६।७१
- 8-58 | 022 | 03 | 8 | 606 | 5 | 00
- 481 4147 184
- **661 6123136--36**
- ७७। ७।२२।8৫
- 35-8-1 41-66. 6-01 6061 7 198
- ७४। २।२२।२०
- 47 | 2 | 28 | 00 . bb | 55 , 0 | 6b | 25 , 92 | 56 , 6 | 02 | 50 , 76 | 8b
- 901 812018--
- 92 | 3 | 3 | 189 | 6 | 0 0 | 132 | 0 | 90 | 0
- १७। २ | २७ | १. ১৬--- २०
- 981 213103
- 901 2120010--29

গ্রন্থবিবর্ণী

রামায়ণের বিভিন্ন সংস্করণ

বঙ্গদেশীয় পাঠ। জি গোবেনিও সম্পাদিত, পাঁচ খণ্ড, পাারিস, ১৮৫০।

উত্তর পশ্চিমাঞ্চলীয় পাঠ। বিখবন্ধ শাগ্রী এবং ভগবদ দত্ত কর্তৃক সম্পাদিত। ১—৭ খণ্ড, লাহোর।

বোদ্বাই দেশের পাঠ। তিলক টীকাসহ: ভি. এল. পনসিকর সম্পাদিত। চতর্থ সংশোধিত সংস্করণ। নির্ণয়সাগর প্রেস, বোম্বাই, ১৯৩০।

তিলক, শিরোমণি এবং ভূষণ টীকা সংবলিত, এম. কে. মুধোলকর সম্পাদিত, সপ্ত খণ্ড, বোম্বাই, ১৯১৩-২০

অমুবাদ

(ইংরাজী ভাষায় প্রচাকারে)—আর. টি. এইচ. গ্রিফিথ, বেনারস, ১৮৯৫। নতন সংস্করণ, এম. এন. বেশ্বটম্বামী সম্পাদিত। বোম্বাই, ১৯১৫

(ইংরাজী ভাষায় গঢ়াকারে)—মন্মথনাথ দত্ত, কলিকাতা ১৮৯২-৯৪

রামায়ণ সম্বন্ধে আলোচনা গ্রন্থ

Jacobi, H.: Das Ramayana. Bonn 1898.

Vaidya, C. V.: The Riddle of the Ramayana, Bombay and London, 1906.

Ruben, W.: Studien Zur Textgeschichte des Ramayana, Stuttgart, 1986.

Macdonell, A. A.: History of Sanskrit Literature (London, 1918), pp 802-17. Winternitz, M. : History of Indian Literature, Vol, I (English translation by

Mrs. S. Ketkar, Calcutta 1927) pp 475 517.

नक्ष्म निवरम्

মহাভারত ও ভগবদৃগীতা

১। গ্রন্থানির দাধারণ প্রকৃতি

মহাকাব্যে বর্ণিত দর্শন প্রধানতঃ মহাভারতে লক্ষিত হয়। বহু পৌরাণিক, ও উপদেশমূলক বিষয় উক্ত গ্রন্থে থাকায় ইহার আলোচনার ক্ষেত্র অধিকতর ব্যাপক হইয়াছে; এমন কি ইহাতে প্রত্যক্ষভাবে কতকগুলি ধর্ম ও দর্শনের মতও শিক্ষা দেওয়া হইয়াছে। কিন্তু এই দিক হইতে গ্রন্থথানিব স্থসক্ষত বিশ্লেষণ করা কঠিন। কারণ ইহার মধ্যে যে নানা পরস্পরবিরোধী কথা আছে, তাহাতে কোন শৃন্থলা বা সক্ষতি কদাচিৎ দেখা যায়। ইহার কারণ এই যে, মহাভারত একজন গ্রন্থকার-কৃত বলা হইলেও ইহা একথানি বিশাল জটিল গ্রন্থ; ইহা বহু শতান্ধী ধরিয়া বিভিন্ন তবে বর্ধিত ও বিস্তৃত হইয়াছে। এই মহাকাব্যের মূল কাব্যাংশ পরিবর্ধিত ও অলক্ষারমন্তিত করা হইলেও, গ্রন্থগানি পরিণামে মহাকাব্যরূপী এক ব্যাপক ধর্মশাস্ত্রের রূপ গ্রহণ করিয়াছিল এবং ইহার মধ্যে নীতি, ধর্ম ও দর্শন্যুক্ত বহু উপাধ্যান ধর্ম-বিষয়ক আলোচনা ও উদ্ভূট কল্পনা সন্নিবিষ্ট হইয়াছিল। কতকগুলি কল্পনা ও উপাধ্যান বৈদিকযুগের, কতকগুলি উপদেশমূলক গল্প এবং নৈতিক উপাধ্যান পরবর্তী যুগের; উহাতে দর্শন এবং ধর্মের ধারণাগুলি একদিকে ধ্যমন প্রাচীন অপর্যদিকে তেমনি নৃতন।

সমগ্র মহাকাব্যের ভিতরেই ধর্ম ও দর্শনের ভাবধারার এক বিশ্বয়কর সংমিশ্রণ লক্ষিত হয়, কিন্তু বিশেষ লক্ষ্য করিবার বিষয় এই যে, ইহাতে দর্শন ও ধর্ম-সম্বন্ধীয় বহু পাণ্ডিত্যপূর্ণ আলোচনা আছে। যেমন উত্যোগপর্বে সনং- স্কুজাতীয়, ভীম্মপর্বে ভগবদ্গীতা, শান্তিপর্বে মোক্ষধর্ম; ইহা ব্যতীত বিভিন্ন আলোচনাপ্রসঙ্গে প্রায় দ্বাদশখানি তথাকথিত গীতা, নারায়ণীয় অধ্যায় ও অশ্বমেধ পর্বে অন্থগীতাও আছে। এইগুলি সবই অবশ্ব প্রাসদিক, ধারাবাহিক আলোচনা নহে।

২। সাধারণ দার্শনিক চিন্তাধারা

এই মহাকাব্যে স্বভাবতঃই প্রাচীন চিম্ভাধারার অস্পষ্ট স্বীকৃতি এবং বৈদিক ক্রিয়াকাণ্ড ও ঔপনিষদিক আত্মতত্ত্বের প্রতিধানি লক্ষিত হয়। কিন্তু এই প্রতিধানি স্থসংবদ্ধ নহে, ইহা বরং বিভিন্ন ভাবধারার সংমিশ্রণ। কর্ম-মার্গ (ষাগ-ষজ্ঞাদি) অবশ্য অস্বীকৃত হয় নাই, কিন্তু যাগ-যজ্ঞ প্রতিষ্ঠিত ধর্ম সম্পর্কে মহাকাব্যের দৃষ্টিভঙ্গী সম্পূর্ণ অস্পষ্ট। বিভিন্ন অফচ্ছেদাংশ উদ্ধৃত করিয়া দেখান যায় যে, বৈদিক ক্রিয়া-কাণ্ডকে অনেক ক্ষেত্রে মহিমাম্বিত করা হইয়াছে, অপর্যাদকে অন্তান্ত বছ অংশ আছে যেখানে স্পষ্টত: বিরূপ বা বিরোধী ভাব প্রকাশিত হইয়াছে। জ্ঞানমার্গ উপনিষদের মূলশিক্ষা এবং মহাকাব্যেও এই শিক্ষাই গ্রহণ করা হইয়াছে। যথন লোকে যুদ্ধবিগ্রহে রত থাকে, তথন তাহাদের পক্ষে উপনিষদের নিবৃত্তিমার্গ ব্যবহারিক জীবনে আচরণ করা দম্ভবপর নহে। কিন্তু বহু বাক্যে এইরূপ বলা হইয়াছে যে, যাহাদের বছ নাম-বিশিষ্ট সেই এক-এর পরিপূর্ণ উপলব্ধি হইয়াছে, তাঁহাদের পক্ষে যাগ-যজ্ঞাদি বা অন্ত কোনপ্রকার কর্ম (প্রবৃত্তি) প্রয়োজনীয় নহে। বস্তুতঃ, মহাকাব্যের তত্ত্ববিষয়ক শিক্ষার ভিত্তি হইতেছে উপনিষদের বন্ধবাদ। কিন্তু এই ব্রশ্পবাদের কোন্ বিশিষ্ট ভাব মহাকাব্যে গৃহীত হইয়াছিল তাহা নিরূপণ করা কঠিন। সপ্রপঞ্চ ও নিশুপঞ্ উভয় মতবাদই মহাকাব্যে দেখিতে পাওয়া যায়। কৈন্তু মহাকাব্যের প্রচলিত মূল প্রকৃতির দিকে লক্ষ্য করিলে মনে হয় যে, ইহার দাধারণ গতি অধিকতর বাস্তবমুখী দপ্রপঞ্চ মতবাদের দিকে; এই মতবাদে জগতের তথাকথিত অন্তম্ব স্বীকৃত ব্যবহারিক দৃষ্টিতে এই সপ্রপঞ্চ মতবাদ নিম্প্রপঞ্চ মতবাদ অপেক্ষা অধিক গ্রহণীয়। কারণ নিম্প্রপঞ্চ মতবাদে ব্রন্ধাই একমাত্র সদবস্ত ; ব্রন্ধ পরিদৃশ্যমান জগৎরূপে পরিণত হন না, কিন্তু শুধু জগংরপে প্রতিভাত হন (বিবর্তবাদ)। হতরাং মহাকাব্যের দৃষ্টিভঙ্গী অবৈতনিষ্ঠ হইয়াও ঈশর ও জগৎ বিষয়ে হৈতবাদী। কিন্তু মহাভারতে বৈদিক দেবমগুলের সহিত মহাভারতে বণিত দেবদেবীরাও সংযুক্ত হইলেন এবং দেবতাদের এই সংখ্যাবহুত্ব ব্যাখ্যা করিবার জন্ম মহাভারতে ঈশ্বরের বিশ্বব্যাপিতা-বাদের আশ্রয় লওয়া হইল; অর্থাৎ দেবতারা একই দশ্বর হইতে উদ্ভূত বিভিন্ন রূপ বা প্রকাশ এই মত গৃহীত হইল। প্রাচীন বহু দেবতাবাদে সাধারণ লোকের বিশাস সহজে লুপ্ত হইবার নহে। কিন্তু উপনিষদের শিক্ষার প্রভাবে মহাভারতে মৃলতঃ একেশ্বরণাদ গৃহীত হইয়াছে এবং এই উপাশ্ত এক ঈশ্বর বিফু-নারায়ণ বা রুষ্ণ-বাস্থানের অথবা তাঁহাদের অসংখ্য অবতারগণের মধ্যে যে কেহ হইতে পারেন।

মহাকাব্যে ইহা স্বীকার করা হইয়াছে যে, নির্বিশেষ ব্রদ্ধ তাঁহার এই সকল সবিশেষ প্রকাশ অপেক্ষা শ্রেষ্ঠ। কিন্তু এই নৃতন দেখর ধর্ম-বিশ্বাদের জন্ম একটি প্রেম ও উপাদনার পাত্রের প্রয়োজন ছিল। স্থতরাং উপনিষদের নৈর্ব্যক্তিক ব্রদ্ধে বিশিষ্ট পুরুষের ধর্ম আরোপ করা হইল। এইভাবে নৈর্ব্যক্তিক ব্রদ্ধ বিভিন্ন নামে ঈশবে রূপান্তরিত হইলেন। কিন্তু প্রায়ই পরমেশবের প্রতি শ্রদ্ধার মহিত লোক-প্রচলিত ব্রদ্ধা শিব প্রভৃতি অন্যান্থ বহু দেবতার প্রতি শ্রদ্ধাও সংযুক্ত হইত।

মহাভারতে যে মীমাংসাদর্শনের মতবাদসমূহের কোন উল্লেখ দেখা যায় না তাহাব কারণ সম্ভবতঃ এই যে, বৈদিক ক্রিয়াকাণ্ডে লোকের বিধাস ক্রমেই কমিয়া যাইতেছিল, অথবা হয়ত তথন মীমাংসাদর্শনের উৎপত্তিই হয় নাই। 'বেদান্ত' শক্টি উপনিষদ-আরণ্যক এই ব্যাপক অর্থে ব্যবহৃত হইয়াছে। কিন্তু অধুনা যে বেদান্তদর্শন আমর। দেখিতে পাই সম্ভবতঃ সে বেদাস্ত অজ্ঞাত ছিল। প্রাচীন উপনিষদের ক্রায় মহাকাব্যে স্বস্পষ্ট মায়াবাদের বিশেষ কোন চিহ্ন দেখা যায় না। এমন কি, মায়াকে ধদি অনন্ত-ব্রন্ধকে দীমিত করিবার তম্ব হিদাবে গ্রহণ করা যায়, তাহা হইলেও মহাভারতের স্ষ্টিতত্ত্বের পরিকল্পনায় উক্ত মায়ার কোন স্থান নাই।° তেমনি, ন্যায়-বৈশেষিক দর্শনের বিশিষ্ট মতবার্দেরও মহাভারতে কোন উল্লেখ নাই। অবশ্য মহাভারতের সহিত সংযুক্ত "হরিবংশ" নামক গ্রন্থে ভিন্ন প্রসঙ্গে কণাদের ও গৌতমের নাম দর্বপ্রথম দেখিতে পাওয়া যায়। কিন্তু ক্যায়েব আচায হিসাবে গৌতমের নাম কোথাও দেখা যায় না। ক্রায় শক্টি সাধারণতঃ যুক্তিবিভা অর্থে ব্যবহৃত হইয়াছে, কিন্তু কোন বিশিষ্ট দর্শনের যুক্তি-পদ্ধতি হিসাবে নহে। এমন কি যেখানে যুক্তির পঞ্চ অবয়বের । (১২ ৩২০. ৮০-৮৫) কথা আছে, সেখানেও উহাদের সহিত গৌতম-সম্মত অমুমানের অবয়ব সমূহের কোন দাদৃশ্য নাই। মহাভারতে শুধু প্রত্যক্ষ, অমুমান ও আগম বা আমায় এই তিনটি প্রমাণ স্বীকৃত হইয়াছে। কিন্তু মহাভারতকার <u>দ্বীবরে বিশাসী হওয়ায় তাঁহার মতে শেষ পর্যন্ত ঈশবের ক্রপাতেই সর্বস্থর জ্ঞান হয়।</u>

বেদ, সাংখ্য, ষোগ, পাশুপত ও পঞ্চরাত্র (১২ ৩৪৯. ৬৪) এই পাঁচটি প্রচলিত দর্শন সম্প্রদায়ের উল্লেখ সাক্ষাংভাবে মহাভারতে পাওয়া যায়। এইগুলির মধ্যে বেদ সম্বন্ধে মহাকাব্যের দৃষ্টিভঙ্গীর কথা আমরা পূর্বেই উল্লেখ করিয়াছি, কিন্তু ইহা উল্লেখযোগ্য যে, মহাভারতে অপান-তর-তম অথবা প্রাচীনগর্ভকে বৈদিক সম্প্রদায়ের মূল আচার্য বলা হইয়াছে। সাংখ্য, যোগ, পাশুপত ও পঞ্চরাত্র যথাক্রমে কপিল, হিরণ্যগর্ভ, শিব ও নারায়ণ কর্তৃক প্রকাশিত হইয়াছিল বলিয়া কথিত ইইয়াছে। অক্যান্থ আচার্যদের মধ্যে নিগুণ ব্রন্ধতন্ত্বের উপদেষ্টা (১২.১৩৭) আত্রেয় জনকের

শিক্ষাদাত্রী স্থলভা (১২ ১৯০-৩) সনংস্কৃজাতীয়ে বর্ণিত গৃতরাষ্ট্রের শিক্ষক সনংকুমার, মহাভারতের নানাস্থলে বিক্ষিপ্ত বিভিন্ন গীতাগুলির বাস্থদেব কৃষ্ণাদি প্রবক্তাগণ, দা খ্যযোগের আচার্য কপিল ও তাঁহার শিশুদ্বর আসুরি ও পঞ্চশিথ এবং পঞ্চবিংশ তত্ত্বের আচার্যরূপে বর্ণিত অদিত-দেবল, জৈগীষব্য, পরাশর, বার্ষগণ্য, ভৃগু, শুক, গৌতম, আষ্টি যেণ, গর্ম, নারদ, পুলস্ত্য, শুক্র, কাশুণ ও সনংকুমার—ইহাদের নাম দেওয়া আছে (১২. ৩১৮. ৫৯ইঃ)।

উক্ত আচার্যগণের মধ্যে দাংখ্য ও যোগের উপদেষ্টা হিদাবে কপিল ও তাঁহার সম্প্রদায়ের নাম সর্বপ্রধান বলিয়া মনে হয়। এই ব্যাপক দর্শনটি একটি বিশেষ স্থান অধিকার করিয়া আছে; ইহা একমাত্র মহাভারতে বর্ণিত প্রচলিত ঈশ্বর তত্ত্বের সহিত তুলনীয়। সাংখ্যকার কপিল সর্বাপেক্ষা প্রাচীন ঋষি এবং অগ্নি, শিব ও বিষ্ণু প্রভৃতি দেবতাদিগের সহিত এক বলিয়া অভিহিত হইয়া থাকেন; তাঁহার গ্রন্থ সর্বাপেকা প্রাচীন বলিয়া পুনঃ পুনঃ বর্ণিত হইয়াছে। ঋষি পতঞ্চল মহাভারতে কথিত যোগদর্শনের প্রবর্তক নহেন। উহার প্রবর্তক হির্ণ্যগর্ভ। অবশ্য <u>শিব যোগেশ্বর</u> ও শু<u>ক্</u> দৈত্যদিগের যোগগুরু বলিয়া বর্ণিত হইয়াছেন। যোগকে দাংখ্য হইতে পূথক বলিয়া ধরা হইয়াছে, কিন্তু উহাদের পার্থক্য কোথাও স্পষ্টভাবে প্রদর্শিত হয় নাই। সম্ভবতঃ মূলে তাহারা একই মতবাদের অঙ্গ ছিল এবং সেই কারণেই কথনও কথনও উহারা এক বলিয়া বর্ণিত হইয়াছে; অবশ্য সাংখ্যকে প্রাধান্ত দেওয়া হইয়াছে। উভয় সম্প্রদায়ের মধ্যে প্রধান পার্থক্য এই ষে, যোগদর্শনে সাধনার উপর এবং সাংখ্যদর্শনে জ্ঞানের উপর জোর দেওয়া হইয়াছে। যোগদর্শন সম্ভবতঃ অধিকতর প্রাচীনপন্থী ছিল, কিন্তু সাংখ্য বিশেষ ভাবে জ্ঞাননিষ্ঠ-দর্শন হওয়ায় পরস্পরাগত মতবাদকে অন্ধভাবে স্বীকার করে নাই। উভয় সম্প্রদায়ই বৈতবাদী এবং উভয়েরই চরম লক্ষ্য কৈবলাপ্রাপ্তি। কিন্ধ সাংখ্য নিরীশ্বরবাদী এবং যোগদর্শনের ভাগ ঈশ্বরে বিশাস করে না। মহাভারতে বর্ণিত ধর্মের সারকথাও ঈশ্বরবাদ। তাই সাংখ্য ও যোগের মধ্যে সমন্বয়ের বাধা দূর করিবার জন্ম চব্দিশতত্ত্বের সহিত ঈশ্বরতত্ত্বও সংযুক্ত করা হইল। পরাবিচ্যার কিয়দংশে ও বিশ্বতত্ত্ব এবং মনোবিজ্ঞানের ব্যাপারে মহাভারতে সাংখ্যমত গৃহীত হইয়াছে।° মহাকাব্যে বর্ণিত সাংখ্যে প্রাচীন সাংখ্যের সকল প্রধান বৈশিষ্ট্যই বিজ্ঞমান। গার্বের মতে এই সাংখ্যদর্শন মহাভারতের ভাষায় পুরাপুরি প্রাচীন সাংখ্যদর্শনই। কিন্তু মহাভারতে বর্ণিত সাংখ্য ও যোগকে প্রচলিত পূর্ণান্ত সাংখ্য ও যোগের প্রারম্ভ বলাই অধিক সন্ধত হইবে।

৩। নান্তিক (শাজবিরোধী) দপ্রদায় দক্ত

প্রাচীন আন্তিকতার ক্যায় প্রাচীন নান্তিকতাও স্ব স্ব পথে অগ্রসর হইতেছিল। মহাভারতে নান্তিকতাবাদের অসংখ্য উল্লেখ পাওয়া যায়। মহাভারতে সাধারণতঃ 'নান্তিক' শকটির অর্থ—বে ব্যক্তি পারমার্থিকতত্ত্ব সম্বন্ধে অথবা পবিত্র প্রাচীন পরম্পরার প্রামাণ্য সহন্ধে পুর্বপুরুষদিগের নিকট হইতে প্রাপ্ত মত প্রত্যাখ্যান করে (১২. ১৩৩. ১৪ = গীতা ৪. ৪০ ; ১২. ১২৫ ; ১২. ২৬৯ ৬৭ ; ১২. ১৮০. ৪৯)। ইহা ভিন্নও লোকায়তিক (স্বভাব-বাদী) ৮, হেতুমৎ (যুক্তিবাদী) ও পাষ্ড (বেদ বিরোধী)) ॰ প্রভৃতি সম্প্রদায়েরও উল্লেখ দেখিতে পাওয়া যায়। কিন্তু ইহাদের সম্বন্ধে উল্লেখ এত কম যে তাহা হইতে উহাদের মত ঠিক ঠিক কি তাহা নির্ধারণ করা কঠিন। মহাকাব্যে প্রায়ই নান্তিক মতবাদগুলিকে আম্বর আখ্যা দিয়া নিন্দা করা হইয়াছে। উক্ত গ্রন্থের নানা স্থল পুন: পুন: পরি-বর্তিত হওয়ায় ইহা সম্ভবপর ষে, এই সকল মতের বিরোধী লোকের হাতে পড়িয়া এইগুলি বিকৃতক্রপ ধারণ করিয়াছিল এবং পরিত্যক্তও হইয়াছিল। সে যাহাই হউক, উক্ত মতবাদ সকল যে একটি গুরুত্বপূর্ণ চিন্তাধারার প্রতিনিধি স্বরূপ ইহাতে সন্দেহ নাই। এই ধরণের ছয়টি মতের উল্লেখ স্বেতাশ্বতর উপ-নিষদে পূর্বেই দেখিতে পাওয়। যায়। বিভিন্ন নান্তিক মতবাদ সকলের মধ্যে इटेंि मज्याम विरमय উল্লেখযোগ্য এবং অক্যাক্ত দর্শন হইতে ইহাদের পার্থকা স্বস্পষ্ট। পরবর্তী যুগের ভারতীয় চিন্তার ইতিহাসেও উহারা স্থপরিচিত। এই ত্বইটি হইতেছে—যদচ্ছাবাদ (অনিমিত্তবাদও বলা হয়) এবং স্বভাববাদ। দানব-কুলের প্রহলাদকে দ্বিতীয় মতটির প্রবর্তক বলা হইয়াছে (১২. ২২২)। বেদের অতিপ্রাক্তবাদ ও উপনিষদের বিশাতীতদত্তাবাদের তুলনায় উক্ত মত ছুইটি হইতেছে প্রত্যক্ষবাদী। ঐ হুইটি মতে কোন অতিপ্রাক্বত প্রমাণ গৃহীত হয় নাই এবং এই জগতের পশ্চাতে যে কোন অলোকিক শক্তি আছে (অদৃষ্টবাদ) তাহা স্বীকার করা হয় নাই। প্রথম মতে কার্যকারণবাদ ও জগতের দর্বপ্রকার নিয়ম-শৃঙ্খলা প্রত্যাখ্যান করা হইয়াছে। দ্বিতীয় মতে জগতে যেটুকু শৃঙ্খলা দেখিতে পাওয়া বায় তাহা আকস্মিক বলিয়া মনে করা হইয়াছে। এবং এই শৃঙ্খলা বস্তরই স্বভাব-ধর্ম, কোন বাহুশক্তি দারা বস্তুতে উহা আরোপিত হয় নাই। উক্ত অর্থে এই মত বাদগুলিকে লোকায়ত অর্থাৎ সংসারসর্বস্ব নান্তিকবাদ বলা যাইতে পারে এবং ইহারা আন্তিক অধ্যাত্মবাদের বিরোধী। সম্ভবতঃ এই দব মত মৃত্যুকাল পর্যন্ত স্থায়ী আত্মার

অন্তিমে বিশ্বাস করিত। কিন্তু তাহারা আত্মার অবিনশ্বরতাকে অবশুই অস্বীকার করিত এবং উহার আমুষঙ্গিক কর্ম ও জনাস্তরবাদকেও প্রত্যাখ্যান করিত।

৪। বিভিন্ন মতবাদের সংমিশ্রণ

স্থভরাং ভাত্তিক শিক্ষার দিক দিয়া এই মহাকাব্যে বিভিন্ন মতবাদ সকলের এক অসন্ধৃতিপূর্ণ সংমিশ্রণ দেখিতে পাওয়া যায়। এইস্থলে সংক্ষিপ্তাকারে প্রধান দার্শনিক ভাবধারার উল্লেখ উপধোগী হইবে। মহাকাব্যে বর্ণিত তত্ত্বিভায় বিভিন্ন ভাব-ধারার পারস্পরিক প্রভাব দেখিতে পাওয়া যায়। একদিকে আমরা বেদ ও ব্রাহ্মণে স্বীকৃত বছ ঈশ্বরবাদী যাগ-যজ্ঞাদি ও উপনিষ্দিক অহৈতবাদ লক্ষ্য করি। কিন্তু এই সকলই প্রাথমিক সাংখ্যের স্বভাববাদী দৈতমত ও প্রাথমিক যোগ-দর্শনের সাধনার অঙ্গদ্বরূপ ঈশ্বর্বাদের দারা প্রভাবিত; যদিও ইহা খীকার করিতে হইবে যে ইহার অধিকাংশ দাংখ্যও নহে, যোগও নহে। অপরদিকে আমরা পাশুপত, বৈষ্ণব, নারায়ণ ও প্রধান প্রধান ভাগবত-সম্প্রদায় সকলের একেশ্বরাদী ভক্তিবাদ ·দেখিতে পাই। এইগুলি বিভিন্ন উৎস হইতে তাহাদের ভাবধারাসকল সংগ্রহ করিয়াছিল। বিশ্বতন্ত ব্যাপারেও কমবেশী বিভিন্ন বিরোধী মতবাদের সংমিশ্রণ দেখা যায়। মহাভারতে যদিও ব্রহ্মাণ্ড ও প্রষ্টা প্রজাপতি দম্বন্ধে বৈদিক ধারণা প্রচলিত ছিল, তথাপি উপনিষদের উপদেশের মধ্যে যে অংশে জগৎস্থ ব্যাপারকে কেবলমাত্র মিখ্যা বা মায়িক হিদাবে না দেখিয়া চরম দং-এর পরিণাম হিদাবে দেখা হইয়াছে তাহা মহাভারত সমর্থন করে বলিয়া মনে হয়। পরত্রন্ধে বিচিত্র দখ্যমান জগতের যথার্থ সত্তা আছে। ধর্মের ভাষায় উক্ত পরব্রন্ধকে ঈশ্বর বলিয়া অভিহিত করা হয়। অক্তদিকে সাধারণভাবে স্ষ্টেতত্ব বিষয়ে সাংখ্যের মত সাধারণতঃ গৃহীত হইয়াছে দেখা যায়। অবশ্র এই অংশেও মহাভারতের মতের ভিতর কোন সন্ধতি নাই। দক্রিয় প্রকৃতি, নিষ্ক্রিয় পুরুষ, গুণ ও ভৃততত্ত্ব প্রভৃতি দাংখ্যের চতুর্বিংশতি তত্ত্ব ইহাতে স্বীকৃত হইয়াছে। আমরা পূর্বেই বলিয়াছি যে, পঞ্চ-বিংশতিতম এমন কি বড়বিংশতিতমতত্ত্বকেও স্বীকার করা হইয়াছে। পুরুষ প্রকৃতি সংযোগে যে স্ষ্টি হইয়াছে তাহার সম্বন্ধে বিভিন্ন মত ব্যতীত মহাভারতে প্র্যায় বা ব্যহতত্ত্বের উল্লেখ দেখিতে পাওয়া যায়। ব্যহতত্ত্ব পৌরাণিক উপাখ্যান ও দার্শনিক চিস্তার এক অন্তুত সংমিশ্রণ। আমরা মহাভারতের এই বৈশিষ্ট্যপূর্ণ মত সম্বন্ধে পরে আলোচনা করিব।

মহাভারতের মনন্তাত্তিক ভাবগুলিও প্রারম্ভিক দাংখ্যচিম্ভা দ্বারা প্রভাবিত। মহাভারতে প্রত্যক্ষ প্রমাণ স্বীকৃত হইয়াছে। চকু, ত্বক, শ্রোত্র, জ্বিহ্বা, দ্রাণ— এই পঞ্জেন্ত্র মথাক্রমে তেজ, ক্ষিতি, ব্যোম, অপ্ ও বায়ুর সহিত সংযুক্ত করা হইয়াছে। ই<u>ন্দ্রিয়ের সহিত বিষয়সন্নিকর্বজনিত প্র</u>ত্যক্ষের প্রেরককর্তা হইতেছে মন, এবং দংকল্প হইতেছে বৃদ্ধির কার্য। সংবেদন, প্রত্যক্ষ, চিন্তা, ভাবাবেগ ও ইচ্ছা এইগুলি প্রকৃতিচালিত জড়ক্রিয়া। ঔপনিষদিক আত্মা বদ্ধ অবস্থায় জীবাত্মা এবং মৃক্ত অবস্থায় পরমাত্মা বলিয়াও অভিহিত হয়। যে প্রকৃতি দংবেদন, চিস্তা এবং ক্রিয়ার মূল তাহার বন্ধনদশাগ্রন্ত, নিক্রিয় দ্রষ্টা পুরুষের সহিতও এই জীবাত্মার সাদৃত্য আছে। মহাভারতের ঈশ্বরবাদে বহু জীবাত্মা অথবা পুরুষ ব্যতীত পরমাত্মা ও উত্তম পুরুষের অন্তিম্বও স্বীকার করা হইয়াছে। বাত, পিত্ত এবং কফ এই তিন ধাতুর দারা শরীর সংগঠিত; কিন্তু চেতন জীবাত্মা প্রধানত: সত্ত, রজ, তম-এই তিন গুণদারা রচিত। তমের ধর্ম জড়ত্ব এবং অজ্ঞান তাহার কার্য; রজের ধর্ম ক্রিয়া ও উহার কার্য কাম; দল্পের ধর্ম ভারদাম্য এবং স্থৈ ইহার কার্য। 'গুণ'—শক্টির মূল অর্থ হইতে বুঝা যায় যে, গুণগুলি একদিকে যেমন ধর্ম অন্তাদিকে তেমন উহারা বন্ধনশৃঙ্খল। সাম্য, ক্রিয়া ও জড়ত্বের ঘাত-প্রতিঘাতের দারা মনুষ্যক্রিয়ার এবং প্রাকৃতিক ঘটনার বৈচিত্র্য নির্ধারিত হয়।

মহাভারতের নীতিতত্ব এইরপ: ব্যক্তির স্বভাব ত্রিগুণদারা নিয়য়িত হয়—এই সাংখ্যমতের নৈতিক ব্যাখ্যা দিতে গিয়া মহাভারতে বলা হইয়াছে মে, সত্ব হইতেছে মাহ্মের সদ্পুণ, রক্ষ কাম ক্রোধাদি রিপু এবং তম অজ্ঞান মোহ প্রভৃতি দোষ। ' ' অবশ্য মহাভারতীয় নীতিতত্বে প্রাচীনতর যুগের চিন্তাধারার প্রভাবও দেখা যায়। কিন্তু প্রাচীন চিন্তাধারার তাংপর্য সকল এই ক্ষেত্রে লক্ষ্য করিতে হইবে। বেদ-বিহিত ক্রিয়াকর্মাদি কর্তব্য বলিয়া কিয়দংশে স্বীকৃত হইয়াছে; তেমনি বর্ণধর্মও বিশেষ উদ্দেশ্যসাধনের উপায়রপে উপদিষ্ট হইয়াছে। অন্তদিকে উপনিষ্ঠের এই মূল নীতিত্বও গৃহীত হইয়াছে যে, নির্ভুলভাবে যজ্ঞাদি সম্পাদনে পরম পুরুষার্থ লাভ হয় না, কিন্তু অহংকার কিংবা আত্মাকে সসীম বলিয়া বিশ্বাস করা কিংবা পরমাত্মার একত্বের পরিবর্তে নানাত্বের ভ্রান্ত দৃষ্টি পোষণ করা—ইহাই প্রকৃত অনর্থ। কিন্তু পরম্পরাহ্মযায়ী চতুর্বর্গ বা চারিটি পুক্ষার্থের মধ্যে শুধু মোক্ষই নহে কিন্তু ধর্ম, অর্থ এবং কামকে ও অন্তর্ভুক্ত করা হয়। অর্থ ও কাম বলিতে বৈষয়িক লাভ ও ক্মথ ব্রায়, কিন্তু ইহাদের উৎপত্তি ধর্ম হইতে। ধর্ম মহন্তপ্রচেষ্টার চরম লক্ষ্য; স্থায়পরায়ণতা ইহার স্বরূপ এবং ইহা মৃক্তির উপায়। অর্থ ও কামকে বৈধ বলিয়া

মানিতে হইবে কারণ সাংসারিক কাজকর্মকে অবজ্ঞা করা উচিত নহে, তথাপি ধর্মই জীবনের লক্ষ্য। ধর্মাচরণে যে স্থখ লাভ হয় তাহা কেবলমাত্র ইন্দ্রিয়স্থখ নহে, ইহা কেবলমাত্র কামনা-বাসনার চরিতার্থতা নহে, ইহা এই প্রকার প্রযত্ন যাহার মধ্যে প্রচেষ্টা ও হঃখও বহিয়াছে। ধর্মসাধনের জন্ম অগ্রে দেহ ও মনের ভদ্ধি আবিশ্রক। এই প্রসঙ্গে অনেক নৈতিক কর্ভব্যের উপদেশ দেওয়া হইয়াছে, এবং যে সকল দোষ বছকাল যাবৎ নৈতিক বিচ্যুতি বলিয়া স্বীকৃত হইয়াছে তাহাদেরও নিন্দা করা হইয়াছে। সাধারণতঃ যেরূপ আচরণ সঙ্গত নয়, তাহাও বিশেষ প্রয়োজনে অথবা আপৎকালে অহুমোদন করা হইয়াছে। এইরূপ আপৎধর্ম অথবা হৃবিধাবাদের বিধান হইতে বুঝা যায় যে, ধর্ম ও অধর্ম অবস্থাবিশেষের উপর নির্ভর করে এবং এইজন্ম উহারা আপেক্ষিক। কিন্তু ধর্মের সাধারণ পরম্পরা অহুসারে কতকগুলি মৌলিক পাপ ও পুণ্যের ধারণা মহাভারতে স্বীকৃত হইয়াছে; আমুরিক সংগ্রাম क्ला रिमनिकत्मत्र चाठतन यादाहे रुष्ठेक ना त्कन हेरात्य त्कान मत्मर नाहे त्य, মহাভারতে মোটামটিভাবে তত্ত্ব ও ব্যবহার উভয় ক্ষেত্রেই নীতিমন্তার উচ্চ ভাবগত ও আচারগত উচ্চন্তরের নীতিবোধের আদর্শ স্থাপিত হইয়াছে। এই প্রসঙ্গে ইহাও · অবশ্র সম্পূর্ণরূপে স্বীকৃত হইয়াছে যে, কেবলমাত্র ব্যক্তির জীবনেই নহে কিন্তু সামাজিক জীবনেও নৈতিক শুদ্ধি আবশুক। ধর্ম সামাজিক জীবনের দহিত জড়িত। অধিকার সংবক্ষণ অপেক্ষা কর্তব্যপালনই ধর্মের মূলতত্ত্ব। কর্তব্যের ক্ষেত্র গুধু মহুস্ত সমাজের মধ্যে সীমাবদ্ধ নহে, কিন্তু ইহা সমগ্র প্রাণীজগতেই বিস্তৃত। প্রাণীমাত্রকেই বিশ্বপ্রেমের দৃষ্টিতে দেখিতে হইবে।

এইরপ সামাজিক ও মানবিক দৃষ্টিতে স্বভাবতঃই সন্ন্যাসের আদর্শকে অন্থমোদন করা হইত না এবং ধর্মকে নির্ত্তিমূলক মনে না করিয়া বরং প্রবৃত্তিমূলক বলিয়া মনে করা হইত; কিন্তু এই ক্ষেত্রেও মতৈক্য দেখা যায় না। বিশেষতঃ নান্তিক সম্প্রাদায়গুলির মধ্যে তপস্থা ও সন্ন্যাসের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হইত। কিন্তু গ্রায় কর্তব্যকর্ম সম্পাদনের পূর্বে সংসারত্যাগও নিন্দিত হইত। এই উভয় মতবাদই জনক পিতা ও পুত্রের কথোপকথনের আখ্যানের মধ্যে উল্লিখিত হইয়াছে (১২.২৭৭)। উক্ত কাহিনীতে পিতার বক্তব্য এই যে, যাহার প্রথমে সমাজ্বের প্রতি অন্থরাগ নাই তাহার পক্ষে আনাসক্তি সন্তব্যর নহে। কিন্তু পুত্রের বক্তব্য এই যে, আনাসক্তি সম্পাদন করিতে হইলে সংসারে নিরাশ হইয়া তাহা একেবারেই অচিরাৎ সম্পাদন করিতে হইবে; কারণ বিলম্বিত সাধনা ধর্মপথে অন্তর্বায়—ধর্মপথে বাধাস্বরূপ। সে যাহাই হউক সাধারণ মাহুষের জীবনে সন্মান সকলের জন্ত উপদিষ্ট

হয় নাই এবং বৈয়ক্তিক ও সামাজিক কর্তব্যের উপর সর্বাধিক গুরুত্ব আরোপিত হইত বলিয়া মনে হয়। নিঙ্কাম কর্মের উপদেশদারা ত্যাগধর্মের শিক্ষা দেওয়া হইয়াছে বটে, কিন্তু কর্মমার্গকে অক্যান্ত মার্গ অপেক্ষা শ্রেষ্ঠ বলা হইয়াছে।

মহাভারতে অমোঘ কর্মবাদের সহিত জড়িত সর্বপ্রকার বিশ্বাস স্বীকৃত হইয়াছে।
মান্থবের কর্ম ধেমন একদিকে দৈবনিয়ন্ত্রিত বলিয়া মনে করা হইয়াছে, তেমনি
দৈবকেও ঈশ্বর-নিয়ন্ত্রিত বলিয়া মনে করা হইয়াছে। কিন্তু ইহাও বলা হইয়াছে ধে,
ক্লীবরাই দৈবে বিশ্বাসী এবং কর্মফল পুরুষকারের দ্বারা পরিবর্তিত হইতে পারে।
অবশ্র কর্ম বলিতে অন্ধ যান্ত্রিক নিয়ন্ত্রণ বুঝায় না, ইহা বিশ্বের ঈশ্বর-নিয়ন্ত্রিত গ্রায়পরায়ণতার নিয়ম। স্থতরাং মহাভারতে ভগবানের প্রতি ভক্তি এবং তাঁহার কৃপা
অপরিহার্য কর্মফল রোধ করিতে সম্পূর্ণ সক্ষম বলিয়া মনে করা হইয়াছে। সেইজন্ত
মহাভারতের নীতিতত্ব ধর্মতত্ব হইতে বিচ্ছিন্ন নহে। নীতি ধর্মসন্থত হইতে এবং
ধর্ম নীতিসন্ধত হইতে বাধ্য। নীতি ও ভক্তি অবিচ্ছেন্ত। ঈশ্বরায়্রমোদিত
বলিয়াই গ্রায়কে ন্যায় বলা হয়। কোন্ শক্তি আমাদিগকে নৈতিক নিয়ম মানিতে
বাধ্য করে—এই প্রশ্নের উত্তর নীতিমন্তার মূল কারণের (ঈশ্বর) সাহায্যে দেওয়া
হইয়াছে।

মহাভারত কেবলমাত্র বৃদ্ধিবাদ কিংবা নীতিবাদে বিশ্বাস করে না। ইহার মূল শিক্ষা ব্যক্তিক ঈশ্বরের প্রতি প্রেমপূর্ণ ভক্তির উপর প্রতিষ্ঠিত। ফলে উক্ত ক্ষেত্রে নীতি ধর্মসম্মত ও ধর্ম নীতিগত। নীতি ও ভক্তি অবিচ্ছেগ্য; দৈব বলিয়া ক্যায় ক্যায়—এই তত্ত্বের দিক দিয়া স্বীকৃতির প্রশ্ন সাধান করা হয়।

তদ্রূপ মৃত্যুর পরে মান্থবের কি অবস্থা হয় এই প্রশ্নেরও দক্ষতিপূর্ণ উত্তর মহাভারতে পাওয়া যায় না। অবিখাদী নান্তিকেরা স্বভাবতঃ মৃত্যুর পরে কোন ভবিশ্বৎ জীবনের প্রত্যাশা করে না, কিন্তু এই মতবাদের বিশেষ প্রাধান্ত ছিল না। ইহা বলা যায় না যে, লোকের মৃত্যু দম্বন্ধে কোন ভীতি ছিল না। কারণ, দর্বসাধারণ লোকের মধ্যে কেহ কেহ যেমন নরক, শান্তি, স্বর্গ, পুরস্কারে বিশ্বাদ করিত, তেমনই কেহ কেহ মৃত্যুতে জীবের সম্পূর্ণ ধ্বংদ হয় বলিয়াও বিশ্বাদ করিত। বহুজন-স্বীকৃত কর্মবাদের দহিত একটি স্থনিদিন্ত পারলোকিক ধারণাও জড়িত ছিল। মৃত্যু ও প্রজাপতির (১২.২৫৬-৮) স্থবিদিত উপাধ্যানে মৃত্যু-দেবতাকে ন্তায়ের দেবতারূপে কল্পনা করা হইয়াছে, কারণ শান্তি কোন বাহুশক্তি হইতে আদে না, কর্মের প্রতিকিয়া শ্বয়ং কর্মকর্তাকে আঘাত করে। সংগে সংগে আমরা ইহাও লক্ষ্য করি

ষে, ভগবানের কুপায় জীবের উদ্ধার হইতে পারে এইরূপ ধর্মবিশ্বাদের দারা কর্মবাদের কঠোরতা গ্রাস করার চেষ্টা করা হইয়াছে। মোক্ষের অর্থাৎ কর্ম ও সংসারের বন্ধন (পুনর্জন্ম) হইতে মুক্তির সাধনাই অবিসংবাদিতভাবে চরম আদর্শ বলিয়া গৃহীত হইয়াছে। কিন্তু মৃক্তির স্বরূপ ও উপায় সম্পর্কে যথেষ্ট অনিশ্চয়তা দেখিতে পাওয়া যায়। উপনিষদে বর্ণিত ত্রন্ধের উপলব্ধি দারা ইহলোকে অথবা পরলোকে সর্বকামনারহিত প্রশাস্তি লাভে যেমন লোকের বিশ্বাস ছিল, তেমন বেদে স্বর্গ ও ভবিস্তৎ সমৃদ্ধি সম্বন্ধে যে প্রতিশ্রুতি আছে, তাহাতেও লোকের বিশ্বাস ছিল। কিন্তু প্রকৃতি হইতে পুরুষের পার্থকা উপলব্ধি করিয়া পুরুষ যে সংদার হইতে মুক্তিলাভ করিতে পারে এই দৈতবাদী সাংখ্যমতের উল্লেখ এবং কঠোর আত্মসংঘম দারা কৈবলালাভ করা যায় এই ঈশ্বরাদী যোগমতের উল্লেখও আমরা মহাভারতে দেখিতে পাই। ইহা ভিন্ন স্পষ্টভাবে পরমেশ্বর এবং মৃক্তির বিভিন্ন গুরেও লোকের বিশাস ছিল এবং এই সকল স্তরের সকলের উর্ধে ছিল পাশুপত, পঞ্চরাত্র অথবা ভাগবত সম্প্রদায়দম্মত একটি এম্বর্যময় স্বর্গ। কিন্তু পরলোক সম্বন্ধে যত ভিন্ন ভিন্ন মতই থাকুক না কেন দাধারণ চিন্তার মধ্যে এই বিশাদ ছিল যে, মৃক্তি (মোক্ষ) এমন এক অবস্থা যাহা কেবলমাত্র পরলোকে নহে পরস্ক ইচ্ছা করিলে ইহলোকেও লাভ করা যায় (জীবনুক্তি)। মুক্তির অর্থ নৃতন কিছু হওয়া নহে, পরস্তু নিজের স্বরূপেই থাকা; এবং ইহার জন্ম বর্তমান জীবনই পর্যাপ্ত বলিয়া মনে করা হইত।

ে। ধর্ম-দম্পকীয় চিস্তার ধারা

দার্শনিক মতের বিভান্তিকর বিভিন্নতা সত্ত্বেও মহাভারতের ধর্ম-সম্বন্ধীয় প্রধান
চিন্তাধারাটি নিঃদন্দিগ্ধভাবে স্ম্পন্ট। ইহা প্রধানতঃ ঈশ্বনিষ্ঠ ও স্পন্টতঃ দৈতবাদী।
এই ধর্মের এইরূপ বিশাদ যে প্রতীক, প্রকাশ অথবা প্রাত্তাব এবং অবতারের মধ্য
দিয়া এবং জীবন্ত ভক্তি ও ভগবং রূপায় (প্রসাদ) সম্পূর্ণ আত্মসমর্পণ (প্রপত্তি)
দারা জীবচৈতক্তে ঈশবের প্রগাঢ় উপলব্ধি দন্তবপর। এইরূপ অতীন্দ্রিয়াহভূতি ও
দ্বদ্যাবেগকে ভক্তি আথ্যা দেওয়া হয়, এবং ইহাকে কেবলমাত্র নৈতিক উৎকর্ম অথবা
বৌদ্ধিক প্রত্যয়ের উপরে স্থান দেওয়া হইয়াছে। মহাভারতে বণিত ধর্ম মূলতঃ
একেশ্বরাদী, কিন্তু উহাতে প্রাচীন ও নৃতন অসংখ্য দেব-দেবীর অন্তিত্বে বিশাদ ও
সমর্থন করারও স্পন্টভাবে চেষ্টা করা হইয়াছে। প্রাচীন বৈদিক দেবতারাও রহিয়া

গেলেন কিন্তু ইন্দ্র ও বরুণ প্রভৃতি কাহারও কাহারও মাহাত্মা কমিয়া গেল। যম প্রভৃতি কাহারও স্বরূপ বদলাইয়া গেল। প্রজাপতি প্রভৃতি কয়েকটি দেবতার কোন পরিবর্তন হইল না; আবার বিষ্ণু ও রুদ্র প্রভৃতি কয়েকজন দেবতা নৃতন গোঁরব ও উচ্চতর মর্যাদা লাভ করিলেন।

ত্রিম্তির (যদিও ত্রিম্তি শক্টির উল্লেখ মহাভারতে নাই) ধারণার বিকাশ ধীরে ধীরে হইয়াছিল; কিন্তু মহাভারতে ব্রহ্মা, বিফু ও শিব—এই ত্রিদেবতা ফলতঃ সর্বপ্রধান স্থান অধিকার করিয়া আছেন। কখনও কখনও ইহাদের মধ্যে পর্যায়ক্রমে প্রত্যেকেই প্রধান দেবতা হইয়া আছেন। আবার কখনও কখনও ইহারা পরস্পরের সমান ক্ষমতাশালী দেবতা; আবার কখনও কখনও ইহারা একই পরমেশ্বের বিভিন্ন রূপ। এই স্থলে সকল দেবতাদিগের বিবর্তনের ইতিহাস খুঁজিয়া বাহির করা কিংবা মহাভারতীয় ঈশ্বরাদের ক্রমিক পরিবর্তনের আলোচনা করা নিম্প্রয়োজন। এই সকল দেব-দেবী সম্বন্ধে মহাভারতের সাধারণ ধারণা কিন্ধপ ছিল সে সম্বন্ধে ছই একটি কথা বলিলেই যথেই হইবে।

পিতামহ ব্রহ্মা বেদোক্ত দেব-দেবী গোষ্ঠীর মধ্যে সর্বকনিষ্ঠ কিন্তু মহাকাব্যে বর্ণিত দেবতাগণের মধ্যে সর্বজ্যেষ্ঠ। ব্রহ্মার ধারণার ভিত্তি সূর্য ও চন্দ্রাদির স্থায় কোনও প্রকৃতির বস্তু নহে, কিন্তু উহা শুদ্ধ চিন্তা বা বিচারপ্রস্থত। এই দেবতার পূর্ণ বিকাশ বৈদিক মুগের শেষ দিকেই হইয়াছিল। বান্তবিক পক্ষে ত্রন্ধার খুব বেশী মর্যাদা ছিল না এবং কালক্রমে তাঁহার মূল্য হ্রাস প্রাপ্ত হইয়াছিল। সম্প্রদায় বলিয়া কোন সম্প্রদায়ের অন্তিত্ব আছে কিনা ইহা বিশেষ সন্দেহজনক। বিফু ও শিবই যথাক্রমে প্রধান হইয়াছিলেন। কিন্তু উগ্রতপা, ভয়ন্বর শিব অপেক্ষা কারুণিক মঙ্গলময় বিষ্ণু মহাকাব্যর ধর্মের প্রধান দেবতা। হপ্ কিন্দ যথার্থ ই উক্তি করিয়াছেন যে, ১২ মহাকাব্যে এয়ক্ত বা বৈচিত্র্যের উপর পরিণামে জ্বোর দেওয়া হয় নাই, জোর দেওয়া হইয়াছে একত্বের উপর এবং এই একত্বের মূর্ত প্রতীক বিষ্ণু। কিন্তু অন্তান্ত উৎস হইতে গৃহীত নারায়ণ ও ভগবত (রুফ বাস্থদেব) চরম বিষ্ণুর সহিত একাত্ম হইয়া গিয়াছিলেন, ফলে মহাকাব্যে বর্ণিত মূল কিন্তু ভ্রান্ত বিষ্ণুবাদ ষ্থাক্রমে নারায়ণ ও ভাগবত সম্প্রদায়ে স্পষ্ট রূপ গ্রহণ করিয়াছিল। এই সম্প্রদায় সকল একাত্ম সম্বন্ধ বিশিষ্ট হইতে পারে, কিন্তু তত্ব ও আচার ব্যবহারের উৎপত্তি ও বৃদ্ধির দিক দিয়া একটি সম্প্রদায়কে অপরটি হইতে ভিন্ন করিয়া (एथा यात्र।

৬। দাপ্রদায়িকতার উদ্ভব ও ইছার প্রকৃতি

প্রত্যক্ষ তথ্যের অভাবে কি ভাবে বেদোত্তর যুগে সাম্প্রদায়িকতার উদ্ভব ও বিকাশ সম্ভব হইয়াছিল—ইহার মূল আবিষ্কার করা অত্যন্ত কট্টসাধ্য।

যদিও সাম্প্রদায়িক মতবাদগুলি অধিকসংখ্যক জনসাধারণের জীবনের উপর জীবস্ত প্রভাব বিস্তার করিয়াছিল, তথাপি ষে সকল লোকের মধ্যে এই সব সাম্প্রদায়িক মত প্রচলিত ছিল, তাহারা পুরোহিত-নিয়ন্ত্রিত সংরক্ষণশীল সম্প্রদায়ের সহাত্তৃতি হইতে বঞ্চিত হইয়াছিল বলিয়া তাহাদের নিজম্ব কোন তথ্যাদি পাওয়া যায় না। কিন্তু যদি কেহ তৎকালীন সাধারণ চিস্তাধারা ও আচার-ব্যবহার (তাহা যতই অম্পষ্ট হউক না কেন) বিচার করিয়া দেখে তাহা হইলে মনে হইবে যে, বৈদিক যুগ ও মহাভারতীয় যুগের মধ্যবর্তী উপনিষদ যুগে বেদের ব্রাহ্মণাংশে বর্ণিত আফুষ্ঠানিক যাগ-যজ্ঞের পরিবর্তে ক্রমশঃ বৌদ্ধিক ব্রহ্মবিছা প্রবর্তিত হইয়াছিল; আবার এই ত্রহ্মবিভার মধ্যেই কেবলমাত্র ঈশ্বর দল্পীয় নহে, ভক্তিমূলক ভাবধারাও ধীরে ধীরে বিকাশলাভ করিয়াছিল। ইহা বিশেষ-ভাবে প্রধান ১ তপনিষদগুলির মধ্যে ষেগুলি পরবর্তীকালে রচিত হইয়াছিল তাহাদের মধ্যে স্বস্পষ্ট। উদাহরণ স্বরূপ, শেতাখতর উপনিষদে ভক্তি শব্দটি দ্বব্যের প্রতি অন্তরাগ অর্থে স্পষ্টভাবেই ব্যবস্থৃত হইন্নাছে, এবং প্রায় ভক্তিবাদের ন্তায় একটি ঈশ্বরবাদের বিকাশ দেখিতে পাওয়া যায়। উক্ত ঈশ্বরবাদ একটি অপরিণত সাম্প্রদায়িকতাকে কেন্দ্র করিয়া গড়িয়া উঠিয়াছিল; ইহা নৈর্ব্যক্তিক ব্রন্ধের ধারণাকে বর্জন করে নাই বর্টে, কিন্তু নৃতন এক মহাদেব অথবা রুদ্র শিব রূপে কল্পনা করার দিকে ইহার প্রবণতা ছিল। উক্ত ক্লপ্র-শিবের ধারণা অংশতঃ আন্তিক্য-ধর্মসম্বন্ধীয় উপাধ্যান হইতে গৃহীত ও অংশতঃ সাধারণের বিশ্বাদে পুনর্বার স্বষ্ট **इ**हेग्राहिन। हेरा रहेए त्या यात्र एव, উপনিষদের যে উচ্চ চিন্তাধারা কখনও অবজ্ঞাত হয় নাই, তাহার সহিত প্রচলিত তৎকালীন বিখাসের সমন্বয়ের চেষ্টা হইয়াছিল। সাধারণ আর্যদের নিজম্ব বিধাস ও আচার-ব্যবহার অবশ্রই ছিল, কিন্তু এইগুলি গদা-উপত্যকার অনার্য সাংস্কৃতিক ভাবধারায় বিশেষভাবে প্রভাবিত হইয়াছিল (রুত্র-শিবের ধারণাতেই ইহার ইঞ্চিত পাওয়া যায়)। দংস্পর্শ-জনিত অনার্য সংস্কৃতি কিভাবে ও কতথানি আর্যদের উপর প্রভাব বিস্তার করিতে সমর্থ হইয়াছিল তাহার প্রকৃতি সঠিক নির্ধারণ করিবার কোন উপায় নাই। কিছু ইহা

সাধারণভাবে স্বীকৃত যে, বিভিন্ন জাতি ও সংস্কৃতির যে সংমিশ্রণ সম্ভবতঃ বৈদিক যুগেই আরম্ভ হইয়াছিল—তাহা বেদোন্তর যুগেও ধর্ম ও দর্শনের ক্রমবিকাশের সহায়তা করিয়াছিল। কালক্রমে উভয়ের মধ্যে পারস্পরিক প্রতিক্রিয়া অবশুস্থাবী হইয়া উঠিয়াছিল, এবং উভয়ের অন্তবর্তী প্রাচীর ভালিয়া পড়িয়াছিল । ই প্রাচীর সম্ভবতঃ কথনও দৃঢ় ছিল না। বিশিষ্ট ক্রিয়াকাণ্ডের পদ্ধতি এবং উচ্চ দার্শনিক মতের কঠোরতাকে উহাদের অন্তিম্ব বজায় রাখিবার জন্মই কিছু হ্রাস করিতে হইয়াছিল, এবং এইরূপ করাতে বেদবিরোধী লোকপ্রচলিত ধর্মসম্বত দেব-দেবী ও আচার গ্রহণ করা সম্ভবপর হইয়াছিল। অপর দিকে সর্বসাধারণ লোকের খুঁটিনাটি ক্রিয়াকাণ্ড এবং স্ক্রম দার্শনিক বিচারে ক্রচি কিংবা তাহা করিবার সময়ও ছিল না। কিন্তু শিক্ষিত ও বুদ্ধিমান অভিজাত সম্প্রদায় কর্তৃক জনসাধারণের ব্যাপকতর হৃদয়া-বেগের মূল্য স্বীকৃত হইল এবং উহাদের নৃতন ব্যাপ্যা দিয়া বৈদিক ধর্মের মধ্যেই উহাদিগকে সন্ধিবিষ্ট করা হইল।

এইভাবে নান্তিক মতগুলি বৌদ্ধ ও জৈন ধর্মে পরিণতি লাভ করিয়া একটি বিশিষ্ট আকার ধারণ করার পর যখন উহার৷ শ্রোতধর্মের মর্মন্থলে আঘাত করিতে-ছিল তথন বৈদিক ক্রিয়াকাণ্ড ও ধর্মমতকে তাহার তুল্য অপর একটি কঠিন কাজ্বেও সমুখীন হইতে হইয়াছিল। এই কঠিন কাজ হইল নূতন পরিবেশে লোকপ্রচলিত বিশ্বাস এবং আচারগুলিকে প্রয়োজনামুদ্ধপ পরিবর্তন করিয়া আত্মদাৎ করা। রুদ্র-শিব, বিষ্ণু-নারায়ণ অথবা ক্লফ্ট-বাস্থদেবের উপাদনাকে কেন্দ্র করিয়া যে দকল লোকপ্রচলিত মত গড়িয়া উঠিয়াছিল, দেইগুলির আবেগপ্রধান ভক্তিবাদের দিকে বিশেষ প্রবণতা ছিল। ইহাতে প্রাচীন ক্রিয়াকাণ্ড এবং ব্রহ্মমূলক ধর্মমত নিশ্চয়ই অনেকটা শিথিল হইয়। আদিতেছিল। বৈদিক ও অবৈদিক মতের সংঘর্ষের ফলে একদিকে শ্রৌত গৃহস্ত্র ও ধর্মস্ত্রগুলিতে প্রাচীন পরম্পরাকে ব্যবহারের উপযোগী कतिया विधिवक कता रहेन धवः रिनानित जीवन जाठात वावशास्त्र नियमामित्क কঠোরতর করা হইল; অপরদিকে ইহাতে নৃতন করিয়া প্রণালীবদ্ধভাবে দার্শনিক চিন্তা আরম্ভ হইল—এই দার্শনিক চিন্তা কথনও কথনও উপনিষদের প্রাচীন ধারার সহিত সন্ধৃতি বক্ষা করিয়া চলিয়াছে (বেদাস্ক), আবার কথনও কথনও ভিন্ন দৃষ্টিকোণ হইতে আরম্ভ করিয়া উক্ত ভাবধারা হইতে দূরে চলিয়া গিয়াছে (मां:था)। किन्छ এই সংঘর্ষের পরিণাম এইখানেই শেষ হয় নাই, কিন্ত প্রাচীন ধর্মের দম্পূর্ণ পুনর্গঠন ধীরে ধীরে আরম্ভ হইল। উদার বৈদিক-দর্শনের চৈতক্তবাদে বছ নৃতন দেব-দেবীকে নিম্নন্তবের সত্যরূপে স্থান দেওয়া হইল। এবং

বে প্রাচীন দেশবর্ধর্ম অব্যাহতভাবে চলিতেছিল, উহাতে এই দকল সাম্প্রদায়িক দেব-দেবীর আবির্ভাবে বিক্ষোভ দেখা দিল এবং প্রাচীন দেবতাদিগকে প্রেম ও কঞ্চণার আধারক্ষপে নৃতনভাবে কল্পনা করা হইল। হয়ত ধর্মের এই পরিবর্তনের জক্ত সজ্জানে চেটা করা হয় নাই, কিন্তু এই সমন্বয় ধীরে ধীরে ক্রমণঃ ঘটিয়াছিল। এই সমন্বয়ের ফল সাধারণভাবে মহাভারতে পূর্ণ বিকশিত সাম্প্রদায়িক ধর্মে (যাহা নৃতন ও পুরাতনের মিশ্রণ) দেখিতে পাওয়া যায়; অধিকস্ত ও বিশেষভাবে ভগবদ্গীতার সমন্বয়ী সেখর ধর্মমতেও দেখিতে পাওয়া যায়। ভগবদ্গীতার এই ধর্মমতকে অন্তান্ত মত হইতে পৃথক ও বিচ্ছিন্ন করিয়া ব্যাখ্যা করা সক্ষত হইবে না। যেহেতু উপনিষদগুলির মধ্যেই অল্পবিন্তর বিকশিতরূপে একটি ঈশ্বরবাদের ধারা ছিল, অভএব উহা লৌকিক ধর্মের ঈশ্বরবাদের সহিত, সম্পূর্ণভাবে না হইলেও সহজেই মিশিতে পারিয়াছিল। যদিও বৈদিক ধর্ম প্রধানতঃ বিচারমূলক এবং লৌকিক ধর্ম মূলতঃ আবেগপ্রধান ছিল, তথাপি ঈশ্বরবাদের উভয় ধারাই মানব অন্তঃকরণের একই আশা ও আকাজ্ঞা হইতে উত্ত হওয়ায়, এই ছই মতবাদের অন্তুত মিলনের অসক্ষতি সম্পূর্ণভাবে দ্রীভূত না হইলেও উহার মধ্যে কিছু সামঞ্জ আনা সম্ভবপর হইয়াছিল।

৭। ভগবদ্গী**ত**া

ভগবদ্গীতা (দাধারণতঃ যাহাকে গীতা বলা হয়) মহাভারতের একটি অংশ।
চিন্তাশীল পণ্ডিতগণ ইহার মূল্য দম্বন্ধে বিভিন্ন মত পোষণ করিলেও ইহা যে সত্যই
প্রাচীন ভারতের শ্রেষ্ঠ ধর্মগ্রন্থগুলির মধ্যে অক্যতম এবং ইহা ধর্মজীবনে একটি
বিশিষ্টস্থান অধিকার করিয়া আছে তাহা কেহই অস্বীকার করেন নাই। অতীতের
বহু বিভিন্ন মতবাদের প্রতিধ্বনি যে ইহাতে স্থান পাইয়াছে তাহাতে কোন সন্দেহ
নাই, কিন্তু ইহার বলিষ্ঠ ও স্মুম্পন্ত ধর্মভাবই এই বিভিন্ন মতবাদের সমন্বয়ের প্রেরণা
দিয়াছে। দর্শনকে ব্যবহারিক ধর্মে পরিণত করিবার জন্ম এবং এক প্রাণবন্ত ঈশবের
সহিত জীব ও জগতের ব্যক্তিগত সম্পর্ক স্থাপনের জন্ম গীতায় বেরপ ঐকান্তিক
চেন্তা করা হইয়াছে, তাহা আর অন্য কোথাও করা হয় নাই। যেসকল প্রাচীন
দার্শনিক চিন্তাধারা কোন বিশিষ্ট রূপ ধারণ করে নাই, এই গ্রন্থে তাহাদের সন্ধিবেশ
হওয়ার ফলে ইহার প্রকৃত দার্শনিক মতবাদ কি সে সম্বন্ধে অনিশ্রতার স্বৃষ্টি
হইয়াছে, সেইজন্ম একদিকে বেমন এই মতবাদের বহু স্ক্র ব্যাখ্যা দিবার স্থিবিধ
হইয়াছে, সেইজন্ম অপর্বদিকে ইহা সক্তিপূর্ণ কিনা সে সম্বন্ধেও সন্দেহের অবকাশ

রহিরাছে। কিন্তু বিভিন্ন মতবাদের এই অপূর্ব সন্নিবেশের ফলেই যে এই গ্রন্থ বিভিন্ন শেণীর মনের উপর জীবস্ত প্রভাব বিস্তার করিয়াছিল তাহা ব্ঝা যায়। একদিকে ষেমন বিভিন্ন সম্প্রদায়ের দার্শনিকেরা নিজ নিজ ধারণা অহযায়ী ইহার ব্যাখ্যা করিয়া থাকেন এবং চিস্তাশীল পণ্ডিতেরা ইহার আভ্যস্তবীণ সঙ্গতি সম্বন্ধে বিবাদ করিয়া থাকেন, তেমনই অক্তদিকে নীতি ও ধর্ম-সম্বন্ধে ইহার উদ্দীপনাপূর্ণ উপদেশ ইহাকে সাম্প্রদায়িক এবং পাণ্ডিত্যমূলক আলোচনার উর্ধ্বে স্থাপিত করিয়াছে এবং ভক্তদের মনে মোক্ষশান্ত্ররূপে প্রেরণা যোগাইয়াছে।

এই গ্রন্থের আদিম আকার এবং প্রকৃতি সম্বন্ধে কেহ কেহ বলিয়াছেন যে, ইহাতে বহু পরিবর্তন ঘটিয়াছে; কিন্তু এই প্রশ্ন সম্বন্ধে চিন্তাশীল পণ্ডিতেরা একমত হন নাই। হোল্ভ্মান বলেন যে, গীতা পূর্বে একটি সর্বেশ্ববাদী অথবা বৈদান্তিক কাব্য ছিল, পরে বৈষ্ণবের। ইহাকে নৃতন রূপ দান করিয়াছেন। হপ্কিন্স মনে করেন যে, কোন কুফোপাসক একটি পূর্ববর্তী বৈষ্ণবকাব্যকে গীতার আকারে রূপান্তরিত করিয়াছেন এবং এই কাব্যটিও আবার প্রথমে একটি অর্বাচীন সাম্প্রদায়িক উপনিষদ ছিল। গার্বে-এর মতে গীতা পূর্বে ভাগবত সম্প্রদায়ের একটি জনপ্রিয় ভক্তিমূলক কাব্যগ্রন্থ ছিল, পরে ব্রাহ্মণ্য ধর্মাবলম্বিগণ ইহাকে বৈদান্তিক মতাফুদারে সংশোধন ভয়দেন-এর মতে ঔপনিষদিক চিন্তার শক্তি যথন ক্ষীণ হইয়া কবিয়াছেন। আদিতেছিল, দেই পরবর্তী মূগে গীতার উৎপত্তি। বার্ণেট-এর বিশ্বাদ যে ইহা বাস্থদেবসম্প্রদায়েরই গ্রন্থ, তবে গ্রন্থকারের মনে প্রাচীন পরম্পরার বিভিন্ন ধারা বিশৃঙ্খলভাবে মিশিয়া গিয়াছিল। কীথ-এর মতে ইহা খেতাখতর জাতীয় একটি উপনিষদ, পরে ইহাকে ক্লফোপাদনার উপযোগী করিয়া পরিবর্তিত করা হইন্নাছে; এবং বেল্ভালকার-এর মতে লোকপ্রচলিত ধর্মের বিঘাতক প্রভাব হইতে বিশুদ্ধ ব্রান্ধণ্যধর্মকে রক্ষা করিবার জন্ম শ্রুতিপ্রামাণ্যবাদীরা ব্যাপকভাবে যে শেষ চেষ্টা করিয়াছিলেন, তাহারই পরিচয় এই গ্রন্থে পাওয়া যায়। এই সকল কল্লিত মতগুলির মধ্যে কোনওটিকে গ্রহণ করিবার প্রয়োজন নাই; কিন্তু ইহা বলিতেই হইবে যে, এই সকল বা এতদমুদ্ধপ অপরীক্ষিত মতের ভিত্তিতে এই গ্রন্থের কোন কোন অংশ আদিম এবং কোন কোন অংশ পরবর্তীকালের যোজনা তাহা নির্ণয় করা বিজ্ঞানসম্মত এবং সম্ভোষজনক হইবে না। ইহা অস্বীকার করা যায় না যে, মহাভারতের অক্ত অনেকস্থলের মত এবং কোন কোন উপনিষদের মত গীতাতেও মাঝে মাঝে প্রক্রিপ্তাংশ যোগ করা হইয়াছিল অথবা গীতার বিভিন্ন পাঠ প্রচলিত ছিল, কিন্তু ইহা একটি নিকৃষ্ট শ্ৰেণীর সংগ্রহপুস্তক মাত্র এই কথা বলিলে অথবা ইহা একটি বিশিষ্ট

ধর্মের সমন্বয়াত্মক চিন্তাধারার জীবন্ত প্রকাশ ইহা অন্বীকার করিলে এই গ্রন্থের মূল তাৎপর্যই আমরা হাদয়ক্ষম করিতে পারিব না; ইহা ছাড়া বিভিন্ন দৃষ্টিকোণ হইতে হইলেও এই সমগ্র গ্রন্থটির একটি সমন্বয়মূলক ব্যাখ্যা দিবার চেষ্টা করা হইয়াছে— এই যে ভারতীয় ঐতিহ্য ইহার বিরুদ্ধেও যাইতে হয়।

আমরা পূর্বেই বলিয়াছি যে, উপনিষদ্গুলির মধ্যে ভক্তিমূলক ভাবধারা অহুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, তাহাদের বৃদ্ধিপ্রধান ত্রদ্ধবিভার মধ্যে স্পষ্টতঃ একেশ্বরবাদী ভক্তিপ্রধান ভাবধার। ধীরে ধীরে পুষ্টিলাভ করিতেছিল। ইহা কডকটা উপনিষদগুলির মধ্যেই অন্তর্নিহিত একেশ্বরবাদী চিন্তাধারার জন্ম এবং কতকটা কোন কোন সত্যন্ত্রী ঋষির ব্যক্তিগত অমুপ্রেরণার জন্ম সম্ভব হইয়াছিল, কিন্তু ইহাও নিশ্চিত যে, নিগুণ ব্ৰহ্ম সম্বন্ধে উচ্চশ্ৰেণীর দার্শনিক তত্ত্বজ্ঞিলায়। এবং যে সকল লোকপ্রচলিত দজীব ধর্মমত দেব-দেবীগণের নিষ্ঠাপূর্ণ উপাদনাকে কেন্দ্র করিয়া গড়িয়া উঠিতেছিল এই উভয়ের অনিবার্য সংমিশ্রণও ইহার অপর একটি কারণ। যথন নিগুণ ব্রন্ধে ক্রমে ক্রমে অধিকতর ব্যক্তিত আরোপ করিয়। তাঁহাকে সাধারণ বুদ্ধিগম্য করা হইতেছিল তথন তাহার সঙ্গে দকে পৌরোহিত্যমূলক বাহ্মণ্যধর্মের দর্শন এবং আচার জনসাধারণের ভক্তিপ্রধান ধর্মবিশ্বাসকে সমর্থন করিতে ও নুতনভাবে ব্যাখ্যা করিতে থাকিল। আমরা গীতাকে যে আকারে পাই তাহা কেবলমাত্র পুরোহিতদের স্বষ্ট নয়, অথবা জনসাধারণের মধ্যে প্রচলিত কোন ধর্মসংক্রাম্ভ ভক্তিমূলক গ্রন্থও নয়। কোন কোন পণ্ডিত গীতাকে ঈশ্বরতত্ত্বিদ্ পণ্ডিতদের প্রযন্ত্রকত ক্রত্রিম রচনা বলিয়া মনে করেন, কিন্তু এইরূপ ক্রত্রিম রচনা-দারা ধর্মজীবনকে নিয়ন্ত্রণ করা প্রায় অসম্ভব। এইরূপ প্রয়ত্ত্বারা একটি বিস্ময়কর স্থদংহত ঈশ্বরতত্ত্বসম্বন্ধীয় এম্ব রচিত হইতে পারে, কিন্তু ইহার দারা যে ভগবদ্গীতার মত একটি প্রকৃত ধর্মপুস্তকের সৃষ্টি হইবে তাহা বিশ্বাস করা কঠিন। এই সকল কথা বিবেচনা করিলে এইরূপ অন্তমান করাই অধিকতর সমীচীন এবং ইতিহাসসমত হটবে যে, কোন একটি বিশিষ্ট ধর্মসম্বন্ধীয় চিস্তা বা ভাবধারা পরিপূর্ণভাবে বিকশিত হইয়া যে আকার ধারণ করিয়াছে তাহাই গীতায় নিবদ্ধ হইয়াছে এবং দেইজ্ঞ প্রাচীন পুরোহিততন্ত্র হইতে প্রাপ্ত কতকগুলি ধারণা ও বিশ্বাস এবং জনসাধারণের মধ্যে প্রচলিত কতকগুলি ধারণা ও বিশ্বাদ অবিচ্ছেগ্যভাবে মিশিয়া গিয়াছে।

বৃদ্ধিন্দ্রীবী অভিজাত শ্রেণীর উচ্চ দার্শনিক চিস্তা ও জনসাধারণের স্কুমার বৃত্তির সজীব আবেগ এই চুইয়ের মধ্যে এত অধিক অসঙ্গতি বর্তমান যে স্কুদর্শী পণ্ডিতেরা এই গ্রন্থে এই চুইয়ের মধ্যে সামঞ্জস্ত্রাধন হইয়াছে কিনা তাহা স্থির করিতে বহু

পরিশ্রম করিবেন ইহাই স্বাভাবিক। কিন্তু এই দকল অদৃত্বতিকে বাহ্মিক এবং কুত্রিম উপায়ে সংযুক্ত মনে করা ঠিক হইবে না, তাহার। এই গ্রন্থের বিশিষ্ট ঈশ্বরবাদের অবিচ্ছেত্য অঙ্গ এবং দেগুলিকে গ্রন্থের অন্যান্ত অংশ হইতে পুথক করিলে অথবা পরিহার করিলে ইহার ধর্মসম্বন্ধীয় এবং ঐতিহাসিক তাৎপর্যের হানি হইবে। আমরা এইসকল বিভিন্ন চিম্ভাধারা ও ভাবাবেগগুলির মধ্যে এক বিস্ময়কর সংমিশ্রণ দেখিতে পাই, কিন্তু গীতার উচ্চ চিন্তাধারার দিক যেমন প্রয়োজনীয় তেমনি যে ধর্মাবেগ ঐসকল চিস্তাধারাকে দজীবতা দান করে, তাহাও ততথানি প্রয়োজনীয়। এই অসঙ্গতিগুলি যেভাবে বিগুমান ঐভাবেই উহাদিগকে স্বীকার করিতে হইবে এবং সম্ভবত: যে অবম্বার মধ্যে গ্রহ্মধানি জন্মলাভ করিয়াছিল তাহাদারা উহাদের ব্যাখ্যা করিতে হইবে। গীতায় বিভিন্নজাতীয় অতিশয়োক্তি এবং পুনরুক্তি আছে ইহা মানিয়া লইলেও ইহাদারা প্রমাণিত হয় না যে গীতাকে এক বা একাধিকবার সংশোধন করা হইয়াছে। গীতাকে যে বারবার সংশোধন করা হইয়াছে এই মত গ্রন্থানি যে বিভিন্ন বিরোধী দৃষ্টিভঙ্গীকে সমন্বয় করিবার চেটা করিয়াছে প্রধানত: তাহার উপর প্রভিষ্টিত। কিন্তু যে যুগে বাস্তবিকই আধ্যাত্মিক অনিশ্চয়তা ছিল, দেই যুগে এই জাতীয় সমন্বয়ের দৃষ্টিভঙ্গী গ্রহণ করা খুব অম্বাভাবিক নহে। এই জাতীয় একখানি শক্তিশালী গ্রন্থকে কতকগুলি আদিম অপরিণত দার্শনিক মতের অসংলগ্র সংগ্রহ' বলিয়া নিন্দা করিলে অত্যন্ত পল্লবগ্রাহী সমালোচনার পরিচয় দেওয়া হয়। ইহার শুদ্ধ দার্শনিক মতবাদ তেমন বিচারদহ না হইতে পারে, কিন্তু ইহার লক্ষ্য দর্শন অপেক্ষা ধর্মের দিকে অধিক বলিয়া মনে হয়। গীতায় কতকগুলি মত বিশেষ বিবেচনা না করিয়া একত্র রাখা হইয়াছে, কিংবা কতকগুলি মতের সামঞ্জুবিহীন সংগ্রহকে এলোমেলোভাবে সংশোধন করা হইয়াছে, এইরূপ মনে করা অপেকা প্রচলিত মত এবং চিম্বাকে কতকগুলি সক্রিয় ও জীবস্ত ধর্মভাবের সাহায্যে পরস্পরের সহিত সমন্বয় করা হইয়াছে, এইরূপ মনে করাই অধিক যুক্তিযুক্ত। সম্ভবতঃ কতকগুলি বিরোধীমতের সংঘর্ষের ফলে দেশে এক নৃতন পরিস্থিতির উদ্ভব হইয়াছিল। ইহাতে তৎকালে যে নৃতন ভাবধারা দেখা দিয়াছিল উহাকে ব্যক্ত করাই গীতার বিশিষ্ট উদ্দেশ্য ছিল। গ্রন্থপানিকে উহার সমগ্র তাৎপর্যসহ গ্রহণ করিতে হইবে। সমগ্র গ্রন্থে একটি সাধারণ ধর্মভাব নিহিত এবং ইহাতেই উহার ঐক্য সম্পাদিত হইয়াছে। কোন গ্রান্থে শুধু বিভিন্নজাতীয় ধারণার অন্তিত্ব অথবা অস্পষ্ট ভাষার প্রয়োগ স্থদংবন্ধ দার্শনিক মতের সহিত বিসংবাদী হইতে পারে বটে, কিন্ত উহারা সামঞ্চপুর্ণ ধর্মোপদেশের সহিত বিসংবাদী নহে।

এই বিষয়ে কোন সন্দেহ নাই যে গীতায় বিভিন্ন চিন্তাধারা মিলিত হইয়াছিল, কিন্তু ইহাতে সমন্বয়ের বেচ্ছাক্বত চেন্তা করা হইয়াছিল একপ মনে করিলে ভূল হইবে। কারণ এই যে, এই মতগুলি তখন এমন পরিক্ট আকার ধারণ করে নাই যে উহাদের বিরোধ স্বস্পাইরূপে লক্ষিত হইতে পারে। এই কথা গীতা-গ্রন্থে এবং মহাভারতের ধর্ম এবং দর্শনবিষয়ক লেখাগুলিতে স্টিত হইয়াছে। ইহাতে কোন সন্দেহ নাই যে, গীতা-গ্রন্থে বিভিন্নতার মধ্যে যে একত্ব সম্পাদিত হইয়াছে, তাহা ধর্মভাবের সাহায্যেই হইয়াছে এবং এইজ্বল্ল অধিকাংশ অফুরূপ অল্লাল্ল গ্রন্থ হইতেইহার সমন্বয়প্রচেন্তা অধিক সফল হইয়াছে। নীতি ও ধর্মসন্ধীয় যে সকল প্রাচীন গ্রন্থে স্পাইভাবে মূলতঃ ভক্তিতত্বের উপদেশ দেওয়া হইয়াছে, গীতা উহাদের মধ্যে অল্লতম—বর্তমান প্রবন্ধে গীতাকে আমরা এইভাবেই আলোচনা করিব। গ্রন্থখানির দার্শনিক পটভূমিকা গুরুত্বপূর্ণ এবং ইহাকে অবহেলা করিলে চলিবে না। কিন্তু একটি প্রাচীন ভক্তিমূলক ধর্মের কয়েকটি দিক যেরূপ গভীর ঐকান্তিক ভাবাবেগের সহিত ব্যক্ত করা হইয়াছে, উহারই মূল্য অধিক।

যোগ্যভাদম্পন্ন পণ্ডিভগণ ইতঃপূর্বেই প্রচুর প্রমাণের সহিত দেখাইয়াছেন যে, 'গীতার রচয়িতা তৎপূর্ববর্তী দার্শনিক ও ধর্মবিষয়ক সাহিত্যের সহিত স্থপরিচিত ছিলেন। ব্রহ্মণ্যধর্মের যে দকল ক্রিয়াকলাপ ও মতবাদের শক্তি সেই সময়ে প্রায় নিংশেষ হইয়া গিয়াছিল, দেগুলিকে এই গ্রন্থের নানাস্থলে স্বীকার করিয়া লওয়া হইয়াছে^{১৬}, কিন্তু দেগুলিকে নৃতনভাবে ব্যাখ্যা করিয়া আপনার বিশিষ্ট উপদেশগুলির সহিত তাহাদের সামঞ্জলসাধনের আগ্রহও দেখা যায়। ক্রিয়াকাণ্ডে বিখাসী ষে সকল ব্যক্তি বৈদিক যজ্ঞাদি নিভূলভাবে সম্পাদন করিলে উপকার হয় এরপ মনে করিতেন, তাঁহাদের বিধিপরায়ণতাকে নিন্দা করা হইয়াছে, কিন্ধু ক্রিয়াকাণ্ডকেও সম্পূর্ণ পরিত্যাগ করা হয় নাই। জগতের পক্ষে বৈদিক যাগ-যজ্ঞাদির যে উপকারিতা আছে তাহা স্বীকার করা হইয়াছে, কিন্তু ইহাও বেশ জোরের সহিত বলা হইয়াছে যে, কেবলমাত্র কতকগুলি বিশেষ স্থফললাভের সঙ্কীর্ণ উদ্দেশ্যে অথবা পুণ্যার্জনের মানসে বেদ-বিহিত কর্মাদি করা উচিত নয়। থাহারা নিয়তর ফলের কামনা করে তাহারা অবশ্রুই সেইগুলি লাভ করে, কিন্তু ইহাতে তাহাদের থুব বেশী লাভ হয় না ৷ এইভাবে অর্জিত পুণ্য কিছুকাল পরে নিংশেষ হইয়া যায় এবং জীব সংগারচক্র হইতে চিরকালের অন্ত মুক্তিলাভ করিতে পারে না। অপর পক্ষে গাঁহারা সকল ফলাকাজ্ঞা ত্যাগ করেন এবং সমস্ত কর্মফল ঈখরে অর্পণ করেন, তাঁহারা মানসিক শাস্তি ভোগ করেন এবং কর্মে নির্লিপ্ত হন; ইহার ফলে তাঁহাদের প্রকৃত ভক্তি

এবং চরম মোক্ষন্ত হয়। বৈদিক ষজ্ঞকে এক ব্যাপকতর ও অধিকতর আধ্যাত্মিক অর্থে গ্রহণ করিয়া যুক্তির ভিত্তিতে স্থাপিত করিবার চেটা করা হইয়াছে। এইরকম চিস্তাধারা ঔপর্নিবদিক যুগেও দেখা গিয়াছিল, কিন্ধু গীতায় ইহা অধিক উৎকর্বলাভ করিয়াছে। গীতায় বলা হইয়াছে যে, যাগ ষজ্ঞ বছপ্রকারে করা যায় এবং যজ্ঞকে অন্তঃ ছইটি পৃথক অর্থে বুঝা ঘাইতে পারে, প্রথমতঃ বেদে বর্ণিত বিধানাহ্যায়ী ক্রিয়াসম্পাদন এবং দিতীয়তঃ ঐ ক্রিয়াগুলিকে রূপকরণে গ্রহণ। ইন্দ্রিয়সংযম, জ্ঞানার্জন এবং বস্তুতঃ সকল কর্তব্য কর্ম ও তপশ্র্বাকে রূপকের অর্থে যক্ত আখ্যাদেওয়া ইইয়াছে। সম্পূর্ণ নিঃস্বার্থভাবে এইগুলি করা হইলে ইহারা চামিক কর্ম; স্বার্থবৃদ্ধিতে করা হইলে রাজসিক এবং মোহাচ্ছয় হইয়া করা হইলে ইহারা তামসিক। যজ্ঞের মূল অর্থ হইতেছে উচ্চতর কল্যাণের জন্ম নিম্নতর কল্যাণকে বিদর্জন দেওয়া। এই ধারণাকে ভিত্তি করিয়া ব্যাপক অর্থে বলা যায় যে, ঈশ্বরের বেদীতে সকল সাংসারিক আসন্তি ও বাসনা নিবেদন করাই স্ব্রিশ্রেষ্ঠ যক্ত। এইভাবে বন্ধণ্যধর্মের যাগ-যজ্ঞবিধির প্রামাণ্য এবং বর্ণাশ্রমধর্মে বিহিত কর্মগুলির যথায়থ অন্ট্রানের উচিত্য স্বীকার করা হইয়াছে, কিন্ধ ভক্তিমার্গের সহিত ক্রিয়াকাণ্ডের সমন্ধ বিষয়ে গীতার যে বিশিষ্ট মত আছে, তাহার তুলনায় এইগুলিকে গৌণ স্থান দেওয়া হইয়াছে।

এইভাবে উপনিষদের বিভিন্ন উপদেশের সহিতও গীতাকারের সম্পূর্ণ পরিচয় দেখিতে পাওয়া যায়, কিন্ধ এই উপদেশগুলিকে তিনি নিজস্ব ভাবধারার সাহায্যে কিয়দংশে পরিবর্তন করিয়া লইয়াছেন। উপনিষদে বর্ণিত ব্রহ্মাছৈবাদা, পুরুষের ধারণা এবং কিছু পরবর্তী যুগের ঈশরের ধারণা—এইগুলি স্পষ্টভাবে গীতায় উলিখিত হইয়াছে। তাহা ছাড়া আত্মোপলিন্ধির যোগশাস্ত্রসমত প্রণালী, যজ্জকে ব্রহ্মের রূপ বলিয়া বর্ণনা এবং যজ্জের রহস্তাত্মক ব্যাখ্যা, দেবয়ান ও পিতৃষান সম্বন্ধীয় মত এবং উপনিষদে যে সকল অপ্রধান বিশিষ্ট শব্দ ও চিন্তা প্রচলিত হইয়াছিল—সেই সকলেরও গীতায় উল্লেখ আছে। ব্রন্ধবিত্যাও স্বীকৃত হইয়াছে এবং ইহার সহিত যে সকল ধর্মসম্বন্ধীয় ভাব জড়িত আছে, সেগুলিকেও সম্পূর্ণভাবে পরিস্ফুট করা হইয়াছে; কিন্ধ নিগুর্ণ ব্রন্ধকে নম্পূর্ণভাবে প্রস্কর্মস সন্তুণ ব্রন্ধে পরিণত করা হইয়াছে এবং মৃক্তির জন্ম বিশুদ্ধ জানের এবং উপনিষদগুলিতে বণিত আত্মসমাহিত হইবার পদ্ধতিগুলির উপযোগিতা কিছু পরিমাণে স্বীকার করা হইয়াছে। গীতায় এইগুলিকে সাংখ্য মতবাদের লহি ইহাদের সাদৃশ্য নাই। কিন্ধ মহাভাবতে বোণের বিরোধী হিসাবে 'সাংখ্য'-এই পারিভাষিক শব্দের উল্লেখ

করা হইয়াছে। গীতাতেও সম্ভবতঃ বাঁহারা মুক্তির জন্ম জ্ঞানের প্রয়োজন এবং চিস্তা ও ধ্যানের সাহায্যে সেই জ্ঞান লাভ করা যায় এইরূপ মনে করেন, তাঁহাদের পদ্ধতিকেই 'সাংখ্য' শব্দ দারা ব্যক্ত করা হইয়াছে, আর শান্ত্রবিহিত কর্মের নিঃস্বার্থ সম্পাদনদারা আত্মসংযম ও শান্তিলাভ করার প্রক্রিয়াকেই 'যোগ' বলা হইয়াছে।

গীতাতে পরমেশ্বরের ত্রিবিধ রূপের কথ। আছে এবং প্রকৃতি অর্থাৎ মূল জডবস্ত ও জীবাত্মা পরমেশরের এই তুইটি পরস্পার সমকক্ষ অভিব্যক্তিও স্বীক্বত হইয়াছে, উহাদিগকে একই বিশাত্মা বা ত্রন্ধের বিভিন্নরূপ বলিয়া গ্রহণ করা হইয়াছে। অবশ্র এথানে বন্ধ ও সঞ্জণ ঈশ্বর এক। গীতার এই মত কিয়দংশে শেতাশ্বতর উপনিষদের অমুরূপ। এই মতটি স্থপ্রসিদ্ধ ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের রূপকের সাহায্যে বর্ণিত হইয়াছে। এখানে সম্ভবতঃ ক্ষেত্র বলিতে (সাংখ্যদর্শনে বর্ণিত প্রকারে) প্রকৃতির সেই অবিরাম ক্রিয়া-ভূমি বুঝায় – যাহা পরিচ্ছিন্ন আত্মা বা ক্ষেত্রজ্ঞের অধিষ্ঠান। এই ক্ষেত্রজ্ঞ হইতেছে দর্বক্ষেত্র-নিবাদী পরম ক্ষেত্রজ্ঞ ঈশবের একটি রূপ। গীতায় সাংখ্যের ন্যায় পুরুষকে নিষ্ক্রিয় বলিয়া ধীকার করা হয় নাই, এবং ঈশ্বরের অন্তিত্ব সম্বন্ধে নীরবতাও অবলম্বন করা হয় নাই একথা সত্য; তথাপি পরিচ্ছিন্ন জড়জগৎ ও আধ্যাত্মিক জগতের সহিত পরমান্মার যে সম্বন্ধ তাহা বিশদ করিবার জন্ম বিভিন্ন তত্ত্বের নাম নির্দেশক সাংখ্যদর্শনসম্মত প্রাচীন পরিভাষা ব্যবহার করা হইয়াছে। গীতায় পঞ্চ মহাভূত, বুদ্ধি, অহঙ্কার প্রভৃতিতে প্রকৃতির অভিব্যক্তি আরোপ করা হইয়াছে—এইগুলি সাংখ্যদর্শনবর্ণিত ক্রিয়াশীল জড়প্রকৃতিরই বিভিন্ন অবস্থা অথবা চতুর্বিংশতি তত্ত। আবার বিশের সৃষ্টি ও ক্রিয়ার ব্যাখ্যা দেওয়ার জন্ম পর প্রভৃতি ত্রিগুণও স্বীকৃত হইয়াছে। তাহা ছাড়া ক্ষর ও অক্ষর অর্থাৎ নখর ও অবিনখর নামে তুইটি পুরুষ এবং পুরুষোত্তম নামে ক্ষর ও অক্ষরের উর্ধ্বে তৃতীয় এক পুরুষের কথাও দেখিতে পাওয়া যায়। ইহাতে স্পষ্ট মনে হয় যে, এই তিনটি পুরুষ একই পুরুষের তিন অবস্থা বা রূপ। ইহা স্পষ্ট যে এই ঈশ্বররূপ পুরুষের ধারণা উপনিষদীয় চিস্তার পরিণতি, সাংখ্যমতের নহে, কারণ সাংখ্যদর্শনে পরমপুরুষ অথবা ঈশ্বর স্বীক্বত হন নাই এবং পরস্পর হইতে পৃথক অনস্তদংখ্যক পুরুষের অন্তিত্ব স্বীকৃত হয়। স্থতরাং প্রতীয়মান হইবে যে, যদিও গীতাতে দাংখ্যদর্শনের কতকগুলি পারিভাষিক শব্দ वावकुछ हहेग्राष्ट्र, छथां नि मां शामर्गत्न এই मकन मत्मन्न त्य वर्ष गीष्ठांग्न উहांना मर्वना সেই অর্থে ব্যবহৃত হয় নাই, এবং প্রচলিত সাংখ্যদর্শনের পরাবিভার সহিত জড়িত দর্বমতও গীতায় গৃহীত হয় নাই। গীতা স্পষ্টতঃ ঈশরবাদী, কিন্তু দাংখ্যদর্শনে দ্বীবরের প্রসন্ধর্ট নাই। গীতা-গ্রন্থের পুরুষ ও প্রকৃতির ধারণায় সাংখ্যপ্রভাব অবশ্র

স্বীকাষ; কিন্তু উত্তমপুরুষের ধারণাদারা গীতা এই তুই তত্ত্বের মিলন ঘটাইয়াছে। স্বতরাং প্রতীয়মান হইবে যে, যথন গীতা-গ্রন্থ রচিত হইয়াছে তথন সাংখ্যদর্শনের কয়েকটি মত অপরিণত অবস্থায় বিভামান ছিল, কিন্তু সম্ভবতঃ পরবর্তী যুগের প্রসিদ্ধ সাংখ্যদর্শনের সহিত গীতাকারের পরিচয় ছিল না। এই কথা সাধারণতঃ মহাভারতের সম্বন্ধেও প্রযোজ্য।

দর্ব জড়বস্থ মিথ্যা—বেদান্তের এই বিশিষ্ট মত গীতায় গ্রহণ করা হইয়াছে বলিয়া মনে হয় না, বরং এই ব্যাপারে দাংখ্যমতই দৃঢ়ভাবে গৃহীত হইয়াছে। মায়া শব্দের প্রয়োগ আছে বটে, কিন্তু তাহা জড়সন্তার বাচক নহে। কিন্তু জড়বস্তকে বৃদ্ধি যে বিশিষ্ট প্রকারে জানে মায়াশব্দবারা তাহাই ব্যক্ত করা হইয়াছে এবং বৃদ্ধিতত্ব ও জড়তত্ব উভয়ই গীতার মতে শাখত তত্ব। গীতা খেতাখতর উপনিষদের সহিত এই ব্যাপারে একমত বলিয়া মনে হয় যে ঈশ্বর মায়ার স্রষ্টা। অবশ্চ এই মায়া প্রকৃতি অথবা অবিভার সহিত অভিন্ন নহে। ইহা হইতেছে ঈশ্বের সেই বিশ্বলান্তিকর শক্তি যাহা বারা তিনি প্রকৃতি ও গুণসমূহের মাধ্যমে নিজের স্বরূপ আবৃত করিয়া রাথেন বি।

পরস্পরবিরোধী বিভিন্ন দার্শনিক মতের সমন্বয় ও একীকরণের এই সকল ও অক্সান্ত উদাহরণ হইতে বুঝা যায় যে, যদি কেহ গীতাতে এমন একটি সম্পূর্ণ ও যৌক্তিক দর্শনের সন্ধান করেন, যাহা পণ্ডিতস্থলভ অভ্রাস্ত ও যথাযোগ্য ভাষায় ব্যক্ত হইয়াছে, তাহা হইলে তিনি ব্যর্থকাম হইবেন। মহাভারতের বিমিশ্র ও বিশৃষ্খল দর্শন এবং তাহার কিয়ং পরিমাণে অনির্দিষ্ট পরিভাষার দর্ব দোষ ও গুণ গীতোক্ত দার্শনিক মতেও বিভয়ান। গীতার যে দৃষ্টি স্পষ্টতঃ ঈশ্বরবাদী ও ভক্তিমূলক তাহার সহিত কতকগুলি প্রাচীনতর তত্তজানীয় মতের কিছু অসম্বন্ধভাবে যেরপ সমহয় করা হইয়াছে, তাহা হইতেও স্পষ্ট হয় যে, গীতাকে দর্শনগ্রন্থ মনে করা অপেক্ষা ধর্মগ্রন্থ মনে করাই অধিক সন্ধত। ইহার ভক্তি ও রহস্তবাদমূলক সমন্বয় বছস্থলে বাস্তবিকই অপুর্ব, কিন্তু স্ক্ষ তর্কের দৃষ্টিতে যে কিভাবে পরস্পরবিরোধী ধারণাগুলিকে যুক্তি-সম্মত নিয়মে মিলান সম্ভবপর, তাহা এইরূপ সমন্বয় হইতে বুঝা যায় না। উদাহরণ স্বরূপ, নিশুণ ব্রহ্ম যে কি করিয়া সগুণ ঈশ্বরে পরিণত হয়, এই সমস্তার সমাধানে বলা হইল যে, ইহা মায়া অথবা বিশ্বভান্তি বশত:ই ঘটে, অর্থাং ইহা একটি ছজ্জে য় রহস্ত। ত্রন্ধের সহিত জগতের সম্বন্ধও একইভাবে ব্যাখ্যাত হইয়াছে। সাংখ্যমতে পরমতত্ত্বের সহিত জীবাত্মার চিরমিলনের উপায় হইতেছে বিশুদ্ধ বুদ্ধি; কিন্তু গীতার মতে এই উপায় হইতেছে ভগৰৎক্বপা এবং এই ক্বপা ভগৰানের প্রতি মান্থবের শ্রদ্ধা ও প্রেমের স্বাভাবিক প্রতিদান।

গীতায় ঔপনিষদিক ব্রহ্মবাদকে স্পষ্টতঃ না হুইলেও কিছু পরিবর্তিত আকারে গ্রহণ করা হইয়াছে, কিন্তু জ্ঞানের দার৷ নিষ্ক্রিয়তা অথবা মোক্ষ্যাত সম্বন্ধে উপনিষদের যে সকল মতবাদ তাহা অনুমোদন করা হয় নাই বলিলেই চলে। পর্মতসহিষ্ণৃতা ও বিভিন্ন মতের সমন্বয়সাধনের চেষ্টাই গীতার বৈশিষ্ট্য; তদমুবায়ী সাংখ্যযোগ বলিয়া কথিত যে জ্ঞানমার্গ দর্বকর্মদন্ত্রাদ দারা এবং আত্মা ও অনাত্মার ভেদ দম্বন্ধে ধ্যানের দারা ব্রহ্মের বৌদ্ধিক অমুভূতিলাভ করিতে শিক্ষা দেয়, গীতায় তাহাকে সম্পূর্ণভাবে বর্জন করা হয় নাই। প্রাচীন উপনিষদসমূহ ও সাংখ্যে বর্ণিত বুদ্ধিমার্গকে স্বীকার করা হইয়াছে বটে, কিন্তু ইহার ত্বরহতা এবং অব্যর্থত। সম্বন্ধে অনিশ্চয়তার জন্ত ইহাকে সমর্থন করা হয় নাই। নি:স্বার্থভাবে ভক্তির সহিত সকল সামাজিক ও ধর্মসম্বন্ধীয় কর্তব্য সম্পাদন করাই কর্মধোগ, এবং এই কর্মধোগ জ্ঞানযোগ অপেক্ষা অধিক সহজ। কোন বিশেষ দার্শনিক মতবাদ প্রতিপাদন অপেক্ষা জীবনযাত্রার নিয়ম সম্বন্ধে শিক্ষা দেওয়াই গীতার উদ্দেশ্য, স্বতরাং সাংখ্য অর্থাৎ জ্ঞানের উপর প্রতিষ্ঠিত দর্শনশান্তকে পরিহার না করিলেও যোগ অর্থাৎ কর্মের উপর প্রতিষ্ঠিত দর্শনকেই বিশেষভাবে সমর্থন করা হইয়াছে। প্রাচীনকাল হইতে প্রচলিত কর্মবাদকে গ্রহণ করা হইলেও ইহাতে কয়েকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন করা হইয়াছে। আমরা পূর্বেই দেখিয়াছি যে, যাহারা ফলকামনায় কর্ম করে গীতা ভাহাদের মভের নিন্দা করিয়াছে, কিন্তু যাহার৷ কর্মবাদকে কেবল মৃক্তিদারা ভ্রান্তভাবে ব্যাখ্যা করিয়া বলে যে, ষেহেতু কর্ম জীবকে সংসারে বন্ধ করে সেই হেতু সম্পূর্ণভাবে কর্মত্যাগ করিলেই মোক্ষলাভ হয়—তাহাদের মতকেও গ্রহণ করে না।

কিন্তু গীতায় ইহাও বলা হইয়াছে যে, জ্ঞানমার্গের জন্ম যেমন, কর্মার্গের জন্মও তেমনই ধ্যান-সাধনার প্রয়োজন। যাহাতে কর্মের নিয়মান্থ্যায়ী কর্ম করিয়া পরিশেষে উহা অ-কর্মে পরিণত হয় এবং জীবকে বন্ধ না করিতে পারে, তাহার জন্ম নিরাসক্তিও সমন্থভাবের প্রয়োজন। এই অবস্থা পাইতে হইলে নানারূপ যৌগিক প্রক্রিয়া ব্যতীত প্রথমতঃ নিষ্ঠার সহিত স্থর্ম পালন করিতে হইবে, দ্বিতীয়তঃ সকল আসক্তি অর্থাৎ কর্তৃত্বাভিমান এবং ফলাশা ত্যাগ করিতে হইবে, এবং সকল কর্ম এবং তাহাদের ফল এমনভাবে ঈশরে সমর্পণ করিতে হইবে যাহাতে প্রত্যেক কর্মটি ভক্তি ও প্রেমের অর্থ্য বিলয়া গণ্য হইতে পারে। কর্তৃত্বাভিমান এবং আর্থপরতা সম্পূর্ণভাবে বর্জন করিলে কর্মের যে শক্তি জীবকে জড়জগতে বন্ধ করে এবং তাহার প্রর্জনের কারণ হয় তাহা নই হইয়া যায়, কারণ এইরূপ মনোভাব লইয়া যে কর্ম করা হয় তাহা অ-কর্ম। যে ব্যক্তি কর্মে স্পূচা এবং কর্মফল পরিত্যাগ করিয়াছে

দেই প্রক্তপক্ষে কর্মত্যাগ করিয়াছে। ইহাই যথার্থ সন্মাদ এবং যথার্থ যোগ। ইহারারা নিশ্চিডভাবে ঈশবের প্রদাদ এবং মোক্ষলাভের পথ প্রস্তুত হয়। এই মার্গ অবলম্বন করিলে দায়িত্বহীনভাবে শাস্ত্রবিহিত কর্মত্যাগ করিবার প্রয়োজন হয় না, বরং ইহা মানব-প্রকৃতির প্রেষ্ঠ বৃত্তিগুলিকে দক্রিয় করিয়া তুলে। কোন কোন দার্শনিক যে কর্মত্যাগ করিয়া ধ্যানমগ্ন হইবার শিক্ষা দিয়াছেন ইহা তাহা নহে, কারণ ইহাতে বিহিত-কর্ম সম্পাদন করিয়াই নৈম্ব্যাবস্থা লাভ হয়।

গীতায় উপদিষ্ট দাধনা ভগু নীতির নহে ধর্মেবও। নিয়মশৃভালাবদ্ধ জগতের অংশ বলিয়া জীবকে কর্ম করিতেই হইবে, কিন্তু নিজামভাবে কর্মসম্পাদন করিলে 'কর্তব্য কর্ম কর্তব্য বলিয়াই করা উচিত' এই অবশ্রপালনীয় নৈতিক নিয়মাম্যায়ী আচরণ করা হয়। কিন্তু ঈশ্বরকে সকল কর্ম এবং কর্মফল অর্পণ করিয়া যিনি কর্তব্যকর্ম করেন, তিনি ঈশ্বরের ইচ্ছাত্মধায়ীও কাজ করেন। সাধক এইভাবে ইন্দ্রিয়দংষম ও বৃদ্ধিদংষম অভ্যাদ করিয়া যথার্থই যোগী এবং দল্লাদী হইয়া যান, কিন্তু তাঁহার অবিচলিত প্রেম ও দেবার মনোভাব তাঁহার যে সকল কার্য কেবল-মাত্র নৈতিক দৃষ্টিতে দং দেগুলিকেও আধ্যাত্মিক মর্যাদা দান করে। স্থতরাং গীতা যে কর্মবাদ শিক্ষা দেয়, তাহাতে নির্দিষ্ট নিয়মাত্মদারে কতকগুলি বিধি প্রতিপালন করাকেই বুঝায় না, কিন্তু তাহা কর্মদম্বন্ধে তত্বজ্ঞান এবং প্রবল ধর্ম-ভাবের উপর প্রতিষ্ঠিত। এই কর্মবাদ অমুদারে আমাদের জীবনের প্রত্যেক কর্মই যজ্ঞের রূপ ধারণ করে, ইহা অভ্যাদ করিলে আমাদের আত্মা আদক্তি এবং মোহ হইতে মুক্ত হয় এবং কর্মের কুফল হইতে রক্ষা পায়। ভগবান স্বয়ং দকল জীবের প্রতি করুণা করিয়া আপনাকে উৎস্ট করেন এবং জগতের হিতের জন্ম মাঝে মাঝে অবতীর্ণ হইয়া কর্মের শ্রেষ্ঠ আদর্শ স্থাপন করেন। বিশের জন্ম কৃত তাঁহার এই কর্ম অ-কর্ম, কারণ এই কর্মের প্রেরণা দিব্য আত্মত্যাগে এবং ইহা তাঁহাকে কর্মবন্ধনে আবন্ধ করে না। ভক্ত জাঁহার সকল কর্ম ঈশ্বরে অর্পণ করিয়া যেন তাঁহার আপন ক্রিয়াকে ঈশবের বিশক্রিয়ার সহিত এবং তাঁহার নিজের ব্যক্তিত্বকে ঈশ্বরের বিশ্বজীবনের সহিত এক করিয়া দেন। এই নীতিমূলক ও ঈশ্বরাদমূলক মত প্রাচীন অদৃষ্টবাদমূলক কর্মতত্ত্বের সহিত করুণা ও প্রেমময় সপ্তণ ঈশ্বরে বিশ্বাসের এক অপূর্ব সমন্বয় ঘটাইয়াছে। ইহা কর্মের অলভ্যনীয় নিয়ম স্বীকার করিয়াছে বটে, কিন্তু ঈশ্বের বিশক্তিয়া এবং করুণার ধারণার সাহায্যে ইহার কঠোরতা হাস করিয়াছে, ইহার নৈতিক মূল্য বৃদ্ধি করিয়াছে এবং ইহাকে পবিত্রতামণ্ডিত করিয়াছে।

গীতার উপদেশ অমুদারে কান্ধ করিলে মানবের আচরণ কর্মের নিয়মকে লক্ষন করে না অথচ ঈশবের আচরণের ক্যায় কর্ম নিয়মের উর্ধেচ লিয়া যায়।

এই প্রসঙ্গে গীতার যে বিশিষ্ট উপদেশ ভক্তিষোগ তাহার কথা আসিয়া পড়ে। ভক্তিষোগের অর্থ ভগবানের প্রতি প্রেম ও সেবার ভাব। গীতা এই ভক্তিযোগের ঐক্যস্ত্তের দাহায্যেই জ্ঞান ও কর্ম, বৈরাগ্য ও অমুরাগের দমন্বয়দাধনের চেষ্টা করিয়াছে। প্রাচীন দার্শনিক চিস্তার উপদেশ এই ছিল যে, একমাত্র জ্ঞানই মৃক্তির পথ, কিন্তু গীতার মতে যদিও এই জ্ঞান অংশতঃ বুদ্ধিবিচার এবং অংশতঃ বিশিষ্ট একপ্রকার কর্মদারা লাভ করা যায়, তথাপি এই জ্ঞান কোন নিগুণ বস্তুবিষয়ক নতে: পরস্ক অশেষ কল্যাণগুণযুক্ত এবং অপারকরুণাময় এক পরমতত্ববিষয়ক। ইহাই আত্মা, ব্রহ্ম, ঈথর, পুরুষ অথবা পুরুষোত্তম; কিন্তু তিনি বস্তুতঃ সর্বপ্রকার সম্ভাব্য অনন্ত সদগুণের অধিকারী। তাঁহারই সন্তায় জড়প্রকৃতি ও জীব এই তুই শাখত কিন্তু পরিচ্ছিন্ন তত্ত্ব সন্তাবান হয় এবং যুগে যুগে তাঁহা হইতেই নিঃস্ত হইয়া অভিব্যক্তিলাভ করে। যে শক্তিদারা তিনি নিজেকে পরিচ্ছিন্ন সন্তায় পরিণত করেন, তাহা তাঁহারই বিশ্বভাস্তিকর শক্তি অথবা মায়া, যাহা তাঁহার প্রকৃত স্বরূপ আবৃত করে। জ্ঞান অথবা তপশ্চর্যা তাঁহাকে পাইবার উপায় হইতে পারে; কিন্তু তাঁহাকে পাইবার দর্বপ্রচেষ্টায় ঐকান্তিক প্রেমামুরাগ ও দেবার ভাব থাকা অত্যাবশ্রক—শুধু উহা দারাই জ্ঞানী অথবা বোগীর নিকটও যাহা লুকায়িত তাহা পাওয়া সম্ভবপর।

ইহার পূর্বে উপনিষদ সমূহে ইন্দ্রিয়গুলিকে অন্তর্ম্থীন করিবার জন্ম এবং পরম-বস্তব অতীন্দ্রিয় সাক্ষাৎ উপলব্ধির জন্ম করেবার জন্ম ওপালী উপদিপ্ত হইয়াছিল, কিন্তু ইহার সঙ্গে উপনিষদের ঋষিরা ক্রমশং এমন একটি সর্বাহ্মস্থাত ও সর্বাতীগ ব্রন্ধের ধারণায় উপনীত হইয়াছিলেন, যাহাকে পুরুষগুণসম্পন্ন ঈশরের ধারণা বলা যাইতে পারে। শুধু বৃদ্ধির সাহায়ে অপরিচ্ছিন্ন অব্যক্ত তত্ত্বের ধ্যানকে গীতায় 'অব্যক্ত উপাসনা' এই আখ্যা দেওয়া হইয়াছে। গীতার মতে ইহা উপাসনার এক প্রণালী বটে, কিন্তু ইহা দীর্ঘ এবং কঠোর সাধনসাপেক্ষ বলিয়া অতি অল্পসংখ্যক সাধকের উপযোগী। ইহা অপেক্ষা মূর্ত উপাস্থা বস্তুতে মন স্থির করা সহজ্ঞ। ব্যক্ত-উপাসনার অর্থ ব্রন্ধকেই প্রকটি ও মূর্ত পুরুষদ্ধপে ধ্যান করা, স্ক্তরাং এই উপাসনা যে সকলের পক্ষেই উপযুক্ত শুধু তাহাই নহে, অধিকন্তু ইহাতে পরমতত্বের সহিত প্রেম ও সেবার সাক্ষাৎ ব্যক্তিগত সম্বন্ধও স্থাপন করার অবকাশ আছে।

গীতোক্ত ধর্মদাধনায় ভক্তিরূপ এই জীবস্ত ও প্রাণপ্রদ অংশটি থাকায় জ্ঞানমার্গ

অপেকা কর্মার্গের উপর অধিক গুরুত্ব অর্পিত হইল, এবং এই ভক্তির উল্লেখ না থাকিলে ষাহা ভুধু একটি দার্শনিক প্রবন্ধের আকার ধারণ করিত, তাহাই ভক্তির সমাবেশধারা একথানি প্রভাবশালী ধর্মবিষয়ক প্রামাণ্য গ্রন্থে পরিণত হইল। मखरा । या पूर्व विठातमूनक विভिन्न हिन्छात करन लाक नेश्वरतत कथा जूनिया যাইতেছিল, সেই যুগেই গীতা প্রেম ও করুণাময় ঈশ্বরের প্রতি প্রেম ও সেবার উপদেশ দিয়াছিল। ইহাতে পূর্বতন বৃদ্ধিবাদী ও ক্রিয়াকাগুবাদীদের পরস্পরবিরোধী মত এবং লোক-প্রচলিত ঈশরোপাসনার সমন্বয় সাধিত হইয়াছে। গীতা উপাসকের সম্মুথে এমন একটি প্রত্যক্ষ ভক্তির পাত্র স্থাপন করিল, যাঁহার সমীপে যে কোন স্থলে এবং যে কোন কালে যাওয়া সম্ভবপর, এবং ধর্মজীবনে যে জ্ঞান, সাধনা এবং সেবা এই তিনের সন্মিলনের একটি বিশেষ মূল্য আছে, তাহাও শিক্ষা দিল। এই শিক্ষা একদিকে আত্যন্তিক বৃদ্ধিবাদকে বাধা দিল এবং অপরদিকে সাম্প্রদায়িক অন্ধ ধর্মবিশাদকে জ্ঞান ও দাধনার দৃঢ়ভূমিতে স্থাপিত করিয়া এবং উপাদনার বিভিন্ন প্রণালীগুলিকে একই পরমেশবের উপসনার রূপ বলিয়া উহাদের প্রতি উদার দৃষ্টি পোষণ করা কর্তব্য এইরূপ প্রচার করিয়া সাম্প্রদায়িক ধর্মবিখাসকে যুক্তিসমত করিল। গীতায় পরস্পরাগত বিভিন্ন দর্শন ও ধর্মতের যে সমন্বয়সাধন কর। হইয়াছে, তাহার মূল্য যাহাই হউক না কেন, এই কথা নিঃসন্দিগ্ধ যে গীতায় ভক্তির বাণী অতিশয় স্পষ্ট এবং এ গ্রন্থে যে সমন্বয় ও ষেটুকু ঐক্য দেখিতে পাওয়া যায়, ভক্তি হইতেই তাহাদের প্রেরণা আসিয়াছে।

গ্রন্থটিতে ভক্তি ও কুপা (প্রসাদ) সম্বন্ধে সাক্ষাংভাবে কোন ব্যাখ্যা অথবা উহাদের সমর্থনে কোন দার্শনিক বিচার দেখিতে পাওয়া যায় না। ইহার কারণ হয়ত এই যে, ভক্ত ও ভগবানের সম্বন্ধটি উপলব্ধির বিষয়, বর্ণনা অথবা আলোচনার বিষয় নহে। তথাপি ভক্তিবাদের প্রধান প্রধান কথাগুলি স্পট্টভাবেই দেওয়া হইয়াছে। শ্রন্ধা হইডে ভক্তির উৎপত্তি হইতে পারে এবং শ্রন্ধার সহিত একটি ভক্তিযোগ্য সত্যতত্ত্বের স্বীকৃতিও জড়িত থাকে, কিন্তু আসলে ভক্তির মূল স্বরূপ ইহা হইতে ভিয়। পরম তত্ত্ব অথবা আদর্শপ্রাপ্তি ধারা অহম্-এর সীমাবদ্ধ জীবন হইতে মৃক্তিলাভ হয়; সে কারণ উহার দিকে মাহ্মষের একটি স্বাভাবিক প্রেরণা আছে, এবং মাহ্মষের হৃদয়াবেগে এই প্রেরণা চরিতার্থ করার সম্ভাবনা বা শক্তিও বহিয়াছে। ভক্তি হইতেছে এই শক্তিরই ঘণাযোগ্য ব্যবহার অথবা স্থনিয়ন্ত্রিত ক্রিয়া। যেহেতু ভক্তি স্বরূপতঃ একটি হাদয়াবেগ অতএব উহার সহিত দৈতভাব এবং ভক্ত ও ভগবানের মধ্যে একটি ব্যক্তিগত সম্বন্ধও জড়িত থাকে। স্বতরাং উক্ত পরমতত্ব বা

আদর্শটিকে মনোজাত একটি অসার নিমুষ্ট# পদার্থ কিংবা আভাস বলা ঠিক হইবে না। উহার এমন একটি পরিপূর্ণ ব্যক্তিসন্তা স্বীকার করিতে হইবে, যাহাতে উহার স্থিত প্রেমের আদানপ্রদান সম্ভবপর হয়। সঙ্গে সঙ্গে ইহাও স্বীকার করা দরকার ষে, এই পরমতত্ত্ব এবং উপাদক সম্পূর্ণ ভিন্ন অথবা সম্পূর্ণ অভিন্ন নহে। কারণ এইরপ না হইলে উহা উপাদকের লক্ষ্য অথবা প্রাপ্তির বিষয় হইতে পারে না। এইভাবে দেখা যায় যে, বৃদ্ধি, প্রবৃদ্ধি ও হৃদ্যাবেগের সম্মিলিত ও অবিরাম প্রযন্ত্র, পরমতত্ত্বের প্রতি ভয়মিশ্রিত শ্রদ্ধা এবং তজ্জনিত নম্রতা ও আত্মসমর্পণ-এই সকলের বিশেষ আবশ্যকতা রহিয়াছে। তথাপি, এই প্রয়য়ের প্রতি মুহূর্তেই দাধক তাহার অভীষ্ট আদর্শের স্পর্শলাভে সমর্থ হয়; কারণ পরমতত্ত্বের অক্ষয় ও অনস্ত প্রেম জীবের আত্মনিবেদনসহকৃত পূর্ণপ্রেমের আহ্বানে অবশ্রুই সাড়া দেয়। অবশ্রু গীতায় উপদিষ্ট ভক্তি হইতেছে উপাসনার সেই আবেগময় চিত্তাবস্থা, যাহা প্রত্যেক খাঁটি ধর্মই স্বীকার করিতে বাধ্য। কিন্তু উপরে যাহা বলা হইয়াছে তাহা হইতে म्लाहे तुवा यात्र एष, जब कामग्रादान जीव वहेलाई छेटा छक्तिभागा हुए ना, जाया উহা জ্ঞান ও ব্যবহারিক জীবনের কর্তব্য কর্ম হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন একটি অযৌক্তিক আনন্দোরাদও নহে। মনের যে সাম্যাবস্থায় বৃদ্ধি, কর্মপ্রবৃত্তি এবং হৃদয়াবেগ নিজ নিজ যথাযোগ্য কাজ করিতে সমর্থ হয়, সেই সাম্যাবস্থার কারণ সামগ্রীর মধ্যে গীতায় ভক্তিকে দর্বাধিক ফলপ্রদ বলিয়া বর্ণনা করা হইয়াছে, কারণ ভক্তির উদ্রেক হুইলে সর্বকর্ম ঈশবের নিঃমার্থ দেবায় উৎস্গীকৃত হয়। আদর্শমানবের যে বিভিন্ন বর্ণনা গীতায় দেখিতে পাওয়া যায়, – যথা জ্ঞানী, স্থিতপ্রজ্ঞ, যোগারুচ, বন্ধভূত, গুণাতীত অথবা ভক্ত, মোটামূটিভাবে বলা যায় যে ইহাদের সকলগুলিই জ্ঞান, কর্ম ও ভক্তির বিভিন্ন দৃষ্টিতে একই ব্যক্তির বর্ণনা। ১৮ গীতায় যে জ্ঞানযুক্ত ও নীতিসম্মত ভক্তি উপদিষ্ট হইয়াছে, তাহা এই বিষয়ে মধ্যযুগীয় ভারতের ভাবপরবশ দাধক দর ভিক্তি হইতে ভিন্ন; কারণ ইহারা ভক্তি-সাধনায় জ্ঞান এমন কি কর্মকেও বর্জন করিতে চাহিতেন এবং মনে করিতেন যে, গৃঢ় শৃঙ্গাররসমূলক ভাবোনাদ ভক্তির একটি অবিচ্ছেত অঙ্গ। মাহুষের ব্যক্তিত্ব দম্বনে ব্যাপকতর দৃষ্টি, ইহাই গীতোক্ত মতের বৈশিষ্ট্য; তাই এই মতে ধর্মের তীত্র-ভাবাবেগকে গম্ভীর বিচার ও নৈতিক কর্ম হইতে পথক করা হয় নাই।

ধর্মবিষয়ক প্রাচীন মত ও আচারাস্থ্রানের যেটুকু মূল্য ছিল, গীতা যে তাহা স্বীকার করিয়াছে ইহাতেও উহার একই উদার দৃষ্টি লক্ষিত হয়, অন্তান্ত ধর্মের দেব-

⁺ Abstract

দেবী ও উপাদনা পদ্ধতি দম্বন্ধে গীতা যে মত পোষণ করে, তাহাতে পরমতের প্রতি সহিষ্ণুতা ও বুঝাপড়ার মনোভাবও বিশেষভাবে লক্ষণীয়। ১৯ ভগবান যথন অর্জুনকে স্বকিছু পরিত্যাগ করিয়া কেবল তাঁহাকেই অফ্সরণ করিতে কহিলেন (১৮. ৬৫-৬), তথন তিনি সম্প্রদায়বিশেষেরই উপাসনাপদ্ধতি প্রচার করিলেন বলিয়া মনে হইতে পারে; কিন্তু চিন্তা ও উপাসনার স্বাধীনতা সম্পর্কে গীতা যে দার্শনিক সমদৃষ্টি ও উদার মনোভাব পোষণ করে তাহার ফলে উহা দম্বীর্ণ দাম্প্রদায়িকতার অনেক উর্ধে উঠিয়া গিয়াছে এবং ভাগবত সম্প্রদায়ের ব্যাখ্যা ছাড়াও যে গীতার অন্ত অনেক ব্যাখ্যা সম্ভবপর, ও শঙ্করের জ্ঞানাহৈতের স্থায় চরম মতবাদকেও যে উহার উপদেশ বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে, ইহাই এই ব্যাপারে গীতার ক্বতিত্বের উচ্চ প্রশংসাবাদ। নানাপ্রকার মাতুষ ও নানাপ্রকার মনের নিকট প্রমেশ্বর অসংখ্য ভিন্ন ভিন্ন রূপে দেখা দিতে পারেন এবং আদৌ উপাদনা না করা অপেক্ষা কোন এক প্রকার উপাদনা শ্রেয়ম্বর – গীতার এই স্বীক্ষতিতেই ধর্মবিষয়ে গীতার এই উদার দৃষ্টির সমর্থন পাওয়া যায়। গীতায় বলা হইয়াছে যে, অক্সান্ত দেবতার পূজা দোষযুক্ত হইলেও গৌণভাবে স্বয়ং ভগবানেরই পূজা। ভিন্ন ভিন্ন মামুষ ভিন্ন ভিন্ন ইচ্ছা ও উদ্দেশ্য দারা কার্যে প্রণোদিত হইয়া থাকে; মামুষের ইচ্ছা ও চিন্তা যদ্রপ দেও ভদ্রুপ এবং সে যাহা চায় তাহাই পায়। যাহারা নিমতর উদ্দেশ্য-সম্পাদনের ইচ্ছা করে এবং ঈখরের নিয়তর রূপের উপাসনা করে, তাহারা তদমুযায়ী অভীষ্ট বস্তু ও উপাসনার ফল লাভ করে, কারণ মামুষ ষেভাবে তাঁহাকে আরাধনা করে ভগবান তাহাকে দেইভাবেই আশ্রয় করেন। নিমতর উপাশ্ত রূপগুলি আদলে উচ্চতর রূপে যাওয়ার দোপান। কারণ ভক্তিদহকারে যে দেবতারই পূজা করা হউক ন। কেন, তাহারও যথাযোগ্য ফল আছে এবং উহা অন্তঃকরণকে চৈতন্তের উচ্চতর ভূমির জন্ত প্রস্তুত করে। অন্ত দেবতার ভক্তেরা যে ফল লাভ করে তাহা সাস্ত (finite), কিন্তু পরমেশবের ভক্তেরা তাঁহাকেই প্রাপ্ত হয়।

ভিন্ন সম্প্রদায় কর্তৃক উপাসিত দেবতারা প্রকৃতপক্ষে পরমেশরেরই ভিন্ন ভিন্ন রূপ;
এবং মহাভারতোক্ত অবতারবাদ এই দব অত্যাত্ম দেবতাকে ভগবানেরই রূপ বলিয়া
অথবা তাঁহার সহিত অভিন্ন বলিয়া গ্রহণ করিতে সাহায্য করিয়াছে। ২০ গীতা
ভক্তদের ভিন্ন প্রকার ও শুর স্বীকার করিয়াছে (৭।১৬-১৮; ১২।৯-১২);
কারণ, মামুষের শ্রন্ধা তাহার দত্ত্ব, রুজ ও তম গুণ দারা নিয়ন্ত্রিত হইয়া থাকে
(৭।২ই:; ১৫। ৬ই:)। বিদ্রূপকারী ও অবিশাসী ছাড়া সর্বজাতি ও অবস্থার
লোকের জন্ত গীতা ভক্তিমার্গ খুলিয়া দিতে উৎকর্চা প্রকাশ করিয়াছে; যদিও প্রাচীন

বান্ধণ্য মতে স্ত্রী ও শূস্ররা ধর্মকৃত্যের অনধিকারী; তথাপি গীতায় তাহাদের, এমন কি সর্বাপেক্ষা তুর্বল ও পাপাচারী সাধকদের জন্ম, এবং যে সব অজ্ঞালোক অন্ধভাবে শুধু শাস্ত্রের বিধান মানিয়া চলে ও অন্ম কোন উচ্চতন্ত্রের থবর রাথে না, তাহাদের জন্মও ভক্তির বার উন্মুক্ত করা হইয়াছে (১৬/১৯ ই:; ৩/২৫-২৬)। গীতায় তৎকালে প্রচলিত সমাজব্যবস্থাকে স্বীকার করিয়া বর্ণ ও আশ্রম অম্থায়ী শাস্ত্রীয় বিধিনিষেধ-শুলিকেও অম্যোদন করা হইয়াছে (১৮ ৪১-৪৫; ১৬. ২৩-২৪); কিন্তু গীতা নিজাম ও ভক্তিমূলক কর্মের যে পবিত্র উপদেশ দিয়াছে, তাহাতে জ্বাতি ও অবস্থাকে মৃক্তির প্রতিবন্ধক মনে না করিয়া মৃক্তির পথ বলিয়াই গণ্য করা হইয়াছে।

স্বতরাং দেখা যাইতেছে যে, গীতায় ভক্তিবাদের একটি সরল ব্যাখ্যা দেওয়া হইয়াছে এবং মানবজীবনের দকল ক্ষেত্রেই ইহার প্রয়োগ কিভাবে হইতে পারে ভাহা দেখান হইয়াছে। মধ্যযুগের লেখকগণ ভক্তিবাদের ব্যাখ্যান করিতে গিয়া ষেরপ চিত্তবিভ্রমকারী, নীরদ বাক্যবিক্সাদ ও বিশ্লেষণ শক্তি দেখাইয়া আনন্দ পাইতেন দে সকল কিছুই গীতায় দেখিতে পাওয়া যায় না। মাহুযের মনে ভক্তিভাব আনিতে দক্ষম এইরূপ ভিন্ন ভিন্ন উপায়ের কথা ইহাতে বলা হইয়াছে বটে, তথাপি এজন্ত কোন নির্দিষ্ট নিয়ম করা যায় না ইহাও স্বীকার করা হইয়াছে। জ্ঞানকাণ্ড ও কর্মকাণ্ডামুসরণকারীদের ন্যায় ভক্তের পক্ষে একাকী অথবা নির্জনে ভক্তিসাধনা করার আবশ্রকতা নাই, কিংবা ক্রিয়াবছল যাগ-যজ্ঞাদিতে রত হইবারও প্রয়োজন নাই; তিনি অন্ত ভক্তদের সহিত মিলিত হইয়া পরস্পারকে ধর্মালোচনা দ্বারা উদ্বন্ধ করিতে পারেন (১০।৯)। কিন্তু মাহুষের মন এবং অভ্যাদাহুষায়ী ভাহার ভজিভাব গড়িয়া তুলিতে হইবে। ইক্রিয়জ বাসনাত্যাগ, প্রতীকোপাসনা এবং আত্মসংযমনারা মনকে অন্তর্নুথী করা, যোগাভ্যাস, জগতে এবং আত্মায় পরমেখরের উপলব্ধি, ঈশবের গুণাবলী চিন্তা করা, ঈশব সম্বন্ধে নিরন্তর স্মরণ, আলোচনা এবং বাক্যালাপ, ঈখবের উপাদনা এবং বাহ্নপূজা, কর্মফল ঈখবে সমর্পণ করিয়া নি:স্বার্থভাবে দকল কর্ম সম্পাদন করা—আধ্যাত্মিক অমূভৃতি এবং উপাসনার এই সকল এবং অন্তান্ত উপায়ের উল্লেখ করিয়া গীতায় ইহাই বলা হইতেছে বে, যে পরমেশ্বর আপনাকে নানাভাবে প্রকাশ করেন তাঁহার নিকট উপনীত হইবার অথবা তাঁহার উপাদনা করিবার কোন নির্দিষ্ট নিয়ম বা পদ্ধতি নাই। ভগবান সকলের প্রতিই সমভাবাপর, তিনি তাঁহার অসীম করুণাবশতঃ সকলের মঙ্গলকামনা করেন এবং মন্থয়েরা বেভাবে তাঁহাকে ভন্ধনা করে, তিনি সেইভাবেই ভাহাদের নিকট উপস্থিত হন। সকলেই তাঁহাকে ভন্ধনা করিতে পারে এবং

এইগুলি ইহার কয়েকটি উপায়মাত্র। শেষ পর্যন্ত পরাভক্তির অর্থ ঈশ্বরে সম্পূর্ণ আত্মসমর্পণ—কিন্তু এই আত্মসমর্পণ সাধিত হয় নিক্রিয়তার ভিতর দিয়া নয়, নিঃস্বার্থ কর্মের ভিতর দিয়া; অজ্ঞানে নয়, পরস্ত পূর্ণজ্ঞানে। ঈশ্বরে যিনি আত্মসমর্পণ করেন, তিনি নিজের জীবনকে বিশ্বে প্রকাশিত ভাগবত জীবনের সহিত মিলিত করিয়া দেন এবং তাঁহার সর্বচিন্তা, কর্ম এবং হুদয়াবেগ ভগবানে সমর্পণ করেন।

এই মতবাদের লক্ষ্য হইতেছে ভগবান এবং ভক্তের মধ্যে ব্যক্তিগত সম্বন্ধ স্থাপন করা। সে কারণ ইহা যে কেবলমাত্র ভগবানে ব্যক্তিত্ব এবং অসংখ্য সদগুণ আরোপ করিয়াছে তাহা নয়, ইহা একদিকে যেমন ভগবানের করুণার উপর জোর দিয়াছে তেমনই অপরদিকে মাহুষের পক্ষেও যে প্রেমপূর্ণ ভক্তির প্রয়োজন তাহাও বলিয়াছে। ভগবান্ যে স্বয়ং জন্মরহিত হইয়াও জগতের প্রয়োজনকালে তাঁহার মায়াশক্তিদারা তাঁহার স্বরূপ আরুত করিয়া জগতে অবতীর্ণ হন—ইহাই জগতের প্রতি তাঁহার করুণার সর্বশ্রেষ্ঠ নিদর্শন। গীতায় যে অবতারবাদ ভগবানের যুগে যুগে আবিভাবের কথা বলে, তাহা সাধারণতঃ মহাভারতেও স্বীক্লত হইয়াছে, কিন্তু এই অবতারবাদ ব্যহবাদ হইতে পৃথক। গীতায় ব্যহবাদের কোন উল্লেখ দেখা যায় না, কিন্তু সম্ভবতঃ এই অবতারবাদ ক্বঞ্চবাহ্নদেবকে ভগবানের সহিত অভিন্ন মনে করারই অবশ্রস্তাবী ফল। তাঁহাকে প্রাচীন পৌরাণিক কাহিনী ও উপকথার সহিত সংযুক্ত করিবার জন্মও এই বহু অবতারবাদের প্রয়োজন হইয়াছিল। ক্লফবাস্থদেবকে কেবলমাত্র মহাভারতের দর্বশ্রেষ্ঠ দেবতা বিষ্ণু এবং তাঁহার বিভিন্ন রূপ এবং অবতারের সহিত অভিন্ন বলিয়া প্রতিপন্ন করা হয় নাই, অধিকন্ত অক্তান্ত সম্প্রদায়ের শিব, ত্রন্ধা প্রভৃতি অন্তান্ত যেদব দেবতাকে একই পরমদেবতার রূপ বলিয়া ধরা হইয়াছে তাঁহাদের সহিতও অভিন্ন বলিয়া প্রতিপন্ন করা হইয়াছে। এইভাবে এই মতবাদ পরমেশবের একত্ব প্রতিপাদন করিতে এবং উদার পরমতদহিফুতা দারা অন্ধ শাম্প্রদায়িক মনোভাব দমন করিতে চেষ্টা করিয়াছে। ঈশ্বর যে জগতের নৈতিক শৃঙ্খলার ধারক এবং জগতের ত্রুটী সংশোধন করিবার জন্ম তাঁহাকে যে বারবার ষ্বতীর্ণ হইতে হয়, ইহাই অবতারবাদের মূলভিত্তি। আর একদিক হইতে **मिथितन विनारक रहा त्य, এই মতবাদে विश्वाम कहा द वर्षटे ट्टेरल्ड मानवरक केश्रदा**व পর্যায়ে উন্নীত করা অথবা কয়েকটি শ্রেষ্ঠ জীব যে এশ-গুণাবলীর মৃর্ডিমান বিগ্রহ এইরপ বিখাস করা। হৃতরাং অপূর্ণ মরণশীল জীব বে সকল প্রত্যক্ষগ্রাহ্থ এবং ফলপ্রদ ঐশ-আদর্শের প্রতি লক্ষ্য রাখিয়া আধ্যাত্মিক জগতে অগ্রসর হইতে পারে গীতা সেই সকল আদর্শ আমাদের সম্মুখে উপস্থাপিত করিয়াছে।

দ্ৰপ্তব্য

- ১। অশ্ব কিছু বলা না থাকিলে আমাদের উদ্ধৃত অংশগুলিতে মূল গ্রন্থের বোদাই সংস্করণকে লক্ষ্য করা হইরাছে বুঝিতে হইবে। এক অর্থে মহাভারত সম্বন্ধে মহাকাব্যের দর্শনের কথা বলা সঙ্গত হইবে না। রামারণের স্থার আদি মহাভারতেরও সম্ভবতঃ দর্শনের সহিত কোনও সম্পর্ক ছিল না, পরবর্তী মহাভারতেই দার্শনিক তবের মিশ্রণ দেখিতে পাওয়া যায়। কিন্তু আদি মহাকাব্য হইতে পরবর্তী মহাকাব্যকে পৃথক করা কঠিন বলিয়া আমরা বর্তমান কালের পরিবর্ধিত গ্রন্থকেই গ্রহণ করিব, তবে ইহাও মনে রাখিতে হইবে যে, এই গ্রন্থের পরিবর্ধনের একটি বিশেষ স্তরের দর্শনই ইহাতে পাওয়া যাইবে।
- ২। হিরিয়ানা, Outlines of Indian Philosophy, লওন, ১৯৩২ পু: ৯৪-৯৫
- ত। Hopkins (Great Epic of India, New Haven, ১৯২০, পৃ: ১৩৮) হয়ত ঠিকই বলিয়াছেন যে, মহাভারতে যে মায়ার উল্লেখ আছে, তাহা কেবলমাত্র দেবতাদের (বিশেষতঃ মায়ারী দেবতাদের মধ্যে যিনি প্রধান সেই কৃষ্ণের) শক্র দমন করিবার জন্ম ইন্সজালকেই বুঝায়। গীতায় (৭।১৪) বলা হইয়াছে যে, মায়া ঈখরের বিভ্রমকারী শক্তি এবং ইহা গুণত্রেরের কার্য; কিন্তু গুণত্রের হইতে উৎপন্ন বিভ্রমকারী শক্তির সমতুলা; ইহা যদি আবার আন্ধ্র-মায়া হয়, তাহা হইলে ইহা সেই মানসিক বিভ্রমকে বুঝাইবে, যাহার কলে যে দেবতার জন্ম নাই তাঁহাকেও প্রকৃতির মাধ্যমে জন্মগ্রহণকারী বলিয়া মনে হয়।
- ৪। যথা সাংখ্য (বৈধ এবং ছুর্বল যুক্তিসমূহের মূল্য নিরূপণ) সৌক্ষ্য (জ্ঞানের বিষয় সমূহকে পরশের হইতে পৃথক করিবার স্কল্প বৃদ্ধি), ক্রম (যুক্তির বিভিন্ন অবয়বগুলিকে যথাযথভাবে একটির পর অপর একটির সমাবেশকরণ), নির্ণয় (প্রভেদসমূহ স্বীকার করিয়া সিদ্ধান্তস্থাপন) এবং প্রয়োজন (একটি বিশেষ যুক্তিধারাকে অনুসরণ করিবার অভিপ্রায়) Hopkins-এর পূর্বোদ্ধৃত গ্রন্থ (প্র:৯৫-৯৬) দ্রেষ্ট্রা।
- এই শব্দটি কেবলমাত্র বেদ, ধর্মশান্ত্র এবং আচারকেই বুঝার না, পরস্ত ভগবদ্ণীতা এবং ভাগবতের
 ক্সার সাম্প্রদায়িক শাত্রগুলিকেও বুঝার।
- ইহার অব্যবহিত পূর্ববর্তী অংশে (১২।৩৪৯।১) পাশুপতকে বাদ দিয়া কেবলমাত্র চারিটি সম্প্রদায়ের
 উল্লেখ আছে।
- মহাভারতে বর্ণিত সাংখ্য-যোগ মতের শ্রম-সাধ্য আলোচনার জয় Hopkins-এর পূর্বোক্ত গ্রন্থের
 পৃ: ৯৭-১১৪, ১১৬-১৬৮, ১৪২-১৮২ ফ্রেষ্ট্ররা।
- ৮। নীলকণ্ঠের টীকা (১।৭০।৪৬) হইতে বুঝা যায় যে, এই উল্লেখ অনিশ্চয়তাপূর্ণ। রামায়ণে (২।১০০। ৬৮-৩৯) এ সম্বন্ধে নিন্দাপূর্ণ উল্লেখ আছে।
- ৯। ১২।১৯।২৩-২৪, ১৮০।৪৭-৪৯ ; ১৩।৩৭।১২-১৫ ইত্যাদি দ্রষ্টব্য।
- ১০। উদাহরণস্বরূপ—১৩।২৩।৩৭ রামারণে (২।১০৮) রামকে জাবালি যে উপদেশ দিয়াছিলেন তাহাকে
 টীকাকারণ নান্তিক মত বলিরা ব্যাখ্যা করিরাছেন। ইহা নিঃসন্দেহে প্রচলিত ধর্ম-মতের বিরোধী
 ছিল। Jacobi (Das Ramayana পৃ: ৮৮ প্র:) এই ব্যাপারটিকে প্রক্রিপ্ত বলিরা মনে করেন
 কিন্ত Hillebrands (Festschrift Kuhn, পৃ: ২৬) এই মত গ্রহণ করেন না।

মহাভারত ও ভগবদগীতা : স্রষ্টব্য

- ১১। J Mckenzie তাঁহার Hindu Ethics (অন্ধ্যক্তি ইউনিভার্সিটি প্রেস, ১৯২০, পৃঃ ১১২) গ্রন্থে এই স্ববিধাজনক ইংরাজী অমুবাদগুলি দিয়াছেন।
- ১২। Religions of India, বেছিন, ১৮৯৫, পৃঃ ৪১৩
- ১৩। সাধারণভাবে উপনিষদ গুলিতে এবং বিশেষ করিয়া কণ্ঠ, মৃত্তক, যেতাখতর প্রভৃতি পরবর্তীকালের উপনিষদ গুলিতে আদিম এবং অশু ধর্মসম্প্রদার হইতে প্রাপ্ত একেখরবাদমূলক চিস্তাসমূহ সম্বন্ধে আলোচনার জন্ম Indian Historical Quarterly, VI, ১৯৩০, পৃঃ ৪৯৩-৫১২ দ্রস্টবা।
- ১৪। অপর্ববেদের বিষয়বস্তু এবং ঋথেদের কোন কোন অংশ হইতে ইহা বুঝা যায়।
- ১৫। Hopkins—Religions of India, পৃ: ৩৯৯। আধুনিক কালে Barnett তাঁহার পূর্বোদ্ধৃত গীতার ইংরাজী অমুবাদে এই মতের পুনরাবৃত্তি করিয়াছেন।
- > 1 2|82-86 : 0|a->6 : 8|20-00 : a|20-2) : >6 (22-20) : >6 (>>->0) : >7 (0-6)
- ১৭। এই সম্পর্কে গীতা মায়াসম্বন্ধীয় নারায়ণীয় ধারণার সহিত আংশিকভাবে এক মত।
- >> 1 = 164-92; 4|8-02; >0|5->0; >2|>0-20; >0|9->>; >8|2>-00; >6|>-0; >5|60--00
- ع ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١ ١
- ২০। ইহা লক্ষ্য করিতে হইবে যে, এই মহাকাব্যে যে সকল অবতারের কথা বলা হইয়াছে তাঁহারা সকলেই বিশেষভাবে প্রায় কেবলমাত্র বিঞ্ব কিংবা কৃঞ্বের অবতার, অস্ত দেবতাদের অবতার সম্বন্ধে প্রায় কিছুই বলা হয় নাই।

यर्ष्ठ भित्रदेश्चन

মন্ম ও কোটিল্য

১। সাধারণ ভূমিকা

মহুয়ের আয়াসসাধ্য চারিটি প্রধান লক্ষ্য হইল-ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ। শাস্ত্রের সাহায্যে ইহাদের প্রতিটির সাধন করিতে হয়। শাস্ত্রে ইহাদের স্বরূপ বর্ণনা এবং লাভ করিবার উপায়ের নির্দেশ দেওয়া আছে। প্রাচীন ভারতবর্ষের ধর্মশাস্ত্র বিষয়ে মহুন্দ্বতি প্রধান গ্রন্থ এবং রাষ্ট্রনীতি বিষয়ক গ্রন্থাদির মধ্যে কৌটিল্যের অর্থ-শাস্ত্র সমজাতীয়। প্রথমধানি (মহুশ্বতি) ২৬৮৫টি ছন্দোবদ্ধ শ্লোকে গঠিত, কোন কোন পাঠের শ্লোক-সংখ্যা আরও কিছু অধিক হইতে পারে। কয়েকজন ঋষি মহুকে (স্বায়্ডুব) দর্ববর্ণের ধর্ম দম্বন্ধে উপদেশ দিতে অহুরোধ করিলে, তিনি তাঁহাদিগকে যে দকল উপদেশ দিয়াছিলেন, দেইগুলিই এই গ্রন্থে তাঁহার নির্দেশাকুষায়ী শিশু ভূগু কর্তৃক ব্যাখ্যাত হইয়াছে। ভারতীয় ঐতিহে মহুর নাম অতি প্রাচীন, এবং ভৃগুর নামও সমান পৌরাণিক। বর্তমান গ্রন্থ সম্ভবতঃ মহুর নামে প্রচলিত পুরাতন রচনা হইতে সঙ্কলিত হইয়াছিল এবং পরবর্তীকালে নীতিধর্মের উপযোগী করিয়া অবশ্রষ্ট অন্ততঃ একবার সংশোধিত হইয়াছে। এই পরিগুদ্ধি সম্ভবতঃ খুষ্টপূর্ব ও পর দ্বিতীয় শতাব্দীর মাঝামাঝি কোন সময়ে ঘটিয়াছিল। ১ মহুশ্বতির আডাই শতের অধিক শ্লোক মহাভারতের বিভিন্ন অধ্যায়ে দেখিতে পাওয়া যায় এবং উভয় গ্রন্থেই একই ধরণের কতকগুলি উপাখ্যান আছে। স্থতরাং বহুদিন যাবং এই ধরণের ধারণা প্রচলিত ছিল যে, এই স্মৃতিতে উক্ত শ্লোকগুলি মহাভারত হইতে গৃহীত হইয়াছে। কিন্তু পণ্ডিত কানে (Kane) বর্তমানে বিরোধী মতবাদ অধিকতর জোরের সহিত প্রতিষ্ঠা করিয়াছেন। তিনি দেখাইয়াছেন যে, এই স্থতির মূলগ্রন্থ সম্ভবতঃ প্রচলিত মহাকাব্যের পূর্বের। অন্তদিকে গোতম, বোধায়ন ও আপন্তম্বের প্রাচীন ধর্মশান্ত্রগুলি, মহুন্মতির করেক শতাদী পূর্বে ন্মতি হিসাবে বিশেষ প্রচলিত ছিল। সমাজতত্ত্বের মৌলিক বিষয়ে মহু ও কোটিল্যের মধ্যে যথেষ্ট সাদৃশ্রু আছে কিন্তু নিয়োগ ও বিবাহবিচ্ছেদ প্রভৃতির বিস্তৃত আলোচনায় ভিন্ন মত লক্ষিত হয়। ইহা হইতে ম্পষ্ট অমুমান করা যায় যে, মমু স্বৃতির অধিকতর সংরক্ষণশীল শুদ্ধ মতবাদ অর্থশাস্ত্র'

মত্ম ও কোটিলা: সাধারণ ভূমিকা

অপেক্ষা কিঞ্চিৎ পরবর্তী যুগের। প্রচলিত স্থৃতি কোটিল্য বর্ণিত 'মানব সম্প্রদায়'-এর প্রতিনিধি নহে।

কৌটলোর অর্থশান্ত্র গছে লিখিত, ইহা পঞ্চদশথণ্ডে বিভক্ত ও ছয় হাজার ল্লোক বিশিষ্ট এবং প্রতিটি শ্লোক দৈর্ঘ্যে বিত্রশাটি অক্ষরযুক্ত। এই গ্রন্থখানি বহুকাল অবলুপ্ত ছিল এবং ১৯০ খুটানে ইহার পুনক্ষার হইয়াছে। ইহার রচনার প্রকৃত তারিথ ও প্রামাণ্য লইয়া নানা প্রকার তর্ক-বিতর্ক চলিয়াছিল। কিন্তু উক্ত গ্রন্থখানি ৩০০ শত বংদর খুটপূর্বে চক্রপ্তপ্ত মৌর্যের প্রধান মন্ত্রী বিরচিত, ইহা ভিন্ন অক্ত কোন দিলার্ত্তের হেতু পাওয়া যায় নাই। গ্রন্থখানি প্রণয়নকালে গ্রন্থকার বলিয়াছেন যে, উক্ত বিষয়পংক্রান্ত পূর্ব-প্রচলিত সকল গ্রন্থই তিনি বিচার করিয়াছেন, এবং সমসাময়িক বিভিন্ন রাষ্ট্রর প্রয়োগ-কৌশলও তিনি আলোচনা করিয়াছেন (প্রয়োগান উপলভ্য চ, ২. ১০)। এই গ্রন্থের বিভিন্ন বৈশিষ্ট্যসকল অক্তান্ত সমজাতীয় গ্রন্থ হইতে ইহাকে পৃথক্ করিয়াছে। এই গ্রন্থে হেলেনীয় রাষ্ট্রগুলির এবং বিশেষভাবে দিরিয়া ও মিশরেরণ পরিচালনাপদ্ধতি বিষয়ে কৌটলোর যে বিশেষ জ্ঞান ছিল তাহার পরিচয় পাওয়া যায়। কৌটলোর মতে 'অর্থ' হইল 'মাম্থবের অবস্থা বা পৃথিবীর বসতি অংশ, এবং যে শান্ত্র এই সকল বসতি-বছল দেশকে অধিকার ও বক্ষা করিবার বিষয়ে সাহায্য করে তাহাই অর্থশান্ত্র'।

কোটিল্যের লিথিবার পূর্ব হইতেই অর্থশাস্ত্রের অফুশাসন সমাজে প্রচলিত ছিল। তিনি বিভিন্ন ক্ষেত্রে কম পক্ষে পাঁচটি বিভিন্ন সম্প্রদায়ের কথা উল্লেখ করিয়াছেন, ইহা ছাড়াও সম্ভবতঃ নিজের গুরুর গৌরবর্ত্ত্বির জন্ম তিনি নামোল্লেখ না করিয়া 'বহু আচার্য' এই শক্টি ব্যবহার করিয়াছেন। অধিকস্ক তিনি নামোল্লেখ না করিয়া 'বহু আচার্য' এই শক্টি ব্যবহার করিয়াছেন। অধিকস্ক তিনি নাদশজন গ্রন্থকারের নাম উল্লেখ করিয়াছেন, তন্মধ্যে অর্ধেকের নাম একবার এবং অর্ধেকের নাম একাধিকবার।" কিন্তু এই সকল সম্প্রদায় ও বিভিন্ন লেখকদের গ্রন্থসকল জৈমিনি, পাণিনি, বাদরায়ণ প্রভৃতি কর্তৃক উল্লেখিত অপরাপর প্রাচীন গ্রন্থকারদের গ্রন্থের স্থায়ই বিনষ্ট হইয়া গিয়াছে। শিক্ষাকে যখন পবিত্র এবং জ্ঞানকে যখন একমাত্র বিশাসী ও উপযুক্ত শিশুদের নিকট প্রকাশযোগ্য বলিয়া মনে করা হইত, এবং গ্রন্থের সংখ্যাবৃদ্ধির জন্ম ধখন কোন লিখিবার রীতি প্রচলিত ছিল না, তখন প্রচলিত যুগের অফুপযোগী গ্রন্থের অন্তিম্ব বন্ধায় থাকিবার সন্থাবনাও খ্ব অল্প ছিল। ইহা লক্ষ্য করা যায় যে, কোটিল্য তাঁহার গ্রন্থে ধর্মস্ত্রের লেখকদের নামোল্লেখ করেন নাই, যদিও তাঁহাদের কয়েকজন অতি অবশ্বই কোটিল্যের পূর্বেবর্ত্রমান ছিলেন।

ধর্মশাস্ত্র ও অর্থশাস্ত্র উভয় গ্রন্থই সামাজিক পরিপ্রেক্ষিতে মাহুষের আলোচনা করে। প্রথমটি ধর্ম ও নীতির দৃষ্টিকোণ হইতে সমাজ-জীবনের আলোচনা করে এবং দিতীয়টি প্রয়োজনীয়তা, কার্যকারিতা ও কৌশলের দৃষ্টিকোণ হইতে সমাজ-জীবনের বিচার করে। মহ প্রভৃতি লিখিত ধর্মশাম্বে উক্ত ক্ষত্রিয়ের কর্তব্য কর্মের বিস্তৃত আলোচনার মধ্যে বস্তুতঃ অর্থশান্ত্রের দকল দিকের আলোচনা হইয়া যায়। অক্স দিকে কৌটিল্যের ন্তায় অর্থশান্ত্রের একজন লেথকের পক্ষে রাষ্ট্র যে সমাজ-ব্যবস্থাকে রক্ষা করিবে ভাহার বিস্তারিত বর্ণনা করা প্রয়োজন, এবং তাহা করিতে গেলে তাঁহাকে এমন সব কথা আলোচনা করিতে হইবে যাহা বস্তুতঃ সহকারী শাল্পের বিষয়। যাহা হউক ধর্মশাল্পের ক্ষেত্র অধিকতর বিস্তৃত, ইহা স্ক্ষতর ও জীবনের অধিকতর মৌলিক পুরুষার্থগুলির উপর প্রতিষ্ঠিত। স্থতরাং মামুষের জীবনে ইহার আবেদন ব্যাপক ও গভীরতর। মহুন্থতির প্রারম্ভে ও পরিশেষে সৃষ্টিতত্ত ও পরলোকতত্ত্ব সম্বন্ধে যে আলোচনা আছে, কৌটিল্যের অর্থশাল্রে সেইরপ কিছু পাওয়া যায় না। মহুর মতে কোন সামাজিক নীতি ভদ্ধ করা কেবলমাত্র আদালতে বিচারদাপেক্ষ অপরাধ নহে, ইহা নৈতিক পাপ বা অন্তায়, যাহার কালনের জন্ত প্রায়ল্ডিন্তের প্রয়োজন। পরবর্তী যুগের দাহিত্যে অর্থশাল্পে ব্যাখ্যাত বৈষয়িক মূল্যের উপর প্রতিষ্কিত যুক্তিকে, বিশেষভাবে কৌটলোর মতবাদকে নিন্দা করা হইয়াছিল, ফলে ব্যাপক রাজনৈতিক সাহিত্যস্ঞ্টির পথ कृष इट्डा शियां हिन ।

ভৌগোলিক দৃষ্টভঙ্গী: নৃতন অবস্থার প্রতি লক্ষ্য রাখিয়া প্রাচীন ঐতিহের ভিত্তিতে মহু উত্তর-ভারত কে (আর্থাবর্ত) সামাজিক সংস্কৃতির উৎকর্যাহ্বায়ী বিভিন্ন শুরে অবস্থিত কতকগুলি অঞ্চলে বিভক্ত করিয়াছেন। দিব্য স্রোত্বিনী সরস্বতী ও দৃষত্বতীর মব্যবর্তী ভূখণ্ড ব্রন্ধাবর্তের প্রাচীন আচার-ব্যবহার সর্বাপেক্ষা প্রামাণিক। অন্ত দিকে কোটিল্যের ভৌগোলিক দৃষ্টিভঙ্গী তাঁহার প্রবল রাজনৈতিক উদ্দেশ্যদারা প্রভাবিত ছিল। তিনি ক্ষুম্ম ক্ষুম্ম রাষ্ট্রের অন্তিম্ব স্বীকার করিতেন এবং ইহাদের পারস্পরিক সম্বন্ধ সম্পর্কে বিস্তৃত আলোচনা করিয়াছেন। তাঁহার স্বন্থ সামাজ্যের বিস্তৃতির দিকে তাঁহার লক্ষ্য থাকায় এবং সম্ভবতঃ পৃথিবীব্যাপী সামাজ্য সম্পর্কে চিরপ্রচলিতপরস্পরার উপর ভিত্তি করিয়া তিনি হিমালয় পর্বত হইতে দক্ষিণ সমূদ্র পর্যন্ত সহন্দ্র বোজন বিস্তৃত দেশকে, অর্থাৎ যাহা ১৯৪৭° সালে ভারত বিভাগের পূর্বে অথণ্ড ভারতবর্ষের ভৌগোলিক আয়তন ছিল, তাহাকে চক্রবর্তী-ক্ষেত্র বিদ্যাদিশে করিয়াছেন।

মতু ও কোটিলা : সমাজ বিজ্ঞান

২। দমাজ-বিজ্ঞান

ৰৰ্ণঃ মত্ন ও কৌটিল্যবৰ্ণিত সমান্ধ চারিবর্ণে বিভক্ত ছিল এবং প্রতি বর্ণের কর্তব্য ও অধিকার স্থনির্দিষ্ট ছিল। এই বর্ণবিভাগ স্বাভাবিক ও অবগ্রস্ভাবী সামাজিক শ্রমবিভাগ হইতে উদ্বত। স্নতরাং "প্রাচীন বর্ণ-বিদ্বেষ যুক্তিশুদ্ধ হইয়া এক দৈব-স্ষ্ট সমাজ-ব্যবস্থায় রূপান্তরিত হইয়াছিল" এইরূপ উক্তি সম্পূর্ণ সত্য নহে। এই বিভাগের মূল লক্ষ্য ছিল, সমাজের সর্বান্ধীণ মন্ধলের জন্য সমান মধাদা বিশিষ্ট বিভিন্ন শ্রেণীর সহযোগিতা। কিন্তু কার্যতঃ উচ্চবর্ণ ও নীচবর্ণের ধারণা গডিয়া উঠিল এবং যথন নৃতন নৃতন দেশের সহিত সেই সকল দেশের অধিবাসিগণ সমাজের অস্তৰ্ভ ক হইতে লাগিল, তথন অবৈধ সহবাসের ফলে মিশ্রজাতি বা বর্ণ-সংকরের উৎপত্তি সম্বন্ধে মতবাদ গড়িয়া উঠিল। মুমু জন্মের উপর ভিত্তি করিয়া ব্রাহ্মণদের অধিকার সম্বন্ধে অনেক অত্যক্তি করিয়াছেন, ' কিন্তু কোটিল্য তাহা করেন নাই। কিন্তু ব্রাহ্মণ সং ও স্থপণ্ডিত না হইলে বিশেষ শ্রদ্ধা পাওয়ার ষোগ্য নহেন এই অধিকতর যুক্তিসম্মত মতবাদ প্রাচীন ধর্মস্ত্রগুলিতে বিশেষ জোরের সহিত স্বীকৃত হইয়াছিল, এবং মহুতেও ' অস্বীকৃত হয় নাই এবং বর্ণের ধারণা ষে শ্রম-বিভাগের উপর প্রতিষ্ঠিত তাহা দর্বদাই জোরের সহিত বলা হইয়াছে। প্রেটোর মতে সমাজকে শাসক, সহকারী ও কারিগর এই তিন শ্রেণীতে বিভক্ত করিলে তবেই সমগ্র সমাজের সর্বাধিক সম্ভাব্য স্বথলাভ হইতে পারে। এই তিন শ্রেণীকে যথাক্রমে হিন্দু সমাজের ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের সহিত তুলনা করা যাইতে পারে। হিয়ার্ড (Heard), ষ্টিনার (Steiner) ও ওয়াটারম্যান (Waterman) প্রভৃতি আধুনিক চিন্তাশীল ব্যক্তিগণ পাশ্চাত্য সভ্যতার অধংশতনের কারণ হিদাবে মামুষেব জীবনে সাংস্কৃতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক দিক লক্ষ্য করিবার স্থনিদিষ্ট তিনটি শ্রেণীর স্বীকৃতির অভাব বলিয়া বর্ণনা করিয়াছেন।

স্বাভাবিক অবস্থায় প্রতি শ্রেণী স্ব স্ব বিশেষ কর্তব্য বা স্বধর্মে নিযুক্ত থাকিবে—
বেমন ব্রাহ্মণ বিভাচর্চা বৃদ্ধিগত ও অধ্যাত্ম সাধনায় নিযুক্ত থাকিবে; ক্ষত্রিয় যুদ্ধ করিবে
এবং আভ্যস্তরিক ও বহিঃশক্র হইতে সমাজকে রক্ষা করিবে, বৈশ্র-সম্প্রাদায় কৃষি, শিল্প
ও ব্যবসা-বাণিজ্যে নিযুক্ত থাকিবে, এবং শৃদ্র সর্বসাধারণের সেবা করিবে। কিন্তু
আপংকালে বা বিশেষ বিপদের সময়ে উক্ত অহশাসনের প্রতি পূর্ণ আহুগত্য আশা করা
বায় না। ১০ প্রত্যেকেই তাহার প্রকৃতি বা উপযুক্ত। অহুসারে সমাজের কোন না
কোন কর্তব্য অবশ্রুই পালন করিবে। উক্ত কর্ম বা তদ্জাতীয় কর্মই ম্বার্থ নীতি। ১৯৯

<u>আশ্রম:</u> আর একটি গুরুত্বপূর্ণ ধারণা যাহা সমাজ-জীবনকে নিয়ন্ত্রিত করিত, তাহা হইতেছে জীবনের বিভিন্ন ভাগ বা আশ্রম সম্বন্ধীয়। এইরপ চারিটি আশ্রম বিহিত হইয়াছে, বেমন—ব্রহ্মচর্য (ছাত্র), গার্হস্থা (সংসারী), বাণপ্রস্থা (বনবাসী) ও সন্মাস (সংসার ত্যাগ)। কার্যক্ষেত্রে আশ্রম সম্বন্ধীয় বিধি প্রায়ই লজ্মিত হইত এবং কোন সময়েই সমাজের অধিকাংশ জনসাধারণ শেষের ছই আশ্রমের (বাণপ্রস্থা ও সন্মাস) অহুমোদিত বিধি সকল পালন করে নাই, যদিও বিশিষ্ট ব্যক্তিগণ সর্বদাই উক্ত নীতি অহুসরণ করিতে এবং নিরাসক্তভাবে হিতকর্ম করিয়া সমাজের শ্রদ্ধা অর্জন করিতে প্রস্থাত ছিলেন।

হিন্দু সমাজ ইহলোক সম্পর্কে উদাসীন এবং পারলোকিক মনোভাবাপন্ন, ইহা বলিলে সত্যের অণলাপ করা হয়। প্রত্যেক ব্যক্তিকেই আপনার মোক্ষের বিষয় চিস্তা করিবার পূর্বে জন্মগত ঋণত্রয় পরিশোধ করিতে হইবে। যেমন প্রথমতঃ নিজেকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করিয়া আচার্য-ঝণ বা জাতির আচার্যদিগের প্রতি ঋণ পরিশোধ করিতে হইবে, দ্বিতীয়তঃ সম্ভান উৎপাদন করিয়া পিতৃ-ঋণ বা পিত-পিতামহদের ঋণ পরিশোধ করিতে হইবে, তৃতীয়তঃ দেব-ঋণ অর্থাৎ সাধ্যমত ষাগ-ষজ্ঞ সম্পাদন করিয়া দেবতাদের ঋণ পরিশোধ করিতে হইবে। সংসার ত্যাগ করিবার পূর্বে প্রত্যেককে উক্ত খণত্রয় পরিশোধ করিতে হইবে। জীবনের সকল ভাল জিনিদ ভোগ করিয়া যথন কাহারও জীবনে চরম পরিতৃপ্তি আদিয়াছে,'' অর্থাৎ জীবনকে সে পরিপূর্ণ ভোগ করিয়াছে, কেবল তথনই দে সল্লাসীজীবন গ্রহণ করিতে পারে। অক্ত দিক দিয়া পরিবারের ২ ভরণপোষণের উপযুক্ত ব্যবস্থা না করিয়া কেহ যদি সম্লাস গ্রহণ করে, কোটিল্য তাহার শান্তির নির্দেশ দিয়া গিয়াছেন। গৃহস্থ সমাজের মধ্যমণি এবং অক্তাক্ত সকলের আশ্রয়ম্বল; আশ্রমের প্রাণকেন্দ্র হিসাবে গৃহস্থাশ্রম অন্তান্ত আশ্রম অপেকা শ্রেষ্ঠ। যাহারা নিজেরা রন্ধন করে না—বেমন সন্ন্যাসী, ছাত্র ও অপর সকলে, ' গৃহস্থ তাহাদের আহারের সংস্থান করিবেন। অতিথি-সংকার গৃহস্থদের বিভিন্ন কর্তব্যের মধ্যে প্রধান কর্তব্য হিসাবে গণ্য করিতে হয়। গৃহস্থ স্বয়ং ও তাঁহার স্ত্রী সকলের, এমন কি দাস-দাসীদের পরিতৃপ্তির পর আহারাদি করিবেন। এমন কি আতিথ্যের তথাকথিত একটি ধর্মসম্বত ভিত্তিও এই বলিয়া দেওয়া হইয়াছে যে, আহার প্রস্তুত করিবার সময়ে প্রন্তর, হামানদিন্তা ও অক্তান্ত যন্ত্র প্রয়োগের জন্ত যে পাপ সঞ্চিত হয়, প্রতিদিন পঞ্-মহাষ্ত্র সম্পন্ন করিয়া ইহার স্থালন করিতে হয়, এই পঞ্-মহাষ্ত্রের মধ্যে অভিথি-সংকার প্রধান। ১৮

মমু ও কোটিলা : সমাজ-বিজ্ঞান

বিবাহ-নারী: মহ্ন ও কৌটিল্য উভয়েই প্রচলিত অষ্ট প্রকার বিবাহপ্রথার বর্ণনা করিয়াছেন। ইহাদের মধ্যে কোন কোন প্রথা বিবাহ নামের যোগ্য নহে। কিন্তু তাঁহাদের উক্তি এবং অভ্যান্ত প্রমাণ হইতে নিঃসন্দেহে বলা যায় তাঁহারা একই বর্ণের যুবক-যুবতীর মধ্যে শাস্ত্রপদ্মত আফুষ্ঠানিক মিলনকেই যথার্থ বিবাহ বলিয়া স্বীকার করিয়াছেন এবং একদার গ্রহণের নির্দেশ দিয়াছেন। কিন্তু জাতির প্রবলতম প্রবৃত্তি যেক্ষেত্রে পক্রিয় থাকে, সেথানে বিধি বা অফুশাসনের প্রভাব সীমাবদ্ধ হইতে বাধ্য। স্কতরাং কেবলমাত্র উপরে বর্ণিত বর্ণসংকরের অন্তিম্ব অহুমোদন করিয়া নয়, পরস্ক বিভিন্ন বর্ণের মধ্যে বিবাহ' ও উক্ত মিলন-উত্তুত সন্তানাদির উত্তরাধিকার সম্পর্কে নির্দেশ দিয়াও জীবনে যে সকল ঘটনা অবশ্রম্ভাবী, তাহাদিগকে স্বীকার করিয়া লইবার চেটা করা হইয়াছিল। কৌটিল্যের মতে নিয়োগ-প্রথা চলিতে পারে, কিন্ধু মহু ইহাকে বৈধ আচার হিসাবে স্বীকার করিয়াও পরে ইহাকে দুর্ণীয় বলিয়াও ব্রুণনা করিয়াছেন। কোন কোন ভায়কার ইহাকে কলিযুগে প্রযোজ্য বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। এই বিষয়ে কোন সন্দেহ নাই যে, কৌটিল্য যথন লিথিয়াছিলেন এবং মহুশ্বতি যথন বর্তমান আকারে লিপিবদ্ধ হইয়াছিল, ইহার অন্তর্বর্তী সময়ে নীতি সম্বন্ধ অধিকতর কঠোর মতবাদ গড়িয়া উঠিয়াছিল। বি

মহু নারীদের সংসার ও সমাজে অতি উচ্চস্থান দিয়া গিয়াছেন। তিনি বলিয়া-ছেন, "যেথানে জীলোক সম্মানিত হইয়া থাকেন, সেথানে দেবতারা সম্ভূষ্ট থাকেন; আর বেখানে জীলোকের সম্মান নাই, সেইখানে কোন পুণ্যকর্মই ফলপ্রস্থ হয় না।" "স্থ সেই সংসারে নিশ্চিত স্থায়ী হয়, যে সংসারে স্থামী তাহার জীর প্রতি সম্ভূষ্ট থাকেন এবং স্ত্রী স্থামীর প্রতি শ্রদ্ধানীলা।" ' নারীদের উপযুক্ত স্থামী লাভের ব্যাপারে মহুর এত আগ্রহ ছিল যে, উপযুক্ত পাত্রের অভাবে অহুপযুক্ত গুণহীন পাত্রের হন্তে কন্তা। সম্প্রদান অপেকা কন্তার পক্ষে সারাজীবন পিতৃগৃহে অন্ঢ়া থাকাও তিনি শ্রেয় মনে করিতেন। ' নারীদের সকল ব্যাপারে পুরুষ আত্মীয়দের সহিত পরামর্শ করিতে নিষেধ থাকা সন্ত্রেও, এবং কুন্তু সাধনে-রত পুরুষদের পক্ষে জীবোকের সংস্পর্শ বিপদের কথা ' উল্লেখ থাকিলেও, পারিবারিক ও সামাজিক জীবনে জীলোকদিগের প্রতি যে স্বস্থ ও সবল দৃষ্টিভন্নী মহুন্মতির প্রায় সর্বত্রই লক্ষিত হয় তাহার কোন হানি হয় নাই।

দাস-প্রথা: গ্রীক লেগকেরা স্পষ্ট উক্তি করিয়াছেন যে, ভারতবর্ষে মৌর্যুর্গে দাস-প্রথা অজ্ঞাত ছিল। গ্রীকদের এই উক্তি বুঝিবার সর্বাণেক্ষা শ্রেষ্ঠ উপায় ছিসাবে এইক্লপ অন্তমান করা যায় যে, ভারতবর্ষে গ্রীক-জাতীয় দাস-প্রথা অর্থাৎ

জন্মগত দান' বলিয়া কিছু ছিল না। ভারতবর্ষে দান-সম্প্রদায় বা সমাজের সেবকেরা অর্ধ-দানত্বের অবস্থায় ছিল। অবশ্য তাহাদের কোন অধিকার ছিল না এইরূপ নহে। কোটিল্য স্পান্ট বলিয়াছেন যে, একজন আর্য কথনও অপর কর্তৃক দানত্বশৃত্ধলে আবদ্ধ হইতে পারে না, এবং পূর্বোক্ত চারিবর্ণের আর্য সন্তান বিক্রয়ের জন্য শান্তি-ভোগের নির্দেশও দেওয়া আছে। প্রাপ্তবয়স্ক আর্যের পক্ষে আর্থিক ত্রবন্থা দূরীকরণকল্লে স্বেচ্ছায় কাহারও দানত্বহণ সম্বন্ধে কোন বাঁধন ছিল না, কিছু পরে সে ঋণ পরিশোধ করিয়া বা অন্য কোন পরিকল্লিত উপায়ে স্বাধীনতার পুনক্ষার করিতে পারিত। মহু অবশ্য ক্রীতদান ও অ-ক্রীতদানের মধ্যে পার্থক্য করিয়াছেন, ইহাতে এ্যারিইট্লের স্বাভাবিক দানের কথা মনে উদিত হয়; তিনি একথাও স্পষ্ট বলিয়াছেন যে, শূন্দ্রেরা অপরের করিবার জন্য ব্রহ্মা কর্তৃক স্বষ্ট হইয়াছিল। মহু বিভিন্ন শ্রেণীয় দানের বিষয় উল্লেখ করিয়াছেন। কোটিল্যের যুগ হইতে মহুর যুগে শেষ বর্ণের অর্থাং শূন্দ্রের অবস্থার অবনতি ঘটিয়াছে ইহা স্পান্তই দেখা যায়।

৩। রাম্রনীতি

কৌটিল্য যদিও তাঁহার গ্রন্থের এক অধ্যায় (একাদশ অধ্যায়) সাধারণতান্ত্রিক রাষ্ট্রের (সংঘের) আলোচনায় নিয়োগ করিয়াছেন, তিনি অ-রাজতন্ত্রী রাষ্ট্র সমর্থন করিতেন না, সেই কারণেই তিনি উক্ত রাষ্ট্রগুলির কার্যাবলীর দিকে বেশী লক্ষ্য না করিয়া কি উপায়ে এইগুলির মধ্যে বিভেদ স্বষ্টি করিয়া ইহাদের রাজ-অধীনে আনয়ন করা যায় তাহার বিষয় আলোচনা করিয়াছেন। স্ক্তরাং মহুও কৌটিল্য-বর্ণিত রাষ্ট্র রাজতান্ত্রিক। কৌটিল্য চতুর্দশ লুই-এর আবির্ভাবের কয়েক শতান্দী পূর্বে উক্ত নৃপতির মত পরিজার বলিয়াছিলেন, রাজাই রাষ্ট্র (রাজা রাজ্যম্)। তাল

রাষ্ট্রের উৎপত্তিঃ কৌটিল্য কেবলমাত্র পরোক্ষভাবে রাষ্ট্রের উৎপত্তির বিষয় উল্লেখ করিয়াছেন এবং প্রচলিত মত অহুসরণ করিয়া বলিয়াছেন যে, মহুগ্রুসমাজ মংশুধর্মে (Fish-law) বিত্রত হইয়া (রুৎ মংশু ক্ষুদ্র ক্ষুদ্র মংশুকে গিলিয়া খায়) বৈবস্বত মহুকে রাজা হিসাবে গ্রহণ করিতে স্বীকৃত হইলে, তিনি প্রজাদিগের ফসলের এক ষষ্ঠাংশ এবং ব্যবসা-বাণিজ্যেরং ওক দশমাংশ গ্রহণ করিবেন এবং পরিবর্তে তিনি তাহাদের অন্তায় অবিচারের হন্ত হইতে রক্ষা করিবেন, এইরপ প্রতিশ্রুতি দিয়া-ছিলেন। অপর ক্ষেত্রে তিনি উল্লেখ করিয়াছেন যে, রাজার (দওধর) অভাবে সবল তুর্বলকে গ্রাস করিয়া ফেলিবার চেষ্টা করে, কিন্তু রাজশক্তি পশ্চাতে থাকিলে তুর্বল

মত্ম ও কোটিলা : রাষ্ট্রনীতি

ব্যক্তিরা সবলের কবল হইতে নিজেদের রক্ষা করিতে পারে। বিশ্ব বাষ্ট্রের উৎপত্তি বিষয়ে কৌটল্যের এই মতবাদের হব নৃ (Hobbes) কতৃ কি ব্যাখ্যাত সমাজ চুক্তিবাদের দহিত বছলাংশে সাদৃশ্য আছে, কিন্তু হবস্-এর পক্ষে তাঁহার মতবাদকে ইহার যোঁক্তিক পরিণতির দিকে লইয়া যাইতে কোন বাধা না থাকায় তিনি নিরস্থূশ রাজতন্ত্রের কথা প্রচার করিয়া গিয়াছেন। কিন্তু ভারতে যে পরিবেশে কৌটল্য লিথিয়াছিলেন তাহাতে তাঁহার পক্ষে এরপ করা সন্তবপর ছিল না। ইহা সত্ত্বেও রাষ্ট্রনীতি সম্বন্ধে ভারতীয় লেখকগণের মধ্যে হব নৃ-এর সহিত কৌটল্যের নৈকট্য সর্বাপেক্ষা অধিক এবং কোটিল্য পূর্বাপর সকল গ্রন্থকারের অপেক্ষা রাজশক্তিকে অধিক মহিমান্থিত করিয়া গিয়াছেন।

मुखः शृर्ताक वित्नव क्लाब को हिना ताकारक रव मुख्यत आया निवाहक তাহার পূর্ণ তাৎপর্য বৃঝিতে হইলে মন্থ কি বলিয়াছেন তাহা দেখিতে হইবে।^{২১} পৃথিবীতে যখন রাজশক্তি ছিল না এবং চতুর্দিকে ভীতিজনিত ত্রস্ত ভাব ছিল, জগতের রক্ষাকল্পে এবং সাধুদিগকে পরিত্রাণ ও হৃত্বতকারিদিগকে দমন করিবার জন্ত ভগবান ব্রন্ধা তখন রাজাকে স্বষ্টি করিলেন। তিনি আরও বলিয়াছেন যে, রাজার সাহায়ার্থে সকল জীবের রক্ষকরূপে তিনি নিজ পুত্র দণ্ডকে সৃষ্টি করিলেন। দণ্ড বন্ধার তেজে পরিপূর্ণ; দণ্ডের ভয়ে দকল স্বষ্ট প্রাণী তাহাদের স্বাভাবিক প্রকৃতি অফুদারে কার্য করে। দণ্ড নায়ক ও শাসনকর্তা, তাঁহার ভয়ে চতুরাশ্রমের ব্যক্তিগণ স্বকীয় ধর্ম পালন করে; সকল প্রাণীর নিদ্রিতাবস্থায় দণ্ড জাগ্রং থাকেন, এবং দণ্ড স্বয়ং ধর্মের মূর্তব্ধপ। বিজ্ঞ রাজা কর্তৃক যথার্থ পরিচালিত হইলে দণ্ড প্রজাদিগকে আনন্দান করেন এবং এই দণ্ডের সাহায্যেই দেবতারা ও অক্তান্ত মহাপুরুষেরা সর্ব জীবের মঙ্গলসাধন করিয়া থাকেন। মূর্থ (অক্কডাত্মা) রাজার হন্তে কেবলমাত্র ষন্ত্র হিসাবে অবস্থান করিতে দণ্ড রাজী নহেন, ইনি অধার্মিক শাসকদের বিরুদ্ধে ঘাইয়া আত্মীয়পরিজনসহ তাহাদিগকে বিনষ্ট করেন, ফলে রাজ্য মধ্যে সকল বস্তু ও জীবই কেবলমাত্র ত্রংথকট্ট ভোগ করে তাহাই নহে, ঋষিরা এবং স্বর্গে দেবতারাও কট্ট ভোগ করিয়া থাকেন।

দণ্ড শলটিকে প্রায়ই শান্তি অর্থে গ্রহণ করা হইয়া থাকে। শান্তি যদিও দণ্ডের বিভিন্ন অর্থের মধ্যে একটি অর্থ, কিন্তু বর্তমান ক্ষেত্রে যেথানে দণ্ড বিশ্বের নিয়ম ও শৃল্পলার প্রতিমৃতি এবং বৈদিক ঋতের পরবর্তী রূপ হিসাবে গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে শান্তি হিসাবে দণ্ডের ব্যাখ্যা যথেষ্ট নছে। রাজা কালের কারণ (রাজা কালস্ত কারণম) এই প্রচলিত উক্তি এই অর্থে, সত্য যে একজন স্থায়পরায়ণ রাজা

দণ্ডের সাহায্যে সর্বসাধারণের স্থথ ও সমৃদ্ধি আনমন করিতে পারেন। কিন্তু একজন অসং রাজা এই কার্য করিতে অক্ষম হন এবং তাঁহার নিজের ও রাজ্যের সর্বনাশ সাধন করেন। এই জাতীয় মত প্রাচীন আর্যজগতে বিশেষ বিন্তার লাভ করিয়াছিল। হোমার °° (Homer) বলিয়াছেন, "ষ্থন কোন ভগবদ্বিশাসী নির্দোষ নরপতি তায়-বিচার করেন, তখন অন্ধকার পৃথিবীর বুকে গম ও বার্লি উৎপন্ন হয়, বৃক্ষসকল ফলে পরিপূর্ণ হয়, শিশুরা সবল হয় এবং সমূত্রে প্রচুর মংস্থ পাওয়া যায়"—ভারতীয় সাহিত্যেও অনুরূপ উক্তি প্রচুর দেখিতে পাওয়া যায়। এই মতামুদারে রাজার চূড়ান্ত ক্ষমতা নাই। যে নীতির অন্তিত্ব রাজার পূর্বে ছিল, যাহা স্বয়ং রাজাকে অফুসরণ করিতে হয় এবং ঠিক ভাবে অপরের উপর প্রয়োগ করিতে হয়, সেই নীতিই সমস্ত শক্তির আধার। রাজা নিজের অপরাধে নিজে শান্তিভোগ করিবেন এবং দে শান্তি প্রজাদের " শান্তি অপেক্ষাও কঠোরতর হইবে, মহু এই ধরণের চিন্তার বিরোধী ছিলেন না। দণ্ড অসং রাজাকে সবংশে ধ্বংস করেন। মহাভারতে সেন রাজার উপাখ্যানে দেখিতে পাওয়া যায় যে, শেষ পর্যন্ত প্রজারা বিদ্রোহী হইয়া অত্যাচারী রাজাকে হত্যা করিয়াছিল এবং তাঁহার স্বৈরশাসনের অবসান ঘটাইয়া-ছিল। পূর্বোল্লিখিত উক্তির সহিত এই উপাখ্যানের সংযোগ-স্ত্র দেখিতে পাওয়া যায়। এই ধরণের বিপ্লবের বীজবহনকারী রহস্তপূর্ণ মতবাদের কোন আবেদন ব্যবহারিক শাসনকার্যে ব্যাপৃত এবং সাম্রাজ্য গঠনকারী কৌটল্যের কাছে ছিল না; অর্থশাস্ত্রে এই জাতীয় কোন কিছুর উল্লেখ পাওয়া যায় না।

রাজতন্ত্র যদিও দৈব-নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান, কিন্তু রাজা স্বয়ং কোন মতেই দেবতা নহেন। কোন ভারতীয় রাজাই নিজেকে দেবতা আখ্যা দেন নাই, এবং কেহই তাঁহার জীবদ্দশায় দেবতা হিদাব পৃজিতও হন নাই। ইহা যথার্থই উক্তেত্ব ইয়াছে যে, "এশিয়ায় শাসনকর্তাদের দেবত্বরূপ বীজের অঙ্করিত হইবার ক্ষেত্র অতি স্বল্ল," এই জাতীয় ধারণা গ্রীস দেশের স্থানীয় স্বাষ্টি; "নিয়মতান্ত্রিক রাষ্ট্রে নিয়মভন্তন্ত্রের বহির্ভূত কোনও শাসকের বৈধতা স্থাপনের জন্ম ইহা উদ্ভূত হইয়াছিল।" মহ অবশ্য এক জায়গায় বলিয়াছেন যে, একজন শিশু রাজাকেও মরণশীল জীব বিল্যা অবজ্ঞার দৃষ্টিতে দেখা উচিত নহে, কারণ, তিনি মহয়াদেহধারীত্ব দেবতা, কিন্তু যে বৃহৎ অনুচ্ছেদটি আমাদের শেষাংশের আলোচনার ভিত্তি, এই স্নোকটি তাহারই একটি অতি ক্ষে অংশ মাত্র। ইহা নিঃসন্দেহে বলা যায় যে, যে উপলক্ষ্যে উক্ত মন্তব্যটি করা হইয়াছে, উহাকে মীমাংসা-কথিত অর্থবাদ বলা যায়, কারণ রাজ্বভন্তন্তরের পৃষ্ঠপোষকতা করাই ইহার প্রধান উদ্দেশ্য।

मञ् ७ कोणिंग : तांड्रेनी जि

বাক্ষণ ও ক্ষত্রিয় কাজার গুরুত্বপূর্ণ কার্যে সাহায্য ও উপদেশ দেওয়ার জন্ম দর্বদাই তাঁহার পার্যে ব্রাহ্মণ পুরোহিতরূপে (পুরোধায় অধিষ্ঠিত) অধিষ্ঠিত থাকেন। মহু প্রাচীন বৈদিক্যুগের ক্রমানুসরণ করিয়া কেবলমাত্র ইহার পুনরাবৃত্তি করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, "স্পষ্টর পর প্রজাপতি গো-ধনকে বৈশ্যের হল্তে অর্পণ করিয়াছিলেন, এবং ব্রাহ্মণ ও রাজার উপর সমস্ত স্পষ্ট জীবের দায়িত গ্রন্থ করিলেন।" পুনরায় তিনি বলিয়াছেন, "ব্রাহ্মণ ভিন্ন ক্ষত্রিয়ের উন্নতি হইতে পারে না, আবার ক্ষত্রিয় ছাড়া বান্ধণেরও অভ্যুদয় হয় না। ব্রাদ্ধণ ও ক্ষত্রিয় ঘনিষ্ঠ সম্বন্ধযুক্ত হইলে পারম্পরিক সহযোগিতায় ইহজগতে ও পরলোকে^৩ উন্নতিলাভ করিয়া থাকেন।" হিন্দুধর্মের একজন বিচক্ষণ সমালোচক বলিয়াছেন রাজনীতিতে ব্রাহ্মণদের রাজা না হইয়া মন্ত্রী হইবার, সেবার মধ্য দিয়া শাসন করিবার বিচক্ষণতা ছিল তত্তগতভাবে, এবং বছলাংশে কার্যতঃ ব্রাহ্মণ ও তাঁহার দেবতারা সাম্রাজ্যের মধ্যে সার্বভৌম নহে (imperium in imperio) দামাজ্য-উর্ধে দার্বভৌম (imperium super. imperium) ত । রাজার আফুষ্ঠানিক রাজ্যাভিষেকের সময়ে ত্রাহ্মণদিগকে ভিন্ন গোষ্ঠাতে রাখিয়া পুরোহিত রাজাকে প্রজাদের নিকট এইরূপ বলিয়া পরিচয় করাইয়া দিতেন, "হে সাধারণ প্রজাবন, ইনি তোমাদের রাজা, আমাদের অর্থাৎ ব্রাহ্মণদের রাজা দোম। মহুতে অবশ্য কতকগুলি শ্লোকে ব্রাহ্মণদের পক্ষে অত্যাচারী রাজাকে বাধা প্রদান করিবার কর্তব্যের কথা উল্লেখ আছে।" যেমন: "যখন ক্ষত্রিয় ব্রাহ্মণের নিকট যে কোন ভাবেই হৌক অসহনীয় হইয়া উঠিবে, প্রাহ্মণ স্বয়ং তথন তাহাকে বাধা প্রদান করিবেন, কারণ ক্ষত্রিয়ের উৎপত্তি ব্রাহ্মণ হইতে", অগ্নি যেমন জলের" বিরুদ্ধে যাইতে পারে না, তদরপ কোন কিছুই, তাহা যাহা হইতে উংপন্ন হইয়াছে তাহার উপর আধিপত্য করিতে পারে না। মহুতে অবশ্য পুরোহিতের কার্য থ্ব বেশী মূল্যবান্ ছিল না, তিনি রাজ-পরিবারের পুরোহিত ভিন্ন আর কিছুই নহেন। তাঁহার কার্য ছিল প্রথামুযায়ী আমুষ্ঠানিক পূজা-অর্চনাদি সম্পাদন করা; কিন্তু বিশেষ ক্ষেত্রে বেমন যুদ্ধ ও শান্তির প্রশ্নবিন্ধড়িত রাষ্ট্রনীতির কোন জটিল সমস্যা সমাধানের পূর্বে রাজাকে অবশ্রই নিয়মামুষায়ী অস্তান্ত মন্ত্ৰীদের সহিত আলাপ-আলোচনা ভিন্নও একজন চরিত্রবান দক্ষ ব্রাহ্মণ মন্ত্রীর সহিত আলোচনা করিবার নির্দেশ স্পষ্ট দেওয়া আছে। কৌটিল্য পুরোহিতের পদকে প্রাধান্ত দিয়াছেন। ষিনি পুরোহিত হইবেন তাঁহাকে বিছা, চরিত্র, প্রভৃতি শ্রেষ্ঠ শুণগুলির অধিকারী হইতে হইবে, ইহাও বলিয়াছেন। এই পদের জ্ঞা উপযুক্ত ব্যক্তি মনোনয়ন করিয়া ছাত্র বেমন তাহার আচার্যকে অমুসরণ করে, পুত্র

বেমন পিতাকে বা ভূত্য বেমন প্রভূকে অমুসরণ করে, রাজাও তদ্রূপ পুরোহিতকে অমুসরণ করিবেন। কৌটিল্য বলিয়াছেন, "ক্ষত্রিয়েরা ব্রাহ্মণের তেজে বলীয়ান হইয়া মন্ত্রীদের মন্ত্রণায় শুদ্ধিলাভ করিয়া ও শাস্ত্রের অমুশাসন অমুসরণ করিয়া অপরাজেয় হইয়া থাকেন এবং অস্ত্র ব্যবহার না করিয়াও সর্বক্ষেত্রে জয়ী হইতে পারেন।" বিশ্ব বিশ্ব ক্ষত্রিয়, দেব ও রাজশক্তির মধ্যে পারস্পরিক আলোচনার মধ্য দিয়া সর্বদা সহযোগিতা মন্ত্র ও কোটিল্যের মতে সমৃদ্ধিশালী বিজয়ী রাষ্ট্রের প্রকৃত ভিত্তি।

রাষ্ট্রের বিভিন্ন অঙ্গ: কোন রাষ্ট্রের বিভিন্ন অঙ্গ বা প্রাকৃতি (বিভিন্ন অংশ) সকল সংখ্যায় দাতটি। মহ উহাদিগকে এইভাবে গণনা করিয়াছেন (১) রাজা (স্বামিন) (২) মন্ত্রী (অমাত্য) (৩) রাজধানী (পুর) (৪) দেশ (রাষ্ট্র) (৫) ধনভাগুার (কোষ) () দৈলদল (দণ্ড) () বন্ধু (স্বন্ধুং বা কোটিল্যের মতে মিত্র)। যে ক্রমাত্রযায়ী ইহাদের নাম করা হইয়াছে, গুরুত্বের দিক দিয়া ইহাদের ক্রম তদরূপ। ইহাদের মধ্যে পরবর্তী অঙ্গগুলির বিপদ অপেক্ষা পূর্ববর্তী অঙ্গগুলির বিপদ ঘটিলে, রাষ্ট্র অধিকতর ক্ষতিগ্রন্ত হয়। ইহার অর্থ অবশ্য এইরূপ নহে যে, রাষ্ট্রের সাধারণ পরিচালনা ব্যাপারে একটি অন্ব অপর একটি অন্ব অপেক্ষা শ্রেষ্ঠ। প্রত্যেকেরই স্ব স্ব ক্ষেত্রে উপযোগিতা আছে, ষেমন কোন সন্ন্যাসীর ত্রিশূলের কোন একটি বিশেষ অংশ সমগ্র বস্তুটির ১১ কার্যকারিতার পক্ষে অপর একটি অংশ অপেকা কম মূল্যবান নহে। কোটিল্য রাষ্ট্রের বিভিন্ন অঙ্গের ক্রম প্রায় মহার ন্যায়ই নির্ধারণ করিয়াছেন, তবে মহার সঙ্গে তাঁহার এই অংশে পার্থক্য দেখা যায় যে, তিনি দেশকে (জনপদ বা মহুর রাষ্ট্র) রাজধানীর (তুর্গ বা মহুর পুর) পূর্বে বদাইয়াছেন। তিনি তাঁহার আচার্যের মত উল্লেখ করিয়া বলিয়াছেন যে, গণনা তালিকার প্রতি পূর্ববর্তী অঙ্গ পরবর্তী অঙ্গ অপেকা অধিকতর গুরুত্বপূর্ণ এবং অস্বাভাবিক সময়ে অধিকতর যত্ন লাভ করিবার যোগ্য ৷ তিনি বিভিন্ন অক্সের আপেক্ষিক মূল্য সম্বন্ধে বিরোধী মতবাদের বিস্তৃত আলোচনা করিয়াছেন। তিনি এই দকল তথাকথিত পাণ্ডিত্যপূর্ণ অভিজ্ঞতানিরপেক্ষ যুক্তির সহিত একমত নহেন এবং সহজ জ্ঞানের ভিত্তিতে এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, বিপদকালে পাঠ্যপুস্তকের কোন ধরা-বাঁধা নিয়ম দারা চালিত কর্মপন্থা অবলম্বন না করিয়া বিপদের প্রক্বন্ত স্বরূপ বুঝিতে হইবে এবং লক্ষ্য রাখিতে হইবে রাষ্ট্রের কোন অংশের সহিত এই বিপদ সংশ্লিষ্ট এবং ইহার প্রতিক্রিয়া অবশিষ্ট অংশের ই উপর কিরূপ হইতে পারে।

রাজা: ইহা সর্বন্ধনস্থবিদিত যে রাষ্ট্রের মঙ্গল রাজার ব্যক্তিগত সদ্গুণ ও ব্যবহারের উপর নির্ভর করে, স্বতরাং সিংহাসন আরোহণ করিবার পূর্বে রাজা মত্ম ও কোটিলা : রাষ্ট্রনীতি

কিভাবে বিভার্জন ও শিক্ষালাভ করিবেন, এবং রাজ্য গ্রহণের পরে কিভাবে তিনি তাঁহার ব্যক্তিগত কার্য ও সাধারণের প্রতি কর্তব্যপালনের জন্ম তাঁহার সময় ও মনোযোগের বিভাগ করিবেন সে সম্বন্ধে বিন্তারিত নির্দেশ দেওয়া হইয়াছে। কৌটিল্য মনে করেন যে, রাজার সময় থাকিতে উত্তরাধিকারের বিষয় চিন্তা করা উচিত এবং তিনি উপযুক্ত উত্তরাধিকারীর নির্বাচন ও শিক্ষা সম্বন্ধে বহু নিয়ম প্রণয়ন করিয়াছেন।

<u>অক্টান্থ অংশ</u>: রাজা দর্বদাই প্রজাদের হিতসাধনে তৎপর থাকিবেন। তাঁহার নিকট সকলের যাইবার অধিকার থাকিবে; যে সকল আশু প্রয়োজনীয় ব্যবস্থার অবহেলা করিলে জটিলতা উদ্ভবের সম্ভবনা আছে, তিনি সেগুলির দিকে সম্বর্মনোযোগ দিবেন। প্রচেষ্টা কৃতকার্যতার মূল। কৌটিল্য বলিয়াছেন, "প্রজাদের স্বথ রাজার স্বথ, প্রজাদের মঙ্গল রাজাদের মঙ্গল; রাজার ব্যক্তিগত স্বথ তাঁহার মঙ্গলকর নহে, প্রজাদের স্বথ তাঁহার পক্ষে মঙ্গলকর"। তা মন্ত্র বলিয়াছেন, রাজা অবশ্রুই তাঁহার রাজকার্যের স্থবিধার জন্ম সাত বা আটজনের হারা গঠিত মন্ত্রীসভা নিয়োগ করিবেন এবং মন্ত্রিগণ সদ্বংশভূত, বিদান ও সাহসী হইবেন, তাঁহাদের চরিত্র ও দক্ষতা বিষয়ে দীর্ঘদিনের স্থনাম থাকিবেন তা, কৌটিল্য শাসননীতি, বিভিন্ন পদের মন্ত্রী নির্বাচন, দেশের বৈষয়িক উন্নতি, শুল্কনীতি, এবং সৈন্মদের নিয়মান্থবর্তিতা ও নীতিবক্ষার বিষয় বিস্তৃত আলোচনা করিয়াছেন।

আন্ত-রান্ত্রিক সহলঃ "যে মুদার হইতে পারিবে না তাহাকে অবশ্রুই নেহাই হইতে হইবে", এই ধারণাঘারা মহ ও কৌটলাের আন্ত-রান্ত্রিক সম্বন্ধ বিষয়ক মতবাদ বিশেষভাবে প্রভাবিত হইরাছিল। আদর্শ রাজা হইবেন একজন বিজিগীয়ু অর্থাং তাঁহার নৃতন দেশ বিজয়ের আকাজ্রা থাকিবে। ইহার অর্থ এই যে, রাজা কর্মতংপর এবং রাজ্যবিন্তারকামী হইবেন, তাঁহাকে যে যুদ্ধ করিতেই হইবে এমন নহে, কারণ যুদ্ধ একমাত্র শেষ³ উপায় রূপে ব্যবহৃত হইতে পারে। আমরা এই প্রসঙ্গে মঞ্জল বা কূটনৈতিক চক্র, চতুর্বিধ উপায় ও ষড়বিধ কার্য বিষয়ে বিস্তৃত পান্তিত্যপূর্ণ যে সকল আলোচনা মহু অপেক্ষা কৌটলাের স্বভাবতঃই অধিক বিস্তৃত, সেগুলিকে কেবলমাত্র উল্লেখ করিয়াই ক্ষান্ত থাকিব। কৌটলা ত্রিবিধ বিজয়ীর মধ্যে পার্থক্য করিয়াছেন—যেমন ধর্ম-বিজয়ী অর্থাৎ ধার্মিক বিজয়ী, পরাজ্ঞিত রাষ্ট্র আফুগতা যীকার করিলেই যিনি সম্ভট থাকেন। লােভ বিজয়ী, অর্থাৎ যিনি পরাজ্ঞিতের ভূমি ও অর্থ উভয়ই আকাজ্রা করেন এবং অহ্বর-বিজয়ী বা তুট্ট-বিজেতা, অর্থাৎ যিনি বিজিত রাজার সব কিছুই গ্রাস করিতে চাহেন,—তাহার স্বী, পুত্র কল্যাদি এমন কি তাহাকে হতা। করিতেও পারেন। তি কি উপায়ে বিজ্ঞত রাত্ত্রে শান্তিস্থাপন করিতে হয় এবং

শেখানে স্বাভাবিক জীবনধাত্রা পুনঃপ্রতিষ্ঠা⁸ করিতে হর্ম, তাহা বিস্তৃতভাবে কৌটিল্য বলিয়া গিয়াছেন। অপর দিকে মহু স্পষ্টভাবেই বলিয়াছেন ধে, রাজ্য জয় সমাপ্তির পর পূর্বের ক্যায় বিজিত দেশের রীতি-নীতি, আচার-ব্যবহার ধর্ম, সামাজিক প্রতিষ্ঠান এমন কি পুরাতন রাজ-পরিবারকেও⁸ প্রতিষ্ঠা করিয়া স্বাভাবিক জীবনযাত্রাকে ফিরাইয়া আনিতে হইবে।

শাসন-ব্যবস্থা: আভ্যস্তরিক শাসন-ব্যবস্থা পরিচালনা ক্ষেত্রে কৌটিল্যের দান অতুলনীয়। অধ্যক্ষ-প্রচারে (দ্বিতীয় খণ্ড) নগর-নির্মাণ পদ্ধতি রাষ্ট্র স্থদূচীকরণ এবং অর্থনৈতিক পরিচালনা সম্বন্ধে এবং তৎসহ আজকাল যাহাদিগকে বিভাগীয় অধিকর্তা বলা ঘাইতে পারে, এমন ত্রিশজন অধ্যক্ষের কর্তব্য বিষয়ে যে বিস্তৃত আলোচনা আছে, তাহা প্রাচীন ভারতবর্ষের রাজনৈতিক-সাহিত্যে অপূর্ব এবং ইহাকে বর্তমান যুগের যে কোন শাসন-ব্যবস্থা সম্পর্কীয় পুস্তকের সহিত তুলনা করা যাইতে পারে। যে বাষ্ট্রে বিপুল সংখ্যক বাজপুরুষ জাতির সামাজিক অর্থ নৈতিক প্রভৃতি সকলপ্রকার ক্রিয়ার প্রতি লক্ষ্য রাখিয়া দেগুলিকে পরিচালনা এবং নিয়ন্ত্রণ করিবে, এইরূপ একটি রাষ্ট্রের কথাই কৌটিল্য চিম্ভা করিতেন। এই ধরণের কেন্দ্রীভূত শাসন পরবর্তী যুগে ভারতে বৃটিশ শাসনের পূর্বে অজ্ঞাত ছিল। কৌটল্যের উপদেশ পালিত হইলে, রাষ্ট্রের অধীনম্ব প্রতি নগর ও গ্রামের লোকসংখ্যা, তাহাদের জীবিকা, গরু ও ভূ-সম্পত্তি প্রভৃতি সম্বন্ধে প্রভৃত পরিমাণে প্রামাণ্য ও আধুনিক তথ্যাদি রাষ্ট্রের ব্যবহারের জন্ম পাওয়া যাইত, এইরূপ অন্নমান করা যায়। এই বিষয়ে কোন সন্দেহ নাই যে, মৌর্যসামাজ্যে অস্তৃতঃ অশোকের রাজ্যকালের শেষ পর্যন্ত কোটিল্যের এই নীতি অহুস্ত হইত। ইহা নি:সন্দেহে বলা ঘাইতে পারে যে, হেলেনীয় Hellenistic বাইই কোটিল্যের আদর্শ ছিল এবং হেলেনীয় রাষ্ট্র আবার অচিমেনিড Achemenid বংশীয় পারশুরাজগণেরও তাহাদের প্রতিনিধিদের ধারা অফুসরণ করিয়াছিল। প্রজাদের দৈনন্দিন কার্যকলাপকে সক্রিয়ভাবে নিয়ন্ত্রিত না করিয়া ভাহার। যাহাতে বিনা বাধায় বৈধভাবে জীবন কাটাইতে পারে দেই দিকে লক্ষ্য রাথাই ভারতের অন্তান্ত রাষ্ট্রের নীতি ছিল, কিন্তু মৌর্যরাষ্ট্রে ইহার ব্যতিক্রম ঘটিয়াছিল।

বিচার কার্য পরিচালনা ক্ষেত্রে, কোটিল্য তুই ধরণের আদালতের উল্লেখ করিয়াছেন, বেমন—ধর্মস্থীয় (তৃতীয় খণ্ড), ব্যবহার অর্থাৎ দেওরানী-মকদমা বিষয়ক আদালত, ইহার কার্যাবলী স্থবিধার জন্ম সাধারণতঃ আঠার ভাগে আলোচিত হইয়াছে; এবং কন্টকশোধন (চতুর্থ খণ্ড) রাজকর্মচারীদের সরকারী কার্যে অবহেলা প্রভৃতি সমাজবিরোধী তৃত্ব সম্পর্কে বিচার করিবার আদালত। প্রথমোক্তটি (ধর্মস্থীয়)

মন্ত্র কোটিলা :'রাষ্ট্রনীতি

নিয়মিত আদালত; এইখানে বিধিবদ্ধ পদ্ধতি অমুষায়ী ধর্মশান্ত্রে অভিজ্ঞ ব্রাহ্মণদের সহায়তায় রাজকর্মচারিগণ কর্তৃক বিচারকার্য দাখিত হইত। শেষোক্তটি শাদনসম্পর্কীয় আদালত। ইহা সংক্ষেপে বিচারকার্য সমাধা করিত এবং সমাজের কণ্টকগুলিকে দ্র করিবার চেটা করিত। জটিল মকদ্দমা সকল কথনও কথনও সাধারণ আদালত হইতে এই সকল আদালতে প্রেরিত হইত। উক্ত আদালতসকল অপরাধ তদন্ত করিবার জন্ম ও অত্যাচারের ভীতিপ্রদর্শন করিয়া স্বীকারোক্তি আদায় করিবার জন্ম গুপ্তচর ও প্রতিনিধি (agents provocateurs) নিয়োগ করিত।

এই উভয়প্রকার আদালতের পার্থক্যের ভিত্তি কোথায়ও ভাষায় বর্ণিত হয় নাই, তবে এইরপ অন্থমান করা যায় যে, কোটিল্য ক্রম-বর্ধমান জটিল অর্থনীতির নৃতন নৃতন চাহিদা মিটাইবার জন্ম, সমাজবিরোধী লোকের হন্ধর্ম হইতে রাষ্ট্র ও জন-সাধারণকে রক্ষা করিবার জন্ম এবং বহুসংখ্যক রাজকর্মচারী কিভাবে নৃতন নৃতন বিধান অন্থয়য়ী শাসনকার্য চালাইতেছে তাহা নিয়ন্ত্রণ করিবার জন্ম এবং যাহাতে সরকারের মধ্যে যুক্তিসন্মত তংপরতা রক্ষিত হয় এবং জনসাধারণ অত্যাচার ও পক্ষপাতিত্বের হাত হইতে মুক্ত হইতে পারে, সেইজন্ম এই নৃতন ধরণের আদালত-গুলির পরিকল্পনা করিয়াছিলেন। কোটিল্যের এই নৃতন ধরণের আদালত তাঁহার পরিকল্পত ব্যাপক আমলাতন্ত্রের মূল শুস্তম্বরূপ। রাষ্ট্রনীভিত্তে অন্থান্ম বেশুর কালায় মহুর সহিত কোটিল্যের মিল সর্বাপেক্ষা অধিক। মন্থ যদিও তাঁহার গ্রম্থে বিশেষ আদালতের বিষয় উল্লেখ করেন নাই, কন্টকশোধনের বিষয় তিনি কিছু কিছু আলোচনা করিয়াছেন° এবং বিশেষভাবে গুপ্তচর ও রাজকর্মচারী ও অপর সকলের বিভিন্ন অপরাধ ও অন্যায়কর্ম সম্বন্ধে যে সকল উক্তি করিয়াছেন, তাহাদের সহিত কোটিল্যের উক্তির যথেষ্ট সাদৃশ্য আছে।

অপর একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে কোটিল্যকে নৃতন স্রন্থা বলা যায়। এই ক্ষেত্রেও তাঁহার প্রেরণার মূল উৎস ছিল পারসীক রাজতন্ত্র ও পরবর্তী অনুগামী হেলেনীয় রাষ্ট্রদমূহ। তিনি বলিয়াছেন, "ধর্ম, চুক্তি, আচার-ব্যবহার ও রাজান্থশাসন, আইনের চারিটি পদ (আদালতে বিচারের নির্ণায়ক)।" এইগুলির মধ্যে প্রতি পরবর্তী অঙ্গ প্রতি পূর্ববর্তী অঙ্গ অপেক্ষা অধিকতর বলবান। হেলেনীয় রাজতন্ত্র বিষয়ে রোষ্টাভ্ জ্ঞেক-এর উক্তি এই ক্ষেত্রে প্রযোজ্য। তিনি বলিয়াছেন, "ইহা স্কুম্পষ্ট যে রাজান্থশাসন শাসন, নির্দেশ বা বিধি যদি অন্তান্থ আইনের বিরোধী হয়, তাহা হইলে রাজান্থশাসন অন্তান্থ বিধির তুলনায় শক্তিশালী এবং বিচারক্ষেত্রে চরম বলিয়া গণ্য হইবে।" একমাত্র নারদের গ্রন্থ ভিন্ন পরবর্তী যুগের সকল শ্বতিগ্রন্থেই এই অ-ভারতীয়

রাজ-মহিমা বিশ্বতির তলে লুপ্ত হইয়া গিয়াছিল। সাধারণ নিয়মায়সারে রাজাকে ধর্মের আহ্বগত্য স্বীকার করিতে হইত এবং ধর্ম শন্তটি ব্যাপক অর্থে ব্যবহৃত হইত। ইহা শাস্ত্রোক্ত বিধি, স্থানীয় আচার-ব্যবহার, গোষ্ঠীর রীতিনীতি ও চিরাচরিত রীতিনীতি এ সমস্তই বুঝাইত, কিন্ত রাজায়শাসনকে নহে। ধর্মের উৎস হিসাবে মহু সমগ্র বেদ, বেদজ্ঞ ব্যক্তিদের আচার-ব্যবহার ঐতিহ্, পুণ্যবান ব্যক্তিদের জীবনযাত্রা এবং অবশেষে আত্মনৃপ্তির ত কথা উল্লেখ করিয়াছেন।

৪। নীতিশাঙ্গ

মহুর নৈতিক দৃষ্টিভঙ্গী যুগ যুগ ধরিয়া মাহুষের আচার-ব্যবহার ও সাহিত্যের উপর অপরিমেয় প্রভাব বিস্তার করিয়া আদিতেছে। এই নৈতিক দৃষ্টিভঙ্গীর আলোচনা করিয়া আমরা আমাদের বক্তব্যের উপদংহার করিব। মহুর মতে ধর্মের (নৈতিক বিধি) বিধিসমূহ চিরকালের জন্ম নির্দিষ্ট থাকে না। ' প্রতিযুগেই যে সকল বিঘান্ ব্যক্তি সক্চরিত্র এবং বিদ্বেষ ও অতিরিক্ত মমতা হইতে মৃক্ত, তাঁহাদের আচরণ ও নির্দেশ হইতে ধর্মশিক্ষা করিতে হইবে। প্রত্যেক ব্রাহ্মণের দশটি সদ্পুণ থাকা উচিত। যথা—তৃষ্টি, ক্ষমা, আন্থ-সংযম, অ-স্থেয়, চিত্ত-শুদ্ধি, ইন্দ্রিয়-সংযম, জ্ঞান, বিহ্যা, সত্যবাদিতা ও ক্রোধশ্ন্তা। ' নির্বোধ ও লোভী ব্রাহ্মণকে স্পষ্ট-ভাষায় নিন্দা করা হইয়াছে, এবং তাহাকে যে দান ' করে তাহারই ক্ষতি হয় এই বলিয়া এরপ ব্যক্তিকে দানের নিন্দা করা হইয়াছে।

মাংসভক্ষণ ও মত্যপান মাহুষের পক্ষে স্বাভাবিক বলিয়া গণ্য হইত, কিন্তু এই সকল হইতে বিরত থাকা অভি পুণ্যকর্ম বলিয়া বিবেচিত হইত।

আচার-ব্যবহারের ক্ষেত্রে বিশেষভাবে ব্রাদ্ধণদের আচার-ব্যবহারের পক্ষে, ইহা স্পাইভাবেই পরিবর্তনের ইন্ধিত দেয়। " যদি কেহ অপরের মঙ্গলের জন্য তাহাদিগকে উপদেশ দিতে ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহার অহিংস-নীতি (কাহাকেও হুংখ না দেওয়া) অনুসরণ করা উচিত এবং তাহাদের প্রতি ভদ্র ও মিষ্টবাক্য ব্যবহার করা উচিত। ভাষ্যকারগণ শিশ্বং ও আচার্যের মধ্যে সম্বন্ধক্ষেত্রে এই উপদেশ বিশেষভাবে প্রযোজ্য বলিয়াছেন। ধন-সম্পত্তি, আত্মীয়তা, বয়স, ক্বতিত্ব ও পাণ্ডিত্য বিশেষভাবে ক্রমান্থদারে সামাজিক সম্মান লাভ করিবার যোগ্য। এই ক্ষেত্রে ইহা লক্ষ্য করিবার বিষয় যে, ধন-সম্পত্তির স্থান ছিল সর্বনিম্নে এবং পাণ্ডিত্যের স্থান ছিল সর্বনিম্নে এবং পাণ্ডিত্যের স্থান ছিল স্বর্বাচেচ। " ব্যক্তিগত স্বাধীনতাকে প্রকৃত স্থের উৎস হিসাবে অতি উচ্চ মূল্য

মন্থ ও কোটিলা: নীতিশান্ত্র

দেওয়া হইয়াছে এবং প্রত্যেকের পক্ষে দেই ধরণের কার্য গ্রহণের উপদেশ দেওয়া আছে—যে কার্য দে নিজে সম্পন্ন করিতে পারিবে এবং সম্পন্ন করিয়া তৃপ্তিলাভ করিবে। অন্তত্ত চাতুরীকে কুকুরের জীবন[ে] বলিয়া নিন্দা করা হইয়াছে। ইহা অবিখাস্য বলিয়া মনে হইলেও, সামাজিক শান্তিরক্ষার্থে ও প্রত্যেক বৈশ্য ও শৃদ্রের জন্ম কর্মের সংস্থান করিতে হইবে. মহু এই বিধান দিয়াছেন। অন্ত ক্ষেত্রে তিনি কোন উপবাদী ব্যক্তিকে যে-কোন স্থান হইতে আহার সংগ্রহ করিবার নির্দেশ দিয়াছেন, অবশ্য তাহার জমাইবার কোন ইচ্ছা থাকিতে পারিবে না। মহু স্পষ্ট বলিয়াছেন যে, যদি কেহ তুষ্ট ব্যক্তির নিকট হইতে অর্থ লইয়া সৎ ও অভাবগ্রস্ত ব্যক্তিদের মধ্যে বণ্টন করিয়া দেয়, তাহা হইলে তাহার সাহায্যে উভয়েরই পাপ-মুক্তি^৫ হয়। সত্য অপেকা কোন ধর্ম শ্রেষ্ঠ নহে; সত্য মনকে পবিত্র করে, এবং সত্য কথা নীরবতা অপেক্ষা শ্রেয়। আবার একই দঙ্গে এই জাতীয় উদ্ধিও দেখা যায়—"সত্য বলিবে, প্রিয় বলিবে, অপ্রিয় সত্য বা মনোহারী মিথ্যা কথা উচ্চারণ করিবে না, ইহাই স্নাতন নিয়ম।"" ং ষেখানে অবশ্য জীবন-মৃত্যুর প্রশ্ন বিজড়িত এমন ক্ষেত্রে আদালতে অনুভভাষণ ক্ষমার্ছ : " সর্বক্ষেত্রেই সাধারণ লোক অপেন্ধা উচ্চশ্রেণীর লোকেদের পক্ষে সদাচার পালনের বাধ্যতা অধিকতর ছিল এবং ইহা হইতে বিচ্যুত হইলে তাহাদের অধিকতর কট্ট স্বীকার করিতে হইত এবং দণ্ড मिट्ट ट्रिंग्ड. कांत्रन जांशामत क्यांन²² ७ मर्गामांत्र छेशदारे ममास्त्र जांशामत माश्रिय নির্ভর করিত। অপরাধ স্বীকার ও অমুতাপ কোন ব্যক্তির মানসিক শান্তি ফিরাইয়া আনিবার পক্ষে এবং ভ্রান্তির পুনরাবৃত্তি ব্যাহত করিবার পক্ষে প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইত ৷ ১০০

দ্রষ্টব্য

- ১। Sacred Books of the East-এর পঞ্বিংশ খণ্ডের Buhler-লিখিত ভূমিকার পরেই মনুমৃতি-সম্বন্ধীয় সমস্তাগুলির দর্নাপেক্ষা ব্যাপক আলোচনার জন্ম কাণের "ধর্মশান্তেব ইতিহাস" প্রথম খণ্ড, পৃ: ১৩৩—১৫৩ অন্টব্য।
- ২। কাণে উাহার ঐ পুস্তকের ৯৫—৯৬ পৃষ্ঠায় এই হুই গ্রন্থের প্রভেদ সম্বন্ধে আলোচনা করিয়াছেন এবং ১৪০ পৃষ্ঠার টীকায় ইহাদের মধ্যে সাদৃগু দেখাইয়াছেন।
- ા Breloer, Kautilya Studien ; ABROI, XXVIII, જુ: ৮৪-- રહ
- 8 | 34|3

- १। कार्त ११००
- ৬। বাণের কাদম্বরীতে রাজপুত্র চন্দ্রাপীডের প্রতি গুকনাদের উপদেশ দ্রষ্টব্য।
- ৭। মমু, ২।১৭—২৩; কা, ৯।১, কে. ডি. রঙ্গস্বামী আয়েঙ্গাব স্মারক গ্রন্থে চক্রবভিক্ষেত্র (প্রঃ ৮১—৮৬)
- ৮। Kenneth Saunders, Pageant of Asia, পৃঃ ৯
- ন। মুনু, ১০।৮ ইঃ
- >01 3, 41040. 21070-024. 2010. 22107-05
- ১১। উদাহরণস্বরূপ, ২।১৫৭, ৩।৯৭
- ২২। Cornford, The Republic of Plato, পৃঃ ১০০, ১০৪, ১০৬, Charles Waterman,
 The Three Spheres of Society: পৃঃ ১০, Gerald Heard, Man the Master.
- ১৩। মৃনু, ৮।৩৪৮--৩৪৯ , ১০ ৬২
- ১৪। Cornford-পূর্বাদ্ধত গ্রন্থ, পঃ ১২৪
- ১৫। মনু, ৬|৩৪--৪১
- ३७। की, २।३
- ১৭ | মনু, ৩।৭৭---৭৮ ৪।৩২ , ৬।৮৯---৯٠
- > 나 집, 이 나 나 - 아 · ㅋㅋ - - - > > - > > 8 | 이 수 - 이 나 하 - 이 나
- ३२। वे. ७१८८
- ২০। কা, ৩, শেষ ছয়টি শ্লোক , মনু, ৯।৫৭—৬৩ এবং ৬৪—৬৮
- ২১। মনু, ৩।৫৬,৬०
- २२। ঐ, नापन
- २०। ४।३८१ हैः , २।२५० हैः
- 281 3135
- 261 81870
- 251 712
- २१। ३।३७
- २७। ३।८
- २२। ११०--७३
- ৩০। The Republic of Plato (Ed. Cornford), পুঃ ৪৭
- ७३ । ४।७७७
- ৩২। W. S. Fergusson হারা, CAH সপ্তম গণ্ড, পৃঃ ১৫
- ৩৩ | ৮|৮
- ৩৪। মেধাতিথি ভাষা, মন্ত্র ৮।২৯
- ७६। जाउरर, ७२१
- Eliot: Hinduism and Buddhism, Introduction.
- ७१। ३।७२०--७२३

মন্ত্র ও কোটিলা: গ্রন্থবিবরণী

- ७४। १११४
- 916 160
- 8 | 2 | 8
- 83 | 3|288--239
- 8२। ७।১, ৮।১
- 6616 108
- ৪৪। মনু, ৭।১৯৯
- 861 को ३२।३
- ৪৬। ঐ ১৩।৫
- 891 91203-200
- ৪৮। মনু ৮।১১
- ৪৯। ৯া২৫২---২৯৩ এবং ৭া১২৩
- ८०। २।५
- 631 213
- 651 6102-05
- 066-06618 100
- 08 | 0102-05
- 60 (21)62
- ७७। २।১७७
- و . دود -- ههداه ۱۹۵
- CF | 61836
- 621 77176--72
- ७०। ८।३ ३ , २१४७ , ४१५७४
- 631 61208
- ७२। ४।७७७-७७१
- ७०। ১১।२२१ -- २००

গ্রন্থবিবরণী

মূল গ্ৰন্থ

মানব-ধর্ম-শাস্ত্র—ছয়টি ভাষ্য এবং একটি অতিরিক্ত পরিচ্ছেদ সমেত, সম্পাদক—ডি এন্ মাওলিক (বোস্বাই, ১৮৮৬)

মমু-শৃতি, কুলুক-ভাগ্ত সমেত (বোধাই, ১৯২৫)

অর্থশান্ত্র: সম্পাদক শ্রাম শান্ত্রী (মহীশুর, ১৯০৯)

অর্থণাত্ত: সম্পাদক গণপতি শাস্ত্রী (ত্রিবান্দ্রম, ১৯২৪-২৫)

অহুবাদ

Buhler, G; The Laws of Manu (Sacred Books of the East, XXV, Oxford, 1886)

Shama Sastri, R: Kautilya's Artha-sastra (Bangalore, 1915)

Uber das Wesen der Altindischen Rechtsschriften und ihr Verhaltnis zu einander und zu Kautilya von Johann Jakob Meyer (Leipzig, 1927)

আধুনিক গ্রন্থ

Kautilya Studien I-III, Breloer (Bonn, 1927-34)

History of Dharma-sastra, Vols I-III, Kane, MM. P. V. (Poona, 1980-46)

Cornford, F. M.: The Republic of Plato (Oxford, 1942)

Waterman C: The Three Spheres of Society (London, 1946)

मश्रम शितराष्ट्रम

বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ

১। পুরাদের ঐ**তিহাদি**ক গুরুত্ব

সংস্কৃত-সাহিত্যে পুরাণ নামে পরিচিত ধর্ম ও দর্শনবিষয়ক যে কতকগুলি বিশিষ্ট ধরণের কাব্যগ্রন্থ আছে তাহাদের মধ্যে বিফুপুরাণ ও ভাগবত এই তুইখানি সর্বাণেক্ষা গুরুত্বপূর্ণ। এই সব পুরাণ এবং বামায়ণ ও মহাভারত এই তুইটি মহাকাব্য প্রাচীন ও মধ্যযুগীয় ভারতবর্ধের বিভিন্ন জাতি, গোষ্ঠী, উপগোষ্ঠী ও ধর্মসম্প্রদায়কে সম্মিলিত করার কাজে ও সকল শ্রেণীর লোকেদের দৃষ্টিভঙ্গী আধ্যাত্মিক করার কাজে এক অনক্রসাধারণ অংশ গ্রহণ করিয়াছিল। পারজিটার (Pargitar) যথার্থ ই বলিয়াছেন, "সমষ্টিগতভাবে বিচার করিলে এইগুলি (পুরাণগুলি) প্রাচীন ও মধ্যযুগীয় হিন্দুধর্মের ধর্ম, দর্শন, ইতিহাস, ব্যক্তি, সমাজ ও রাজনীতির একটি সর্বসাধারণের উপযোগী বিশকোষ।"

পুরাণে কোন বিশিষ্ট দর্শন অথবা ধর্যসম্প্রদায়ের পক্ষ গ্রহণ করা হয় নাই। বেদ ও উপনিষদের ঋষি অথবা পরবর্তী যুগের জ্ঞান, কর্ম ও ভক্তিমার্গের সাধুসন্ত, দর্ব সম্প্রদায়ের শ্রেষ্ঠ সাধু-মহাপুরুষদের আধ্যাত্মিক অহভৃতিই পুরাণগুলির প্রধান উপজীব্য। ইহা ছাড়া, পুরাণে অদৈত, দৈত, দৈতাদৈত ও বিশিষ্টাদৈত এমন কি সাংখ্য, যোগ ও ক্যায় প্রভৃতি বিভিন্ন দার্শনিক মতবাদেরও সমন্বয়সাধন করিবার চেষ্টা আছে।

পুরাণের মধ্যে ভক্তির প্রাধাত দেখা যায়, এইজন্ত পুরাণগুলি সর্বসাধারণের হৃদয় ও মন বিশেষভাবে আকর্ষণ করে। কোন বিশেষ তাত্ত্বিক মতবাদ প্রতিষ্ঠা করা অপেকা মান্তবের জীবন ভগবভাবে অন্তপ্রাণিত করাই ইহাদের উদ্দেশ্য।

২। বিষ্ণুপুরাদের দার্শনিক মতবাদ

বিফুপুরাণ ভাগবত অপেক্ষা বেশী সহজবোধ্য ও প্রাচীন গ্রন্থ। ইহাকে অন্তান্ত পুরাণের প্রতিনিধিস্থানীয় বলিয়াও মনে করা ঘাইতে পারে। উইণ্টারনিজ

(Winternitz) বলিয়াছেন, "এই পুরাণখানির বিষয়বস্তু সংক্ষেপে কিন্তু কিছু খুঁটিনাটিসহ সংগ্রহ করিলে, তাহা হইতে পাঠক মিলিতভাবে সব পুরাণের বিষয়বস্তু ও তাৎপর্য সম্বন্ধে একটি ধারণা পাইতে পারেন।"

বিষ্ণুপুরাণ গ্রন্থটি মৈত্রেয় ও তাঁহার গুরুদেব পরাশরের মধ্যে কথোণকথনের আকারে রচিত হইয়াছে। এই পরাশর ব্যাসদেবের পিতা।

দৃশ্যমান জগতের স্বাষ্ট্র, স্থিতি, পালন ও ধ্বংস সম্বন্ধে চরম সত্য কি, শিয়ের এই প্রশ্নের উত্তরে পরাশর সোজাস্থজি বলিলেন, "এই জগৎ বিষ্ণু হইতে উদ্ভূত হইয়াছে, বিফুতেই জগং সংস্থিত, বিষ্ণুই এই জগতের একমাত্র পালনকর্তা ও পরিচালক, বস্তুতঃ জ্বগংই বিষ্ণু।"^৩ ইহাই বিষ্ণুপুরাণের, বস্তুতঃ সমুদ্য় পুরাণেরই, সার কথা। স্পট্ট দেখা যাইতেছে যে, উপনিষদ ও ব্রহ্মস্তে যে অন্বয় চরম আধ্যাত্মিক তত্তকে ব্রহ্ম ও পরমাত্মা বলা হইয়াছে, তাহার সহিত বিষ্ণু অভিন। পরাশর তাঁহার একটি বিষ্ণু-স্তোত্রে এই কথা স্পষ্ট করিয়া বলিয়াছেন। উহাতে বিষ্ণুকে এক, অনন্ত, নিত্য, অপরিণামী, পরিপূর্ণ, দর্বব্যাপী ও দর্বাতীত পরম-আত্মা বলিয়া বর্ণনা করা হইয়াছে ;* এবং ঘোষণা করা হইয়াছে যে, হিরণাগর্ভ, হরি, শঙ্কর, বাস্থদেব, তার, অচ্যুত, পুরুষোত্তম, নারায়ণ, ব্রহ্মা, শিব প্রভৃতি বিশেষ তাৎপর্যপূর্ণ নামগুলি একমাত্র বিষ্ণুতেই প্রযোজ্য। সম্ভবতঃ, দর্বসম্প্রদায়ের মূল ঐক্য প্রদর্শনের জন্মই এই সকল নামের উল্লেখ করা হইয়াছে। এখানে এবং অন্তত্ত্র পরাশর বলিতে চাহিয়াছেন যে, বেদ-বাদী, বেদান্থবাদী, বৈষ্ণব, শৈব, পঞ্চরাত্রী, একান্তী, ভাগবত, পাশুপত, যোগী, শব্দবন্দবাদী এবং অন্তান্ত সম্প্রদায় সকলও একই পরম আত্মার উপাসনা করে। বিভিন্ন নাম ও রূপে তিনিই বিখের চরম অধিষ্ঠান, প্রভু ও আত্মা এবং সর্বপ্রকার সাম্প্রদায়িক ধর্মান্ধতা ও সঙ্কীর্ণতা অজ্ঞান হইতে উহুত।

মহাকালে যে সংসারপ্রবাহের আদি নাই, অন্ত নাই, যাহা স্ঠি, বিকাণ ও ধ্বংসের অসংখ্য কল্লের মধ্য দিয়া চলিয়াছে, তাহা ব্যাখ্যা করিবার জন্ত পরাশর বেদান্তের চরম আধ্যান্মিক অবৈতবাদ হইতে আরম্ভ করিয়াছেন। পরাশর বলেন যে, এই বিশ্বস্টির মূল অধিষ্ঠান যে পরম চেতনতত্ব, তাহা স্বরূপে মন্তুর্দ্ধির সর্বোচ্চ ধারণারও উর্ধ্বে (পরঃ পরাণাং পরমঃ)। উক্ত চরম তত্ব নাম, রূপ বা যে কোন প্রকার বিকল্প বিবর্জিত; এমন কোন বিশেষ বিধেয় নাই, যাহার ঘারা ইহার ভাবাত্মক ধারণা হইতে পারে; উহার জন্ম, বৃদ্ধি, পরিবর্তন, ক্ষয় ও ধ্বংস প্রভৃতি কোন কালিক ধর্ম নাই; "ইহা সদাই অন্তিত্বশীল" ইহা ছাড়া, উহার সম্বন্ধে আর কিছুই বলা যায় না।

বিষ্পুরাণ ও ভাগবতপুরাণ: বিষ্ণুপুরাণের দার্শনিক মতবাদ

ইহা যে নিগুণ এক্ষের ধারণা তাহা স্থস্পষ্ট। পরাশবের মতে, ইহাই বিষ্ণুর মূল স্বরূপ। পরাশর আরও বলিয়াছেন বে, এই অসীম, অনস্ত, অবিকারী, নিজ্ঞিয়, নিগুণ চরম চেতনতত্তই এই দ্দীম, কালিক, নিয়ত পরিবর্তনশীল আক্ষিক ও কাদাচিৎক বস্তুর জগতে নিজেকে প্রকট করে। উহা এই জগতের সর্বত্ত র অভ্যন্তরে অবস্থান করে এবং উহা এই বিশ্বের সকল বস্তুর অধিষ্ঠান। এইজন্ম, যে দব জ্ঞানী জগতের সারতত্ত্বের অন্তর্গ ি লাভ করিয়াছেন, তাঁহারা উহাকে বাহুদেব নামে অভিহিত করেন। ⁹ বাস্থদেব চিরকাল বিশ্বাতীত, আবার চিরকাল বিশ্বে অমুস্যত। যদিও তিনি দদাই এক ও অদ্বিতীয়, তথাপি তিনি দর্বদাই 'পুরুষ', 'প্রকৃতি', 'ব্যক্ত' ও 'কাল'রূপে নিজেকে প্রকাশ করেন। এথানে পুরুষ বলিতে বিশ্বাত্মা ও জীবাত্মা তুইই বুঝায়, প্রধান বা প্রকৃতি বলিতে সেই অব্যক্ত মূল শক্তি বুঝায়, যাহা সকল প্রকার ভেদযুক্ত স্ক্ষ্ম ও স্থূল ব্যক্ত বস্তুর মূল উপাদান-কারণ এবং ব্যক্ত শব্দের অর্থ ভেদযুক্ত ব্যক্ত বস্তুর জগং। বিষ্ণুর মূল স্বরূপ (বিষ্ণোঃ পর্মং পদম্) সর্বদাই বিশ্বাতীত। পুরুষ, প্রধান, ব্যক্ত ও কালরূপ তাঁহার যে বিভিন্ন প্রকাশ আছে, তাহা দারা তাঁহার এই বিশাতীত স্বরূপ ব্যাহত হয় না। কিন্তু তাই বলিয়া বিষ্ণুর এই বিভিন্ন আত্মপ্রকাণ অ-দং নহে। যে দব পরিচ্ছিন্ন কার্যবস্ভাবা জগং গঠিত, তাহদের উৎপত্তি, স্থব্যবস্থিত ক্রিয়া, প্রণালীবদ্ধ পরিবর্তন, বিকাশ ও ধ্বংসের কারণ হইতেছে বিফুর এই রূপচতুষ্টয়। বিফুর এই সকল বিভিন্নরূপে আত্মপ্রকাশের সঙ্গে ক্রীড়ারত বালকের স্বাধীন উদ্দেশ্যবিহীন ও আনন্দপূর্ণ গতি বা আত্মপ্রকাশের তুলনা করা যাইতে পারে। ইহাই লীলাবাদ বলিয়া কথিত হয় এবং ইহা সমূদয় পুরাণ কর্তৃক গৃহীত হইয়াছে। তাহার পর পরাশর সাংখ্যদর্শনের প্রণালী অবলম্বন করিয়া জগতের অভিব্যক্তি বা ক্রমবিকাশ এবং কালে ইহার বিলোপ কি ভাবে হয়, তাহা দেখাইয়াছেন। এইভাবে, তিনি এই স্থবিশ্বস্ত জগতের ব্যাখ্যা দিতে গিয়া বেদাস্তের অবৈতবাদের সহিত সাংখ্যের বৈতবাদ যুক্ত করিয়াছেন। পরাশ্রের মতবাদ প্রাচীন সাংখ্য-মতবাদ হইতে পুথক। কারণ তিনি কালকে জগতের অভিব্যক্তি ও বিলয়ের একটি শক্তিয় কারণ বলিয়া গ্রহণ করার প্রয়োজ্ঞনীয়তা স্বীকার করিয়াছেন।

মৈত্রেয় এই জটিল প্রশ্নটি উথাপন করিয়াছেন— নিগুণ-এর পক্ষে কি করিয়া সগুণ হওয়া সম্ভবপর, অর্থাং কিভাবে ইহা ধারণা করা যায় যে, অসীম, অনস্ক, নিগুণ, অপরিণামী, নিজ্ঞিয় ও শুদ্ধ চেতন ব্রহ্ম এই জড় জগতের সক্রিয় স্রষ্টা, শাসক ও ধ্বংস্কর্ডা হন অথবা অসংখ্যশ্রেণীর সসীম, পরিবর্তনশীল ও সাপেক্ষ পদার্থ- সমূহের মধ্যে নিজেকে প্রকাশ করেন? এই প্রশ্নষ্ট বৈদান্তিকদিগকে বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত করিয়াছে। পরাশর এই ক্ষেত্রে কোন বিশেষ বেদান্ত সম্প্রদায়ের পক্ষ গ্রহণ করেন নাই, কারণ তাঁহার মতে এই প্রশ্নের উত্তর মহন্তর্ক্তরে বাহিরে। দিধাহীনভাবে তিনি উত্তর দিয়াছেন যে, যাহা স্থণ্ড পরোক্ষজ্ঞানে যুক্তির দৃষ্টিতে অসম্ভব বলিয়া মনে হয়, তাহা পরম আত্মার স্বরূপনিষ্ঠ অনির্বচনীয় বিচিত্র শক্তির প্রভাবেই সম্ভবপর হয়³, তাঁহার উক্তির অন্তর্নিহিত যুক্তিটি এইরূপ: বস্তুর অন্তর্নিহিত শক্তিসকল সর্বদাই রহস্তপূর্ণ বা ত্রুরের্য়। এই শক্তিগুলিকে কেবলমাত্র সাক্ষাং অহন্তুতি দারা জানা যাইতে পারে, অথবা উৎপন্ন কার্য দেখিয়া কল্পনা করা যাইতে পারে —কার্যের উল্লেখ ভিন্ন এই শক্তি সম্বন্ধে কোন প্রকার ধারণা করাই সম্ভবপর নহে। চরম সং ব্রন্ধকেও এইরূপ একটি অসাধারণ শক্তির আধার বলিয়া মনে করিতে হইবে, যাহা তাহার বিশ্বাতীত স্বরূপ কিছুমাত্র ব্যাহত না করিয়া এই সকল কার্যবন্ধর স্বষ্টি, স্থিতি, পরিচালনা ও ধ্বংস সংস্বাধন করিতে পারে।

এই বিচিত্র শক্তির জন্মই পরাশরের মতে ব্রহ্ম সদাই অন্তিথবান্ ও জায়মান (অন্তি-জায়তে), এক হইয়াও বহু (একানেক), অব্যক্ত ও ব্যক্ত (ব্যক্তাব্যক্ত), নিগুণ ও অসংখ্য বিভূতিযুক্ত (নিগুণানস্তগুণ) নিক্ছিয় ও সতত ক্রিয়াশীল (নিষ্-ক্রিয়-সতত-ক্রিয়), প্রভৃতি। চরম সং এর এই অনন্যসাধারণ শক্তি মায়া-শক্তি বলিয়া কথিত হইয়া থাকে। যেহেতু মায়ার ব্রহ্মাতিরিক্ত কোন স্বতম্ব অন্তিথ্ব নাই, স্তরাং কোন অবস্থায়ই ব্রহ্মের অহৈত স্বভাব ব্যাহত হয় না। কিন্তু ব্রহ্ম হইতে অভিন্ন হইলেও, মায়া ব্রহ্মের অহম্পম শক্তি বলিয়া, উহা ছারা বিশ্বের পর্যাপ্তা দেওয়া যায়। ইহাই সদ্বন্ধ সম্বদ্ধে পুরাণগুলির মোটামৃটি ধারণা।

জগতের ঈশ্বনির্মিত শৃঙ্খলা সম্পর্কে সত্য-সন্ধানীর অধিক হইতে অধিকতর জ্ঞানলাভের আকাক্ষা চরিতার্থ করিবার জন্ম পরাশর নিম্নোক্ত বিষয়গুলির পৌরাণিক মতাহুদারে বিস্তৃত ব্যাপ্যা দিয়াছেন: জড় প্রকৃতির ক্রমবিস্তৃতি ও বৈচিত্র্য সম্পাদন; বিভিন্ন শ্রেণীর মহন্ত্রেতর প্রাণীর ক্রমবিকাশ; মহন্যজাতির উন্নতি; মানবজাতির বিভিন্ন গোষ্ঠাতে বৌদ্ধিক, নৈতিক, সামাজিক ও আধ্যাত্মিক সংস্কৃতির প্রসার; জগতে পর্যায়ক্রমে আহ্বরিক ও দৈবশক্তির উত্থান ও পতন; জগতের স্পৃত্ধল ব্যবস্থায় নৈতিক নিয়মের অর্থাৎ কর্মফলের রাজত্ব; মহন্যসমাজে অসাধারণ ব্যক্তিগণের (অসাধারণ গুণসম্পন্ন সাধু, জ্ঞানী ও বীরপুক্ষপণের) নৈমিত্তিক আবির্ভাব, অর্থাৎ কর্গতের সক্ষত্রালে দৈবশক্তি, জ্ঞান ও প্রেমের বিশেষ প্রকাশ, ইত্যাদি। এই সকল আলোচনা একটি মূল সত্যকে কেন্দ্র করিয়া করা হইয়াছে এবং

বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ: ভাগবতের দর্শন

বার বার এই সত্যের উপর বিশেষ জাের দেওয়া হইয়াছে। এই সত্যটি হইতেছে এই যে, বিশের সর্ব নৈসর্গিক, ঐতিহাসিক, সাংস্কৃতিক, নৈতিক ও আধ্যাত্মিক কার্যপ্রবাহের প্রারম্ভে, প্রত্যেক ধাপে ও অস্তে পরমাত্মা বিরাজমান। বহু মনারপ্রক উপাথ্যানের উদাহরণ হারা ইহা প্রমাণ করিবার চেটা করা হইয়াছে যে, ঈশরের ব্যবস্থায়, জগতে প্রাকৃতিক নিয়ম অপেকা নৈতিক নিয়ম উচ্চতর এবং নৈতিক বিধি অপেকাও প্রেম ও করুণা উচ্চতর। ঈশরের অবতারগণের বা বিভৃতিদের মধ্যে কৃষ্ণকে নরদেহে পরমাত্মার পরিপূর্ণ আত্মপ্রকাশ বলিয়া বর্ণনা করা হইয়াছে। স্কতরাং তাঁহার জীবনী থুব বিভৃতভাবে বর্ণিত হইয়াছে। ১০

ইহাই সংক্ষেপে বিষ্ণুপুরাণের দার্শনিক মত; এবং ইহাকে সাধারণভাবে ষে-কোন পুরাণের আধ্যাত্মিক দৃষ্টিভঙ্গীর প্রতিনিধিস্থানীয় বলিয়া মনে করা ঘাইতে পারে।

৩। ভাগৰতের দর্শন

ভাগবতের তাবিক দৃষ্টিভঙ্গী বিষ্ণুপুরাণের দৃষ্টিভঙ্গীর সহিত এক। ভাগবতে পরিষ্কার বলা হইয়াছে যে, "চরম তত্ব হইতেছে এক, অনস্ত ও অবৈত চিংস্বরূপ (জ্ঞানম্ অব্য়ম্) এবং ইহা সেই একই চরম তত্ব যাহা ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ বলিয়া কথিত যইয়া থাকে।"'' বিষ্ণুপুরাণের ছ্যায় ভাগবতও পরমাত্মার নিশুণ ও দগুণ এই উভয় স্বরূপই স্বীকার করে। একটি বিখ্যাত শ্লোকে, ভগবান্ তাঁহার স্বরূপ ব্রহ্মার নিকট এইভাবে প্রকাশ করিয়াছেন, "স্বৃষ্টির আদিতে (বিশ্বে আমার আত্মপ্রকাশের পূর্বে) আমি আমার মধ্যে একাই ছিলাম, এবং আমার অতিরিক্ত অব্যক্ত বা ব্যক্ত অন্থ কিছুই ছিল না। এই বিচিত্র জগৎস্টির পরেও একমাত্র আমারই অন্তিব্ব আছে, (কারণ এই দকল আমারই আত্মপ্রকাশ, আমি হইতে ভিন্ন কোন কিছুর স্বতন্ত্র অন্তিব্ব নাই)। আবার এই দকল বৈচিত্র্যের ধ্বংসের পরেও একমাত্র আমিই বর্তমান থাকিব। (কারণ আমার কালিক আত্মপ্রকাশসকল কালক্রমে আমাতেই বিলীন হইবে)।"''

তিনি তাঁহার সর্বাতীত নিশু ণিরূপে ব্রদ্ধ বলিয়া অভিহিত; আবার নিথিল বিশ্বের শ্রষ্টা, রক্ষক, পরিচালক ও ক্রিয়াশীল আতারূপে তিনি প্রমাত্মা বলিয়া অভিহিত হইয়া থাকেন; কিন্তু যথন তাঁহাকে তাঁহার সর্ব ঐশ্ব্যয় ক্ষমতা ও বিভূতির সহিত ভাবা হয়, তথন তিনি ভগবান্ বলিয়া কথিত হইয়া থাকেন। ভগবান্ রূপে

তিনি সর্বমানবের প্রশংসা, শ্রদ্ধা, ভক্তি, ধ্যান ও প্রেম লাভ করিবার যোগ্য। ভগবানের স্থবিক্তন্ত বিশ্বে মাহ্র্য তাঁহারই সসীম আত্মপ্রকাশ, এবং অক্সান্ত জীবের তুলনায় সে নিজের নিয়ামক, স্থ-চেতনাযুক্ত ও বৃদ্ধিমান্। ভগবানের আত্মপ্রকাশ-গুলির বিবিধ স্তরে তাঁহার যে বিভিন্ন ঐশ্ব্যমূহ অভিব্যক্ত হইয়াছে, সেই সব ঐশ্ব্যের মহিমা-কীর্তনে ভাগবতের বিশেষ অভিক্রচি লক্ষিত হয়। তাঁহার ধারণাতীত শক্তি, জ্ঞান ও ঐশ্ব্য এই জগৎসভ্যাতের শৃধ্বলা, সঙ্গতি ও জটিলতার মধ্যে প্রকাশিত হয় বটে, কিন্তু তাঁহার প্রেম ও অন্তক্ষ্পা, সৌন্দর্য ও মাধ্র্য প্রভৃতি উচ্চতর আধ্যাত্মিক গুণ সকল তাঁহার আত্মপ্রকাশের উচ্চতর স্তরগুলির মধ্যেই প্রকাশিত হয়, এবং তাঁহার সর্বোচ্চ গুণসকল তাঁহার সর্বোচ্চ স্তরের ভক্তদের মধ্যে অভিব্যক্ত হয়।

ভগবানের পরিপূর্ণ স্বভাবে আপাতদৃষ্টিতে যে-সব যৌক্তিক বিরোধ প্রতীয়-মান হয়, সেগুলি অপনোদন করার জন্ম ভাগবত বিষ্ণুপুরাণের অফুসরণ করিয়া ভগবানের মায়াশক্তির আশ্রয় গ্রহণ করিয়াছে। (সেয়ম্ ভগবতো মায়া যন্ন্যায়েন বিরুধ্যতে)। ১৩

সাংখ্যের মত এই যে, জগং প্রকৃতি হইতে অভিবাক্ত এবং প্রকৃতিতেই লীন হয়।
কিন্তু ভাগবতের মতে ভগবানই দকল বৈচিত্রোর নিমিত্ত ও উপাদান-কারণ। তথাপি,
বিফুপুরাণের গ্রায়, ভাগবতও এই নিজস্ব মতের দহিত উক্ত সাংখ্যমতের সমন্বয় সাধন
করিয়াছে; প্রকৃতপক্ষে, এই সমন্বয়ের ব্যাপারে ভাগবত আরও এক ধাপ বেশি অগ্রদর
হইয়াছে। উহা যে শুধু সাংখ্যদর্শনকে একটি যুক্তিসঙ্গত দেশুরবাদ বলিয়া ব্যাখ্যা
করিয়াছে, তাহা নহে, অধিকস্ক উহা কিশিলকে ভগবানের এক অবতার এবং
ভক্তিযোগের একজন শ্রেষ্ঠ আচার্য বলিয়াও স্বীকার করিয়াছে। বি স্তল্পায়ের
শক্তিবাদও ইহাতে সমন্বিত হইয়াছে। কর্মের অক্রপম শক্তির হওয়ায়, শৈব সম্প্রদম
শক্তির অধীন এবং উহারই কাজ করিবার একটি প্রণালী মাত্র।

ভাগবতের দর্শনে সর্বাপেক। উল্লেখযোগ্য বিষয় এই যে, ইহাতে পুরাণসমূহের ঐশবিক লীলাবাদের সহিত (অর্থাং প্রপঞ্চ পরমাত্মার ক্রীড়াত্মক আত্মপ্রকাশ, এই মতের সহিত) বেদাস্ত দর্শনের মায়াবাদ, সাংখ্যের প্রকৃতিবাদ, শৈবসম্প্রদায়ের শক্তিবাদ এবং মীমাংসা ও অন্তান্ত সম্প্রদায়ের কর্মবাদের সমন্বয়সাধনের জন্ত একটি সাতিশয় কলাকুশল প্রযম্ভ করা হইয়াছে। লীলার ধারণা সমন্ত গ্রন্থখনির মধ্যে বহু দৃষ্টাস্তসহ বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। এই ধারণা বিশ্বের বস্থনিচয় সম্বন্ধে মানুষ্বের দৃষ্টিভঙ্গীর এক আমুল পরিবর্তন সাধন করে। পরমার্থতঃ, এই বিশ্ব কোন

বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ: ভাগবতের দর্শন

মূল জড় শক্তির স্বাভাবিক ক্রমবিকাশ নহে, কিংবা কোন নিজিয় সচিৎ তত্ত্বের অনির্বাচ্য মায়াজনিত প্রস্তিবির্তনও নহে, অথবা কোন সক্রিয় পুরুষের উদ্দেশ বা ইচ্ছার, কিংবা তাহার স্বেচ্ছারুত কার্য বা অনিচ্ছারুত ক্রিয়ার ফল নহে, অথবা জীবাত্মাসকলের কর্মফলপ্রস্ত নহে। ভাগবতের মতে, ক্রীড়ার উপমাই জগতের সহিত ভগবানের কার্যকারণ সম্বন্ধ ব্রিবার প্রেষ্ঠ উপায়। ক্রীড়া বা খেলা যথন কোন উদ্দেশ বা বাধ্যবাধকতা দ্বারা কল্বিত না হয়, তথন উহা ক্রীড়কের নিজ পূর্ণতা, আনন্দ ও মাধুর্যের আভ্যন্তরিক প্রেরণাত্মক চেতনার স্বতঃফুর্ত আত্মপ্রকাশ। ক্রীড়ার ধারণাহারাই প্রমাত্মার অনুপম শক্তি মায়ার ধারণার স্বর্গাল্যার অধিক নিকটে পৌছান যায়। সমস্ত বিশ্ব-স্প্রেই প্রমাত্মার লীলা (দৈবলীলা)—উহা হইতেছে দেশকালাবচ্ছিন্ন জগতে প্রমাত্মার দেশ-কালাতীত প্রিপূর্ণ আত্মন্তৃপ্রির স্বাধীন ও অহৈতৃক আত্মপ্রকাশ।

যদি লীলাবাদের এই দৃষ্টিভঙ্গী পরিপূর্ণভাবে উপলব্ধি করা যায়, ভাহা হইলে এই প্রতীয়মান জগং তাহার দর্ব বৈচিত্রাদহ একটি স্থন্দর ও চমংকার শিল্পসৃষ্টি বলিয়া প্রতিভাত হয়। তথন বুঝিতে পারা যায় যে জগং ভগবংস্বরূপের পরিপূর্ণ সৌন্দর্য, বৈভব ও আনন্দের মূর্তরূপ। উপনিষদের শ্লুষি বলিয়াছেন, এক্ষ হইতেছে দত্য, জ্ঞান, মঙ্গল, দৌন্দর্য ও আনন্দ। স্থতরাং এই জগতের দব কিছুই দত্য ও জ্ঞান, মঙ্গল ও দৌন্দর্য, পরিপূর্ণতা ও আনন্দের মুক্ত উদ্দেশ্যবিহীন ক্রীড়াময় আত্মপ্রকাশ। যাহা অদীম ও অনন্ত তাহাই দর্বত্র দদীম ও ক্ষণস্থায়িরূপে ক্রীড়া করে। আমাদের থণ্ডবৃদ্ধিতে দে সকল ঘটনা অসত্য বা অজ্ঞতাপ্রস্থত, কু বা বিশ্রী, বন্ধন বা হুংথের কারণ বলিয়া প্রতিভাত হয়, দেই সকল ঘটনারও এই বিরাট শিল্পস্টিতে উপযুক্ত স্থান আছে, এবং এইগুলিও প্রণালীবদ্ধ সমগ্রের সৌন্দর্যস্পষ্টিতে সাহায্য করে, এবং এইগুলি পরমনিপুণ ক্রীড়কের স্বতঃফূর্ত আত্মাভিব্যক্তি। অজ্ঞান ও অসম্পূর্ণ জ্ঞান, আপাতপ্রতীয়মান কু-প্রবৃত্তি, প্রতিদ্বিতা, দ্বণা ও শত্রুত্ব মহয়সমাজে বিভামান। অত্যাচার ও হতাশা যথন প্রমাত্মার লীলাময় আত্মপ্রকাশরূপে বিবেচিত হয়, তথন উহারা নবরূপে প্রতিভাত হয়, যে জ্ঞানী ব্যক্তি দব কিছুকেই এখরিক লীলার দৃষ্টিভন্নী দিয়া দেখিতে শিক্ষা করিয়াছেন, তিনি জগতের বাস্তব ঘটনা দেখিয়া ভীত হন না, সংসার হইতে দূরে পলায়ন করিতে চান না, অথবা পরমাত্মার ভেদহীন অবৈতম্বরূপের মধ্যে নিজেকে হারাইয়া ফেলিয়া মৃত্তির সন্ধান করেন না। তিনি বিখের দর্বত্র পরমাত্মাকেই দেখিতে পান। সে কারণ তিনি যাহা আপাতদৃষ্টিতে কুংদিত ও ঘুণার্হ, তাহাকেও অদীম, অনস্ত পরম প্রেমাম্পদের লীলাময় প্রকাশ মনে

করিয়া ভালবাদেন, আলিঙ্গন করেন এবং সাহদের সহিত গ্রহণ করেন। তিনি তাঁহার নিজের মধ্যে, সর্ব মহন্য ও প্রাণীর মধ্যে এবং এই জগতের সকল বস্তু ও শক্তির মধ্যে পরমাত্মাকে দেখেন, ভালবাদেন এবং সেবা করেন।

লীলাবাদ অবতারবাদের সহিত ঘনিষ্ঠভাবে সম্বন্ধ; এবং ভাগবতে এই অবতারবাদের উপর বিশেষ জোর দেওয়া হইয়াছে। ' অবতারের শব্দায়্যায়ী অর্থ অবতরণ বা নামিয়া আসা। পরমাত্মা তাঁহার অপূর্ব শক্তি মায়ার সাহায্যে ক্রীড়াচ্ছলে পরম একত্বের ভূমি হইতে সাপেক্ষ বহুর ভূমিতে নামিয়া আদেন, অসীম ও অনস্তের ভূমি হইতে দেশ-কালের ভূমিতে, অ-বৈত অপরিণামী সং-চিং আনন্দের ভূমি হইতে এই বৈচিত্রাময় পরিবর্তনশীল, চেতনাচেতন অপূর্ণ বস্তুর জগতে অবতরণ করেন; কিন্তু কোন অবস্থাতেই ইহার বিশাতীত স্বন্ধপ নষ্ট হয় না। একদিকে তিনি বিশ্বের উর্পে অবস্থান করিয়া স্বীয় অবয়্মস্বরূপের পরিপূর্ণতা অনস্ত কাল ধরিয়া উপভোগ করেন। আবার অপরদিকে তিনি একই সময়ে তাঁহার বিশাতীত পরিপূর্ণতাকে দেশ ও কালে বিত্যমান সাপেক্ষ জগতে স্বাধীনভাবে প্রকাশ করেন এবং বিশ্বের দর্ব-সংশে উহাদের প্রকৃত আত্মান্ধপে প্রবিষ্ট হইয়া তিনি তাহাদের মধ্যে নিজ্বে অসীম মহিমা উপভোগ করেন।

পরমায়াই যে এই বিশ্ব ও বিশ্ববৈচিত্রের অধিষ্ঠান ও আত্মা, এই ধারণা উপনিষদের শ্বিষি এবং সকল যুগের সাধুসন্তদের আধ্যাত্মিক অফুভবে প্রকাশিত হইয়াছে। আর অবতারের ধারণা অর্থাং এই পরিবর্তনশীল সদীম সাপেক্ষ জগতে পরমাত্মার অবতরণের ধারণা উক্ত অধিষ্ঠানের ধারণার মধ্যেই অন্তনিহিত আছে। ভাগবতে উদাহরণের সাহায্যে এই অবতারের ধারণা বিন্তারিতভাবে ব্যাখ্যাত হইয়াছে। ভাগবতে বলা হইয়াছে যে, ভগবানের প্রথম অবতরণ হইতেছে তাঁহার পুরুষরপে আবির্ভাব; এই পুরুষ বিশ্বের আত্মা, অর্থাং সমগ্র জগতে অফুস্যুত পরমাত্মা। ও পুরুষাবতারকে নারায়ণের দহিত অভিন্ন মনে করা হইয়াছে। (আর নারায়ণ শক্টির অর্থও সকল নর বা পরিচ্ছিন্ন জীবের আত্মা এবং আশ্রম, অর্থাং বিশ্বায়া)। এবং ইহাও বলা হইয়াছে যে, তিনি বিভিন্ন অবতারগণের অক্ষয় বীজ ও আশ্রম্মন্তন। গ

এই দৃষ্টিভন্নীতে বিচার করিলে, জগতের বিভিন্ন ন্তরের জীবদিগকে, সাধারণ অর্থে, পরমতত্ত্বের অবতাব বলিয়া অভিহিত করা যায়, কিন্তু সচরাচর অবতার শক্ষটি বিশেষ অর্থেই ব্যবহৃত হয়। ইহা নিঃদন্দিগ্ধ ষে, বিশের সর্ব আপাতপরিচ্ছিন্ন জীব পরমাত্মারই আত্মপ্রকাশ এবং ইহাদিগকে পরমতত্ত্ব হুইতে ভিন্ন ও পৃথক্

বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ: ভাগবতের দর্শন

সত্তাবান বলিয়া দেখা অবিভা বা অজ্ঞান। ১৮ তথাপি ইহা সত্য যে পরমাত্মার মায়াশক্তি ইহাদিগকে পরমাত্মার সহিত বিভিন্ন প্রকারের সম্বন্ধযুক্ত করিয়া প্রদর্শন করে। এই সব আত্মপ্রকাশের অনেকগুলি এরূপ যে, উহাদের মধ্যে অমুস্মত বিশ্বাস্থার আধ্যাত্মিক স্বরূপ পূর্ণভাবে আরুত থাকে। ইহারা সম্পূর্ণ জড়বম্ব বা জড়শক্তি বলিয়া প্রতিভাত হয়। সর্বনিম্নন্তরের প্রাণিসকলের মধ্যেও পরমান্মার আধ্যান্মিক স্বরূপ খুবই অল্ল পরিমাণে অনাবৃত হয়। কারণ সেখানে উহা শুধু অচেতন প্রাণশক্তি-রূপে দেখা দেয়। উচ্চ হইতে উচ্চতর শুরের জীবগণের মধ্যে আত্মার আধ্যাত্মিক স্বরূপ ক্রমান্বয়ে অধিক অধিক অনাবৃত হয় এবং উচ্চ হইতে উচ্চতর স্তরের দচেতন ও আত্মনিয়ন্ত্রিত জীবন অভিব্যক্ত হয়। বিশ্বে ভগবানের যে দব আত্মপ্রকাশ আছে তাহাদের মধ্যে মামুষের ভিতর তাঁহার আধ্যাত্মিক স্বভাব সর্বাপেক্ষা অধিক প্রকাশিত হইয়াছে। মামুষের মধ্যে অক্তাক্ত প্রাণীদের তুলনায় কিয়ৎপরিমাণে চিন্তা, হৃদয়াবেগ ও ইচ্ছার স্বাধীনতা প্রকাশ পাইয়াছে এবং দদীম ও কালিক বস্তুর মধ্যে অদীম ও অনস্তকে, জড়ের মধ্যে আত্মাকে এবং এই বন্ধনের জগতে পরিপূর্ণ মুক্তির আনন্দকে উপলব্ধি করার সম্ভাবনা উৎপন্ন হইয়াছে। ভাগবতে মহুয়জন্মের বিশেষভাবে প্রশংসা করা হইয়াছে এবং মাত্র্যকে পর্বদিক দিয়া তাহার অসীম সম্ভাবনার বিষয়ে সচেতন করিবার চেষ্টা করা হইয়াছে। এমনকি, মহুয়জীবনকে দেব দেবী প্রভৃতি স্বর্গের জীবদের জীবন অপেক্ষাও শ্রেষ্ঠ বলিয়া প্রশংসা করা হইয়াছে।) মহুগুশ্রেণীর মধ্যে আবার শ্রেষ্ঠ সাধু ও জ্ঞানী, শ্রেষ্ঠ বীর ও লোকহিতৈষীদের। শ্রেষ্ঠ জ্ঞানী, ভক্ত, কর্মী ও প্রেমিকদের) অদামান্ত জীবনে এশরিক গুণগুলি দমধিক প্রকট হইয়াছে। এইগুলি পর্মাত্মার বিশেষ ঐশ্বর্য বা বিভূতির মূর্তরূপ বলিয়া কথিত হয়।^২° ভাগবত সত্যসন্ধানীদিগকে এই জগতে সর্বস্তরের বস্তুকেই শ্রদ্ধা করিতে শিক্ষা দেয়; কারণ এইগুলি পরমাত্মার প্রকাশ বা মূর্তরূপ। তথাপি ইহা প্রমাত্মার এমন কয়েকটি বিশেষ স্তরের প্রকাশের দিকে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করিবার চেষ্টা করে, যেগুলি মাঝে মাঝে এই জগতে বিশেষ কোন উদ্দেশ্য সিদ্ধির জন্ম, বিশেষতঃ মহুগ্যসমাজের জাগতিক মঙ্গল, এবং স্ট প্রাণীদের অধ্যাত্ম-উন্মেষের জন্ম (ভূতানাং ক্ষেমায় চ, ভবায় চ), এই জগতে আবিভূতি হইয়া থাকে। ১০ ভগবান সম্কটকালে নরদেহে, কিন্তু অসাধারণ দৈবশক্তিতে শক্তিমান হইয়া, এমন কোন কোন বিশেষ কার্য সম্পাদন করিবার জন্ত অবতরণ করেন. যাহাতে জগতের, বিশেষভাবে মহয়সমাজের প্রভৃত নৈতিক ও আধ্যাত্মিক উন্নতি দংসাধিত হয়—লোকের এইরূপ বিশাস। জগতে অতিমানবীয় কার্য সম্পাদনের

জন্ত, পরিচ্ছিন্ন আকারে ভগবানের এইসকল বিশেষ আবির্ভাবকেই বিশেষ অর্থে অবতার বলা হইয়া থাকে।

এখন প্রশ্ন করা যাইতে পারে, ভগবান বিনাশ্রমে শুধু স্বীয় ইচ্ছাদারা, অথবা বিশ্বের মূল সংগঠনের পরিবর্তন দারা তাঁহার যে উদ্দেশ্য সম্পাদন করিতে পারিতেন, সেই উদ্দেশ্য সম্পাদনের জন্ম তাঁহাকে নিম্নে আগমন এবং দেহ ধারণ করিতে হয় কেন? কিন্তু এই প্রশ্ন অবান্তর, কারণ ভগবান কোন কার্যসাধনের জন্ম এই পথ কি সেই পথ অবলম্বন করিবেন, এই ব্যাপারে তাঁহার কোন বাধ্যবাধকতা নাই। একই ধরনের অপর একটি নিক্ষল প্রশ্ন হইতেছে, জগতের ধরনটি যে রকম, ঠিক এরকম কেন, অথবা কেন সেই শাশ্বত বিশাতীত পর্মাত্মা এই দেশ, কাল ও সাপেক্ষতার স্তরে নামিয়া আদিলেন, এবং নিজেকে এক জটিল বিশ্বের ধারায় প্রকট করিলেন। এই সবই ভগবানের লীলা, তাঁহার নিত্য স্ব-রম্মাণ অধ্যাত্ম-স্বরূপের স্বতঃক্ত্র প্রকাশ। আমাদের কর্তব্য হইতেছে, বিশ্বে তাঁহার লীলাময় আত্মপ্রকাশের বিভিন্ন প্রকার সম্বন্ধে প্রশংসা, শ্রদ্ধা ও প্রেমের সহিত আলোচনা ও চিন্তা করা, তৎসম্বন্ধে অবান্তর ও নির্থক প্রশ্ন উথাপন করা নহে।

ভগবান তাঁহার অবতার-লীলার উদ্দেশ্য সম্পর্কে গীতায় যাহা বলিয়াছেন, তাহা গ্রহণ করিয়া ভাগবতে আরও বলা হইয়াছে যে, স্বীয় স্বষ্টজীবের প্রতি (বিশেষতঃ তাঁহার মানবর্মণী আত্মাভিব্যক্তির প্রতি) তাঁহার যে প্রেম ও করুণা, তাহাই তাঁহাকে নিম্নে অবতরণ এবং বিভিন্ন দেহ (বিশেষভাবে মানবীয় দেহ) ধারণ করায়। এই সকল বিভিন্ন রূপে তিনি এমন সব কার্য সম্পাদন করেন, যাহা সাধারণ লোকের মন ও হাদয় হরণ করে। এমনকি, এইগুলির বর্ণনা শুনিয়াও সাধারণ লোক তাঁহার প্রতি ভক্তিভাবাপন হয়। ২২ তাঁহার প্রতি কার্যে, তাঁহার সৌন্দর্য ও কল্যাণময়ত্ব, প্রেম ও করুণা, বিশুদ্ধি ও ক্রীড়াশীলতার প্রত্যক্ষপ্রকাশ বিল্মান। তিনি তাঁহার অবতারলীলায় ভক্তদিগের নিকট চাকুষ প্রমাণদারা প্রতিপাদন করেন যে, জীবের পক্ষে চৈতত্যের এমন এক উচ্চ অবস্থা লাভ করা সম্ভবপর, যাহাতে জীব একই সঙ্গে দেবতা ও মাহুষ হুইই হইতে পারে, যাহাতে স্বীয় অন্তরতম অভিজ্ঞতায় পরি-পূর্ণতার আনন্দ না হারাইয়াও পরিচ্ছিন্ন জীবরূপে মাহুষ কর্ম করিতে পারে, যাহাতে মামুষ এই জগতের সর্বপ্রকার জটিল ব্যাপারের সহিত সংযুক্ত থাকিয়াও একই সঙ্গে ইহাদের প্রতি অনাদক্তও থাকিতে পারে এবং দব কিছু মধুর ক্রীড়ারূপে উপভোগ করিতে পারে। পরমাত্মা স্বীয় অবতারগণকে অবলম্বন করিয়া নিজেকে মহুযুদ্ধণে পরিবর্তিত করেন এবং মামুষের মন ও জ্বদয়ের অতি সন্নিকটে আদেন। আর এইভাবে তিনি মাম্ব্যকে স্বীয় দিব্য স্বভাবের দিকে আকর্ষণ করিয়া তাহাকে দেবত্বে উন্নীত করিতে চাহেন। মহয়ত্ব ও দেবত্বের ব্যবধান অবতাররূপ সেতৃদ্বারা দ্বীভৃত হয়। মাম্ব্যের অধ্যাত্ম আকাজ্ফার চরিতার্থতা এইরূপ ঐশী লীলার সাহায্যে সহজ্ঞ হয়।

ভাগবতের মতে অবভারদের সংখ্যা অগণিত। যেমন, সহস্র সহস্র স্রোভিষনী কোন নিত্য পরিপূর্ণ ব্রদ হইতে বাহির হইয়া বিভিন্ন দিকে প্রবাহিত হয়, তদ্রপ সকল বন্ধর অনস্ত উৎস হরি হইতে অসংখ্য অবভার এই ধরায় অবভরণ করেন। ২০ ভাগবতে দেবত্ব-প্রকাশের ভারতম্যের ভিত্তিতে অবভারদিগের মধ্যে বিভিন্নতা স্বীকৃত হইয়াছে। যে অবভারগণের মধ্যে দেবত্ব উজ্জ্লভমভাবে প্রকাশিত, তাঁহাদিগকে পূর্ণাবভার আখ্যা দেওয়া হয়, যাঁহাদের মধ্যে এই দেবত্বের কোন কোন বিশেষ অংশ প্রকাশিত হয়, তাঁহাদিগকে অংশাবভার আখ্যা দেওয়া হইয়া থাকে, এবং যাঁহাদের মধ্যে দেবত্বের প্রকাশ অংশাবভার অপেক্ষাও কম, তাঁহাদিগকে কলাবভার বলা হইয়া থাকে ইভ্যাদি। ভাগবতে বেশ কিছু সংখ্যক অবভারের উল্লেখ আছে। অবভারের তালিকায় অক্যান্ত অবভারগণের সহিত নারদ, কপিল, দন্তাত্রেয়, পৃথ্ (একজ্বন আদর্শ নরপতি), ব্যাস, বৃদ্ধ ইহারাও অস্তর্ভু ত হইয়াছেন। অবভারদিগের মধ্যে কৃষ্ণকৈ স্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া মনে করা হইয়াছে এবং তিনি পরমাত্মা বলিয়াই অভিহিত হইয়াছেন (ভগবান্ স্বয়্ম্)। ২৪

ভাগবত গ্রন্থথানির সর্বত্রই পাঠকবর্গকে বিশ্বলীলায় বিভিন্ন স্তবের ঘটনাবলীতে প্রকাশিত পরমাত্মার বিভিন্ন মহিমান্বিত গুণ ও শক্তিসম্পর্কে জ্ঞানগর্ভ ও চিন্তাকর্থক ধারণা দেওয়ার চেষ্টা করা হইয়াছে: যথা, ভূতস্কৃষ্টি, প্রাণীদের বংশবৃদ্ধি, বিশ্বেশুন্ধালা সংরক্ষণ, বিভিন্ন জাতীয় প্রাণীর ক্রমোন্নতি, তায় ও স্থবিচারের ব্যবস্থা, মান্বেতিহাদের চক্রবং পরিবর্তন, ভক্ত ও ঈশরের অহুকম্পাপ্রার্থীদের জীবনী, বীর ও সাধ্-মহাপুক্ষদের জীবনী, প্রলম্বকালে জগতের পরমাত্মায় বিলয়, অধ্যাত্ম-জ্ঞানদারা সাংসারিক বন্ধন হইতে মৃক্তিলাভ প্রভৃতি। বিশেষ বিশেষ স্তবের ঘটনায় ঈশরের হরধিগয় মহিমা ও শক্তির বিশেষ বিশেষ অংশগুলি প্রদর্শিত হইয়া থাকে। যাহারা জ্ঞান, ভক্তি ও মৃক্তিলাভের জন্ত এবং হঃখপরিহারের জন্ত আন্তর্বিকতা ও ব্যগ্রতার সহিত চেষ্টা করে, শুধু তাহাদের জীবনেই সেই সর্বশ্রেষ্ঠ ক্রীড়ক নিজেকে প্রকৃত জ্ঞান, প্রেম ও মাধুর্ষ, শান্তি ও আনন্দের দাতারূপে এবং হঃখ ও বন্ধন হইতে ত্রাতারূপে নিজেকে প্রকাশ করেন; এবং শুধু এই প্রকৃতির লোকেদের অহুভবেই ভগবান্ নিজেকে অসীম কারুণিক, প্রেমিক, উদার, কল্যাণময় ও স্থন্মর বলিয়া ধরা দেন।

জ্ঞানী লোকেরা ভাগবতস্বভাবের এইসব নৈতিক, আধ্যাত্মিক ও সৌন্দর্ব্যঞ্জক শুণগুলিকে তাঁহার স্রষ্ট্র, পরিপালকত্ব ও সংহারকর্তৃত্ব অপেক্ষা উন্নত বলিয়া মনে করেন। তাই ভাগবতে ভাগবত-প্রকৃতির এই সকল উচ্চতর অভিব্যক্তি-সম্বন্ধে অধিকতর বিস্তৃত আলোচনা করা হইয়াছে।

ক্ষেত্র জীবনচরিত এই পুরাণথানির দর্বাপেক্ষা মূল্যবান অংশ, নব্বই অধ্যায় সংবলিত সমগ্র দশম স্কন্ধটি বিশেষভাবে ইহাতে নিয়োজিত হইয়াছে। বহু পাধুতুল্য দার্শনিক ভাগবতগ্রন্থের কেবলমাত্র এই অংশের উপর ভাষ্য রচনা করিয়াছেন। গ্রন্থে কৃষ্ণজীবনের যে বর্ণনা আছে তাহা কাব্যের দিক দিয়া যেমন চিন্তাকর্ষক, দর্শনের দিক দিয়া তেমনি জ্ঞানোন্মেষক। কৃষ্ণের জীবনচরিত আঁকিতে গিয়া ভাগবত কোন অসাধারণ মাম্বকে দেবতার রূপ দেয় নাই, কিন্তু পরমাত্মাকেই মাম্ব্যের রূপ দিয়াছে। কৃষ্ণ স্বয়ং সেই পরমাত্মা ভেগবান্ স্বয়ম্); এই ধারণা হইতে ইহার আরম্ভ। তাহার পর কিভাবে মাম্বরের ভিতর দেবত্যের স্থন্দর অভিব্যক্তি হইতে পারে, তাহা কৃষ্ণের লীলাময় সাংসারিক জীবনের নানা ঘটনার দৃষ্টান্ডদ্বারা প্রদর্শিত হইয়াছে। তিনি অতিস্বষ্ঠভাবে শিশু, বালক, কিশোর, যুবক, পুত্র, খেলার সাথী, আবেগপ্রবণ প্রেমিক, যোদ্ধা, আস্থরী শক্তির দমনকারী, বৈদিক দেবদেবীদের দর্প-হরণকারী, রাজনীতিবিদ, সমাজ ও ধর্মসংস্থারক, ও অন্য বহু প্রকার পাত্রের অভিনয় করিয়াছেন। তাঁহার অক্ষমতাগুলি স্থ-জনিত এবং যথন ইচ্ছা তথনই তিনি সেইগুলি অতিক্রম করিতেন। কৃষ্ণের জীবনে পরমাত্মার সা' সারিক ও সংসারাতীত এই উভয় রূপই দৃষ্টিগোচর হয়।

প্তনা মাতৃবেশে শিশুক্বফকে হত্যা করিতে আদিয়াছিল; কিন্তু কৃষ্ণ তাহার স্থাপান করিতে করিতে ক্রীড়াচ্ছলে তাহার প্রাণবায় শুষিয়া লইলেন। আবার তিনি মায়ের তাড়নায় ভীত হইয়া ম্থব্যাদান করিলে বিরাট বিশ্বস্টি তাঁহার ম্থগহ্বরে দেখা গিয়াছিল। বালক কৃষ্ণ ম্থের ক্ষ্মুত্র গহ্বরের মধ্যে অনস্ত দেশ ও তদস্তভূক্তি দর্বপদার্থ দেখাইয়াছিলেন। কিশোর কৃষ্ণ তাঁহার পিতাকে ইন্দ্রমক্ত নামক প্রাচীন ধর্মকৃত্যের বিক্রছে বিদ্রোহ করিতে প্ররোচিত করিয়াছিলেন। ইন্দ্র শান্তি প্রদান করিতে আদিলে কৃষ্ণ তাঁহার ক্ষ্মুত্র অঙ্গুলির অগ্রভাগে গোবর্ধন পর্বত তুলিয়া তাহা বৃন্দাবনের অধিবাদীদের মাথার উপর ছাতার মত ধরিয়া রাখিলেন এবং এই ভাবে তাহাদিগকে ইন্দ্রের রোষ হইতে রক্ষা করিলেন। মাধ্যাকর্ষণের নিয়ম তাঁহার লীলাময় ইচ্ছার নিকট হার মানিল এবং বেদের বিরাট দেবতা ইন্দ্র এই লীলাময় মহয়দেহধারী দেবতার নিকট মস্তক্ত নত করিলেন। অপর একদিন বৃন্দাবনের সরল বালক-বালিকাদের সহিত

বিষ্ণুপুরাণ ও ভাগবতপুরাণ: দ্রন্থবা

কীড়া করিবার সময়ে যথন দাবাগ্নি তাহাদের সকলকে পুডাইয়া ভন্মে পরিণত করিতে যাইতেছিল, তথন কৃষ্ণ দাবাগ্নিকেই গ্রাস করিয়াছিলেন। মাঝে মাঝে শক্তিশালী দৈত্যেরা তাঁহার থেলাধূলায় বিদ্ন স্বষ্টি করিত; তথন কৃষ্ণ তাহাদিগকে বিবিধ ক্রীড়াচ্ছলে হত্যা করিয়া সঙ্গীদের আনন্দ বৃদ্ধি করিতেন। কৃষ্ণের জীবনে যে সব অতিমানবীয় শক্তি ও চাতুর্য প্রদর্শিত হইয়াছে, সে সবই তাঁহার আনন্দময় ভাবের আত্মপ্রকাশ ও স্মধুর লীলার অন্ধ। যে বৃন্দাবনে তিনি তাঁহার শিশুল্লভ ও অতিমানবীয় ক্রীড়াসকল খেলিয়াছিলেন, তাহা একই সঙ্গে জড় ও অধ্যাত্মজগৎ বলিয়া বর্ণনা করা হইয়াছে।

বৃদ্দাবনের বালক-বালিকারা অতি উচ্চন্তরের প্রেমিক ভক্তরূপে বর্ণিত হইয়া থাকে। তাহারা রুফ্বের জন্ম জীবনধারণ করে, রুফ্বের জন্ম কর্ম করে, রুফ্বের সহিত অনস্ত মিলনের আকাজ্রা করে। রুফ্বের অতিমানবীয় বিশ্বব্যাপী শক্তি ও ক্রিয়ার দিকে তাহাদের লক্ষ্য ছিল না, কিন্তু তাহারা রুক্ষকে দৌন্দর্য, মাধুর্য ও প্রেমের নিত্য পূর্ণ মূর্ত রূপ বলিয়া মনে করিত। ভাগবতে দেখান হইয়াছে যে, এই সকল প্রেমিক ভক্তের সহিত আচরণে ভগবক্তরিত্রের স্বাপেক্ষা অধিক গৌরবময় গুণগুলি প্রকট হইয়াছে, এবং রুফ্বের প্রতি যে ধরনের প্রেম তাহারা অন্থূশীলন করিত, তাহার আধ্যাত্মিক মূল্য জীব-ব্রন্ধের অভেদ জ্ঞান দ্বারা মৃক্তিলাভ অপেক্ষাও বেশী। ভাগবতের মতে গাঢ়তম ঐকান্তিক প্রেম দ্বারা পরমাত্মার সহিত অনন্ত মিলনই মহুম্মজ্ঞানের চরম পুরুষার্থ। কেবলমাত্র মন ও হৃদয় নহে, কিন্তু সমস্ত ইন্দ্রিয়, এমন কি দেহের সর্ব অক্ষপ্রত্যক্ষ পর্যন্ত ইবরের জন্ম আবেগময় বিশুদ্ধপ্রেমে পরিপ্রত করিয়া দিতে হইবে; পরমাত্মার অদীম সৌন্দর্য কেবল সাধকের আন্তর চেতনায় নহে, কিন্তু তাহার সাংসারিক ও সংসারাতীত লীলার সর্ব বিচিত্র অভিব্যক্তির মধ্যেও অমুভব ও উপভোগ করিতে হইবে; এবং এইভাবে ভক্তের সমগ্র সন্তা আধ্যাত্মিক প্রেমপূর্ণ ও সৌন্দর্যময় করিয়া লইতে হইবে।

দ্ৰপ্তব্য

- ১। এনসাইক্লোপিডিয়া অব রিলিজিন অ্যাও এথিক, পুরাণের উপর প্রবন্ধ
- ২। হিন্টরি অব্ইণ্ডিয়ান লিটারেচার, পৃঃ ৫৪৫
- ৩। বিঞ্পুরাণ ১; ১; ৩৫

```
8 [
      विकृत्रांग > ; २ ; ১
 a 1
                ১ , ২ , ২-১৩ ঘত্র তত্র
 61
               3. 2: 30-33
  9 1
               5: 2: 32
 וש
               3: 2: 38-36
 9 1
               ১ , ৩ , ১-২
>01
22 1
      ভাগৰত ১,২,১১
22 1
               २.३.७२
106
               ७,१.२
186
               ७ , २६-२३
              3:3:35
1 26
              3.0.3-0
361
291
              ે. હૃ ૯
361
              ১,৩,৩৩
166
              33 . २० . 3२
              33, 2, 83
२०।
              5,5,50
521
२२ ।
              ১৽ . ৩০ . ৩৬
              ১,৩,২৬
२७ ।
               ১ . ७ . २৮
2,8 |
```

গ্রন্থবিবরণী

শ্রীধরের ভাষ্য সম্বলিত বিশূপুরাণ, বোম্বাই, উইল্সন কর্তৃক ইংরেজী ভাষায় অনুদিত, লগুন।
শ্রীধরের ভাষ্য সম্বলিত ভাগবত পুরাণ, বোম্বাই, বিজ্ঞানানন্দ কর্তৃক ইংরেজী ভাষায় অনুদিত।
এস বি এইচ, এলাহাবাদ; ফরাসী ভাষায় বার্ণফ্ কর্তৃক অনুদিত ও সম্পাদিত, প্যারিস।
দাশগুপ্ত, এস্ এন: হিস্টরি অফ্ ইণ্ডিয়ান ফিলসফি, তৃতীর পণ্ড।
উইন্টারনিজ—দি হিস্টরি অব্ ইণ্ডিয়ান লিটারেচার, ১ম গণ্ড।
এনসাইক্রোপিডিয়া অব রিলিজিন আব্ এথিজ, 'পুরাণ' প্রকরণ।

ভিতীয় শশ্নের পরম্পরাগত সম্প্রদায়সমূহ

*

চাৰ্বাক দৰ্শন (জড়বাদ)

লেথক : দক্ষিণারঞ্জন ভট্টাচার্য এমৃ. এ, কাব্যতীর্থ, শাস্ত্রী, পি এচ ডি (কলিকাতা) অধ্যাপক, কৃষ্ণনগৰ কলেজ, নদীয়া

জৈন দর্শন

লেথক: এ. চক্রবর্তী এম এ অবসবপ্রাপ্ত অধ্যক্ষ, গবর্ণমেন্ট কলেজ, কুম্ভকোণম্

বৌদ্ধ দর্শন

क। প্রাচীন বৌদ্ধ দর্শন

লেথক: হরিদাস ভট্টাচার্য এম. এ, বি. এল্, পি আর এস্, দর্শন-সাগব
দর্শনবিভাগের অবসবপ্রাপ্ত প্রধান অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়

খ। ভারতীয় বৌদ্ধ দর্শনের সম্প্রদায়সমূহের ঐতিহাসিক ভূমিকা

লেথক : বিধুশেথর ভট্টাচার্য, শাস্ত্রী, মহামহোপাধ্যায় অবসবপ্রাপ্ত প্রধান অধ্যাপক, কলিকাতা বিধ্ববিত্যালয়

গ। বৌদ্ধ ধর্মের দার্শনিক সম্প্রদায়সমূহ

লেথক : টি. আর. ভি মৃর্তি দর্শনেব অধ্যাপক, সিংহল বিশ্ববিতালয়, কলম্বো

গ্যায়-বৈশেষিক দর্শন

ক। প্রাচীন স্থায়-বৈশেষিক দর্শন

লেথক : সতীশচন্দ্র চট্টোপাধ্যায় এম. এ, পি এচ্ ডি, পি. আর. এস (কলিকাতা) লেকচারার, দর্শন বিভাগ, কলিকাতা বিশ্ববিচালয়

খ। পরবর্তী স্থায়-বৈশেষিক দর্শন

লেখক: পণ্ডিত বিভৃতিভূষণ ভট্টাচার্য, গ্রায়াচার্য সহকারী গ্রন্থাগারিক, গবর্ণমেন্ট সংস্কৃত কলেজ, বারাণসী

এবং

व्यत्रविक वस् वम. व

সাংখ্য-যোগ

লেথক: সাতকড়ি মুখোপাধ্যায়, এম. এ, পি এচ্. ডি সংস্কৃত-সাহিত্যের অধ্যাপক, কলিকাতা বিধবিতালয়

পূর্ব-মীমাংসা

লেখক: ভি এ রামস্বামী আয়ার, এম এ, বেদ-মীমাংসা-শিরোমণি, মীমাংসা-বিশারদ সংস্কৃত-সাহিত্যের অধ্যাপক, ত্রিবাঙ্কুর বিধবিত্যালয়, ত্রিবাক্রম্

বেদান্ত—অদৈতবাদ

ক। শঙ্কর

লেথক : অধ্যাপক এস্. রাধাকৃষ্ণন্ ভারতীয় রাজদূত, মক্ষো

খ। শঙ্করোত্তর অধৈতবাদ

লেখক: পি. টি. বাজু, এম এ, পি এচ্ ডি
দর্শনের অধ্যাপক, রাজস্থান বিধবিতালয়, যোধপুর

বেদান্ত — বৈষ্ণব (ঈশ্বরবাদী) সম্প্রদায় সমূহ

ক। রামানুজ (বিশিষ্টাদৈতবাদ)

লেথক : পি. এন. শ্রীনিবাদাচারী এম. এ দর্শনের অধ্যাপক (অবদরপ্রাপ্ত) পচয়িপ্পা কলেজ, মাজাজ

খ। মধ্ব (বৈত)

লেথক : এইচ্ এন্. রাঘবেন্দ্রাচার এম. এ দর্শনের সহকারী অধ্যাপক, মহারাজার কলেজ, মহীশুর

গ। নিম্বার্ক (দ্বৈতাদ্বৈত)

লেখিকা: রমা চৌধুরী এম. এ, ডি. ফিল্ (অক্সন)
দর্শনের অধ্যাপিকা, লেডী ব্রাবোর্ণ কলেজ, কলিকাতা

ঘ। বল্লভ (শুদ্ধাদ্বৈত)

লেখক: গোবিন্দলাল হরগোবিন্দ ভাট এম. এ রীডার, সংস্কৃত সাহিত্য, এম, এদ্ বিধবিতালয়, বরোদা

ঙ। চৈত্র (অচিন্ত্য-ভেদাভেদবাদ)

লেথক : স্থশীলকুমার মৈত্র এম. এ, পি এচ্. ডি (কলিকাতা)
দর্শনের অধ্যাপক, কলিকাতা বিশ্ববিভাগয়

শৈব ও শাক্ত সম্প্রদায়

ক। শৈব-সিদ্ধান্ত

लिथक: छि. এম्. शि মহাদেবন্

খ। কাশ্মার শৈব-দর্শন

লেথক: কে. সি. পাণ্ডে এম. এ, পি এচ্. ডি, ডি লিট্, এম্. ও. এল্, শাস্ত্রী রীডার, সংস্কৃত সাহিত্য, লক্ষ্ণৌ বিশ্ববিত্যালয়

গ। वीत्र स्मित-पर्मन

লেথক: শ্রী কুমারস্বামীজি, বি. এ অধ্যক্ষ, নব-কল্যাণ মঠ, ধারওয়ার (বোস্বাই)

ঘ। শাক্ত দর্শন

লেথক: গোপীনাথ কবিরাজ এম. এ, ডি. লিট্, মহামহোপাধ্যায় অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, গবর্ণমেন্ট সংস্কৃত কলেজ, বারাণ্সী

षष्ठेम भित्रद्राष्ट्रम

চাৰ্বাক দৰ্শন

প্রচনাঃ বাঁহাদের ধারণা ভারতবর্ষ কেবলমাত্র আধ্যাত্মিকতার পীঠস্থান, এই দেশের দহিত তাঁহাদের পরিচয় অসম্পূর্ণ। বর্তমান পৃথিবীতে বস্তুবাদ যেমন প্রবল ও সর্বাত্মক আকার ধারণ করিয়াছে, একদা ভারতভূমিতেও এই চিস্তাধারা সমভাবে পৃষ্টিলাভ করিয়াছিল। ভারতের চিস্তারাজ্যে যদিও আধ্যাত্মিকতার প্রভূত্ম অব্যাহত ছিল, তথাপি ইহাও শ্বরণীয় যে, এই সনাতনভূমিতে এমন সব চিস্তানায়কের আবির্ভাব সম্ভব হইয়াছিল বাহাদের মতামত ছিল প্রচলিত বিশ্বাস ও দর্শনাদির বিপরীতধর্মী। এই ভাবে এক পৃথক ধারার চিস্তাপদ্ধতির স্বষ্টি হয়, যাহা সাধারণভাবে চার্বাক দর্শন বিলয়া অভিহিত।

চার্বাক সম্প্রদায়ের মূল পুঁথিগুলি আজ আমাদের কাছে লুপ্তপ্রায়। তাঁহাদের মতামত বা উক্তিবিশেষের ভগ্নাংশ হিন্দু বৌদ্ধ বা জৈন শাস্ত্রাদির মধ্যে ইতন্ততঃ বিক্ষিপ্ত আকারে পাওগ্না যায়। বলিতে গেলে এই অবিশ্রস্ত উদ্ধৃতিগুলিই বর্তমানে চার্বাক দর্শনের পরিচয়-সম্বল।

বৃহস্পতি লৌক্য বা ঋথেদের ব্রহ্মণস্পতি দর্বপ্রথম বস্তুকে চরম সত্য বলিয়। ঘোষণা করেন। ভাবিলে ভুল হইবে না যে, ভারতীয় বস্থবাদ প্রাথমিক স্তরে সংশয়বাদ ও নেতিবাদের সহিত মিশ্র অবস্থায় ছিল। ইহার স্কুস্পাই আকার দেন বৃহস্পতি । ঋরেদে বৃহস্পতি 'গণপতি' বলিয়া অভিহিত—এক সাংগীতিক গোষ্ঠার অধিনায়ক—ক্বীনাং কবিঃ। চার্বাকরা ছিলেন বৃহস্পতির মতামুদারী। এই কারণে তাহা-দিগকে বার্হস্পত্য বা লোকায়তিক বিশেষণে উল্লেখ করা হয়। বৃহস্পতি আজ বিশ্বতির নেপথ্যে অদুশ্য। চার্বাকরা কিস্তু এখন ও আলোচনার বিষয়।

ভারতের ইতিহাসের প্রায় প্রত্যেকটি অধ্যায়ে চার্বাক মতবাদের প্রতিভূদের সন্ধান পাওয়া ধার্ম। রামায়ণের জাবালিমূনি ছিলেন বস্তবাদের আচার্ববিশেষ। রামের উদ্দেশে তাঁহার উপদেশাবলী চার্বাক মতবাদের সঙ্গে তুলনীয়। মর্ত্যভূমির অধীশর অপেকা উর্ধেতন কোন সন্তার অন্তিত্ব নাই—ভাষান্তরে ইহা চার্বাকের উক্তি। হরিবংশের রাজা বেণ এই মতবাদের সমর্থক ছিলেন। তিনি ছিলেন বেদবিরোধী। ব্যাস তাঁহাকে বিধ্নী আধ্যা দিয়াছেন। প্রাচীন বৌদ্ধ ও জৈন শাজ্মের মতে

অজিতকেশকম্বলী ছিলেন বৃদ্ধদেবের সম্পাম্য়িক। তাঁহার উপদেশাত্মক উক্তি-গুলির সঙ্গে চার্বাক সম্প্রদায়ের মতবাদের বিশেষ সাদৃশ্য দেখা যায়। অজিতের অমবর্তী পায়াসি গুরুর মতেরই প্রতিধ্বনি করিয়াছেন। পতঞ্চলির মহাভাগ হইতে জানা যায় যে, ভাগুরি ছিলেন চার্বাক-মতের একজন প্রখ্যাত উল্গাতা। শান্তিরক্ষিতের তত্ত্বশংগ্রহে উল্লিখিত পুরন্দর ছিলেন স্থশিক্ষিত চার্বাক সম্প্রদায়ের গোষ্ঠীভূক। প্রাত্যহিক জীবনে অপরিহার্য বলিয়া তিনি অনুমানকে সত্যজ্ঞানের মাধ্যম হিসাবে আংশিকভাবে স্বীকার করিয়াছিলেন। হরিভদ্রস্থরি-প্রণীত ষ্ডদর্শন-সমুচ্চয়ের টীকাকার গুণরত্ন বলেন, কোন কোন চার্বাক আকাশকেও ভূত হিসাবে স্বীকার করিয়া থাকেন, দদানন্দ তাঁহার অবৈতত্রন্ধদিদ্ধি গ্রন্থে উল্লেখ করিয়াছেন যে, ইন্দ্রিয়াত্মবাদ, প্রাণাত্মবাদ ও সর্বশেষ মনশৈচতক্সবাদের প্রবর্তন করেন চার্বাক সম্প্রদায়ের উত্তরস্থরিরা। প্রাচীন নান্তিক্যবাদের প্রবল শত্রু বৃদ্ধোত্তর যুগের আহ্বাণ্য সম্প্রদায়ের বিরোধিতার ফলে এই সকল নৃতন মতবাদ প্রবর্তনের প্রয়োজন হইয়াছিল। 'কামংত্রে'র লেখক বাৎস্থায়নও সম্ভবতঃ এই যুগেই প্রভাব বিস্তার করিয়াছিলেন। ধদিও তিনি নিজে বস্থবাদী ছিলেন না, তথাপি ইন্দ্রিয়োপভোগের বৈজ্ঞানিক প্রয়োগ-পদ্ধতি সম্পর্কে তাঁহার মতামত স্থানিক্ষিত চার্বাক সম্প্রদায়ের উপর দবিশেষ প্রভাব বিস্মার করিয়াছিল।

জ্ঞানতবঃ চার্বাকদের দার্শনিক চিন্তা তাঁহাদের বিশিষ্ট জ্ঞানতত্বের উপর ভিত্তি করিয়া দাঁড়াইয়া আছে। তাঁহাদের মতে প্রত্যক্ষ ব্যতীত সত্য জ্ঞানলাভের বিতীয় উপায় নাই। যাহা কিছু ইন্দ্রিয়গোচর তাহাই সত্য, যাহা কিছু প্রত্যক্ষের অতীত তাহাই সংশয়িত। ব্যাপ্তিজ্ঞান সাপেক্ষ বলিয়া অহ্মানকে তাঁহারা সত্যজ্ঞানের মাধ্যম বলিয়া স্বীকার করিতে রাজী নহেন। কারণ ব্যাপ্তিজ্ঞান প্রত্যক্ষগ্রাহ্ণ নয়। প্রত্যক্ষজ্ঞানের সাহাধ্যে আমরা এই পর্যন্ত বলিতে পারি যে, কোন এক বিশেষ 'ক' কোন এক বিশেষ 'থ'-এর সঙ্গে সম্পর্কিত। তাহা হইতে অপ্রত্যক্ষে উপনীত হইয়া কেমন করিয়া এইরপ একটি সিদ্ধান্ত নিশ্চিত করিয়া বলিতে পারি যে, সব 'ক'-এর সঙ্গে সব 'থ' সম্পর্কিত? এই ধরনের জ্ঞান এই কারণে প্রামাণিক বলিয়া স্বীকার্য নহে।

আপ্রবাক্যও নির্ভরযোগ্য নয়। কেন না আপ্রবাক্যের যাথার্থ্য অফুমানের সাহায্যে নিরূপিত হয়। পরস্ক প্রায়শই দেখা যায় যে, এই ধরনের আপ্রবাক্যগুলি যুক্তিবিবর্জিত ও স্বকপোলকল্পিত। এমন কি বেদাদিও নির্ভরযোগ্য নয়। বেদগুলি ঘার্থক অবান্তব ও পরস্পারবিরোধী উক্তিতে পরিপূর্ণ। একটি বিধিবাক্যে যে ক্রিয়া- পদ্ধতি বিহিত বলিয়া নির্দিষ্ট, অপর বিধিবাক্যে তাহাই নিন্দার্হ বলিয়া বর্ণিত। বৈদিক গ্রন্থগুলিতে যে সকল ফলশ্রুতির আশ্বাস দেওয়া আছে, তাহা কম্মিন্কালেও সার্থক হয় না।

কিন্তু অন্থানকে সর্বতোভাবে বর্জন করিলে প্রাত্যহিক জীবনে অচলাবস্থার সৃষ্টি হয়। এই কারণে স্থানিক্ষিত চার্বাকরা অন্থানকে জ্ঞানলাভের উপায় বলিয়া স্থাকার করিয়াছেন; তবে ইহার ক্ষেত্র পরিদৃশ্যমান বিষয়ের মধ্যে দীমাবদ্ধ করিয়া দিয়াছেন। তাঁহারা অন্থমানকে দিবিধভাগে ভাগ করিয়াছেন—অতীতসম্পর্কিত ও ভবিয়ৎনির্দেশক। তাঁহারা প্রথমোক্ত অন্থমান স্থীকার করিয়া দিতীয়োক্ত অন্থমান অগ্রাহ্ম করিয়াছেন। বলা বাহুল্য, যাহা কোনকালে প্রত্যক্ষগোচর নয় তাঁহারা এমন অন্থমানকে বর্জন করিয়াছেন। কাহারও কাহারও মতে লোক্যাত্রা নির্বাহের জ্ঞার্ণস্থাব্য জ্ঞান' স্থীকার করিয়া লইলেই মথেষ্ট। ধূম হইতে আমরা বহির সম্ভাবনা সম্বন্ধে অবহিত হইতে পারি, স্থনিশ্চিত হইতে পারি না। দৈনন্দিন জীবনে এই সম্ভাবনাই মথেষ্ট কার্যকরী।

কার্যকারণসম্বন্ধঃ চার্বাক্রপদ্বীর। ঘটনাবিশেষের অবশুজ্ঞাবী কার্যকারণিক সম্বন্ধে বিশাসী নহেন। তুইটি বিষয়ের প্রত্যক্ষণোচরতা হইতে ভাহাদের মধ্যে কার্যকারণিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয় না। আমরা তুইটি বিষয় দেখিতেছিঃ বহি ও ধুম। কি করিয়া বলা যায় বহিং ধূমের কারণ—অথবা ইহা কিরূপে নিশ্চিত করিয়া বলা যাইতে পারে যে আমাদের জন্মের পূর্বে ও মৃত্যুর পরেও ধূম থাকিলেই বহির অন্তিম্ব নিরুপাধিক ও অনিবার্যরূপে বর্তমান ছিল ও থাকিবে ? ব্যাপারটি অন্ত্যানের বিষয়; স্বতরাং অনিশ্চয়তাদোষে গ্রহণের যোগ্য নহে।

ঘটনাবিশেষের হেতুদম্পর্কে চার্বাকরা বলিয়া থাকেন যে দকল ঘটনাই স্বতঃফুর্ত বা আকস্মিক। কণ্টকের তীক্ষতা, পশুপক্ষীর প্রবৃত্তিবৈচিত্র্য, ইক্ষুর মধুরতা বা নিম্নের তিক্ততা—দকলই আকস্মিক পরিণাম বা স্বতই দস্তব হইয়াছে, ইহা ঈশ্বরনামক কোন অতীন্দ্রিয় দন্তার স্ষ্টি-কোশল নয়। এই বিপুলা পৃথী আকস্মিকভাবেই স্বন্ধ হইয়াছে। বস্তব মৌলিক উপাদানগুলির আকস্মিক সম্মেলনের ফলে ইহা উৎসারিত হইয়াছে। এই ধরনের ব্যাখ্যাকে বলা হইয়া থাকে ঘদ্চহাবাদ। মধ্যপন্থী চার্বাকরা স্বভাবকে পরিদৃশ্যমান বিষয়দকলের নিয়ামক বলিয়া মনে করেন, অতিপ্রাকৃত চেতন কোন সন্তাকে স্বকিছুর নিয়ন্তা বলিয়া ধারণা করা এইজ্ঞ অবান্তর। এই ধারণা-পদ্ধতিকে স্বভাববাদ বলা হয়।

ভড়: চার্বাকরা চারিটি উপাদানকে প্রাথমিক ও শাখত বলিয়া স্বীকার করেন,

ষথা: ক্ষিতি, অপ , তেজ ও মরুং। প্রশোপনিষদের ঋষি কবন্ধী কাত্যায়ন অহ্ রূপ মত পোষণ করিতেন। ব্যোম প্রত্যক্ষগোচর নহে বলিয়া প্রাচীন চার্বাকরা ইহাকে ভূত বলিয়া স্বীকার করেন নাই। জড় ও জীব সকল সন্তাই এই ভূতচতুষ্ট্য হইতে উদ্ভূত হইয়াছে। 'অসতঃ সদজায়ত'—বৃহস্পতির এই উক্তির নিহিতার্থ হইতেছে যে বস্তুই চরম সত্য। ঋরেদের পর্মেগ্রীর সংশয়াত্মক মতবাদ সম্ভবতঃ এই উক্তির ভিত্তিম্পলে বর্তমান।

চৈতন্ত চৈতন্ত মানবদেহের গুণবিশেষ। চৈতন্ত সেই সকল জড় পদার্থ হইতে উদ্ভূত যাহাদের আক্ষিক মিশ্রণে মান্নষের শারীরষদ্ধ গঠিত। চার্বাকরা মনোগঠন প্রক্রিয়াকে স্থরার উপমা দিয়া ব্যাখ্যা করিয়াছেন। স্থরা এমন কতকগুলি উপাদানের সংমিশ্রণে তৈয়ারী হয় পৃথগ্ভাবে যাহাদের নিজস্ব কোন মাদকতা-শক্তি নাই। মনোজগতের বিচিত্র অমুভূতির মাধ্যম আত্মা বলিয়া কোন আধ্যাত্মিক সন্তা নাই। দেহই আত্মা, 'আমি কৃশ' বা 'আমি সূল' প্রভূতি অভিব্যক্তির 'আমি' বলিতে নিশ্চয়ই দেহ ছাড়া অন্ত কোন কিছুকে ব্রায় না। দেহের বিনাশে চৈতন্ত লুপ্ত হয়, সঙ্গে সঙ্গেলভোগ, আত্মার জনাস্তরগ্রহণ ইত্যাদি অর্থহীন। জড় পদার্থ হইতে চৈতন্তের উৎপত্তি—এই মত বৃহদারণ্যক উপনিষদেও পাওয়া যায়। দেহাত্মবাদের অমুভূলে ইন্ধিত পাওয়া যায় ছান্দোগ্য উপনিষদের ইক্র-বিরোচন উপাধ্যানে।

চৈতন্তের কারণ অন্নদ্ধানে এই সম্প্রদায়ের পরবর্তী শিশুরো আরও তিনটি মতের প্রবর্তন করেন: ইন্দ্রিয়াত্মবাদ, প্রাণাত্মবাদ ও মনশ্চৈতন্ত্যবাদ। যদিও প্রাণ এবং মনকে দেহ হইতে পৃথক সম্ভা বলিয়া গণ্য করা হইয়াছে তথাপি ভাহাদের দেহ-নিরপেক্ষ স্বাধীন অন্তিত্ব স্বীকৃত হয় নাই।

ধর্ম: চার্বাকের জ্ঞানতত্ত্ব নৃতন বিশ্বাদের পথ প্রশস্ত করিয়াছে। ধর্ম গড়িয়া উঠিয়াছে অন্থ্যানসাপেক্ষ অতি-প্রাকৃত সন্তার উপর ভিত্তি করিয়া। অন্থ্যান অদিদ্ধ বিলয়া অতিপ্রাকৃত সন্তাও অদিদ্ধ। জগতের বিষয়-বৈচিত্র্য বস্তুনিচয়ের স্বভাবের তাড়নায় সংঘটিত হইতেছে; ঈশর বিলয়া অতিপ্রাকৃত কোন স্পষ্টকর্তার অন্তিত্ব নাই। সর্বশক্তিমান্ সর্বজ্ঞ ও দয়াময় ঈশর বিলয়া যদি কেহ থাকেন তিনি জ্ঞানার্থীদের সকল সংশয় দূর করিয়া নিজের অন্তিত্ব ঘোষণা করেন না কেন? ঈশরকে আমাদের স্কৃতি ও তৃষ্কৃতির বিচারকও বলা যায় না; তাহা হইলে তিনি পক্ষপাতিত্ব ও নিষ্ঠুরতা দোষে তৃত্তি হইয়া পড়েন। আমাদের পাপের জন্ম যদি ঈশ্বর আমাদের শান্তিবিধান করেন তবে তিনি আমাদের শত্রুবিশেষ। স্বত্তরাং নিষ্ঠুর ঈশ্বর থাকা অপেকা ঈশ্বর

না থাকাই ভাল। বস্তুতঃ বিশ্বজগতের স্প্টিকর্তা বা শাসনকর্তা রূপে ঈশ্বর বলিয়া কাহারও অন্তিত্ব নাই। রাজাই পর্মেশ্বর—রাজ্যের একমাত্র শাসক, সামাজিক হিতাহিতের নিয়ন্ত্রণকারী ও চূড়ান্ত বিচারক।

শোক: সনাতনপদ্বীরা মোক অর্থে সর্ববিধ জাগতিক সম্পর্ক হইতে আত্মার বন্ধনম্ভি অথবা 'হুংথেদহুদ্বিগ্রমনাঃ স্থথেষ্ বিগতস্পৃহং' এমন এক মানসিক অবস্থা বলিয়া মনে করেন। কিন্তু চার্বাকরা বান্তববাদী বলিয়া দেহাতীত আত্মার অন্তিত্বে অবিখাসী। মাহুদ্ব স্থথহুংথের অতীতাবস্থা আয়ন্ত করিতে পারে বলিয়াও তাঁহারা বিখাস করেন না। মোক বলিতে তাঁহারা ব্রেন স্বাধীনতা, অপ্রতিহত শক্তি অথবা দেহের বিলয়। তাঁহারা মনে করেন যে, খাহারা জনসাধারণের মনে অপ্রাক্ত সন্তায় বিখাস জন্মাইয়া নিজেদের জীবিকাসংস্থানের স্থোগ করিয়া থাকে স্বর্গ-নরক তাহাদেরই কল্পনা মাত্র। জাগতিক সীমার বাহিরে স্বর্গ-নরক বলিয়া কিছুর অন্তিত্ব নাই। স্থেই স্বর্গ, হুংথভোগই নরকবাস। স্বর্গলাভের প্রত্যাশায় ধর্মীয় ব্রতাদি অস্কুর্চান, দেবতাদের প্রদন্ধ করার প্রয়াস, তাঁহাদের সন্থোধ-বিধানের জন্ম প্রার্থনা বা উপচারের আয়োজন—সকলই অর্থহীন। মান্থবের একমাত্র লক্ষ্য হওয়া উচিত স্থথভোগ।

জীবনের লক্ষ্য: ভারতের আধ্যাত্মিক চিন্তা-নায়কদের এই অর্থে তৃংখবাদী বলা যায় যে, তাঁহার। স্বর্গ ও মোক্ষের পশ্চাতে ধাবমান এবং পার্থিব জীবনের তৃংখ-তুর্দশা হইতে অব্যাহতি পাইবার জন্ম সচেষ্ট। কিন্তু জড়বাদীরা সর্বদাই আশাবাদী। তাঁহারা জনংকে তৃংখময় বলিয়া মনে করেন না। তাঁহাদের মতে ইহ জগতে স্থই একমাত্র বন্তু যাহা সত্য এবং কাম্য, বৃদ্ধিমান মান্থবের একমাত্র পুরুষার্থ হইতেছে ইন্দ্রিয়-চরিতার্থতা অর্থাৎ স্থভাগ — কাম এবৈকঃ পুরুষার্থ?।

ইহ। সত্য যে হুর্জোগম্ক অবিমিশ্র স্থপ সম্ভব নয়। রাজার স্থরম্য প্রাসাদে ও দরিদ্রের পর্ণকুটারে সর্বত্তই হুংথ আছে। তথাপি আমাদের এই সাধের জগৎ হুংথের দারা আকীর্ণ নয়। স্থথের ভাগ হুংথ অপেকা অধিক, তাহা যদি না হইত তবে মাহ্য এমন একান্তিকভাবে বাঁচিতে চাহিত না, মৃত্যুর নামমাত্র শুনিয়া সশঙ্ক হইয়া উঠিত না। বৃদ্ধিমানের কাজ হইতেছে, যতটা পারা যায় স্থওভোগ করিয়া লওয়া এবং অনিবার্য হুংথ যথাসম্ভব বরণ করিয়া লওয়া। হুংথের ভয়ে স্থভোগের স্থযোগ অবহেলা করা মৃর্থতা। শল্ক ও কণ্টকের আশঙ্কায় কি আমরা মংশ্রতাহণে পরাল্প্য হইব, কণ্টকের ভয়ে ক্মলসংগ্রহে নির্ত্ত হইব, তৃষাদির জন্ম পৃষ্টিকর তণ্ডুল গ্রহণ করিব না ? হুংথে অশ্রুপাত করিব, এই জ্বাতে যেমন অভিভৃত হইবার মত মৃত্যুগোক বা রোগভোগ আছে,

তেমনি স্বথ-সহোদর শিশু পুত্রের হাস্যোজ্জন মৃথ আছে, ফ্লাদিনী কন্তার লাবণ্যছটা আছে। মনোরমা ভার্যার আগদ যদি মর্ত্যকে নন্দনলোকে পরিণত করিতে পারে তবে তাহার বিচ্ছেদ যে গভীর হুংথের কারণ হইবে, তাহা ত জানা কথা। এই জগতে যদি কোনগুরুপ স্নেহের বন্ধন নাও থাকে তব্ও হুংথের হাত হইতে পরিত্রাণ নাই, ইহজগতে যাহার আপনার জন বলিতে কেহ নাই তাহার হৃদয় নিরন্তর বেদনাময় ও মক্ত্মির মত বিশুষ।

আবার ইহাও ভাবিবার বিষয় যে স্থভোগ তথনই চরমে উঠে যথন তৃঃখের বৈপরীত্যে তাহার অন্থভব ঘটে। এই কারণে তুর্ভোগ দর্বথা মন্দ নয়। থাছাগ্রহণের আনন্দ ভালভাবে আস্থাদ করিতে হইলে স্থাজনিত কষ্টভোগ করা দরকার। তৃষ্ণার আর্তি যতই তীব্র হইবে শীতল জলপানের আনন্দ ততই বৃদ্ধি পাইবে। যথন স্থদীর্ঘ বিরহভোগের অবসানে প্রণয়িযুগল মিলিত হয় তথন একই ব্যাপার ঘটে। বিরামবিহীন স্থভোগ বিরক্তিকর। আজ যাহা রমণীয় বলিয়া প্রতীত হইতেছে ম্হুর্গ্ইঃ আস্থাদনে তাহাই বিরক্তিজনক হইয়া পড়ে। প্রতিদিনের ব্যবহারে স্থাছ থাছও অপ্রীতির কারণ হয়। স্বতরাং অবিরাম স্থেগর জন্ম কাতর হওয়া ম্র্থতা। এই জীবনে বাঁচিয়া থাকার সার্থকতা আছে। যতদিন আয় আছে স্থভোগের মধ্যে বাঁচিয়া থাকা সমীচীন। এমন কি 'ঋণং ক্বতা ঘৃতং পিবেং,' কেন না 'ভ্স্মীভৃতস্থ দেহস্থ পুনরাগমনং কুতঃ গু'

ধারণা হয়, এই সম্প্রদায়ের মতামতগুলি নিন্দক ও বিরোধী পক্ষের হস্তে পড়িয়া কিছুটা বিক্বত হইয়াছে। কথনও কথনও কতকগুলি অশোভন মতামত রহস্পতির স্বন্ধে আরোপিত হইয়াছে। অস্বাভাবিক মনে হয় এইজয়্ম যে, যে ব্যক্তি সমাজে গভীর শ্রন্ধার আদনে প্রতিষ্ঠিত তিনি কি করিয়া উচ্ছ্মলত। ও অসামাজিক ক্রিয়াকলাপে উৎসাহ দান করেন! বহস্পতির স্থানিক্ষিত শিয়েরা বলাৎকারের প্রবল বিরোধিতা করিয়াছেন। সামাজিক শৃষ্খলার আবশ্রকতা সম্পর্কে তাঁহারা সর্বদাই অবহিত ছিলেন। বহস্পতিকে গণপতি আব্যাদান, এই চিস্তাধারাকে লোকায়ত নামকরণ এবং 'লোকসিদ্ধো ভবেৎ রাজা'র মত অম্প্রাদন-বাক্যে এই ধারণার অমুক্লে প্রমাণ পাওয়া য়ায়।

চার্বাকেরা মানসিক সাম্যের পক্ষপাতিত্ব করিয়াছেন। ব্রাহ্মণ-চণ্ডাল-নির্বিশেষে সকলের ধমনীতে যথন একই লোহিত রক্ত প্রবাহিত তথন তাঁহাদের মতে জীবনের প্রমূলোভ্য স্থথভোগের স্থোগে সকলেরই সমানাধিকার।

এপিকিউরাস আারিষ্টিপ্লানের দহিত তুলনাঃ লক্ষ্য করিবার বিষয় এই যে, এপিকিউরীয় দর্শনের দহিত চার্বাক চিস্তাপদ্ধতির ঘনিষ্ঠ সাদৃশ্য বর্তমান। উভয় দর্শনই দেহ ও

চাৰ্বাক দৰ্শন

আত্মাকে অভিন্ন সত্তা বলিয়া মনে করে। এপিকিউরাসের মতে আত্মা হইতেছে একপ্রকার শারীর বস্ত — চারিটি মৃল পদার্থের পরমাণু-সংমিশ্রণে গঠিত হইয়া সমগ্র দেহ-সংস্থায় পরিব্যাপ্ত হইয়া আছে। তবে হৃদয়ের অংশে ইহা অধিকতর ঘনীভূত। চার্বাকরা প্রায় একই কথা বলিয়া থাকেন—ক্ষিতি, অপ্, তেজ ও মরুৎ এই ভূতচতুইয়ের পরমাণুর সংমিশ্রণে মন্ম্যুশরীর গঠিত এবং তাহা হইতেই চৈতত্তের উৎপত্তি হয় অথবা তাহারাই চৈতত্তে পরিণত হয়।

এপিকিউরীয় সম্প্রদায় চার্বাকদের সহিত সমন্বরে বলিয়া থাকেন যে, সর্ববিধ মানসিক স্থথ শারীরিক ইন্দ্রিয়াদির সহিত সম্পর্কিত ও তাহা হইতে উৎসারিত। জীবনের লক্ষ্যসম্বন্ধে ত্ইটি সম্প্রদায়ের বহুলাংশে ঐকমত্য লক্ষ্ণীয়। এপিকিউরাসের মতে আমাদের যাবতীয় ক্রিয়া-কর্মের মূলীভূত উদ্দেশ্য: স্থথলাভ ও তু:থ-পরিহার। তু:থকে পরিহার করিতে হইবে স্থথকে অন্বেষণ করিতে হইবে—অগ্নি যেমন উষ্ণ ও বরফ যেমন শীতল ইহাও সেইরূপ সহজ সত্য। প্রত্যেক জীবই স্বভাবতঃ বা প্রবৃত্তির প্রেরণায় স্থথের অন্থসন্ধান করিতে ও যন্ত্রণা হইতে দূরে থাকিতে চেটা করে, যদি এইভাবে আমাদের সকল উৎসাহ, ইচ্ছা ও ক্রিয়া স্থথহুংথের সহিত সম্বন্ধযুক্ত হয় তাহা হইলে আমরা স্থথকেই পরম লভ্য ও তু:থকে চরম ত্যাজ্য বলিতে পারি। এই বিষয়ে চার্বাকরা একই কথা বলিয়া থাকেন—স্থই পরম পুরুষার্থ, তাহার বিপরীতই নরকবাস।

সাইরেনের অ্যারিষ্টিপ্নাদের সহিতও চার্বাক দর্শনের সৌসাদৃশ্য দৃষ্ট হয়। অ্যারিষ্টি-প্লাদের মতে জীবনের একমাত্র লক্ষ্য হইতেছে ব্যক্তিগত স্থথাঝাদন। ভবিগ্রৎ স্থথের আশায় বর্তমানের স্থযোগ কথনই অবহেলা করা উচিত নয়; কেন না ভবিগ্রৎ সর্বদাই অনিশ্চিত। বর্তমান আমাদের আয়ত্তে বলিয়া ইহার চূড়ান্ত সদ্যবহার করা উচিত। 'খাও দাও নৃত্য ক'রো মনের আনন্দে, আগামী কাল আমাদের অন্তিত্ব নাও থাকিতে পারে।' চার্বাকেরা একই মত পোষণ করেন, 'আজকের কপোত আগামী কালের ময়র অপেক্ষা মূল্যবান' "বর্মগুকপোতঃ খোময়্রাং"। "যাবৎ জীবেৎ স্থাং জীবেৎ, ঋণং কৃত্য যুতং পিবেৎ, ভন্মীভূতশ্য দেহশ্য পুনরাগমনং কৃতঃ ?" চার্বাক-মত্তের সহিত সমভাবাপন্ন ওমর গৈয়ামের একটি চরণও এইখানে উদ্ধৃত করা যাইতে পারে—

ঢালো স্থরা ভরি' পাত্র, সদানন্দ অহোরাত্র, যতকাল আছে এই দেহ;
কেন না এ প্রাণ-পাখী, উড়ে গেলে সব ফাঁকি, ফিরে হেথা আসে নাকো কেহ।
(ফিটজেরাল্ড-অফুসরণে)

উপদংহার: সাধীন চিন্তার স্রোতকে নিরুদ্ধ করিয়া যুগ যুগ ধরিয়া যে কুদংস্কারের আবর্জনা পুঞ্জীভূত হইয়াছিল, চার্বাক সম্প্রদায় তাহারই বিরুদ্ধে বিল্রোহের বস্থা আনিয়াছিলেন। ঈশ্বর-চিন্তা বা স্বর্গ-নরকের কল্পনার দ্বারা ব্যাহত না হইয়া এই চিন্তাধারা জীবনের মাধুর্যকে নিংশেষে আস্থাদন করিবার আহ্বান জানাইয়াছিল। দর্শনের ক্ষেত্রে চার্বাকদের বৈত্তিক কথা বা তত্ত্বোপপ্পববাদ অন্ত সম্প্রদায়ের চিন্তা-শীলদের সমস্থার কারণ হইয়া উঠিয়াছিল। ইহার ফলে তাঁহাদের চিন্তাপ্রণালী অধিকতর সংযত সতর্ক ও যুক্তিযুক্ত হইবার স্বযোগ পায়। ভারতের প্রত্যেক দার্শনিককে আপন মত প্রতিষ্ঠা করিবার পূর্বে তত্বোপপ্পববাদী চার্বাক সম্প্রদায়ের যুক্তি-গুলিকে থণ্ডন করিতে হইয়াছিল। কারণ উক্ত সম্প্রদায় প্রচলিত সকল তত্ব-প্রমাণেরই প্রামাণ্য-খণ্ডনে প্রয়াদ করিয়াছিল। এইভাবে দেখা যায় ভারতীয় দর্শনের উন্নয়নে এই সম্প্রদায়ের অবদান সত্যই মহৎ।

গ্রন্থবিবরণী

কৌটল্য—অর্থশাস্ত্র বৃহস্তি—এ ব্রুগ্রাল্ড বৃহস্তি—এ ক্ষেত্ অব্ ইন্ডিয়ান্ মেটিরিয়ালিজ্ম্ ডি শাস্ত্রী—চার্বাক-ষষ্টি, শার্ট হিন্টরি অব্ ইন্ডিয়ান্ মেটিরিয়ালিজ্ম্। গুণরত্ব— তর্করহস্ত-দীপিকা বাংস্থায়ন—কামস্ত্র হরিভদ্মরি—ষড় দর্শনসম্ভ্র মাধবাচার্য—সর্বদর্শনসংগ্রহ শান্তিরক্ষিত—তর্বসংগ্রহ

नवग भित्रद्राष्ट्रप

জৈন দর্শন

১। জৈন ইতিহাস

ভারতীয় অন্তান্ত দর্শনের ন্যায় জৈন দর্শনেও ধর্ম ও তত্ত্বের দিক বিজ্ঞান। উক্ত মতবাদে মূল ধর্মনীতি অহিংদা, এবং তাত্ত্বিক আদর্শ বা লক্ষ্য অনেকান্তবাদ—অর্থাৎ চরম সংকে বিভিন্ন দৃষ্টিভঙ্গীতে বিচার করা বা দেখা। অহিংদা বলিতে হিংদার অভাবরূপ কেবলমাত্র এক নেতিমূলক ধর্ম ব্যায় না। যে বিশ্বপ্রেম সর্বজীবের মধ্যে আত্মীয়তা-স্বীকৃতির ফল, ইহা সেই বিশ্বপ্রেমরূপ ভাবপদার্থের উপর প্রতিষ্ঠিত। যে ব্যক্তি এই আদর্শে অন্প্রাণিত হইয়াছে, দে অন্ত কাহারও তুংথে উদাদীন থাকিতে পারে না।

অহিংদার প্রাচীন্তাঃ বৈদিক সাহিত্যের ক্রমবিকাশ বা উন্নতির বিভিন্ন স্তরের নিরপেক্ষ আলোচনায় প্রতিভাত হয় যে, বেদে ছুইটি বিরোধী চিন্তাধারার বিকাশ সমান্তরালভাবে চলিয়াছিল। একটি ধারায় বিশেষভাবে অহিংদানীতির উপর জোর দেওয়া হইয়াছে ও অপরটিতে যাগ-যজ্ঞাদির উপর। ইহা বিশ্বয়কর যে, অধিকাংশ ক্ষেত্রেই ক্ষত্রিয়ের। বা রাজারা অহিংদা-নীতির সমর্থক ছিলেন এবং ব্রাহ্মণ প্রোহিতেরা বৈদিকক্রিয়াকাগুদি এমন কি পশুবলি প্রভৃতি সমর্থন করিতেন। প্রোহিতেসপ্রদায় ও রাজাদের মধ্যে এইরূপ বিরোধের কথা বিশ্বামিত্র ও বশিষ্ঠের মধ্যে সক্ষর্থের পৌরাণিক কাহিনী হইতে জানা যায়।

শ্বতের মতঃ প্রচলিত জৈন ঐতিহ্যান্থপারে চতুর্বিংশতি তীর্থক্ষরদিগের মধ্যে থাষভ ছিলেন দর্বপ্রথম। তিনি অহিংদা ধর্ম প্রথম প্রকাশ করিয়াছিলেন। দর্বশেষ তীর্থক্ষর ছিলেন মহাবীর। তিনি বৃদ্ধের সমদাময়িক মহাপুরুষদিগের মধ্যে বয়োজ্যেষ্ঠ ছিলেন। অধুনা ইহা স্বীকৃত হয় য়ে, জৈনধর্ম বৌদ্ধর্ম অপেক্ষা প্রাচীন; মহাবীর জৈনধর্মের প্রতিষ্ঠাত। ছিলেন না; তিনি ৫৯৯ খৃঃ পৃঃ হইতে ৫২৭ খৃঃ পৃঃ পর্যন্ত জীবিত ছিলেন। এবং তিনিও একজন ঐতিহাসিক ব্যক্তি। ঋষভ কর্তৃক প্রচারিত অহিংদা-মতবাদ সম্ভবতঃ আর্থদের ভারতবর্ষে আগমনের এবং তৎকালীন সভ্যতার পূর্বে প্রচলিত ছিল।

২। তত্তবিদ্যা

অনেকান্তবাদ: জৈন-দর্শনের মত এই যে অন্তান্ত সকল দর্শন একান্তবাদী, কিছ জৈন-দর্শন অনেকাস্তবাদী বলিয়া ঐগুলি হইতে সম্পূর্ণ পৃথক। জৈন-দর্শনে এইরূপ বল। হয় যে চরম সদ্বস্তুর স্বরূপ অতি জটিল এবং উহা সম্যগ্রূপে ব্ঝিতে হইলে বিভিন্ন দৃষ্টিভঙ্গীতে ইহাকে পরীক্ষা করা প্রয়োজন। এ কথা সত্য যে, কোন বিশেষ উদ্দেশ্যের জন্ম চরম সভার অন্যান্য দিক পরিত্যাগ করিয়া একটি বিশেষ দিকের প্রতি মনোযোগ সম্ভবপর। কোন উদ্দেশ্যের জন্ম সম্বন্ধর কোন একটি বিশেষ রূপকে উহার দমগ্র রূপ হইতে বিশ্লিষ্ট করিয়া বিচার করার একটা নিজম্ব মূল্য থাকিতে পারে, কিন্তু কোন অবস্থায় এই বিশেষ দৃষ্টিভঙ্গী গ্রহণ করা হইয়াছে তাহা মনে না রাথিয়া এইরপ বিচারকে দার্শনিক মর্যাদা দিলে ইহা দার্শনিক ভ্রান্তিতে পরিণত হয়। সম্বস্তুর কোন বিশেষ রূপকে অত্যধিক গুরুত্ব প্রদান করিলে এবং উক্ত রূপকে সম্বস্তুর একান্ত স্বরূপ হিসাবে গ্রহণ করিলে উহাদের দম্বন্ধে আমাদের যে ধারণা জনায় তাহা আংশিক এবং অসম্পূর্ণ। জৈন দার্শনিকরা সদ্বস্তুর এইরূপ ধারণাকে অসম্পূর্ণ বলিয়া নিন্দা করিয়াছেন। কারণ সম্প্রত্ম অন্যান্য যে সকল বৈশিষ্ট্য একেবারে অবহেলা করা চলে না সেগুলিকে কেবল একটি বিশেষ রূপের উপর (একাস্ত) অহেতুক গুরুত্ব প্রদান করে। এই জাতীয় আংশিক দৃষ্টিভঙ্গীকে একান্তবাদ বলে। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে, ভারতীয় একটি বিশেষ দার্শনিক সম্প্রদায় অক্সান্ত বৈশিষ্ট্যকে অগ্রাহ্ন করিয়া 'অদৈত' ও 'একত্বে'র উপর অহেতৃক গুরুত্ব দিয়া থাকেন। আবার উহার বিরোধী সম্প্রদায় পরিবর্তনশীলতার উপর অধিক জোর দিয়া সং কেবলমাত্র এক অথণ্ড গতিপ্রবাহ ভিন্ন আর কিছুই নহে এইরূপ বলিয়া থাকেন। ভারতীয় দার্শনিক সম্প্রদায়-সকলের মধ্যে অবৈত-বেদান্ত প্রথম শ্রেণীর, কারণ ইহা ত্রন্সের একত্বের উপর অধিক গুরুত্ব দিয়া থাকে এবং বৌদ্ধ সম্প্রদায় শেষোক্ত শ্রেণীর, কারণ উহাতে একত্বকে অগ্রাহ্ম করিয়া কেবলমাত্র পরিবর্তনকেই স্বীকার করা হইয়াছে। হৈজনরা প্রথম মতবাদকে (অহৈত-বেদান্ত) ব্রহ্ম-একান্তবাদ এবং শেষোক্ত মতবাদকে ক্ষণিক একান্তবাদ বলিয়া অভিহিত করিয়া থাকেন।

গ্রীদীয় চিন্তাধারায়ও একই ধরনের একদেশদেশী মতবাদ দেখিতে পাওয়া যায়, যেমন পারমেনাইডিদ-এর মতে চরম দৎ দর্বপ্রকার পরিবর্তনরহিত, অপরদিকে হেরাক্লাইটিদ্ ভিন্ন মতের দমর্থক ছিলেন, তাঁহার মতে চরম দং নিয়ত পরিবর্তনশীল এক অনম্ভপ্রবাহ। জৈনদের মতে উভয় মতবাদই একদেশদর্শী মতবাদ বা একাম্ববাদ। জৈন দর্শন: তত্তবিতা

জৈনবা বলেন চরম দং-এর বিভিন্ন রূপকে অগ্রাহ্য করিয়া কেবলমাত্র বিশেষ রূপকে অত্যধিক গুরুত্ব দেওয়ার সহিত অন্ধ ব্যক্তিদের হস্তিদর্শন উপাধ্যানের যথেষ্ট মিল আছে। উক্ত উপাধ্যানে কথিত আছে যে, প্রতি অন্ধ ব্যক্তি হস্তীর যে অংশকে স্পর্শ করিয়াছিল দেই অংশকেই পূর্ণ হস্তীর অবয়ব বলিয়া অভিহিত করিয়াছিল।

স্বতরাং চরম সং-এর জটিল স্বরূপ স্বীকার করিতে হইবে এবং বিভিন্ন দৃষ্টিভঙ্গী (অনেকাস্ত) হইতে বিচার করিয়া পরিপূর্ণ সং-এর স্বরূপ বর্ণনা করিবার চেষ্টা করিতে হইবে। এই জাতীয় দার্শনিক দৃষ্টিভঙ্গীই অনেকাস্তবাদ বলিয়া অভিহিত হইয়া থাকে।

জৈনদের মতে চরম দং পরিবর্তনশীলতার মধ্যে, নিত্য বিভিন্ন বৈচিত্যোর মধ্যে ष्मित्रवर्ष्मीय, এवः वहत्र मर्स्य अक । रेकन-प्रभाव हत्रम मर-अत्र मरका छेरमिछ, বিলয় ও স্থায়িত্বরূপ বৈশিষ্ট্যের সংযোজনা হিসাবে নিরূপিত হইয়াছে। উমাস্বামী বলিয়াছেন, "উৎপাদ-ব্যয় ধ্রোব্য-লক্ষণম সং" অর্থাৎ চরম সৎ উৎপত্তি, ধ্বংস ও স্থায়িত্বিশিষ্ট। প্রকৃতির মধ্যে সকল বস্তুই উক্ত ত্রিবিধ বৈশিষ্ট্যবিশিষ্ট। প্রাণি-জগতে ইহা বিশেষভাবে প্রকাশিত। একটি চারাগাছের বৃদ্ধি এই ত্রিবিধ গুণের উদাহরণম্বরূপ লওয়া যাইতে পারে। চার। গাছটির প্রথম পত্তন আরম্ভ হয় বীজের অস্তরে। বীজ্ঞটি যদি কেবলমাত্র বীজ হিসাবে স্থায়ী থাকিত এবং কোনপ্রকার পরিবর্তন বা ধ্বংস হইতে না পারিত, তাহা হইলে চারা গাছটি ইহার বর্ধিফু জীবনী-শক্তি হারাইয়া ফেলিত এবং শীঘ্রই মরিয়া যাইত। কিন্তু বৃক্ষটির বৃদ্ধিপ্রাপ্তির বিভিন্ন ন্তরে অন্তর্নিহিত থাকে অভিন্নতা। একটা নিম্ব বীজের চারা র্দ্ধিপ্রাপ্তির মধ্যাবস্থায় আমের চারায় পরিবর্তিত হইতে পারে না। স্থতরাং বর্ধিষ্ণু প্রাণীর পক্ষে অন্তর্নিহিত অভিন্নতা প্রয়োজনীয় বৈশিষ্ট্য। এই অভিন্নতা ব্যতীত বুদ্ধি শব্দটি এক-প্রকার অর্থহীন ধাঁধায় পরিণত হইত। আমরা আমাদের বাগানের কোন রুক্ষ সম্বন্ধে নিশ্চিত হইতে পারিতাম না যে ইহা নিম্ব রক্ষ থাকিবে, না রাত্রির মধ্যেই আম্রকে পরিবতিত হইয়া যাইবে। স্থতরাং চরম সং-এর বিশ্বস্ত ও স্বাভাবিক বর্ণনায় অবশ্রই উৎপত্তি, ধ্বংস ও অন্তর্নিহিত অভিন্নতা বা স্থায়িত্বরূপ ত্রিবিধ প্রকৃতিকে স্বীকার করিতে হইবে। চরম সং-এর এই ব্যাপক দৃষ্টিভঙ্গী হেগেলীয় "পারমার্থিক-নয়" এর অমুরূপ। বান্তব অভিজ্ঞতায় বস্তুদকল ত্রিবিধ প্রকৃতিবিশিষ্ট-রূপে প্রতিভাত হয়, হেগেল যাহাকে সমত্ব (thesis), বৈপরীত্য (antithesis) ও সমন্বয় (synthesis)—ইতি, নেতি ও অভিন্নতা আখ্যা দিয়াছেন। জৈন-দার্শনিকেরা চরম সং-এর এই বিশেষ প্রকৃতি বহুকাল পূর্বেই লক্ষ্য করিয়াছিলেন

এবং উৎপত্তি ও বিলয়ের মধ্যে স্থায়ী চরম সং-এর সংজ্ঞানিরূপণে ইহার জটিল প্রকৃতির উপর বিশেষ জোর দিয়াছিলেন।

<u>জবা (Substance)</u> : লব্য জৈন-দর্শনে একটি গুরুত্বপূর্ণ ধারণা। ইহা একটি স্থায়ী পদার্থকে ব্যায়। উমাস্বামী স্ত্র করিতেছেন, "গুণপর্যায়বং লব্যম্" ২—ইহার অর্থ—ল্রব্য হইতেছে গুণ ও পর্যায়বিশিষ্ট সংপদার্থ। জগতে যে কোন সংপদার্থ স্ব গুণবিশিষ্ট এবং পরিবর্তনশীল। স্থতরাং গুণ ও পর্যায়সকল ল্রব্য হইতে ভিন্ন নহে। আমরা লব্য হইতে বিচ্ছিন্ন করিয়া 'দ্রব্যের গুণ' সম্বন্ধে কিছু বলিতে পারি, কিন্তু বন্ধতঃ গুণ লব্যাল্রিত এবং ল্রব্য ও গুণ অভিন্ন। তদ্রপ গুণ হইতে বিচ্ছিন্ন করিয়া আমরা ল্রব্যের কথা বলিতে পারি, কিন্তু বন্ধতঃ গুণবিহীন ল্রব্যের কোন অন্তিত্ব নাই। স্থতরাং গুণবিহীন ল্রব্য এবং ল্রব্যবিহীন গুণ—কেবলমাত্র বৃদ্ধিকল্পিত ধারণা।

দ্রব্য পরিবর্তিত হইয়া যে সকল আকার বা রূপধারণ করে সেগুলি স্বাভাবিক বা কুত্রিম উপায়ে উৎপন্ন হইতে পারে। একটি জীবন্ত প্রাণিদেহ বর্ধিত হইবার সময়ে বিভিন্ন অবস্থার মধ্য দিয়া পরিবর্তিত হয়, যেমন শৈশবাবস্থা, যৌবন ও বার্ধক্য। এই পরিবর্তনসকল একটি জীবন্ত প্রাণিদেহের স্বাভাবিক পরিণতি।

এই জাতীয় পরিবর্তন প্রাণহীন দ্রব্যেও ক্বত্রিম উপায়ে সাধিত হইতে পারে।
মৃত্তিকা কুন্তকার কর্ত্বক নানা আকারে রূপান্তরিত হয়—তদ্রূপ স্থাকার স্বর্ণহারা নানাবিধ অলঙ্কার প্রস্তুত করিতে পারে। দ্রব্যের এই রূপান্তর সকল শিল্পী কর্ত্বক ক্বত্রিম উপায়ে সাধিত হয়। স্বাভাবিক হোক বা ক্বত্রিম হোক দ্রব্যের যে কোন রূপান্তরকেই জৈন-দার্শনিকেরা পর্যায় আখ্যা দিয়া থাকেন। এই পরিবর্তন বা পর্যায়সকল দ্রব্যকে আশ্রায় করিয়া থাকে। দ্রব্য নিশ্চয়ই কোন না কোন আকার-বিশিষ্ট হইয়া থাকিবে। মৃত্তিকা যদি কুন্তকার কর্ত্বক বিভিন্ন পাত্রে রূপান্তরিত না হয়, তাহা হইলে মৃত্তিকা কেবলমাত্র মুংপিগুরুপে অবস্থান করিবে। তদ্রূপ স্থাবিভিন্ন অলঙ্কারে রূপান্তরিত হইবার পূর্বে এক রূপহীন পিগু ভিন্ন আর কিছুই নহে। কোন বন্ধতে স্বাভাবিক অথবা কৃত্রিম যে কোন উপায়েই পরিবর্তন ঘটুক না কেন উহার অন্তর্যালহিত স্থায়ী পদার্থ একই থাকিয়া যায়। স্কৃত্রাং দ্রব্য অপরিবর্তনীয় স্থায়ী অভিন্ন পরিবর্তনসকলের অন্তর্নিহিত অপরিবর্তনীয় অভিন্ন পরিবর্তনসকলের অন্তর্নিহিত অপরিবর্তনীয় অভিন্ন পরিবর্তনসকলের অন্তর্নিহিত অপরিবর্তনীয় অভিন্ন পরিবর্তনসকলের অন্তর্নিহিত অপরিবর্তনীয় অভিন্নতা আর পরিবর্তনসকলের অন্তর্নিহিত অপরিবর্তনীয় অভিন্ন পরিবর্তনসকলের অন্তর্নাহিত অপরিবর্তনীয় অভিন্নতা আর পরিবর্তনসকল অন্তর্নিহিত অব্যর্ব ব্যন্তর্যাই প্রকাশ। আমরা যদি কোন বন্ধর স্থায়িত্বের প্রতি বিশেষভাবে সক্ষ্য করি, তাহা হইলে ইহার অন্তর্নিহিত দ্রব্য বা স্থায়ী পদার্থের

জৈন দর্শন: তম্ববিছা

কথা চিন্ধা করি। আবার যথন আমরা পরিবর্তনসকল বা পর্যায়ের উপর জোর দেই, তথন বন্ধর পরিবর্তনের দিক লক্ষ্য করি। বিষয়ের দিকে আমাদের দৃষ্টিভঙ্গী চালিত করিবার উক্ত দৃষ্টিভঙ্গী "দ্রব্যার্থিক-নয়" ও "পর্যায়র্থিক-নয়" বলিয়া কথিত হইয়া থাকে দ্রব্যের দৃষ্টিভঙ্গী ও পর্যায়ের দৃষ্টিভঙ্গী। যে কোন দ্রব্যকে উহার অন্তর্নিহিত দ্রব্যত্ম বা সন্তার দিক দিয়া বর্ণনা করিলে স্থায়ী বা নিত্য বলা যায়; আবার প্রতি বিষয় পর্যায়ের দিক দিয়া বিচার করিলে অ-স্থায়ী বা অ-নিত্য বলা যায়। স্কতরাং একই বস্তকে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গীর মাধ্যমে বিচার করিলে নিত্য ও অ-নিত্য বলিয়া অভিহিত করা যায়।

বহু দৃষ্টিভঙ্গীর সম্ভাবনাঃ ইহা হইতেই জৈন-দর্শনের নৈয়ায়িক সমস্তাপূর্ণ মতবাদ—
অন্তি-নান্তিবাদ— আদিয়াছে। এই মতবাদান্ত্বপারে একই পদার্থসম্পর্কে তৃইটি
বিরোধী উক্তি করা ঘাইতে পারে। ভারতীয় দার্শনিক চিস্তাধারায় এই মতবাদ
বহু অ-জৈন দার্শনিককে দ্বিধাগ্রন্ত করিয়াছে। এমন কি আচার্য শঙ্করের ন্যায় প্রথ্যাত
চিন্তাশীল ব্যক্তিও উক্ত ন্যায়সঙ্গত নিয়মের অন্তর্নিহিত তাৎপর্য উপলব্ধি করিতে
পারেন নাই।

অন্তি-নান্তিবাদের মতে একই সন্তায় 'অন্তি' ও 'নান্তি' রূপ ছুইটি বিরোধী ভাব আরোপ করা যাইতে পারে। জৈন-দার্শনিকেরা অবশ্য এই কথা বলেন না যে, একই পদার্থে অবারিতভাবে ছইটি বিরোধী ভাব আরোপ করা যায়। জৈন-মতবাদের তাংপর্য এই যে, কোন এক বিশেষ দৃষ্টিভঙ্গী হইতে বলিতে পারা যায় যে ইহা অন্তিত্বান, আবার অন্য এক দৃষ্টিভঙ্গী হইতে বলিতে পারা যায় যে ইহার অন্তিত্ব নাই। কিন্তু একই দৃষ্টিভঙ্গী হইতে কোন পদার্থ আছে এবং নাই এরূপ বলা যায় al। জৈন দার্শনিকেরা জটিল তত্ত্বসম্পর্কীয় সমস্তার ক্ষেত্রেও ব্যবহার দাপেক্ষ (Practical) দৃষ্টিভঙ্গী গ্রহণ করিয়াছেন। একখণ্ড আদ্বাবের উদাহরণ লওয়া যাইতে পারে। ইহা দাধারণ বক্সকাষ্ঠনির্মিত হইতে পারে। কিন্তু ইহাকে এমনভাবে অঙ্কিত করা যায় যে ইহা গোলাপ কাঠের ন্যায় প্রতিভাত হইতে পারে। এখন আকারের দিক দিয়া দেখিলে ইহা গোলাপ কাষ্ঠ, আবার অন্তর্নিহিত উপাদানের দিক দিয়া দেখিলে ইহা গোলাপ কাষ্ঠ নহে। স্বতরাং একই পদার্থ সম্পর্কে একটি অস্তার্থক ও একটি নঞ্রথক—তুইটি উক্তি করা ষাইতে পারে এবং উভয় উক্তিই নিশ্চয়ই সত্য। এই বিষয়টি জৈন দার্শনিকেরা বস্তর চারিটি দিক্—যথা ইহার দ্রব্যন্ত, দেশ, কাল ৩ রূপ এইগুলির উল্লেখ করিয়া পরিভাষার সাহায্যে ব্যাখ্যা করিয়াছেন। দ্রব্যের দিক দিয়া দেখিলে কোন পদার্থ আপন দ্রব্য সম্পর্কে 'আছে' এবং অপর দ্রব্য সম্পর্কে 'নাই'। পূর্বোল্লিখিত উদাহরণে আসবাবখানি বয় কার্চ নির্মিত, অর্থাৎ বয় কার্চ হিসাবে ইহার অন্তিত্ব আছে কিন্ত গোলাপ কার্চ হিসাবে ইহার অন্তিত্ব নাই। তদ্রপ দেশ হিসাবে একটি বস্তু স্ব-দেশে অবস্থান করে, একই কালে অপর কোন দেশে অবস্থান করিতে পারে না। গরুটি যখন গোয়ালে থাকে তখন সে মাঠে থাকিতে পারে না। কালের দিক দিয়াও একটি বস্তু ইহার স্বকীয় কালে অবস্থান করে, অপর কালে নহে। সক্রেতিস যীশুখৃষ্টের পূর্বে অবস্থান করিতেন, স্ক্তরাং যীশুখৃষ্টের পরে তিনি অবস্থান করিতে পারেন না। সেইরপ রূপের দিক দিয়া একটি বস্তু যখন স্বরূপে অবস্থান করে তখন অয়্যরূপে অবস্থান করিতে পারে না। জল জমিয়া যাইবার পর-অবস্থায় কঠিন এবং সেই সময় একই সক্ষে তরল হইতে পারে না।

উক্ত চারিটি দৃষ্টিভঙ্গীই অন্তি-নান্তিবাদের ভিত্তি। এইভাবেই কোন পদার্থকে ইহার স্বকীয় দ্রব্য দেশ, কাল ও রূপের দিক হইতে 'ইহা আছে' এইরূপে বর্ণনা করা ষাইতে পারে, এবং অপর পদার্থের ও দ্রব্য প্রভৃতির দিক হইতে 'ইহা নাই' এইরূপও বর্ণনা হইতে পারে। এই ভাবে বিষয়টি অন্থধাবন করিলে বুঝা যাইবে কিভাবে জগতের একই বস্তু সম্পর্কে অন্ত্যর্থক এবং নঞর্থক উভয়েই সত্য হইতে পারে। এই ক্ষেত্রে অম্পষ্টতার কোন অবকাশ নাই বা কোন তাবিক রহস্তও আবিদ্ধারের প্রশ্ন নাই।

বিধ একতি: এখন আমরা জৈন দার্শনিকদিগের মতে বিশ্ব-প্রকৃতি বর্ণনা করিবার চেটা করিব। জৈনদের মতে বাস্তব জগতে হুই শ্রেণীর বস্তু আছে—চেতন বস্তু ও অ-চেতন বস্তু। অন্য ভাবে ইহাকে জীব ও অ-জীব, জীবস্ত ও প্রাণহীন বা আধুনিক বিজ্ঞানের ভাষায় সকরণ জীব (Organic) ও নিঙ্করণ (in-organic) বলা ষাইতে পারে। অ-জীব বা অচেতন পদার্থদকল আবার কতকগুলি বিভিন্ন গোটাতে বিভক্ত করা হইয়াছে। জৈন-দর্শনে এই গোটাগুলির মধ্যে দর্বাপেক্ষা প্রয়োজনীয় পুদ্গল দ্রব্য; ইহা আধুনিক বিজ্ঞানের জড় পদার্থের সহিত সম্পূর্ণভাবে এক। আধুনিক বিজ্ঞানের গুণায় জৈন-দর্শনেও পুদ্গল-দ্রব্য বা জড় পদার্থ সকল পরমাণ্-স্ট বলিয়া কথিত হইয়া থাকে। বিভিন্ন ধরনের পরমাণ্ সকল পদার্থ স্ফি করে, স্কতরাং পদার্থসকল অণ্-পরমাণ্র সমষ্টি বা স্কন্ধ। সমগ্র পদার্থজ্ঞগং এক বিরাট সমষ্টি বা মহাস্কন্ধ। পুদ্গল বা জড়-পদার্থসকল ইন্দ্রিয়গ্রাহ্ণ, ইহাদের রূপ, রদ, গন্ধ প্রভৃতি ঐক্তিয় গুণ-সকল বিজ্ঞান। জড় পদার্থ ভিন্নও জৈন-দর্শনে দেশ বা আকাশের সন্তা স্বীকৃত। দেশ-নিরপেক্ষ জড়পদার্থ-সমূহ অচিন্তনীয়। স্ক্তরাং জৈন দার্শনিকেরা দেশকে বহির্জগতে একটি অপরিহার্য তন্ত হিদ্যারে স্বীকার করিয়াছেন। দেশে জড়-সংশ্লিট

জৈন দর্শন: তত্তবিগ্রা

কোন গুণ নাই, কারণ দেশ রূপ-রস-শন্দ-বিবর্জিত। ইহা অচেতনও বটে। এই দেশের একাংশ জড় পদার্থের আশ্রয়স্থল—এই থণ্ডাংশ লোক-আকাশ বলিয়া কথিত হয়। ইহার পরে এক অথণ্ড অনস্ত আকাশ পরিব্যাপ্ত, যেখানে কোন জড় পদার্থের স্থান নাই।

পুদগল ও আকাশ ভিন্নও জৈন দার্শনিকেরা ধর্ম ও অধর্ম নামে আরও চুইটি দ্রব্য স্বীকার করেন। জৈন সাহিত্যে° এই ছুইটি শব্দের বিশেষ পারিভাষিক অর্থ বা তাৎপর্য আছে। এই ধর্ম ও অধর্ম শব্দকে ভারতীয় নীতিশাস্ত্রের ধর্ম (অর্থাৎ, পুণ্য) এবং অধর্মের (অর্থাৎ পাপ) সহিত এক বলিয়া মনে করিলে ভুল করা হইবে। ধর্ম ও অ-ধর্ম এই ক্ষেত্রে যথাক্রমে গতি ও স্থিতির নির্দেশক। এই তুইটি সমস্ত লোকাকাশে পরিব্যাপ্ত। ইহারা ইন্দ্রিয়-গ্রাহ্ম নহে সত্য, কিন্তু জগতে প্রত্যক্ষ গতি ও স্থিতির সম্ভাবনাকে ব্যাখ্যা করিবার জন্ম ইহাদের অন্তিত্ব স্বীকার করিতে হইবে। জৈন-দার্শনিকেরা বলেন যে, এই পদার্থজ্ঞগং যথন অণু-পরমাণু-স্বষ্ট, তথন অণু-পরমাণুগুলি সারা দেশে এমন কি জগতের বাহিরে মহাকাশেও বিক্ষিপ্ত হইয়া ছড়াইয়া যাইতে .পারে। এই ভাবে জগতের উপাদানগুলি ছড়াইয়া পড়িলে বস্তুজগৎ ধ্বংস হইয়া যাইবে, কিন্তু বস্তুতঃ জগং বিলুপ্ত হয় না, স্থতগাং কোন ধার্মিত্রী শক্তি জগতের বিভিন্ন বন্ধসকলকে সংহত হইয়া থাকিতে সাহায্য করিতেছে এইরূপ মনে করিতে हरेरत। **रेहारे अ**धर्म तिनाया कथि**छ र**या। अभवितरिक योहा रहेरा गिछ छेडूछ হইতে পারে এমন কোন শক্তি স্বীকার না করিলে দজীব ও নির্জীব বস্তুর চলাচল ব্যাথ্যা করা যাইবে না। স্থতরাং একটি বিপরীত শক্তি যাহা বম্বকে অগ্রগতির পক্ষে সহায়তা করিতেছে স্বীকার করিতে হইবে। ইহাই ধর্ম। জৈন দার্শনিকেরা গতির নিয়মগুলি অনুধাবন করিয়াছিলেন এবং তাঁহারা নিউটন-আবিঙ্গত গতির নিয়মগুলির মধ্যে কয়েকটির পূর্বাভাদ দিয়াছিলেন বলিয়া মনে হয়।8

পুন্গল, আকাশ, ধর্ম ও অধর্ম প্রভৃতি তব ভিন্নও জৈন-দর্শনে কালের সত্তা স্বীকৃত হইয়াছে। জৈন-দর্শনে পদার্থজগতে পরিবর্তন ও গতির সত্তা এবং জীব-জগতে বৃদ্ধি ও অগ্রগতি স্বীকৃত হইয়াছে, স্কতরাং কাল-সন্তার উপর ইহারা জোর দিয়াছেন। যথার্থ বলিতে গোলে কাল যদি অ-সং হইত তাহা হইলে প্রাণি-জগতে গতি-অগ্রগতিনিবদ্ধন বিভিন্ন পরিবর্তনও মিথ্যা হইত। জৈন-দর্শনে এইরূপ মত গ্রহণ করা হয় নাই, স্কতরাং জৈনমতে কালের বান্তব সত্য স্বীকৃত। এই কালদ্ব্যকে অবিভাজ্য কালিক ক্ষণ দ্বারা গঠিত বলিয়া মনে করা হয়। জীবের খণ্ডিত প্রাচটি অ-জীব সন্তা দ্বারা সমস্ত বিশ্বজ্ঞাৎ গঠিত হইয়াছে।

জীব বা প্রাণ: পূর্ব-আলোচিত অ-জীব দ্রব্যাদির তুলনায় জীব-দ্রব্য সম্বন্ধর বিভিন্ন শ্রেণীর মধ্যে সর্বাপেকা গুরুত্বপূর্ণ। জীব সচেতন দ্রব্য। জৈন-দর্শন মতে জীব বছবিধ, কিন্তু প্রধানতঃ তাহারা তুইটি প্রধান শ্রেণীতে বিভক্ত। সংসারী অর্থাৎ যাহারা সংসারের মোহে আবন্ধ, এবং মৃক্ত অর্থাৎ সংসারমোহমৃক্ত। স-জীব গোষ্ঠীর প্রথম শ্রেণী জন্ম, বৃদ্ধি, জরা ও মৃত্যুর অধীন এইগুলি এই স্থুল জগতের বৈশিষ্ট্য।

এই বন্ধ জীবদকল আবার বহু গোগীতে বিভক্ত। মধ্যজগতের মহয় ও মহয়েতর জীবের মধ্যে আলোচনা দীমাবদ্ধ রাথিলে দেখা যাইবে যে, জৈন দার্শনিকেরা এই জীবের বিষয় বিস্তৃত আলোচনা করিয়াছেন। ইন্দ্রিয়াদির সংখ্যার তারতম্য-অহুদারে এই জীবদকল ভিন্ন ভিন্ন শ্রেণীতে বিভক্ত হইয়াছে। এই দকল শ্রেণীর দর্বনিম্ন স্তরে উদ্ভিদ্শ্রেণী, যাহাদের কেবলমাত্র স্পর্শেন্দ্রিয় আছে। এই লতা-গুল্ম ও বৃক্ষাদির কেবলমাত্র ঐন্দ্রিক স্পর্শবোধ আছে। এই কারণেই এই দকল জীব একেন্দ্রিয় বলিয়া কথিত হয়। ইহারা স্থবির বলিয়াও অভিহিত হয়, কারণ ইহারা গ্রমনাগ্রমন করিতে পারে না।

উদ্ভিদ্ ব্যতীতও অতি-সৃক্ষ একেন্দ্রিয়-যুক্ত জীবের অন্তিত্বও জৈন-দর্শনে স্বীকৃত হইয়াছে। সুল দৃষ্টিতে সাধারণতঃ এই সকল জীবকে প্রত্যক্ষ করা যায় না, কিন্তু যৌগিক চেতনায় ইহাদের প্রত্যক্ষ করা যায়। এই সকল আণবিক জীব-সকল জলে, স্থলে, বায়তে ও আলোয় বিচরণ করে। এই সকল একেন্দ্রিয় আণবিক জীবসকলকে তাহাদের বাসন্থান-অনুসারে, পৃথিবী, জল ও বায়ুজগতের অধিবাসী বলা হইয়া থাকে।

পরবর্তী স্তরের জীবেরা তুই ইন্দ্রিয়-বিশিষ্ট—যেমন স্পর্শ ও রুসেন্দ্রিয়, স্বতরাং এই শ্রেণী দ্বীন্দ্রিয় বলিয়া কথিত হয়। তুই ও তুইয়ের অধিক ইন্দ্রিয়-বিশিষ্ট জীবেরা এক স্থান হইতে স্থানান্তরে গমনাগমনে সমর্থ। স্বতরাং তাহারা ত্রস-জীব বা চলমান জীব বলিয়া কথিত হয়। কর্দম-কীট, শুক্কীট প্রভৃতি এই শ্রেণীর অস্তর্ভূত।

এই জীব ক্রমবিকাশের পরবর্তী উন্নত স্তরে ত্রি ইন্দ্রিয়-বিশিষ্ট জীব— অর্থাৎ স্পর্শ, শব্দ ও গন্ধ ইন্দ্রিয়-বিশিষ্ট পতঙ্গদকল। তৎপরবর্তী স্তরে চার ইন্দ্রিয়-বিশিষ্ট জীব (চতুরিন্দ্রিয়) যাহাদের স্পর্শ, রদ, গন্ধ ভিন্নও দৃষ্টিশক্তি আছে। এই সকলের উর্দ্ধে পঞ্চ ইন্দ্রিয়-যুক্ত জীব। এই সকল জীবের পূর্বোক্ত চতুরিন্দ্রিয় ভিন্নও শ্রেবগরূপ পঞ্চেন্দ্রিয় আছে। সকল উচ্চস্তরের জীবই এই শ্রেণীর অন্তর্ভুত। ইহারও উব্বে মন্ত্র্যাসম্প্রদায়ে যাহাদের উক্ত পঞ্চ ইন্দ্রিয় ছাড়াও মনরূপ একটি ষষ্টেন্দ্রিয় আছে। মন-বিশিষ্ট পঞ্চ-ইন্দ্রিয়-যুক্ত জীবশ্রেণীর মধ্যে মন্ত্র্যা ভিন্নও দেবভারা এবং নরকের অধিবাদীরা বা নারকেরা অন্তর্ভুত।

জৈন দর্শন: তত্ত্বিছা

কর্মনাদ: জীবসমূহের জাগতিক অবস্থার (সাংসারিক) ব্যাখ্যা হিসাবে জৈন দার্শনিকেরা কর্মবাদের বিস্তৃত আলোচনা করিয়াছেন। জৈন-দর্শনে আট প্রকার প্রধান কর্মের উল্লেখ আছে। (১) জ্ঞানাবরণীয় কর্ম (অর্থাৎ যে কর্ম জ্ঞানকে আরুত করে), (২) দর্শনাবরণীয় কর্ম (যে কর্ম প্রত্যক্ষকে ব্যাহত করে), (৩) মোহনীয় কর্ম (যে কর্ম মোহ স্পষ্টি করে), (৪) বেদনীয় কর্ম (যে কর্ম স্থ-ছুংখাদির অহুভূতি আনয়ন করে), (৫) নাম-কর্ম (যে কর্মের উপর দেহাদি স্পষ্টি নির্ভর করে), (৬) অস্তরায় কর্ম (যে কর্ম বাধা স্পষ্টি করে), (৭) গোত্র কর্ম (যে কর্ম কে কোন্ বংশে জন্মগ্রহণ করিবে নিরূপণ করে), (৮) এবং অবশেষে আয়ুয়্ম-কর্ম (অর্থাৎ যে কর্মবারা জীবের আয়ুজ্বাল নিরূপিত হয়)। মহুষ্য বা মহুষ্যেতর প্রতি জীবই এই আট প্রকার কর্মের নিয়ন্ত্রণাধীন। সংসারে জীবের জীবন উক্ত কর্মসমূহের সহিত সহযোগিতার উপর নির্ভর করে।

উক্ত কর্মদকল আবার দ্বিবিধ, দ্রব্য-কর্ম ও ভাব-কর্ম। প্রথমটি জড় কণিকাসম্হে গঠিত। এই জড় কণিকাগুলি আত্মার দহিত সংশ্লিষ্ট কার্মিকদেহের মূল অংশের
স্পৃষ্টি করে। স্ক্র্ম শরীরের চতুর্দিকে স্থুল জড় দেহ পারিপার্শিক জগং হইতে আহার
সংগ্রহ করিয়া পরিপুষ্ট হয়। ভাব-কর্ম বলিতে অশুদ্ধ মানদিক সংস্কারগুলি বৃঝায়।
এই মানদিক সংস্কারের উপস্থিতি প্রধানতঃ স্থুল কার্মিক কণিকাগুলিকে আত্মার দিকে
আকর্ষণ করে। এই অশুদ্ধ মানদিক সংস্কার জড় কণিকাগুলি হইতে দেহস্প্টির উপযুক্ত
অবস্থা স্পৃষ্টি করে, দ্রব্য-কর্ম আবার মানদিক সংস্কারকে প্রভাবিত করে। দ্রব্য-কর্ম
দৈহিক অবস্থা এবং ভাব-কর্ম মানদিক সংস্কার। উভয়ের মধ্যে সমান্তরাল অবস্থা
বিভামান। উভয়ের মধ্যে সাক্ষাৎ ক্রিয়া-প্রতিক্রিয়ার অবকাশ না থাকিলেও একটির
পরিবর্তনে অপরটির পরিবর্তন লক্ষিত হয়। দৈহিক পরিবর্তন পূর্ববর্তী কোন মানদিক অবস্থার
দ্বারা সংঘটিত হয়—তদ্রূপ মানদিক পরিবর্তন পূর্ববর্তী কোন মানদিক অবস্থার
উপর নির্ভর করে। স্থুল ও স্ক্র্ম যাহাই হউক না কেন এই জড় দেহ হইতে মুক্ত
হইবার চেটা করিতে হইলে অশুদ্ধ মানদিক সংস্কারটিকে স্ব-চেতনায় পরিশুদ্ধ করিতে
হইবা এই উদ্দেশ্যদিদ্ধির জন্ত যোগ ও তপের ব্যবস্থা করা হইয়াছে।

মুখ্য জীবনের শ্রেষ্ঠছ: জৈনদের মতে এমন কি দেবতারাও সাক্ষাৎ মুক্তিলাভ করিতে পারেন না। মুক্তিলাভের আশা করিবার পূর্বে তাঁহাদের এই জগতে মহয়রূপে জন্ম- গ্রহণ করিতে হইবে। মহয়জীবনই সম্ভবতঃ মোক্ষলাভের পথ, কারণ মহয়ই এক- মাত্র যোগদাধনে সমর্থ এবং একমাত্র যোগদাধনই বন্ধন-শৃঙ্খল ভঙ্গ করিয়া মুক্তি আনিতে পারে। স্থতরাং জৈন-মতবাদে মাহ্যুষ্কে যত উচ্চস্থান দেওয়া হইয়াছে,

তাহা দেবতাদিগকেও দেওয়া হয় নাই। মাত্মকে এই জ্বগতে অতি ভাগ্যবান বলিয়া
মনে করিতে হইবে, কারণ মাত্মই জীবনের চরম লক্ষ্যের সন্নিকটে অবস্থিত। এই
বিষয়ে জৈন-দর্শন বদ্ধ জীবদিগের মধ্যে মাত্মকে সর্বোচ্চ স্থানে প্রতিষ্ঠা করিয়াছে। এই
দৃষ্টিভঙ্গী জৈন-চিস্তাধারাকে অক্যান্ত বৈদিক সম্প্রদায়ের চিস্তাধারা হইতে পৃথক
করিয়াছে, কারণ বৈদিক সম্প্রদায়গুলির মতে দেবতারা মহায় অপেক্ষা শ্রেষ্ঠ।

জীবাত্মা তপশ্চর্যা হারা ক্রমে ক্রমে বিভিন্ন স্তরে আর্ক্র হইতে সমর্থ হইয়া থাকেন এবং প্রতিন্তরেই তিনি অধিকতর শুদ্ধতা লাভ করেন এবং শেষে আধ্যাত্মিক ঐশর্য এবং পরিপূর্ণতার এমন এক অবস্থায় পৌছান যেথান হইতে আর ফিরিতে হয় না। যোগদাধনের ফলে আত্মা বিল্লজনক পারিপার্থিক এবং জড়দ্রব্যের প্রভাব হইতে মুক্ত হইয়া আপন শুদ্ধ সন্তায় প্রতিষ্ঠিত হন। আচ্ছাদনকারী মেঘগুলি অপস্ত হইলে স্থ যেমন কিরণ দান করে, এই অবস্থায় আত্মাও তেমনই আপনার পরিপূর্ণ গৌরবে ভাম্বর হইয়া উঠেন। প্রতি জীবাত্মাই তাহার এই অধ্যাত্ম-মহত্বের স্রষ্টা এবং জন্ম, বৃদ্ধি, ক্ষয়, ধ্বংসরূপ বন্ধনশৃদ্ধাল হইতে মুক্তিলাভ করিতে পারে। মানবাত্মার সর্বোচ্চ অবস্থায় অনন্ত জ্ঞান, অনন্ত বিখাদ, অনন্ত শক্তি ও অনাবিল আনন্দের আবির্ভাব হয়, কারণ এইগুলি চরম উৎকর্ষপ্রাপ্ত আত্মার প্রকৃতিগত বৈশিষ্ট্য। এই অবস্থা অহৈত বেদান্তের পরাম্ক্রির সম-গোত্রীয়।

৩। জ্ঞানতত্ত্

জ্ঞানের উংপত্তি (প্রমাণাদি): জ্ঞানের উৎপত্তি (প্রমাণাদি) জৈন-দর্শনে জ্ঞানের বিভিন্ন উৎপাদক স্বীকৃত হইয়াছে, 'ষেমন মতি, শ্রুতি, অবধি, মনঃ-পর্যায় ও কেবল। এইগুলি যথাক্রমে প্রত্যক্ষ, শন্দ, দূরদর্শন, দূরশ্রবণ এবং সর্বশেষে শুদ্ধ বা সর্বোত্তম জ্ঞান।

অক্সান্ত দার্শনিক সম্প্রদায়ের মতে ঐদ্রিয়জ্ঞান সাক্ষাৎ-জ্ঞান, কিন্তু জৈনদের মতে অন্ত কোন বস্তুর অপেকা না করিয়াই আত্মা যে জ্ঞান লাভ করে তাহাই সাক্ষাৎ-জ্ঞান। স্বভরাং প্রথম ত্ইটি জ্ঞান, মতি ও শ্রুত, অর্থাৎ ইন্দ্রিয়প্রত্যক্ষ ও শব্দজ্ঞান, জৈনদের মতে পরোক্ষ্ঞান, কারণ এই ধরনের জ্ঞান ইন্দ্রিয়াদি বা শাস্ত্রের মাধ্যমে লাভ করা হয়। স্বভরাং পরবর্তী তিনটি জ্ঞান প্রত্যক্ষ্ঞ্ঞানের অন্তভ্তি। ইহাদের মধ্যে আবার অবধি-জ্ঞান আধুনিক মনস্তত্বে যাহাকে দ্র-দর্শন বা (clairvoyance) বলা হয় তাহার অহ্বরূপ। দূর-দর্শনের ক্ষমতা কোন ব্যক্তিকে বহু দূরবর্তী স্থান বা

জৈন দর্শন: জ্ঞানতত্ত্ব

কালের ঘটনার প্রতিচ্ছবি সমুখে উপস্থিত করিতে সহায়তা করে। স্থতরাং অবধি-জ্ঞান সম্বন্ধে জৈনদের বর্ণনা আধুনিক মনোবিজ্ঞানের দ্রদর্শন-সম্পর্কীয় মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়ার বর্ণনার সহিত সম্পূর্ণ এক। কাহারও কাহারও মধ্যে এই শক্তি জন্মগত, আবার কেহ কেহ মানসিক উন্নতির সঙ্গে দক্ষে এই ক্ষমতা অর্জন করিয়া থাকেন। কিন্তু ঐন্দ্রিয়া প্রত্যক্ষ যেরূপ ভ্রম-জ্ঞানের জন্ম নিক্ষল হইতে পারে, তদ্রূপ অবধি-জ্ঞানের মধ্যেও ভ্রান্তির অবকাশ আছে।

পরবর্তী উচ্চন্তরের অতীন্দ্রিয় জ্ঞান মনঃপর্যায়। ইহা আধুনিক মনন্তন্তে স্বীকৃত দ্র-শ্রবণের (telepathy) ঠিক অহ্মরপ। দ্র-শ্রবণে ক্ষমতাবিশিষ্ট কোন ব্যক্তি অপরের মনের ভাব ও ধারণাসকল স্পষ্ট অহ্মভব করিতে পারেন। দ্রবর্তী স্থান ও কালের ইন্দ্রিয়গ্রাহ্ম বস্তু দম্বন্ধে অবধি-জ্ঞান হইয়া থাকে, কিন্তু মনঃপর্যায় অপরের মনে কি মানসিক ক্রিয়া-প্রতিক্রিয়া ঘটিতেছে তাহার অন্তর্দৃষ্টি দেয়। এই দ্র-শ্রবণ-বিষয়ক জ্ঞানলাভ করা যায় কেবলমাত্র যোগ-তপ-সাধনাদি অভ্যাসের হারা। উক্ত সাধনের পক্ষে কঠোর নিয়মাহ্বর্তিতা ও একান্ত একাগ্রতা প্রয়োজন। সর্বশেষে উল্লিখিত কেবল-জ্ঞান বা শ্রেষ্ঠজ্ঞান লাভ করা যাহার পরিপূর্ণ আত্মোপলন্ধি ঘটিয়াছে এবং কর্মের বন্ধন হইতে মৃক্ত হইয়াছে এমন শুদ্ধ আ্মার পক্ষেই সম্ভব। এই কেবল-জ্ঞান স্বরূপতঃ অসীম, ইহা সমগ্র বিশ্বের সহিত সম্বন্ধবিশিষ্ট। অতীত, বর্তমান, ভবিশ্রৎ বলিয়া কোন কালভেদ নাই, কারণ এই জ্ঞান পরিপূর্ণ অসীম বিশ্বকে আয়ত্ত করিতে পারে।

জান-জেয়-সয়য়ঃ জৈন মতে জ্ঞান ও জ্ঞানের বিষয় পৃথক্। যে বিজ্ঞানবাদী
দার্শনিকদের মতে জ্ঞানের বিষয় মনের সৃষ্টি তাহাদের সহিত এই ক্ষেত্রে জৈনদের
মতভেদ রহিয়াছে। জৈনদের মতে চেতন ও অচেতন বস্তুর মধ্যে পার্থকা মৌলিক
এবং তাঁহারা অবিচলিত ভাবে এই মত পোষণ করেন যে বহির্জগতের জড়ন্দ্রবা জ্ঞান
হইতে স্বতম্ব এবং উহা মন কর্তৃক সৃষ্ট নহে। জৈন-দর্শনে জ্ঞান স্বতম্ব বহিবিষয়সকলকে প্রকাশ করে, জ্ঞেয় বিষয়সকল জ্ঞানক্রিয়ার ঘারা পরিবর্তিত হয় না।
জ্ঞেয় বিষয়সকল মানসিক বৃত্তিও হইতে পারে। মানসিক বৃত্তি সম্প্রকিত জ্ঞান
এবং জ্ঞাগতিক বিষয়-সম্পর্কিত চিন্তন জ্ঞানক্ষেত্রে স্বরূপতঃ এক। এমনকি এই
ক্ষেত্রেও জ্ঞানপ্রকাশিত ক্রেয় বিষয়সকল জ্ঞান-অতিরিক্ত স্বতম্ব বিষয় বিলয়
বিবেচিত হইয়া থাকে, কারণ অন্যথায় এই ভাবে প্রাপ্ত জ্ঞান ভ্রান্ত ও স্বসং হইবে।
জ্ঞান স্বয়ংপ্রকাশ, একদিকে নিজেকে নিজে প্রকাশ করে এবং অপরদিকে ক্রেয়
বিষয়কেও প্রকাশ করে।

৪। জৈন নীতিশাল্তঃ মোক্ষমার্গ

ভারতবর্ষের অন্তান্ত দার্শনিক সম্প্রদায়ের ন্তায় জৈন-দর্শনেও মৃক্তিপথের (মোক্ষ-মার্গ) নির্দেশ দেওয়া আছে। উমাস্বামী বলিয়াছেন "সমাগদর্শন-জ্ঞান-চরিত্রাণি মোক্ষমার্গাঃ" - যথার্থ বিশ্বাস, যথার্থ জ্ঞান ও যথার্থ কর্ম-সমষ্টিগতভাবে এই তিনটি মুক্তির পথ। উমাস্বামীর এই স্থতে সংক্ষিপ্তাকারে জৈন-নির্ধারিত মোক্ষ-মার্গের কথা বর্ণিত আছে। ইহার আবার তিনটি অংশ আছে—অযথার্থ বিশাদের যাহা বিপরীত সেই যথার্থ বিশাদ, ভ্রান্ত ভক্তির তুলনায় শুদ্ধা ভক্তি, ভাস্তজানের যাহা বিপরীত সেই শুদ্ধজান, অসংকর্মের যাহা বিপরীত সেই সংকর্ম। ভারতীয় দার্শনিক-সম্প্রদায়ের মধ্যে কোন কোন সম্প্রদায় এই তিনটির মধ্যে একটি মাত্র মার্গকেই মুক্তির পথ হিসাবে গ্রহণ করিয়াছেন। কোন কোন সম্প্রদায় ভক্তির উপর বিশেষ জোর দিয়াছেন, ভক্তি থাকিলে দাধক অবশ্রুই মুক্তিলাভ করিবে। কেহ কেহ আবার জ্ঞানের উপরে জোর দিয়াছেন, যদি কোন ব্যক্তির বস্তু সম্বন্ধে প্রকৃত জ্ঞান জন্মে, তাহা হইলে দে তাহার শুদ্ধ আত্মাকে উপলব্ধি করিতে পারে। এই আত্মোপলন্ধি জীবনের চরম লক্ষ্য বা মৃক্তি বলিয়া অভিহিত হইয়াছে। আবার কেহ কেহ সদাচারের উপর জোর দিয়াছেন। কিন্তু জৈন ধারণা অমুযায়ী এই সবগুলিই মুক্তিমার্গের অসম্পূর্ণ বর্ণনা হিসাবে গণ্য হইয়াছে। পূর্বোক্ত তিনটিই মৃক্তিকামী ব্যক্তির জীবনে সংযুক্ত হওয়া প্রয়োজন। প্রত্যেকটি পথই প্রয়োজনীয় এই বিষয়ে কোন সন্দেহ নাই, কিন্তু প্রত্যেকটি সাধনমার্গ অসম্পূর্ণ ও আংশিক।

এই ত্রিবিধ সাধনমার্গ ব্যাখ্যা করিবার জন্ম সাধারণ অস্কুর রোগীর উদাহরণ লওয়া হয়। রোগ-ভোগকারী কোন ব্যক্তির রোগম্ক্তির বাসনা থাকিলে তাহার বৈছকে অবশু বিশ্বাস করিতে হইবে, এবং কি প্রকার ঔরধ তাহার রোগ নিরাময়ের জন্ম নিরূপিত হইয়াছে সেই বিষয়েও তাহার সমাক্ জ্ঞান থাকা প্রয়োজন এবং অবশেষে বৈছের নির্দেশাস্থয়ায়ী সেই ঔষধ সেবন করা প্রয়োজন। স্বতরাং গুলা ভক্তি, সমাক্ জ্ঞান ও সংকর্ম মৃক্তিলাভ করিবার জন্ম যুক্তভাবে একই সঙ্গে অভ্যাস করিতে হইবে। সমষ্টিগত ভাবে জৈন-দর্শনে এইগুলি 'রত্ব-ত্রয়' বলিয়া অভিহিত হইয়া থাকে। ইহা অবশ্র লক্ষ্য করিবার বিষয় যে জৈনরা সম্যক্ দর্শন বলিতে অন্ধবিশাস ব্রেন নাই, যোগ্য গুরুও তাঁহার উপদেশে যুক্তি ও বিচারসম্মত বিশাস ব্রিয়াছেন। স্বতরাং জৈনরা সম্যক্ বিশাস লাভ করিবার জন্ম ত্রিবিধ অন্ধ সংস্থারকে দ্ব করা

জৈন দর্শন: জৈন নীতিশান্ত: মোক্ষমার্গ

প্রয়োজন ইহাই দৃঢ়তার সহিত বলিয়া থাকেন। প্রথমতঃ লোক-মুদা, যেমন কোন বিশেষ জ্বলে স্থান করিলে বা কোন বিশেষ বৃক্ষ প্রদক্ষিণ করিলে মাহ্রষ পবিত্র হয় এই জাতীয় লোকিক বিশাস; বিতীয়তঃ দেব-মুদা, অর্থাৎ রোগম্ভির জন্ত দেবতাদের পূজা-অর্চনা করা; অবশেষে পাষত্ত-মুদা, অর্থাৎ প্রবঞ্চকদিগকে বিশাস করা এবং তাহাদিগকে ধর্মগুরু হিসাবে গ্রহণ করা।

এই বিষয়ে ইহা স্থাপটি যে, জৈন দার্শনিকেরা যুক্তিসম্মত দৃষ্টিভঙ্গী গ্রহণ করিয়াছেন। অধ্যাত্ম-উন্নতির সঙ্গে সম্যক্ জ্ঞান ও সংকর্ম সবই তাহার শুদ্ধ প্রকৃতির অঙ্গ। পরিপূর্ণ আত্মোপলন্ধি বলিতে আত্মশুদ্ধির উপর অচল বিশাস, আত্মজ্ঞানের অব্যাহত প্রকাশ এবং অবংশ্যে নিজের কর্মের নিজল্য শুদ্ধতা বুঝায়। যথন আত্মা নিজম্ব আন্তর্ম শুদ্ধতা উপলব্ধি করিতে সমর্থ হয়, তথন ইহা পরমাত্মা হইয়া যায়। পরমাত্মা চরম অধ্যাত্ম-সত্তা, ধর্মজীবনের চরম লক্ষ্য। স্থতরাং প্রতি আত্মাই সর্বাঙ্গীণ পূর্ণতা লাভ করিলে ঈশ্বরত্ম লাভ করিতে পারে। অন্যান্থ ধর্ম-সম্প্রদায়ের ন্যায় জৈনরা কোন এক নিত্য স্বয়ংসম্পূর্ণ ভগবংসত্তা স্বীকার কবেন না।

পৃঞ্চ মহাত্রতঃ সদাচারের পরিপূর্ণ উৎকর্ষ সাধনের জন্ম (সম্যক্-চরিত্র) জৈন নীতিশাম্বে পঞ্চ মহাত্রত অন্ধুমাদিত হইয়াছেঃ অহিংসা, সত্য, অ-ন্তেয়, ব্রহ্মচর্ষ ও অপরিগ্রহ। সর্বজীবে প্রেম ও দয়ার উপর অহিংসা ধর্ম প্রতিষ্ঠিত। ইহা মন, বাক্য এবং দেহের ক্রিয়ার সহিত জড়িত। দেহ, বাক্য ও মনের কোন ক্রিয়া দারা অপর জীবকে আঘাত না করাই আমাদের কর্তব্য। প্রকৃত ক্ষতি করা এবং ক্ষতির বিষয় চিন্তা করা সমান পাপকার্য। জৈন নীতিবিদ্রা কেবলমাত্র প্রত্যক্ষভাবে মানসিক, বাচিক ও দৈহিক ক্রিয়াদারা প্রাণি-হিংসা হইতে নিবৃত্ত থাকিতে বলিয়াছেন তাহাই নহে, তাঁহারা পরোক্ষ হিংসাকার্য হইতেও নিবৃত্ত থাকিবার উপর জোর দিয়াছেন। অহিংসানীতিকে যথাযথ পালন করিতে হইলে ত্রিবিধ কর্মকে পরিত্যাপ করিতে হইবে, যেমন প্রত্যক্ষকৃত কর্ম, অপরের মধ্য দিয়া পরোক্ষভাবে কারিত কর্ম, এবং অপরের ক্ষেত্রে অন্তায় কর্মকে অন্থমাদন করা, অর্থাৎ কৃত, কারিত ও অনুমত কর্ম। এই ক্ষেত্রে লক্ষ্য কর্মকে বিষয় এই যে, কার্যতঃ অপরের অনিষ্ট করা মনে মনে অনিষ্ট চিন্তা করার মতই অন্তায়। ইহাই সর্বোচ্চ নীতিশিক্ষা যাহা Sermon on the Mount-এর সমতুল্য।

জৈনরা সত্য বলিতে কেবল সভ্য কথা বলাই বুঝেন না, যাহা সভ্য অথচ প্রিয় এবং হিভকর এরূপ কথা বলাই বুঝেন। সকল প্রকার নীতিই জৈনদের মতে অহিংসার

উপর প্রতিষ্ঠিত। সত্য কথা বলিয়া যদি কেহ কোন মান্নুষ বা পশুর প্রাণনাশ করে, তাহা হইলে সেই সত্য-কথন দ্যণীয়। স্বতরাং সেই সত্য গ্রহণীয় যাহা অহিংসার বিরোধী নহে।

অসুমতি ভিন্ন পরদ্রব্য গ্রহণ না করিবার নাম 'অ-ন্তেয়'। ইহাকে অ-ন্তেয় বলা হইলেও ইহার দারা অনেক কিছুই বুঝায়। কোন ব্যবসায়ীর পক্ষে প্রান্ত বাট্কারা বা লাস্ত মাপ ব্যবহার এই নীতিভঙ্গের একটি উদাহরণ। আবার অন্ত দিকে দ্রব্য ক্রে করিবার সময়ে ভূল বাট্কারার দারা নিরীহ বিক্রেতাকে বিল্রাস্ত করিয়া দ্রব্য কর করাও চৌর্য। অসৎ উপায়ে বা তুর্নীতির পথে ধন-সম্পত্তি অর্জন করিলেও অ-স্তেয় নীতিকে ভঙ্গ করা হয়।

বন্ধচর্য ব্রত বলিতে প্রধানতঃ ধৌনসম্ভোগ হইতে নিরত থাকা ব্ঝায়। কিন্তু কোন কোন জৈন-নীতিবিদের মতে ব্রহ্মচর্য বলিতে সকল প্রকার ইন্দ্রিয়স্থ হইতে বিরত থাকা ব্ঝায়। সর্ব শেষ ব্রত অপরিগ্রহ। ইহার শন্দগত অর্থ অ-গ্রহণ, অর্থাৎ লোভ পরিত্যাগ করা। জৈন দার্শনিকদিগের মতে এই নীতির ত্ইটি আকার আছে। তাহাদের পক্ষে যেটি সহজে পালনীয় তাহা গৃহস্থদের জন্ত, এবং ষেটি পালন করা কঠিন, তাহা সংসারবিরত সন্ন্যাদীদের জন্ত।

পঞ্চ মহাত্রত উভয় সম্প্রদায়ের জন্মই নির্ধারিত হইয়াছে। গৃহস্থের পক্ষে (যাহাকে প্রাবক বা প্রোতা বলা হইয়া থাকে) উক্ত পঞ্চনীতির পালন কয়েকটি বিশেষক্ষেত্রে সীমাবদ্ধ করিয়া দেওয়া হইয়াছে, তাহাকে সাধ্য মত এইওলি পালন করিতে হইবে। উদাহরণ-স্বরূপ বলা যায়, যাহাকে কৃষিকার্যে নিয়্কু থাকিতে হইবে এমন কোন গৃহস্থের পক্ষে উদ্ভিদ্ বা একেন্দ্রিয়বিশিষ্ট জীবের প্রতি অহিংসা ধর্ম পালন করা সম্ভব নহে, তাহা হইলে সমাজে গুরুতর বিশৃদ্রলা দেখা দিবে। স্থতরাং গৃহস্থকে উদ্ভিদ অপেক্ষা উচ্চপ্রেণীর চলাচলে সমর্থ জীবের প্রতি অহিংসা পালন করিবার নির্দেশ দেওয়া আছে। কিন্তু সংসারবিরত সয়াসীর পক্ষে এই নীতি সর্ব-অবস্থায়ই প্রযোজ্য। তিনি কোন জীবকেই আঘাত করিতে পারিবেন না। স্থতরাং সয়্যাসীদের পক্ষে সদাচার (যতি ধর্ম) এই পঞ্চ মহাত্রতের কোনরূপ অবস্থা বিচার না করিয়া পরিপূর্ণ পালন বুঝায়।

গৃহত্বের পক্ষে ব্রন্ধর্য এক-দার-ব্রত ব্ঝায়। গৃহস্থ নিজের স্ত্রীর সম্পর্ক ভিন্ন অন্ত কোন প্রকার যৌন-সম্পর্কে লিপ্ত থাকিতে পারিবেন না। কিন্তু সন্ত্রাসীর পক্ষে সকল প্রকার যৌন-জীবন হইতে বিরত থাকাই বিধি। তিনি কায়, মন ও বাক্য-দারা ব্রন্ধার্য পালন করিবেন। তদ্রূপ অ-পরিগ্রহ ব্রত ক্ষেত্রেও সন্ত্রাসীরা এই নীতি সর্বতোভাবে প্রতিপালন করিবেন। তাঁহার নিজস্ব বলিয়া কিছুই থাকিবে না। তিনি তাঁহার সমস্ত ব্যক্তিগত সম্পত্তি এমন কি বস্ত্র অলঙ্কারাদিও পরিত্যাগ করিবেন এবং সাময়িক আহারাদির জন্ম গৃহস্থদের উপর সম্পূর্ণ নির্ভরশীল থাকিবেন। সংসারত্যাগী অধ্যাত্ম-সন্মাসী যোগপালন করিবেন এবং সমস্ত চিস্তা-ভাবনা আত্মোপলব্ধির জন্ম নিয়োগ করিবেন। এমনকি তাঁহার নিজের দেহও অধ্যাত্ম-উন্নতির কারণ হিসাবে ব্যবহৃত হইবে। সন্মাসী সকল প্রকার সংসারবন্ধন এবং মায়া পরিত্যাগ করিবেন। সমগ্র বিশ্বই তাঁহার সংসার, মমুন্য, জীবজন্ত সকল প্রাণীরই তাঁহার উপর স্লেহের দাবী আছে। জগতে তাঁহার পর বলিতে কেইই নাই। সকলেই তাঁহার আত্মীয়-সজন এবং সকলেই তাঁহার প্রেম ও করুণার পাত্র। এই ভাবে অধ্যাত্ম-উন্নতির পথে নিজেকে নিয়োজিত রাখিয়া ঘাহারা তাঁহার সাহায্য ও পরিচালনাপ্রার্থী তাহাদের সকলের প্রতিই তিনি তাঁহার সামাজিক কর্তব্য পালন করিবেন। সমাজের সার্বিক সাংস্কৃতিক উৎকর্ষের প্রতি গৃহস্থ-প্রতিপালিত এই সকল প্রমণেরা লক্ষ্য রাথেন।

জৈন নীতিশান্ত জাতিধর্ম-বিশেষে কর্তব্য কর্ম নির্ধারণ করে না। জন্ম হইতে প্রত্যেক মান্ন্যই সমান এবং প্রত্যেকেই তাহার ক্ষমতা ও ক্লচি-অন্ন্যায়ী গৃহস্থ বা সন্মাসী হইতে পারে। সে তাহার ইচ্ছান্ন্সারে সমাজ ও মর্যাদাযোগ্য অন্ন্যাদিত নীতি-ধর্ম প্রতিপালন করিতে পারে।

অ-তেয় ব্রত সম্পর্কে জৈন-ধারণা এই ক্ষেত্রে বিশেষ প্রষ্টবা। অর্থনৈতিক বৈষম্য হেতু স্বল্পকালের মধ্যে তৃইটি মহাযুদ্ধ জগৎ প্রত্যক্ষ করিয়াছে। জৈন দার্শনিকেরা সম্ভবতঃ পূর্বেই সমাজে এইজাতীয় অর্থনৈতিক বৈষম্য ঘটিতে পারে তাহা লক্ষ্য করিয়াছিলেন এবং সেই কারণেই গৃহীদের পক্ষে পরিমিত পরিপ্রহের নীতি বিশেষভাবে পালন করিতে নির্দেশ দিয়া গিয়াছিলেন। যদি প্রত্যেক গৃহস্থ তাহার অবস্থামুযায়ী স্বেচ্ছায় নিজ সম্পত্তি পরিমিত করিয়া লয় এবং তদতিরিক্ত সব কিছুই সমান্তকে বিলাইয়া দেয় তাহা হইলে পুঁজিপতি ও শ্রমিক, ধনী ও দরিদ্রের মধ্যে সভ্যর্বের কোন অবকাশ থাকে না। সারা বিশ্বে এই জাতীয় অর্থনৈতিক সামঞ্জস্ম প্রতিষ্ঠিত হওয়া উচিত; তাহা না হইলে অর্থনৈতিক বৈষম্য হইতে রাজনৈতিক এবং অবশেষে সামরিক বিরোধ দেখা দেয়। ফলে মহন্তমভাতা বিনষ্ট হইয়া যায়, মহন্তমসমাজের ভবিশ্বৎ স্বথ শান্তি অর্থনৈতিক অবস্থার নীতিসম্মত সাম্যের উপর অধিকতর নির্ভর করিতেছে।

উপসংহারের পূর্বে জৈনধর্মের অধ্যাত্মমূল্য সম্পর্কে হুই একটি কথা বলা যাইতে

পারে। পূর্বের আলোচনা হইতে ইহা স্থম্পষ্ট যে জৈনধর্ম অহিংসা ও সত্য ব্রতের উপর অধিকতর জোর দেয়। হংখ-কষ্টের মধ্যেও জৈন-সাধুদের ক্রিয়াকলাপের উদাহরণে জৈন-সাহিত্য পরিপূর্ণ। হংখকে জয় করা (উপদর্গ জয়) জৈন-সম্মাদীদের প্রধান বৈশিষ্ট্য ছিল। জৈন-সম্মাদীরা যখনই কোন বিরোধের সম্ম্থীন হইয়াছেন, এবং বিরোধীরা যখনই অত্যাচার ও মৃত্যুর ভয় দেখাইয়াছে, জৈন-সম্মাদীরা বিচলিত হয়েন নাই। বিরোধীদের অজ্ঞতা দেখিয়া মৃত্ হাস্থে তাহাদের উপর করণা প্রদর্শন করিয়াছেন।

এই শাস্ত অবস্থা অদাধারণ দাহদ ও মানদিক স্থৈর্বের পরিচয় দেয় যাহা কেবলমাত্র অধ্যাত্ম-শক্তি ও দাধনা হইতে জন্ম লইতে পারে। আত্মার এই অধ্যাত্ম-ক্ষমতা বা শক্তি গান্ধীজী রাজনৈতিক সংগ্রামে অক্যায়ের বিরুদ্ধে প্রয়োগ করিয়াছিলেন। দক্ষিণ আফ্রিকা ও ভারতবর্ধ উভয় স্থানেই তিনি দক্ষতার দহিত রাজনীতিক্ষেত্রে তাঁহাব যে প্রতিদ্দ্রীদের হস্তে ধ্বংদ ও অত্যাচারের দাধারণ হাতিয়ার ছিল তাহাদের বিরুদ্ধে এই অধ্যাত্ম অস্ত্র প্রয়োগ করিয়াছিলেন। স্কতরাং গান্ধীজী অহিংদা ও সত্যকে বিশ্ব-মর্থাদায় তুলিয়াছেন। দমাজ ও রাজনীতিক্ষেত্রে সত্য ও অহিংদার প্রয়োগ নিঃসন্দেহে ইহার অধ্যাত্মমূল্য প্রমাণ করিয়াছে। অহিংদা ও সত্যাগ্রহের অত্মে দজ্জিত থাকিলে পশুশক্তির উপর নির্ভরশীল যে কোন শক্রর উপর জয়লাভ করা যায়। জীবিতাবস্থায় গান্ধীজী যুদ্ধোত্মত ও ভাবীকলহে ক্লিষ্ট জগংকে এই অধ্যাত্ম অস্ত্র দেওয়ার স্বপ্ন দেথিয়াছিলেন। তিনি আশা করিয়াছিলেন যে, এই অধ্যাত্ম আদর্শ ই জগংকে ক্লিষ্টকারী নানাবিধ অক্যায়ের নিরাময়ের কার্য করিতে সমর্য হইবে। আমরা আশা করি যে, গান্ধীজীর আদর্শই শেষ পর্যন্ত জয়ী হইবে, সংগ্রামশীল শক্তিগুলি শান্তিকামী জাতি হিদাবে পরিবর্তিত হইবে এবং জাতি-ধর্ম নির্বিশেষে সকলেই স্থেশ-শান্তিতে বাদ করিতে পারিবে।

দ্রপ্তব্য

১। তত্ত্বার্থাধিগম-স্ত্র-উমান্বামী

र्ष ।

৩। তুলনীয়—ধর্মাদয়ঃ সংজ্ঞাঃ সাময়িকাঃ—তত্ত্বার্থ-রাজ-বার্তিক

জৈন দর্শন: গ্রন্থবিবরণী

- ৪। ষ্টিভেন্সন্—দি হার্ট অব জৈনিজম্—১০৬ পৃষ্ঠায় স্ক্টব্য
- ে৷ তত্ত্বার্থাধিগম-স্থত্র, স্থায়াবতার ও ষড় দর্শনসমূচ্য় স্রস্টব্য
- ৬। তত্ত্বার্থাধিগম-স্থত্ত

গ্রন্থবিবরণী

উমাস্বামী—ইংরেজী অমুবাদসহ তথ্যপথিগম-স্ত্র, দি সেন্ট্রাল জৈন পাবলিশিং হাউস, আরা সিদ্ধসেন দিবাকর—ইংরেজী অমুবাদ সহ স্থায়াবতার, ইণ্ডিয়ান রিসার্চ সোসাইটি, কলিকাতা মলিসেন—স্থাদ বাদ-মঞ্জরী, চৌখাস্থা, বারাণসী হরিভক্স—বড়্-দর্শন-সম্চ্রয়—এশিয়াটিক সোসাইটি, কলিকাতা নেমিচক্স—ক্রবা-সংগ্রহ—দেন্ট্রাল জৈন পাবলিশিং হাউস, আরা জ্যাকবি—সেক্রেড্ বুক্স অব দি ঈস্ট, জৈন ধর্মগ্রন্থের ইংরেজি অমুবাদ মিসেদ্ এদ্ ষ্টিভেনসন্—দি হার্ট অব জৈনিজম্, অক্স্ফোর্ড ইউনিভার্সিটি প্রেস

দশম পরিচেছ্দ

বৌদ্ধ দর্শন

ক। প্রাচীন বৌদ্ধ মতবাদ

বুদ্ধের সময়ে দেশের সাংস্কৃতিক অবস্থা: প্রীষ্টপূর্ব ষষ্ঠ শতান্দীতে বৃদ্ধ জন্মগ্রহণ করেন।
ইহা এক আধ্যাত্মিক অস্থিরতার যুগ ছিল এবং প্রাচীন ধর্মের বন্ধন হইতে সমাজ ক্রত দরিয়া যাইতেছিল। বৈদিক ক্রিয়াকাণ্ডে উপাদনার আন্তরিকতা অপেক্ষা যজ্ঞবিধি-সমূহের আক্ষরিক প্রতিপালনের উপরই অধিক গুরুত্ব দেওয়া হইত। শাল্তের প্রতি আহুগত্য দেবভক্তির স্থান অধিকার করিয়াছিল। সমগ্র যজ্ঞবিধি জটিল ও ব্যয়বহুল হইয়া উঠিয়াছিল এবং আহুষ্ঠানিক ক্রিয়া সম্বন্ধে বহিরান্ধিক ক্রুটীবশতঃ ফল সম্বন্ধে অনিশ্চয়তার সম্ভাবনা থাকায় খাহারা নির্ভুল মম্বোচ্চারণ করিতে পারিতেন এবং সর্বপ্রকার যাগ-যজ্ঞের ক্রম্ম খুঁটিনাটির বিষয়্ন মরণ রাধিতে পারিতেন স্বভাবতঃই সমস্ত ক্রিয়া-কাণ্ডের উপর তাঁহাদের একাধিপত্য প্রতিষ্ঠিত হইয়াছিল। যাগ-যজ্ঞজনিত নিষ্ঠ্রতা অপ্রতিহতভাবে চলিয়াছিল এবং সম্ভবতঃ যজ্ঞের পৃষ্ঠপোষক রাজ্ঞবর্গের উদ্ভব হওয়ায় পুরোহিত শ্রেণীর ধনলিক্ষা কিয়ংপরিমাণে বৃদ্ধি পাইবার স্বযোগ লাভ করিয়াছিল।

ঐ সময়ে দেশে এমন কতকগুলি দার্শনিক চিন্তাধারা প্রচলিত ছিল যাহ। হইতে একেশ্বরাদ ও অবৈতবাদের উত্তব হওয়া সন্তবপর। জীবনের শেষভাগে ব্যয়বছল দ্রব্যয়য় যজ্ঞাদির সাহায়্য না লইয়াই ঈশ্বরের ধ্যান ও সাধনা করার জন্ম বনগমনের প্রথাও ক্রমেই বাড়িতেছিল। তাহা ছাড়া আত্মজ্ঞান, ধ্যান এবং নৈতিক আচরণকে আধ্যাত্মিক উন্নতিলাভের অপরিহার্য উপায় স্বরূপ গণ্য করিয়া ইহাদের উপরে সমধিক গুরুত্ব অর্পণ করা হইতেছিল। এই সকল কারণ জটিল দেববাদ, আড়ম্বরপূর্ণ ক্রিয়াকাণ্ড এবং পুরোহিত সম্প্রদায়ের একাধিপত্যের বিরুদ্ধে কাজ করিতেছিল। সম্ভবতঃ সিন্ধু উপত্যকার স্থমেরো-দ্রাবিড় সংস্কৃতির দহিত সংঘর্ষের ফলে এবং আর্থ-সংস্কৃতির প্রভাবের প্রাচীন সীমান্তের বাহিরেও পূর্ব ও দক্ষিণে যেখানে পার্বত্য এবং বক্তমাতিরা ক্রমণ্ড বা আর্থ্য সভ্যতা বিস্তারের প্রতিরোধের চেষ্টা করিতেছিল এবং ক্রমণ্ড বা আর্থ্য প্রশান্ধতি ও চিন্তাধারা অন্থকরণ করিতেছিল। সেই সকল স্থলে এই সংস্কৃতি বিস্তার বাস্থনীয় মনে হওয়ায় উহাকে সম্ভবতঃ যুগোপথোগী এক নৃতনরূপ

বৌদ্ধ দর্শন : প্রাচীন বৌদ্ধ মতবাদ

দিবার চেষ্টার প্রয়োজন হইয়া পডিয়াছিল। আর্থসভাতা ভারতের প্রাচীনতর সংস্কৃতিগুলির নিকট কডটা ঋণী সে সম্বন্ধে এতকাল পরে সঠিকভাবে কিছু বলা যায় না, তবে কেহ কেহ এইরূপ মনে করেন যে যৌগিক ধ্যান, কুচ্ছ নাধনা, জন্মান্তরবাদে বিশ্বাদ প্রভৃতি এবং শিবপূজা এবং পরবর্তীযুগের শক্তিপূজা পদ্ধতি অনার্যদের নিকট হইতে আদিয়াছে। প্রাচীন বৌদ্ধ দাহিত্যে বৈদিক তত্ত্ব এবং ক্রিয়াকাণ্ড সম্পর্কে যে জ্ঞানের পরিচয় পাওয়া যায় তাহাতে ক্রিয়াকাণ্ডের পদ্ধতির কোন বিস্তৃত বিবরণ পাওয়া যায় না। সম্ভবতঃ এই জ্ঞান সাধারণ লোকের বিশ্বাস এবং ধর্মসহস্ধীয় ক্রিয়াকাগুকে বৃদ্ধিপূর্বক পর্যবেক্ষণ করিয়া সংগৃহীত হইয়াছিল। বৌদ্ধ সাহিত্যে বৈদিক ধর্মের প্রতি একটা বিদ্ধপের মনোভাব ছিল। বৈদিক কর্মকাণ্ডের সমালোচনা অবশ্র ইহার পূর্বেই আবম্ভ হইয়া গিয়াছিল, কারণ, এমন কি উপনিষদ্গুলিতেও যাগযজ্ঞের যে বিশেষ কোন উপকারিতা নাই ইহা বলা হইয়াছিল এবং আনন্দপূর্ণ পবলোক লাভ করিবার শ্রেষ্ঠ উপায় হিদাবে চরমতত্ত্বের জ্ঞানকেই গুক্ত দেওয়া **इ**हेग्नोहिन। योहाता निर्जुनजात यागयळानि मन्नामन करत जाहारनत गरुवाचन त्य মনোরম স্বর্গভূমি ইহা তাহাব ক্লায় নহে, কিন্তু ইহা একটি ছ:খহীন আধ্যাত্মিক শাস্তিপূর্ণ অবস্থা। এই অবস্থাব স্বরূপ সম্বন্ধে বিভিন্ন মত প্রচলিত ছিল, কিন্তু ইহা যে কষ্টসাধ্য নৈতিক প্রচেষ্টার ফল এবং জগতের ক্ষণস্থায়ী বস্তু সমূহেব প্রতি নিবিড় আদক্তি এবং কামনা ও বিভৃষ্ণাপূর্ণ ইন্দ্রিয়জীবনের আলোড়নের অনেক উর্ধেনে শম্বন্ধে কোন মতভেদ ছিল না।

চিন্তাৰ আলোডনেৰ কেন্দ্ৰখন মগধঃ যে অঞ্চলে বৃদ্ধ এবং মহাবীব জীবন যাপন করিয়াছিলেন, শিক্ষা দিয়াছিলেন এবং দেহরক্ষা করিয়াছিলেন, দেই অঞ্চলেই বোধ হয় মনোভাবের এই পরিবর্তন অধিক প্রকট হইয়াছিল। উপনিষদ্দমূহে ব্রন্ধের স্বরূপদম্বন্ধীয় যে দকল চিন্তা দেখা যায় এবং যেগুলি দাধারণতঃ কর্মকাণ্ডেব বিরোধী মগধের রাজ্যনভা যে কোন উপযুক্ত কারণ ব্যতীতই দেই দকল চিন্তার বিকাশেব পক্ষে অফ্কুল স্থান হইয়াছিল একথা বলা যায় না। ব্রন্ধজালস্ত্ত্বের কথা সত্য হইলে কর্মকাণ্ড বিরোধী সম্প্রদায় বহুদংখ্যক এবং নানাশ্রেণীর ছিল। বৌদ্ধদের দৃষ্টিভঙ্গী হইতে যে ছয়জনকে প্রধান নান্তিক আচার্য (তীর্থিক) বলিয়া গণ্য করা যাইতে পারে যথা পুরাণ কস্দপ, মক্থলি গোদাল, অজিত-কেশ-কম্বলিন, পক্ধ-কচ্চায়ন, নিগন্থ-নাটপুত্ত এবং সঞ্জয় বেলট্ঠপুত্ত—তাঁহার। ব্যতীত আরও অনেকে সামাজিক, ধর্মীয় এবং দার্শনিক সমস্থাগুলির নৃতনভাবে সমাধানের চেষ্টা করিতেছিলেন এবং স্থান হইতে স্থানান্তব্রে ভ্রমণ করিয়া তাঁহাদের মতগুলি দেশের সর্বত্র প্রচার করিয়া সকলের

মধ্যে সন্দেহ, অবিশাদ ও প্রচলিত মতের বিরোধিতা বিন্তার করিবার চেটা করিতেছিলেন। এই পরিবাজকরা সাংসারিক বিষয়ে প্রদাসীয় অবলয়ন করিতেন কিন্তু মনে হয় বে তাঁহাদের মধ্যে ঘাঁহারা অধিক উচ্চাকাজ্রী তাঁহারা একে অপরের উপদেশ ও আচরণ সমালোচনা করিতেন এবং যাহারা পিতৃ-পিতামহদের প্রাচীন ধর্মেই দৃঢ় বিশাসী ছিল তাহাদের নেতৃত্ব করিতে চেটা করিতেন। ইহা সত্য যে তথন পর্যন্ত অনেকেই যজ্ঞ তপস্যা প্রভৃতি প্রাচীন পদ্ধতিতে বিশাদ করিত, কিন্তু সম্ভবতঃ নাগরিক সভ্যতা যতই বিস্তারলাভ করিতে লাগিল এবং এক নৃতন শ্রেণী-চৈত্র জাগ্রত হইবার ফলে লোকেরা যতই আধ্যাত্মিক বিষয়ে রাহ্মণদের একাধিপত্য সম্বন্ধে প্রশ্ন তৃলিতে থাকিল এবং যে ক্রিয়াকাণ্ডে রাহ্মণের উপস্থিতি অপরিহার্য তাহার বিরোধিতা করিতে লাগিল ততই এই দকল পদ্ধতি ক্রমশঃ পুরাতন হইতে থাকিল। প্রাচীন আধ্যাত্মিক জগতে যে সকল লোকের এবং যে সকল অঞ্লের স্থান নীচে ছিল যভাবতঃই তাহাদের মধ্যে এবং দেই দকল অঞ্লে বিল্রোহের চিহ্ন দেখা দিয়াছিল এবং আর্যভূমির প্রাস্তে অবন্থিত যে অঞ্চল একদিন মহাবীর ও বৃদ্ধের ধর্ম-প্রচার ভূমি হইবে তাহা নানারপ আধ্যাত্মিক অসন্তোষে পূর্ণ হইয়াছিল।

বিভিন্ন জাতিভূক্ত এই পরিবাদ্ধকণণ প্রাচীন প্রথাম্যায়ী দেবতা, ঋষি ও পিতৃপিতামহদের ঋণ পরিশোধ করিবার পূর্বে গৃহত্যাগ করিয়া যাইতেন। কোন গুরুর আশ্রমে থাকিয়া আত্মোৎকর্ব লাভ করাই তাঁহাদের লক্ষ্য ছিল। এই গুরুই প্রকৃতপক্ষে দেবতাদের স্থান অধিকার করিতেন। মানব, মানবের কর্তব্য ও তাহার চরমগতি সম্বন্ধে নিজেদের এক দার্শনিক মতবাদ গঠন করাই তাঁহাদের পদ্ধতি ছিল।

বুদ্ধের সভা স্থান : মহাসন্ত্রাস গ্রহণ করিবার পর বুদ্ধ এই সন্ত্রাসী সংঘে যোগদান করিয়াছিলেন এবং অক্টান্ত অনেকের স্থায় বাঁহার নির্দেশক্রমে যোগাভাস করিতে পারেন প্রথমে এমন একজন গুরুর সন্ধান করিয়াছিলেন। অনৃশিয়ায় কয়েকদিন নিজেকে সন্ত্রাসীজীবনে অভ্যন্ত করিয়া তিনি রাজগৃহে (অধুনা রাজগির) গমন করিলেন। রাজগৃহে মগধের রাজধানী ছিল এবং এইস্থানে বিশ্বিসার রাজত্ব করিতেন। তাহার পর তিনি ক্রমান্ত্রে আলারা কালাম এবং উদ্ধক রামপুত্ত নামে ছইজন খ্যাতনামা দার্শনিক আচার্যের শিশ্বত গ্রহণ করিয়াছিলেন। আত্মা, অনাত্মা ও তাহাদের বিভেদের জ্ঞান অতিক্রম করিয়া জ্ঞানের প্রবাহকে রোধ করিবার জ্ঞা বিভিন্ন ভরের সমাধি বা ধ্যান (সমাপত্তি) সাধনা করিয়া কি ভাবে জীবনের সকল তৃঃথকন্ট নিবারণ করিতে পারা যায় তাঁহারা ভাহাই শিক্ষা দিতেন। ধ্যান বা সমাধির এই অবস্থা বৃদ্ধ নিজেই প্রাপ্ত ইয়াছিলেন বলিয়া দাবী করিতেন। ইহা মনে করা

বৌদ্ধ দর্শন : প্রাচীন বৌদ্ধ মতবাদ

অসকত হইবে না যে, তাঁহার শিক্সত্মকালে তাঁহার আচার্যগণ তথনকার স্থপ্রচলিত ষে সকল দর্শনশাস্ত্রের সহিত পরিচিত ছিলেন তিনি সেইগুলির কিছু কিছু জ্ঞানলাভ করিয়াছিলেন এবং এই সকল দর্শনের মতবাদ পরবর্তীকালের সাংখ্যদর্শনসম্মত জড় ও আত্মার তাত্মিক বিভেদ এবং পরবর্তীকালের যোগশাস্ত্রে বিহিত দেহকে বশীভূত করিবার এবং আত্মার বিস্তারসাধনের জন্ম ব্যবহারিক প্রক্রিয়ার অমুকূল ছিল।

ইহা নিশ্চিত যে বুদ্ধের আবির্ভাবের পূর্বে ভারতীয় চিস্তাধারা সন্ন্যাদের আদর্শের দিকে অগ্রসর হইতেছিল। যৌনব্যাপার স্বভাবতঃই তীত্র ঘুণার বিষয় ছিল এবং যৌন পবিত্রতা বা শুদ্ধতা বলিতে যৌনসম্পর্কিত সকল প্রকার চিস্তা, ক্রিয়া ও বাক্য সম্পূর্ণভাবে বর্জন এবং সংসার ত্যাগকেই বুঝাইত। আহার সংষম এবং তাহার পরিণতি উপবাস, নিজ্রা, বিশ্রাম প্রভৃতি শারীরিক স্বাচ্ছন্দ্যের প্রতি উদাসীন্ত, পরিচ্ছদের স্কল্পতা যাহা প্রায় পূর্ণ নগ্নতারই অফ্রমপ, যাহা মাফ্র্যের বিপুকে উদ্দীপ্ত করে এবং অপরের ক্লেশ সম্বন্ধে উদাসীন্ত্রর অভ্যাসের স্পৃষ্টি করে সেই আমিষ থাছা ত্যাগ—এইগুলি তথনকার ধর্মপ্রচারকর্মণ অল্প বা অধিক কঠোরতার সহিত অভ্যাস করিতেন।

বোধি-প্রাপ্তিঃ আমরা ইহা মনে করিতে পারি যে, বৃদ্ধ তাঁহার শিক্ষকদের নিকট হইতে তাঁহার প্রার্থিত বস্তু না পাইয়া যেক্ষেত্রে সমাধি দারা স্থফল লাভ হয় নাই সেক্ষেত্রে কোন ব্যবহারিক পদ্ধতি অবলম্বন করিয়া জগতের বহস্তের সমাধান করিতে পারা যায় কি না দেখিবার জন্ম প্রাচীনকাল হইতে প্রচলিত কুদ্রুসাধনার পথ গ্রহণ করিলেন। তিনি ছয় বংসর ধরিয়া যে চেষ্টা করিয়াছিলেন তাহার বিশদ বর্ণনা তিনি নিকায়গ্রন্থ লিতে নিজেই দিয়াছেন। তাহার পর তিনি অধিকতর কঠোর তপশ্চর্যায় রত হইলেন এবং প্রগাঢ় ধ্যানের সাহায্যে বিশের রহস্থ এবং ব্যক্তিজীবনের অন্তর্যক্ষ প্রদেশের তত্ত্ব আবিদ্ধার করিতে চেষ্টা করিলেন, কিল্ক অভ্যধিক উপবাসের ফলে ত্র্বল হইয়া মৃর্চ্ছিত হইয়া পড়িলেন। তথন তিনি চরম কৃদ্রুসাধনার নিফলতা উপলব্ধি করিলেন এবং পূর্বের স্থায় আহার করিতে আরম্ভ করিলেন। ইহার ফলে পাঁচ জন সন্ম্যাসী তাহার প্রতি বিশ্বাস হারাইয়া তাহাকে ত্যাগ করিয়া গেলেন। তথন তিনি জগতের সমস্থাসমূহের সমাধান করিবার জন্ম তাহার শেষ পদ্ধতি অবলম্বন করিলেন এবং স্কল হইলেন।

তিনি সকল প্রকার কুৎসিত চিস্তা ও সংস্থার দমন করিলেন এবং বাসনা (তৃষ্ণা), কামনা (রাগ), ঘুণা (অ-রতি) জয় করিলেন। তিনি প্রথমে আত্মা তাহার পর সকল মানবের চরম গতি, অবশেষে সমগ্র বিশ্ব, অর্থাৎ, যাহাকিছুর অন্তিত্ব আছে,

তাহার রহস্ত সম্বন্ধে গভার হইতে গভারতর অন্তন্ ষ্টি লাভ করিলেন। তিনি বোধি লাভ করিলেন এবং জ্ঞানী (বৃদ্ধ) বলিয়া অভিহিত হইবার দাবী প্রতিষ্ঠিত করিলেন। ঠিক এইরূপ লোভের (মারের) বিরুদ্ধে সংগ্রামে জ্বয়ী হইয়া তিনি বীর এবং জ্বয়ী (জ্ঞান) আখ্যা লাভ করিলেন। তখন হইতে তিনি তথাগত (মিনি বল্পসকলের স্বরূপ অবগত হইয়াছেন) বা অর্হং (পৃজনীয়) বলিয়াও অভিহিত হইতেন। ইহা স্পাইই বুঝা যায় যে বৃদ্ধ কতকগুলি প্রাচীন নীতি ও ধর্মসম্পর্কীয় আচারের পালনীয়তাও বিশাসের সত্যতা সম্বন্ধে কোন প্রশ্ন তুলেন নাই এবং শেষ পর্যন্ত তিনি তাহাদের কতকগুলিকে বর্জন করিলেও অপর কতকগুলিকে তাঁহার নিজের মতবাদ ও ব্যবহারনীতিতে স্থান দিয়াছিলেন।

বুদ্ধের নব আবিষার: উরুবেলাতে নেরঞ্জরা তীরে সেই সম্কটময় রাত্তিতে বুদ্ধ কোন্ বিশিষ্ট তত্ত্ব আবিষ্কার করিবার দাবী করিয়াছিলেন ? স্বভাবতঃ প্রাচীন বৌদ্ধ মতবাদ কি ছিল তাহা জানিবার জন্ম পালি ধর্মগ্রন্থ এবং বিশেষ করিয়া ধন্মচক-প্লবন্তনস্থত, অনস্তালক্থণস্থ প্রভৃতি যে দকল গ্রন্থে বৃদ্ধের নিজের বাণীসমূহ উদ্ধৃত আছে বলিয়া মনে করা হয় তাহাদের উপরেই আমাদিপকে নির্ভর করিতে হইবে। তুর্ভাগ্যবশতঃ বর্তমান পালি স্বত্তগ্রন্থলিতে বুদ্ধ স্বয়ং যাহা বলিয়াছিলেন ও করিয়া-ছিলেন তাহার কোন যথার্থ বিবরণ পাওয়া যায় না। এইগুলিতে আদি বৌদ্ধ সংঘের প্রাচীন ও পরবর্তী বিশাসসমূহ লিপিবদ্ধ আছে, স্থতরাং বুদ্ধের প্রকৃত মতবাদকে তাঁহার প্রাচীন শিয়গণের ও পরবর্তী যুগের ত্রি-পিটকের সম্পাদকগণের চিন্তাদমূহ হইতে পৃথক্ করা খ্ব দহজ্বাধ্য নয় এরপ মনে করা অদঙ্গত হইবে না। হয়ত বুদ্ধের মন কালক্রমে বিকাশলাভ করিয়াছিল অথবা তাঁহার শিক্ষা এবং প্রচারক-জীবনের প্রয়োজনামুদারে তাঁহার চিস্তার মধ্যে যে দকল ত্রুটি ছিল দেগুলি দংশোধন করা হইয়াছিল এবং পূর্বের অসংলগ্ন উক্তিগুলিকে স্থসংবদ্ধ করিবার জন্ম একটি নৃতন পদ্ধতি উদ্ভাবিত হইয়াছিল, অথবা স্থানীয় প্রয়োজন মিটাইবার জন্ত মূল মতবাদের মধ্যেই সামাক্ত সামাক্ত পরিবর্ধন বা পরিবর্তন করা হইয়াছিল, অথবা ক্রমবর্ধমান সংঘে নিয়মামুবর্তিতা রক্ষা করিবার জন্ম এবং সকলের বুঝিবার স্থবিধার জন্ম চিস্তা ও ব্যবহারক্ষেত্রে বিস্তৃত উপদেশ দেওয়ার প্রয়োজন হইয়াছিল এবং যাহাতে শ্রোত্বর্ণের বোধশক্তির উপযোগী হইতে পারে অথবা কোন বিশেষ সময়ের প্রয়োজন মিটাইতে পারে এই ভাবে জগৎ দম্বন্ধে বিভিন্ন মতবাদ প্রচার করিতে হইয়াছিল।

ইহার ফলে পরবর্তীকালে বৃদ্ধের উপদেশে প্রজ্ঞা (জ্ঞান) এবং উপায় (আকার), ক্মর্থাৎ, আলোচনার উপাদান এবং তাহার আকার উভয়কে সংযুক্ত করার প্রয়োজন

বৌদ্ধ দর্শন: প্রাচীন বৌদ্ধ মতবাদ

হইয়াছিল। কিন্তু ভিন্নধর্মের প্রবর্তকদের উপদেশের শ্রেষ্ঠিত্ব সম্বন্ধে দাবীর সম্থীন হইয়া এবং তাঁহাদের ভূলনায় আপনাদের ধর্মপ্রবর্তকের শ্রেষ্ঠিত্ব প্রতিপাদন করিতে কৃতসংকল্প হইয়া ধর্মপ্রাণ ও কুসংস্কারাচ্ছন্ন যাজকগণ ও সাধারণ লোকেরা যে সম্ভবতঃ অথবা নিশ্চয়ই বৃদ্ধের নিজ উপদেশগুলি বিস্তৃতভাবে ব্যাখ্যা করিয়াছিল এবং ঐগুলিতে বহুবিষয় যোজনা করিয়াছিল এরূপ মনে করিবার পক্ষে যথেষ্ট যুক্তি আছে। বৌদ্ধ স্বত্ত সাহিত্য পালিভাষায় রচিত, বৃদ্ধ সম্ভবতঃ যে ভাষায় কথা বলিতেন সেই মগধীয় ভাষায় নয়, এবং এই পালিভাষা সৌরদেনী প্রাক্তবের একটি বিশেষরূপ অবস্তীভাষার সহিত সংশ্লিষ্ট, তাহা হইলেও, ওল্ডেন্বার্গের মত অমুসরণ করিয়া আমরা বলিতে পারি যে বৃদ্ধ দার্শনিক তত্ত্ব সম্বন্ধে উপদেশ দেন নাই কেবলমাত্র কতকগুলি সহজ্ব বিষয় শিক্ষা দিয়াছিলেন এইরূপ ধারণার বশবর্তী হইয়া প্রাচীন বৌদ্ধর্মে জটিল চিস্তার কোন স্থান নাই ইহা মনে করা সঙ্গত হইবে না।

বুদ্ধের সারনাথে প্রদত্ত উপদেশাবলী নির্ভরযোগ্য বলিয়া মনে করিলে তাঁহার একটি উপদেশকে মূল উপদেশ বলিয়া গ্রহণ করা ষাইতে পারে। তাহা হইতেছে এই যে, শারীরিক অস্থস্তভা দম্বন্ধে যেমন ইহা সত্য যে রোগ, রোগ হেতু, আরোগ্য এবং ভৈষজ্য আছে দেইরূপ হৃঃথ (হেয়) এবং হৃঃথের কারণ (হেয়-হেতু) যেমন আছে তেমনই হঃথের নিরাময় (হান) এবং দেই নিরাময়ের উপায় (হানোপায়) আছে। ভেষজ শাল্প এবং মানসিক স্বাচ্ছন্দ্য এই উভয় ক্ষেত্ৰেই 'নিদান' শব্দটি ত্বংখের কারণ ব্যাইতে ব্যবহৃত হইয়া থাকে। ত্বংখ, সমুদয় (ত্বংখের কারণ), নিরোধ (তু:খ-নিবারণ) ও মার্গ (তু:খনিবারণের উপায়) – এইগুলি হইতেছে চারিটি আর্য সত্য। এইগুলিকে স্বীকার না করিলে অধ্যাত্মসাধনা নির্থক হইয়া পড়ে। ইহা তুঃথবাদ হইতে পারে, কিন্তু যে আশাবাদ বলে যে আমরা যদি তুঃথ-নিবারণের উপায় অবলম্বন করিতে বিমুখ না হই এবং পিতৃপিতামহদের প্রবর্তিত নিক্ষল ক্রিয়াকাণ্ড অমুসরণ না করি অথবা সম্পাময়িক ব্যক্তিদের ভ্রান্ত উপদেশ পালন না করি তাহা হইলে জীবনের সমস্ত ছঃখ পরিহার করা যায় সেই আশাবাদ ইহার কঠোরতা ব্রাদ করিয়াছে। জীবনে যে দকল অস্থবিধা ভোগ করিতে হয় তাহাদের জন্মই যে জীবের ত্র:খ তাহা নয়, জীবনধারণ করাটাই ত্র:খ। কাম, রূপ এবং অরূপ এই তিন লোকে জন্মগ্রহণ করিয়া যে কোনরূপ জীবন ধারণ করিলেই বার্ধক্য, ব্যাধি, ক্ষম ও অক্সান্ত অপ্রীতিকর অভিজ্ঞতা এবং মৃত্যু অবশ্রম্ভাবী। নারকীয় প্রাণী, ইতরপ্রাণী, পিশাচ, রাক্ষ্স, মহয় এবং দেবতা—ইহাদের মধ্যে কেহই ছঃখ হইতে মৃক্ত নয়। বদিও সাধারণ লোকেদের মধ্যে দেবতাদের সম্বন্ধে এক অন্ধ বিশাস প্রচলিত আছে যে দেবতার। চিরজীবী এবং চিরস্থপী—এই বিশাস ভ্রান্ত, কারণ দেবতারাও ক্ষয়প্রাপ্ত হইয়া পৃথিবীতে জন্মগ্রহণ করেন। এইস্থানে সকল জীবের মধ্যে একমাত্র মহয়াই অধ্যাত্ম অন্তর্গৃষ্টির মধ্য দিয়া নির্বাণ লাভ করিতে পারে এবং সকল প্রকার হুংথের নিরদন করিতে পারে। মিদেস্ রাইস্ ছেভিড্স্ এই সকল সত্যগর্ভ উপদেশ বুদ্ধের মূল উপদেশ সমূহের অন্তর্ভুক্ত ছিল কি না সে সম্বন্ধে সন্দেহ প্রকাশ করিয়াছেন কিন্তু ওল্ডেনবার্গ বিশ্বাস করেন যে এগুলি প্রাচীন বৌদ্ধমতেরই অংশ।

ইহাদের মধ্যে দিতীয় সত্য সম্বন্ধে আলোচনা করিতে গিয়া আমরা এক মহা मत्म्राट्य मञ्जूथीन रहे। , घानम-श्रष्टि विभिष्ठे कांत्रण मृद्धन, घानम निमान व्यथवा ঘাদশ উৎপাদ অথবা পপ্রতীত্যসমূৎপাদ কি বৃদ্ধের মূল উপদেশের অংশ ছিল? অখজিং (অসুসজি) যথন সারিপুত্তকে বলিয়াছিলেন যে, বৃদ্ধ সকল ক্ষণস্থায়ী বস্তুর কারণ এবং কিভাবে তাহা নিরোধ করা যায় তাহার উপায় আবিষ্কার করিয়াছেন তথন তিনি বৌদ্ধর্মে দীক্ষিত হইলেন। পরবর্তী যুগের বহু বৌদ্ধভাস্কর্যবিশিষ্ট শিলাথণ্ডে ক্লোদিত একটি শ্লোকের (যে ধমা হেতুপ শভবা হেতুন্ডেষাং তথাগতো হ্বদদ্ তস্ত্র যো নিরোধো এবম্ অবাদি মহা শ্রমণো) আকারে ইহা দেখিতে পাওয়া যায়। মজ্বিম নিকায়েও বলা হইয়াছে যে, যিনি পতিচ্চসমূপ্পাদকে (যাহা কিছু আছে তাহা কারণ পরম্পরা হইতে উদ্ভত এই তত্ত্ব) বুঝিয়াছেন তিনিই ধম কি তাহা বুঝিয়াছেন, এবং বিপরীতক্রমে যিনি ধম বুঝিয়াছেন তিনি পতিচ্চসমূপ্পাদ ও বুঝিয়াছেন। কারণ ক্রিয়া করিলে কার্যের আবির্ভাব ঘটে এবং কারণ ধ্বংস হইলে কার্ষের তিরোভাব ঘটে—এই কার্য-কারণ নিয়ম বুঝিতে পারাই ধম। মিদেস্ রাইস্ভেভিড্স বৃদ্ধ যে এই কার্য কারণ নিয়ম প্রতিপাদন করিয়াছিলেন এই মতের প্রবল বিরোধিতা করিয়াছেন। তাঁহার মতে বুদ্ধ প্রধানতঃ একজন পথ-প্রদর্শক ও পরিচালক ছিলেন, "কারণ, তিনি যে মার্গ পূর্বে স্কষ্ট করিয়াছিলেন, যে মার্গ পূর্বে কেহ দেখে নাই তিনি তাহা দেখাইয়াছিলেন, যে মার্গের কথা পূর্বে কেহ বলে নাই তিনি তাহার কথা বলিয়াছিলেন, তিনি ছিলেন মার্গের আবিষ্কর্তা, দ্রষ্টা এবং নিয়স্তা।"

কিভাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করিয়া উন্নতিলাভ করা যায় এবং মানব প্রকৃতির অন্তর্নিহিত শ্রেষ্ঠ সম্ভাবনাগুলিকে বান্তব রূপ দিতে পারা যায় তিনি মানবদিগকে তাহাই শিকা দিয়াছিলেন; কারণতত্বসম্বন্ধে শুষ্ক সাধারণ নিয়ম—বিশ্বন্ধগৎ সম্বন্ধে প্রযুক্ত হইয়া যাহা বৈদিক সাহিত্যে ঋত নামে পরিচিত ছিল—সে সম্বন্ধে চিন্তা করিতে

বৌদ্ধ দর্শন: প্রাচীন বৌদ্ধ মতবাদ

উপদেশ দেন নাই। তাহা হইলেও বৌদ্ধেরা বিনা দিধায় ইহাই বলিয়া আসিতেছেন যে, বৃদ্ধ এই কার্য-কারণ নিয়ম মাহুষের অন্তর্জগতেও প্রয়োগ করিয়াছিলেন এবং এই নিয়মের ক্রিয়া কিভাবে মাহুষের ভাপানিয়ন্ত্রণ করে—কিভাবে এক স্থনিয়ন্ত্রিত কার্য-কারণ শৃল্খলের আদি কারণ অজ্ঞান হইতে মাহুষের জন্ম হয়, এবং যে আধ্যাত্মিক অন্তর্দৃষ্টি সকল বন্ধের কারণ অজ্ঞানকে দ্র করে তাহার উদয় হইলে কিভাবে মাহুষের মৃক্তি হয় তাহা বুঝাইয়াছিলেন।

প্রতীত্যসম্পোদ: পালি ধর্মগ্রন্থে প্রতীত্যসম্পাদ অথবা কার্য-কারণ শৃঞ্জলার আবিষ্কাররপ ঘটনাকে অত্যন্ত আড়ম্বরের সহিত এইভাবে বর্ণনা করা হইয়াছে: বুদ্ধের বোধিপ্রাপ্তির ইহাই চরম অবস্থা, বুদ্ধ যখন বিভিন্নভাবে কার্য-কারণ শৃঞ্জলের ঘাদশটি গ্রন্থি গণনা করিতেছিলেন তথন দশ সহস্র জগতে ঘাদশবার প্রবল আলোড়নের স্প্রেই ইইয়াছিল, তাঁহার এই বোধিপ্রাপ্তিতে সারা বিশ্বে আনন্দের সঞ্চার হইয়াছিল, বোধিপ্রাপ্তির পর বৃদ্ধ তাঁহার মনে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করিবার জন্ম সাত দিন রাজি ধরিয়া এই কারণ-শৃঞ্জলকে বারবার আবৃত্তি করিয়াছিলেন এবং তিনি সাত্যপ্রাহ পর্যন্ত ঐ স্থান ত্যাগ করেন নাই। এই বর্ণনা হইতেই বুঝা যায় যে, যে তন্ধ আধুনিক কাল পর্যন্ত ভান্থকার এবং ব্যাখ্যাকারদের অপরিমিত ক্লেশের কারণ হইয়াছে, তাহার উপর বৌদ্ধ শ্রমণ ও পণ্ডিতগণ কতটা গুরুত্ব দিয়াছিলেন। কেহ কেহ বলিয়াছেন যে, কার্য-কারণ শৃঞ্জলের ন্যায় কঠিন তত্ব জনসাধারণের উপযোগী বাণী হইতে পারে না। কিন্ত বুদ্ধের সময়ে বিভিন্ন জীবনাদর্শ বিশিষ্ট বহু পরিবাজকের উপদেশ লোকরা মনোখোগের সহিত শুনিত ইহা মনে রাখিলে এই আপত্তিকে বিশেষ গুরুত্বপূর্ণ বিলয়া মনে হইবে না।

সমন্ত চেতন জীবের জগং নিয়মের অধীন, এই তত্তকে বৃদ্ধ কি স্বয়ং অথবা তাঁহার কোন অহগানী প্রতীত্যসম্পোদের ভাষায় প্রকাশ করিয়াছিলেন ইহাই হইতেছে প্রকৃত প্রশ্ন। আমাদের ভাগা যে আমাদের দারাই স্বষ্ট এবং দেবতাদের থেয়ালের উপর নির্ভর করে না, স্ক্তরাং উহাকে যথাযথ চেটা দারা নিয়ন্ত্রিত করিতে পারা যায়, ইহা নিশ্চয়ই বৃদ্ধের মূল উপদেশের অংশ ছিল, পরবর্তী যুগের বৌদ্ধান্থ ইহাকে যে ভাবেই পরিবর্ধিত করুক না কেন। যজ্ঞকালে যে সকল দেবতাকে আহ্বান করা হইত তাঁহাদের কুপার অপেক্ষা না রাথিয়াই মন্ত্রসমূহ নিজেরাই ফলপ্রস্থ হইতে পারে, এই বলিয়া যদি ব্রাহ্মণগুলিকে মন্ত্রের প্রশংসা করা হইয়া থাকে, এবং উপনিষদগুলিতে যদি স্বর্গের দেবদেবীগণের গুরুত্ব হ্রাস করা হইয়া থাকে তাহা হইলে দৈব প্রভাবকে উপেক্ষা করিয়া কার্য-কারণ নিয়মের স্বয়ং-সম্পূর্ণতা শিক্ষা দেওয়াই বৃদ্ধ যুক্তিযুক্ত

বলিয়া স্থির করিয়াছিলেন। এই নিয়মই মন্তুয়ের ভাগ্য সম্পর্কে কর্মনিয়ম বলিয়া পরিচিত হইয়াছিল। তংকালীন যে সকল নান্তিক মতবাদ দর্শন ও জীবনে দৈবশক্তির কোন স্থান আছে বলিয়া স্বীকার করে নাই, সেই সকল মতবাদে স্বভাবতঃই মানবেচ্ছার সমস্তা যেমন অধিক গুরুত্বলাভ করিয়াছিল তেমনই বাহিরের কোন অতীন্দ্রিয় কারণের সাহায্য না লইয়াই সসীম জীবের উৎপত্তি, স্বভাব, ক্রিয়া ও অন্তিমগতির ব্যাখ্যা করিবার প্রয়োজনও অমুভূত হইয়াছিল। ইউরোপে দোফিষ্ট মত ও মানবতাবাদ —এই তুই চিস্তাধারায় যেরপ সেইরূপ বুদ্ধের সময়ে ভারতেও ধর্মসম্বন্ধীয় ও দার্শনিক বিচারে মামুষই আগ্রহের কেন্দ্রস্থল হইয়া দাঁডাইয়াছিল। কিন্তু মামুষের বৃদ্ধি-শক্তি নয়, পরস্তু নৈতিক উৎকর্ষ ও কঠোর অধ্যাত্মসাধনা দারা মাত্র্য কত উচ্চ স্থান অধিকার করিতে পারে, মানসিক ও শারীরিক শিক্ষা দারা সে কতটা অন্তর্দৃষ্টি ও শক্তিলাভ করিতে পারে, জীবনের হুঃখদমূহের প্রতি উদাদীন্ত অভ্যাদ করিয়া এবং ব্যক্তিগত অধ্যাত্ম উন্নতির ক্ষেত্রে দৈবপ্রভাবের অযথা প্রবেশকে বাধা দিয়া কি ভাবে স্বীয় দেহ ও মনকে নিয়ন্ত্রণ করিবার ক্ষমতা লাভ করিতে পারে, তাহাতেই লোকের আগ্রহ নিবিষ্ট ছিল। বৃদ্ধ জনসাধারণকে তাঁহার উপদেশ গ্রহণ করিবার পূর্বে উহাকে অভিজ্ঞতার দাহায্যে পরীক্ষা করিয়া লইতে, এবং তাঁহার প্রতি শ্রদ্ধাবশতঃ নয়, পরস্কু উহার যৌক্তিকতার জন্মই উহাকে গ্রহণ করিতে বলিয়াছিলেন। অবস্থ বৌদ্ধশান্তে বুদ্ধের দর্বজ্ঞতায় বিখাদ করিবার প্রয়োজনীয়তাও বার বার জোরের দহিত বলা হইয়াছে।

তংকালীন প্রতিব্রুৱী দার্শনিক মতবাদসমূহ

ষে মৃলস্ত্রটিকে বৃদ্ধ প্রচার করিয়াছিলেন এইরূপ বলা হয় তাহা তুই আকারে প্রচলিত আছে—একটি সহজ ও সরল এবং অপরটি জটিল ও পাণ্ডিত্যপূর্ণ। তাঁহার ব্যক্তিগত অভিজ্ঞতা হইতে বৃদ্ধ যে সকল সত্য আহরণ করিয়াছিলেন, এরিষ্ট্র্টল কর্তৃক পরবর্তীকালে আবিষ্ণৃত সত্যের ক্যায়, তাহা হইতেছে এই যে, চরম পদ্বা পরিত্যাগ করিয়া মধ্যপদ্বা অহুসরণ করাই জীবনের প্রকৃত নীতি হওয়া উচিত। প্রকৃতি ধাহাদিগকে আত্মসংখনের ক্ষমতা দিয়াছে, তাহাদের পক্ষে ভোগাসক্ত জীবন উপযুক্ত নয়। মাহুষ স্বভাবতঃ পশুত্বভাবাপন্ন নয়, স্বতরাং তাহার প্রকৃতির দাস হওয়া, ক্ষণিক আকর্ষণে প্রলুক্ত হওয়া অথবা আক্ষিক আবেগ দারা চালিত হওয়ার পক্ষে কোন যুক্তি নাই। রাজা শায়াসি, অজ্ঞিত-কেশ-কম্বলিন্ এবং অক্সাত্য কেহ কেহ

বৌদ্ধ দর্শন : তংকালীন প্রতিশ্বন্দী দার্শনিক মতবাদসমূহ

ইহদর্বস্বভাবাদ এবং ভাল ও মন্দ, পাপ ও পুণ্যের চরম পার্থক্যে অবিখাস হইতে উৎপন্ন নৈতিক দায়িত্বহীনতায় বিখাস প্রচার করিয়াছিলেন বলিয়া বৌদ্ধশান্ত্রে নিন্দিত হইয়াছিলেন। তাঁহারা মাহুষের অতি-প্রাকৃত অথবা ভবিশ্বৎ জীবনে বিখাস করিতেন না অথবা বর্তমান কর্ম মাষ্কবের ভবিগ্রুৎ ভাগ্যকে নিয়ন্ত্রিত করে তাহাও বিশাস করিতেন না, এইজন্ম তাঁহারা প্রকৃত প্রস্তাবে উচ্ছেদবাদ শিক্ষা দিয়াছিলেন বলা যাইতে পারে। গোদালের স্থায় কেহ কেহ অধিচ্চসমূপ পাদ (বিনা নিয়মে যে কোন কারণ হইতে যে কোন কার্য উৎপন্ন হয় এই মত যদুচ্ছাবাদ যে কোন কার্য যে কোন সময়ে বিনা কারণে উৎপন্ন হইতে পারে এই মত), কোন ব্যক্তি স্বীয় নৈতিক আচরণ ব্যতিরেকেও বিনা আয়াদেই শ্রেষ্ঠছলাভ করিতে পারে, এই যে একপ্রকার অদৃষ্টবাদ এবং যাহাতে মাফুষের চেষ্টা এবং নৈতিক দায়িত্বের কোন স্থান নাই এমন যে নিয়তিবাদ—এই দকলে বিশাস করিতেন। পূরণ কদ্দপের ন্যায় কেহ কেহ দকল প্রকার নৈতিক পার্থকোর প্রতি উদাসীন ছিলেন এবং মনে করিতেন যে, আত্মা নিজ্ঞিয় বলিয়া কর্মের কোন নৈতিক তাৎপর্য নাই। সঞ্জয়-বেলউপুত্ত প্রভৃতি কাহারও কাহারও দার্শনিক দৃষ্টিভঙ্গী সন্দেহবাদী ছিল, আবার পকুধ-কচ্চায়নের স্থায় যাঁহারা জড় ও আত্মার উপাদানগুলির নিত্যসন্তায় বিশ্বাস করিতেন (সাস্সতবাদ), তাঁহারা মনে করিতেন যে, ইহাদের মধ্যে দম্বন্ধ এত ঘনিষ্ঠ নয় যে হত্যার স্থায় দৈহিক ক্রিয়ার সহিত নৈতিক অপরাধরূপ মান্সিক ব্যাপার যুক্ত করা ঘাইতে পারে।

যে নিগঠ-নাটপুত্তের (মহাবীরের) অহুগামীগণ পরবর্তী যুগে বুদ্ধের অহুগামী-গণের ছারই বহুদংখ্যক ছিল। তিনি আত্মদংঘমকেই অধিক গুরুত্ব দিয়াছিলেন এবং বুদ্ধের অহুগামীগণের মধ্যে কেহ কেহ অকপট বিখাদের বশে অথবা ব্যবহারিক নীতি হিসাবে (যেমন দেবদত্ত) বুদ্ধের উপদিষ্ট আচরণ অপেক্ষাও এমন কতকগুলি কঠোর কুচ্ছু সাধনা (পরবর্তীকালে ধাহাদিগকে ধৃতাঙ্গ বলা হইত) প্রচার করিতেন, যাহা বৃদ্ধ তাঁহার সমগ্র ধর্মগংঘের জল্ল সমর্থন করিতেন না। খাছা, বস্ত্র, বাসস্থান এবং ঔষধদেবন (চার নিস্পয় অথবা অবলম্বন) সম্বন্ধে কোন কোন ব্যক্তি ইচ্ছা করিয়া কঠোরতর আত্মসংঘমবিধি পালন করিতে চাহিলে বুদ্ধের তাহাতে সম্মতি ছিল, কিন্তু এক্ষেত্রেও তিনি মধ্য-পদ্ব। গ্রহণের উপদেশ দিতেন এবং যাহা সত্য তাহাই বলিতেন—দেহ-নিগ্রহ অপেক্ষা আত্মসংঘম এবং যথার্থজ্ঞাণই শ্রেষ্ঠ আধ্যাত্মিক সাধনা। তিনি কার্য-কারণ নিয়ম আবিদ্ধার করিয়া মানবের ভাগ্য সম্বন্ধে নৈতিকভার মূল্য স্বীকার করিবার প্রয়োজনীয়তার উপর জোর দিয়াছিলেন। এই কার্য-কারণ-

বাদই সম্ভবতঃ তাঁহার সংঘে ধীরে ধীরে প্রতীত্যসমৃৎপাদের নিগৃঢ় নিয়মে রূপান্তরিত হইয়াছিল। যদিও, যেমন পূর্বে উল্লিখিত হইয়াছে, প্রাচীন বৌদ্ধ ঐতিহে বৃদ্ধ বোধিলাভ করার পরে কয়েক দিন ধরিয়া এই নিয়মের মূলস্ত্রটির আরম্ভ হইতে শেষ পর্যন্ত মনে মনে আরুত্তি করিয়াছিলেন এই কথা বলা হইয়াছে।

নৈতিক কার্য-কারণ শৃঙ্গজের দাদশ গ্রন্থি

বর্তমান জীবনে মাহ্ময় অতীতের স্পষ্ট এবং ভবিষ্যতের নির্মাতা, এইরূপ নির্ধারণ করিয়া এই নিয়ম কালের তিনটি বিভাগকেই একস্ত্রে গ্রথিত করিয়াছে (পরবর্তীকালে এই কাল দম্বন্ধে বহু স্ক্রাদাশিনিক সমস্থার স্পষ্ট হইয়াছিল)। যে অদৃষ্ঠ স্বত্র অতীত, বর্তমান ও ভবিষ্যতের ঘটনাবলীকে গ্রথিত করে, তাহা হইতেছে নৈতিক প্রচেষ্টা। ইহা বৃদ্ধির সাহচর্যে কাজ করে। এই বৃদ্ধি দোষযুক্ত হইলে মানবের প্রার্জন হয় এবং নির্দোষ হইলে মৃক্তির পথ প্রস্তুত করে। মৃক্তির অর্থ মৃর্ত বস্তুসমূহের ধারার নিরোধ। সংসার এবং নির্বাণ এই ছইটি বৃদ্ধির ক্রিয়ার উপর নির্ভরশীল। অবিভা হইতেছে বাঁচিয়া থাকিবার প্রচেষ্টার এবং তৃংথের কারণ এবং বোধি হইতেছে মৃক্তির কারণ এবং তাহার পথ-নির্দেশক। এই কার্য-কারণগুল্পল দাদশটি গ্রন্থি (দাদশ নিদান) দারা গঠিত। পূর্ববর্তী প্রত্যেক গ্রন্থিটি পরবর্তী প্রস্থিত আহিত্যক দায়ী। ইহাকেই পরে প্রতীত্যসমূৎপাদ বলা হইত। এই গ্রন্থিক্তিল হইতেছে অবিভা (অজ্ঞান), সংস্থার (গঠন), বিজ্ঞান (চৈতন্ত), নামরূপ (নাম এবং আকার), বড়ায়তন (ইক্রিয়সমূহের ছয়টি ক্ষেত্র), স্পর্শ (সংযোগ), বেদনা (সংবেদন), তৃষ্ণা (কামনা) উপাদান (আসক্তি), ভব (সন্তা), জাতি (জন্ম) এবং জরা-মরণ (বার্ধক্য ও মৃত্য)।

যদি কোন জীব অতীত জীবনে কাম-লোক, রূপ-লোক অথবা অরূপ-লোক যে কোন লোকেই হউক না কেন অজ্ঞানের প্রভাবে কর্ম করিয়া থাকে, তাহা হইলে দে অবশ্রই এমন কতকগুলি সংস্থার অর্জন করিয়া থাকিবে যাহার ফলে তাহাকে পুনর্বার জন্মগ্রহণ করিয়া বর্তমান দেহ ধারণ করিতে হইয়াছে। অতীত জীবন এবং বর্তমান জীবনের যোগস্ত্র হইতেছে মাতৃগর্ভে দেহধারণের জন্ম এক অস্পষ্ট চেতনা বা কামনা; প্র্জন্মের কামনা এবং কৃতকর্মের উপরই এই দেহের প্রকৃতি নির্জর করে। ক্রমে মাতৃগর্ভস্থিত জ্ঞাণ ধীরে ধীরে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া মানস (নাম) এবং জড় (রূপ) দেহে পরিণত হয় এবং তাহার পর মাতৃগর্ভেই ছয়টি ইন্দ্রিয়— দর্শন, শ্রবণ,

বৌদ্ধ দর্শন : নৈতিক কার্য-কারণ শৃদ্ধালের দ্বাদশ গ্রন্থি

গন্ধ, স্বাদ এবং স্পর্শ এই পাঁচটি বহিরিন্দ্রিয় এবং বৃদ্ধি বা মনরূপ অন্তরিন্দ্রিয় হারা সম্পূর্ণভাবে স্থমজ্জিত শিশুর রূপ ধারণ করে। জন্মের সঙ্গে সঙ্গেইন্দ্রিয়নকল জগতের সহিত সংস্পর্শে আসিয়া কার্য আরম্ভ করে এবং ইহার ফলে দ্রব্যের গুণ-বিষয়ে প্রীতিকর বা অপ্রীতিকর এবং ঐ ছুইটির কোনটি নহে এইরূপ সংবেদন বা প্রত্যক্ষজ্ঞান উৎপন্ন হয়। প্রীতিকর সংবেদনের ফলে শীঘ্রই তৃষ্ণা বা কামনার উদয় হয়, এবং শিশু নানারূপ বস্তু চাহিতে এবং দৈহিক বাসনা অহতব করিতে আরম্ভ করে। মনে যথন কেবলমাত্র কামনাগুলি উৎপন্ন হয় না পরস্তু তাহাদিগকে চবিতার্থ করিবার জন্ম একটা আগ্রহণ্ড উৎপন্ন হয়, তথনই আদক্তির কার্য আরম্ভ হয়। এই ছুইটি ছাডাণ্ড আসক্তিব তাড়নায় কৃতকর্ম হইতে সঞ্জাত পুণ্য ও পাপ পৃঞ্জীভূত হওয়ার ফলে একটি তৃতীয় উপাদান 'ভব' অর্থাং 'হওয়া' অথবা পুনর্জন্মের জন্ম নৃতন বাসনা জন্মগ্রহণ করে। এই নৃতন সংস্কার পরবর্তী দেহধারণ কিংবা জন্মের জন্ম দায়ী এবং জন্মের অবশ্বস্থাবী ফল হইতেছে মৃত্যু ও তাহার সহিত অন্যান্ম অশুভ যথা মনন্তাপ ও শোক, ছংখভোগ ও ছ্রভাবনা, বিষাদ এবং হতাশা যেগুলি হইতে কেইই মৃক্ত নহে।

যে অজ্ঞান (অবিতা) এই সমগ্র কার্য-কারণশৃঙ্খলের জন্ম চরমভাবে দায়ী, তাহা হইতেছে চারিটি আর্যসত্য সম্বন্ধে জ্ঞানের অভাব; বিশেষতঃ জীবন হুঃথভোগ নয় স্থপসম্ভোগ এই ভ্রান্ত ধারণা। অবিভাকে জাগতিক ভ্রান্তি কিংবা মায়া অথবা সসীম জীব এবং পরত্রন্ধের ঐক্য উপলব্ধি করার অক্ষমতা অথবা শৃগ্যতারূপ পর্দায় মনংকল্পিত জগতের নিকেপর্মপে চিন্তা করিবার কথা বুদ্ধের মনে উদিত হয় নাই। কোন ব্যক্তির চিন্তা, বাক্য ও ক্রিয়ারূপ যে দকল কর্ম পাপ-পুণ্যের আকারে দঞ্চিত হইয়া থাকে এবং যাহা বিশেষ করিয়া নৃতন জন্মের কামনার সংযোগধাবা প্রবল হইয়া নৃতন দেহ ধারণ করে, তাহাদিগকে সংস্থার বলা হয়। সংস্থারগুলির আমূল উচ্ছেদ না হইলে জীবনের নব অঙ্গুরোদ্গম অবশুস্তাবী। কেবলমাত্র দেহ এবং দৈহিক আনন্দ-সমূহ অনিত্য এবং ক্ষণস্থায়ী ইহা উপলব্ধি হইলে এবং যথাৰ্থ জ্ঞানলাভ হইলেই ইহা নিরোধ করা সম্ভবপর। "সংসারগুলি অনিত্য, তাহাদের উৎপত্তি এবং কয় আছে, উহারা যেমন উৎপন্ন হয় তেমনই আবার বিলুপ্ত হইয়া যায়; উহাদের বিলুপ্তিতেই হুখ।" কিন্তু কার্য-কারণ নিয়মের ক্রিয়ার পশ্চাতে কোন নিয়ম-কর্তাও নাই অথবা কোন শাশত বন্ধও নাই। বৈদিক ঋত এবং ব্রাহ্মণ্য মন্ত্রশক্তি এবং অপূর্বের স্থায় কর্মের নিয়ম স্বাধীনভাবেই কাজ করে, কোন শৃঙ্খলাবিধানকারী পুরুষের ব্যবস্থামুষায়ী নয় অথবা যাজ্ঞবদ্ধ্য যেমন বুহদারণ্যক উপনিষদে (৩-৮-৯) বলিয়াছেন, 'অক্ষরের'

শাসনে জাগতিক ব্যাপারগুলি ষেভাবে ঘটিয়া থাকে সেভাবেও নয়। স্বতরাং ঘতক্ষণ পর্যস্ত অজ্ঞান দ্বীভূত না হয় এবং তাহার ফলে সংশ্বারগুলি বিনষ্ট না হয় এবং প্রক্র্ম গ্রহণের বাসনা ঘারা তাড়িত হইয়া উপাদানগুলির নৃতন সমষ্টি গঠনে অক্ষম না হয়, ততক্ষণ পর্যস্ত বস্তুপ্ঞের পর বস্তুপ্ঞ অবিচ্ছিন্ন ধারায় উৎপন্ন হইতে থাকে। কার্য-কারণ নিয়মের প্রভাব কেবলমাত্র বহির্জগতে নয় অন্তর্জগতেও আছে; স্বতরাং কোন ব্যক্তি বর্তমানে যাহা তাহাই যে কেবল পূর্ববর্তী মানসকারণের ফল তাহা নয়, কিন্তু সে তাহার বর্তমান চিন্তা এবং প্রবৃত্তি ষথাযোগ্যভাবে সংঘত করিয়া যাহা হইতে চায় তাহা হইতে পারে। যে জ্ঞান সংস্কারগুলিকে দগ্ধ করিয়া দেয়, তাহা লাভ করিবার বিভিন্ন উপায়ের কথা খ্ব কমই (বৌদ্ধশাজ্ঞে) আলোচিত হইয়াছে। কিন্তু সংযুক্ত-নিকায়ে হুংখ হইতে জ্ঞানের ধারাবাহিক ক্রম এইভাবে দেওয়া হইয়াছে— হুংখ, বিশ্বাস, আনন্দ, উল্লাস, প্রশান্তি, স্ব্ধ, স্থৈর্য, জ্ঞান এবং বস্তুসমূহের স্বন্ধপ সম্বন্ধে অন্তর্দৃদ্ধি। অতএব অজ্ঞান শেষ পর্যন্ত হুংথের কারণ বটে, কিন্তু হুংখই আবার আমাদিগকে হুংখনিবৃত্তির যে উপায় জ্ঞান ও অন্তদৃষ্ধি তাহা অন্তেয়ণ করিতে প্রবৃত্ত করে। যে অজ্ঞান জ্ঞেয় বন্ধর স্বন্ধপকে আবৃত করিয়া ক্রেশসমূহের স্বন্ধি করে, ইহা তাহার সম্পূর্ণ বিপরীত।

নৈরাঝ্যবাদ অথবা নৈর্ব্যক্তিত্ব

ইহা নিশ্চিতভাবে মনে করা ষাইতে পারে যে আত্মার প্রকৃতি ও অন্তিম গতি সম্বন্ধে গবেষণা করা বৃদ্ধ-যুগের একটি বাতিক ছিল। শুণু নৈতিক জীবন ও আধ্যাত্মিক বিকাশের প্রতিবন্ধক দ্ব করা সম্বন্ধেই যে এই আলোচনা হইত তাহা নহে, কিন্তু আত্মার প্রকৃতি এবং শরীর ও আত্মার সম্পর্কও এই আলোচনার বিষয় ছিল। সাধারণভাবে বলা ষায় যে, উপনিষদে আত্মা কথনও দেহ নয় এইভাবে বর্ণিত হইয়াছে। এই তত্ম হইতেই বেদান্ত এবং সাংখ্যের উৎপত্তি। জৈন ও বৌদ্ধ সম্প্রদায়েরও একই রকম মত। দেহের অন্ধপ্রত্যান্দাদি এবং উপাদানসমূহের বীভৎসতা, বাহ্নিক দেহ সৌন্দর্যের মোহ ও ছলনা, দৈহিক প্রয়োজন হইতে উৎপন্ধ বাসনাসমূহের পীড়া, ইন্দ্রিয়াণবেদন ঘারা প্ররোচিত প্রলোভনসমূহ, দেহ-কারাগার হইতে আত্মার চরম মৃক্তির প্রয়োজনীয়তা এবং এই উদ্দেশ্যে ক্লুকুসাধন, দৈহিক ক্লেশের প্রতি উদাসীয় এবং স্বেচ্ছাকৃত দেহনিগ্রহ— এইগুলির উপর বিশেষ গুকুত্ম দিয়া দেহ ও আত্মার এই বিরোধ সম্বন্ধকেই স্পষ্টভাবে প্রতিপাদন করার চেষ্টা করা

বৌদ্ধ দর্শন: পঞ্চন্তম

হইয়াছিল। আত্মার প্রকৃতি সম্বন্ধীয় আলোচনা হইতে এত বিভিন্ন রকমের মত উৎপন্ন হইয়াছিল যে তাহা বিশ্বয়কর—এই সকল মতের মধ্যে জড়বাদ এবং অহৈতবাদ এই উভয় মতেই পরিচ্ছিন্ন জীবা য়ার দত্তা বিলুপ্ত হইয়া গেল (যদিও বিভিন্ন রকমে), আর হৈতবাদে ইহার স্বতন্ত্র সত্তা অক্ষ্ম থাকিলেও বিভিন্ন সম্প্রদায়ের চিন্তায় উহার গুণধর্ম বিভিন্ন হইয়া গেল।

বৃদ্ধের মত শাখতবাদ (অদ্যাত্মক হউক বা দ্যাত্মক হউক) এবং বিনাশ-বাদ এই হুই পরস্পর বিরুদ্ধ মতের মধ্যবর্তী। তাঁহার মতে শাখত আত্মা নাই বটে তথাপি আত্মা শুধু জড়ের ধর্ম নয় এবং দেহের দহিত উহার বিচ্যুতি ঘটিলেও উহা সম্পূর্ণভাবে কারণ-ক্ষমতা হইতে বিচ্যুত হয় না। অনাত্মবাদের অর্থ শুধু এই যে, স্থায়ী দ্রব্যরূপে আত্মার অন্তিত্ম নাই। যে 'বিক্লান' মাতৃ-গর্ভে নৃতন জন্ম দেওয়ার কাজ করে, উহা জন্মান্তব পরিগ্রাহী একই আত্মা নহে: অবশ্য স্থায়ী এক আত্মার লায় উহাও নৃতন শরীরের জড় উপাদানসমূহকে নিয়ন্ত্রণ করে। কিন্তু এই বিজ্ঞান হইতেছে এমন একটি সংখার (সংস্কার) যাহা পরিবর্তনশীল এবং যাহা দ্রব্যরূপ নহে। নৃপত্তি মিলিন্দ (মেনান্দার নামক গ্রীক্ রাজপুত্র) এবং ভিক্ষ্ নাগদেনের মধ্যে যে বিখ্যাত কথোপকথন হইয়াছিল এবং যাহা মিলিন্দ পঞ্ছ নামে পরিচিত। উহাতে প্রধানতঃ এই কথা প্রতিপাদিত হইয়াছে: শরীর যেমন বহু অংশ বা উপাদানের মিশ্রণ, তেমনই আমরা যাহাকে 'ব্যক্তি' বলি (পরে যাহা জীব বা পুদ্গল নামে আখ্যাত হইয়াছে) উহাও কতকগুলি জড় ও মানদিক উপাদানের মিশ্রণ এবং শরীর এবং জীব উভয়েই উহাদের উপাদানসমূহে বিলীন হইতে বাধ্য।

পঞ্চম্র

যে দকল উপাদানপুঞ্জে ব্যক্তি বা জীব গঠিত হয়, তাহাদের সংখ্যা পাঁচ— এই পাঁচটি স্কন্ধ অথবা পুঞ্জ ছুইটি প্রধান শ্রেণীতে ভাগ করা হইয়াছে, যথা— রূপ অথবা পৃথিবী, জল, অগ্নি এবং বায়ু এই চারিটি ভূতে গঠিত জড়দেহ, এবং নাম অথবা মানদিক উপাদান। এই মানদিক উপাদান চারি রকমের, যথা— সংবেদন অথবা অহুভূতি (বেদনা), বিষয় প্রত্যক্ষ অথবা ধারণা (সংজ্ঞা), ক্রিয়া-প্রবণতা (সংস্কার) এবং বিবেককারী বৃদ্ধি (বিজ্ঞান—প্রতীত্যসমূৎপাদের বিজ্ঞান হইতে বর্তমান বিজ্ঞান পৃথক্)। বিভিন্ন গ্রন্থে এই সকল উপাদানের নামে অল্পবিস্তর পার্থক্য দেখিতে পাওয়া যায়, তাহা ছাড়া এইগুলিকে প্রায় ছুইশত স্ক্ষ্ম উপাদানে

বিভক্ত করা হইয়াছে এবং এই সকল উপাদানও ক্ষণভঙ্গুর। এইভাবে উপনিষদের নাম-রূপ অর্থাৎ ব্যবহারিক সৎ জগতের বাচক শব্দটি বৌদ্ধর্শনে একটি নৃতন অর্থে মণ্ডিত হইয়া উক্ত পাঁচটি উপাদানপুঞ্জের (পঞ্চয়ের) বাচক হইল। গতিবদেন এবং অক্যান্ত সংবেদন, মনশ্চিত্র এবং ধারণা, অভ্যাস এবং প্রবণতা, আবেগ এবং ভাব—এইগুলি দারাই আমাদের সমগ্র ব্যক্তিত্ব গঠিত। এই সবগুলিই অনবরত ফেনা অথবা বৃদ্ধের পুঞ্জের মত পরিবর্তিত হইতেছে। অন্তিমদৃষ্টিতে ইহারা মরীচিকা, কদলীরক্ষেব কাণ্ড, ইক্রজাল প্রভৃতির ন্তায় অলীক। স্বতরাং আমাদের আন্তর অক্তৃতিতে এমন কোন স্থির পদার্থ নাই ধাহাকে 'আত্মা' নাম দেওয়া চলে। আমাদের মানস অহত্তি সমূহ একটি প্রবাহের (সন্তানের) আকারে সদা চলমান। (এই সন্তান শব্দটি পরবর্তী সাহিত্যে গুরুত্বপূর্ণ স্থান অধিকার করিয়াছে)। এই মানসিক প্রবাহের প্রত্যেকটি বিশিষ্ট অবস্থা সম্পূর্ণভাবে ক্ষণিক, অর্থাৎ উৎপত্তিক্ষণেই উহার বিনাশ হয় অথবা উহা সাপেক্ষভাবে ক্ষণিক, অর্থাৎ উহার হিতিকাল এমন একটি আপাতঃ প্রতীয়মান বর্তমানক্ষণ যাহাতে উৎপত্তি, স্থিতি এবং লয়, এই তিন অবস্থাই অবিচ্ছেত্যভাবে পরস্পরের সহিত সম্বদ্ধ।

এই সব স্পষ্ট ও অম্পষ্ট, অমিশ্র ও মিশ্র চিন্তা, আভ্যন্তরীণ প্রেরণ। ও প্রবণতা, জন্মজাত বিশিষ্ট স্বভাব ও সংস্থারের পশ্চাতে কোন স্থায়ী বস্তু আছে কি? যে-দ্ব অংশ বা অবয়ব দার। রথ গঠিত হয়, তাহাদেব পশ্চাতে তাহাদের অতিরিক্ত রথ বলিয়া এমন কোন বস্তু নাই, যাহ। তাহাদের অভাবেও বিভ্যমান থাকে। তেমনই উক্ত চিম্ভা প্রভৃতির পশ্চাতেও কোন স্থায়ী বস্তু নাই। যে-সব জড়-কণিকা, ইন্দ্রিয় সংবেদন, ধারণা, প্রবণতা এবং চিস্তা দারা আত্মা গঠিত, সেই গুলির সহিত আগ্রা অভিন্ন, অথবা এইগুলি আত্মার, এইরূপ মনে করা যুক্তি-দঙ্গত নহে। ইহা খুবই দগুবপর যে, আত্মা দম্বন্ধে বুদ্ধের ধাবণাটি ক্রমে ক্রমে তাঁহার মনে বিকাশপ্রাপ্ত হইয়াছিল, তাঁহাব ধর্মপ্রচারের প্রথম দিকে আত্মার অন্তিত্ব স্পষ্টতঃ নিষেধ করা হয় নাই, শুধু উহার নিত্যস্থ-বিষয়ক সমস্রাটিই আলোচনা করা হইয়াছিল (উদাহরণম্বরূপ ত্রহ্মজালম্বত্তে), পরে আত্মবাদকে বিধর্মীদের মতের মধ্যে অন্তর্ভ করা হইয়াছিল (সক্কায়দিট্টি), অর্থাৎ স্থায়ী জীবাত্মার অন্তিত্ববিষয়ক বিধৰ্মী মত) এবং উহা এইভাবে ব্যাখ্যাত হইয়াছিল যে, উহা হইতেছে লোভীর মত একটা কিছুকে আঁকড়াইয়া ধরা (উপাদন) এবং উপ-নিষদীয় পারমার্থিক সন্তাবাদ ও আফুষ্ঠানিক ধর্মের (মীমাংসা) সদৃশ। বলা বাছল্য বে. (সম্ভবত: কেবল সঞ্যুত্তনিকায়ের বুর্দেনস্থত ছাড়া) বৌদ্ধমতে এই পারমার্থিক

বৌদ্ধ দর্শন: পঞ্চন্ধ

সন্তাবাদ এবং আছণ্ঠানিক ধর্ম প্রত্যাখ্যান করা হইয়াছিল। অনাত্তলক্ষণস্থতে স্কন্ধগুলি যে আত্মার সহিত অভিন্ন হইতে পারে না, তাহা দেখাইবার জন্য বলা হইয়াছে যে, উহারা অনিত্য, পরিবর্তনশীল এবং তুঃখদায়ক। কিন্তু ইহাদের বিরুদ্ধ ধর্মযুক্ত কোন পদার্থ আত্মা হইতে পারে, এইরূপ কল্পনা নিষিদ্ধ হয় নাই।

চৈতত্ত্বও উৎপন্ন হয়; স্বতবাং তাহা অনিত্য এবং জন্মজনান্তবের বাহন হইতে অক্ষম। ষেমন নৃতন দীপ পুরাতন দীপ দারা প্রজ্ঞলিত হয়, তেমনই নৃতন জীবন পুরাতন জীবন হইতে উৎপন্ন হয়; কিন্তু এই পরিবর্তনে পুরাতন হইতে নৃতনের মধ্যে কোন অভিন্ন বস্তু সংক্রামিত হয় না। যেমন কোন নির্বাপিত দীপ অন্ত দীপকে প্রজ্ঞলিত করিতে পারে না, তেমনই জন্মোংপাদক কারণ দামগ্রীর নিরোধ থাহাকে নৃতন ব্যক্তি বলিয়। মনে করা যাইতে পারে এইরূপ নৃতন স্বস্ত্র জনাও বন্ধ করিয়া দেয়। কর্মই একজনোর ব্যক্তির দহিত অপর জনোর ব্যক্তির একমাত্র সংযোজক। জৈন ও আজীবক ধর্মে কুচ্ছ সাধনকে এই কর্মধ্বংদেব উপায় বলা হইয়াছে, কিন্তু বুদ্ধ বিশেষভাবে বলিয়াছেন যে ক্লচ্ছ সাধনে তাহা সম্ভবপর নহে, কর্মধ্বংস করিতে হইলে নৈতিক আচরণ (শীল), মানসিক শিক্ষা (সমাধি), চারিটি দত্যের পূর্ণজ্ঞান অথবা অন্তদৃষ্টি (প্রজ্ঞা), এই তিনটি বিশুদ্ধি, বিশ্বমৈত্রী এবং অন্তান্ত উচ্চভাবের অমুশীলন (ব্রহ্ম-বিহার-ভাবনা) এবং কোন কোন গ্রন্থার্যারে, ঈশির ও মুক্তির ক্রমিক স্তর্মমূহের আবোহণ অত্যাবশ্রুক। প্রদঙ্গতঃ বলা যাইতে পারে যে, স্বয়ং বৃদ্ধ মহানির্বাণের পূর্বে (পরিনির্বাণ) এই সকল স্তব অতিক্রম করিয়াছিলেন। যাহা দারা স্কন্ধসমূহের একত্রীকরণ নিবারিত হয়, তাহা হইতেছে আদব (কাম, অন্তিত্বের বাদনা, অজ্ঞান অথবা মিথ্যা দৃষ্টি) সমূহের বিনাশ। বুদ্ধ ইহাও বলিতে ভূলেন নাই যে নিত্য আত্মায় বিখাস, সংশয়, এবং কেবল নীতি ও আহুষ্ঠানিক কর্মপদ্ধতির কার্যকারিতায় বিশ্বাদ —এই তিনটি বন্ধন ছিন্ন করিলে কেহই আধ্যাত্মিক বিশুদ্ধির প্রথম ধাপ মৃক্তিপ্রবাহেও (সোতাপত্তি) অবতরণ করিতে পারে না, নির্বাণ তো দূরের কথা।

আধ্যাত্মিকতায় অধিকতর উন্নতি করিতে হইলে এবং দিতীয় শুবে (সকলাগামিন—যে একবার প্রত্যাগমন করিয়াছে) উপনীত হইতে হইলে বাগ, দ্বেষ এবং মোহ পরিত্যাগ করা অত্যাবশুক। হাহারা তৃতীয় ধাপে আরোহণ করেন এবং নীচে কথনও প্রত্যাবর্তন করেন না (অনাগামিন), কিন্তু উচ্চতর শুরে স্বচ্ছ (ওপপাতিক—ছায়াদেহধারীর সদৃশ) জীবন্যাপন করেন, তাঁহারা আরও শ্রেষ্ঠ সাধক। স্বোচ্চ সাধকেরা হইতেছেন অর্হৎ। ইহারা

পূর্ববণিত আসবসমূহ নিঃশেষে ধ্বংস করিয়া পূর্ণ আধ্যাত্মিক বিশুদ্ধি সম্পাদন করেন।
ইহারাই মৃক্ত। পরবর্তী সাহিত্যে প্রায়ই বলা হইয়াছে ষে, যে ব্যক্তি শীল, সমাধি এবং প্রজ্ঞা এই তিনটি বিশুদ্ধির সাহায্যে জন্মের বীজ ধ্বংস করিতে পারিয়াছেন, শুধু তাঁহার পক্ষেই অন্তিম নির্বাণ সম্ভবপর। অতএব, অষ্টান্দিক শ্রেষ্ঠ মার্গে (আর্ঘ অষ্টান্দিক মার্গ) সম্যক্ দৃষ্টি, সম্যক্ সমল, সম্যক্ বচন, সম্যক্ আচরণ (কর্মান্ত) সম্যক্ আজীব (=জীবিকা), সম্যক্ ব্যায়াম (=প্রযত্ন), সম্যক্ স্মৃতি এবং সম্যক্ সমাধি অন্তর্ভুক্ত করা হইয়াছে।

যে দীপ সমগ্র রাত্রি ব্যাপিয়া জলে, তাহা হইতে এমন নিরবচ্ছিন্ন শিথা নির্গত হয় যে, উহা প্রতি মুহুর্তে অভিন্ন বলিয়া প্রতিভাত হয়। তথাপি মেহেতু তৈল ও বর্তিকার ভিন্ন ভিন্ন অংশ দারাই দীপের পরিপোষণ হয়, স্কুতরাং উহা উহার অন্তিত্বের ভিন্ন ভিন্ন মুহূর্তে একও নহে, বিভিন্নও নহে। তেমনই এক কারাবিশিষ্ট ব্যক্তির জায়গায় যে পববতী ব্যক্তি উৎপন্ন হয়, উহা তাহা হইতে ভিন্নও নয়, অভিন্নও নয়; কারণ একদিকে যেমন এই ব্যক্তিগুলি বহুজন্মধারী কোন অভিন্ন আত্মার ক্রমিক প্রকাশ নহে, তেমনই অন্তদিকে পরবর্তী ব্যক্তি তৎপূর্ববর্তী ব্যক্তির কর্মের প্রভাব হইতে মুক্ত নহে। এই অবিচ্ছিন্ন ক্রমকে আমবা একই বস্তুর অপরিবর্তিত সন্তা বলিয়া ভূল করি। প্রকৃতপক্ষে কোন বস্তুই কোন বস্তুর সহিত অভিন্ন নহে, উহা শুধু নিজেব ক্ষণিক দত্তাব সহিতই অভিন্ন; অথবা কোন বস্তুকেই দেই বস্তু ছাড়া অন্ত কিছু দাবা বর্ণন। কবা যায় না (দর্বং স্বলক্ষণম)—এইটিকে পরবর্তীকালের বৌদ্ধ দার্শনিকগণ 'দব কিছুই ত্রংখময়' (দর্বং ত্রংখং ত্রংখম) এবং 'দব কিছুই ক্ষণিক' (দর্বং ক্ষণিকং ক্ষণিকম্); এই তুইটি তত্ত্বের দহিত সংযোগ করিয়া দিয়াছিলেন। এইভাবে অনাত্মতা, অনিত্যতা এবং দুঃখতা দর্ব জাগতিক ব্যাপারের বৈশিষ্ট্য। মহাযান দর্শনে 'দব কিছুই শৃত্ত' (সর্বং শৃত্তং শৃত্তম্)--এইরূপ অপর একটি অহুদিদান্তও গৃহীত হইয়াছিল। কিন্তু প্রাচীন বৌদ্ধ চিন্তাধারায় এতথানি নান্তিখবাদ ছিল না। বৈভাষিকদের বস্তু বিষয়ক সাক্ষাৎজ্ঞানবাদ, সৌত্রান্তিকদের প্রতিনিধিবাদ, যোগাচারদের বিজ্ঞানবাদ এবং মাধ্যমিকদের শৃত্যবাদ—এইগুলি বস্তবাদের লৌকিক দৃষ্টি হইতে ক্রমে ক্রমে উদ্বত হইয়াছে। বুদ্ধের নিজের উপদেশে নৈরাত্ম্যবাদের সমর্থন আছে কিনা সন্দেহ। অবশ্য ইহা সম্ভবপর যে অধিকাংশ ভারতীয় দার্শনিকদের ন্থায় তিনি এই মত পোষণ করিছেন যে, যাহাব উৎপত্তি আছে তাহার বিনাশও আছে, এবং সর্বযৌগিক পদার্থের বিলয় অবশ্রস্কাবী। যেহেতু শরীর এবং আত্মা উভয়েই কতকগুলি বম্বর সমষ্টিমাত্র, স্বতরাং ইহা যুক্তিসিদ্ধ

বৌদ্ধ দর্শন : সন্তার মূল উপাদান সমূহ

যে উহাদের কোনটিই দ্রব্যাত্মক নহে এবং উহাদের মিলন হইতে কোন স্থায়ী ব্যক্তি উৎপন্ন হইতে পারে না।

সক্তার মুল উপাদান সমুহ

কিন্তু ব্যক্তিত্ব বলিতে কভকগুলি উপাদানের (ধন্ম অথবা ধাতুব) একত্র সমাবেশ বুঝা যায়। এই সব উপাদান অবিভাজ্য বলিয়া বিনাশশীল নহে। পৃথিবী, জল, অগ্নিও বাযু—এই চারিটি জড় উপাদান এবং মানসিক উপাদান (বিজ্ঞান) মিলিত হইলে তবেই একটি অস্থায়ী ব্যক্তিত্ব উৎপন্ন হইবে। এই পাঁচটি এবং অযৌগিক (অসংস্কৃত) পদার্থ আকাশ এই ছয়টি ধাতু। তাহা ছাড়া ইচ্ছাকুত নাশ অথবা মৃক্তি (প্রতিসংখ্যানিরোধ, নির্বাণ) এবং অনিচ্ছাক্বত নাশ (অপ্রতিসংখ্যানিরোধ) এই হুইটিও সন্তার মূল উপাদান। ইচ্ছাকৃত নাশ বা মুক্তিও আকাশের ন্তায় অপর একটি অমিশ্র (অসংস্কৃত) উপাদান। অনিচ্ছাক্বত নাশের অর্থ উপলব্ধির প্রয়োজনীয় কারণ সামগ্রীর অভাব অথবা বস্তুর স্বাভাবিক বিনাশনীলতাবশত: উহার অমুপলব্ধি। মোটামুটিভাবে বলা যায় যে, আদি বৌদ্ধ দার্শনিকগণ অর্থাৎ স্থবিরবাদী ও দর্বান্তিবাদীরা এই চারিটি দংস্কৃত (যৌগিক) এবং তিনটি অসংস্কৃত (মৌলিক) উপাদান (ধর্ম, ধাতু) স্বীকার করিতেন—তাঁহারা শুধু স্থায়ী ব্যক্তির অন্তিত্ব প্রত্যাখ্যান করিয়াছিলেন। নাগার্দ্ধন তাঁহার প্রজ্ঞপারমিতা গ্রন্থে বারবার বলিয়াছেন যে, হীনধান অথবা শ্রাবক্ষানে কেবলমাত্র পুরুষশৃত্যতা (ইহাই অন্তত্ত পুদ্পল-নৈরাত্ম্য নামে অভিহিত হইয়াছে) উপদিষ্ট হইয়াছে, আর বৃদ্ধনান অথবা মহাযানে ততুপরি ধর্মশৃক্ততাও উপদিষ্ট হইয়াছে। নাগার্জনের এই উক্তিদারা আমাদের পূর্বোক্ত মন্তব্য সমর্থিত হয়। সম্ভবতঃ আত্মার প্রত্যাখ্যানের সহিত উপাদান বা ধর্মসমূহের প্রত্যাথ্যান সর্বপ্রথমে মহাসংঘিকেরা করিয়াছিলেন এবং এই ব্যাপারে শৃত্যবাদিগণ তাঁহাদের অম্পরণ করিয়াছিলেন। কিন্তু শৃত্যবাদীরা তংসঙ্গে তথতা অথবা ভূত-তথতা এবং বুদ্ধের ধর্মকায় এই ছুইটি ভাবাত্মক দার্শনিক মতও প্রতিপাদন করিয়াছিলেন। এই মত ছুইটি বিভিন্ন দিক্ দিয়া কম বেশী পরিমাণে বেদাস্কদর্শনের ত্রন্ধের ধারণার সদৃশ। আদি সম্প্রদায়গুলিতে বস্তবাদী চিন্তাধারার তুলনায় বিজ্ঞানবাদ ও শৃ্যাবাদের প্রভাব অত্যন্ত। প্রসিদ্ধ পণ্ডিড কীথ্ বিশেষ নিপুণতার সহিত এই কথা প্রতিপাদন করিয়াছেন। বৌদ্ধর্মের প্রথম স্তবে জগৎ প্রপঞ্চের সমস্তা ছিল নৈতিক, বৃদ্ধি বা জ্ঞানের সমস্তা নহে।

বন্ধ ও মুক্তি

বুদ্দদেবের এই দুঢ়বিখাদ ছিল যে, মাহুষের বহু ফুংথের কারণ এই যে তাহার একটি নিজম্ব স্বতম্ব আত্মা আছে এবং উহাকে ইহকালে ও পরকালে পরিপোষণ ও রক্ষা করা প্রয়োজন, এই ধারণার বশবর্তী হইয়া সে পরের হিতের পরিবর্তে নিজের মঙ্গলের জন্ম চেষ্টা করে। নিমন্তবের পাঁচটি বন্ধনের (সংযোজনার) মধ্যে প্রথমটি হইতেছে স্থায়ী ব্যক্তির অন্তিত্বে বিশ্বাদ; এবং উর্ধন্তরের পাঁচটির বন্ধনের মধ্যে প্রথম হুইটি হুইতেছে রূপের জগতে এবং অরূপের জগতে অন্তিত্বের আকাজা। মামুষকে যদি বুঝাইয়া স্থির-আত্মায় বিশ্বাস পরিত্যাগ করান যাইত, তাহা হইলে সে স্পট্টই দেখিতে পাইত যে, ইহজগতে স্বার্থান্ত্রেণ এবং দেহনাশের পর ভবিয়াৎ জীবনের আকাজ্যা পোষণ—এই চুইই বুথা। বৃদ্ধদেব শাশ্বতবাদ এবং উচ্ছেদবাদ এই চুইয়ের মধ্যবর্তী মার্গের উপদেশ দিয়াছিলেন। স্থায়ী অথবা নিত্য আত্মা বলিয়া কিছু নাই ইহা দত্য বটে, কিন্তু যে দব উপাদানদার। ব্যক্তিত্ব গঠিত হয় দেইগুলি স্থায়ী। স্কন্ধ সমূহ উহাদের উপদানে বিলীন হইয়া যায় বটে তথাপি ব্যক্তি বলিয়া কথিত, একটি অস্থায়ী সমূহের কর্ম অপর এমন একটি অস্থায়ী সমূহে সংক্রামিত হয়, যাহা হইতেছে ভিন্ন একটি ব্যক্তি। যাহা এক জন্ম হইতে অপর জন্ম গমন করে, তাহা স্থায়ী আত্মা নহে, কিন্তু কর্ম। ইহাতে আমাদের দায়িত্ববোধ বৃদ্ধি পাওয়া উচিত, কারণ আমাদের মৃত্যুর পর আমাদের কর্মবশতঃ যে অপর ব্যক্তি উৎপন্ন হইবে, আমাদের কর্মনাবাই তাহার স্থথত্ব:থের ভিত্তি স্থাপিত হইবে। ব্রাহ্মণ্য ধর্মের দার্শনিকগণ এই বলিয়া এই বৌদ্ধ মতের সমালোচনা করিয়াছেন যে, এই মত গ্রহণ করিলে তুইটি অক্সায় স্বীকার করিতে হয়। প্রথমতঃ কর্তা তাহার নিজকর্মের ফলভোগ করিতে পারে না (ক্বতপ্রণাশ) এবং দ্বিতীয়তঃ তাহার ক্বত নৈতিক কর্মের জ্ঞ্য অপর ব্যক্তিকে উহার ফল ভোগ করিতে হয় (অক্তাভ্যাগম); এতদ্ব্যতীত বুদ্ধের প্রাক্তন জন্মগুলিতে বিশ্বাদ করার অর্থ একপ্রকার স্থায়িত্বই স্বীকার করা। স্থাদি বৌদ্ধ দর্শনে নৈতিক কর্মের ফলোৎপাদন ঈশ্বরূপী কোনও ন্সায়-বিধাতার উপর অথবা ভিন্ন ভিন্ন জন্মের দেহগুলিতে একই অভিন্ন আত্মার অন্তিত্বের উপর নির্ভর করে না-কর্মরূপী এই নৈতিক নিয়ম স্বয়ংক্রিয়, শুধু আধ্যাত্মিক জ্ঞানের অধিক শক্তিশালী নিয়মের প্রভাবে ইহার ক্রিয়া বন্ধ হইয়া যায়। আধ্যাত্মিক জ্ঞানদারা সঞ্চিত এবং আগামী কর্ম সমূহের বিনাশ ঘটে, যদিও যে সব কর্ম বর্তমান জীবনে ফল দিতে আরম্ভ করিয়াছে তাহাদের (প্রারন্ধের) বিনাশ হয় না। যিনি বৃদ্ধবলাভ

वोक पर्नन : निर्वाप

করিয়াছেন অথবা ষিনি অর্হৎ তিনি ইহজগতেই কর্মলেশসহ (উপাধিশেষ) নির্বাণ প্রাপ্ত হন—অর্থাৎ বেদান্তের ভাষায় জীবমুক্ত হন; মৃত্যু পর্যন্ত তাঁহার শরীর সক্রিয় থাকে কিন্তু যেহেতু তাঁহার সর্ববাসনা বিনষ্ট হইয়াছে, অভএব পুনর্জন্মের দিকে তাঁহার মধ্যে কোন প্রবণতা থাকে না। শরীর পভনের পর তিনি কর্মলেশরহিত (অরুপাধিশেষ) নির্বাণ প্রাপ্ত হন; কারণ তাঁহার আর কোন নৃতন শরীর ধারণ হয় না এবং যে বিজ্ঞানধারায় ব্যক্তিত্বের উৎপত্তি হইয়াছিল তাহা সম্পূর্ণরূপে শুল্ক হইয়া যায় এবং সঙ্গে সক্ষে সর্ব (কৃষ্ণ, শ্বেত অথবা মিশ্র) সঞ্চিত কর্মণ্ড নষ্ট হইয়া যায়, ইহারা আর পরিপক্ত (বিপকে) হয় না, ফলপ্রদানও করে না।

মালুঙ্কাপুত্ত, উত্তিয় এবং বচ্ছগোত্তর হ্যায় অন্থসন্ধিংস্থ লোকেরা যে মৃত্যুর পর বুদ্ধের (তথাগতের) কি অবস্থা হইবে তাহা জানিতে চাহিবেন ইহা স্বাভাবিক। পবিত্র জীবনযাপনের সহিত যাহার সাক্ষাৎ সম্বন্ধ নাই এবং যাহা দ্বারা অনাসক্তি, তৃষ্ণানিবৃত্তি, তৃংখনাশ, স্থৈই, প্রজ্ঞান্ধপ উচ্চ আধ্যাত্মিক জ্ঞান এবং শান্তিলাভ হয় না তৎসম্বন্ধে ওৎস্থকা বৃদ্ধদেব পছন্দ করিতেন না। তিনি বলিতেন (উদাহরণস্বন্ধপ পাসাদি স্থত্ততে), যে তাঁহার জ্ঞাত বিষয়গুলির মধ্যে ইচ্ছা করিয়াই তিনি কতক-গুলিকে স্পষ্টভাবে বৃত্তিতে চেষ্টা করেন নাই এবং এইগুলির মধ্যে নির্বাণের পর বৃদ্ধের অবস্থাও একটি। তাঁহার মতে ওই ব্যাপারে অনুসন্ধান করা বৃথা এবং ধর্মবিরুদ্ধ।

নিৰ্বাণ

আধ্যাত্মিক দাধনার অন্তিম গন্তব্য যে নির্বাণ, উহা তাহা হইলে কি ? মৃক্তি এবং আত্যন্তিক নাশ যদি দমার্থক হয়, তাহা হইলে দাধনার মৃল প্রেরণাই নট হইয়া যাইবে। আর মৃক্তির অর্থ যদি ব্যক্তির শাখত অন্তিম বলিয়া মনে করা হয় তাহা হইলে সার্থপরতা পরিপুষ্ট হইবে। বৃদ্ধ যথন এই বিষয়ে কোনও বিশিষ্ট মতের বন্ধনে আবন্ধ করিতে চাহিতেন না তথন তিনি বলিতেন যে (উদাহরণম্বরূপ ব্রহ্মজাল এবং পোট্ঠপাদম্বন্তে) নির্বাণে অর্থ পৃথকভাবে সত্তা ও অসত্তা এই তৃইয়ের একটিও নহে অথবা মিলিতভাবে উভয় কিংবা উভয়াভাবও নহে। উহা ভাষাদারা ব্যক্ত করা অসম্ভব। নির্বাণিত প্রদীপের অগ্নি কোথায় অথবা কোন্ দিকে যায় এরূপ প্রশ্ন করা যেরূপ অপ্রাসন্ধিক তেমনই মৃত মহাপুরুষের স্থান ও গতি নির্ধারণের চেষ্টাও অসক্ত। উভয়ই শুধু নির্ত্ত (নিক্ব তো) হইয়া যায় এবং জ্ঞানের বাহিরে চলিয়া যায়। বৃদ্ধের এই নীরবতা হইতে এইরূপ ধারণা হইতে পারে যে, নির্বাণপ্রাপ্ত ব্যক্তির

কি অবস্থা হয় তংশপ্বন্ধে কিছু জানিতেন না অথবা জানিয়াও উপদেশ দেন নাই। কিন্ত বেহেতু তিনি উচ্ছেদবাদের বিরোধী ছিলেন, সেহেতু তিনি নেতিবাচক ভাষায় ইহাও শিক্ষা দিয়াছিলেন যে, নির্বাণ হইতেছে জীবনের ত্বঃথকটের অবসান এবং কামাগ্রিঘারা পরিবেষ্টিত সংসার হইতে নিষ্কৃতি অর্থাৎ, উহা হইতেছে দর্ব কাম, আসজি, বিরাগ এবং মোহের পরিসমাপ্তি। বিবিধ ধ্যান এবং সমাধির (জ্ঞানের) মধ্য দিয়া আত্মার উর্ধগতির বর্ণনা করিতে গিয়া বুদ্ধদেব শৃত্যলোকের (আকিঞ্জ) উর্ধের জ্ঞানের আরও কয়েকটি উচ্চন্তরের কথা বলিয়াছেন। ইহা হইতে বুঝা যায় যে, শূক্ততাই আধ্যাত্মিক জীবনের শেষ কথা নহে এবং নির্বাণের অনির্বাচ্যতা সত্ত্বেও উহাকে নিষেধমূলক ভাষায় রাগদ্বেষাদি বিপুসমূহের (ক্লেশাবরণের) এবং সম্যক্ জ্ঞানের দর্ব প্রতিবন্ধকদমূহের (জ্ঞেয়াবরণ) পূর্ণ অপদারণ বলিয়া বর্ণনা করিতে কোন বাধা নাই। এইরূপ কথিত আছে যে, বোধিলাভের অব্যবহিত পরে বৃদ্ধদেব উপলব্ধি করিয়াছিলেন যে তাঁহার দর্শনের যে তুইটি বক্তব্য জনসাধারণের পক্ষে বুঝা বিশেষ কঠিন হইবে, তাহা হইতেছে কার্য-কারণবাদ এবং নির্বাণের স্বরূপ; এমন কি জনসমাজে এই বাণী প্রচার করিবেন কিনা সেই সম্বন্ধে দ্বিধা করিতেছিলেন: কিন্তু শেষ পর্যন্ত স্বীয় করুণার বশবতী হইয়া (সনির্বন্ধ অন্তরোধ ব্রহ্মাসহস্পতির মানস দর্শন এই করুণার প্রতীক) বহুজনের উপকার ও স্থথের জন্ম ধর্মোপদেশ দেওয়ার কাজের ভার গ্রহণ করিতে প্রবুত্ত হইয়াছিলেন। কিন্তু এই কার্য-কারণ-বাদ এবং নির্বাণের স্বরূপ আজও সমস্থাই রহিয়াছে। বিশেষতঃ জিজ্ঞাম্বর স্বাভাবিক প্রবৃত্তি এবং সংস্কৃতির স্তর অম্বর্থায়ী নির্বাণ বিভিন্ন রূপ ধারণ করিয়াছে।

নির্বাণকে একটি অবিমিশ্র উপাদান বলিয়া মনে করায় উহাকে একটি ভাবাত্মক স্বন্ধ দেওয়া হইল; আবার উহাকে যথন অমৃত্ত্ব (অমত-পদম্) এবং আনন্দের (স্বথের) প্রাপ্তি বলিয়া বর্ণনা করা হইল, তথন উহাকে প্রায় একটি শাশ্বত আনন্দময় অবস্থা বলিয়া মনে করা হইল। অবশ্র এই আনন্দ ও শান্তিময় অবস্থা সকল বৃদ্ধির অগোচর; কারণ এই বিমোক্থ (মৃক্তি)কে জ্ঞানের সম্পূর্ণ বিরতি (সঞ্ঞা-বেদোয়িত-নিরোধ) বলিয়া মনে করা হইয়াছে এবং ইহার সহিত স্বর্গন্থথের কোন সন্ধান নাই—পূর্ণতার দিন অগ্রসর হওয়ার পথে অর্হং এই স্বর্গন্থথকে বন্ধনপাশ ও প্রতারণা জ্ঞানে তৃচ্ছ বলিয়া ভাবিতেন। ব্রাহ্মণ্যধর্মের যোগী জৈনধর্মের তীর্থন্ধর (সিদ্ধানের কথা তো বলাই বাহুল্য) এবং বৌদ্ধর্মের অর্হং ইহারা সকলেই দেবতাদের অপেক্ষা শ্রেষ্ঠ। ইহারা দেবতাদের দীর্যন্থয়ী কিন্তু বিনাশশীল অন্তিত্বকে ক্রপার চক্ষে দেখেন এবং তক্ষক্র কোনরূপ ঈর্গাবোধ করেন না। সম্বন্ধন মৃক্তিলাভের পথে বহু অলৌকিক সিদ্ধি

विक पर्नन: निर्वाण

(ইছি) এবং লোকোন্তর জ্ঞান (অভিঞ্ঞা) প্রাপ্ত হন। উহাদের ফলে জড়শক্তিসমূহ তাঁহাকে বাধা দিতে সমর্থ হয় না, তিনি উহাদের উপর সম্পূর্ণ প্রভূত্বলাভ করেন এবং দূরস্থ এবং স্ক্ষা বস্তা অতীত এবং ভবিয়তের ঘটনা অপরের মন এবং লোকের ভাগ্য তাহার জ্ঞানগোচর হয়, কিন্ত এইগুলিকে তাহার সাধনার আমুষ্দিক লাভ বলিয়া মনে করাই কর্তব্য, এইগুলির জন্ম তাহার উল্লিম্ভ হওয়া উচিত নহে, কারণ কর্ম এবং জ্ঞানস্ক্রের প্রতি মৃক্ত আত্মার কোন আসক্তি নাই।

প্রকৃত অথবা উচ্চতম সিদ্ধি হইতেছে জীবনের অগুদ্ধি হইতে সম্পূর্ণভাবে পরাবৃত্ত হওয়া এবং মন, ইচ্ছা, কামনা এবং চিস্তাকে সম্পূর্ণ আয়ত্ত করার ক্ষমতা— লোক ভুলাইবার অথবা অন্তদের স্বমতে আনিবার জন্ম অলোকিক কার্য দেখাইবার শক্তি নহে। তুল্যভাবে, তাঁহাকে ক্রমান্তয়ে সাধারণ যুক্তি ও অনুসন্ধান, আন্তরগুদ্ধি, আনন্দ এবং দম্পূর্ণ উপেক্ষার মধ্য দিয়া ধ্যানের বিভিন্ন ভূমিগুলি আরোহণ করার দিকে নিজের মনকে চালিত করিতে হইবে। ইহার পর তিনি রূপের জগৎ সম্পূর্ণ-ভাবে পরিত্যাগ করিয়া ক্রমারয়ে নিম্নলিখিত অবস্থাগুলি প্রাপ্ত হন-(১) আকাশানস্ত্যায়তনের উপলব্ধি—এই আয়তনে বহুত্ব এবং সাস্ত জড়জগতের অন্তিত্ব থাকে না; (২) বিজ্ঞানানস্ত্যায়তনের উপলব্ধি- এথানে বিষয় সম্বন্ধের পূর্ণ অভাব; (৩) অকিঞ্চনায়তনের উপলব্ধি-এথানে বিষয় এবং বিষয়ী উভয়েরই দম্বন্ধ সম্পূর্ণ-ভাবে অবিভয়ান; (৪) নৈবদংজ্ঞানাদংজ্ঞানায়তনের উপলব্ধি—এই স্তবে কোনস্কপ স্পর্শ চিন্তার অন্তিত্ব অথবা অনন্তিত্ব কিছুই থাকে না— শুধু নিবিকল্ল ও অব্যপদেখ জ্ঞান থাকে; (৫) এবং সর্বপ্রাপঞ্চিক জ্ঞানের নিরোধায়তনের উপলব্ধি। দেবতাদের সম্বন্ধে ধারণা এই যে তাহারা ধ্যানের এই সকল বিভিন্ন ন্তরে মগ্ন জীববিশেষ, কিন্তু তাহারা কেহই চারি আর্থ-সভ্যের অন্তিম উপলব্ধি লাভ করে নাই। এই অন্তিম উপলব্ধি হইতেছে পূৰ্বোক্ত অন্ধপ জগতের প্রাপঞ্চিক জ্ঞানের নিরোধাত্মক শেষ ন্তরটির ভাবাত্মক আকার। ইহলোকে অথবা পরলোকে কোথাও আত্মবস্থ প্রকৃতপক্ষে অন্তিত্ববান নহে, স্বতরাং আত্মার কোন প্রকার শরীরকেই শাখত বলিয়া মনে করা ঘাইতে পারেনা—এমন কি যে ঐশবিক দেহকে শাখত বলিয়া মনে করা হয়, তাহাকেও নহে। স্থতরাং নির্বাণের দিকে প্রবাহিত আধ্যাত্মিক নদীতে প্রবেশের যে-সব নৈতিক ও বৌদ্ধিক বিদ্ন আছে, সেইগুলি দূর করিয়া সাধককে ক্রমান্ত্রে সক্লাগামী (যে একবার প্রত্যাবর্তন করে), অনাগামী (যে একবারও প্রত্যাবর্তন করে না) এবং অর্হংএর পদ লাভ করিতে হইবে।

ইহা স্বস্পষ্ট যে এই অন্তিম আদর্শে উপনীত হইতে হইলে কঠোর আধ্যাত্মিক

দাধনার প্রয়োজন। মনকে উদার ও উমুক্ত করিতে হইলে, অর্থাৎ ব্রন্ধে বিচরণ করিবার যোগ্যতা অর্জন করিতে হইলে (ব্রহ্ম-বিহার ভাবনা) নিম্নোক্ত মহৎ ভাবনা চতুইয় আবশুক:— সর্বজীবের হিতকামনা (মৈত্রী), আর্তের প্রতি দয়া (কফণা), অত্যের স্থথে আনন্দবোধ (মুদিতা) এবং পরের দোষের প্রতি ওদাসীম্র (উপেক্ষা)। দেহের ঘণ্যতার কথা চিস্তা (অ-শুভ ভাবনা) করিলে এই চারিটি ভাবনা বিশেষ শক্তিশালী হইবে। "বৃদ্ধং শরণং গচ্ছামি, ধর্মং শরণং গচ্ছামি, সংঘং শরণং গচ্ছামি" এই মন্ত্রের নিয়ত অরণ (অরুম্বতি), শাদ-প্রশাদ নিয়ন্ত্রণ প্রভৃতি নিশ্চয়ই পরে সংযুক্ত করা হইয়াছে। কিস্ত যৌগিক ধ্যান-ধারণা বৃদ্ধের পূর্বকালীন এবং স্থূল হইতে সক্ষো, বাহজগৎ হইতে অন্তর্জগতে ও সংবেদন হইতে সাক্ষাৎ অন্তর্ভাতে উনীত হওয়ার বিধান বৃদ্ধের সমসাময়িক দর্শন-সম্প্রদায়গুলিতেও নিশ্চয়ই প্রচলিত ছিল। প্রশান্তি অথবা সমন্ত্র এবং নীতি ও ধ্যানের অতীত প্রজ্ঞা সকল সম্প্রদায়েরই লক্ষ্য ছিল। শ্রেষ্ঠ অথবা উত্তম পন্থা নিয়মাত্বর্তিতা (বিনয়) এবং সত্যের বিবেক-জ্ঞানের (ধর্মের) উপর নির্ভর করে বলিয়া মনে করা হইত।

ধর্মরূপে বৌদ্ধ্যত

যে বৃদ্ধ মত ও অনুষ্ঠানের ব্যাপারে স্বাধীন বিচার প্রয়োগ করিতে হইবে এই মত ব্যাপকভাবে প্রচার করিয়াছিলেন, তিনিও যে, মহাপদান হুল্ডান্তে প্রায় ঈশবের লায় পূজ্য বলিয়া বর্ণিত হইয়াছেন। ইহার কারণ এই যে, বৃদ্ধ স্থয় অলাল্য সত্য ও মুক্তিকামীদের তুলনায় স্বীয় দর্বশ্রেষ্ঠতেব, এমন কি দেবতা, মহুল্য প্রভৃতি হইতে অত্যন্ত পৃথক্ (বৃদ্ধরূপে) এক অপূর্ব অসাধারণহের দাবী করিয়াছিলেন। তাঁহাতে কতকগুলি মহাপুরুষের লক্ষণ থাকায়, তাঁহাকে সাধারণ মরণশীল জীব হইতে প্রভেদ করা হইত এবং তজ্জল শীঘ্রই তাঁহার জীবন ও কার্যের দহিত বহু অতিপ্রাত্কত ঘটনা সমাবেশ করা হইয়াছিল। দশটি শক্তি অথবা দর্ববন্ধর মর্মভেদী জ্ঞান, যেসকল বৃদ্ধস্বল আঠারটি গুণ-ঘারা দর্বজ্ঞ হইতে পারিয়াছিলেন এবং প্রত্যেক ব্যাপারে স্বীয় আচরণ, বাণী ও মনকে যথাযোগ্য করিতে সমর্থ হইয়াছিলেন, দেই আঠারটি গুণ, এবং যে চারিটি আত্মপ্রত্যয় ঘারা তিনি নিশ্চিতভাবে উপলব্ধি করিয়াছিলেন যে মুক্তিপ্রদ জ্ঞানের অধিকারী হইয়াছেন, দেই চারিটি আত্মপ্রত্যয় তাঁহাতে থাকায় তিনি জিন, সর্বজ্ঞ, স্থগত, তথাগত, ভগবং প্রভৃতি বহু সন্মানবাচক নামের অধিকারী হইয়াছিলেন। তাহা ছাড়া এইরূপণ্ড বর্ণনা করা হইয়াছে যে, অভীতে আরও অনেক

বৌদ্ধ দর্শন: ধর্মরূপে বৌদ্ধমত

বৃদ্ধ হইয়া গিয়াছেন এবং তিনি তাঁহাদেরই অগ্যতম বলিয়া দাবী করিতেন। এই সকল বৃদ্ধের সংখ্যা প্রথমে ছয়টি বলিয়া মনে করা হইত—ইহারা হইতেছেন বিপস্সি, সিথি, বেসসভূ, ককুসন্ধ, কোণাগমন এবং কস্সপ। পরে এই সংখ্যা বাড়াইয়া চব্দিশটি করা হইয়াছিল—ইহাদের আদি হইতেছেন বৃদ্ধ দীপদ্ধর; ইহারই নিকট বর্তমান বৃদ্ধ (তৎকালে তাঁহার নাম ছিল হ্মেধ) এরপ শপথ লইয়াছেন বলিয়া কল্পনা করা হইয়াছে যে, তিনি স্টেজীবের মঞ্চলার্থ স্বীয় জীবন উৎসর্গ করিবেন এবং এইরপও বলা হইয়াছে যে, বৃদ্ধ দীপদ্ধর ভবিশ্বংবাণী করিয়াছিলেন যে গোঁতম বৃদ্ধ স্বশ্রেষ্ঠ জ্ঞান বা বোধি লাভ করিবেন।

মৈত্রেয় প্রভৃতি ভবিশ্বৎ বৃদ্ধদের কথা পরবর্তীকালের সাহিত্যেও লক্ষিত হয়। বুদ্ধের সময়ে মাঝে মাঝে এইরূপ স্বীকার করা হইত যে, কোন কোন গৃহী মোক্ষণাভ করিয়াছে। কিন্তু কোন অর্হৎই বহুজন্ম বোধিদত্ত্বে জীবনযাপন করিয়া বছ ক্লছ্ সাধনেও শেষ পর্যন্ত বৃদ্ধ হইয়াছেন বলিয়া স্বীকার করা হয় নাই, কারণ বৌদ্ধর্মের মূল শাস্ত্রাহুদারে এক কালের মধ্যে শুধু একজন বৃদ্ধই হইতে পারেন। ইহার ফলে বুদ্ধের জীবন সম্বন্ধে যে বিবিধ কাল্পনিক কাহিনী বৌদ্ধ-সাহিত্যে রচিত হইয়াছিল, এমন কি বুদ্ধ যে দাধারণ মরণশীল জীব এবং মহাপুরুষদের তুলনায় সম্পূর্ণ পুথক ছিলেন ইহা সমর্থন করিয়া ব্যঙ্গ প্রচারিত হইয়াছিল, বিভিন্ন বৌদ্ধ সম্প্রদায় ইহলোকে এবং পরলোকে বুদ্ধের স্বরূপ কি এই বিষয় লইয়া বিবাদ করিত এবং পরলোকগত বৃদ্ধের উদ্দেশ্যে কিছু নিবেদন করার কি প্রয়োজন হইতে পারে, এবং যে মৃক্ত-আত্মা ভক্তির দারা আরুষ্ট হইতে অথবা ভক্তির মূল্য উপলব্ধি করিতে অদমর্থ তাঁহার পূজায় কিরূপ আধ্যাত্মিক মঙ্গল প্রত্যাশা করা যাইতে পারে ইহা লইয়া আলোচনা করিত—ইহাতে আক্র্যান্বিত হইবার কিছুই নাই। এইরূপ ধারণা প্রচলিত হইল যে, বুদ্ধের জন্ম, বোধিলাভ, প্রথম উপদেশ এবং পরিনির্বাণ যে সকল স্থলে ঘটিয়াছিল, দেইগুলি বৌদ্ধর্মের তীর্থস্থান; ভিক্ষু এবং ভিক্ষণীরা একমাত্র বৃদ্ধ, ধর্ম ও সংঘের শরণ গ্রহণ করিয়াই নির্বাণলাভে সমর্থ, কিন্তু তাহারা কথনও বৃদ্ধের ভরে উপনীত হইতে পারে না এবং বৃদ্ধ ব্রাহ্মণ্যধর্মের ইন্দ্র, ব্রহ্মা প্রভৃতি দেবভাদের অপেক্ষাও শ্রেষ্ঠ ছিলেন। এই ধারণা হইতে বৌদ্ধর্মের প্রতিষ্ঠাতার প্রতি এইরূপ শ্রদ্ধার ভাব উৎপন্ন হওয়া স্বাভাবিক—যাহা ঈশবের প্রতি ভক্তির স্থায়; এবং এই ধারণাবশতঃ বৌদ্ধরা তৃপগুলির প্রতি যে সম্মান দেখাইত, তাহা কোন মন্দিরস্থ দেবতার প্রতি সম্মানের তুল্য।

কিছ বুদ্ধ কৃত ধর্মীয়-সংস্কারের প্রকৃত বিরুদ্ধগামী চিস্তাধারা মহাযান সম্প্রদায়ে

আরক হইয়াছিল। ইহারা বৃদ্ধকে জগতের আদিতত্ত্বের তরে উন্নীত করিয়াছিল, অন্যান্ত ধর্মে দেবতাদের উৎপত্তির বিবরণের ন্তায় ইহারাও বৃদ্ধ হইতে জগতের উদ্ভববাদ গ্রহণ করিয়াছিল এবং পরে বৈদিক যুগের প্রাচীন দেবতারাও মহামান সম্প্রাদায়ে পুনরায় স্থান পাইয়াছিলেন এবং শৈব ও বৈষ্ণবধর্মের প্রভাবে তাহারা নিজস্ব রীতিতে ব্রাহ্মণ্যধর্মের দেবতাদিগকেও গ্রহণ করিয়াছিল। উপনিষদীয় বিচার-প্লাবনে প্রাচীন দেবতাগণ বিদ্বিত হওয়ার পর ধর্মজগতে শৈব ও বৈষ্ণব সম্প্রাদায়ের প্রাধান্ত আরম্ভ হইয়াছিল।

হীন্যান এবং মহাযান

উচ্চাধিকারীর জন্ম গুপ্ত উপদেশ এবং সর্বসাধারণের জন্ম প্রকাশ উপদেশ মহাযানে এইরপ যে পার্থক্য করা হইত, প্রাচীন বৌদ্ধমতে তাহা করা হইত না। সংসারে থাকিয়া যাহাতে অন্মকে পবিত্র জীবন্যাপনে সাহায্য করা যাইতে পারে এই উদ্দেশ্যে নির্বাণপ্রাপ্তি স্থপিত রাথা কর্তব্য প্রাচীন মতে এই ধারণাকে উৎসাহ দেওয়া হইত না। অর্হং মাত্রই বোধিসন্থরপে সাধনা আরম্ভ করিয়া পরিশেষে বৃদ্ধপদপ্রাপ্তি সংকল্প করিতে পারে এরপ ভ্রান্ত আশাকেও উহা সমর্থন করিত না। অর্থাং ইহা সহজ্ঞসিদ্ধ বিজ্ঞানবাদ এবং শূন্যবাদ অন্থমোদন করিত না। উহার শিক্ষা এইরপ ছিল যে, জগতের অন্ততঃ ততথানি সন্তা আছে যাহাতে উহা সাধকের পক্ষে ক্লেশদায়ক হইতে পারে; উন্নত সাধকেরা যে নিঃসঙ্গ ও একাকী, এবং মৃক্তির জন্ম বাহিরের সাহায্যের আশা না করিয়া, অথবা কোনও সার্বজ্ঞনীন সন্তায় বিলীন হওয়ার আশা পোষণ না করিয়া, ব্যক্তিগত প্রযুই অত্যাবশ্যক এই মতের উপর বিশেষ জোর দেওয়া হইত—উহা ছিল শ্রন্ধার কার্যকারিতায় বিশাসী পরবর্তীকালের সহজ্যানের বিপরীত কঠিন্যান (সহজ্বপথ ও কঠিন পথ); মৃক্ত-আ্লা স্থ্য-স্বর্গ লাভ করিবে ইহাতে সেরপ কোন আশাদ দেওয়া হয় না।

যেহেতু এই মতে প্রত্যেককেই নিজেই নিজের পথপ্রদর্শক হইয়া এবং পরের মৃক্তির জন্ম চিন্তা না করিয়া ব্যক্তিগতভাবে স্বীয় মৃক্তি সম্পাদনের জন্ম উপদেশ লওয়া হইত, দেই হেতু উহাকে স্বার্থপরের মত বলা ঘাইবে কি ? ইহা সভ্য হইতে পারে না, কারণ বৃদ্ধ মৃক্তির গুহুতত্ত্বকে কেবল নিজের কাছেই রাখিয়া দেওয়ার প্রলোভন সম্বরণ করিয়াছিলেন এবং তিনি ভিক্ষদিগকে সংসারাসক্ত গৃহীদের নিকট মৃক্তির বাণী লইয়া ঘাইবার জন্ম বর্ধাকাল ব্যতীত অন্য সময়ে দেশের সর্বত্ত ভ্রমণ

वीक पर्नन: शैनवान এवः महायान

করিতে নির্দেশ দিয়াছিলেন। তথাপি প্রতিস্পর্যী মহাযান সম্প্রদায় এই প্রাচীন পদ্ধাকে বিজ্ঞপ করিয়া 'হীনষান' এই উপ-নাম দিয়াছিল। কারণ এই পদ্ধায় সকল সাধকই (প্রাবকই) সমগ্র সমাজের ধর্মোয়তির কথা না ভাবিয়া যতদ্র সম্ভব শীদ্র স্বীয় মৃক্তিলাভের প্রতি সচেই ছিল। ইহা ব্যতীত তাহাদের অন্ত কোন আদর্শ ছিল না। স্বতরাং প্রাবক-যান অথবা অর্হৎ-যান হইতেছে এমন একটি ক্ষুপ্রযান (হীনষান) যাহাতে শুধু একজন যাত্রীই ব্যাত্যাবিক্ষ্ম জীবনসমূপ্র নির্বিদ্নে পার হইতে পারে; কিন্তু বৃদ্ধ-যান অথবা বোধিসন্ত-যান হইতেছে একটি বৃহৎ-যান (মহাযান), কারণ সাধক তাঁহার প্রশন্ত নৌকায় অন্ত লোককেও সঙ্গে লইয়া বিপৎসঙ্গুল সংসারপ্রবাহ পার হইতে পারেন।

কেহ কেহ এইরূপ বলেন যে, ইহা অপেক্ষা উত্তরদেশীয় ও দক্ষিণদেশীয় বৌদ্ধ-ধর্মের ভেদ যোগ্যতর হইবে – এই ভেদের মধ্যে কোনও নিন্দার স্থচনা নাই। সিংহল, ব্রহ্মদেশ এবং খ্রামদেশে প্রাচীন মত প্রবল; এবং তিব্বত, চীন ও জাপান দেশ পরবর্তী মতের আবাসম্ভল। ভ্রমণকারীদের বুত্তান্ত প্রত্মতাত্ত্বিক ভগাবশেষ এবং প্রাচীন দাহিত্যের দাক্ষ্য হইতে প্রতীয়মান হইবে যে, এই ভৌগোলিক বিভাগ স্বস্পষ্ট ছিল না, এবং পরবর্তীকালে দক্ষিণদেশীয় এবং উত্তরদেশীয়, হীন্যান এবং মহাধান উভয় সম্প্রদায়ই পাশাপাশি, এমন কি একই মঠের অভ্যন্তরে বিরাজ করিত। স্বতরাং ইহা বলাই সঙ্গত হইবে যে, ভাষা (সংস্কৃত অথবা পালি অথবা অপত্রংশ দংস্কৃত), ভাস্কর্য, ধর্মীয় এবং দার্শনিক বিশাস, নৈতিক আচারের কঠোরতা এবং ধর্মগ্রন্থের বিস্তারের ব্যাপারে বিভিন্নতাবশতঃ বুদ্ধের অমুগামীরা ছুইটি প্রধান দলে বিভক্ত হইয়াছিল; এই ছই দলের মধ্যে বিভিন্ন বৌদ্ধমতের সম্প্রদায়গুলি সমাবিষ্ট হইয়াছিল; এবং পরপ্রাপ্তীয় বিখাদ ও চিস্তাধারার সংস্পর্শে আদিবার फरन উত্তরদেশীয় সম্প্রদায়ে দক্ষিণদেশীয় সম্প্রদায় অপেক্ষা অধিক পরিমাণে পরিবর্তন সংঘটিত হইয়াছিল—দক্ষিণ সম্প্রদায় তাহাদের স্বত্ত (ধর্মমত), বিনয় (আচার), এবং অভিধম (দর্শন) এই তিনটি পিটকের উপরেই নির্ভর করিয়া রহিল। ইহা বিক্ষ জীবন-সমূত্রে কেবলমাত্র একজন আরোহীকে নিরাপদে পাবে লইয়া যাইতে পারে, অন্ত দিকে বৃদ্ধ-যান বা বোধিসত্ত-যান মহৎ উপায় বা মহাযান কারণ ইহার বিস্তৃত নৌকায় সন্ন্যাসী বা প্রাবক বিপজ্জনক সংসার হইতে অন্তান্ত জীবাত্মাদের মুক্তির পারে লইয়া যাইতে সক্ষম।

বৌদ্ধ মতবাদকে আর্যাবর্ত ও দক্ষিণাবর্তের বৌদ্ধ মতবাদে বিভক্ত করিলে ভাল বিভাগ হইবে, কারণ ইহাতে কোন সম্প্রদায়ের প্রতি কোনরূপ দোষারোপ

করা হয় না বলিয়া কল্পনা করা হইয়াছে। দিংহল, বর্মা, শ্রাম, প্রাচীন মতবাদের দৃঢ় কেন্দ্রস্থল ছিল, অপর দিকে তিব্বত, চীন ও জ্ঞাপান পরবর্তী মতবাদের আবাসস্থল ছিল। ভ্রমণকারীদের বৃত্তান্ত, প্রস্থতান্ত্বিক ধ্বংসাবশেষ ও সাহিত্যিক প্রমাণাদি হইতে ইহাই প্রতিভাত হয় যে, ভৌগোলিক বিভাগ স্থল্পট নহে এবং পরবর্তীকালে উভয় ধারাই — দক্ষিণাবর্ত ও আর্যাবর্ত, হীন্যান ও মহাযান পাশাপাশি একই বৌদ্ধন্যযে উৎকর্যলাভ করিয়াছিল। স্থতরাং আমরা ইহাতেই সম্ভট্ট থাকিব যে, ভাষায় (সংস্কৃত, পালি বা মিশ্র-সংস্কৃত), স্থাপত্যে, ধর্ম ও দার্শনিক বিখাসে, নৈতিক নিয়মায়্বতিতার কঠোরতায় পবিত্র ধর্মগ্রন্থের বিভিন্নতায় বুদ্ধের অমুগামীগণ তৃইটি প্রধান অংশে বিভক্ত হইয়াছিল এবং বিভিন্ন ধরণের চিন্তাধার। সকল সেথানে সমবেত হইয়াছিল; বিভিন্ন ধরণের বৈদেশিক বিখাস ও চিন্তাধারার সংস্পর্শ আর্যাবর্তের চিন্তাধারায় স্বন্ত-সংবলিত ত্রিপিটক্, বিনয় ও অভিধন্মযুক্ত দক্ষিণাবর্তের বৌদ্ধ মতবাদ অপেক্ষা অধিকতর নৃত্তমন্থ প্রবর্তন করিয়াছিল।

গ্রন্থবিবরণী

ত্রিপিটকে নিম্নলিখিত পিটকগুলি আছে—

- ১। বিনয়-পিটক
 - (১) ভিথপু-বিভঙ্গ
 - (২) ভিগ্ণুনী-বিভক্
 - (৩) মহা-বগ়গ
 - (৪) চুল-বগগ
 - (৫) পরিবার-পাঠ
- ২। স্থত-পিটক
 - (১) দীঘ-নিকায়
 - (২) মঝঝিন-নিকায়
 - (৩) সঞ্যুত্ত-নিকায়
 - (৪) অংগুতর-নিকায়
 - (৫) পুদ্দক-নিকায়, ইহার মধ্যে আছে—
 - (১) পুদদক-পাঠ, (২) ধশ্মপদ, (৬) উদান, (৪) ইতিবৃত্তক, (৫) হস্ত-নিপাত, (৬) বিমান-বখ_ু, (৭) পেত-বখ_ু, (৮) পের-গাধা, (৯) থেরী-গাণা, (১০) জাতক, (১১) নিদ্দেস, (১২) পটিসম্ভিধ মৃগ গ়, (১৩) অপদান, (১৪) বৃদ্ধ-বংস ও (১৫) চর্যা-পিটক

वोक पर्मन : अञ्चितवत्रनी

৩। অভিধন্ম-পিটক

- (১) ধশ্ম-সংগণি
- (২) বিভংগ
- (৩) কথা-বখু
- (৪) পুগ গল-পঞ ঞত্তি
- (৫) ধাতু-কথা
- (৬) যমক
- (৭) পট্ঠান

Sacred Books of the East, Sacred Books of the Buddhists ও Pali Text Societyর গ্রন্থালার উপরোক্ত পুন্তকগুলির চনৎকার ইংরাজী অনুবাদ বর্তমানে পাওয়া যায়। নিম্লিখিত পুন্তকগুলি উল্লেখযোগ্য—The Vinaya Texts (Rhys Davids ও Oldenderg), Dialogues of the Buddha (Rhys Davids ও Mrs. Rhys Davids), Further Dialogues of the Buddha (Lord Chalmers), The Book of the Kindred Sayings (Mrs. Rhys Davids and Woodward), The Book of the Gradual Sayings (Woodward and Hare) Dhammapada (Max Muller), The Sutta-Nipata (Fausboll), Psalms of the Brethren (Mrs. Rhys Davids), Psalms of the Sisters (Mrs. Rhys Davids), Udana (Strong), Points of Controversy (Aung and Mrs Rhys Davids), Puggala-Pannatti (B. C. Law), The Buddha-Vsmsa (Morris) এবং Jatakamala (Speyer).

নিম্লিখিত প্তকগুলিরও উল্লেখ করা যাইতে পারে—The Mahavmsa (Geiger ও Mrs. Bode). The Questions of King Milinda (Rhys Davids), Dipavamsa (Oldenderg), Buddhist Suttas (Rhys Davids), The First Fifty Discourses of Gotama the Buddha (Silacara) ও Buddhist Psychological Ethics (Mrs. Rhys Davids). Buddhism in Translations (Warren) ও The Vedantic Buddhism of the Buddha (Jennings) এ আংশিক অমুবাদ পাওয়া যাইবে।

প্রাচীন বৌদ্ধর্মের বিভিন্ন বিষয় লইয়া কয়েকটি চনংকার সংক্ষিপ্ত পুস্তক—Manual of Indian Buddhism (Kern), Buddha—His life, His Doctrine, His Order (Oldenberg), A Manual of Buddhism (Mrs. Rhys Davids), American Lectures on Buddhism (Rhys Davids), Buddhist Philosophy in India and Ceylon (Keith), Life of Buddha ও History of Buddhist Thought (Thomas), Hinduism and Buddhism (Eliot), Early Monastic Buddhism (Dutt), Pre-Buddhistic Indian Philosophy (Barua), The Central Conception of Buddhism (Stcherbatsky), Systems of Buddhistic Thought (Yamakami Sogen), Buddhist India (Rhys Davids) Nirvana (de la Vallee Poussin), Women under Primitive Buddhism (Horner) ও History of Indian Literature, Vol I (Winternitz).

মহাযান মতের উপর লিখিত পুস্তকগুলি উপরের তালিকায় দেওয়া হয় নাই।

বৌদ্ধ দর্শন

খ। ভারতীয় বিভিন্ন ৰোদ্ধ সম্প্রদায়ের ঐতিহাসিক ভূমিক।

১। ভূমিকা

বৌদ্ধ ও জৈন শাল্পে দৃষ্টিপাত করিলে দেখা যায় যে এইপূর্ব ষষ্ঠ শতাকীতে ভারতবর্ষে অসংখ্য ধর্ম ও দার্শনিক মতবাদের আলোড়ন চলিতেছিল। এই মতবাদ সকলের সমর্থকেরা 'শ্রমণ' ও 'ব্রাহ্মণ' এই তুইটি পৃথক শ্রেণীতে বিভক্ত ছিল। ব্রাহ্মণ-দিগের মতবাদ বেদের উপর প্রতিষ্ঠিত ছিল। কিন্তু ষাহাদিগকে শ্রমণ বলা হইত, তাহারা ইহকালে ও পরকালে স্থ্য-শান্তির উপায় হিসাবে ইন্দ্রিয়নিগ্রহ ও ক্বছ্র-সাধন করিতেন; তাঁহারা ব্রাহ্মণদের বিরোধী ছিলেন এবং বৈদিক কঠোরতা সম্পূর্ণ পরিত্যাগ করিয়াছিলেন। এই তুই শ্রেণীর আবির্ভাবের পূর্বে ব্রাহ্মণ্য সম্প্রদায়ের মধ্যেই এমন কতক লোক ছিলেন, যাহাদের মধ্যে কেহ (১) কর্মী বা কর্মমার্গের অহুগামীরা—ইহারা বিভিন্ন প্রকার যাগ্যজ্ঞ সম্পর্কিত বৈদিক ক্রিয়াকর্মাদিতে বিশ্বাসী ছিলেন; এবং কেহ কেহ (২) জ্ঞানী বা জ্ঞানমার্গের অহুগামী; ইহাদের উচ্চ-চিন্তা উপনিষদ সমূহে পরিপূর্ণ অভিব্যক্তি লাভ করিয়াছিল।

সমান্তে বিচার ও যুক্তির উন্মেষের সঙ্গে সঙ্গে বৈদিক ক্রিয়াকাণ্ড সম্পর্কিত পশুবলির প্রতি ক্রমশঃ অপ্রদা এবং পূজা-অফুষ্ঠানের বিভিন্ন প্রকার বাহ্ন ও জটিল ক্রিয়কাণ্ডাদির উপর অসন্তোষ বৃদ্ধি পাইতে থাকিল। ইহার ফলে ব্রাহ্মণ সম্প্রদায়ের মধ্যেও এমন বিভিন্ন প্রেণীর স্পষ্ট হইয়াছিল, খাঁহার। বৈদিক ক্রিয়াকাণ্ডের কার্যকারিতা ও মূল্য সম্পর্কে সন্দিগ্ধ হইয়া উঠিয়াছিলেন। বৈদিক ক্রিয়াকর্যাদিকে সংসার-সাগর পার হওয়ার পক্ষে অতি তুর্বল ভেলার মত মনে করিতেন, ফলে এইগুলির রূপক ব্যাখ্যা দেওয়ার চেষ্টা হইয়াছিল। উদাহরণস্বরূপ বৃহদারণ্যক উপনিষ্দের প্রারম্ভেই পশুষ্ক্রের মধ্যে স্ব্রিপেক্ষা বৃহৎ অস্বমেধ ষ্ক্রকে সম্গ্র বিশ্বের দৃষ্টিতে ব্যাখ্যা করা হইয়াছে।

উপরোক্ত সম্প্রদায় সকলের মধ্যে ঘনিষ্ঠ সম্বন্ধ বর্তমান থাকায় ইহাদের মধ্যে অধিকাংশই কমবেশী একে অপরের ঘারা প্রভাবিত হইয়াছিল এবং দেশের তৎকালীন দার্শনিক চিস্তাধারায় 'শ্রমণ' ও 'ব্রাহ্মণ'দিগের দান বিশেষ উল্লেখযোগ্য ও মূল্যবান।

বর্তমানে 'শ্রমণ' বা আরও সঠিক করিয়া বলিতে গোলে বৌদ্ধরাই আমাদের আলোচনার বিষয়। এই শ্রমণেরা ছুইটি প্রধান সম্প্রদায়ে বিভক্ত: হীনধান (নিকুট

বৌদ্ধ দর্শন: বৈভাষিক সম্প্রদায়

যান) ও মহাযান (শ্রেষ্ঠযান)। মহাযান সম্প্রদায়ই নিজেদের শ্রেষ্ঠ প্রতিপন্ন করিবার জন্ত 'যান' শব্দের পূর্বে 'হীন' ও 'মহা', এই বিশেষণদ্বয় ব্যবহার করিতেন। মহাযানীরা সপ্তগুণের জন্ত নিজেদের শ্রেষ্ঠত দাবী করিতেন—যে সপ্তগুণ হীন্যানেও নাই। (মহাযান স্ক্রোলকার ১৯-৫৯, ৬০)

অসংগ (খ্রীষ্টাব্দ ৩০০) ও শাস্তরক্ষিত (খ্রীষ্টাব্দ ৭০০) প্রভৃতি প্রাচীন আচার্যেরা তুইটি প্রধান প্রশ্ন সম্বন্ধ আলোচনা করিয়াছেন। ইহাদের মধ্যে প্রথমটি হইল: মহাযান স্ত্রেগুলি কি প্রকৃতপক্ষে বৃদ্ধের মূল বাণীকে অফুসরণ করে? মহাযান সম্প্রদায়ের আচার্যেরা এই প্রশ্নের উত্তর দিয়াছেন—'হাঁ'। দ্বিতীয় প্রশ্ন হইল: হীন্যান ও মহাযান এই তুই সম্প্রদায়ের মধ্যে কোন্টি প্রাচীন? মহাযান মতের প্রামাণ্য বিচার করিবার চেষ্টা করিয়াছেন। ইহা হইতে বৃঝা যায় যে, উহার প্রামাণ্য যথেষ্ট বিতর্কের বিষয় ছিল। আমরা এখানে সাধারণভাবে ভারতীয় বৌদ্ধ-চিন্তাধারার প্রধান শাথাগুলির ঐতিহাসিক বর্ণনা প্রদান করিব এবং বৃদ্ধের মূল উপদেশাবলী ও ভারতীয় প্রাচীন চিন্তাধারার সহিত ইহাদের সম্বন্ধ কি তাহা সংক্ষেপে প্রদর্শন করিব।

২। বৈভাষিক সপ্তাদায়

বৌদ্ধর্মের সমর্থক বিখ্যাত নৃপতি কনিক্ষের রাজত্বকালে (আন্ত্রমানিক ১২০ খ্রীষ্টপর) কাশ্মীরে বৌদ্ধর্ম সম্পর্কে পরস্পারবিরোধী মত দেখা দেওয়াতে সমাট অশোকের অন্ত্রসরণে বৌদ্ধগদের একটি অধিবেশন কাশ্মীরে আহ্বান কর। হইয়াছিল। সেই অধিবেশনে মূল ধর্মগ্রন্থের সংশোধন করা হইয়াছিল এবং অভিধর্মের উপর বিভাষা নামীয় একখানি বৃহৎ ভায় রচিত হইয়াছিল। সংস্কৃত ভাষায় রচিত মূল গ্রন্থথানি অধুনা আর পাওয়া ষায় না, কিন্তু চীনা ভাষায় তুইখানি অনুবাদ এখনও পাওয়া যায়।

কালক্রমে কাশ্মীরে বৌদ্ধ-ধর্মাবলম্বীগণের মধ্যে বিভেদ 'দেখা দিল; ইহাদের মধ্যে এক সম্প্রদায়ের বিভাষার উপর বিশেষ শ্রদ্ধা ছিল, সেইজন্ত এই সম্প্রদায়ের লোকরা বৈভাষিক নামে পরিচিত হইল। পুনরায় বৈভাষিক দিগের মধ্যেই কোন কোন বিষয়ে বিভিন্ন মতবাদ ছিল এবং যাহারা কাশ্মীরে বাস করিত তাহারা 'কাশ্মীর বৈভাষিক' এবং যাহারা পশ্চিম সীমাস্কে (পাঞ্জাব) বাস করিত তাহারা 'পাশ্চাত্য

বৈভাষিক' বলিয়া অভিহিত হইত। তাহারা 'অপরাস্তক' (যাহারা পাশ্চাত্য সীমাস্তে বাদ করিত), বহির্দেশক বা (বহির্দেশ বাসী), গান্ধারাচার্য বা (গান্ধার দেশের আচার্যেরা) – এই দব নামেও অভিহিত হইত।

এই বৈভাষিকের। মূল দর্বান্তিবাদীদের (যাহারা অতীত, বর্তমান ও ভবিশ্বৎ দর্বকালে দর্ববস্তুর দন্তায় বা অন্তিত্বে বিশ্বাদী) ছুইটি প্রধান সম্প্রদায়ের মধ্যে একটি। এই ছুইটি সম্প্রদায়ের একটি সম্প্রদায় দর্বান্তিবাদী নামে পরিচিত ও অপরটি সৌত্রান্তিক সম্প্রদায় বলিয়া খ্যাত। সৌত্রান্ত্রিক সম্প্রদায় সম্বন্ধে পরে আলোচনা করা হুইবে। কাশ্মীরের দর্বান্তিবাদীরা মূল বা আদল দর্বান্তিবাদী বলিয়া পরিচিত ও অন্যান্ত সম্প্রদায় সকল শুধু দর্বান্তিবাদী বলিয়া কথিত হুইয়া থাকে।

দর্বান্তিবাদীদের দর্বাপেক্ষা প্রামাণ্য ধর্মগ্রন্থ হইল কাত্যায়ণীপুত্র প্রণীত জ্ঞান-প্রস্থান'। ইহা ছয়ভাগে বিভক্ত। পূর্বোলিখিত বিভাগ এই গ্রন্থের ভাষা। এই সম্প্রদায়ের 'বিনয়' ও 'স্ত্র' নামক সংগ্রহও আছে। ইহাদের অধুনাপ্রাপ্ত গ্রন্থাকল সংস্কৃত ভাষায় বিরচিত। সম্ভবতঃ এইগুলি প্রথমে কোন এক প্রকার প্রাকৃত ভাষায় রচিত হইয়াছিল, পরে সংস্কৃত ভাষায় রূপাস্তবিত হয়।

সর্বান্তিবাদীরা এই নামে কথিত হইয়া থাকেন কেন, এই আলোচনা এথানে করা যাইতে পারে। ইহা দারা আমরা বৈভাধিকদিগের দার্শনিক মতবাদের মধ্যে সর্বাপেক্ষা গুরু হপূর্ণ কয়েকটি মত স্পষ্টভাবে ব্ঝিতে পারিব, কারণ বৈভাধিক সম্প্রদায় সর্বান্তিবাদী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

'অভিধর্মকোম'-এর স্থায় প্রামাণ্য গ্রন্থের বিখ্যাত রচয়িতা বহুবন্ধ্ তাঁহার এই গ্রন্থে (৫ ২৫ ২৬) বলিয়াছেন, যে ব্যক্তি বস্তুর অতীত, বর্তমান ও ভবিশ্বৎ রূপ বৈক্রালিক অন্তিকে বিশাদী দেই দ্বান্তিবাদী বলিয়া কথিত হইয়া থাকে । দব কিছুই, অর্থাৎ অতীত, বর্তমান ও ভবিশ্বৎ অন্তিত্ববান—এইরূপ বলা যথার্থই দাহদের কান্ধ। কিন্তু কোন্ কোন্ প্রমাণের উপর এই মত প্রতিষ্ঠিত ? মোটাম্টিভাবে ইহার চারিটি প্রমাণের উপর প্রতিষ্ঠিত।

প্রথমতঃ, বৃদ্ধের নিজম্ব উজি —তিনি স্পাষ্ট বলিয়াছেন যে অতীত, বর্তমান ও ভবিশ্বং — এই ত্রিবিধ বস্তরই অন্তিম আছে।°

খিতীয়ত:, বৃদ্ধ আরও বলিয়াছেন যে যথন কোন বিজ্ঞান উৎপন্ন হয় (যথা চক্রিপ্রিয় হইতে উৎপন্ন বিজ্ঞান) ছুইটি পদার্থ হইতে উৎপন্ন হয় - যথা (১) ইপ্রিয় এবং (২) বিষয় (রূপ)। স্বস্তান্ত ইপ্রিয় ও অন্তান্ত বিষয় সম্বন্ধ একই কথা

বৌদ্ধ দর্শন : বৈভাষিক সম্প্রদায়

প্রযোজ্য। অতীত ও ভবিশ্বং বলিয়া যদি কোন কিছু না থাকে, তাহা হইলে ঐ সকল বন্ধর বিজ্ঞান বা মানসিক ছাপ অসম্ভব। স্বতরাং যদি অতীত ও ভবিশ্বং বলিয়া কিছু না থাকিত, তাহা হইলে 'একদা মহাসমত বাস করিতেন,' 'সংঘ সার্বভৌম বাজা হইতে চলিয়াছেন'—এই জাতীয় ভূত ও ভবিশ্বং সম্পর্কিত উক্তি সকল ভিত্তিহীন হইয়া যাইত—বন্ধতঃ বিষয় যথন অবিভ্যমান, তথন তাহার বিজ্ঞানও সম্ভবপর নয়।

তৃতীয়তঃ, যদি বিষয় (আলম্বন) থাকে তাহা হইলেই তাহার জ্ঞান হইতে পারে, অন্তথায় নহে। স্থতরাং অতীত ও বর্তমান বস্তু বলিয়া যদি কিছু না থাকে, তাহা হইলে আলম্বন ভিন্ন ইহার জ্ঞান কি করিয়া সম্ভব ?

চতুর্থতঃ, যদি অতীত বলিয়া কিছুর অন্তিছ নাথাকে, তাহা হইলে কি ভাবে ভাল কিংবা মন্দ অতীত কর্ম ফলপ্রস্থ হইবে ? কারণ তথন তো উহার স্বরূপ বা অন্তিত্ব বলিয়া কিছুই থাকে না। বস্তুতঃ, যথন ফল উংপন্ন হয়, তথন ইহার কারণ (বিপাক হেতু) নই হইয়া যায়। এই সকল শাস্ত্র ও যুক্তির ভিন্তিতেই বৈভাষিকেরা অতীত ও ভবিশ্বতের অন্তিত্ব স্বীকার করেন। প্রচলিত বৌদ্ধ মতবাদে কোন বস্তুরই স্থায়ী অন্তিত্ব নাই। এমন অবস্থায় স্বান্তিবাদী বা বৈভাষিকেরা কি করিয়া বলে যে বিষয়ের বৈকালিক অন্তিত্ব আছে ? বিভিন্ন বৈভাষিকেরা এই প্রশ্নের জ্বাব দিয়াছেন, তাহাদের মধ্যে নিম্নলিথিত চারিটি প্রধান, দ্বাং।

১। ভদন্ত ধর্মত্রাত — তিনি ভাবাল্যথাবাদের সমর্থক। তিনি তাঁহার মতবাদ এইভাবে প্রতিষ্ঠিত করিয়াছেন যে, যথন কোন দ্রব্যের পরিবর্তন লক্ষিত হয়, তথন বস্তুতঃ দ্রব্যের কোন পরিবর্তন হয় না, শুধু ইহার ভাবের পরিবর্তন হয়। স্বর্গ নামক দ্রব্য বিভিন্নভাবে পরিবর্তিত হইয়া কঠহার, কুণ্ডল প্রভৃতি নামে অভিহিত হয়; কিন্তু স্বর্মপতঃ স্বর্ণের কোন পরিবর্তন হয় না। একই ভাবে, ভবিশ্বং ও অক্যান্থ 'ভাব' হইতে আলম্বন বা দ্রব্য পৃথক্। উদাহরণম্বরূপ বলা যায় যে, যখন কোন দ্রব্য বা আলম্বন ইহার ভবিশ্বং ভাব পরিত্যাগ করে, তখন উহা বর্তমান ভাব প্রাপ্ত হয়; এবং ইহা যখন বর্তমান ভাব পরিত্যাগ করে, তখন অতীত ভাবে উপনীত হয়। কিন্তু কোন অবস্থায়ই স্বরূপতঃ আলম্বনের কোন পরিবর্তন হয় না। ত্রিবিধ ভাবের মধ্যেও বস্তুর প্রকৃতি অপরিবর্তনীয় থাকে।, যদি এইরূপ না হইত তাহা হইলে ভবিশ্বং, বর্তমান ও অতীত বিষয় সকল একটি অপরটি হইতে সম্পূর্ণ পৃথক হইত।

- ২। ভদস্ত ঘোষকের মতে বন্ধর পরিবর্তন উহার ধর্মেই (লক্ষণে) ঘটে।
 তাঁহার যুক্তি এই : যথন কোন বস্তু অতীত বলিয়া কথিত হয়, তথন ইহা বর্তমান ও
 ভবিগ্রৎ ধর্ম হইতে সম্পূর্ণভাবে বিচ্যুত হয় না। উদাহরণস্বরূপ, কোন লোকের
 একজন বিশেষ স্থীলোকের প্রতি আকর্ষণ থাকিতে পারে, কিন্তু সেই হেতু তিনি
 অক্যান্ত স্থীলোকদিগের প্রতি বিরক্ত নাও হইতে পারেন। তদহরূপ যথন কোন
 বিষয় 'বর্তমান' ও 'ভবিগ্রৎ' অবস্থায় থাকে, তথন তাহার ঐ ধর্ম থাকিলেও উহার
 অপর তুইটি ধর্ম সম্পূর্ণভাবে নই হয় না।
- ০। ভদস্ক বস্থমিত্রের মতে বস্তব পরিবর্তন বলিলে বস্তব বিভিন্ন রূপ বা অবস্থার পরিবর্তন ব্ঝায়। তিনি প্রমাণ করিতে চেটা করিয়াছেন যে, দ্রব্যের বিভিন্ন রূপ অম্পারে উহা বিভিন্নভাবে কথিত হইয়া থাকে, কিন্তু এই সকল বিভিন্নভা দ্রব্যের অবস্থার সহিত সম্পর্কিত, দ্রব্যের সহিত নহে। কারণ ক্রিকালেই দ্রব্য এক থাকে। উদাহবণস্বরূপ, যথন কোন মৃদ্-শুড়িকা এককের স্থানে রাখা হয়, তথন উহাকে 'এক' বলা হয়, যথন শতকের স্থানে রাখা হয় তথন 'শত' এবং যথন সহস্রের ঘরে রাখা হয় তথন 'সহস্র' বলা হয়। তদ্রূপ যথন কোন দ্রব্য সক্রিয় বা (কারিত্র) অবস্থায় থাকে, তথন উহা বর্তমান বলিয়া কথিত হয়। যথন ইহার সক্রিয়তা নই হইয়া য়ায় তথন ইহা অতীত, এবং যথন ইহা আাদৌ সক্রিয় হয় নাই, তথন ইহা ভবিয়ৎ বলিয়া কথিত হয়। এইভাবে বস্তর বিভিন্ন অবস্থা অম্পারে উহা বিভিন্ন নামে কথিত হয়য়া থাকে।
- ৪। বৃদ্ধদেবের মতে বস্তুর পরিবর্তন 'আপেক্ষিকত। বা সম্পর্কের তারতম্যহেতু ঘটয়া থাকে, (অন্তথান্তথিক)। তাঁহার যুক্তি এইরপ: কোন বস্তুর পূর্বে কি ঘটয়াছে এবং উহার পরে কি ঘটবে, ইহা হইতে ঐ বস্ত 'এইরপ' কিংবা 'ঐরপ' বলা হয়। উদাহরণস্বরূপ, একই স্ত্রীলোককে 'মাতা' ও 'কন্তা' আথ্যা দেওয়া যায়। উক্ত ব্যবহার অতীত ও ভবিদ্যতের উপর নির্ভর করে। যাহার পূর্বে কিছু আছে ও পরেও কিছু আছে উহা বর্তমান; কিন্তু যাহার পূর্বে কিছুই নাই, কিন্তু পরে কিছু আছে—উহা অতীত।' °

বৈভাষিকদিগের পূর্বোক্ত মতগুলি কোন এক ভিন্ন সম্প্রদায়ের বৌদ্ধরা **খণ্ডন** করিয়াছেন।^{১১}

পূর্বেই বলা হইয়াছে যে, বৈভাষিকেরা বস্তবাদী এবং জগতের উৎপত্তি সম্বন্ধে তাহারা পরমাণ্বাদী। কিন্তু যোগাচার ও মাধ্যমিক সম্প্রদায় এই পরমাণ্বাদ থওন করিয়াছেন। ১২

বৌদ্ধ দর্শন: সৌত্রান্তিক সম্প্রদার

৩। গোত্রান্তিক সম্প্রদায়

ষশোমিত্র তাঁহার 'অভিধর্মকোষ'-ব্যাখ্যা গ্রন্থে (বি. বু ১২ পূষ্ঠা) বলিয়াছেন, "থাহারা স্থাকে (শাস্ত্রকে নহে)' প্রামাণ্য বলিয়া স্বীকার করেন, তাঁহারাই সৌত্রান্তিক।" এই সম্প্রদায় সর্বান্তিবাদীদের অভিধর্মের প্রামাণ্যকে অস্বীকার করেন। কারণ তাঁহাদের মতে অভিধর্ম সকল বুদ্ধের নিজস্ব উক্তি হইতে অভ্যন্ত ভিন্ন। স্থান্ত শক্টির যথার্থ অর্থ হইতেছে যাহা স্ত্রে স্পষ্টভাবে নিশ্চিত হইয়াছে।

সৌত্রান্তিক সম্প্রদায় তক্ষশিলার কুমারলাত কর্তৃক প্রতিষ্ঠিত বলিয়া কথিত হইয়। থাকে। বিভিন্ন ধরণের দার্শনিক তথ্য সংবলিত এই সম্প্রদায়ের মূল গ্রন্থ সকল অতিশয় কুম্পাপ্য। সৌত্রান্তিক মতবাদের অনেক বিষয় বহুবন্ধুর অভিধর্মকোষ ও ইহার ব্যাখ্যা হইতে জানা যায়। বহুবন্ধু যদিও ইহার সম্প্রদায়ভূক্ত ছিলেন এবং গ্রন্থের মধ্যে অধিকাংশ ক্ষেত্রেই উক্ত মতবাদ অহুসরণ করিয়াছিলেন, তথাপি সৌত্রান্তিক সম্প্রদায়ের প্রতি তাঁহার যথেষ্ট সহাহুভূতি ছিল এবং পরিশেষে তিনি যোগাচার মত গ্রহণ করিয়াছিলেন।

বৈভাষিক সম্প্রদায়ের ন্থায় সোত্রান্তিক সম্প্রদায়ও বন্তবাদী। উভয়ের মধ্যে মৃল পার্থক্য এই বে, বৈভাষিকদিগের মতে বহির্জগং প্রত্যক্ষ করা যায়, কিন্তু সোত্রান্তিকেরা বলেন ইহা অমুমেয়। বিজ্ঞানবাদীয়া বলেন যে, কেবলমাত্র চেতনা বা বিজ্ঞানই সং। এই মতের বিরুদ্ধে দৌত্রান্তিকেরা বলেন যে, বিষয় ব্যতীত শুধু জ্ঞান সম্ভবপর নহে। মৃতরাং বহির্জগতের অন্তিম্ব অবশুই স্বীকার করিতে হইবে। বিজ্ঞানবাদীয়া ওদেখাইয়াছিল যে, পরমাণু সমর্থন করা যায় না এবং সেই হেতু পরমাণু স্টে জগতেরও কোন অন্তিম্ব থাকে না, কিন্তু সৌত্রান্তিকদিগের মতে যে ভাবেই হোক প্রত্যেককে বহির্বপ্তর অমুমেয় সত্তা স্বীকার করিতে হইবে, তাহা না হইলে আমাদের চতুর্দিকের বন্তুর জ্ঞান হইতে পারে না, অথচ এইরূপ বস্তু আমরা অস্থীকার করিতে পারি না।

ব্যক্তি বা বস্তুর নিরবচ্ছিন্ন ধারা (সস্তুতি) আছে—ইহা সোত্রান্তিকদিগের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য মত। ইহা ভালভাবে 'মিলিন্দ পঞ্হ' (১০ পৃষ্ঠা) ১৫ গ্রেছ বর্ণিত আছে। উক্ত গ্রন্থ হইতে নিম্নলিখিত অংশটি গৃহীত হইল:

রাজা কহিলেন, 'হে নাগদেন, যে জন্মগ্রহণ করে, সে কি একই থাকে না অন্ত কেহ হইয়া যায় ?'

'একও নহে আবার অপর কেহও নহে—' নাগদেন উত্তর দিলেন।
'একটি উদাহরণ দাও।'

'হে রাজন, আপনি কি মনে করেন? এক সময়ে আপনি শিশু ছিলেন, আপনার শবীর কোমল এবং আকারে ক্ষু ছিল, পিঠের উপর চিং হইয়া আপনি শুইয়া থাকিতেন। যে আপনি এখন বড় হইয়াছেন, সেই আপনি কি ঐ একই শিশু?'

'না, সেই শিশু এবং বর্তমান আমি এক নহি।'

'আপনি যদি সেই শিশুনা হ'ন, তাহা হইলে ইহা বলা যায় যে, আপনার মাতা-পিতা বা আচার্য বলিয়া কেহ ছিল না। আপনাকে বিছা, আচার-ব্যবহার বা জ্ঞান কোন কিছুই শিক্ষা দেওয়া সম্ভবপর নয়। হে মহারাজ, জ্রণের প্রথম অবস্থার মাতা কি বিতীয়, তৃতীয় বা চতুর্থ অবস্থার মাতা হইতে ভিন্ন ? শিশুর মাতা কি বয়ঃপ্রাপ্ত ব্যক্তির মাতা হইতে ভিন্ন ? যে কিশোর শিক্ষালাভ করে, শিক্ষা সমাপনের পরে সে কি ভিন্ন হইয়া যায় ? যে অপরাধ করে এবং যাহার হন্তপদ কাটিয়া শান্তি দেওয়া হয়, তাহারা কি পরস্পের হইতে ভিন্ন ?—নিশ্চয় নহে, এই বিষয়ে আপনি কি বলেন ?'

শ্রদ্ধেয় নাগদেন কহিলেন, 'আমি বলিব আমি সেই একই ব্যক্তি, পার্থক্য এই বে আমি এখন বড় হইয়াছি বটে, তবু আমি সেই কোমল ক্ষুত্র শিশুই যে পিঠের উপর শয়ন করিত। এই সব অবস্থা একই দেহের অবস্থা হওয়ায় একই ব্যক্তির অস্তর্ভুক্ত।'

শোত্রান্তিকদিণের ঘৃই সম্প্রদায়। (অভিধর্মকোব, ৪, ১৩৬ পূর্চা), একটি সোত্রান্তিক' এই নামেই পরিচিত, অপরটিকে বিভাষ। গ্রন্থে 'দার্টান্তিক' নাম দেওয়া হইয়াছে। বিভাষায় সোত্রান্তিকদিগের উল্লেখ একেবারে নাই বলিলেই হয়। হতরাং কেহ কেহ মনে করিতে পারেন যে, ভাগ্যকার কেবল দার্টান্তিকদিগের কথাই জানিবেন। কিন্তু এই সম্প্রদায়ের ইতিহাস এথনও থুব স্বস্প্র্টানহে। হতরাং কুমারলাতের গ্রন্থ 'দৃষ্টান্ত পঙক্তি' এবং উক্ত 'দার্টান্তিক' নামের মধ্যে কিছু সম্বন্ধ আছে এইরূপ নির্ণয় করা মাভাবিক।' কেহ কেহ এইরূপ জানিতে চাহিতে পারেন যে, সোত্রান্তিকেরা বহুদৃষ্টান্ত (উপমা) ব্যবহার করায় ঐ নামে অভিহিত হইয়াছে কিনা—তিব্বতীয় গ্রন্থে এইরূপ বলা হইয়াছে যে, সোত্রান্তিক ও দার্টান্তিকদিগের মধ্যে কোন পার্থক্য নাই। সে যাহাই হোক দৃষ্টান্ত শব্দতির অর্থ এখনও নিশ্চিতভাবে নির্ণীত হয় নাই। কেহ কেহ এইরূপ মনে করিতে পারেন যে, দৃষ্টান্ত শব্দতি এই ক্ষেত্রে শাল্পের সহিত বিরোধ অর্থে ব্যবহৃত হইয়াছে। কিন্তু এখানে কোন্ দৃষ্টান্তের কথা বলা হইয়াছে? এইগুলি নিশ্চমই পরম্পেরাগত দৃষ্টান্ত হইতে ভিন্ন নহে। এইরূপও মনে করা ঘাইতে পারে যে, পূর্বোক্ত মিলিল-পঙ্হতে ধেরূপ দৃষ্টান্ত ব্যবহৃত হইয়াছে, বর্তমান দৃষ্টান্তপ্রিল তদম্রুপই।

বৌদ্ধ দর্শন: সৌত্রান্তিক সম্প্রদায়

জীব ও বস্তুর যে নিরবচ্ছিন্ন ধারা বা সন্ততির ধারণা সম্বন্ধে এইমাত্র বলা হইল, তাহা বৌদ্ধ দর্শনের নৃতন কথা নহে, কিন্তু ইহা সাংখ্য দর্শনে পরিণামবাদ নামে স্ববিদিত। তবে উভয় মতবাদের মধ্যে পার্থক্য শুধু এই যে, বৌদ্ধ মতবাদে এই সন্ততি সার্বত্রিক, কিন্তু সাংখ্য দর্শনে ইহা কেবলমাত্র বিষয়ের ক্ষেত্রে সত্য—বিষয়ী বা আত্মার ক্ষেত্রে নহে। এই মত জৈন দর্শনেও স্বীক্ষত হইয়াছে।

এই সন্ততির ধারণা সর্ব্যাপক পরিবর্তনশীলতা বা ক্ষণভগবাদের সহিত জড়িত। কারণ কোন বস্তু স্থিরাকার হইলে উহা কিছুতেই ধারা বা প্রবাহ হইতে পারে না। বস্তুর স্বভাব হয় স্থির, না হয় ধারাবাহিক হইতে বাধ্য; উহা কথনও একই সঙ্গে থির এবং ধারাবাহিক উভয়ই হইতে পারে না। নিমোক্ত যুক্তি অমুসারে ইহা অবশুই স্বীকার করিতে হইবে যে, ধাহারই অন্তিত্ব আছে তাহাই ক্ষণিক আমরা বলি ধাহা সংস্কৃত তাহাই ক্ষণিক। ১°

আমাদের মত এই যে সর্ব বিমিশ্র পদার্থই ক্ষণিক। কিন্তু ইহা কি করিয়া হইতে পারে ? কারণ এইরূপ না হইলে কোন কিছুই ক্রিয়া করিতে পারে না। কারণ তাহাকেই ক্রিয়া বলে যাহার নিরবচ্ছিন্ন ধারা বহিয়াছে এবং এই কথা সত্য হইতে পারে না, যদি প্রত্যেক মৃহুর্তেই পরপর উৎপত্তি ও বিনাশ (উৎপাদ ও নিরোধ) না ঘটে। কিন্তু যদি কেহ এইরূপ বলেন যে কোন বন্ধ কিছুকাল বর্তমান থাকিয়া প্র্যুহ্তের বিনাশ এবং পরমৃহুর্তের উৎপত্তিতেও অবিচ্ছিন্ন ধারায় ক্রিয়া করে, তাহা হইলে তাহার কথা গ্রহণযোগ্য নহে; কারণ ঐভাবে কিছুকাল অপরিবর্তিত থাকার পর উহাতে কোন ক্রিয়া থাকিতে পারে না, কারণ সেখানে ধারাবাহিকতা পাওয়া যাইবে না।

কেহ কেহ এইরপ মনে করিতে পারেন যে, উৎপন্ন হইবার পরে বস্তু কিছুক্ষণ স্থায়ী হইতে পারে। কিন্তু কি ভাবে সম্ভবপর ? উহা কি অন্ত কোন বস্তুর সাহায্য ব্যতীত অথবা সাহায্য লইয়া স্থায়ী থাকে ? প্রথম বিকল্প সমর্থনযোগ্য নহে। কেন ? কারণ পরে ইহা অন্তানিরপেক্ষভাবে থাকে না। কেন ? কারণ এই ভাবে থাকার জন্ত কোন হেতু থাকা অত্যাবশ্রক। কিন্তু সেখানে এইরপ হেতু পাওয়া যাইবে না। বলা যাইতে পারে যে, বিনাশের কারণের অভাববশতঃ উহা থাকিয়া যায় এবং বিনাশের কারণ উৎপন্ন হইলে উহা বিনন্ত হয়—যথা, কাঁচা মাটির পাত্রের কালো রঙ অগ্নিসংযোগে তিরোহিত হয়। কিন্তু ইহা ঠিক কথা নহে, কারণ ঐ বস্তুর থাকার কোন কারণ সেখানে দেখিতে পাওয়া যায় না এবং পরেও ঐরপ কোন কারণ থাকে না। কিন্তু এইরপ কি বলা হয় না যে, মাটির পাত্রের

কালো রঙ অগ্নি-সংযোগে নষ্ট হয় ?—ইহা সর্বন্ধনবিদিত। কিন্তু ইহা ভিন্ন ভাবেও ব্যাখ্যা করা যাইতে পারে। এখানে অগ্নি কালো রঙ-এরই বিসদৃশ সন্ততি স্ঠাষ্ট করে মাত্র। এখানে যে সর্বক্রিয়ার সম্পূর্ণ বিরতি ঘটে তাহা নহে।

কেহ কেহ এইরূপ তর্ক করিতে পারেন যে, যদি প্রতি মুহূর্তেই একটি নৃতন বস্তু উৎপন্ন হয়, তাহা হইলে 'ইহাই দেই' এই জাতীয় প্রত্যভিজ্ঞা হইতে পারে না। কিন্তু এইরূপ যুক্তি ঠিক নয়। দীপশিখার গ্রায় পূর্ববর্তী ও পরবর্তী মূহূর্ত- ঘয়ের সাদৃশ্য ঘারা প্রত্যভিজ্ঞা সম্ভবপর হয়।' এইভাবে বস্তুর স্থায়িত্ববশতঃ নহে, কিন্তু সাদৃশ্যবশতঃ প্রত্যভিজ্ঞা সম্ভবপর। কিন্তু ইহা যে সত্য তাহা কিভাবে জানা যায় ? বিনাশের (নিরোধের) স্বরূপ বিচার ঘারা। যদি কোন বস্তু একই অবহায় বিগ্রমান থাকে, তাহা হইলে নিরোধ সম্ভবপর নয়, কারণ উহা তো ঐ বস্তুই থাকিয়া যায়।

ইহা ছাড়াও শেষে বস্তুর কিছু পরিণামও লক্ষিত হয়। পরিণাম ও পরিবর্তন একই কথা এবং বস্তুর সেই পরিবর্তন, (তাহা আভ্যন্তরিকই হোক বা বাহিকই হোক) যদি আদিতেই আরম্ভ না হইয়া থাকে, তাহা হইলে শেষেও ইহা লক্ষিত হইতে পারে না। স্বতরাং পরিণাম প্রথমেই আরম্ভ হয়। ইহা ক্রমে ক্রমে বিস্তারলাভ করে এবং পরিশেষে প্রকট হয়—ইহা দ্বগ্ধের দধিতে পরিণতির মত। যতক্ষণ এই পরিণাম অতি স্ক্র অবস্থায় থাকে, ততক্ষণ ইহাকে ভানা যায় না, তথাপি প্রতি মৃহুর্তেই পরিবর্তন চলিতে থাকে, অর্থাং বস্তুর ক্ষণিকত্ব অবশ্রুই স্বীকার করিতে হইবে।

আবার কোন বস্তু ষদি প্রতি মুহুর্তে পরিবর্তিত না হয়, তাহা ইইলে ইহার কোন বিশিষ্ট ওজন বা পরিমাপ ইইতে পারে না। ক্ষ্ বালক হঠাৎ যুবক হইতে পারে না। অবিচ্ছিন্ন পরিবর্তন ছাড়া বস্তুর বৃদ্ধি হয় এরপ স্বীকার করা অর্থহীন। কারণ, পরিবর্তন না হইলে বস্তু একই অবস্থায় থাকে এবং উহার বৃদ্ধি সম্ভবপর নহে।

নদী, দীঘি বা পুন্ধরিণীর দৃষ্টান্ত লওয়া যাউক। এই সকল স্থানে কথনও কথনও জল শুথাইয়া যায় বা কিয়ৎ পরিমাণে বাড়িয়া যায়। যদি প্রতি মৃহুর্তেই পরিবর্তন না হইত, তাহা হইলে ইহা অসম্ভব হইত। কারণ, তাহা না হইলে পরে ইহার কোন কারণ দেখিতে পাওয়া যাইবে না। বাতাস স্বভাবত: প্রবাহিত হয়, ইহা কথনও উগ্র হয় বা অত্যন্ত ধীর গতিতে বহিতে থাকে। বাতাস যদি অনবরত পরিবর্তিত না হইয়া একই অবস্থায় থাকিত, তাহা হইলে ইহা সম্ভবপর হইত না।

বৌদ্ধ দর্শন: যোগাচার সম্প্রদায়

৪। যোগাচার সপ্তাদায়

সৌত্রান্তিক সম্প্রদায়ের বিষয় আমরা আলোচনা করিয়াছি। এইরূপ মনে করিবার হেতু আছে যে, পরবর্তী সৌত্রান্তিকদিগের একটি অংশ বিজ্ঞানবাদীদের সঙ্গে মিলিত হইয়াছিল। সৌত্রান্তিকদিগের মতে যদিও বাহু জগতের বান্তব সন্তা আছে, তথাপি ইহা ইন্দ্রিয়গ্রাহ্থ নহে, কেবলমাত্র অহুমানগম্য। কিন্তু বিজ্ঞানবাদীরা ইহার অন্তিম্ব একেবারে অম্বীকার করেন।

ইহা স্বস্পষ্ট যে বিজ্ঞানবাদ মূলত: এমন কতকগুলি উপনিষদ-বাক্যের উপর প্রতিষ্ঠিত, যাহাতে 'জ্ঞান' ও 'বিজ্ঞান' শব্দের উল্লেখ আছে। বৈদান্তিক ব্যাখ্যাস্থ্যারে এই শব্দগুলি 'আত্মা' বা 'ব্রন্ধের' বাচক। এই সম্পর্কে 'আত্মা', 'ব্রহ্ম', 'জ্ঞান' ও 'বিজ্ঞান' সমার্থবাধক। উপনিষদে এমন বহু বাক্য আছে,' যাহা থ্ব সহজেই জ্ঞানবাদী দৃষ্টিভঙ্গীতে ব্যাখ্যা করা ঘাইতে পারে।' °

বেহেতু ইহারা জ্ঞানকেই পরমতত্ত্ব বলিয়া মানেন, সে কারণ তাঁহারা স্বভাবতঃই বিজ্ঞানবাদী বলিয়া পরিচিত। তাঁহারা যোগাচার নামেও অভিহিত হইয়া থাকেন। যোগাচার (আক্ষরিকভাবে যোগ অভ্যাদকারী) শব্দের মূল অর্থ 'তপস্বী'। কিন্তু क्रा हैश विक्रानवामी वा উहारात मध्यामात्र व्यार्थ श्राप्त हैन। अन्यराज्य (১১. ২. ২৮) উপর ভাম্বরাচার্যের ভায় অফুদারে যোগ বলিতে দেই পদ্ধতি বুঝায় যাহা শমথ (সমাধি) অর্থাৎ অম্বত ধ্যান ও বিপশ্মনা (প্রক্তা বা পরাজ্ঞান) দারা শাধককে গন্তব্যন্থলে লইয়া যায়-এই তুইটি উপায় যেন গাড়ীতে জোড়া এম**ন** इटें विनीवर्प यादावा मखनाच्या नहेंगा यात्र। खन्ताः एव माधनमार्ग त्यारमव সাহায্যে অগ্রসর হয় সেই যোগাচার। যোগাচারদের আবির্ভাবের পূর্বে বৌদ্ধধর্মে বিজ্ঞানবাদীয় চিন্তা মহাযানসূত্রে পাওয়া যায়। কিন্তু অসঙ্গের গুরু মৈত্রেয়নাথই ইহাকে সর্বপ্রথমে স্থদংবদ্ধ রূপ দিয়াছিলেন। নিজম্ব 'ফ্র'সহ স্থদংবদ্ধ বিজ্ঞানবাদ থীষীয় তৃতীয় শতাব্দীর অস্তে অথবা চতুর্থ শতাব্দীর আরক্তে উদ্ভূত হইয়াছিল এব্ধপ মনে করিলে বিশেষ ভূল হইবে না। তাহার পর এই সম্প্রদায়ের যে সকল আচার্যের অভ্যাদয় হইয়াছিল, তাহাদিগের মধ্যে দিঙনাগ একজন প্রধান। স্বয়ং বৃদ্ধের উক্তি বলিয়া কথিত যে বাণীর উপর বৌদ্ধ বিজ্ঞানবাদ প্রতিষ্ঠিত, তাহা এইরূপ: "হে বিজয়ীর (অর্থাৎ বুদ্ধের) সন্তানগণ, এই তিনটি শুরই ' কেবলমাত্র বিজ্ঞান ' । এই সম্প্রদায়ের আচার্যগণ বলেন যে, এই সমগ্র বাহুজগৎ আভাস ব্যতীত আর কিছুই নহে, কারণ বস্তুতঃ ইহার কোন অন্তিত্ব নাই। বেমন তিমির নামক চক্রোগগ্রস্ত

ব্যক্তির নিকট কেশগুচ্ছ বা দ্বি-চন্দ্র প্রভৃতি এমন সব বন্ধু প্রতিভাত হয়, যাহার অন্তিত্ব কল্পনাও করা যায় না, ইহাও তদ্ধপ। বিষয়ের জ্ঞাতা বিষয়ী ব্যতীত বিষয়ের কোন অন্তিত্ব থাকিতে পারে না।"

এই ক্ষেত্রে নিয়লিথিত আপত্তি সকল উঠিতে পারে: যদি কোন বিশেষ বিষয়ের বিজ্ঞান সেই বিষয়-নিরপেক্ষ হয় এবং ঐ বিষয় হইতে উৎপয় না হয়, তাহা হইলে সর্বস্থানে না হইয়া কোন বিশেষ স্থানে উক্ত বিজ্ঞানের উদয় হয় কেন ? পুনরায় জ্ঞান সর্বকালেই না হইয়া কোন বিশেষ কালেই কেন হয় ? অপরপক্ষে, য়দিও 'তিমির' নামক আংশিক অয়তাগ্রন্ত ব্যক্তি একই বস্তু বা ব্যক্তিকে একাধিক স্থলে বা কালে দেখিতে পায় না, তথাপি বস্তুত: একই বস্তু বা ব্যক্তি শুধু বিশেষ স্থল এবং কাল নহে, কিন্তু একাধিক স্থল ও কালে দৃষ্ট হয়, আবার শুধু কোন বিশেষ ব্যক্তির দায়া নহে, কিন্তু একাধিক ব্যক্তির দায়া দৃষ্ট হয়—ইহা কেন এবং কি করিয়া সম্ভবপর ?

আবার কোন ব্যক্তির চোথে দোষ থাকিলে সে কেশগুচ্ছ দ্বি-চক্স প্রভৃতি ষে সকল পদার্থ দেখে, উহারা ঐ ব্যক্তির কোন কাজে লাগে না কিন্তু তিন্তির অন্তান্ত বস্তু তাহার কাজে লাগে ইহা কি করিয়া সম্ভবপর ?

অন্ত একটি উদাহরণ গ্রহণ করা যাউক। স্বপ্লাবস্থায় কেহ খাত ও পানীয় গ্রহণ করিতে পারে, কিন্তু বস্তুতঃ ইহাতে তাহার উদর পূর্ণ হয় না, কিন্তু অন্তান্ত আহার ও পানীয় সম্পর্কে এই কথা প্রযোজ্য নহে। এই বিভেদ হয় কেন? স্থতরাং আলম্বনের অন্তিত্ব স্বীকার না করিলে এই সমস্তার সমাধান হইতে পারে না।

বিজ্ঞানবাদীরা স্বপ্লের অভিজ্ঞতার সাহায্যে এই সকল আপত্তির উত্তর দিয়া থাকেন। ইহা স্থবিদিত যে স্বপ্লাবস্থায় কোন বস্তু না থাকিলেও ইহা কোন বিশেষ দেশ ও বিশেষ কালেই দৃষ্ট হইয়া থাকে। এমন কি স্বপ্লবারা ক্রিয়াও উৎপন্ন হইতে পারে, ষেমন স্বপ্লে স্ত্রীপুক্ষের মৈথুন না ঘটিলেও, ফলস্কুর্প রেতঃস্থালন হয়।

অপর এক দৃষ্টিকোণ হইতে বিজ্ঞানবাদীরা আলম্বনের (বিষয়ের) অন্তিত্ব নিরাকরণ করেন। তাঁহারা বলেন, কোন বস্তুই (খণা, একখণ্ড বস্ত্র) বান্তব বলিয়া স্বীকার করা যায় না, কারণ ইহাকে বৈশেষিকদিগের ন্যায় অবয়বীরূপে এক বলিয়া গ্রহণ করা যায় না, যেহেতু অবয়ব হইতে ভিন্ন অবয়বী বলিয়া কোন বন্ধ নাই। আবার ইহাকে অন্তরূপে বহু বলিয়াও গ্রহণ করা যায় না, কারণ কোন পরমাণুই প্রত্যক্ষ হয় না। আবার পরমাণুগুলি মিলিয়া একটি বস্তুর উৎপত্তি হয় তাহাও নহে। কারণ কোন একটি পরমাণুর ছয়টি দিকের (যেমন পূর্ব, পশ্চিম, উত্তর,

বৌদ্ধ দর্শন: যোগাচার সম্প্রদার

দক্ষিণ, উর্ধ্ব, অধঃ) উপর একই দক্ষে যদি ছয়টি পরমাণু যুক্ত করা যায়, তাহা হইলে অবশুই ইহা স্বীকার করিতে হইবে যে, পরমাণুর ছয়টি অংশ আছে কিন্তু উক্ত ক্ষেত্রে তাহাকে আর অণুবলা যায় না; কারণ তাহাই প্রমাণু যাহার কোন অংশ নাই।

মৈত্রেয়নাথের 'মধ্যাস্ত বিভঙ্গ কারিকায়' (১-২) এই মতবাদ দম্বন্ধে এইরূপ বলা হইয়াছে: এথানে অবস্তুর কল্পনা (অভূত পরিকল্প) আছে; এথানে ছুই-এর (জ্ঞান ও বিষয়ের) অন্তিত্ব নাই; কিন্তু শুধু শৃত্যতাই আছে; এবং এই অবস্তু কল্পনাও শৃত্যতার মধ্যে আছে।

এই ক্ষেত্রে চারিটি উক্তি আছে। (১) প্রথমটি এই: মিথা কল্পনা আছে, এই উক্তির অর্থ এই যে, কেহ কেহ যে মনে করেন শশশুদ্ধের ভায় কিছুই নাই (সর্বধর্মশৃত্যতা) তাহা গ্রহণযোগ্য নহে, কারণ ইহা স্বীকার করিলে নির্বাণের জন্ম আছে। নির্বাণের সাধক নির্বাণের জন্ম প্রয়াহ হে, মিথা কল্পনা আছে। নির্বাণের সাধক নির্বাণের জন্ম প্রয়াহ করে। (২) দ্বিতীয় উক্তিটি এই: দ্বৈত অর্থাং বিষয় ও বিষয়ী নাই, কারণ এইগুলি আভাস মাত্র, উহারা মনের কল্পনা, মনের বৃদ্ধি বা অবস্থার অনম্ভপ্রবাহ, যাহার আদি নাই এবং নির্বাণে যাহার পরিসমাপ্তি। এইগুলি কার্যকারণ সম্পর্কে একটি অপরটির সহিত্ত সংশ্লিষ্ট, এবং ইহাই সংসার। (৩) তৃতীয় উক্তি: শৃত্যতার অন্তির আছে। এই ক্ষেত্রে শৃত্যতার বলিতে বিষয় ও বিষয়ীর ধর্মরাহিত্য ব্যায় বি। (৪) চতুর্থ উক্তি: এইরূপ এই শৃত্যতার মধ্যেও অভূত পরিকল্প আছে, কারণ শৃত্যতার ধ্যান করিতে হইলে আলম্বন রূপে ভ্রান্ত পরিকল্পনা গ্রহণ করিতে হয়, কারণ ইহা ভিন্ন ধ্যান হয় না।

আমরা পূর্বেই লক্ষ্য করিয়াছি ষে, এই সম্প্রাদায়ের মতে জগৎ কেবলমাত্র জ্ঞান (চিন্তু), স্থতরাং এই সম্প্রদায়ের লোকেরা স্বীকার না করিয়া পারেন না যে চিন্তই জ্ঞেয় বিষয় (বেদ্য) জ্ঞাতা (বেদক) এবং জ্ঞানক্রিয়া (বেদনা)—এই তিনেরই কান্ধ করে। কিন্তু ষাহার কোন অংশ নাই তাহা এরপ ত্রিবিধ ধর্মবিশিষ্ট হইতে পারে না।

একটি প্রদীপ কেবলমাত্র চতুর্দিকের বস্তুনিচয়কেই আলোকিত করে না, অধিকন্তু নিজেকেও প্রকাশ করে, ইহা লক্ষ্য করিয়া বিজ্ঞানবাদের আচার্যেরা যুক্তি প্রদর্শন করেন যে, বিজ্ঞানও তদ্রপ স্বয়ং প্রকাশিত হয়। কিন্তু মাধ্যমিকেরা শাস্ত্রবাক্য উল্লেখ করিয়া ইহা খণ্ডন করিয়াছেন। বাং শাস্ত্রবাক্যটি এইরপ: "জ্ঞানকে (চিত্ত) দেখিতে না পাইয়া তিনি (বোধিসত্ত্ব) চেতনার গতি বা প্রবাহ অমুসন্ধান করিলেন

এবং প্রশ্ন করিলেন, কোথায় ইহার উৎস ? তথন তাঁহার নিকট এইরপ প্রতিভাত হইল যে, কেবলমাত্র আলম্বন থাকিলেই জ্ঞানের উদয় হয়। যদি তাহাই হয় তবে কি আলম্বন এক বস্তু এবং জ্ঞান অপর কিছু? অথবা তাহারা কি অভিন্ন? যদি প্রথম বিকল্প ঠিক হয়, তাহা হইলে জ্ঞান কি করিয়া জ্ঞানের সাহায্যে নিজেকে জানিতে পারে? ইহা এই ভাবে নিজেকে জানে না অথবা জানিতে পারে না। উদাহরণ স্বরূপ বলা যায় যে, তরবারীর ধার ছারা ঐ ধারকে কাটা যায় না। আবার কেহই অঙ্গুলির অগ্রভাগ ছারা উক্ত অঙ্গুলীর অগ্রভাগকে স্পর্শ করিতে পারে না।" তদ্রেপ একই জ্ঞান নিজের ছারা জ্ঞাত হইতে পারে না।

ইহা ছাড়াও প্রদীপ, প্রদীপ হইতে ভিন্ন বস্তুকেই প্রকাশিত করে, নিজেকে নহে; কারণ এই ক্ষেত্রে প্রদীপকে আবৃত করিবার মত অন্ধকার নাই।

জ্ঞানের স্বশংবেগুত্ব সিদ্ধ করিবার জন্ম বিজ্ঞানবাদীরা যুক্তি দেখান যে, যদি জ্ঞানের স্বশংবেগুত্ব স্বীকৃত না হয় তাহা হইলে কোন জ্ঞানেরই স্মরণ হইতে পারে না। কিন্তু ইহা স্থবিদিত যে, আমরা আমাদের জ্ঞানকে স্মরণ করিতে পারি এবং যাহা অমুভব হয় না তাহার স্মরণ হইতে পারে না।

আচার্ধেরা বলেন যে, সাধারণ লোক এবং শান্তের মধ্যে আত্মা এবং জগং বা বস্তুর উপাদানের ভিন্ন ভিন্ন নাম দেখিতে পাওয়া যায় আত্মা এবং জগং বা বস্তুর উপাদানের ভিন্ন ভিন্ন নাম দেখিতে পাওয়া যায়—উদাহরণম্বরূপ, আত্মা, জীব প্রভৃতি এবং সমূহ (য়ড়), উপাদান (ধাতু) ইত্যাদি। ভালা ও বস্তুর উপাদান সম্পর্কে যথাক্রমে এই হুইপ্রকার নামের প্রয়োগ মৃথ্যার্থে গ্রহণ করিলে ঠিক হইবে না। কারণ, এইগুলি যথাক্রমে প্রকৃত আত্মা ও যথার্থ বস্তুর উপাদান সম্বন্ধে প্রযুক্ত হয় না। কেন? কারণ এইগুলি কেবলমাত্র জ্ঞানেরই পরিণাম, কারণ জ্ঞানের বাহিরে ইহাদের কোন অন্তিত্ব নাই। এই ক্ষেত্রে বস্তুতঃ যে আলয়বিজ্ঞান' নদীর প্রোতের ত্রায় অথবা প্রদীপের শিথার ত্রায় অবিচ্ছিন্ন ধারায় চলিতে থাকে এবং যাহাতে আত্মা, জড়বিষয় প্রভৃতির কল্পনাগুলির বীজ (বাসনা) নিহিত থাকে, সেই আলয়বিজ্ঞান হইতেই আত্মা এবং জড়বিষয় প্রভৃতি আকারগুলি আবিভূতি হয়। এইগুলি প্রকৃতপক্ষে বাহ্বস্তু না হইলেও বাহ্ব বলিয়া গৃহীত হয়। বস্তুতঃ যদিও আত্মা অথবা বাহ্ জড়বস্তু বলিয়া কিছুই নাই, তথাপি অনাদিকাল হইতে এইক্রপ চলিতে থাকে।

পুদ্রলনৈরাত্ম্য ও ধর্মনৈরাত্ম্য বলিয়া বে ছইটি গুরুতপূর্ণ মত সাধারণতঃ বোগাচার ও মাধ্যমিকদের মধ্যে প্রচলিত, প্রকৃতপক্ষে উক্ত আত্মা ও বছর নিরাকরণ

বৌদ্ধ দর্শন: যোগাচার সম্প্রদায়

ঐ তুইটি মত হইতে ভিন্ন কিছু নহে^{২৮}। নৈরাত্ম্য শকটিতে ম্লতঃ আত্মশৃন্ততা ব্ঝায়, এই ক্ষেত্রে আত্মা শন্দের অর্থ 'ষভাব', অর্থাং সেই আন্তর স্বরূপ যাহার কোন পরিবর্তন হয় না, এবং যাহার সভ্য কোন কিছুর উপর নির্ভর করে না। 'আমি' পদার্থকৈ আত্মা বলা হয় এইজন্ম যে, যাহারা 'আমি'র পৃথক অন্তিত্বে বিশাসী তাহাদের মতে এইমাত্র যেরূপ বর্ণিত হইল, 'আমি'র সভাব সেইরূপ এবং আমি কথনও এই সভাব হইতে বিচ্যুত হয় না, ফলে ইহা নিত্য বিলয়া মনে করা হয়। 'মাহুষ', 'পুরুষ' প্রভৃতি অর্থাং 'আমি' দারা আমরা যাহা ব্রি তাহাই পুদ্গল। স্বতরাং পুদ্গলনেরাত্ম্য বলিতে আমরা এইরূপ ব্রিব যে, যাহাকে পুদ্গল বা 'আমি' বলিয়া মনে করা হয়, তাহার কোন নিজম্ব স্বতম্ব স্থভাব নাই। ফলে, বস্থতঃ ইহার কোন মথার্থ অন্তিত্ব নাই, স্বতরাং ইহাকে দংবম্ব (বস্তু-সং) বলা যায় না, উহার অন্তিত্ব শুধু কাল্পনিক ও ব্যবহারিক। তদ্রূপ ধর্ম অর্থাৎ বস্তর উপাদানেরও আত্মা অর্থাৎ স্বরূপ বলিয়া কিছুই নাই, কারণ ইহাদের অন্তিত্ব উহাদের কারণের উপর নির্ভর করে (প্রতীত্য-সমুৎপাদ)। ইহাই ধর্মনেরাত্ম্য।

এই সম্প্রদায়ে বস্তুসকল পরিকল্পিত, পরতন্ত্র ও পরিনিষ্পন্ন এই তিন রূপে দেখা হয়। ত এই রূপগুলিকে লক্ষণ বা স্বভাব বলিয়া অভিহিত হইয়া থাকে। এক্সজালিকের উদাহরণ লইয়া কথাটি স্পষ্ট করা যাউক। এক্সজালিক তাহার অলোকিক শক্তির প্রভাবে আমাদের সম্মুখে একটি হস্তী প্রদর্শন করিতেছে এইরূপ মনে করা হউক। আমরা যে এইক্ষেত্রে একটি হস্তী দেখিতেছি তাহা অস্বীকার করা যায় না। কিন্তু এই হস্তীর স্বরূপ কাল্পনিক। আবার ইহাতে স্থাপন্ত ধে, হস্তীর রূপ বা আকারটি ইহার কারণাবলীর উপর নির্ভর করে, তাহা না হইলে এ ক্সম্ভটি আমাদের সম্মুখে প্রতিভাতই হইত না। স্বতরাং হস্তীর স্বরূপ পরতন্ত্র। পরিশেষে ইহাও স্থাপন্ত যে হস্তী বলিয়া বস্তুতঃ কিছুই নাই, স্বতরাং উহার স্বরূপ পরিনিষ্ণন্নও বটে। ত এই তৃটি মতবাদ হইল পুদ্গলনেরাক্যা ধর্মনৈরাক্যা — মূলতঃ আত্মশৃত্যতা রুমায়।

তিনদিক হইতে পদার্থ বা বস্তুকে দেখা হইয়া থাকে—যথন এই চিত্তের কোনই আলম্বন (অর্থাৎ বিষয়) থাকেনা এবং ইহার ফলে চিত্ত কিছুই প্রত্যক্ষ করে না—ব্যেহতু প্রত্যক্ষ করার মত সেখানে কিছুই নাই—তথন চিত্ত নিজেতেই নিজে অবস্থিত থাকে। এই অবস্থার কেবল শুদ্ধচৈতত্ত্ব থাকে। এই অবস্থাকে বিজ্ঞপ্রিমাত্রতা অর্থা বিজ্ঞানমাত্রতা অর্থাৎ কেবল শুদ্ধচৈতত্ত্ব বলা হয়। চিত্তের এই অবস্থা গভীর

ধ্যান (শমপ) এবং পরাজ্ঞান (বিশশুনা) উপদিষ্ট এই ছুই সাধনার দারা উপলব্ধি করা যায়।

বিজ্ঞান-মাত্রতায় অবস্থিত চিত্তের এই অবস্থার বিভিন্ন রূপ থাকায় উহা বিভিন্ন-ভাবে বর্ণিত হইয়াছে। ত এ অবস্থায় চিত্তকে লোকোত্তর জ্ঞান ও আশ্রয় পরাবৃত্তি বলা হয়। আশ্রয়-পরাবৃত্তিই আলয়বিজ্ঞান, অর্থাৎ সচেতন বিষয়ী অথবা আ্মা। ইহার বিশদ ব্যাখ্যা আচরণ অর্থাৎ জ্ঞেয় বিষয় এবং রাগ, ছেষ ও মোহ প্রভৃতি ক্লেশসমূহ এই তুই তুই অবস্থা দ্রীভৃত হওয়ায়, আলয়বিজ্ঞান অধ্যক্ষানরূপ খীয় স্বাভাবিক অবস্থায় ফিরিয়া আসে। এখানে অবয়ক্ষানের অর্থ বিষয়-বিষয়ী এই বৈত্তবিবজ্ঞিত জ্ঞান। ইহাই অনাশ্রব ধাতু (শুদ্ধ ধাতু) এবং বিমৃত্তি (মৃত্তি)।

শহরাচার্টের গুরু গৌড়পাদের বৈদান্তিক ভাষায় বলিতে গেলে বিজ্ঞপ্তিমাত্রতা হইতেছে ব্রহ্ম। ইহা গৌড়পাদের আগমশান্ত্ররূপ প্রাচীন বেদান্তে স্থচিত হইয়াছে। ত কিন্তু আশ্চর্মের বিষয় এই যে, প্রচলিত পরবর্তী বেদান্তে এই কথার কোন উল্লেখ নাই।

এখানে ইহা লক্ষণীয় যে, গোড়পাদ বর্ণিত ব্রহ্ম একদিকে কৈবল্যাবস্থা নির্দেশ করে এবং অপরদিকে বিজ্ঞানবাদী কর্তৃক বর্ণিত চিত্তের নিজেতে নিজের স্থিতি নির্দেশ করে। কৈবল্য বলিতে অন্ত বস্তুর সহিত সঙ্গ-বর্জিত অবস্থা অথবা আত্মার (দ্রষ্টা বা পুরুষ) নিজেতে নিজের অবস্থিতি বুঝায়। যোগস্থত্তে (১,৩) এইরূপ বলা হইয়াছে। তাহারা দৃশ্যমান জগতে বিলোপ দেখিতে পায় না। যাহা দেখিলে আনন্দের উৎপত্তি হয়।

কোন কিছু সংও নহে অসংও নহে। কোন কিছুর উদ্ভবও হয় না, কোন কিছুর বিলুপ্তিও হয় না। কিছু নিত্যও নহে আবার কোন কিছু সাস্তও নহে। কোন কিছু এক নহে বছও নহে। কোন কিছুর গতি নাই।

৫। মাধ্যমিক সম্প্রদায়

ষোগাচার সম্প্রদায়ের বিজ্ঞানবাদ যেরূপ মৈত্রেয়নাথ বিধিবদ্ধ করিয়াছিলেন তদ্রুপ মহাযান-স্ত্রে বর্ণিত মাধ্যমিকদের শূক্তবাদ নাগার্জুন কর্তৃক বিধিবদ্ধ হইয়া-ছিল। 'চতৃঃশতিকা'র গ্রন্থকার আর্যদেব (খৃষ্টপর ২০০ – ২২৫) তাঁহার যোগ্য শিশু, এবং নাগার্জুনের শ্রেষ্ঠগ্রন্থ 'মূল মাধ্যমিক-কারিকা'র সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ব্যাখ্যাতাদিগের মধ্যে চন্দ্রকীতি (খৃষ্টপর ৬০০—৬৫০) অক্সতম।

বৌদ্ধ দর্শন: মাধ্যমিক সম্প্রদায়

যাহারা বুদ্ধের 'মধ্যম মার্গ' অমুসরণ করিয়াছিলেন তাঁহারাই মাধ্যমিক। এই মধ্যপথ কি? ইহা স্থবিদিত যে তাঁহার প্রথম উপদেশে ' তিনি অত্যধিক বিষয় ভোগ ও অত্যধিক আত্ম-নিগ্রহ এই চুই চরম মার্গ বর্জন করিয়া মধ্যম মার্গ প্রচার করিয়াছিলেন। " কিন্তু যে মধ্যম মার্গ বর্তমানে আমাদের আলোচ্য বিষয়, তাহা উক্ত মধ্যম মার্গ হইতে পুথক। নিমোক্ত আলোচনায় ইহা স্থম্পট হইবে।

শংস্কৃত শব্দকারে বৃদ্ধের বিভিন্ন নামের মধ্যে একটি নাম অবন্ধ-বাদী, অর্থাৎ "যিনি অ-ব্যক্তে প্রচার করেন"। এই ক্ষেত্রে মাধ্যমিকদিগের মতামুদারে " অ-ব্যের 'বয়' শব্দবারা তুইটি নিশ্চয় (অস্ত) বা ধারণা ব্যায়। কিন্তু এই তুইটি ধারণা কি ? এইগুলি হইতেছে দং ও অদং, আত্মা ও অনাত্মা, নিত্য ও অনিত্য প্রভৃতি। এই সকল ধারণাগুলি যে ক্ষতিকর তাহা সংস্কৃত ও পালি ভাষায় লিখিত বৌদ্ধ-সাহিত্যে স্পষ্টভাবে স্বীকৃত হইয়াছে। উদাহরণ স্বরূপ, এইরূপ কথিত আছে যে বৃদ্ধদেব বলিয়াছেন: "হে কাত্যায়ন, যেহেতু অধিকাংশ লোক অন্তিত্ব ও নান্তিত্বের ধারণায় নিমগ্ন থাকে তাই তাহারা মুক্ত হয় না।" ত আর নাগার্জুন বলিয়াছেন, ত "যে সকল অজ্ঞব্যক্তি অন্তি ও নান্তি দেখে, তাহারা দৃশ্বের শান্তিময় উপশম উপলব্ধি করে না।" ১

আবার এইরূপ দেখা যায়, ³ "হে কাশ্রপ! 'ইহা দং' এইটি একটি নির্দিষ্ট নিশ্চয়, 'ইহা অসং' ইহা আর একটি নির্দিষ্ট নিশ্চয়। কিন্তু এই তুইটি নির্দিষ্ট নিশ্চয়ের মধ্যবর্তী নির্দিষ্ট নিশ্চয় কি তাহা বর্ণনা করা যায় না, উদাহারণের দাহাযো প্রকাশ করা যায় না, ইহার কোন ভিত্তি নাই, কোন বাফ্ আকার, চিহ্ন কিংবা নাম নাই। হে কাশ্রপ! যাহা ঘারা বস্তুর উপাদানের প্রকৃত পরীক্ষা করা যায় তাহাকেই মধ্যম মার্গ বলে।" ³ হতরাং ইহা স্কুল্পষ্ট তাবে বলা হইল মে, বৃদ্ধ ঘুইটি স্থনির্দিষ্ট নিশ্চয় বা অস্ত স্বীকার না করিয়া তাঁহার মধ্যম মার্গের মত শিক্ষা দিয়াছিলেন। ⁸ অতএব, এই মতাম্পারে কিছুই সৎও নহে, আবার কিছুই অসৎও নহে; কোন কিছুর উৎপত্তিও নাই, বিলুপ্তিও নাই; কোন কিছু অনস্তও নয়, আবার সাস্তও নয়। কোনও কিছু অভিয়ও নয়, আবার ভেদমুক্তও নয়; কোন কিছু নিকটেও আসে না বা দ্রেও যায় না। এইভাবে উক্ত সম্প্রদায়ের অফুগামিগণ মধ্যম পছা গ্রহণ করায় মাধ্যমিক নামে পরিচিত হইল। ⁵ ৬

পূৰ্বোক্ত আলোচনায় কেবলমাত্ৰ ভাববাচক ও অভাববাচক এই ছুইটি দিক গৃহীত হইয়াছে; কিন্তু কথনও কথনও তিনটি এমনকি চারিটি^{8 1} দিকও গৃহীত হইয়াছে। ^{৪৮} প্রস্পর্বিক্তদ্ধ ছুইটি ধারণার (যাহাদের স্বাপেকা শুক্তপূর্ণ এবং স্বপ্রসিদ্ধ

বাচক শব্দ হইতেছে দৎ ও অদৎ) উভয়েরই পরিহার ঋথেদেও দেখিতে পাওয়া যায় (১০)১২৯)); তথন "দৎ ও অদৎ বলিয়া কিছুই ছিল না।" ক্রমেই এইরূপ উভয়-অন্তের পরিহার — উপনিষদ^{8 ১} এবং ভগবদ্গীতায় (১৩)১২) দেখিতে পাওয়া যায়।

প্রতীত্য-সম্ৎপাদের নিয়ম বৃঝিতে পারিলে মাধ্যমিকদের এই মত বোধগম্য হইবে। প্রতীত্য-সম্ৎপাদের অর্থ এই ষে, সর্ববস্তর উৎপত্তি উহাদের পূর্ববর্তী কারণের উপর নির্ভর করে। মাধ্যমিকদের মূলতত্ব শৃত্যবাদের সহিত এই মত জড়িত। এখন আমরা এই মতটির মূল কথাগুলি নিম্নলিখিত কয়েক ছত্তে ব্যাখ্যা করিব।

আমরা বলিয়া থাকি যে, প্রত্যেক বস্তুরই একটি নিজস্ব স্থভাব বা প্রকৃতি আছে, বেমন অগ্নির স্থভাব উত্থাপ। কিন্তু বস্তুতঃ এই স্থভাব কি ? স্থভাবের স্থরপ কি ? ইহা হইতেছে তন-কৃত্রিম ধাহা স্থসতার জগ্র অক্স কিছুর উপর নির্ভর করে না। পূর্বে না থাকিয়া পরে উৎপন্ন হইয়াছে এমন কিছুও নহে। কিন্তু উত্তাপ তো উহার কারণ দারা উৎপন্ন হয়, পূর্বে না থাকিয়া পরে অন্তিত্বলাভ করে এবং স্থসতার জন্ম অন্য পদার্থের উপর নির্ভর করে—উহা কিছুতেই অগ্নির স্থভাব হইতে পারে না। অগ্রির যদি এমন কোন ধর্ম থাকে ধাহা উহাকে অতীত, বর্তমান ও ভবিষ্যৎ কোন কালেই পরিত্যাগ করে না, ধাহা পূর্বে না থাকিয়া পরে উৎপন্ন হইয়াছে এমনও নহে এবং যাহা স্বস্তার জন্ম অন্য পদার্থের উপর নির্ভর করে না, শুধু ঐরূপ ধর্মকেই অগ্নির স্থভাব বলা ঘাইতে পারে। কিন্তু অগ্নির এইরূপ কোন ধর্ম আছে কি ?

আমরা বলি, "ইহা সংও নহে অসংও নহে।" তব্ও অশিক্ষিত শ্রোত্বর্গের ভীতি দূরীকরণের জ্ঞা, ব্যবহারিক সত্যের দিক হইতে আমরা ইহার উপর অন্তিত্ব আরোপ (সমারোপ) করিয়া বলি, "ইহা সং"।

কিন্তু যদি বলা হয় যে, ইহা এখন আরোপিত রূপ ব্যবহারিক সত্তায় বিভ্যমান, ভাহা হইলে বান্তবিক পক্ষে পারমার্থিক স্তায় ইহার রূপ কি ?

উত্তর এই, "ইহা হইতেছে ধর্মতা, অর্থাৎ 'ধর্মের ভাব—বন্ধর উপাদান'। কিন্তু 'ধর্মতা' কি ? স্বরূপ বা (স্বভাব)। এখন এই স্বভাব কি ? প্রকৃতি ? এই প্রকৃতি কি ? যাহা শৃত্যতা বলিয়া কথিত হইয়া থাকে। এই শৃত্যতার অর্থ কি ? স্বভাব-মৃক্ত অবস্থা (নৈ:স্বাভাব্য । ইহা দারা আমরা কি ব্ঝিব ? বেইরূপ সেইরূপ (তঞ্চা) ? এই তঞ্চা কি ? যেইরূপ সেইরূপ হওয়া, অর্থাৎ অ-বিকারিত্ব সর্বদা বিভ্যানতা (স্বদেব স্থায়িতা)।"

"অতএব উত্তাপ বে অগ্নির স্বভাব এই কথা আমরা বলিতে পারি না। কিছ বেংহতু অগ্নির অসংপত্তি অক্ত কিছুব উপর নির্ভর করে না এবং অ-কুত্তিম, অতএব

বৌদ্ধ দর্শন: মাধ্যমিক সম্প্রদায়

উহাই তাহার স্বভাব বলিয়া ধরিতে হইবে।" ে ষেহেতু বস্তুর স্বভাব বলিয়া কিছু নাই, অতএব উহার কোন উৎপত্তি নাই, এবং উৎপত্তি নাই বলিয়া উহার কোন নিরোধও নাই।

অগ্নির ন্যায় সকল বস্তুই স্বভাব-মৃক্ত, কারণ স্বভাবেরই কোন অন্তিত্ব নাই। এই মতবাদে বৌদ্ধশান্ত্রে "সর্ব ধর্মাঃ শৃন্থাঃ"—বস্তুর সর্ব উপাদানই শৃন্থ —এইরূপ যে সকল বাক্য আছে, তাহাতে শৃন্থতা হারা এই মতবাদে প্রকৃতপক্ষে স্বভাবহীনতা (নৈঃস্বাভাব্য) বুঝায়। পূর্ব অমুচ্ছেদেও পাঠকবর্গ ইহা লক্ষ্য করিবেন

যে সকল বস্থ আমাদের সমূথে প্রতিভাত হয়, তাহা তাহাদের স্ব-স্বরূপে প্রতিভাত না হইয়া আরোপিত রূপে প্রতিভাত হয়। এই প্রসঙ্গে কোন গ্রন্থে ও উদ্ধৃত একটি শ্লোক প্রাসন্ধিক হইবে:)

দর্ব আরোপ হইতে বিনিম্কি তত্ত্ব স্বতঃই উদ্ভাদিত হয়। শৃত্যতাদি শব্দ দারা তত্ত্বে আরোপ নিরাক্রণ করা হয়।

কিন্তু পূর্ভাগ্যবশতঃ নাগার্জুনের সময়েও শৃন্মতা শক্টি বিনাশ (অভাব) বা অনন্তিত্ব (নান্তিতা) প্রভৃতি অর্থে অত্যন্ত প্রন্তভাবে গৃহীত হইয়াছিল। ইহার অবশ্রন্তাবী কুফল দেখিয়া নাগার্জুনকে লিখিতে হইয়াছিল: (২৪।১১) সর্পকে ঠিক ভাবে ধারণ না করিলে অথবা বিভাকে ভূল ভাবে গ্রহণ করিলে ষেরপ তাহার দারা সর্বনাশ হয়, দেইরূপ শৃন্তভাকেও ভূল ভাবে বুঝিলে নিজের ধ্বংস অবশ্রন্তাবী। এই প্রান্ত ধারণার জন্ম স্বভাবতঃই যে সকল আপত্তি উঠিতে পারে, নাগার্জুন নিজের গ্রন্থে উহাদের যে উত্তর দিয়াছেন ভূগহা সংক্ষেপে এই: (২৪) যদি সব কিছুই অভাবাত্মক হয়, উৎপত্তি ও বিলয় বলিয়া যদি কিছু না থাকে, তাহা হইলে চারিটি আর্য সত্যন্ত থাকিতে পারে না এবং এই সকল সত্যের জ্ঞানের উপর প্রতিষ্ঠিত অন্ত মার্গও নির্থিক হইয়া পড়ে,—সৎ ও অসৎ কর্মের কোন ফল থাকিতে পারে না, বৃদ্ধের প্রচারিত ধর্মমত, বৌদ্ধ সংঘ, এমন কি স্বয়ং বৃদ্ধও থাকিতে পারে না।

শাহ্বর বেদান্তে যেরপ করা হইয়াছে, নাগার্জুনও সেইভাবে প্রধানতঃ সংবৃতি সত্য অর্থাৎ ব্যবহারিক সত্তা এবং পরমার্থ সত্য অর্থাৎ পারমাথিক সত্তা, এই ত্ইটি সত্যের সাহায্যে সর্ব-আপত্তির নিরসন করিয়াছেন। অবশ্য শাহ্বর বেদান্তে প্রাতিভাসিক সত্যরূপ একটি অতিরিক্ত সত্য স্বীকৃত হইয়াছে। তিনি আরও বলিয়াছেন যে, যাহারা এই উভয়বিধ সত্যের পার্থক্য ব্যে না, ডাহারা বৃদ্ধের উপদেশের গভীর তত্ত্বও উপলব্ধি করিতে পারে না। পরমার্থ বা সর্বোচ্চ সত্য না জানিয়া নির্বাণ লাভ করা যায় না। ব্যবহারিক সত্তা না মানিলে পারমার্থিক স্তার উপদেশ হইতে পারে না। শৃক্ততার

প্রকৃত অর্থ বৃঝিতে পারিলে এই সকল আপত্তির অবকাশ থাকে না। এই শৃহতা প্রতীত্যসমুৎপাদই বটে, আর প্রতীত্যসমুৎপাদের অর্থ কারণ সামগ্রী হইতে বম্বর উদ্ভব ব্যতীত কিছুই নহে। কিন্তু বাস্তবিক পক্ষে ইহাই বস্তুর স্ব-স্বরূপে অমুৎপাদ এবং এখানেই সর্ব-ভাষার বিরাম (প্রপঞ্চোপসম)।

৬। উপদংহার

প্রশ্ন এই যে, কিলের প্রেরণায় বৌদ্ধ আচার্যগণ এইভাবে চিন্তা করিতে প্রবৃত্ত হইয়াছিলেন ? ইহার উত্তরে বিশেষ চিন্তা না করিয়াই রূপকের ভাষায় বলা যাইতে পারে যে, বৃদ্ধের 'মার-বিজয়' এই প্রেরণার উৎস। 'মার-বিজয়' হইতেছে প্রল্ককারীকে জয় করা, কিন্তু বস্তুতঃ ইহার অর্থ কামনার নিরোধ। এই কামনা যথন আয়তে না থাকে, তখন এইগুলি ক্রমাগত রৃদ্ধি পাইতে থাকে এবং জীবের জীবনে দকল প্রকার হঃথের মূল কারণ হইয়া দাঁড়ায়। স্বত্রাং ইহা এক হুর্ধর্ব শক্রা, যে কোন উপায়েই হোক ইহাকে অবশ্রুই জয় করিতে হইবে। কামনা নির্ত্তির এই ধারণা বৈদিক যুগেও বিশেষ স্থবিদিত ছিল। এই ধারণা কেবলমাত্র বৌদ্ধর্মের নহে, অধিকন্ত ভারতীয় দকল ধর্মেরই মূল কথা। মনে রাখিতে হইবে যে, প্রেলুক্কারীকে জয় করিয়াই বৃদ্ধ বৃদ্ধ এই নামে পরিচিত হইয়াছিলেন।

বৃদ্ধ বিশেষভাবে ঔপনিষদিক চিন্তাধারা ঘারা প্রভাবিত হইয়াছিলেন, সে কারণ তাঁহার প্রধান সমস্তা ছিল মামুষের মনে স্বভাবতঃ যে সকল কামনার উদয় হয় তাহাদিগকে কি করিয়া সংযত করা যায়। তিনি অনিত্য হংথ ও অনাত্মা তাঁহার এই তিনটি মূল তত্ত্বের মধ্যে এই সমস্তার সমাধান খুঁজিয়া পাইয়াছিলেন। যদি কেহ জাগতিক বস্তানিচয়ের সম্পর্কে এই তত্ত্বগুলির গভীরভাবে ধ্যান করে, তাহা হইলে তাহার ভোগ করিবার বাসনা নিশ্চয়ই দ্বীভৃত হইবে। বৌদ্ধ দর্শনের আচার্যেরা সকলেই এই তত্ত্বগুলি গ্রহণ করিয়াছেন।

বৈভাষিকেরা এই প্রশ্ন সম্বন্ধে নৃতন কিছু যুক্তি বলিয়াছিলেন কিনা তাহা আমরা জানি না। কিন্তু সোঁত্রান্তিক, যোগাচার ও মাধ্যমিক এই তিনটি সম্প্রদায়ের উক্ত বিষয়ে যে অবদান আছে তাহা উল্লেখযোগ্য। তাঁহারা কেবলমাত্র প্রথম ও শেষ অর্থাৎ অনিত্য ও অনাত্মা এই হুইটি তত্ত্বের বিশদ ব্যাখ্যা করিতে চেষ্টা করিয়াছিলেন বলিয়া মনে হয়। ইহা নিঃসন্দিশ্ব যে, সৌত্রান্তিকগণ তাহাদের অবিচ্ছিন্ন ধারা (সন্ততি) এবং ক্ষণিকত্ব (ক্ষণভঙ্গ) বাদের সাহায়ে 'অনিত্য' তত্ত্বের মধ্যে নৃতন

विक पर्मन: जहेवा

চৈতন্ত সঞ্চার করিয়া উহার অধিক বিকাশ সাধন করিয়াছিলেন—পূর্বেই ইহা দেখান হইয়াছে যে, পূর্বোক্ত যোগাচার ও মাধ্যমিকদের যে অবদান বিশেষ উল্লেখযোগ্য। কামনার জন্ত বিষয়ী এবং বিষয় এই তুইটি পদার্থ অত্যাবশুক, এবং এই তুইটিরই তাঁহারা প্রবল যুক্তির সাহায্যে নিরাকরণের চেষ্টা করিয়াছিলেন।

বিজ্ঞানবাদের সাহায্যে তাঁহারা স্বষ্ঠভাবে প্রমাণ করিলেন যে, বিষয় বা বিষয়ী বলিয়া পৃথক কিছু নাই, একমাত্র বিজ্ঞানই আছে। তাঁহারা আত্মা ও বন্ধর উপাদান এই হুইয়েরই অসারতা দেখাইয়াছেন (পুদ্রলনৈরাত্ম্য ও ধর্মনৈরাত্ম) এই মত মাধ্যমিকেরাও গ্রহণ করিয়াছেন। তাঁহানে এই ক্ষেত্রে কামনার কোন অবকাশ নাই; কারণ কেই বা কামনা করিবে এবং কি বা কামনার বিষয়বন্ধ হুইবে? মাধ্যমিকেরা তাঁহাদের শৃত্যবাদের সাহায্যে দেখাইয়াছেন যে, সর্ববন্ধই 'শৃত্য' অর্থাৎ স্বভাবশৃত্য (নিঃস্বভাব), স্বতরাং কি বিষয় কামনা হুইবে এবং কেই বা কামনা করিবে?

"যে শৃত্যে বিখাসী, সে জাগতিক কোন বিষয় দারা আকৃষ্ট হয় না কারণ জাগতিক বস্তুসমূহের কোন অধিষ্ঠান নাই। তিনি লাভে উৎফুল্ল হন না, কিংবা লাভ করিতে না পারায় নিরুৎসাহও হন না। তিনি তাঁহার নিজের শ্রেষ্ঠত্বে পর্ব বোধ করেন না অথবা শ্রেষ্ঠত্বের অভাবে সঙ্গোচ বোধও করেন না। কাহারও ঘুণার ভয়ে তিনি ল্কায়িত হন না, অথবা প্রশংসা তাঁহাকে জয় করিতে পারে না। মথের প্রতি তাঁহার আদক্তি নাই, এবং ঘুংথের প্রতি তাঁহার কোন বিবক্তি নাই। যিনি জাগতিক বস্তুতে আকৃষ্ট হন না তিনিই শৃত্যের তাৎপর্য ব্রিতে পারেন। মতরাং শৃত্যে বিখাসী ব্যক্তির ইচ্ছা বা অনিচ্ছা কিছু নাই। যাহা তাঁহার ভাল লাগিতে পারে তাহাকেও তিনি শুর্ শৃত্য বলিয়া জানেন, এবং গণনা করেন। কোন কিছুর প্রতি যাহার ইচ্ছা বা অনিচ্ছা আছে তিনি শৃত্য কি জানেন না, এবং মিনি অপরের সহিত কলহ বিতর্ক বা বিতণ্ডা করেন, তিনি ইহাকে শৃত্য বলিয়া জানেন না কিংবা গণনাও করেন না।" । স

দ্ৰপ্তব্য

১। শতপপ-ব্রাহ্মণ ১০ম. ৬-৪

২। শতপথ-ব্রাহ্মণ ১৩শ, ১-৫

৩। মহাযান-সুত্রালকার ১৯শ. ৫৯-৬०

- ইহাকে 'মহাবিভাষা'ও বলা হয়, কিন্তু প্রকৃতপক্ষে 'নির্বাণ' ও 'মহাপ্রিনির্বাণ'-এর স্থায় ইহাদের মধ্যেও কোন প্রভেদ নাই। 'মহা' সংজ্ঞাটি কেবলমাত্র বিশেষ সম্মানার্থে প্রযুক্ত।
- বশোমিত্র তাঁহার 'ক্টার্থ'তে (B, B, ১৯পুঃ) বলিয়াছেন যে, যাঁহারা 'বিভাষা'র প্রশংসা করেন বা
 তাহাতে আনন্দ পান বা বিহার করেন বা যাঁহারা 'বিভাষা' কি তাহা জ্ঞানেন, তাঁহারাই বৈভাষিক।
 'স্বন্দর্শন-সংগ্রহে' (Government Oriental Hindu Series ৪৬পুঃ) এই শব্দের ব্যাথ্যা
 প্রকৃতপক্ষে কল্পনাপ্রসূত।
- ७। "তদস্তি-বাদাৎ সর্বান্তিবাদী মতঃ"।
- ৭। যথা 'দংযুক্তাগম' ৩য়, ১৪, মধ্যমক বুক্তি ২২শ, ১১ দেষ্ট্রব্য, মঝ্ঝিম নিকায় ৩য়, ১৮৮
- ৮। 'পঞ্জিকা' সহ 'তথ্যসংগ্ৰহ' ১৭৮৭ হইতে ঝা কৃত ইংরাজী অনুবাদ।
- ৯। 'ব্যাপার' দ্বারাও 'কারিত্র' প্রকাশ হয়।
- ১০। 'অভিধর্মকোষ'-এ বম্ববন্ধু এইরূপ বলিয়াছেন। ৫ম, ২৫-২৬
- ১১। 'পঞ্জিকা' মহ 'তত্ত্বদংগ্রহ' ১৮১০ হইতে।
- ১২। সৌত্রাম্ভিকগণ অণ্তে বিধানী, কিন্তু অণু তাঁহাদের মতে প্রকৃত বস্তু নহে, তাহাদের অন্তিত্ব নামে মাত্র (প্রজান্তি-সং)। সর্বসিদ্ধান্তসংগ্রহ। সৌত্রাম্ভিক ৫
- ১৩। 'শান্ত্র' সম্পর্কে Caloutta Oriental Series-এর মধ্যান্ত-বিভাগ স্থ্রভাষ্ট টীকা ক্রইব্য ১১পৃঃ। এই সকল ক্ষেত্রে সাধারণতঃ বুদ্ধের বাণীই 'স্ত্র' ও তাহার উপর বিখ্যাত উপদেষ্টাদের লিখিত ভাষ্য 'শান্ত্র'।
- ১৪। বিংশতিকা ১১-১৫
- ১৫। Sacred Books of the East, ই: অমুবাদ ৩৫শ, থও ৬৩ পঃ হইতে।
- ১৬ | Levi, J A, ১৯২৭ , ৯৫-১২৭ %:
- ১৭। মহাযান সূত্রালক্ষার ১৮শ ৮২-৮৮
- ১৮। চৈনিক সংস্কৃত মতে 'মায়াকার-পলকবং'। কিন্তু এন্তলে 'পলক'-এর অর্থ কি ?
- ১৯। যথা এইরূপ (তৈত্তিরীয় উপ, ৩য়, ৫, ১) "তিনি প্রত্যক্ষ করিলেন 'ব্রহ্ম'ই 'বিজ্ঞান', 'বিজ্ঞান' হইতে সর্বজীবের উংপত্তি, জন্মের পর 'বিজ্ঞান'-এ তাহাদের স্থিতি এবং অস্তে তাহাদের 'বিজ্ঞান'-এ লয়।"
- ২•। Indian Historical Quarterly, ১০ম, খণ্ড ১৯৩৪ ১-১১ পৃঃ আমার Evolution of Vijnanavada দুইবা।
- ২১। কাম-লোক, রূপ, অরূপ "কামনার স্তর বা বস্তু, রূপ ও রূপের অভাব", এই তিন স্তরের মধ্যে
 জগং নিহিত।
- ২২। 'লঙ্কাবতার'ও স্তান্তব্য (১০ম, ১৫)। "মূর্থেরা যেমন বাহণবস্তু কল্পনা করে, সেইপ্রকার কোন বাহণবস্তু নাই।
 মন 'বাসনা'র দ্বারা (ধারণা) চালিত হয়, এবং তাহারই ফলে বস্তুগুলির আবির্ভাব ঘটে।" মনে
 রাখিতে হইবে যে চিন্ত, মনদ্, বিজ্ঞান ও বিজ্ঞাপ্তি শক্ষণ্ডলি একার্থবাচক ও প্রকৃতপক্ষে এই ক্ষেত্রে
 'চেতেনা' বুঝায়।
- ২৩। সুশ্রুত ১ম, ৩

वीक पर्नन : अहेवा

- ২৪। এথানে বলা প্রয়োজন যে, 'বিজ্ঞানবাদ' ও 'শৃক্তবাদ' (অর্থাৎ মাধ্যমিক সম্প্রদায়) এই উভয় মতেই 'শৃক্ততা' স্বীকৃত, কিন্তু ভিয়ার্থে। কারণ পূর্ববর্তী মতে ইহার অর্থ জ্ঞাতা ও জ্ঞেয়ের অভিত্বের অভাব যেমন এথানে দেখিতেছি; কিন্তু শৃক্তবাদে ইহার অর্থ ব্যক্তির অন্তর্নিহিত অবস্থার অভিত্ববিহীনতা (নিঃস্বভাবতা), পরে যেমন দেখা ঘাইবে।
- ২৫। 'মধ্যমক বৃত্তি'তে পৃ: ৬২ উল্লিখিত 'আর্থ-রত্ন-চূড়া-স্ত্র'-র (বা পরিপৃচ্ছা) স্থায়, 'বোধিচর্যাবতার-পঞ্জিকা' ৬৯২ পু:
- ২৬। ত্রিংশিকা ১ম, ১৬ পুঃ
- ২৭। এই 'আলয় বিজ্ঞান'কে 'আত্মা' হিসাবে ধরা হয়, এবং ইহা 'অহ্ম' এই ধারণার বিষয়বস্তা। অস্তা বস্তা সম্বন্ধে চেতনাকে বলা হয় 'প্রবৃত্তি বিজ্ঞান', 'ব্যক্তিগত চেতনা' উহারা এইভাবে বর্ণিত হুইয়াছা। "(লকাবতার ২য়, ৯৯-১০০)" কারণ রূপ বায়ু ধারা উথিত হুইয়া সমুদ্র তরঙ্গ বেরূপ অবিরত নৃত্য করে, সেইরূপ চেতনার আধারত্রোত বিষয়বস্তার বাত্যাতাড়িত হুইয়া চেতনার বিভিন্ন রূপে নৃত্য করিতে থাকে।"
- ২৮। চক্রকীর্তির এই ছুইটি শদের ব্যাধ্যার জম্ম Memoirs of the ASB ৩য়, থণ্ড, ৮ম. সংখ্যা ৪৪৯-৫১৪ পৃষ্ঠায় "চতুঃশটিকা" দ্রষ্টব্য।
- ২০। স্থিরমতি "ত্রিংশিকা"য় ৩০ পৃঃ এইরূপ ব্যাখ্যা দিয়াছেন। পরজন্ত অর্থাং কারণ ও করণের দারা উৎপন্ন বলিয়া ইহা 'পরতম্ব'।
- ৩ । কথনো কথনো প্রথম ও শেষ অভিধাগুলি "কল্লিত" ও "নিম্পন্ন" শন্দমাত্র দ্বারা ব্যক্ত হয়।
- ৩১। 'ত্রিস্বভাব নির্দেশ' ২৮ দ্রষ্টব্য।
- ৩২। বস্তবন্ধু বলেন (ত্রিংশিকা ২৮) "প্লিতম্ বিজ্ঞান-মাত্রছে"। মাত্র বিজ্ঞানের উপর নির্ভরশীল।
- ৩৩। 'ত্রিংশিকা' ২৯-৩৽
- ৩৪। সৌড়পাদ-এর মারাবাদী মত সথকে গোড়পাদ রচিত 'আগমশান্ত' দ্রষ্টবা পৃঃ ১৩৩ হইতে বিশেষ ভাবে ১৫ পরিছেদ, The Philosophy of Gaudapada, ৩য়, ৩৫-৪৬, ৪র্থ, ৪৭-৫৭, ৭২,৬৬,৬৬।
- ৩৫। 'মহা-বগ্রু' (বিনয়) ১ম, ৬-১৭
- ৬৬। এই হুই মতের নিন্দা করিয়া, একটি যুক্তিযুক্ত অর্থাৎ মধ্যপদ্থা গৃহীত হইয়াছে। 'ভগবক্সীতা' ৬৪, ১৬ জ্বষ্টব্য ।
- ৩৭। 'অমর' ১ম, ১.১৪।
- ৩৮। এই সম্পর্কে বিজ্ঞানবাদিগণ 'দ্বি' শব্দে দ্রষ্টা ও দৃষ্ট বস্তু অর্থাং যথাক্রমে 'জ্ঞাতা' ও 'ক্রেয়' বুঝান।
- ৩৯। 'মধ্যমক-বৃত্তি'তে ২৬৯ পৃঃ উক্ত 'কাত্যায়নাব-বাদ' 'সংযুক্ত নিকায়' ২য়, খণ্ডে ১৭ পৃঃ দ্রন্থব্য।
- ৪০। 'মধামক-কারিক' ' ६, ৮
- ৪১। 'মধ্যমৰু-কাশ্লিকা' জন্তব্য ১৫ পৃঃ ৭ , 'সংযুক্ত নিকায়' ২য়, খণ্ড , ১৭ পৃঃ
- ৪২। 'কাশুপ-পরিবর্ত' ৬০ (৯০ পুঃ) 'মধ্যমক বুদ্ভি'তে উদ্ধৃত ২৭০ পুঃ
- ৪৩। এই ধরণের করেকটি অংশের জন্ম গৌড়পাদের 'আগমশান্ত' ১০৩-৪ পৃঃ দেখা যাইতে পারে।

- ⁸⁸। 'সংযুক্ত নিকায়' ২য়, ১৭ পৃঃ (১২শ ১৫)। 'তথাগত মধ্য পৃষ্থা অবলম্বন করিয়া সত্যের প্রচার করেন'।
- ৪৫। 'মধ্যমক-কারিকা'র প্রারম্ভে নাগার্জুন বর্ণিত "প্রতীত্য-সমুৎপাদ"-এর মূলতত্ত্ব দ্রন্থর। গুণের সংখ্যা অদীম, কিন্তু স্বিধার্থে উল্লিখিত আটটি মাত্র গৃহীত হয়।
- ৪৬। 'সর্বদর্শন-সংগ্রহ' (৩০ পঃ) এই নামের কল্পনাপ্রস্থত ব্যাখ্যা দিয়াছেন।
- ৪৭। এইগুলি বর্তমান, অবর্তমান, উভয় ও উভয় নহে 'চতুঃ-শটিকা' ৮ম, ২০, ১৬শ, ২৫ 'মধ্যমক কারিকা' ২২শ, ২১।
- ৪৮। বিস্তারিত বিবরণের জন্ম গ্রন্থকাবের (Jha Commemoration Volume-এর) ৮৫ পৃঃ হইতে এর 'চতুকোটি' প্রবন্ধ দ্রস্টব্য।
- ৪৯। 'শেতাথতর' ৪**র্থ**, ১৮ 'বৃহদারণ্যক' ৩য়, ৮, ৮ তুলনীয়।
- 'মধ্যমকর্ত্তি' ২৬৪-৫ পৃঃ। বস্তব "স্বভাব"-এর বিরুদ্ধে অক্সান্ত যুক্তিব জন্ত 'মহাযান স্কোলন্ধাব'
 ১১শ, ৫০-১ দ্রন্টব্য।
- 'অন্বয় বয়সংগ্রহ' GOS > ২ > পৃঃ স্থিত 'তয়য়য়ৢাবলী'তে লিপিত আছে, "য়য়য়য়য়৸-বিনিম্ রিয় য়তয়য়য়
 চকাসতি। শৃশুতাভভিধানৈয় তয়ায়োপ-নিয়ায়িয়া।"
- ৫২। 'মার বিজয়'-এ "মার" শব্দ (যাহার আক্ষবিক অর্থে 'মৃত্যু' বা 'মৃত্যুর কারণ') "কাম" বা কামনা অর্থে ব্যবহৃত অনিষ্টকর ফলের কথা চিন্তা করিলে ইহা অপেক্ষা কোন উত্তম অভিধা দেওয়া যাইতে পারে না।
- শ্বাদিক মতে ইহাদের নাম যথাক্রমে 'পুদ্গল-ণৃভাতা' ও 'ধর্ম-ণৃভাতা'।
- "শিক্ষা-সম্ত্রে" পৃ: ২৬৫তে উক্ত 'আর্থর্ম সংগীতি ক্ত্র'-Bendall ও Rouse কৃত ইং অনুবাদ
 কিঞিং পরিবর্তিত।

বৌদ্ধ দর্শন

গ। বৌদ্ধেরের দার্শনিক সম্প্রদায় সমূহ

১। বিভিন্ন দম্পদায়ের অভ্যাদয়

বৌদ্ধর্মের ইতিহাসের গোড়ার দিকেই বিভিন্ন সম্প্রাদায় ও উপ-সম্প্রদায়ে বিভক্ত হইবার দিকে প্রবণতা দেখা দেয়। 'কথাবন্ধু'তে (২৪৬ খৃঃ পৃঃ) বিভিন্ন সম্প্রদায়ের মতভেদের আলোচনা আছে। স্বতরাং সম্প্রদায়গুলি তৎকালে স্বপ্রতিষ্ঠিত হইয়া গিয়াছিল। বৌদ্ধ সংঘের ইতিহাসে লিপিবদ্ধ প্রথম বিভেদ বৃদ্ধের নির্বাণ লাভের প্রায় একশত বর্ষ পরে বেসালি অধিবেশনে দেখা দিয়াছিল। উক্ত অধিবেশনে প্রাচীনেরা (স্ববিবেরা) দশ হাজার বজ্জীয় ভিক্কৃকে সংঘ হইতে বহিন্ধৃত করেন। ইহার বাহ্ম কারণ সংঘের আচরণীয় দশটি অপ্রধান নিয়মের' ব্যাখ্যা, কিন্তু ইহার প্রকৃত কারণ ছিল মূলগত মতের বিভিন্নতা। বজ্জীয় ভিক্ক্রা মহসংঘিক' নামে একটি পৃথক সম্প্রদায় প্রতিষ্ঠা করেন। মহাযান সম্প্রদায়ের স্বচনা এই দলগত বৈষম্যের মধ্যে লক্ষ্য করা যাইতে পারে। কালক্রমে আবার প্রাচীনেরা স্বান্তিবাদী এবং সাম্বিতিয় এই তুই সম্প্রদায়ে বিভক্ত হইলেন। ইহাদের প্রত্যেকটির মধ্যে আবার বহু ক্ষুম্র উপ-সম্প্রদায় ছিল।

বস্থমিত্র বিনীতদেব ও ভব্য প্রভৃতি প্রাচীন বৌদ্ধ ঐতিহাসিকের। আঠারটি বিভিন্ন সম্প্রদায়ের" উল্লেখ করিয়াছেন, তাঁহারা সকলেই পরম গুরু বুদ্ধের শিক্ষাবলীর যথার্থ প্রতিনিধি বলিয়া দাবী করেন। ইহাদের মধ্যে কেবলমাত্র নিম্নলিখিত চারিটি প্রধান সম্প্রদায়ই উল্লেখযোগ্য। (১) স্থবিরবাদ, (২) সর্বান্তিবাদ, (৩) মহাসংঘিক ও (৪) সাম্মিতিয়। অক্সাক্ত সম্প্রদায়গুলি ইহাদেরই উপশীরা।

প্রথমে স্থবিরবাদের প্রাধান্ত অধিক ছিল; কিন্তু তৃতীয় অধিবেশনের (অশোকের রাজত্বলাল) সময় হইতেই ইহার গুরুত্ব ও প্রভাব ধীরে ধীরে কমিয়া অবশেষে ইহা ভারতের অভ্যন্তর হইতে সম্পূর্ণ বিলুপ্ত হইয়া গেল। অবশু সিংহল, ব্রহ্ম, ও শ্রাম প্রভৃতি দেশে ইহা এখনও ক্রমবর্ধমান। আদিতে স্থান্তিবাদ স্থাপেক্ষা প্রভাবশালী ছিল। ইহার শাখা-প্রশাখা কাশ্মীর ও গান্ধারসহ ভারতের স্থান্তি ছিল। সামিতিয়গণ (বাৎসী পুত্রীয়েরা) নিঃসংশয়ে সমৃদ্ধিশালী সম্প্রদায় ছিল, ইহার অমুগামী সংখ্যাও যথেই ছিল। এই সম্প্রদায়ের কোন মূল গ্রন্থ বিক্ষিত

হয় নাই। স্থতরাং ইহাদের মত নির্ণয় করা কঠিন; কারণ এই সম্বন্ধে অল্পম্বর্ম যাহা কিছু জানা যায়, তাহাও উহাদের বিরোধীদের কথা হইতেই সংগ্রহ করিতে হয়। তাঁহারা প্রায় স্থায়ী সন্তাবান্ এমন এক জীবআ (পুদ্গল-আআর) অন্তিত্ব স্থীকার করিতেন, যাহা চিন্তাবস্থাগুলি হইতে সম্পূর্ণ ভিন্নও নহে, অভিন্নও নহে। অক্যান্ত সম্প্রদায় কর্তৃক একবাক্যে প্রকৃত বৌদ্ধর্মের বিরোধী বলিয়া নিন্দিত হইলেও তাঁহারা তাঁহাদের এই মত কথনও পরিত্যাগ করেন নাই। অক্যান্ত সম্প্রদায়ের একদেশদর্শী বিশেষ বিশেষ মত হইতে মাধ্যমিকের সর্বমত শূন্তায় উপনীত হইবার পথে মধ্যবর্তী স্তরন্ধেপ দান্দিতিয় সম্প্রদায়ের গুরুত্ব। কিছ্ক মহাসংঘিক দিগকেই স্থানিশ্বিত ভাবে মহাযান ধর্ম ও দর্শনের পূর্বগামী বলিয়া অভিহিত করা যায়। সং (ধর্ম) নির্বাণ, বৃদ্ধকথা, ব্যক্তিগত বা সার্বজ্ঞনীন মৃক্তি (বোধিসন্তের আদর্শ) প্রভৃতি ধারণা সম্পর্কে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে যে সকল বিভেদ অম্পন্টভাবে বিভ্যমান ছিল, তাহা বৃদ্ধিপ্রাপ্ত ও ম্পন্ট হইয়া উঠিয়াছিল। বছকালের বাদ-বিবাদ ও মত-সংঘর্ষের ফলে বৌদ্ধ দর্শনের প্রসিদ্ধ ও প্রধান সম্প্রদায়-গুলি পূর্বান্ধ পরিণতিলাভ করিয়াছিল।

কোন একটি বিশিষ্ট মতকে বৌদ্ধ দর্শন বলিয়া নির্দেশ করা যায় না। উহা হইতেছে বিভিন্ন মতের উৎপত্তিস্থল। নিজেদের মধ্যে আভ্যন্তরিক বিরোধ থাকা দবেও কোন বৌদ্ধ সম্প্রদায়ই বস্তকে দ্রব্যাত্মক স্থায়ী, অভিন্ন ও দামান্ত বলিয়। কল্পনা করে নাই। অপর দিক দিয়া জৈন ও অন্তান্ত দর্ব অ-বৌদ্ধ সম্প্রদায়দকল কোন না কোন ভাবে আত্মার অন্তিত্ব স্বীকার করিত।

নৈরাত্ম্য অথবা অদ্রব্যতা হইতেছে বৌদ্ধর্মের এমন একটি সামান্ত ধারণা যাহা বৌদ্ধর্মের বিভিন্ন শাখাগুলি বুঝিতে এবং ব্যাখ্যা করিতে চেষ্টা করিয়াছে এবং এই জন্মই ইহারা বৌদ্ধ-সম্প্রদায়ের বিভিন্ন শাখা।

বৌদ্ধচিন্তার প্রাচীনতম ন্তর হইতেছে বন্ধবাদ। এই ন্তরে অদ্রব্যতা অথবা দ্রব্যের নিষেধ-এর (পুদগলনৈরাত্ম) ব্যাখ্যা করা হইত যে, কেবল দ্রব্যের পৃথক পৃথক উপাদানগুলিই (ধর্ম) সত্য, দ্রব্য সত্য নহে। থেরাবাদ ও সর্বান্তিবাদ (বৈভাষিক) এই বিনা বিচারে গৃহীত বহুমত্বাদের প্রধান ব্যাখ্যাতা। স্থ্রসিদ্ধ সৌত্রান্তিক মত এই বন্ধবাদেরই বিচারসম্যত সংস্করণ।

ইহা কান্টের স্থায় একটি স্থনির্দিষ্ট ও স্থানবদ্ধ জ্ঞানতবের উদ্ভাবন করিয়াছিল। সৌত্রাস্থিকেরা তাহাদের স্থাবিচারে এবং জ্ঞানবাদীয় অন্তর্ম্ থী চিন্তা দারা মাধ্যমিক ও যোগাচার মতবাদের পথ প্রস্থাত করিয়াছিল।

বৌদ্ধ দর্শন: বিভিন্ন সম্প্রদায়ের অভ্যুদয়

নাগার্জুন (খৃষ্টপর বিতীয় শতাব্দী) মাধ্যমিক দর্শন বিধিবদ্ধ করিয়াছিলেন। ইহা বৌদ্ধচিন্তাধারার বিতীয় ও প্রধান গুর। এই মতবাদের মৌলিক পদার্থ সমূহের (ধর্মের) ভিন্ন ভিন্ন মতও অস্বীকৃত হইয়াছে (ধর্মনৈরাত্ম); দ্রব্য (আত্মা) যদি মনো-নির্মাণ (অবান্তব) হয়, তাহা হইলে ইহার ধর্ম ও গুণ সকলও তদ্রূপই হইবে। সাংখ্য এবং বেদান্তের মতই সম্বন্ধকে যদি স্থায়ী ও সামাল্যাত্মক বলিয়া মনে করা ঠিক না হয়, তাহা হইলে প্রাচীন বৌদ্ধ দর্শনের লায় উহাকে ক্ষণিক ও বিশেষ বলিয়া মনে করাও ঠিক হইবে না। বস্তুর সন্তার আপেক্ষিকতা (শ্লুতা) এই চরম তত্ত্বে পৌছিবার ধাপর্মপেই বুদ্ধদেব ক্ষণিকবাদের উপদেশ দিয়াছিলেন।

শহরের অবৈতবাদ যেমন ব্রাহ্মণ্য দর্শনে, তেমনই মাধ্যমিক মতও বৌদ্ধ দর্শনে বিপ্রবাধন করিয়াছিল। পারমার্থিক ও ব্যবহারিক (সংস্কৃতি) দৃষ্টিভঙ্গী গ্রহণ করিয়া বৌদ্ধর্মগ্রহের শিক্ষাবলীর সমন্বয়সাধনের ইহা একটি অবিরাম প্রয়য়ের ফল। ব্রাহ্মণ্য দর্শনের প্রবাদ (আত্মবাদ) ও প্রাচীন বৌদ্ধদের ধর্মবাদ (নৈরাত্মবাদ) এই তুই মূল বিরোধী ঐকাস্তিক মতবাদের সমালোচনা হইতে মাধ্যমিক বিচারের উদ্ভব। কান্টের বিচারের ক্রায় মাধ্যমিকের বিচারও দর্শন-মাত্রেরই সমালোচনা।

(১) ব্যবহারিক বিকল্পবর্জিত পরমতত্ব, (২) অবভাদের দিদ্ধান্ত (৩) পারমার্থিক দত্য ও ব্যবহারিক দত্যের ভেদ—এই দব মাধ্যমিক দর্শনের মূল মত বৌদ্ধাণ কর্তৃক গৃহীত হইয়াছিল। কিন্তু এই মতবাদে ব্যবহারিক জগৎ দম্পূর্ণ ও একান্তিক ভাবে অস্বীকৃত হইয়াছে বলিয়া কাহারও কাহারও নিকট মনে হওয়ায় উহার বিরুদ্ধে প্রতিক্রিয়া দেখা দিয়াছিল। যোগাচার দম্প্রদায়ের বিজ্ঞানবাদকে মাধ্যমিক নেতিবাদের একটি অর্থপূর্ণ আংশিক রূপান্তর বলিয়া বুঝিতে হইবে। এই মতাম্বারে একমাত্র দহন্ত, ইহা অবশ্রস্বীকার্য; কিন্তু বিষয়ী ও বিয়য়রপে যে হৈতহার। এই জ্ঞান দৃষিত, উহাকে অবান্তব (শৃত্য) বলিয়া মনে করিতে হইবে; হৈত অবান্তব; কিন্তু যাহাতে হৈতের অভাব (য়য়শৃত্যতা) তাহা শৃত্য নয় ৽

কাণ্টের বিচারমূলক দর্শন হইতে পাশ্চাত্য দেশে ফিশ্টে, শেলিং ও হেগেলের জ্ঞানবাদী দর্শনের উদ্ভব হইয়াছিল, এখানেও যোগাচারের বিজ্ঞানবাদ মাধ্যমিক দর্শনের সাক্ষাৎ ফল। ইহা বৌদ্ধ দর্শনের তৃতীয় প্রধান স্তর।

বিজ্ঞানবাদের উপরে অপ্রত্যাশিতভাবে তন্ত্রমত (বজ্রখান, মন্ত্রখান প্রভৃতি)
দেখা দিয়াছিল। পারমার্থিক তত্ত্বের উপর প্রতিষ্ঠিত মন্ত্র, অন্ত্রমনান ও পূজা-পদ্ধতির
ইহা এক অপূর্ব মিশ্রাণ। ইহা একাধারে ধর্ম ও দর্শন উভয়ই। ভারতবর্ষে যধন

বৌদ্ধর্মের বিলোপ ঘটিল (একাদশ হইতে ঘাদশ শতাকীর মধ্যে) তথন বিশেষভাবে বৌক দর্শনের এই তান্ত্রিক রূপান্তরই তিব্বতে প্রসারলাভ করিয়াছিল। বৌদ্ধ দর্শনের কতকগুলি প্রাচীন সম্প্রদায় অগুপি চীন জাপানে বর্তমান আছে।

বস্তুবাদ, পরমার্থবাদ এবং বিজ্ঞানবাদ—এইভাবে বৌদ্ধচিস্তার স্তর্গুলিকে বিভক্ত করিলে উহা বৌদ্ধ দর্শনের যৌক্তিকতা ও ঐতিহাসিক ক্রমবিকাশের সম্পূর্ণ অন্নুগামী হইবে। অস্তান্ত ঐতিহাদিকেরা বৌদ্ধচিন্তার ক্রমবিকাশের এই তিনটি যুগকে ধর্মচক্রের তিনটি আবর্তন বলিয়া বর্ণনা করিয়াছেন (ধর্মচক্র প্রবর্তন)। ১০ অ-বৌদ্ধের। দকলেই বৈভাষিক, দৌত্রান্তিক, মাধ্যমিক ও যোগাচার – এই চারিটি বৌদ্ধ-সম্প্রদায়ের উল্লেখ করিয়া থাকেন। প্রথম হুইটি হীনধান সম্প্রদায়ভুক্ত। ইহারা বহুমতবাদী ও বস্তুবাদী। শেষোক্ত হুইট মহাযান সম্প্রদায়ভুক্ত। ইহারা পরমার্থ-বাদের সমর্থক। আন্তিক্য মতবাদে সংখের যেরূপ স্থান, বৌদ্ধমতবাদে বৈভাষিক-এর (আভিধার্মিক) স্থানও তদ্রপ। অল্লাক্ত মতবাদ সমূহ ইহার আংশিক পরিবর্তন ও সমালোচনা দারা উৎপন্ন হইয়াছে। এইরূপ মনে করা ঠিক হইবে না যে, মাধ্যমিকের অভ্যাদয়ের দঙ্গে সঙ্গে আভিধর্মিক মতের বিকাশ বন্ধ হইয়া গিয়াছিল এবং যোগাচারের আবিভাবের সঙ্গে সঙ্গে মাধ্যমিক মতের বিলোপ ঘটিয়াছিল। বহু শতান্ধী ধরিয়া এই সম্প্রদায়সকল একই সঙ্গে বিকাশলাভ করিতেছিল। এইদকল মতবাদের পৌর্বাপর্য উহাদের প্রাথমিক ও শৃঙ্খলাবদ্ধ রচনার ক্ষেত্রেই প্রযোজ্য। বৌদ্ধমত তিন যুগেই প্রতীত্য-সমুৎপাদরূপ মুখ্য তত্ত্বের উপর প্রতিষ্ঠিত ধৰ্ম (বস্তু)-বাদ ৰূপেই বিভয়ান ছিল। এই সকল মত বিভিন্নভাবে ব্যাখ্যাত হইয়াছিল; তাহা ছাড়া প্রতি বৌদ্ধ সম্প্রদায়ই নিজেকে মধ্যম-মার্গের অমুসরণকারী বলিয়া মনে করিত। আভিবার্মিক সম্প্রদায় সমূহের প্রাচীন বৌদ্ধমত, ধর্মমতের এরূপ ব্যাখ্যা করিতেন যে, দ্রব্য (আত্মা) বস্তুর পৃথক পৃথক উপাদান (ধর্ম)গুলির অন্তিত্ব প্রতীত্য-সমৃৎপাদ হইতেছে পরম্পর হইতে বিচ্ছিন্ন ভিন্ন বিশ্বর উৎপত্তি এবং বিলয়ের কার্যকারণ নিয়মই নিয়ন্ত্রণকারী এবং মধ্যম মার্গ হইতেছে শাখতবাদ এবং বিনাশবাদ এই ছই একাণ্ডিক মতকেই পরিহার করা। মাধ্যমিক সম্প্রদায়ে প্রতীত্য-সমুৎপাদ হইতেছে, বস্তুসমূহের স্বব্ধপতঃই পরস্পরের উপর নির্ভর-শীলতা এবং পৃথক ধর্মগুলির অবান্তবতা; এবং মধ্যম মার্গ হইতেছে সং ও অসং এই তুই প্রধান দৃষ্টির অস্বীকৃতি—একদিকে বস্তবাদ (বাহুবস্তুর অন্তিম্ব) অপর দিকে শুকুবাদ বিষয় এবং জ্ঞান উভয়েরই অস্বীঞ্চতি; আর বিজ্ঞানবাদ বস্থবাদের বিচার-শূক্ততা এবং শূক্তবাদের সংশয় এই তুই অন্তকে পরিহার করিয়া চলে।

विक नर्नन: वोक्रधर्मत मूल मञ्जम्ह

২। বৌদ্ধধুমের মুজ মতলমুহ

পালি ভাষায় লিখিত বৌদ্ধ শাস্ত্রসমূহে বলা হইয়াছে বে, সর্ববস্থই অনিচ (অনিত্য) অনাক্ত (অনাথ) ও ত্রুক্থ (তঃখ)। কিন্তু এই সিদ্ধান্ত অফ্রভব-নিরপেক্ষ শুদ্ধ যুক্তির উপরে নহে বরং সাক্ষাৎ অফ্রভৃতি এবং পর্যবেক্ষণের উপর প্রতিষ্ঠিত। ইহার স্বপক্ষে যুক্তি পরে, বিশেষতঃ সৌত্রান্তিকেরা দিয়াছিল। আত্মবাদী সম্প্রদায়সমূহে দ্রব্য স্থায়ী পদার্থ এবং 'সামান্তে'র অন্তিত্ব স্থীকার করা হইত; এবং সর্ব বৌদ্ধ সম্প্রদায়ের অফুমোদিত নৈরাত্ম-দৃষ্টি ইহারই বিরুদ্ধে যুক্তিমূলক প্রতিবাদ। এই নৈরাত্ম-দৃষ্টি বস্তর ক্ষণিকত্ব, অনাত্মত্ব এই তিনটি পরস্পরসম্বন্ধ মত গৃহীত হইত।

বৌদ্ধ মতে দং হইতেছে তাহাই যাহা কাৰ্যক্ষম, অৰ্থাৎ যাহা কোন কাৰ্যের কারণ (অর্থ-ক্রিয়াকারী)। থেহেতু স্থায়ী পদার্থ কার্যক্ষম নয়, অতএব উহা কারণ-কার্থের সমসাময়িক হইয়া অথবা পূর্থবর্তী হইয়া স্বীয় শক্তি প্রয়োগ করে। কারণ যদি কার্যের সমসাময়িক হয় তাহা হইলে বলিতে হইবে যে, উহার দর্বকার্য একই দঙ্গে দাধিত হয়; এবং তথন জিজ্ঞাদা করা মাইতে পারে স্থায়ী কারণটি প্রথম মুহুর্তের পরে থাকে কি থাকে না ? যদি বলা হয় থাকে, তাহা হইলে স্বীকার করিতে হইবে ষে, উহা দিতীয় এবং তৎপরবর্তী মুহূর্তগুলিতেও একই কার্যদমূহ উৎপন্ন করে—এইভাবে একই কারণ হইতে একই কার্যের অনন্তধারা উৎপন্ন হইতে থাকিবে। ইহা অসম্ভব। যদি এইরূপ ধারা ইহা উৎপন্ন না করে অথচ পরবর্তী মুহূর্তগুলিতেও স্থায়ী থাকে, তাহা হইলে ইহা স্পষ্ট যে প্রথম মুহূর্তে উহার যে স্বরূপ তাহা পরবর্তী মুহুর্তগুলিতে উহার যে স্বরূপ তাহা হইতে ভিল্ল; কারণ প্রথম মুহুর্তে উহা কার্যক্ষম (সমর্থ), কিন্তু অন্তান্ত মুহূর্তগুলিতে এ কার্য করিতে উহা অক্ষম (অ-সমর্থ)। যাহাতে তুই বা ততোধিক বিরুদ্ধর্মের আরোপ করা হয়, তাহা কথনও এক (অভিন্ন পদার্থ) হইতে পারে না। স্থায়ী পদার্থ ক্রমশঃ উহার কারণ-শক্তি প্রয়োগ করে—হেমন অ প্রথমে ক'কে তাহার পর থ'কে তাহার পর গ'কে উৎপন্ন করে ইহাও সম্ভবপর নহে। কারণ, প্রশ্ন হইবে অ যথন ক'কে উৎপন্ন করে, তথন ধ'কে উৎপন্ন করার শক্তিও উহাতে আছে কিনা ? যদি বলা হয় আছে, তাহা তাহা হইলে দ্বিতীয় বিকল্পটিও কার্যকারণের সমসাময়িকতারূপ প্রথম বিকল্পে শরিণত श्हेरत। यनि तमा हम्न त्य ज्थन च'राज म्मा भक्ति थारक ना, जाहा श्हेरन तनिराज

হইবে যে উহা খ'কে কখনও উৎপন্ন করিবে না—দৃষ্টাস্কুশ্বরূপ যত দীর্ঘ সময়ই দেওয়া যাক না কেন, প্রস্তর্থণ্ড কখনও অঙ্কুর উৎপন্ন করিতে পারে না। তবু যদি আমরা ধরিয়া লই যে, অ ত্ই বা ততোধিক মৃহুর্তে অভিন্ন পদার্থক্লপেই বিভ্যমান থাকে, তাহা হইলে উহাকে একই কার্য উৎপন্ন করার ব্যাপারে সক্ষম এবং অক্ষম এইরূপ বলিতে হইবে।

ইহার বিক্তদ্ধে বলা যাইতে পারে যে, কারণ পদার্থটি (উদাহরণস্বরূপ একটি বীজ) এক বা অভিনই থাকে, শুধু সহকারীদের উপস্থিতি অথবা অমপস্থিতির উপর উহার কার্যক্ষমতা নির্ভর করে। ইহার উত্তরে জিজ্ঞাসা করিব, এই সকল সহকারীদের উক্ত স্থান্নী পদার্থের উপর কোন প্রভাব আছে কিনা? উহাদের শুধু নিজ্ঞিয় উপস্থিতি কোন ফলোৎপাদন করিবে না। স্থতরাং বীজ হইতে অঙ্কর উৎপন্ন হইবার পূর্বে উহাদিগকে বীজে কিছু পরিবর্তন ঘটাইতে হইবে। পরিবর্তিত অবস্থাতেই বীজ তাহার কার্য উৎপন্ন করে। যদি এই পরিবর্তিত অবস্থা বীজের স্বরূপেরই অস্কর্ভু জি এইরূপ মানা হয়, তাহা হইলে স্বীকার করিতে হইবে যে, প্র পরিবর্তিত অবস্থা স্বাদ্দের বীজে থাকে। ঐরূপ স্বীকার না করিলে বলিতে হইবে যে বীজের ছইটি স্বরূপ ধারণ করে। কিন্তু পূর্বোল্লিখিত বৌদ্ধ মতাফুদারে কোন বস্তর ছইটি স্বরূপ আছে এইরূপ স্বীকার করার অর্থ হইতেছে ছইটি বস্ত স্বীকার করা। স্থতরাং প্রতি মূহুর্তে এক বস্থ ধ্বংস হইয়া অন্য বস্ত উৎপন্ন হয়। সময়ের ভেদ হইলে বস্তরও ভেদ হইবে; কোন ছই মূহুর্তেই বস্ত অভিন্ন থাকে না। সন্তা হইতেছে ক্লিক।

বস্তুর ক্ষয় এবং ধ্বংসের স্বরূপ আলোচনাথারাও একই সিদ্ধান্তে অনিবার্যভাবে উপনীত হইতে হয়। আমাদের সাধারণ ধারণা এই যে, বিরুদ্ধশক্তিখারা বিনষ্ট না হইলে বস্তু বিগুমান থাকিবে। কিন্তু নিজের ধ্বংস্সাধন করার ক্ষমতা যদি বস্তুর নিজের মধ্যে না থাকে, তাহা হইলে কোন প্রকার বাহ্ন প্রভাবখারা উহার ধ্বংস হওয়া তোদ্রের কথা, এমন কি তদ্ধারা উহাতে কোন পরিবর্তনই ঘটিতে পারে না। বলা যাইতে পারে যে, দণ্ডের আঘাতে ঘটের নাশ হয়। কিন্তু এই নাশ বা ধ্বংস যদি ঘটের স্বরূপের অন্তর্গত না হয়, তাহা হইলে বলিতে হইবে যে, আঘাতের খারা ঘটের কিছুই হয় না, অর্থাৎ আঘাতের পরেও উহা শৃক্ত আকাশের মত ম্থাপূর্ব অবিক্রতভাবেই বর্তমান থাকিবে। আর যদি ধ্বংসকে ঘটস্বরূপের অন্তর্গত বলিয়া মনে করা হয় তাহা হইলে বলিতে হইবে যে, দণ্ডের আঘাত ঘটনির্ভির নিমিন্তমাত্র— উহা এই ধ্বংসকে উৎপন্ন করে না। এখন বস্তুর বার্ধক্য অথবা ক্ষয়খারা কি বুঝায়

বৌদ্ধ দর্শন: বৌদ্ধর্মের মূল মতদমূহ

তাহা বিবেচনা করা যাক। ইহা নিশ্চিত সত্য নয় যে, কিয়ংকাল উহা অবিক্বতভাবে বিজ্ঞমান থাকে এবং তাহার পর হঠাং তাহাতে পরিবর্তন আরম্ভ হয়। প্রকৃতপক্ষে উহা প্রত্যেক মৃহুর্তে সমানভাবে, অলক্ষিতভাবে এবং অনিবার্যভাবে পরিবর্তিত হয়। তাহা হইলে ইহা বলা ঠিক হইবে নাকি যে, পরিবর্তন এমন কি জন্মও প্রতিমূহুর্তেই মৃত্যু?—বস্তব অন্তিম্কালের প্রত্যেক মৃহুর্তেই উহা ভিন্ন হইয়া যাইতে বাধ্য। বস্তব স্থায়িত্ব দীপশিথা অথবা স্রোতের একত্বের স্থায় লাস্তিমাত্র। ইবার পর্বত্তেছে বিরামহীন পরিবর্তন, বস্তু হইতেছে ক্ষণ-মাত্র এবং নিরংশ বিন্দুমাত্র। ইহার পূর্ব'ও নাই 'পর'ও নাই, কালিক বিন্থার বা স্থায়িত্ব নাই। নাশ বা নির্ত্তি হইতেছে বস্তব স্থাব এবং স্বাঙ্গীণ (অহেতুকো নিরন্বয়ো বিনাশঃ)।

অবয়বীর (অয়য়ীর) অন্তিত্বও একই যুক্তিদারা নিরাকরণ করা হয়। অবয়বীর একত্ব কিভাবে সম্পাদিত হয় ? লৌকিক দৃষ্টিতে বলা যাইতে পারে যে, টেবিলটি এক বস্তু, বৃক্ষও এক বস্তু—অবশ্র ইহারা বহু অংশ বা অবয়বদারা গঠিত। কিন্তু একই সঙ্গে টেবিলের দব অংশ দেখা অসম্ভব বলিয়া উহা অংশতঃ দৃষ্ট এবং অংশতঃ অদৃষ্ট। বৃক্ষের কিয়দংশ দঞ্চালিত হয়, আবার কোন কোন অংশ হয় না। উহার কিছু ভাগ ছায়াতে কিছু ভাগ স্থালোকে থাকে। এখন প্রশ্ন এই য়ে, একই বস্তুতে কি করিয়া ছই বা ততোধিক বিক্রম ধর্ম (যথা দৃষ্ট ও অদৃষ্ট, সঞ্চালিত ও অসঞ্চালিত, ছায়াছয় এবং আলোকোভাসিত) আরোপ করা যাইতে পারে ? এই যুক্তি এড়াইবার জন্ম ইহা বলা ঠিক হইবে না য়ে, সঞ্চালিত অংশ হইতে অসঞ্চালিত অংশ ভিন্ন। কারণ উভয় অংশই একই বস্তুর অবয়ব ; অংশের ধর্ম বস্তুরও ধর্ম—বস্তুটিও অংশগুলিরই অবয়বী। স্কতরাং পৃথক্ভাবে পরিজ্ঞেয় যতগুলি অংশ বা রূপ আছে, বস্তুও ততগুলি আছে ইহা স্বীকার করিতে হইবে। অর্থাৎ বস্তুর বিস্তার অথবা বিমিশ্রম্বরূপ বলিয়া কিছু নাই। বছ বস্তুর (অংশ এবং রূপের) একত্ব শস্তরাশির একত্বের স্থায় ভান্তিমূলক। ১২

স্থতরাং বস্ত যে শুধু কালিক বিন্তারহীন ক্ষণিকমাত্র তাহা নহে, অধিকস্ক সর্ব-পরিমাণ ও বৈচিত্রাহীন দৈশিক বিন্দুতুল্যও বটে।

সামান্ত অথবা বিভিন্ন বস্তব একরপতা নিরাকরণ ও একই যুক্তি দারা সংসাধিত হয়। প্রত্যেক বস্তুই অপর বস্তু হইতে ভিন্ন, এবং অনন্তসাধারণ (স্বলক্ষণ)। বছ বিশিষ্ট বস্তুতে (বস্তু-ব্যক্তিতে) একই সামান্তের অন্তিত্ব-স্বীকারে বহু অনভ্যা বাধা আছে। দেশ ও কালের ব্যবধানধারা পরস্পর হইতে বিচ্ছিন্ন কতকগুলি বিশেষ বস্তুতে একই বস্তু কি ক্রিয়া উহাদের বৈশিষ্ট্যধারা কিছুমাত্র প্রভাবিত না হইয়া

উহার সমগ্ররূপে বিজ্ঞমান থাকিতে পারে ? তাহা ছাড়া আমরা যথন কোন বস্তকে জানি, তথন নিশ্চয়ই উহাকে (বিশিষ্ট বস্তুটিকে) এবং উহার অফুরপ অপর একটি বস্তুকে (সামান্তকে) জানি না। সভোজাত মহুয়ে কোথা হইতে মহুয়াত্তরপ সামান্তটি আসে ? ঐ ব্যক্তির মৃত্যু হইলে ঐ সামান্তটি কোথায় চলিয়া যায় ? এই সকল আপত্তিবশতঃ বৌদ্ধ দার্শনিকেরা মনে করেন যে, অন্তিত্বশীল বস্তুমাত্রই বিশেষ-বস্তু; সামান্ত হইতেছে বৃদ্ধিনির্মাণ, বিকল্প।

বস্তব অন্তিত্ব অথবা উহার নাশ মৃতির দেহ অথবা রাছর শিরের মতই কথামাত্র। ত অন্তিত্ব এবং বিনাশ বস্তব ধর্ম নহে, অথবা বাহির হইতে আসিয়া উহার
সহিত সংলগ্ন হয় না; কিন্তু উহারা প্রকৃতপক্ষে বস্তব্ধরপই। বৌদ্ধমতে পরিবর্তন
হইতেছে একটি সমগ্র বস্তব স্থানে অপর একটি বস্তব আগমন; উহা হইতেছে
সমগ্ররপে উৎপত্তি ও বিনাশশীল বহু বস্তব ধারা; এক বস্তু যে অহ্য বস্তুতে পরিণত হয়
এমন নহে। গতির অর্থ এমন নয় যে, কোন বস্তু একস্থান হইতে অপরস্থানে গমন
করে; গতি হইতেছে চলচ্চিত্রের ভিন্ন ভিন্ন থণ্ড চিত্রগুলির আবির্ভাবের হ্যায়
যথাযোগ্য কালিক ব্যবধানে ধারাবাহিকভাবে বহু ভিন্ন ভিন্ন বস্তব আবির্ভাবমাত্র। ত ভিন্ন ভিন্ন বস্তগুলির কোনটির মধ্যেই, এমন কি উহাদের সমগ্র ধারাটির
মধ্যেও প্রবাহ বা গতি বলিয়া কিছু নাই; দ্রষ্টাই বহু স্থিরবস্তব উপর এই গতির
আরোপ করে।

বেহেতু জ্ঞান এবং উহার বিষয় সমকালীন নয়, স্থতরাং উহারা একে অক্তকে ধরিতে অথবা আয়সাং করিতে পারে না, উহাদের সমন্ধ হইতেছে কার্যকারণীয়। আবার বেহেতু কোন বস্তুই স্থায়ী নয়, কিন্তু উৎপন্ন হইয়াই সমগ্রভাবে বিনষ্ট হয়, অতএব কার্যকারণবাদও প্রকৃতপক্ষে একপ্রকার নিমিত্তবাদেই পর্যবদিত হয়।' এই সকল অন্তর্নিহিত সমস্যা বৌদ্ধ-চিন্তাধারাকে অহংবাদ এবং বিজ্ঞানবাদের অভিমুখী করিয়াছে।

৩। আভিধৰ্মিক দৰ্শন

শেরবাদ ও দ্বান্তিবাদ : আভিধর্মিক মতেই দ্বপ্রথম বুদ্ধের উপদেশাবলী স্থদংবদ্ধ করিবার ষথাপদ্ধতি প্রয়াদ করা হইয়াছে। প্রথমে বিনা-বিচারে গৃহীত বন্ধনিষ্ঠ বিশাদগুলি দম্থিত হইয়াছে; বৌদ্ধ দর্শনে যে দক্ল নির্বিশেষ পর্মতত্ত্বাদী মত আছে, দেইগুলি ইহারই দ্মালোচনা হইতে পরে উৎপন্ন হইয়াছে। অভিধর্মকোষ "

বৌদ্ধ দর্শন: আভিধর্মিক দর্শন

গ্রন্থে অভিধর্মকে ধর্মসমূহের (সদ্বস্তুসমূহের) বিশুদ্ধ অপরোক্ষ জ্ঞান এবং উহা সম্পাদন করিবার আফুষন্ধিক সাধন বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। অভিধর্ম হইতেছে পরমতত্ত্বের মর্মে প্রবেশ করিয়া উহাকে যথার্থভাবে বর্ণনা করা।

শেষবাদঃ পালি ধর্মণান্ত্রে অভিধন্ম নামক যে সাতটি নিবন্ধ আছে । বিদ্বাধন্য এই গুলিকে বৃদ্ধের নিজের বাণী বলিয়া মনে করা হয়, কিন্তু প্রকৃতিপক্ষে উহারা বৃদ্ধের উক্তির থেরবালীয় ব্যাখ্যা। ধন্ম-সংগনি এবং তদধীন অন্তান্ত গ্রন্থগুলিতে ধন্ম (বন্ধ -সমূহের বিভিন্ন দৃষ্টিভঙ্গীতে অসংখ্য তালিকা দেওয়া হইয়াছে— এই সকল দৃষ্টিভঙ্গীর মধ্যে নৈতিক দৃষ্টি প্রধান। উহাদের বাক্যগুলি মুখ্যতঃ শীর্ষলিপি অথবা ন্যতি-সহায়ক শব্দ (মাতিকা)। মৌথিক ব্যাখ্যাদ্বারা ইহাদের অর্থ স্পষ্ট করিতে হইবে এই অভিপ্রায়েই উহারা রচিত। উহাদের মধ্যে যুক্তিপ্রয়োগ প্রায়্ন নাই, এবং উহাদের অন্তর্গাহিত দার্শনিক তত্বগুলিও কদাচিংই স্পষ্টভাবে ব্যক্ত করা হইয়াছে। এই যুক্তিবিহীন অন্ধ-শ্রদ্ধা যুগের পর যুগ থেরবাদের বিকাশ ব্যাহত করিয়াছে। বৃদ্ধঘোষের বিস্থন্ধি-মাগ্গ এই সম্প্রদায়ের সর্বপ্রথম স্থসংবদ্ধ গ্রন্থ (বৃদ্ধঘোষ বস্থ বন্ধুর সমসাময়িক)— কিন্তু এই গ্রন্থের দার্শনিক বিষয়বস্ত অভিধর্মকোষের বিষয়বস্ত হইতে তুলনায় নিক্নন্থ; তথাপি নীতিশাস্ত্রীয় গ্রন্থক্রপে বিস্থন্ধি-মাগ্গ মূল্যবান্ গ্রন্থ। দিংহল, বন্ধ এবং শ্রামদেশে বহুল ব্যবহৃত অফুকদ্ধের অভিধন্মখ-সংগ্রহণ (একাদশ শতান্ধী) বিশেষ জ্ঞানপ্রদ সংগ্রহণ পুন্তক নয়; উহাও কতকগুলি তালিকার অপর একটি সঞ্চয়মাত্র।

ভারত-ভৃথতে থেরবাদের কথনও প্রচলন ছিল কিনা সন্দেহ; প্রায় এইরূপ বলাই ঠিক হইবে যে, উহা কেবলমাত্র দক্ষিণস্থ বৌদ্ধ দেশগুলিরই স্প্তি। মাধ্যমিক অথবা যোগাচার সম্প্রদায়ে যথন অভিধর্মবাদের কথা বলা হয়, তথন সর্বদাই সর্বান্তিবাদকেই নির্দেশ করা হয়, পালি অথবা সিংহলদেশীয় মতকে নির্দেশ করা হয় না। ১৯

দ্র্গিনিনানঃ থেরবাদের সহিত স্বান্তিবাদের মতগত ঘনিষ্ঠ সাদৃশ্য আছে এবং ধেরবাদ যত প্রাচীন উহাও অহরপ প্রাচীন। এই সম্প্রদায়ে অতীত ও ভবিষ্কং ঘটনা বর্তমানের ফ্রায়ই সমভাবেই অন্তিম্ববান বলিয়া স্বীকার করা হয়। ইহার এই আত্যন্তিক বস্থবাদীয় দৃষ্টি অক্সান্ত সম্প্রদায় কর্তৃক নিন্দিত হইয়াছে। স্ববস্তু স্ব সময়েই অন্তিম্ববান, এই মত হইতেই এই সম্প্রদায় স্ব-(দা)ন্তি-বাদ এই আখ্যালাভ করিয়াছে।

সর্বান্তিবাদীরা নিজেদের শাস্ত্র সংস্কৃত ভাষায় লিখিতেন; এইসকল গ্রন্থের

কোন কোন অংশ মধ্য এশিয়া এবং গিল্গিট প্রান্তে আবিদ্ধৃত হইয়াছে। যদিও স্বান্তিবাদ সমগ্র দেশ ব্যাপিয়া বিস্তৃত ছিল, তথাপি কাশ্মীর ও গাদ্ধার দেশেই উহা স্বাপেকা বেশী প্রচলিত ছিল। ইহার বিস্তৃত অভিধর্ম সাহিত্য সংস্কৃত ভাষায় বিলুপ্ত হইয়া গেলেও, উহা সম্পূর্ণ আকারে চীন ভাষায়^২ এবং অংশতঃ তিব্বতীয় ভাষায় রক্ষিত আছে। এই সাহিত্যের মূল গ্রন্থ হইতেছে কাত্যায়নীপ্রের জ্ঞানপ্রস্থান ও তদধীন ছয়টি গ্রন্থ ^২ (ষট্পাদাঃ)। এই ছয়টির মধ্যে তিনটি বুদ্ধের সাক্ষাং শিশুদের গ্রন্থ বলিয়া বিবেচনা করা হয়। উক্ত ছয়টি গ্রন্থ হইতেছে বস্থমিত্রের প্রকরণপাদ, দেবশর্মার বিজ্ঞানকায়, শারিপুত্রের ধর্মস্কন্ধ, মৌদ্গলায়নের প্রজ্ঞপ্রিশান্ত্ব, পূর্ণের ধাতৃকায় এবং মহাকেটিলের সঙ্গীতিপর্যায়।

সর্বান্তিবাদের পরবর্তী বিকাশ কণিক্ষের (আফুমানিক ১২৫ খৃঃ) রাজত্বের সময়ে অথবা তন্ত্রিকটবর্তী কালে মহাবিভাষা এবং ক্ষুদ্রতর বিভাষা নামক বিরাটকায় টীকার রচনায় লক্ষিত হয়। টককুফ্রর মতে মহাবিভাষা গ্রন্থটি কাশ্মীর সম্প্রদায়ের এবং ক্ষুদ্রতর-বিভাষাটি গান্ধার সম্প্রদায়ের। ২২ বিভাষা সর্বান্তিবাদের মূলগ্রন্থ বলিয়া সর্বান্তিবাদকে সাধারণতঃ বৈভাষিক দর্শন বলা হয়। ২০

ধর্মোন্তরের অভিধর্মহানয় এবং উহার টীকার রচনাকাল হইতে এই সম্প্রদায়ের তৃতীয় এবং স্থাংবদ্ধ চিন্তাধারার যুগ আরম্ভ হয়। বস্থবন্ধুর (আস্থুমানিক ৩৫০ খৃঃ) অভিধর্মকোষ' ওই সম্প্রদায়ের সর্বস্ন্রভিক্রমে শ্রেষ্ঠ গ্রন্থ (শাল্প) বলিয়া গৃহীত হয়। বস্থবন্ধুর রচনায় সোঁত্রান্তিক মতের দিকে যে প্রবণতা তাহা সংশোধন করিবার উদ্দেশ্যে তাঁহারই সমসাময়িক সজ্যভদ্দ 'গ্রায়াহ্ণসার' ও 'অভিধর্মসময়-প্রদীপিকা' নামক তৃইথানি গ্রন্থ রচনা করেন। যশোমিত্রের 'ক্টার্থা' নামক অত্যস্ত মৃল্যবান্ এবং বিস্তৃত টীকা এখনও সংস্কৃত ভাষায় রক্ষিত আছে।

ধর্মঃ বৈভাষিক দর্শন হইতেছে বিশুদ্ধ বছবাদ। ইহা স্থিরদ্রব্যের অস্বীকৃতি এবং পরস্পর হইতে পৃথক্ ক্ষণিক ধর্মের স্বীকৃতির উপর প্রতিষ্ঠিত। ধর্ম হইতেছে দং-এর অস্তিম উপাদান—এই অর্থে ধর্ম শব্দ শুধু বৌদ্ধ দর্শনেই ব্যবহৃত হয়। ধর্মগুলি বস্তুর অস্তিম অবয়ব; কারণ উহারা একেবারে অমিশ্র (পৃথক্) বস্তু—উহারা কৃষতের উপাদানে গঠিত নয়। দ্রব্য (উদাহরণস্বরূপ একটি রক্ষ বা একজন মাফ্র্য) এই সব উপাদানের সমষ্টি (স্ক্রম); এই সমষ্টি অথবা অবয়বী পদার্থটি বৈশেষিক দর্শনে যেরূপ বলা হইয়াছে, সেইরূপ উপাদানাতিরিক্ত কোন বস্তু নয়। এই সকল ধর্ম বা উপাদান অনিত্য; উহারা ক্ষণিক এবং কালিক বিন্তারহীন। "এক ধর্মে অস্ত ধর্মে ক্থনও সমবায়ী নয়, স্ত্রাং ধর্মাতিরিক্ত দ্বব্য বলিয়া কিছু

বৌদ্ধ দর্শন : আভিধর্মিক দর্শন

নাই; পৃথক্ পৃথক্ ইন্দ্রিয়গ্রাহ্ ধর্ম ব্যতীত অন্ত কোন ব্রুড়বস্থ নাই, এবং পৃথক্ পৃথক্ বিজ্ঞান ব্যতীত আত্মা বলিয়াও কিছু নাই (ধর্ম = অনাত্মা)।" १ ॰

অভিধর্ম নামক গ্রন্থগুলিতে, বিশেষতঃ অভিধর্মকোষে, এই সকল ধর্ম বিভিন্ন শ্রেণীতে ভাগ করিয়া উহাদের লক্ষণ দেওয়া হইয়াছে। সর্বান্তিবাদ-মতে মোট পঁচাত্তরটি ধর্মের তালিকা দেখিতে পাওয়া যায়; ইহাদের মধ্যে বাহাত্তরটি অন্ত-সাপেক অবভাসাত্মক কার্যবস্তু (সংস্কৃত অর্থাৎ পরস্পারের সহযোগে ক্রিয়াশীল); বাকি তিনটি অন্তনিরপেক্ষ পারমার্থিক তত্ত্বস্তু (অ-সংস্কৃত অর্থাৎ মিলিতভাবে ক্রিয়াশীল নয়)। অবিভা এবং তদত্বচর রাগদ্বোদি (ক্লেশ)-বশতঃ ধর্মগুলি কার্যকারণসর্ম্বে মিলিত হইয়া নির্দিষ্ট সংসারস্রোতের আকারে প্রবাহিত হয়।^{১৬} স্থতরাং সংস্কৃত ধর্মগুলি হইতেছে ত্রুপ অথবা ত্রুপের কাবণ (সমুদায়)। আবার এই ধর্মগুলিই প্রজ্ঞাপ্রস্থ আধ্যাত্মিক সাধনায় (মার্গদার।) পরস্পর হইতে বিচ্ছিন্ন এবং দমিত হইলে উহার। শান্তি ' অথবা শৃক্ততায় (নির্বাণে) পরিণত হয়। উক্ত তিনটি অন্তানিরপেক্ষ তত্ত্বের মধ্যে সন্তোবর্ণিত অবস্থা একটি। দ্বিতীয়টি হইতেছে দংসারের অ-প্রতিদংখ্যানিরোধ^{২৮} অর্থাৎ এমন নিরোধ যাহা (যেমন নির্বাণের ক্ষেত্রে) সম্যক্ জ্ঞানের দারা সাধিত হয় না, কিন্তু ষাহা সংসারের আবশুক কারণের অভাবে সাধিত হয়; উদাহরণস্বরূপ মনোযোগ অক্তত্র চালিত হইলে গন্ধ, স্বাদ প্রভৃতি ধর্মগুলি জ্ঞানের বিষয় না হইয়া আপনা-আপনি বিলীন হইয়া যায়। তৃতীয় অস্তুনিরপেক্ষ তত্ত্বটি হইতেছে আকাশ; উহার লক্ষণ হইতেছে প্রতিবন্ধকাভাব * * : ইহা কোন পদার্থকে বাধা না দিয়া থাকিবার স্থান দেয়, আবার নিজে শৃত্য বা ফাঁকা বলিয়া কোন কিছু হইতে বাধাপ্রাপ্ত হয় না।

সৌত্রান্তিকের। নির্বাণসহ তিনটি অন্তানিরপেক্ষ তত্ত্বের সবগুলিকেই শুধু নামাত্মক বলিয়া অস্বীকার করিয়াছে। থেরবাদিগণ একমাত্র নির্বাণই স্বীকার করিয়াছে; আবার যোগাচার সম্প্রদায় এইগুলির সংখ্যা ছয় পর্যন্ত বাড়াইয়াছে— পূর্বোক্ত ভিনটির সহিত নিম্নলিথিত তিনটিও স্বীকার করিয়াছে (১) অচলা (হিরাবহা); (২) সংজ্ঞাবদেয়িত্-নিরোধ (মূর্হা) এবং (৩) তথতা (তত্রপতা); ইহাদের মধ্যে শুধু শেষেরটিই প্রকৃতপক্ষে পরমৃতত্ত্ব।

বৌদ্ধশাম্বে সর্বত্র এবং পুন:পুন: ধর্মগুলিকে স্কন্ধ, আয়তন এবং ধাতৃ এই তিন শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে; ইহা হইতে অফুমান করা ষাইতে পারে যে, স্বয়ং বৃদ্ধই এই শ্রেণীকরণের কর্তা। ইহা ছারা জীবকে কতকগুলি অবস্থার এমন একটি সমষ্টি বলিয়া বিশ্লেষণ করা হইয়াছে, যাহাতে তদতিরিক্ত কোন স্থির দ্রব্য

অথবা আত্মার স্থান নাই। ধর্মের এই শ্রেণীকরণকে জ্ঞাতৃসাপেক্ষ বলা যাইতে পারে; কারণ এই শ্রেণীকরণে মুধ্যতঃ ইদ্রিয়সংবেদন, ব্যক্তিবিশেষ এবং উহার উপাদানের দিকে লক্ষ্য রাখা হইয়াছে।

স্বন্ধগুলি (সমূহ) ° গংখ্যায় পাঁচঃ রূপ (জড়াত্মক অথবা সুলদেহাত্মক উপাদান), বেদনা (ইন্দ্রিয়নংবেদন), সংজ্ঞা ('সামান্তের' ধারণা), সংস্কার (বাসনা ও অ্যাত্ম প্রেরণা), এবং বিজ্ঞান (বিশুদ্ধ জ্ঞান)। আয়তন শদের ব্যংপত্তিগত অর্থ হইতেছে জ্ঞানোংপত্তির 'হার'। আয়তন বারটি—মন-সহ ছয়টি জ্ঞানেন্দ্রিয় এবং চিস্তার বিষয়-সহ ঐ ছয় ইন্দ্রিয়ের ছয়ট গ্রাহ্ম পদার্থ। ধাত্ম আয়তনেরই বিস্তারিত রূপ; ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয়ের মধ্যবর্তী উহাদেরই সন্নিকর্ষ হইতে জাত চাক্ষ্ম জ্ঞান প্রভৃতি ছয়প্রকার জ্ঞান গণনা করিয়া এই ধাতুর সংখ্যা আঠার করা হইয়াছে।

বল্পদাপেক্ষ শ্রেণীকরণে ধর্মগুলিকে পাঁচ শ্রেণীতে ভাগ করা হইয়াছে: রূপ (জড়বল্প — ১১), চিত্ত (চৈত্য্য — ১), চেত্তিসিক (মানসিক অবস্থা এবং বিশেষ বিশেষ গুল — ৪৬), চিত্ত-বিপ্রযুক্ত-সংস্থার (কেবলমাত্র জড়বল্প কিংবা কেবলমাত্র মনের নহে কিন্তু উভয় দাধারণ প্রেরণাশক্তিদমূহ — ১৪) এবং অসংস্কৃত (অ্যাল- নিরপেক্ষ — ৩)। শেষোক্ত শ্রেণী পূর্বেই বিবেচিত হইয়াছে।

জড়বস্ত (রপ) অভেগ্ন এবং কঠিন (সপ্রতিভ)। ইহাকে নিম্নলিখিত একাদশ ভাগে বিভক্ত করা হইরাছে: পঞ্চ ইন্দ্রিয়গ্রাহ্ন (রং ইত্যাদি), পঞ্চ ইন্দ্রিয় এবং অনভিব্যক্ত জড় (অ-বিজ্ঞপ্তি-রূপ)। ত পঞ্চ ইন্দ্রিয়কে একপ্রকার স্বচ্চপ্রায় ও স্ক্র্ম্ম জড়বস্ত (রপপ্রদাদ) বলিয়া ধারণা করা হইয়াছে। অনভিব্যক্ত জড় হইতেছে কার্যের অথবা কার্যের সঙ্গরের ভাল বা মন্দ ফল—ইহা গ্রাহ্মণায় দর্শনগুলির 'অদৃষ্টে'র অহ্বরপ। জড়বস্ত ছইপ্রকার মৌলিক (ভৃত কিংবা মহাভৃত) ও গৌণ (ভৌতিক)। মৌলিক জড়বস্ত ত চারিটি—পৃথিবী, জল, অগ্নি এবং বায়্। ইহারো ইহাদের বিশিষ্ট গুণের হারা পরিজ্ঞাত হইয়া থাকে—কাঠিন্ত, আর্দ্রতা, উত্তাপ এবং গতি—এইগুলি ইহাদের বিশিষ্ট গুণ; ইহাদের কার্য হইতেছে আশ্রয়দান, সংশ্লিষ্টকরণ, পঞ্চ করা এবং সম্প্রদারণ।

"ক্ষড়বন্ধর সাধারণ উপাদানগুলি∗ বৌদ্ধ দর্শনসমত সকল উপাদানের মত স্থিরদ্রব্য-রূপে নহে, বরং কার্যোন্মধ শক্তিরূপে করিত হইয়াছে। এই চারিট উপাদান সর্বদাই

वर्षा९ পृथितो, कन, व्यात्र এवः वात्र्—व्ययुवानक

বৌদ্ধ দর্শন: আভিধর্মিক দর্শন

একদদে এবং সমাতৃপাতে থাকে। কাঠগণ্ডে কিংবা জলে যে পরিমাণ উদ্তাপের উপাদান আছে, প্রদীপ্ত অগ্নিশিখাতেও তাহাই এবং ব্যুৎক্রমেও এই কথা সত্য। উহাদের মধ্যে যেটুকু পার্থক্য আছে তাহা শুধু তীব্রতার।"°°

চিত্ত অথবা বিজ্ঞান হইতেছে নিরাকার চৈতক্য। উহাতে কোন উপাদান-বৈচিত্রা নাই, চৈতক্সই উহার একমাত্র উপাদান। তথাপি নিজ উৎপত্তির জক্য উহা বিভিন্ন ইন্দ্রিয়ের উপর নির্ভর করে; উহার ছয়টি প্রকার আছে এইরূপ বলা যাইতে পারে। এতদহরূপ প্রক্রিয়া ঘারাই থেরবাদীরা বিভিন্ন অবস্থা এবং সত্তার বিভিন্ন তর অহ্যায়ী চিত্তবস্তুকে অতি বিস্তৃতভাবে উননব্দইটি প্রকারে বিভক্ত করিয়াছেন। " যোগাচার সম্প্রদায় চিত্তের উক্ত ছয়টি প্রকারের সহিত আলয় এবং ক্লিষ্ট-মনোবিজ্ঞান যোগ করিয়া আট প্রকার বিজ্ঞানের উল্লেখ করিয়াছেন।

চৈত্ত বা চেত্তদিক বল্বগুলির সংখ্যা ৪৬°° বলিয়া নির্ধারিত হইয়াছে। উহারা নিম্নলিথিত অবান্তর শ্রেণীগুলিতে বিভক্ত করা হইয়াছে, যেগুলি সর্ব-অবস্থাতেই বর্তমান (মহাভূমিক, ১০), উত্তম (কুশল) অবস্থাগুলিতে বর্তমান দশটি সাধারণ ধর্ম, ছয়টি মূল হৃদয়াবেগ (ক্রেশ) হুইটি থারাপ (অকুশল) চিত্তধর্ম, ১০টি গৌণ হৃদয়াবেগ (উপক্রেশ) এবং আটটি অস্পাষ্টাকার (অনিয়ত) উপাদান।

অচেডসিক শক্তি এই শ্রেণীতে সর্বান্তিবাদীরা প্রাপ্তি, উৎপত্তি, স্থিতি, ক্ষয়, মৃত্যু প্রভৃতি চোন্দটি ক্রিয়ার সমাবেশ করিয়াছেন। যোগাচারিগণ এই সংখ্যা আরও বাড়াইয়া চব্দিশ করিয়াছেন, কিন্তু যোগাচার-মতে এইগুলির পারমাথিক সতা নাই। সৌত্রান্তিকগণ এইগুলিকে বিভিন্ন পৃথক্ বস্তু বলিয়া স্বীকার করিতে সম্মত হয় নাই, কারণ এইগুলি উপাদানসমূহের কার্যাবলী ধারণা করিবার প্রকার-মাত্র।

কার্যকারণ নিয়মঃ সন্বস্তর অন্তিম উপাদানসমূহের স্বরূপ ও লক্ষণ নির্ধারণ করা হইয়াছে। এখন কি প্রকারে মিলিত হইয়া এই সকল উপাদান ব্যবহারিক জগতের বস্তুসমূহ (সংস্কৃত) উৎপন্ন করে, তাহা ব্যাখ্যা করিতে হইবে। প্রশ্ন হইতেছে, প্রপঞ্চরূপ প্রক্রিয়ার গতিতত্ব কি ? বৌদ্ধ দর্শনে সর্বদাই কার্যকারণ নিয়ম যে সার্বত্রিক ও অলজ্যনীয় ইহার উপর বিশেষ জাের দেওয়া হইয়াছে। বৃদ্ধদেব নিজে শাশতবাদ এবং বিনাশবাদ এই তুই পরস্পরবিরোধী মত পরিহার করিয়া বিশেষভাবে নৈতিক দায়িত্রের ব্যাপারে কার্যকারণ নিয়ম প্রয়ােগ করিয়াছেন। কোন কিছুই বিনাকারণে নিয়তিবশতঃ অথবা ঈশ্বরের শক্তিতে ঘটে না। আবার কোন কিছুই শাশত নয়। কর্মই—অর্থাৎ আমরা যাহা করিয়াছি এবং করি তাহাই—জগদ্রপে

পরিণত হয় এবং উহার বৈচিত্রোর হেতু (কর্মজং লোকবৈচিত্রাম্)। ৬৮ আমরা পূর্বেই দেখিয়াছি যে, বৌদ্ধ দর্শনে কার্যকারণ নিয়মের সহিত ক্ষণিকত্ব নৈরাত্মা এবং অনক্সরপতা (স্বলক্ষণ) জড়িত আছে। সন্তার ত্রিবিধ শুরেই কোথাও এই নিয়মের ব্যতিক্রম কিংবা বিরাম নাই। শুধু অক্যনিরপেক্ষ তত্বগুলিই এই নিয়মের গণ্ডীর বহিভূতি। অক্যসাপেক্ষ বস্তুর স্বরূপের মধ্যে ইহা জড়িত থাকে যে, উহা কেবল একটি কারণ হইতে উৎপন্ন হইতে পারে না । (ন হেকম্ এক মাং), কিন্তু কতকগুলি কারণের সমষ্টি হইতেই উৎপন্ন হইতে পারে এবং কার্যকারণ হইতে অত্যস্ত ভিন্ন।

কারণতা শব্দটি দাধারণ ও বিশেষ এই তুই অর্থেই গৃহীত হইয়াছে। প্রথম অর্থে কারণকে মৃথ্য কারণ (হেতু, উদাহরণস্বরূপ—অঙ্কুর উৎপাদনে বীজ) এবং নিম্নলিখিত তিনপ্রকার সহকারী কারণে (প্রত্যয়) বিভক্ত করা হইয়াছে: বিষয়রূপ কারণ (আলম্বন), অব্যবহিত পূ্ব্বর্তী কারণ (সমন্তর) এবং প্রবল কারণ (অধিপতি)।

জীবের ক্ষেত্রে কার্যকারণ নিয়মের বিশেষ প্রয়োগ হইতেছে ঘাদশ গ্রন্থিক শৃদ্ধলরূপ প্রতীত্যসম্পাদ। অভিধর্মকোষে ইহার নিয়লিথিতরূপ ব্যাথ্যা করা হইয়াছে: "আত্মা (প্রব্য) বলিয়া কিছু নাই; পাঁচটি বিভিন্ন পুঞ্জপ্ত ক্ষণিকসন্তার প্রবাহের ন্থায় অগ্রসর হইয়া, এবং কর্ম এবং ক্লেশের ঘারা নিয়ন্ত্রিত হইয়া মাতৃগর্ভে প্রবেশ করে এবং যথাষথ কর্ম ও ক্লেশের ঘারা পরিপুট্ট হইয়া অবস্থানিচয়ের এই অবিচ্ছিন্ন ধারা জন্ম হইতে জন্মান্তরে চলিতে থাকে। এই নিরন্তর ঘূর্ণায়মান জীবন-চক্র হইতেছে প্রতীত্যসমূৎপাদ—ইহা তিন শ্রেণীতে বিভক্ত ঘাদশ গ্রন্থির একটি শৃথল। ইহাদের মধ্যে প্রথম তুইটি গ্রন্থি (অর্থাং অবিছ্যা এবং সংস্কারসমূহ) পূর্বজন্মের, মধ্যবর্তী আটিট গ্রন্থি বর্তমান জন্মের এবং শেষ তুইটি ভবিন্থৎ জন্মের।" ৪ ১

সংসার হইতেছে তুংগরূপ। ইহা রাগ, দ্বেষ, লোভ এবং ক্লেশ্বারা উৎপন্ন হইয়া থাকে। ইহারা অবিতা হইতে উদ্ভূত হয়। অবিতা হইতেছে স্থির এবং অভিন্ন বস্তু (আত্মা) আছে এইরূপ ভ্রান্ত ধারণা; আমরা বস্তুসমূহকে স্থির মনে করিয়া উহাদের প্রতি আসক্ত হই। হতরাং আত্মার অন্তিত্বে ভ্রান্ত বিশ্বাসই তুংথের মূল কারণ, উহা হইতেই সংসার-চক্র উৎপন্ন হয় এবং সঞ্চালিত থাকে (প্রতীত্যসমূৎপাদ)। এই তত্ত্ব স্থান্যরূপ করিয়া নির্বাণের সাধক তুংগনিবর্তক আধ্যাত্মিক সাধনায় নিমৃক্ত হন। বৌদ্ধর্মের সর্বসম্প্রদায়েই এই সাধনমার্গের তিনটি ধাপ আছে—সন্তুণ্যসূহের অফুলীলন (লীল), ধ্যান (সমাধি) এবং সাক্ষাৎ অন্তর্দৃষ্টি (প্রক্তা)।

বৌদ্ধ দর্শন: সৌত্রান্তিক সম্প্রদায়

অভিধর্মগ্রন্থ নিদ্ধিলাভের চারিটি শুর এবং চারিটি আর্থনতার প্রত্যেকটির জন্ত চারিটি প্রজ্ঞাভূমি— এইভাবে ষোলটি প্রজ্ঞাভূমির বর্ণনা আছে।

অভিধর্মের ধারণা এই যে, অন্তদৃষ্টির শক্তিধারা সাপেক্ষ অবস্থা বস্তুত:ই নিরপেক্ষ তাত্তিক অবস্থায় পরিণত হয়। নির্বাণকে প্রায় এইভাবে কল্পনা করা হইয়াছে ষে, উহা ক্রিয়াপ্রবণ জাগতিক শক্তিসমূহের অভাব অথবা বিনাশরূপ। এইসব ধারণা হইতে বুঝা যায় যে, নির্বাণ এবং সংসার পরস্পর হইতে সম্পূর্ণ ভিন্ন। মাধ্যমিক কিন্তু এই সকল মতের বিরোধী।

৪। সোত্রান্তিক সম্প্রদায়

(বিচারমূলক বস্তবাদ)

শ্র্নান্তিবাদের সমালোচনাঃ আভিধর্মিক দর্শনে বিনাবিচারে গৃহীত বহু মত রহিয়াছে; উহাতে মানসিক ধারণা এবং শব্দম্হকে বাস্তব সন্তা দেওয়ার দিকে প্রবণতা দেখিতে পাওয়া যায়; তাহা ছাড়া বস্তব অন্তিম উপাদানসমূহের সদা বিভ্যমানতা শ্বীকার করা উহার একটি বৈশিষ্ট্য। অন্তান্ত বৌদ্দমম্প্রদায় এই সবগুলিরই সমালোচনা করিয়াছিল। সৌত্রান্তিক সম্প্রদায় অভিধর্মগ্রন্থলিকে পরিহার করিয়া স্বয়ং বৃদ্দের সাক্ষাৎ বাণীর (পুত্রের) উপর নির্ভর করে ওবং এই সম্প্রদায়ই উক্ত সমালোচনা স্বসংবদ্ধভাবে করিয়াছে।

সর্বান্তিবাদীরা বলে যে, অন্তিম উপাদানসমূহ ধর্ম) অতীত, বর্তমান এবং ভবিশ্বৎ দর্বকালেই বিজ্ঞমান, কারণ "(১) শাস্ত্রে এইরূপ বলা হইয়াছে, (২) যেহেতু প্রত্যক্ষের ঘুইটি (কারণ) আছে, (৩) যেহেতু প্রত্যক্ষের বিষয়ের অন্তিত্ব আছে, (৪) ষেহেতু (পূর্বকর্মদারা) ফলের উৎপত্তি হয়। যেহেতু আমরা এই দকল বস্তুর অন্তিত্ব শীকার করি, দেইজক্ত আমরা দব কিছুই আছে এই মতবাদ (সর্বান্তিবাদ) পোষণ করি।" ও প্রধান যুক্তিটি এই যে, যোগ্য ইন্দ্রিয় এবং বিষয়দারা জ্ঞান উৎপন্ন হয়, হতরাং আমরা যথন কোনও অতীত ঘটনা শ্বরণ করি অথবা কোন ভবিশ্বৎ ঘটনার কথা ভাবি, তথন ঐ অতীত ও ভবিশ্বৎ ঘটনা জ্ঞানের বিষয়রূপে কাক্ত করিবার জন্ত অবশ্বই বিক্যান থাকিবে। অতীতের হৃদয়াবেগ-সমূহও আমাদের বর্তমান ব্যবহারের উপ্র প্রভাব বিন্তার করে এরূপ লক্ষিত হয়। বস্তুর ত্রৈকালিক সন্তার স্বরূপ ব্যাখ্যা করিবার জন্ত চারিটি ভিন্ন ভিন্ন মতবাদ ও উপস্থাপিত করা হইয়াছিল।

এই সম্বন্ধে সোঁত্রান্তিকের প্রশ্ন এই: "বন্ধর উপাদান যে অর্থে বর্তমানকালে আছে, যদি সেই অর্থেই উহা ভবিশ্বতে এবং অতীতে থাকে, তাহা হইলে উহা ভবিশ্বৎ অথবা অতীত বলা হয় কেন ?" তাহা হইলে সর্বকালিক ভেদেরই বিলোপ ঘটিবে। ইহা বলাও ঠিক হইবে না যে, অতীতে এবং ভবিশ্বতে উপাদানের শুধু স্বরূপটিই বিভ্যমান থাকে, কিন্ধু উহার ক্রিয়া থাকে না। কারণ বন্ধু উহার ক্রিয়া ব্যতীত অক্য কিছুই নয়। উপাদানসমূহের অবিরত বিভ্যমানতা স্বীকার করা শাশতবাদেরই একটি প্রকার। ইহাও অত্যাবশুক নহে যে, জ্ঞানের বিষয় হওয়ার জন্ম একটা কিছু বন্ধত:ই থাকিবে। কারণ এইরূপ মানিলে বন্ধ অসম্ভব কথা মানিতে হয়। যথা: স্বদ্র ভবিশ্বৎ, অলীক অর্থাৎ সম্পূর্ণ অসৎ বন্ধ অথবা অপ্রাপ্ত নির্বাণ বৃদ্ধির বিষয় হওয়া মাত্রই অন্তিত্বলাভ করে। স্বান্তিবাদী হইতেছেন বিনাবিচারে বন্ধবাদের সমর্থনকারী, তাই তিনি যাহা শুধু বৃদ্ধির আকারে বিভ্যমান এবং যাহা বান্তবিকই অন্তিত্বান এই দুয়ের মধ্যে ভেদ করিতে পারেন না।

ধর্মসূহঃ বৈভাষিকের। ধর্মসমূহের যে সকল প্রকাণ্ড তালিকা করিয়াছেন, সৌত্রান্তিকগণ সেইগুলিকে সংক্ষিপ্ত আকার দিয়াছেন। তাঁহারা যে শুধু অতীত এবং ভবিদ্যৎ অবস্থাগুলিকে অস্বীকার করিয়াছেন তাহা নহে, অধিকন্ধ আকাশ, নির্বাণ এবং অ-মানসিক শক্তিগুলিকেও (চিত্ত-বিপ্রযুক্ত) পরিত্যাগ করিয়াছেন। অন্তিম বিশ্লেষণে পাঁচ শ্রেণীতে বিভক্ত তেতাঞ্লিশটি ধর্মের ও একটি তালিকা প্রণয়ন করা হইয়াছিল। নিম্নলিখিতগুলি এই তালিকার অন্তর্ভুক্ত:—

- (আ) জড়বস্তু (রূপ)—চারিটি মূল রূপ (উপাদান) এবং তদধীন চারিটি রূপ (উপাদয়ে-রূপ)।
 - (আ) বেদনা—স্থ**ৰ্থ, তৃঃথ এবং উদাদী**তা।
 - (ই) ই জিয়ে (সংজ্ঞা) ছয়টি—পঞ্চ জ্ঞানে জিয়ে এবং মন (চিত্ত)।
- ্স) চৈত্ত (বিজ্ঞান) ছয়টি—উপরে লিখিত ছয়টি ইন্দ্রিয়ের অফুসারী ছয় প্রকার জান।
 - (উ) শক্তিসমূহ (সংস্কার) কুড়িটি—দশটি হু, এবং দশটি কু।

প্রমাণশান্ত: ভারতীয় চিস্তাধারার বিকাশে সৌত্রান্তিকদের প্রকৃতপক্ষে যে বিশেষ দান, তাহা হইতেছে ব্যবহারিক জগং জ্ঞাতা বা মনের লোকাতীত ক্রিয়ানারা নির্মিত হয়, এই তত্ত্বের আবিষ্কার। দিঙ্নাগ (পঞ্চম শতান্দী) ও ধর্মকীর্তি (সপ্তম শতান্দী) কান্দীয় চিস্তাধারার অন্থ্যায়ী এক বাহুল্যবর্জিত স্থসংবদ্ধ ও বিপ্লবকারী তর্কশাস্ত্র এবং প্রমাণশাস্ত্র প্রথমন করিয়াছেন।

বৌদ্ধ দর্শন: সোত্রান্তিক সম্প্রদায়

ইহার আলোচ্য বিষয় হইতেছে প্রমাণ (জ্ঞানের ষথাযোগ্য সাধন বা উপায়)। প্রমাণের লক্ষণ হইতেছে এরূপ জ্ঞান° যাহা সম্বন্ধর সহিত বিসংবাদী নয়; তাহা ছাড়া উহা হইতেছে অবিদিত অথবা অনধিগতের জ্ঞান। প্রমাণসম্বন্ধে চারিটি বিষয়ের প্রত্ব আলোচনা করা হয়—উহাদের সংখ্যা, স্বরূপ, বিষয় এবং ফল। বৌদ্ধ স্থায়শাল্লে সর্বত্ত শুইপ্রকার প্রমাণ স্বীকৃত হইয়াছে প্রত্ব অবং অহমান; ইহারা পরস্পরের বিরোধী এবং এই তুইটি হইতে পৃথক অন্ত কোনও প্রমাণ নাই। প্রত্যক্ষের কান্ধ হইতেছে গ্রহণ অথবা অক্বত্রিম বস্তব সহিত পরিচয় করিয়াদেওয়া। বিতীয়টির কান্ধ হইতেছে উহাকে কোন এক ছাচে ফেলিয়া ভাবা বা চিস্তা করা (অধ্যবসায়)। প্রত্ব কাণ্টের মতের সহিত এই মতের অভেদত্ব লক্ষণীয়: "মানবীয় জ্ঞানের তুইটি শাখা—ইন্দ্রিয়সংবেদন এবং বৃদ্ধি বা চিস্তা; হয়ত ইহারা একই, কিন্তু আমাদের নিকট অপরিজ্ঞাত মূল হইতে উৎপন্ন হয়। প্রথমটি দারা আমাদের নিকট বিষয়সমূহ উপস্থাপিত হয় এবং দ্বিতীয়টি দারা উহারা চিস্তিত অথবা বোধগম্য হয়।" প্র

যদিও অহুমানের বিষয় 'দামান্ত' এবং প্রত্যক্ষের বিষয় 'বিশিষ্ট', তথাপি এইরপ বৃঝিলে ঠিক হইবে না যে, 'বিশিষ্ট' এবং 'দামান্ত' বলিয়া হুইপ্রকার দমদন্তাক বস্তু আছে। প্রকৃতপক্ষে একমাত্র বিশিষ্টই দং (মেয়ং ত্বেকং স্বলক্ষণম্) কিন্তু উহা হুই বিভিন্ন রকমে ' জ্বাত হয় : প্রত্যক্ষে উহা স্বরূপে এবং অহুমানে বা চিস্তায় উহা পররূপে গৃহীত হয়। এই হুই প্রমাণের মধ্যে প্রত্যক্ষই মৌলিক আর চিন্তা হুইতেছে তদধীন মিথ্যা বিস্তৃতি। বিশিষ্টই পরমার্থদৎ আর দামান্ত শেষবিচারে অবস্তু। অহুমান স্বরূপত:ই ভ্রান্ত' (ভ্রান্তমহুমানম্)। যদিও অন্তিম বিচারে উহা (দামান্ত) অবস্তু, তথাপি উহার ব্যবহারিক প্রামাণ্য আছে। "মণি হইতে নি:স্তুত রশ্মি এবং দীপ হইতে নি:স্তুত রশ্মি এই হুইটির একটিও মণি নহে; কিন্তু প্রথমটিকে মণি বলিয়া ভ্রান্তি হুইলে মণিলাভ হুইতে পারে, অপরটিকে মণি বলিয়া ভ্রান্তি হুইলে তাহা দস্তবপর নহে।" '

অহমান পরিহার করা সম্ভবপর নয়, যেহেতু প্রত্যক্ষই একমাত্রণ প্রমাণ এই কথা বলিতেও ভেদ এবং সম্বন্ধ অত্যাবশ্রক, কারণ এইস্থলে আমরা প্রত্যক্ষসম্বন্ধে কিছু বিল। তাহা ছাড়া নীলের সংবেদন হওয়াই উহাকে নীল বলিয়া জানা নয়। প্রত্যক্ষকে প্রত্যক্ষ বলিয়া জানিতে হইলে, উহাকে অহা পদার্থ হইতে ব্যাবৃত্ত করিয়া উহাকে বৃদ্ধিঘারা পরিচ্ছিন্ন করিতে হইবে, এবং এইরপ জ্ঞান (অধ্যবসায়) কেবল সামান্তের জ্ঞান (বিকল্প)-ঘারাই সম্ভবপর। অধিকল্প যে জগতে বছ জ্ঞাতা আছে,

সেখানে একজনকে নিজের অন্নভব অপরেব নিকট ব্যক্ত করিবার জন্ম সংকেত এবং সামান্তের ধারণা অপরিহার্যভাবে ব্যবহার করিতে হয়। স্থতরাং প্রত্যক্ষ ছাড়া অনুমানও স্বীকার করিতে হইবে।

'প্রত্যক্ষ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ হইতেছে, 'ইন্দ্রিয়ের সমুথীন'। কিন্তু এইরূপ জ্ঞানের সার হইতেছে সাক্ষাত্ত " অর্থাৎ বিশুদ্ধ পরিচিতি, এইরূপ বুঝা যাইতে পারে। দিঙ্নাগণ প্রত্যকের এইরূপ লকণ দিয়াছেন: প্রত্যক্ষ হইতেছে সেইরূপ জ্ঞান যাহা সর্বপ্রকার কল্পনা অর্থাৎ নাম, জাতি হইতে বিমুক্ত। কল্পনা নয় এইভাবে নিষেধাত্মক লক্ষণ দেওয়াই এখানে অপরিহার্য হইয়াছে। ইহার একমাত্র উদ্দেশ্য হইতেছে প্রত্যক্ষকে উহা যাহা নয় তাহা হইতে, অর্থাৎ অভিধেয় হইতে পৃথক্ করা কিংবা ব;বচ্ছিন্ন করা। এরূপ বলা ঠিক হইবে না যে, কোন পদার্থ হইতে চিম্ভার দর্বআকারগুলিকে সরাইয়া দিলে অবশিষ্ট কিছুই থাকে না, কারণ তথনও প্রত্যক্ষে যাহা দেওয়া থাকে তাহার অভ্যন্তরস্থ অবশুষীকার্য একটা কিছু দারবস্থ অহভবে থাকিতে বাধ্য—এ ইদং যাহার উপর চিন্তার আকারগুলি আরোপ করা হয়। ঐ ইদং যদি অহভব করা না হইত, চিন্তা তাহার ব্যাথ্যাকর্য আরম্ভই করিতে পারিত না। দবিকল্প জ্ঞানেব বিশেষ পদার্থটিকে বিশেষণ পদার্থে সম্পূর্ণভাবে পরিণত করা यांत्र ना वनित्रा উহাকে একেবারে অস্বীকার করা সমর্থনযোগ্য নহে। সবিকল্প জ্ঞানের প্রকৃত বিশেষ উহার বাহিরেই থাকে এবং সমগ্র সবিকল্পজ্ঞানটিই উক্ত বিশেষ্যের চিন্তাবস্তুরূপ বিশেষণ রূপে বিধান করা হয়। "প্রভ্যক্ষ ব্যতীভ চিন্তা শূক্তগর্ভ হইবে"—প্রত্যক্ষের সাক্ষাৎজ্ঞানে যাহা প্রদত্ত হয়। এই প্রদত্ত পদার্থটির অন্তিত্ব অথবা অভাব ° হাবাই অমুভবের বৈশিষ্ট্য নির্দিষ্ট হয়।

সাক্ষাৎজ্ঞান স্বরূপতই সত্যা, এবং বিষয়ের সহিত অবিসংবাদী নয়। ইহাতে আস্তির " সন্তাবনা নাই, কারণ ইহাতে বিচারাত্মক নির্ণয় এবং ব্যাখ্যা নাই। সাক্ষাৎজ্ঞানের বিষয় হইতেছে স্বস্বরূপে স্থিত বস্তু (পরমার্থসং), সৌত্রান্তিকগণ বুদ্ধের প্রকৃত শিষ্যরূপে উহাকে অন্যুসাধারণ অণ্-ক্ষণ (স্বলক্ষণ) " বলিয়া মনে করেন। কোন কোন অবৈতবাদীও বলেন যে, প্রত্যক্ষে আমরা স্বরূপে স্থিত বস্তুই সাক্ষাৎ করি; কিন্তু অবৈতমতে উহা হইতেছে ব্যাপক্তম নির্বিশেষ অন্বয়তত্ত্ব।

দাক্ষাৎজ্ঞান চারিপ্রকার: (১) ইন্দ্রিয় জন্ম (ইন্দ্রিয়নিমিত্রম্) (২) মানস (মানস-প্রত্যক্ষ)। ত ইহার বিষয় হইতেছে অণু-ক্ষণ এবং ইহা ইন্দ্রিয়জ-প্রত্যক্ষের অব্যবহিত পরক্ষণেই উৎপন্ন হয়। যে প্রয়োজনে কাট বৌদ্ধিক আকারগুলির কল্পনায় অস্পন্ত রূপায়ণ স্বীকার করিয়াছিলেন, সেই প্রয়োজনেই মানস-প্রত্যক্ষের এই

বৌদ্ধ দর্শন: সৌত্রান্তিক সম্প্রদায়

প্রবেদিকাময় ব্যাপার স্বীকার করা হইয়াছিল। ঐ প্রয়োজনটি ইইতেছে প্রত্যক্ষ এবং চিস্তা এই ছইয়ের মিলন ঘটাইতে পারে এরূপ মধ্যবর্তী কোন ব্যাপার ত্ব আবিষ্কার করা। (৩) জ্ঞান এবং স্থগতুঃখাদি মানসিক অবস্থাগুলির দাক্ষাৎজ্ঞান (স্ব-বিষয়ক জ্ঞান, স্ব-সংবেদন)। ভাট্টমতে ষেমন এইগুলি অজ্ঞাত থাকে অথবা স্থায়মতে ষেমন এইগুলি অক্ত জ্ঞানদারা জ্ঞাত হয়, বৌদ্ধমতে সেরকম মজ্ঞাত অথবা জ্ঞাত কিছুই নয়। (৪) যোগি প্রত্যক্ষ। ত ইহা হইতেছে যোগীর অতীন্দ্রিয় বৌদ্ধিক প্রত্যক্ষ। যোগীরা তাঁহাদের একাগ্রতার (ভাবনার) শক্তিশ্বারা বস্তর মাহা প্রকৃতস্বরূপ তাহা স্থাপ্টরূপে প্রত্যক্ষ করেন।

নৈয়ায়িক এবং মীমাংদক যাহাকে দ্বিকল্প প্রত্যক্ষ বলেন, বৌদ্ধদের মতে তাহা প্রত্যক্ষ নহে, কারণ উহার দহিত চিস্তা (বিকল্প)-ও জড়িত আছে। যেমন প্রত্যক্তিপ্রায় বর্তমানে জ্ঞাত বিষয়ের দহিত পূর্বদৃষ্ট বিষয় দংশ্লিষ্ট থাকে, তেমনই দ্বিকল্প প্রত্যক্ষণ্ড শুধু দাক্ষাৎ ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয়ের মধ্যে দীমাবদ্ধ থাকে না। শিশু যথন মাতৃত্তন তাহার পরিচিত শুনই (দ এবেতি) বৃঝিয়াত কলেন পরিত্যাগ করে, তথন দে কোনও শব্দ প্রয়োগ না করিলেও তাহার জ্ঞানে বিকল্পের দকল উপাদানই বর্তমান থাকে। অতএব যাহা শব্দারা প্রকাশ করা হয়, তাহার দহিত যাহা অভিন্ন অথবাত তাহার দহিত যাহা অভিন্ন হওয়ার যোগ্য, এই ক্বপ জ্ঞানকে বিকল্প বলে। দিঙ্লাগের মতে নাম ও জাতির আরোপই 'বিকল্পে'র লক্ষণ। এই লক্ষণের এই ক্বপ দোষ দেওয়া ইইয়াছেত যাহ, জাতি (প্রব্যাদি) নাম ব্যতীত অন্ত কিছু নহে।

যেহেতু কল্পনা হইতেছে নাম, স্বতরাং কল্পনার শ্রেণীবিভাগ নামেরই শ্রেণীবিভাগ। কান্ট যেমন আকারীয় তর্কবিজ্ঞানে দবিকল্প জ্ঞানের যে দব শ্রেণী মানা হইয়াছে দেইগুলিই গ্রহণ করিয়াছিলেন, দেইরূপ দিঙ্নাগও শব্দ অথবা নামের প্রচলিত শ্রেণী বা বিভাগগুলিই গ্রহণ করিয়াছিলেন। এই বিভাগ বা শ্রেণীগুলি হইতেছে: ব্যক্তির নাম, জাতি, দ্রব্য, গুণ এবং কর্ম। নাম জাতিবিষয়ক জ্ঞান যদি কেবল অমুমানঘারাই উৎপল্প হয় (দামাগুবিষয়মমুমানম্), এবং অমুমান যদি দামাগ্রের (হেতুর) জ্ঞানতঃ প্রয়োগ না করিয়া দম্ভবপর না হয়, তাহা হইলে হয় চক্র নয় অনবস্থা এই দোষ অপরিহার্য হইয়া পড়ে। ত্রই প্রকার জ্ঞানের বিষয়ও ত্রই প্রকার বৌদ্ধদের এই মতের বিক্তমে দল্ভভাবেই কুমারিল শ্রুণ প্রীকার করিয়া এই দক্ষট এড়াইয়াছেন—প্রথমটি হইতেছে প্রত্যক্ষের সহিত সংযুক্ত (প্রত্যক্ষ-পৃষ্ঠ-ভাবিবিকল্প); এবং ঘিতীয়টি হইতেছে প্রত্যক্ষ হইতে বিনির্ম্ক্ত—ইহাই অমুমানে

সজ্ঞানে লিক্ষরণে ব্যবহৃত হয় (অন্মানবিকল্প)। প্রথমটি হইতেছে ইন্দ্রিয়গ্রাহ্ বিষয়ে একটি কল্পনার আরোপ রূপ সবিকল্প জ্ঞান; বিতীয়টি হইতেছে একটি কল্পনার সাহায্যে অপর একটি কল্পনার আরোপ রূপ জ্ঞান।

প্রত্যক্ষাত্মক দবিকল্পক জ্ঞান (এবং ইহা নিশ্চরই দবিকল্পক জ্ঞানের প্রকৃষ্ট উদাহরণ) উহার বিধি কিংবা নিষেধ (বিধিবিকল্প ও নিষেধবিকল্প) এই তুইরূপের কোন রূপেই পূর্বোক্ত তুইটি প্রমাণ হইতে ভিন্ন কোন প্রমাণ নহে। যেহেতু পদার্থ-সমূহ স্বরূপতাই পরস্পর হইতে ভিন্ন, স্বতরাং নিষেধ বিকল্প অর্থাৎ চিস্তায় কিংবা বিকল্পে উহাদের ভেদীকরণদারা নৃতন কিছুই বলা হয় না। বিধিবিকল্পের অর্থ ইইতেছে, পদার্থসমূহের ভেদ এবং ক্ষণিকত্ব উপেক্ষা করিয়া এক অভিন্ন দামাশ্রধর্ম উপস্থাপিত করা। স্বতরাং প্রকৃতপক্ষে উহা মিথ্যাধর্মেরই আরোপ; অতএব উহাও কোন প্রমাণ নহে।

অহমান হই প্রকার: স্বার্থাত্বমান ও পরার্থাত্বমান। প্রথমটি মৌলিক, দ্বিতীয়টি হইল অন্তের মনে বিশ্বাস উৎপাদন করিবার জন্ত শব্দের প্রয়োগদার। প্রমাণ করা। অম্মিতি হইতেছে, সজ্ঞানে কোন লিঙ্গের সাহায্যে অপ্রত্যক্ষ বস্তুর জ্ঞান। লিঙ্গের উদাহরণ: যথা, নিয়তভাবে ত্রিধর্মযুক্ত ১৭ ধুম—ত্রিধর্মের প্রথমটি হইতেছে পক্ষে হেতুর অবস্থিতি, দ্বিতীয়টি হইতেছে দদৃশ স্থলে (শুধু সপক্ষে) হেতুর অবস্থিতি, এবং তৃতীয়টি হইতেছে সর্ব বিসদৃশ স্থলে (বিপক্ষে) হেতুর অনবস্থিতি। এই ত্রিধর্মের ব্যতিক্রম হইলে ক্রমাগ্যে অদিদ্ধ, অনৈকান্তিক এবং বিরুদ্ধ এই তিন প্রকার হেত্বাভাদের উৎপত্তি হয়। ব্যাপ্তি^৭ ৭ অবিনাভাব) অর্থাৎ হেতু এবং সাধ্যের যে সম্বন্ধ, উহার মাত্র তিনটি বিভাগ আছে। কিন্তু মূলতঃ উহা হুইটি পরস্পরবিরোধী ভাগে বিভক্ত-প্রথমটিতে সাধ্যের অন্তিম্ব এবং দ্বিতীয়টিতে সাধ্যের অভাব (অমুণলব্ধি) নির্দেশ করা হয়। প্রথমটিকে আবার ছুইটি উপশ্রেণীতে বিভক্ত করা যায়—(১) প্রথমটিতে, হেতু এবং দাধ্য এই ছুই ধারণা দারাই একই অভিন্ন বস্তুকে নির্দেশ করা হয় (তাদাত্ম্য অথবা স্বভাব হেতু), যথা ইহা রুক্ষ যেহেতু ইহা অখথ ; (২) দ্বিতীয়টিতে, হেতু এবং সাধ্য পরস্পর হইতে ভিন্ন হইলেও কার্যকারণরূপে নিয়ত নির্ভরশীল '' (ততুৎপত্তি অথবা কাৰ্য-হৈতু), যথা, অগ্নি আছে যেহেতু ধুম আছে। উপলব্ধি এবং অমুপল্কি—এই ছুইয়ের কোনটি বারাই এই সব ব্যাপ্তির নির্ণয় হয় না। " উহারা অমুভব-নিরপেক্ষ, অবশ্রুমীকার্য বৌদ্ধিক নিয়ম।

প্রত্যক্ষ এবং অমুমিতি এই উভয়প্রকার জ্ঞানেই, জ্ঞান (প্রমিতি) এবং জ্ঞানের সাধন (প্রমাণ) এই হুইটি পরস্পরের সহিত অভিন। '

বৌদ্ধ দর্শন: মাধ্যমিকের দ্বদ্দুলক চরমতত্ত্বাদ

ও। মাধ্যমিকের দন্দ্রমূলক চরমতত্ত্বাদ

শোত্রান্তিক মতের সমালোচনাঃ সৌত্রান্তিকের প্রমাণবিজ্ঞানে তুই বিভিন্ন স্তরের জ্ঞান স্বীকার করা হইয়াছে। এই মতবাদ হুই বিভিন্ন শ্রেণীর বিষয়ের স্বীকৃতির উপর প্রতিষ্ঠিত। (১) দাক্ষাৎ জ্ঞানলব্ধ স্বব্ধপন্থ বস্তু এবং (২) চিন্তা অথবা কল্পনায় উহার ধারণাত্মক প্রতিনিধি (বিকল্প)। স্বরূপস্থ বস্তু এবং বিকল্প, এই তুই বিজাতীয় ' উপাদানের সমন্বয় অথবা তাদাত্ম্য (সারূপ্য) — ইহাই আমাদের অমূভব। এই সারূপ্য সমন্ধটিকে প্রতিনিধিবাদ+ বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। প্রতিনিধিবাদের মূল কথা এই যে, আমরা বাহ্যবস্তু দাক্ষাংভাবে জানি না, দাক্ষাংভাবে যাহা জানি, তাহা হইতেছে মনের কতকগুলি ধারণামাত্র। (এই ধারণাগুলি বাহা-বস্তুর প্রতিচ্ছবি)। কিন্তু সৌত্রান্তিকেরা দুচ্ভাবে বলেন যে, প্রত্যক্ষে আমরা সম্বস্তুর সহিত সাক্ষাৎভাবেই সংস্পর্শে আদি। তাঁহাদের বক্তব্য শুধু এই যে, প্রত্যক্ষে জ্ঞানের জ্ঞাতৃগত অংশটিকে জ্ঞাতৃনিরপেক্ষ স্বরূপস্থ বস্তু বলিয়া ভ্রম করা হয়। ব্যাবহারিক জগতে আমাদের যে দব ভ্রান্তি ঘটে, এই ভ্রম তাহাদের মত নয়। মানবীয় অমুভবের লক (Locke) যে বিশ্লেষণ দিয়াছেন, তাহা অপেক্ষা কাণ্ট (Kant) যে বিশ্লেষণ দিয়াছেন, উহার দহিত এই দৌত্রান্তিক মতের দাদৃশ্য বেশী। মানবীয় জ্ঞানে 'চিন্তা'র কার্য কি তাহাই এই মতবাদে বিচারের সাহায্যে স্পষ্টভাবে প্রদর্শিত হইয়াছে।

সৌতান্তিকদের এই বিপ্লবকারী আবিন্ধারের ফলে, মাধ্যমিকদের চরমতন্ত্রবাদ এবং যোগাচারদের বিজ্ঞানবাদ, এই ছই দিকে বৌদ্ধচিন্তার গুরুত্বপূর্ণ বিকাশ ঘটিয়াছিল। মাধ্যমিক বলেন যে, সৌত্রান্তিক বাস্তবিকই জ্ঞানের জ্ঞাতৃগত অংশটি আবিদ্ধার করিয়াছেন, কিন্তু উহার যে গভীরতর তাৎপর্য তাহা হৃদয়ঙ্গম করিতে পারেন নাই; তিনি কতকগুলি ক্ষণিক বস্তুর সন্তা স্বীকার করিয়া, উহাদের উপর বৌদ্ধিক আকার আরোপ করা হয়, এইরূপ মানিয়া বিশেষ না ভাবিয়া, অতি শীঘ্র একটি মতবাদ গড়িয়া ত্লিলেন। তাঁহার সমালোচনাত্মক বিচার পর্যাপ্ত নহে। কারণ, ইহার ঠিক বিপরীতভাবে এইরূপ মতও পোষণ করা ঘাইতে পারে যে, সম্বন্ধ প্রকৃতপক্ষে শাশ্বত, ব্যাপক এবং এক, উহার উপরে ভেদ এবং পরিবর্তন আরোপ করা হয়—

^{*} পাশ্চাত্য জ্ঞানতত্বে এরূপ একটি মত আছে বে, আমরা বাহ্যবস্তু কথনও সাক্ষাংস্ভাবে জানি না, কিন্তু মনের কোনও ধারণার মাধ্যমে তাহা জানি; এই ধারণা বাহ্যবস্তুর প্রতিনিধিরূপে কাল করে—এই মত-বাদকে প্রতিনিধিবাদ বলা হয়।—বাল্লনা সংস্করণের সম্পাদকরণ

এইরপ আপাত্যুক্তিসিদ্ধ মত বেদান্তদর্শনে গৃহীত হইয়াছে। প্রথমটি নৈরাত্মাবাদ ও অপরটি আত্মবাদ; এবং উহারা পরস্পরের বিরোধী। ° একই সঙ্গে এই তুইটি মত সত্য হইতে পারে না, এবং এই উভয় মতকেই জ্ঞাত্সাপেক্ষ বলিয়া প্রত্যাখ্যান না করিয়া অত্য উপায়ে ইহাদের বিরোধ দূর করা অসম্ভব। সহস্তকে ক্ষণিক অথবা শাখত, বিশিষ্ট অথবা সামাত্য ইহার কোন ভাবেই ধারণা করা সঙ্গত হইবে না। ক্ষণিক ও শাখত তুইই বিকল্পমাত্র, অর্থাৎ বৃদ্ধিনির্মাণ। সহস্তর প্রকৃত স্বরূপ বৃষ্ধিতে হইলে উক্ত তুই দৃষ্টিই পরিত্যাগ করিতে হইবে (দৃষ্টিস্ম্হের শৃত্যতা)। ইহাই মাধ্যমিকের বিরোধমূলক অথবা হল্মূলক যুক্তি। সমালোচনাত্মক বিচারের ইহাই পরিপক পরিণতি।

বস্থ এবং তাহার জ্ঞানের সম্বন্ধ (সার্মণ্য) কী ? ইহা লইয়া যোগাচার-সম্প্রদায় বিশেষ বিচার করিয়াছিলেন। জ্ঞানে যে বস্তর ভ্রান্তিমূলক অধ্যাস করা হয়, তাহাতে বুঝা যায় যে, উহাদের মূলে একটি পরম সন্তা আছে। এই সন্তা চৈতন্ত (বিজ্ঞপ্তিমাত্রতা) ছাড়া আর কিছু হইতে পারে না। সৌত্রান্তিকের মতে জ্ঞানে প্রতিভাত বিষয় জ্ঞানেরই বিকারমাত্র হইলেও স্বন্ধপে স্থিত বস্তর জ্ঞান-নিরপেক্তা স্বীকৃত হয়। হেগেল যেভাবে কান্টের সমালোচনা করেন, সেইভাবে সৌত্রান্তিকের সমালোচনায় যোগাচারের বক্তব্য এই যে, জ্ঞানের যে বিষয় জ্ঞানাভিরিক্ত বলিয়া মনে হয়, তাহাও প্রকৃতপক্ষে বিজ্ঞানেরই স্পষ্ট; বিষয়ী এবং বিষয়ের হৈত (গ্রাহ্নয়) তৎপূর্ববর্তী একটি অবৈতবিজ্ঞানের স্টনা করে। ইহাই পারমার্থিক সহস্ত ।

এইভাবে সৌত্রান্তিকের বিচারমূলক বস্তবাদ হইতে একদিকে মাধ্যমিকের ছন্দ্র-মূলক চরমতস্থবাদ এবং অপরদিকে যোগাচারের বিজ্ঞানবাদের উৎপত্তি হইয়াছিল।

মাধানিক চিন্তার বিকাশ । মাধ্যমিক দর্শনের প্রাণ হইতেছে দ্বন্দ্র্যুক বিচার।
বৃদ্ধ বথন জগং, আত্মা এবং পূর্ণতাপ্রাপ্ত জীব (তথাগত)-সম্বন্ধে চৌন্টি প্রশ্নের
(অব্যাক্ততের) উত্তর দিতে রাজী না হইয়া নীরবতা অবলম্বন করিয়াছিলেন,
তথন তিনি মাধ্যমিক দর্শনের মূলতত্ত্বে পূর্বাভাগ দিয়াছিলেন।
৮০ কেহ কেহ
বলিয়াছেন যে, বৃদ্ধের প্রধান ঝোঁক ছিল কর্মের দিকে, সেইজ্য় তিনি তত্ত্বিছার
প্রতি উদাসীন ছিলেন অথবা তত্ত্বের ব্যাপারে তিনি অজ্ঞেয়বাদী অথবা
নিস্তত্ত্বাদী ছিলেন। বৃদ্ধের নীরবতার প্রকৃত ব্যাধ্যা অধ্যাপক রাধাক্রফন্
এইভাবে দিয়াছেন: "ষদি পরমতত্ত্বের স্বরূপ নির্ধারণ করিতে বৃদ্ধ অস্বীকার
করিয়া থাকেন, অথবা যদি তিনি উহার শুধু নেতিমূলক লক্ষণ দিয়াই সম্ভই
থাকেন, তাহা হইলে উহার একমাত্র অর্থ এই যে, পরমতত্ব সর্বপ্রকার

বৌদ্ধ দর্শন: ম্যাধমিকের ছন্তমূলক চরমতত্ত্ববাদ

লক্ষণের উর্ধে।" বৃদ্ধ নিজেকে সর্বপ্রকার মতবাদের উপরে প্রতিষ্ঠিত করিয়াছিলেন: "তথাগত দকল মতবাদ হইতে বিমৃক্ত।" তিনি কচ্চায়নকে বলিয়াছিলেন: "দর্ব বস্তুই আছে, ইহা এক অন্থ, উহা নাই, ইহা অপর অস্ত । তথাগত এই হই অস্তের মধ্যবর্তী ধর্মের উপদেশ দেন (মজ্বোন ধন্মম দেদেতি)।" ইহাতেই মাধ্যমিকের ছন্দ্ম্মক বিচারের দারমর্ম নিহিত আছে, এবং নাগার্জ্ন চিব্রের এই উক্তির দিকে বিশেষভাবে লক্ষ্য দিয়াছেন।

প্রজ্ঞাপারমিতা নামক গ্রন্থসকল, দ দদ্ধ্যপুগুরীক, কাশ্রপ-পরিবর্ত (রত্নকূট) এবং অন্যান্ত মহাধান স্ত্রসমূহ মাধ্যমিক চিন্তার বিকাশে দ্বিতীয় স্তর। এই দব গ্রন্থে যে একটি মূল ধারণা পুনংপুনং ব্যক্ত করা হইয়াছে, তাহা হইতেছে এই যে, প্রক্রতপক্ষে উৎপত্তি নাই, বিনাশও নাই, আগমনও নাই, গমনও নাই এবং বস্তু আত্মাও নহে অনাত্মাও নহে প্রভৃতিঃ উহা দর্ব-ব্যাবহারিক ধর্মবিবর্জিত (শৃন্তা)। দুই প্রকার দত্তা এবং পরমতত্ব এবং ব্যাবহারিক জগতের অভেদ—এগুলিও বিশেষভাবে প্রতিপাদিত হইয়াছে।

মাধ্যমিক দর্শন উহার প্রতিষ্ঠাতা নাগার্জুনের (আফুমানিক ১৫০ খৃঃ) অসামান্ত প্রতিভার একটি মাত্র স্পর্শেই পরিপূর্ণ বিকাশলাভ করিয়াছিল। তাঁহার পর এই দর্শনের মতবাদে কোন গুরুত্বপূর্ণ পরিবর্তন হয় নাই। তাঁহার প্রতিভাশালী শিল্প আর্থদেব এই মত প্রতিপাদনে বিশেষ দক্ষতার সহিত তাঁহাকে সাহায্য করিয়াছেন। বৃষ্টনের (Buston) মতে নাগান্ধুনের প্রধান গ্রন্থ ছয়টি: মূল মধ্যমককারিকা (প্রজ্ঞামূল), শুক্তাসপ্রতি, যুক্তিষষ্টিকা, বিগ্রহ্ব্যাবর্তনী, বৈদল্যস্ত্র এবং ব্যবহারদিদ্ধি। ইহাদের মধ্যে প্রথমটি ওই সম্প্রদায়ের 'শাল্প' বলিয়া কথিত হয়। এতদ্ব্যতীত আরও অনেক গ্রন্থ নাগার্জুন-রচিত বলিয়া মনে করা হয়। ইহাদের মধ্যে কতকগুলি (যথা—রত্মাবলী, চতুঃস্তব প্রভৃতি) যে তাঁহার রচনা, ইহা মনে করার যোগ্য কারণ আছে। আর্থদেবের চতুঃশতিকার গুরুত্ব মধ্যমককারিকার পরেই। তিনি তাঁহার সাতিশয় বিচারনৈপুণ্যন্বারা এবং সাংখ্য ও বৈশেষিক প্রভৃতি অ-বৌদ্ধ মতবাদের নিরাকরণনারা শুক্তবাদকে বলিষ্ঠ এবং লোকপ্রিয় করিয়াছিলেন।

ইহার পর মাধ্যমিক সম্প্রদায় তুইটি উপ-সম্প্রদায়ে বিভক্ত হইয়াছিল—প্রথমটির নাম প্রাদিক, উহার প্রধান সমর্থক বৃদ্ধপালিত, বিতীয়টির নাম স্বাতন্ত্রিক এবং উহার প্রধান সমর্থক ভাববিবেক^{৮৬}। ভাববিবেকের মতে মাধ্যমিক কেবল পর-মতের স্ববিরোধ দেখাইয়াই (প্রাসন্ধ) কান্ত থাকিবে না, তত্পরি তাহার বিরুদ্ধে নিজম্ব যুক্তিও প্রদর্শন করিবে। এই জয়াই এই সম্প্রদায়ের নাম স্বতন্ত্র-মাধ্যমিক।

বৃদ্ধপালিত এবং ভাববিবেক উভয়েই সমসাময়িক এবং এখিীয় পঞ্চম শতাবীর লোক ছিলেন।

চন্দ্রকীতি (ষষ্ঠ শতাকী) এবং শান্তিদেব (সপ্তম শতাকী) ইহারাই বিশেষভাবে মাধ্যমিক দর্শনকে উহার যুক্তিবন্ধ নৈষ্ঠিক আকার দান করেন। চন্দ্রকীতি একজন অসাধারণ গুণসম্পন্ন লেখক ও ভায়কার; তাঁহার বিচারনৈপুণ্য শ্রেষ্ঠ শ্রেণীর। শেরবাট্স্কি (Stcherbatsky) তাঁহাকে "অবৈতমত প্রতিষ্ঠায় নেতিমূলক পদ্ধতির শক্তিশালী সমর্থক বলিয়া বর্ণনা করিয়াছেন।" ভাববিবেকের বিরুদ্ধে তিনি স্ববিরোধ দেখাইয়া (প্রসঙ্গ) অন্তের মত নিরাকরণের পদ্ধতিই যে প্রকৃত মাধ্যমিক পদ্ধতি ইহা পুন:প্রতিষ্ঠিত করেন। নাগার্জুন এবং আর্যদেব-প্রণীত গ্রন্থসমূহের বৃত্তি বা টীকা ব্যতীত চক্রকীতি মধ্যমকাবতার নামক এই দর্শনের এক মূল্যবান্ গ্রন্থ ব্রচনা করিয়াছেন।

শান্তিদেবের 'শিক্ষাসমূচ্য়' (ইহা মহাধানস্ত্রসমূহের একটি সংক্ষিপ্ত রূপ)
'বোধিচর্যাবতার' সমগ্র মহাধান-সাহিত্যের মধ্যে সর্বাপেক্ষা লোকপ্রিয় তুইটি গ্রন্থ।
ভাঁহার গ্রন্থমূহে সর্বত্রই একটি অত্যস্ত উচ্চন্তবের আধ্যাত্মিক গান্তীর্থ ও অনাসক্তির
ভাব বিভ্যান।

শাস্তরক্ষিতের (আফুমানিক অষ্টম শতানী) 'তত্ত্বসংগ্রহে' এবং তাঁহার শিক্ত কমলশীলের 'পঞ্জিকা'য় মাধ্যমিক চিন্তাবিকাশের পরবর্তী অবস্থার সহিত আমরা পরিচিত হই—ইহা হইতেছে যোগাচার এবং মাধ্যমিক মতবাদের মিশ্রণ। "ইহারাই তিব্যতের উপর সাংস্কৃতিক জন্ম সম্পাদন করিয়া উহাকে বৌদ্ধর্মের দেশে পরিণত করিয়াছিল। আজ পর্যন্ত মাধ্যমিক মতবাদই তিব্বতীয় ধর্মধাজকদের দ্বারা সমর্থিত দর্শনরূপে বিভ্যমান আছে।"

মাধানিক দ্বন্দ্রক বিচারের গঠনঃ সম্পূর্ণ পরস্পারবিক্ষ পূর্বপক্ষ এবং প্রতিপক্ষরূপ অন্ততঃ তুইটি মত (দৃষ্টি) হইতে দ্বন্দ্রক চিন্তার উৎপত্তি হয়। এই বিরোধ সর্বাকীণ, উহা বস্তুর প্রত্যেক অংশ বা দিক্কেই স্পর্শ করে, এবং কার্যতঃ এই বিরোধের নিশ্পত্তি হওয়া অসম্ভব, কারণ অভিজ্ঞতার দরবারে ইহার কোন মীমাংসা নাই।

শুক্রবোধের সহিত এবং প্রণালীবদ্ধভাবে দর্শনের চর্চা করিলে বিচারবৃদ্ধিতে এই বিরোধ দেখা দেয়: দার্শনিক চিন্তার মধ্যে ঘল্ম্লক বিচার বীক্ষরূপে নিহিত আছে।

ব্রাহ্মণ্য দর্শনসমূহের জব্যবাদ (আত্মবাদ) এবং প্রাচীন বৌদ্ধ দর্শনের ধর্মবাদ

বৌদ্ধ দর্শন: মাধ্যমিকের ছন্দ্যমূলক চরমতত্ত্বাদ

(নৈরাত্মাবাদ) এই ছইটি মাধ্যমিক ঘন্দম্লক বিচারের ছই অস্ত। সং এবং অসং এই ছইটি হইতেছে মূল বিকল্প। ইহাদিগকে একই দঙ্গে বিধান এবং নিষেধ করিলে তজ্জনিত অপর ছইটি বিকল্পের উদ্ভব হয়। উহাদের আকার 'দদদং' এবং 'ন দং নৈবাদং', অর্থাৎ, 'আছে এবং নাই' ও 'আছে এমন নয়, আবার নাই এমনও নয়।' ইহাই মাধ্যমিকের স্থানিদ্ধ চতুজোটি। যে কোন সমস্তা বিবেচনার জন্ত যতগুলি দৃষ্টিভঙ্গী সম্ভবপর, উহাদের সকলগুলিরই প্রতিনিধি হইতেছে এই চারিটি বিকল্প বা কোটি। তাহা ছাড়া এই বিকল্পগুলির সাহায্যে সর্ব দার্শনিক প্রস্থানের শ্রেণীকরণও সম্ভবপর।

হেগেলীয় দর্শন এবং জৈন দর্শনের স্থায় অক্সান্থ ছন্দ্রমূলক মতবাদে এই সকল কোটি বা বিকল্পের সমন্বয় বা মিলনদারা এই বিরোধ পরিহারের চেটা করা হইয়াছে। মাধ্যমিক মতে বিকল্প অথবা কোটিগুলিকে এককভাবে অথবা সম্মিলিতভাবে নিষেধ করিয়া এবং বিচারের একটি উচ্চভূমিতে উঠিয়া এই বিরোধের মীমাংশা করা হইয়াছে; কিন্তু বিচারের এই উদ্ধভূমিটি প্রকৃতপক্ষে একটি বিশিষ্ট মত বা দৃষ্টি নহে। প্রত্যেক মত বা দৃষ্টিই উহার নিজের বিক্লপ্পই প্রযুক্ত হইয়াছে: উহার মধ্যে যে স্ববিরোধ নিহিত আছে, তাহা দ্বন্দ্র্যুক বিচারের সাহায্যে অসঙ্গতি প্রদর্শনদারা (প্রসঙ্গ) উদ্ঘাটিত করা হইয়াছে। মাধ্যমিক নিজন্ব কোন যুক্তি বা উদাহরণ দেন না, কারণ তাঁহার প্রতিপান্থ কোন নিজন্ব মত নাই: অপরের মত তাঁহাদেরই সম্মত নিয়ম ও যুক্তির সাহায্যে অপ্রমাণ করা, ইহাই মাধ্যমিকের একমাত্র উদ্দেশ্য। ত্ব

উদাহরণয়রপ, কার্যকারণসম্বন্ধ-বিষয়ে এই দ্বন্দ্লক বিচারপদ্ধতিট কিরূপ তাহা নিম্নে দেওয়া হইতেছে। সাংখ্যমতে কার্য ও কারণ অভিন্ন, অর্থাৎ উহা একপ্রকার স্ব-পরিণামবাদ। মাধ্যমিক ইহার বিরুদ্ধে সঙ্গতভাবেই বলেন ত্বং, নিজেরই পুনরার্ত্তি করার কোন অর্থ নাই, তাহা ছাড়া এরপ পুনরার্ত্তির কোন সীমাও ধার্য করা যায় না। কিন্তু ইহার বিরুদ্ধ মত যে কার্যকারণ হইতে ভিন্ন, তাহাও কম অযৌক্তিক নহে। যেহেতু কার্যকারণ হইতে ভিন্ন স্করাং উহা সর্বত্রই উৎপন্ন হইতে পারিবে, ত্বং অথবা কোথাও উৎপন্ন হইতে পারিবে না। প্রথম মতে বাস্তবিক পক্ষে উৎপত্তি বলিয়া কিছুই নাই, দিতীয় মতে উৎপত্তি আছে বটে, কিন্তু উহা অহেতুক। যদি এই ঘৃই মতবাদের সমন্বন্ন (যেমন জৈন দর্শনে দেখা যায়) করা হয়, তাহা হইলে উভয়নতের বিরুদ্ধে উক্ত সবশুলি আপতিই এই সমন্বয়ের বিরুদ্ধেও প্রযোজ্য হইবে। এমন একটি চতুর্থ বিরুদ্ধ হইতে পারে যাহাতে কার্য ও কারণের ভেদ এবং অভেদ

এই তুইয়েরই নিষেধ করা হয়; কিন্তু প্রাকৃতপক্ষে ইহাতে কার্যকারণের সম্বন্ধই নিষেধ করিয়া আকস্মিক উৎপত্তি সমর্থন করা হয়।

এইপ্রকার সর্বঘাতী সমালোচনা ক্রমারয়ে দ্রব্য, গুণ, সম্বন্ধ প্রভৃতি সর্বপ্রকার পদার্থের বিরুদ্ধেই প্রয়োগ করা হইয়াছে। ব্র্যাড্লির (Bradley) ক্রায় নাগার্জুনও এই সিন্ধান্তে উপনীত হইয়াছেন যে, অক্রসাপেক্ষ নয় এমন কোন পদার্থই নাই। ১২ আর সাপেক্ষ পদার্থমাত্রই মিথ্যা। বুদ্ধি সত্যকে বিরুত করে; উহা দারা আমরা শুধু অবভাসের সহিত্তই পরিচিত হই।

দাধারণতঃ মনে করা হয় যে, নিজের একটি বিশিষ্ট দৃষ্টি বা মত না থাকিলে সমালোচনা করা সম্ভবপর নয়। কিন্তু বাদীরা যদি প্রত্যেকেই একটি সাধারণ অথবা বিশিষ্ট দৃষ্টি গ্রহণ করিয়া বাদবিবাদে প্রবৃত্ত হয়, তাহা হইলে বিচারফল স্পষ্টতঃই কাহারও সপক্ষে যাইতে পারে না। কোন মতবাদই উহার প্রতিঘন্দী অপর কোন মতবাদবারা নিরাকরণ করা সম্ভবপর নহে। কোন মতবাদের নিরাকরণ করিতে হইলে উহার সমর্থককে ব্রাইয়া দেওয়া দরকার যে, উহাতে স্ববিরোধ রহিয়াছে। মাধ্যমিক শুরু এই পদ্ধতিই অবলম্বন করে। ইহা বলাও সম্পত হইবে না যে, মতবাদসমূহের সমালোচনাও অপর একটি মতবাদ; অর্থাৎ, সর্বদৃষ্টির শৃত্যতাও একটি দৃষ্টি। সমালোচনা হইতেছে বিভিন্ন মতবাদ সম্বন্ধে সচেতন হওয়া অথবা উহাদের বিশ্লেষণ করা। উহা নৃতন কোন মতের সমর্থন নহে, কিন্তু উহা হইতেছে মতসমূহের গঠন বা স্বরূপ-উদ্ঘাটন। প্রজ্ঞা (শৃত্যতা) হইতেছে বিভিন্ন দৃষ্টির

পরমত্বঃ মনে হইতে পারে যে, মাধ্যমিকের এই দল্মৃলক বিচারের ফল হইতেছে আত্যন্তিক নিষেধ এবং এই দর্শনে খুঁটিনাটি সর্বব্যাপারে সম্পূর্ণ অভাববাদ সমর্থন করা হইয়াছে। এই সমালোচনার মূলে রহিয়াছে ভ্রান্ত ধারণা এবং উহা এই দর্শনের প্রকৃত স্বরূপ সম্বন্ধেও অজ্ঞানেরই পরিচায়ক। উহার বিচারপ্রণালী নেতিমূলক বটে, কিন্তু উহার উদ্দেশ্য নিষেধাত্মক নহে। বৃদ্ধি বা বিচার সত্যকে জানিতে পারে না এই কথা বলিলেই সত্যকেও নিষেধ করা হয় এমন নহে। বৃদ্ধি বা বিচারই জ্ঞানের একমাত্র প্রকার নহে। মাধ্যমিকের দল্মৃলক বিচার তিনটি স্থরের মধ্য দিয়া সম্বন্ধর বৃদ্ধাতীত সাক্ষাং অথবা অদ্যাত্মক জ্ঞানে পর্যবসিত হয়। প্রথমতঃ বিনাবিচারে গৃহীত দৃষ্টিসমূহের সংঘর্ষ উপলব্ধি করা হয়। বিতীয় স্তরে এই জ্ঞান উৎপন্ধ হয় যে, এইসব দৃষ্টি অথবা বিচার-নির্মিতি সম্বন্ধর মিধ্যা বিকৃতি-মাত্র। দৃষ্টিগুলির মধ্যে স্থ-বিরোধ রহিয়াছে এই যুক্তিদারা পূর্বোক্তরূপ দৃঢ়প্রত্যয়

বৌদ্ধ দর্শন: মাধ্যমিকের দ্বন্দ্যুলক চরমতত্ত্বাদ

জন্মান হয়। বিচার বা বৃদ্ধির আত্যন্তিক নিষেধই একই সঙ্গে অন্তিম্ব ও নান্তিম্বের বৈত হইতে বিমৃক্ত তত্ত্বের সাক্ষাং অন্তভৃতি। উহা হইতেছে প্রজ্ঞা অথবা জ্ঞানমবয়ম্^১ এবং তত্ত্বের সহিত অভিন্ন।

এই দর্শনে অবভাদের ভিত্তিরূপে তত্ত্ব (বা সত্যবস্থা) স্বীকার করা হয়। তত্ত্বের লক্ষণ হইতেছে: যাহা বৃদ্ধির অতীত, সম্বন্ধ-বিবর্জিত, নির্বিকল্প, শাস্ত, অপরোক্ষ এবং অ-হয়।" অস্তি বা নাস্তিবাচক উভয়প্রকার ধর্মই তত্ত্বের সম্পর্কে নিষেধ করা হয়। পরমতত্ত্ব বৃদ্ধির সর্বপ্রকার বিকল্প হইতে বিমৃক্ত (শৃত্যা)। পরমতত্ব যে লোকোত্তর উহার অর্থ এমন নয় যে. উহা প্রপঞ্চ হইতে ভিন্ন এবং উহার বহিভ্ত; প্রক্তপক্ষে তত্ত্বই প্রপঞ্চের মূল স্বরূপ। স্কতরাং নাগার্জুন বলেন যে: পরমতত্ত্ব (নির্বাণ) এবং সংসারের মধ্যে কিছুমাত্রেও পার্থক্য নাই। ত এই বিশ্বকে যথন আমরা কার্যকারণাত্মক রূপে দেখি তথন উহা সংসার। আবার উক্ত কার্য-কারণাত্মক দৃষ্টি পরিত্যাগ করিলে, অর্থাৎ উহাকে উহার পূর্ণরূপে অথবা "স্বাভাবিক নিত্যরূপে" (Sub specie aeternitatis) দেখিলে এই বিশ্বই পরমতত্ত্ব।

যেহেতু পরমতত্ত্বাদে স্বরূপন্থ বস্তা এবং উহার উপাধিজনিত অবভাদের মধ্যে ভেদের স্টনা থাকে, স্বতরাং উহাতে সদ্বস্তা এবং উহার জ্ঞানের হুইটি শুর গ্রহণ করা অনিবার্য। নাগার্ভনের মতে, "যাহারা তুইপ্রকার সত্যের (পরমার্থ ও সংবৃত্তি সত্যের) বিভেদ অবগত নহে, তাহারা বৃদ্ধের উপদেশের গন্তীর তাৎপর্য বৃঝিতে অসম্থা।" ? ব

পরমার্থ সত্য হইতেছে বৃদ্ধির সাহায্যগ্রহণ এবং বৃদ্ধির আকারদারা বিক্তি সাধন না করিয়া অক্কৃত্রিম বস্তু-রূপের জ্ঞান; প্রকৃতপক্ষে অনির্বাচ্য (অনভিলাপ্য), অচিস্তা এবং উপদেশাতীত। ১৮ সংবৃতি সত্য হইতেছে তথাকথিত সত্য, অর্থাৎ অবভাস। চন্দ্রকীতি তিনপ্রকারে উহার লক্ষণ দিয়াছেন ১৯: "যাহা বস্তুর রূপ সমগ্রভাবে আচ্ছাদন করে এবং উহাকে স্থীয় স্বভাব হইতে ভিন্নরূপে প্রতীয়মান করে; অথবা সংবৃতি হইতেছে ভাবসমূহের পরস্পার-নির্ভরতা, অর্থাৎ উহাদের অন্যোক্তাশাপেক্ষতা; অথবা উহা হইতেছে লোকব্যবহারাত্মপ অর্থাৎ ব্যাবহারিক সন্তা।" এই মতের এমন অর্থ নহে যে তুই প্রকার সদস্ত এবং তুইটি পরস্পার-সমকক্ষ সত্যজ্ঞান আছে। পরমার্থই একমাত্র সম্বন্ধ অথবা সত্য।

মাধ্যমিকের দ্বন্লক বিচারের অবসান বৃদ্ধিলক অহভৃতি প্রজ্ঞা); এবং উহা শুধু জ্ঞানীয় চেতনারই ফল নহে, অধিকন্ত কর্মীয় ও ধর্মীয় চেতনারও ফল। ছঃথ ও অপূর্ণতার মূল কারণ হইতেছে অবিফা, অর্থাৎ সম্বন্ধকে সামালধর্মের মাধ্যমে

ব্ঝিবার এবং উহাতে অবান্তব আকার আরোপ করিবার প্রবণতা। বস্তু শাখত অথবা অশাখত এইরপ তুল করিয়া আমরা উহার প্রতি আসক্ত হই কিংবা বিরক্তি প্রকাশ করি। নাগার্জুন বলেন: "কর্ম ও ক্লেশের ক্ষয় হইলে মোক্ষ হয়; উহাদের উৎপত্তি বিকল্পে; বিকল্পমূহ বিবিধ ভ্রান্তি হইতে উৎপন্ন হয়; এবং শৃত্যতার জ্ঞানে এইনব ভ্রান্তির নাশ হয়।" ' গাক্ষাং (নির্বিকল্প) অহুভূতিতে পরিণত ছন্তমূলক বিচার আমাদিগকে ত্বংখ-সম্ভাবনার উর্ধেষ্ণ লইয়া যায়। উহা নিজেই মুক্তি (নির্বাণ)।

তথাগত তাঁহার যেই রূপে দর্বভূতের ম্লম্বরূপ, (ধর্মকায়), দেই রূপের দহিত এই দর্বোচ্চ জ্ঞান (প্রজ্ঞাপার্মিতা) অভিন্ন। তিনি হইতেছেন পূর্ণতাপ্রাপ্ত দেই বস্তু, যাহা সম্ভাব্যরূপে দর্বজীব এবং যাহা অন্তিমে আধ্যাত্মিক দাধনাঘারা দকল জীবই একদিন হইবে। "তথাগত হইতেছেন ভগবান্ (ঈশ্বর); কারণ তিনি ক্ষমতাশালী ও পূর্ণত্বান্। তিনি দর্বকাম ও কর্ম এবং আবরণদ্বয় (রেশাবরণ ও জ্ঞেয়াবরণ) নিংশেষে দ্বীভূত করিয়াছেন। তিনি দর্ববিং (দর্বজ্ঞ ও দর্বাকারজ্ঞ)। চরমতত্ব এবং সংসার উভয়বিষয়েই তিনি পূর্ণজ্ঞানবান্ (প্রজ্ঞাপার্মিতা)।" দর্বজীবের প্রতি তাঁহার দাতিশন্ত দয়া (মহা-করুণা), ও স্বার্থশৃত্যু, বিরামহীন এবং দক্রিয় আয়ুকুল্যবশতঃ বৃদ্ধ প্রেমের ভগবান্ হইয়াছেন।

তথাগত হইতেছেন চরমতত্ত্বের (শৃত্য বা প্রজ্ঞার) স্বাধীন অবভাগাত্মক (পৌরুষের) রূপ। পরমতত্ত্বরূপী গর্ভাশয় হইতে বিভিন্ন সময়ে তথাগতরা অবস্থা ও প্রয়োজনাস্থ্যারে নিজদিগকে বাহিরে প্রকট করেন। তথাগত ও চরমতত্ত্বের সম্বন্ধ অবৈতবেদান্তের ঈশ্বর ও ব্রম্বের দম্বন্ধের ত্যায়—তিনি মৃক্তপুরুষ হইলেও তাঁহার স্থান চরমতত্ত্বের নীচে।

৬। যোগাচারের বিজ্ঞানবাদ

বৌদ্ধচিন্তা দর্বদাই জ্ঞাতাকে প্রাধান্ত দেওয়ার দিকে প্রবণ। উহা প্রথম হইতেই অবয়বী, স্থায়ী ও দামান্ত প্রভৃতি দাধারণতঃ দত্য বলিয়া গৃহীত বহু পদার্থের বান্তব দত্তা অস্বীকার করিয়া উহাদিগকে কল্পনা (বিকল্প)-মাত্রে পর্যবিদিত করিয়াছে। যোগাচারের পূর্বেই সৌত্রান্তিক এই দিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন; তথাপি তিনি কিছু বস্থবাদ অক্র রাধিয়া স্বরূপস্থ বস্তব অন্তিম্ব ত্যাগ করিতে পারেন নাই। যোগাচার এই ছায়াদদৃশ বস্তব অন্তিম্বও অস্বীকার করিয়া উহাকে জ্ঞানের স্পি

বৌদ্ধ দর্শন: যোগাচারের বিজ্ঞানবাদ

(বিজ্ঞান) বলিয়া প্রতিপাদন করিয়াছেন। মাধ্যমিকের শৃহতা মোটাম্টিভাবে গ্রহণ করিয়া যোগাচার উহা হইতে কতক ব্যাপারে ভিন্ন মত পোষণ করিয়া উহাকে বেশ নৃতন রূপ দিয়াছেন।

<u>যোগাচার: মৈত্রেমনাথ (আহুমানিক ২৭০-৩৫০ খৃঃ) যোগাচার-সম্প্রদায়ের</u> প্রতিষ্ঠাতা। আজ্কাল দাধারণতঃ মৈত্রেয়নাথের ঐতিহাদিকতা ' ' স্বীকার করা হয়। কিন্তু তিনি এই সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা হইলেও তাঁহার মতের বিশেষ বিবরণ ও সমর্থন তাঁহার বিখ্যাত শিগু অসঙ্গ এবং তদীয় অধিক স্থপ্রসিদ্ধ বস্থবন্ধুই দিয়াছেন।^{১০২} নিম্লবিথিত পাঁচটি গ্রন্থ অদক্ষের রচনা বলিয়া মনে করা হয়: মহাযানস্ত্রালস্কার, মধ্যাস্কবিভাগ, ধর্মাধর্মতা-বিভন্ন, অভিসময়ালস্কার এবং উত্তর-তন্ত্র। প্রথম তিনটি গ্রন্থ ঘোগাচারীয় দৃষ্টিতে রচিত; চতুর্থটির বিষয় মাধ্যমিক এবং যোগাচার উভয়দশ্বত আধ্যাত্মিক দাধনমার্গ এবং শেষ গ্রন্থটি স্পষ্টতই মাধ্যমিক-মতাত্থায়ী। এইজ্ঞ অস**ক** কোন্ সম্প্রদায়ের অস্তর্কু ছিলেন, ইহা একটি সমস্তা। ১০০ বহুবরুর বিজ্ঞপ্রিমাত্রতাদিদ্ধি (বিংশতিকা এবং ত্রিংশিকা) বিজ্ঞানবাদের মূল গ্রন্থ। ইহার উপরে স্থিরমতি, ধর্মপাল এবং অক্তান্তের। টীকা লিখিয়াছেন। বহুবন্ধু মধ্যান্তবিভাগ (অর্থাৎ মধ্য ও অন্তের পার্থক্য) গ্রন্থের টীকা রচনা করিয়াছেন এবং ত্রিম্বভাবনির্দেশ এবং আরও অনেক কৃত্র পুস্তক লিথিয়াছেন। বহুবন্ধুর প্রধান গ্রন্থগুলির উপর স্থিরমতি (আহমানিক খ্রীষ্ঠীয় ৫ম শতাব্দী) অতিশয়-উদ্ভাদক টীকা প্রণয়ন করিয়াছেন। দিঙ্নাগ, ঈশ্বরসেন, ধর্মপাল এবং ধর্মকীর্তির বিজ্ঞানবাদে যোগাচার সম্প্রদায়ের মত রক্ষিত ও বিকশিত হইয়াছে। দিঙ্নাগ ও ধর্মকীতি যুক্তিশাস্ত্র এবং প্রমাণশাস্ত্রের বিশেষ বিচার করিয়াছেন। তাঁহাদের দৌত্রান্তিক মতের দিকে বিশেষ প্রবণতা ছিল। তাঁহার। আলয়-বিজ্ঞান নামক প্রাচীন যোগাচার-মত সম্পূর্ণ পরিত্যাগ করিয়াছেন। ইহা বলাই অধিক ঠিক হইবে যে, এই সম্প্রদায়েয় এই পরবর্তী রূপ সৌত্রান্তিক এবং যোগাচার-মতের সংমিশ্রণ— প্রপঞ্চব্যাপারে উহা সৌত্রান্তিক, এবং পরমতত্ত্ববিষয়ে উহা যোগাচার। মাধ্যমিকের সংস্পর্ম ও প্রভাববশতঃ হয়ত উহার সহিত মাধ্যমিক মতেরও মিশ্রণ হইয়াছিল। শাস্তরক্ষিত এবং কমলশীল বিজ্ঞানবাদের এই শেষ রূপের প্রতিনিধি। ইহা আমরা তাঁহাদের গ্রন্থসমূহ এবং তিব্বতীয় ঐতিহাসিকদের সাক্ষ্য হইতে জানিতে পারি।

বিজ্ঞানবাদীয় যুক্তি: "বিজ্ঞানবাদী ঘৃইটি প্রধান মত পোষণ করে। ১০ ৪ (১) বিজ্ঞান সভ্য, অবভাস নহে; এবং (২) একমাত্র বিজ্ঞানই সভ্য, বিষয় নহে। প্রথমটি মাধ্যমিক সিদ্ধান্তের বিরোধী, কারণ মাধ্যমিক মনে করেন যে, জ্ঞান ও জ্ঞাভবিষয়

উভয়েই পরস্পরদাণেক্ষ বলিয়া উহার। স্বরূপে কিছুই নহে। দ্বিভীয় মতটি বস্তু-বাদের বিরোধী, কারণ বস্তুবাদী বিনাবিচারে ধরিয়া লন যে, বিজ্ঞান যতথানি সত্য, বিষয়ও ততথানি সত্য।"

(১) মাধ্যমিকের বিরুদ্ধে বিজ্ঞানবাদের সর্বাপেক্ষা অব্যর্থ যুক্তি এই: দ্বন্দ্র্যুলক বিচারের বিশ্লেষণে সব কিছুই উড়াইয়া দেওয়া এবং মিথ্যা বলিয়া প্রতিপাদন করা সম্ভবপর হইলেও, মিথ্যাজ্ঞান এমন একটি অধিষ্ঠান ১০০০ (বিজ্ঞান) স্থাচিত করে, যাহার উপর মিথ্যাকল্পনা আরোপ করা হয়। বিজ্ঞানবাদী প্রজ্ঞাপারমিতার শৃত্যতা স্বীকার করেন এবং দৃঢ়নিশ্চয়তার সহিত ইহাও বলেন যে, ১০০০ তিনি এই শৃত্যতার সম্যক্ ব্যাথ্যাই দিয়াছেন। কিন্তু তাঁহার মতে এই শৃত্যতার অর্থ হইতেছে এই যে, উহা জ্ঞাত্ব-জ্ঞেয়রূপ হৈত হইতে বিমৃক্ত শুদ্ধ বিজ্ঞান (দ্বয়শ্ত্যতা)। জ্ঞেয় বিষয় কথনও স্বত্যভাবে নিরপেক্ষ-রূপে থাকিতে পারে না, কিন্তু জ্ঞানের পক্ষে তাহা সম্ভবপর। জ্ঞানই বিবিধ বিকারপ্রাপ্ত হয় এবং ক্লেশ্বারা ক্লিষ্ট হয়, আবার আরোপিত হৈত হইতে মৃক্ত হইয়া নিজেকে বিশুদ্ধ করে। ১০০০

বিজ্ঞানবাদী কয়েকটি আপাতপ্রতীয়মান হেতুধারা বিষয়ের মিথ্যাত্ব প্রতিপাদন করে। বস্তবাদী মনে করে যে, জ্ঞানের আকার বিষয়ের (আলমনের) স্বরূপধারা উৎপন্ন হয় এবং এই বিষয় জ্ঞান হইতে স্বতম্বভাবে বিজ্ঞান। বস্তবাদীর এই প্রকল্পের বিক্ষে অনেক অথগুনীয় আপত্তি আছে। (১) জ্ঞানের আকার (যথা 'বৃক্ষ', 'আদন', ইত্যাদি) এবং আলম্বনের মধ্যে কোনও সারূপ্য নাই, কারণ আলম্বন হইতেছে পৃথক্ পৃথক্ রূপে এক একটি পরমাণ্ অথবা কতকগুলি পরমাণ্র সমষ্টি। জ্ঞানে স্থলরূপের প্রতিভাস হয়, কিন্তু ঐ স্থলতাবিহীন পরমাণ্ উক্তরূপ জ্ঞানের আলম্বন হইতে পারে না। অর্থাৎ জ্ঞানে যে রূপ প্রতিভাত হয়, বহির্জগতে তাহার অমুরূপ কিছুই নাই ; স্বতরাং জ্ঞানের আকার কিছুদারা জনিত নহে, এবং যদি বাহিরে কিছু থাকিয়া থাকে, তাহা হইলে উহাও জ্ঞানে প্রতিভাত হয় না। ২০৮ অবয়বী অথবা বিভিন্ন অংশের সমৃদায়ে গঠিত বাস্তবিক অংশী বলিয়া কিছু ম্থায়-বৈশেষিকের ন্থার বিজ্ঞানবাদী স্বীকার করেন না। প্রাচীন বৌদ্ধ দর্শনেই, বিশেষতঃ সৌত্রান্তিক মতে, অবয়বীর অন্তিত্ব ইহার পূর্বেই যুক্তিসহকারে নিরাকরণ করা হইয়াছে। ২০৯

(২) জ্ঞান একস্থলে এবং বিষয় অন্তস্থলে এবং উহাদের মধ্যে দারূপ্যদম্বদ্ধ রহিয়াছে এইরূপ দ্বৈতমূলক প্রকল্পদারা জ্ঞানের ব্যাথ্যা দিতে গেলে যেমন স্বস্পট ক্ষাপত্তির সম্মুখীন হইতে হয়, সেইগুলি এই দ্বৈত-কল্পনার ক্ষারতা নির্দেশ করে

বৌদ্ধ দর্শন: যোগাচারের বিজ্ঞানবাদ

সম্বন্ধমাত্রই জ্ঞানের অভ্যন্তরে, ১১০অ জ্ঞান এবং উহার বহিঃস্থ অভ্য কিছুর মধ্যে নহে; কারণ এক্নপ সম্বন্ধ জানা কিংবা প্রমাণ করা সম্ভবপর নহে।

- (৩) জ্ঞান এবং তাহার বিষয় দর্বদাই অবিচ্ছেছ। উহাদের এই দহোপলস্ত নিয়ম, ১০ আ অর্থাৎ অজ্ঞাত বিষয়ের অন্ত্রপাপত্তি ইহাই বিজ্ঞানবাদীর প্রধান যুক্তি।
- (৪) ভ্রান্ত-প্রত্যক্ষ, স্বপ্ন প্রভৃতিতে যে জ্ঞানের আকার থাকা সত্ত্বেও তদম্রূপ কোন বিষয় নির্দেশ করা যায় না, ইহা সকলেই স্বীকার করে। যেহেতু ভ্রান্ত-প্রত্যক্ষ, স্বপ্ন প্রভৃতি ঘটিয়া থাকে, স্বতরাং প্রমাণিত হয় ১১১ বে জ্ঞান নিজেই নিজের বিষয় স্বাষ্ট করে, উহা স্বয়ংসম্পূর্ণ এবং কোন বাহ্যস্বস্তুর উপর নির্ভর করে না।
- (৫) সত্য এবং মিথ্যাজ্ঞানের পার্থক্য, বিভিন্ন জ্ঞাত্-সাধারণ একই জ্বাৎ, বস্তুসমূহের স্থায়িত্ব প্রভৃতি । লাক সিদ্ধ সকলপ্রকার অন্থভবের বিজ্ঞানবাদী মোটামূটি যুক্তিসঙ্গতভাবেই ব্যাখ্যা দিতে সমর্থ এবং দিয়া থাকেন। এই ব্যাখ্যার মূলে এই মতবাদ রহিয়াছে যে, বিজ্ঞানের অন্তর্নিহিত অনাদি বাসনাদারা উহার অভ্যন্তরে যে সকল পরিবর্তন ঘটে, উহাদের সাহাধ্যে ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন বিষয়ের আকার প্রকাশ করে।

বিজ্ঞানের ভরদমূহ ঃ বিজ্ঞানই একমাত্র সদস্ত ; দ্রব্যরূপে (যথা চেয়ার, টেবিল, মাকুষ ইত্যাদি) এবং ধর্মরূপে প্রতীয়মান বিষয় হইতেছে বিজ্ঞানের অবস্থান্দ্র উপর মিথ্যা উপচারমাত্র । ১১৩ বিজ্ঞানের অবস্থাবা ন্তর তিনটিঃ আলয়-বিজ্ঞান, মনোবিজ্ঞান এবং প্রবৃত্তি (অথবা বিষয়)-বিজ্ঞান ।

আলয় হইতেছে দর্ববাদনার অর্থাৎ দর্ববস্তর বীজাবস্থার আশ্রয় বা বাহন।
অন্তান্ত বিজ্ঞানগুলি উহার দহিত উহার কার্যরপে দম্প্ক। শেষের ত্ইটি শুর
কেবল আলয়ের উপর নির্ভর করে এমন নহে, অধিকন্ধ আলয়ের পৃষ্টিদাধনও করে।
আলয় কৃটস্থ অথবা স্থিতিশীল নহে—প্রবল স্রোতস্থিনীর দহিত উহার উপমা দেওয়া
হইয়াছে। মনের বাদনাদম্হ প্রতিম্হুর্তেই পরিবর্তিত হইতেছে—হয় উহাদের
উপচয়, নয় অপচয় ঘটিতেছে। আলয় ও প্রাণ্ঞিক জীবন বা দংদার পরস্পরের
দমকালীন।

ত আলয়ের অভাবে, জ্ঞানের বিকার অথবা বিকারের ধারাও দম্পূর্ণ
বন্ধ হইয়া ঘাইবে। প্রতীয়মান হয় বে, আময়া যে আমাদের মূলধন থরচ করি, তাহা
শুর্ উহাকে বাড়াইবার জন্ত। আবার, যদি আলয় না থাকিত, তাহা হইলে সংদার
হইতে ম্ক্তিলাভের প্রযম্ব অর্থহীন হইত। ষেহেতু বিজ্ঞানমাত্রই ক্ষণস্থায়ী, স্বতরাং
উহার অপদারণের জন্ত প্রযম্বের প্রয়োজন নাই। স্পষ্টভাবে মানা হইয়াছে বে,
অর্হৎ-অবস্থাতেও আলয়ের অবদান হয়।

ত প্রতি অর্হৎ-অবস্থা জীবনুক্তির অয়য়প।

জ্ঞানের বিতীয় বিকার হইতেছে বৃদ্ধি অথবা মনোবিজ্ঞান। আলয় হইতেছে সন্তাব্যের অবস্থা; আর মনন বাস্তবীকরণের অবস্থা, বাস্তবীরুত অবস্থা নহে। মনন সম্বন্ধে এইন্ধ্রপ ধারণা করা অসন্তত হইবে না যে. উহা হইতেছে 'আমি' ও 'আমার' এই ল্রান্ত করার ভিত্তিতে বৌদ্ধিক আকারে আকারিত করার অথবা ঐক্যম্বত্তে গ্রথিত করার মানসিক ক্রিয়া, বিজ্ঞানের তৃতীয় বিকার হইতে আমরা পঞ্চ বহিরিজ্রিয় এবং অস্তবিজ্ঞারের ইক্রিয়োপাত এই ছয় রক্ষ বিষয় প্রাপ্ত হই।

নিরপেক্ষ অথবা পারমার্থিক বিজ্ঞান: বিজ্ঞানের এইসব বিকারে বাহ্য সভা আরোপ করা হয়। তাহার ফলে গৃহ, বুক্ষ, পর্বত প্রভৃতি পদার্থের প্রতীতি জনায়। কিন্তু এইরূপ পদার্থের অন্তিত্ব নাই। এইজন্ম ইহাদিগকে পরিকল্পিড ১১৬ আখ্যা দেওয়া হইয়াছে। ইহারা স্বরূপত:ই মিথাা। কিন্তু এইসব মিথাা পদার্থের প্রতীতি বা প্রত্যয় সত্য না মিথ্য ? এইরূপ মানা যাইতে পারে যে, যদিও বহিঃস্থ বুক্ষ পদার্থটি অবান্তব, তথাপি বুক্ষ-প্রত্যয়টি নিশ্চয়ই জ্ঞানীয় পদার্থরূপে অন্তিত্ববান। বার্ক লি প্রভৃতি জ্ঞাতৃ-কেন্দ্রিক বিজ্ঞানবাদীর। এই মতই গ্রহণ করেন। কিন্তু বিজ্ঞানবাদীর মত ইহা হইতে সম্পূর্ণ পৃথক, বিষয়কে বাদ দিলে, জ্ঞানীয় পদার্থ-প্রত্যয়টিও উহার ব্যক্তিত্ব বা বৈশিষ্ট্য হারাইয়া ফেলে; তথন আর উহাকে এই বা ঐ বলিয়া নির্দেশ করা যায় না, জ্ঞানের বিকারগুলিকে (আলয়ও জ্ঞানের বিকার) পরতন্ত্র ১ ৭ অর্থাৎ অক্স-সাপেক্ষ বলা হয়। উহাদের বৈশিষ্ট্য বিষয়ের উপর নির্ভর করে। এইদিক হইতে উহারা মিথ্যা। কিন্তু উহারা স্বরূপত: মিথ্যা নহে; কারণ উহারা প্রকৃত পক্ষে পরিনিম্পন্ন অর্থাৎ বিশুদ্ধ বিজ্ঞান বা পরমার্থ হইতে অভিন্ন। এই জ্ঞাই বলা হইয়াছে যে, পরতন্ত্র পদার্থসমূহ অর্থাৎ প্রতীতির জ্ঞানীয় জ্বগৎ পরিনিপান্ন হইতে ভিন্নও নহে, অভিন্নও নহে, ' কারণ পরতন্ত্র হইতেছে বিষয়ী ও বিষয় এই বৈত-দোষে হুষ্ট; আবার ভিন্নও নহে কারণ পরমতত্ব উক্ত হৈত, পরিবর্তন এবং নানাখ-বিবর্জিত পরতন্ত্র হইতে অন্ত কিছু নহে। পরিনিষ্পন্নকে ধর্মতা অথবা তথতা অর্থাৎ পদার্থের স্বরূপণ্ড বলা হয়। উহার প্রকৃতি আকাশের ন্যায় নানাত্ব-বিবর্জিত এক-রদাত্মক। ১১৯ লোকোত্তর জ্ঞানে ইহার সাক্ষাৎ উপলব্ধি হয় (জ্ঞানং লোকোত্তরং চ তৎ)। এই অবস্থায় বিষয়-বিষয়ী ভেদের লেশমাত্রও থাকে না। যতক্ষণ পর্যন্ত এইরূপ জ্ঞান থাকে যে এই অবস্থার উপলব্ধি হইয়াছে, ততক্ষণ পর্যন্ত বলা যায় না যে, উহার উপলব্ধি হইয়াছে। কারণ তথনও উহাতে হৈতগন্ধ থাকে। বহুবন্ধু, উপ-সংহারে বলিয়াছেন, "যতক্ষণ পর্যন্ত জ্ঞান শুদ্ধজ্ঞানে অধিষ্ঠিত না হয়, ততক্ষণ দৈত-দৃষ্টির প্রবণতা নিবৃত্ত হয় না।" "'ইহা পূর্ণ বিশুদ্ধ জ্ঞান' এইরূপ জানিলেও দৃষ্টির

বৌদ্ধ দর্শন: উপসংহার

সম্পূধে একটা কিছু রাধা হয় এবং এজন্স বিশুদ্ধ জ্ঞানের অবস্থায় থাকা হয় না।" "জ্ঞান যধন কোন বিষয়কে জ্ঞানে না, তথন উহা বিশুদ্ধ জ্ঞান: বিষয়ের অভাবে বিষয়ীর জ্ঞানাও নিবৃত্ত হয়। শুদ্ধজ্ঞানের এই অবস্থাকে আমরা কি করিয়া বর্ণনা করিব?" "ইহা মনন নহে, জ্ঞানা নহে: কিন্তু উহা লোকাতীত জ্ঞান (লোকোত্তরং জ্ঞানম্); ছই প্রকার আভিরে বিনাশ হওয়াতে আলয়ও বিনষ্ট হইয়াছে।" "ইহা অবিকৃত ধাতু, অচিস্কনীয়, শাস্তু, নিত্য এবং শিব—ভগবানু বৃদ্ধের হাধীন ধর্মকায়।" '

৭। উপদংহার

(ব্যাখ্যা-সংক্রান্ত কয়েকটি সমস্তা)

নির্বাণ : "বৌদ্ধমতের ইতিহাদ হইতেছে নির্বাণের ইতিহাদ।" হীন্যান সম্প্রদায়সমূহে নির্বাণ বস্তুতঃই বিলোপ বা বিনাশের অবস্থা; উহা আধ্যাত্মিক সাধনাদারা
উৎপন্ন হয়। হীন্যানে সংসার এবং নির্বাণের মধ্যে পার্থক্য করা হয়; কিন্তু মাধ্যমিক
উহাদের মধ্যে পার্থক্য আছে বলিয়া স্বীকার করেন না, তাঁহার মতে নির্বাণ প্রপঞ্চের
বিলোপ নহে, উহা শুর্ আমাদের ভ্রাস্ত ধারণার বিলোপমাত্র (কল্পনাক্ষয়ো হি
নির্বাণম্) যেহেতু বিজ্ঞানবাদী নিরপেক্ষ পরমত্ব স্বীকার করেন, অতএব তিনি
দক্ষতভাবেই নির্বাণের কোন লক্ষণ দিতে প্রস্তুত্ত নহেন, কিন্তু তিনি নির্বাণকে বিশুদ্ধ
বিজ্ঞান হইতেও অ-ভিন্ন বলেন—এই বিশুদ্ধ বিজ্ঞানেই অশুদ্ধি এবং শুদ্ধি এই উভ্রয়
প্রক্রিয়াই ঘটে। মাধ্যমিকের মতে বিজ্ঞানকে পরমত্ব হইতে অভিন্ন বলিয়া ভাবা
এবং বিজ্ঞানে বাস্তবিক পরিবর্তন ঘটে এক্রপ ধারণা পোষণ করা বিচারশৃগ্যতা এবং
মৃক্তিহীনতার পরিচায়ক। মহাযান সম্প্রদায়সমূহে ধর্মকায় হইতেছে দর্শনশান্ত্রীয়
পরমতব্বের ধর্মীয় রূপ।

অক্সন্থ মতবাদের সহিত সম্বন্ধঃ যেহেতু বৌদ্ধসম্প্রাদায়সমূহের মতবাদগুলি জৈন ও বাহ্মণা দর্শনের সহিত একই সঙ্গে বিকাশপ্রাপ্ত হইয়াছিল, এতএব উহাদের পরস্পরের উপর প্রভাব পড়িয়াছিল এইরূপ মনে করা সঙ্গত হইবে। কিন্তু এই প্রভাবের প্রকৃতি এবং প্রসার নির্ভূলভাবে নির্ণয় করা সহন্ধ নহে, কারণ এই সমস্যা অত্যন্ত বিরাট এবং জ্ঞালি। এক মতের উপর অন্য মতের প্রভাব যে অনিবার্থ-ভাবে অফ্করণ এবং গ্রহণন্ধার ব্যক্ত হয় এমন নহে, কিন্তু বিরোধও নিরাকরণ ধারাও বাক্ত হয়। বৌদ্ধ ও অ-বৌদ্ধ চিস্তার ব্যাপারে এই কথা অতীব সত্য।

সাংখ্য দর্শনের সহিত আভিধর্মিক মতবাদের থ্ব পার্থক্য থাকা সত্তেও সাংখ্য দর্শনই উহার মূল প্রতিরূপ এবং সাংখ্য দর্শন হইতেই উহার আরম্ভ। ধর্মের ধারণা সাংখ্যোক্ত প্রকৃতির অফুকরণে গঠিত হইয়াছে। উভয় দর্শনেই পরিবর্তনের সমস্তা সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। কিন্তু বৌদ্ধ-চিন্তায় সার্বত্রিক পরিবর্তনের হাত হইতে (সাংখ্যোক্ত প্রুবের ন্তায়) কোনও সংপদার্থকেই অব্যাহতি দেওয়া হয় নাই; এবং পরিবর্তনকেও একের জায়গায় অন্তের আগমন রূপে কল্পনা করা হইয়াছে—পরিবর্তন হইতেছে কালিক পরিমাণহীন পদার্থসমূহের উৎপত্তি এবং লয়।

কিছু পরবর্তীকালে স্থায়-বৈশেষিক, মীমাংসা ও জৈন এই সকল বস্থবাদী মতের সহিত বৌদ্ধ (বিশেষতঃ সৌত্রান্তিক) মতের সাক্ষাৎ ও বিরামহীন বিরোধ লক্ষিত হয়। এক দিকে অক্ষপাদ (ক্যায়স্ত্র), বাৎস্যায়ন, উদ্যোতকর, বাচম্পতি মিশ্র, কুমারিল, উদয়ন, জয়স্ত প্রভৃতি ব্রাহ্মণ্যধর্মের সমর্থকদের গ্রন্থে এবং অপর দিকে দিঙ্নাগ, ধর্মকীর্তি এবং ধর্মোন্তরের গ্রন্থে এই বিরোধের প্রচুর প্রমাণ দেখিতে পাওয়া যাইবে। প্রত্যক্ষ, অহুমান, অপোহ (নামমাত্রবাদ) অবয়বী, সামাক্ত প্রভৃতি প্রায় প্রত্যেক গুরুত্বপূর্ণ বিষয়েই এই বিরোধের প্রভাব অন্তর্ভুত হইয়াছিল। ক্যায় এবং মীমাংসামতাবলম্বিগণ তাহাদের নিজ নিজ বস্থবাদ অধিক সজ্ঞানে এবং পূর্ণতরভাবে নৃতন করিয়া উপস্থাপিত করিয়াছিলেন। বৌদ্ধগণ তাঁহাদের জ্ঞানকেন্দ্রিক এবং সমালোচনামূলক ভাবধারাই ধরিয়া থাকিলেন। এই সংঘর্ষের ফলে প্রত্যেক দর্শনই চিস্তার স্পষ্টতা এবং গাস্ত্রীর্থের ব্যাপারে লাভবান্ হইল। এই বিরোধের প্রিপ্রেক্ষিতে ভারতীয় দর্শনের ব্যাখ্যা শিক্ষাপ্রদ হইবে।

মহাধানের বিকাশে বেদান্তের প্রভাব এবং বেদান্তের বিকাশে মহাধানের প্রভাব
—এই সমস্তাও কম চিন্তাকর্ষক নহে। প্রাচীন বৌদ্ধমত বস্থবাদী এবং বছবাদী।
মাধ্যমিক এবং বোগাচার দর্শনে বৌদ্ধচিন্তা যে অবৈতাভিম্থী হইয়াছিল উহা
পরিবর্তনশীল অভাবসমূহের অধিষ্ঠানরূপে অপরিণামী ব্রন্ধের ধারণার দ্বারা প্রভাবিত
বলিয়া মনে হয়। কোন কোন পণ্ডিতের ১৭০ মতে এই ব্যাপারে মাধ্যমিক ও
বোগাচার দর্শন বেদান্তের নিকট সাক্ষাৎভাবে ঋণী।

গৌড়পাদ ও শহর শুধু বিচারদার। অবৈতমতের প্রতিষ্ঠা করিয়া বেদাস্তচিস্তা-ধারায় বিপ্লব আনয়ন করেন; তাঁহারা পরিদৃশ্যমান ঘটনারাজিকে মিথ্যা অবভাস (মায়া) বলিয়াছেন এবং তিনপ্রকার সত্য ও ঘৃইপ্রকার শাস্ত্র (পর এবং অপর) আছে এই মত ব্যক্ত করিয়াছেন। যে সকল বেদাস্ত সম্প্রদায় অবৈতবাদী নহে,

বৌদ্ধ দর্শন: উপসংহার

তাহার। অধৈতমতকে সোজাত্মজি প্রচ্ছন্ন বৌদ্ধমত বলিয়াই মনে করিয়াছে এবং কোন কোন আধুনিক ব্যক্তি এই মত সমর্থন করিয়াছেন। ১২২

কিন্ত ইহা অবশ্য স্বীকার্য যে, বৌদ্ধমতের বিকাশে যেরূপ ঘটিয়াছিল, তেমনই উপনিষদের আত্মবাদও উহার আভ্যস্তরীণ প্রেরণাদারা চালিত হইয়াই অবৈভাভিমুঝী হইয়াছিল। শহর পূর্ব বেদান্তে সাংখ্য হৈতবাদের দোষগুণ বিচারদারা এক অদয় বম্বর অন্তিম্ব প্রতিপাদন করা হয়; স্বয়ং শহর ভর্তপ্রপঞ্চ প্রভৃতি দার্শনিকদের ভেদাভেদবাদের সমালোচনা করিয়া তাঁহার অন্বয়বাদে উপনীত হইয়াছিলেন। তিনি যে অন্তের নিকট সাক্ষাৎভাবে ঋণী, ইহার কোন প্রমাণ তাঁহার নিজের লেখায় দেখিতে পাওয়া যায় না। কিন্তু গৌড়পাদের মাণ্ডুক্যকারিকার ভাষা ও মত হইতে স্পষ্টই প্রতীয়মান হয় বে, তিনি মহাযান সম্প্রদায়দারা প্রভাবিত হইয়াছিলেন। " কিন্তু এই গ্রন্থের বিভিন্ন অংশ গুলি পরস্পরের সহিত স্থদংবদ্ধ নহে; হয়ত এইগুলি বিভিন্ন লেখকের রচনা: ১৭৪ এবং শুধু তৃতীয় ও চতুর্থ প্রকরণেই বৌদ্ধ-প্রভাবের স্পষ্ট নিদর্শন আছে। আত্মবাদী দার্শনিক কি করিয়া নৈরাত্মবাদী মতের নিকট ঋণী হইতে পারেন তাহাও ধারণা করা কঠিন। স্থতরাং আন্দাজ করা যাইতে পারে যে, এই ঋণ মতবাদ অপেকা বিচারপ্রণালীর ব্যাপারে। হয়ত নাগার্জুনের দ্বন্দুলক বিচারপদ্ধতি বিজ্ঞানবাদীয় ভ্রমের ব্যাখ্যা এবং ছুই রকম সভ্যের মতবাদ হইতে গৌড়পাদ ও শঙ্কর উপনিষদীয় দর্শনের ব্যাখ্যার সর্বাপেক্ষা স্থসন্থত প্রণালীর ইঙ্গিত পাইয়াছিলেন।

বিভিন্ন প্রমতন্ত্রবাদঃ ইহা হইতে আমরা শূক্ততা, বিজ্ঞপ্রিমাত্রতা এবং ব্রহ্ম এই বিভিন্ন প্রমতন্ত্রবাদগুলির প্রকৃত ব্যাখ্যা কি এই স্বরূপগত সমস্থায় উপনীত হই। উহাদের প্রভেদ কি শুধু নামগত ?

প্রধানতঃ অধ্যাপক রাধাকৃষ্ণন্ শৃত্যতার যে ভাবে ব্যাখ্যা করিয়াছেন, তাহার ফলে উহার অভাবাত্মক ব্যাখ্যা এখন আর কেহ সমর্থন করে না। সম্ভবতঃ এই অভাবাত্মক ব্যাখ্যা এই ভীতিদায়ক 'শৃত্য' শব্দটি ছাড়া অন্ত কোন প্রমাণের উপর প্রতিষ্ঠিত নয়। কিন্তু উক্ত অভাবাত্মক ব্যাখ্যা পরিত্যাগ করিলে এই আশহা থাকিয়া যায় যে, এই তিনটি দর্শনের অন্ততঃ উহাদের বিচারপ্রণালী ও বিশেষদৃষ্টিগত পার্থক্য উপেক্ষা করা হইবে। এই দর্শনগুলি পরস্পরের দোষ ও পরস্পর হইছে পরস্পরের অত্যন্ত প্রভেদ প্রদর্শন করিয়া থাকে। উহাদের এই বাদাহ্যাদের কোন অর্থ বাহির করা সম্ভবপর কি ?

এরপ মনে হইতে পারে যে, এই সকল বিভিন্ন দর্শন পরমতত্ত্বের আকারসমন্ধে

একমত, কিন্তু উহার প্রতি তাহাদের দৃষ্টিভঙ্গী পৃথক্ এবং এই পরমতত্ব কোন বস্তুর সহিত অভিন্ন এই সম্বন্ধেও তাহাদের মত বিভিন্ন। এই সকল দর্শনের প্রত্যেকটির মতেই পরমতত্ব হইতেছে প্রপঞ্চাতীত, কাবণ উহা সর্ব ইন্দ্রিয়গ্রাহ্ম ধর্ম হইতে বিমৃক্ত; আবার এই পরমতত্ব একই দলে প্রপঞ্চের অভ্যন্তরেও বিগ্নমান, কারণ উহা প্রপঞ্চের মৃলস্বরূপ। এতদ্ব্যতীত ইহাদের প্রত্যেকের মতেই এই পরমতত্বকে ইন্দ্রিয়াতীত অফ্লেবে উপলব্ধি করা সম্ভবপর এবং প্রত্যেকেই পরমতত্ববাদের পরিপূরক আভাসবাদও স্বীকার করে।

কিন্তু উহাদের মতের বিভিন্নতাও উপেক্ষা করা দক্ষত হইবে না। বেদান্তের প্রতিষ্ঠা হইতেছে একমাত্র আয়ার অন্তিমজ্ঞাপক উপনিষদের তর্কাতীত ঐশী-বাণী---মনন ও নিদিধ্যাসনম্বারা উপনিষং-প্রকাশিত এই সত্য উপলব্ধি করার চেষ্টা করিতে হয়। মাধ্যমিক বিভিন্ন দৃষ্টিভঙ্গীর বিরোধ হইতে যুক্তির নিয়মান্মপারে যে ধন্দাত্মক জ্ঞানের উদ্ভব হয় তাহাকে আতায় করেন। আর যোগাচার যে একমাত্র জ্ঞানের অন্তিবে দৃঢ়বিখাসী, উহার ভিত্তি হইতেছে সেই সকল সমাধি-অবস্থার অমুভব, ষাহাতে বিষয়ের অবর্তমানেও জ্ঞান বিজমান থাকে। বেদান্ত এবং বিজ্ঞানবাদ ইন্দ্রিয়-জন্ম ভাস্তির বিশ্লেষণ করিয়া উহা তুল্যভাবে জগতেও প্রয়োগ করে। বেদান্তের মতে मदल ट्टेरिट्राइ 'टेन्म' वर्षार छात्न यांटा त्मखा वाह्य वर्षा विखन्न मछा; बात 'রজত' হইতেছে প্রতিভাদমাত্র, কারণ উহা শুধু জ্ঞানেই অন্তিম্বান্। বিজ্ঞানবাদীর মত ইহার বিপরীত: জ্ঞানে যে 'ইদম' দেওয়া আছে তাহা হইতেছে মিথ্যা, অর্থাৎ জ্ঞানেরই অকারণ বাহ্যাবভাস—জ্ঞানই একমাত্র সত্য। বিজ্ঞানকে বিশুদ্ধসত। (কুটস্থ) বলিয়া ধারণা করা হয় না, কিন্তু উহা হইতেছে স্বষ্টি ও অবভাসকারী; উহাকে বিখোৎপাদক ইচ্ছাশক্তি বলিয়া মনে করা যাইতে পারে। মাধ্যমিকের মত এই ছই মৃত হইতেই ভিন্ন। তিনি বিভিন্ন দৃষ্টিভঙ্গীর বিরোধ হইতে যে প্রপঞ্চ-পূর্ব ভাস্তির সৃষ্টি হয় সাক্ষাৎভাবে উহার বিচারেই নিযুক্ত হন; তিনি এই বিরোধাত্মক অম্বভবের মাধ্যমেই পরমতত্ত্বে উপনীত হন। ব্রদ্ধকে বিশুদ্ধসম্ভা এবং বিজ্ঞানকে স্ঞ্জনীশক্তি বলিয়া মনে করা ঘাইতে পারে; কিন্তু শূন্মতাকে লোকিক জ্ঞানের কোন বিষয়ের সহিতই অভিন্ন বলিয়া মনে করা যায় না—উহা হইতেছে দৃষ্টিসমূহের সমালোচনাত্মক অথবা স্বদংবেদনাত্মক যে চেতনা তাহাই। এই দকল কথা যে সকল সমস্যা উপস্থাপিত করে, তাহাদের সমাধান একমাত্র উচ্চতর দার্শনিক ব্যাখ্যা-দারাই সম্ভবপর।

विक पर्यन: जन्नेवा

সংক্ষিপ্ত শব্দের ব্যাখ্যা

- এ কে ভি—Abhidharma kosa-vyakhya of Yasomitra, Ed. by Woghihara, Tokio.
- এম্ কে—Madhyamaka-karika of Nagarjuna, Ed. by de la V. Poussin (Bib. Budd. IV)
- এম কে ভি—Madhyamaka-karika-vritti (Prasanna-pada) by Chandrakirti (Bib, Budd, IV)
- এন বি-Nyaya-bindu of Dharmakirtti (Bib. Budd. VII)
- এন বি টি--Nyaya-bindu-tika of Dharmottara (Bib. Budd, VII)
- পি এন—Pramana-samuccaya of Dinnaga, Part I, Restored into Sanskrit by H. R. H., Iyengar, Mysore.
- পি ভি-Pramana-varttika of Dharmakirtti with the Manoratha-nandini, JBORS, Patna.
- ট এন্—Tattva-samgraha of Santiraksita, 2 Vols, G. O. S., Baroda.

দ্রপ্তব্য

- ১। দীপবংশ, পৃঃ ৩৫ , বাষ্টনের "বৌদ্ধবর্মের ইতিহান", ২য় খণ্ড, পৃঃ ৯১ ইত্যাদি।
- ২। দীপবংশ, পৃঃ ৩৬। উত্তরদেশীয় বিবরণগুলিতে মহাসংঘিকের উৎপত্তি অস্ম ভাবে বিশৃত হইয়াছে।
- ও। যদিও সকল প্রামাণিক গ্রন্থই ১৮ সংখ্যা সম্বন্ধে একমত, তথাপি বিভিন্ন সম্প্রদায়গুলির নাম এবং শ্রেণী-বিভাগ সম্বন্ধে তাহাদের মধ্যে মতভেদ আছে। বাইন্ (বৌদ্ধর্মের ইতিহাস, ২য় গণ্ড, পৃঃ ৯৭ ইত্যাদি) ভিন্দু বর্ধাগ্রপুদ্ধা এবং বিনীতদেবের বিবরণের উপর নির্ভর করিয়া এই সকল নামের উল্লেগ করিয়াছেনঃ পূর্বশৈল, অপরশৈল, হৈমবত, লোকোন্তরবাদী এবং প্রজ্ঞপ্তিবাদী—ইহারা মহাসংঘিক সম্প্রদায়ের অন্তর্ভুক্ত , মূল সর্বান্তিবাদী, কাশুপীয়, মহীশাসক, ধর্মগুপ্ত, বাহুদ্রুতীয়, তামুটেতীয় এবং বিভজ্ঞাবাদ—ইহারা সর্বান্তিবাদের অন্তর্ভুক্ত , জেতবনীয়, অভয়গিরিবাসিগণ এবং মহাস্থবিরগণ স্থবির সম্প্রদায়ভুক্ত : কুরুকুলকগণ, অবন্তক এবং বাংসীয়পূত্রীয় সাঞ্মিতীয় সম্প্রদায়ভুক্ত । বহুমিত্রের নিকায়ালম্বন শান্ত্রও (মাহান্দা কর্তৃক ইংরেজীতে অন্দিত—Asia Major ২য় গণ্ড, ১৯২৫) ক্রন্তব্য । Max Walleser প্রণীত Dio Sektem des alten Buddhismus গ্রন্থে বহুমিত্রের (পৃঃ ২৪ ইত্যাদি) এবং ভব্যের (পৃঃ ৭৭ ইত্যাদি) মতামুসারে সম্প্রদায়গুলির বিবরণ দেওয়া হইয়াছে । কথাবন্ধু, ইহার টীকা এবং দীপবংশে (পৃঃ ৩৭-৮) পালি অথবা দক্ষিণ্দেশীয় বিবরণ দেওয়া হইয়াছে । কথাবন্ধু, ইহার টীকা এবং দীপবংশে (পৃঃ ৩৭-৮) পালি অথবা দক্ষিণ্দেশীয় বিবরণ দেওয়া হইয়াছে ।

- श অভিধর্মকোষ (পরিশিষ্ট), পুদ্গল বিনিশ্চয় (Steherbatsky কর্তৃক অন্দিত আত্মাবাদ), কথা-বত্থ_—প্রথম পরিচ্ছেদ , মধ্যমক কারিকা ৯ ও ১•
- কিম্রা—"হীনযান ও মহাযান". পৃঃ ১২, ১৫, ৬৭, ১১৫ ইত্যাদি। এন্, দত্ত, "বৌদ্ধর্মের তিনটি
 প্রধান সম্প্রদায়", পৃঃ ৬ ইত্যাদি।
- ৬। বোধিচর্যাবতার, ১।৭ : বিংশতিকা, ১০
- । মৈত্রেয় (নাথ), অসক এবং বহুবন্ধু (আকুমানিক ৪র্থ শতাধী) কর্তৃক প্রতিষ্টিত।
- ৮। মধ্যান্ত-বিভাগের প্রথম শ্লোকের (পৃ: ৯) সহিত তুলনীয়—

অভূতপরিকল্পোহস্থি দ্বয়ং তত্র ন বিগতে শৃষ্ণতা বিগতে দ্বত্র তস্তামপি স বিগতে।

- »। সর্বান্তি-বাদ (কুশ), সৌত্রান্তিক (যোষিংহ্ন). যোগাচার (ফা-সিয়াং বা হন্সো), মাধ্যমিক (সানরণ)। তাকাকুসর Essentials of Buddhist Philosophy, হনলুলু, ১৯৪৭ জাষ্টব্য।
- ১ । বৌদ্ধর্মের ইতিহাস ২য় খণ্ড, পুঃ ৫২-৪
- ১১। বৌদ্ধদর্শনে বলা হইয়াছে, "যো বিরুদ্ধ-ধর্মাধ্যাসবান নাসাবেকঃ।"
- ১২। অর্চিষাং সম্ভানে প্রদীপ ইতি উপচর্যতে, এক ইবেতি কৃত্বা। এ কে ভি, পৃঃ ৭১৩ , রাশীবদ্ধাশ্পবিদিতি, ঐ পুঃ ৭০৫।
- ১৩। এম কে ভি, পৃ: ৬৬-১
- ১৪। নগতির্নাশাং সংস্কৃতং ক্ষণিকং যতঃ, এ কে, ৪।২, টি এস, পুঃ ২৩১-২
- ১৫। পি ভি, ২।৪১৬-২॰
- ১৬। প্রজ্ঞা অমলা সামুচরা অভিধর্মা: এ কে ভি. পৃ: ১৮। মহাযানস্ক্রালংকার, ১১।৩
- ১৭। এইগুলি হইতেছেঃ ধন্ম সংগণি, বিভঙ্গ, ধাতু-কথা, পুগ্গল পঞ্ঞতি, কথা-বথু, যমক এবং পট্ঠান।
- ১৮। আউক্ষ এবং শ্রীমতী রাইস্ ডেভিড্স কর্তৃক অনুদিত।
- ১৯। McGovern: A Manual of Buddhist Philosophy, ১ম খণ্ড, পৃঃ ১৬-১৭
- ২০। তাকাকুস্থ সর্বান্তিবাদিদেব অভিধর্মসাহিত্যের একটি বিস্তৃত বিবরণ দিয়াছেন, পৃঃ ৬৭-১৪৬, JPTS, ১৯০৫
- ২১। এ কে ভি (পৃ: ৯ এবং ১১) এবং বাস্টনের বৌদ্ধর্মের ইতিহাস (১ম খণ্ড, পৃ: ৪৯-৫০) অমুসারে ইহা বলা হইল। এই বাক্যের প্রবক্তা সম্বন্ধে ভিন্ন মতের জন্ম সর্বান্তিবাদ সাহিত্য সম্বন্ধে তাকাকুম্বর প্রবন্ধ (পু: ৭৪-৮) দ্রাষ্ট্রব্য ।
- ২২। The Essentials of Buddhist Philosophy, হনপুপু হইতে প্রকাশিত, ১৯৪৭
- ২৩। বিভাষয়া দীব্যন্তি, চরস্তি বা. বিভাষাং বিদন্তি, বৈভাষিকাঃ, এ কে ভি. পুঃ ১২
- ২৪। রাহুল সাংকৃত্যায়ন কর্তৃক তিব্বতে আবিষ্কৃত অভিধর্মকোষ ভাষ্মের সংস্কৃত ভাষায় লিখিত ছুম্মাণ্য হন্তালিখিত পুঁশি এখনও মুক্তিত হয় নাই।
- २०। Central conception of Buddhism, शृ: १८

वीक पर्नन: उन्हेवा

- २७। এ 奪 🖲, प्रः ১२-১७
- २१। ঐ পृঃ১৬
- २४। ঐ পুঃ১৭
- २२। वे भुः ३६
- ७०। ঐ शुः ४२
- ৩১। ঐ পৃঃ ২৪ ইত্যাদি। McGovern, A Manual of Buddhism, পৃঃ ১০০ ইত্যাদি। Rosenberg, Probleme die Buddhist Philosophie, পৃঃ ১২৮-৯
- ৩২। একেভি, পু: ২৯ ইত্যাদি।
- ৩৩। একেভি, পঃ ৩৩
- ৩৪। Central Conception, পু: ১৩
- ા Manual of Buddhism, જુ: ১৩৬
- ৩৬। Central Conception, পঃ ১০ ইত্যাদি।
- ৩৭। একে ২।৩৫ ইত্যাদি ; একে ভি ১৪ ইত্যাদি।
- ७४। এ दक. 8
- ৩৯। একে, ২।৬৫: একে ভি, পৃঃ ২০
- ৪০। এ কে, ২।৪৯, এ কে ভি, পুঃ ২৩১ ইত্যাদি।
- ৪১। একে, ৩।১৮ ইত্যাদি।
- ৪২। যে স্ত্রপ্রামাণিকা ন শাস্ত্রপ্রামাণিকাঃ তে সৌত্রান্তিকাঃ, এ কে ভি, পৃঃ ১১
- ৪৩। একে ভি, পুঃ ২৫ ; এ কে ভি, পুঃ ৪৬৮ ইত্যাদি , Central Conception পুঃ ৭৭
- 88। এ কে, এ২৬। মতবাদের সংখ্যা চার, কারণ (১) প্রথমটি হইতেছে যে সন্তার পরিবর্তন হয় (ভাবপরিণাম—ধর্মতাতার মত বলিয়া কণিত). (২) দ্বিতীয়টি হইতেছে যে লক্ষণের পরিবর্তন হয়—(লক্ষণপরিণাম—ঘোষের মতবাদ বলিয়া কণিত), (৬) তৃতীয়টি হইতেছে যে অবস্থার পরিবর্তন হয়
 (অবস্থা-পরিণাম—বহুমিত্রদ্বারা সমর্থিত), অথবা নির্ভরশীলতা (অপেক্ষা-পরিণাম—বুদ্ধদেরের মত)।
 তৃতীয় বিকল্পটিই সত্য। কালের প্রভেদ উপাদানগুলির ক্রিয়ার প্রভেদের (কারিত্র-ভেদের) উপর
 নির্ভর করে। Central Conception, পৃঃ ৭৮-৯
- ৪৫। শৈবসিদ্ধান্তগ্রন্থ শিবজ্ঞানসিদ্ধির অরণন্দি (ত্রয়োদশ শতাব্দী) প্রণীত টীকা অবলম্বনে এই তালিকা রচিত হইয়াছে। পণ্ডিত ঐয়ম্বামী শান্ত্রী প্রথমে ইহার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেন। (আলম্বন-পরীক্ষার তংপ্রণীত 'পরিশিষ্ট' ক্রষ্টবা)।
- ৪৬। দিঙ্নাগের স্বলিখিত বৃত্তিসহ প্রমাণ-সম্চয় তাঁহার সর্বপ্রধান গ্রন্থ। বৌদ্ধ-তর্কশান্তে ইহার স্থান স্থানস্ত্রের সমতুলা। ইহা ছাড়াও তিনি বহু ক্ষুদ্র ক্ষুদ্র পুস্তুক রচনা করিয়ছিলেন। ইহাদের মধ্যে আলম্বন-পরীক্ষা, ত্রিকাল-পরীক্ষা, হেতুচক্র সমর্থন এবং স্থায়-ম্থ এইগুলি প্রধান। আলম্বন-পরীক্ষা এবং প্রমাণ-সম্চয় (অংশতঃ) তিববতীয় ভাষা হইতে সংস্কৃতে পুনর্লিখিত হইয়াছে, অস্থাম্থ পুস্তকসমূহ কেবলমাত্র তিববতীয় ভাষাতেই পাওয়া যায়। স্থায়-প্রবেশকে অনেকে দিঙ্নাগ কর্তৃক লিখিত বলিয়া মনে করেন, কিন্তু ইহা প্রকৃতপক্ষে শক্ষরশানীর রচনা।

ধর্মকীতি বিখ্যাত প্রমাণ-বার্তিক (ইহাকে দিঙ্নাগের প্রমাণ-সম্চন্নের একটি ধারাবাহিক টীকা বলা যাইতে পারে), প্রমাণ-বিনিশ্চর, হেতুবিন্দু, সম্বন্ধ-পরীক্ষা, সন্তানাস্তরসিদ্ধি এবং স্থার-বিন্দুর রচমিতা। ইহাদের মধ্যে কেবলমাত্রে প্রথম এবং শেষ পুস্তকটি সংস্কৃতভাষায় পাওয়া যায়।

- ৪৭। পি ভি, ১।৩; এন বি টি, পৃঃ ৩
- ৪৮। পি ভি, ১।৭; এন বি টি, পুঃ ৩
- ৪৯। পি এস, পৃঃ ৪; এন বি টি, পৃঃ ৫
- ৫ । পি এস, পঃ ৪ : পি ভি, ২, এন বি টি, পঃ ৫ ইত্যাদি।
- ৫)। এন্বিটি, পৃঃ ১২, Buddhist Logic প্রথম খণ্ড, পৃঃ ১৪৭ ইত্যাদি।
- e২। Critique of Pure Reason (কেম্প শ্বিথের অমুবাদ) পুঃ ৬১-৬২, পুঃ ৬৫, পুঃ ৯৩ ইত্যাদি।
- ৫७। शि जि, २।६७-६8
- ৫৪। পি ভি, ২।৫৫-৫৬ , এন্ বি টি, পৃঃ ৭ ; দেশ কাল ও বৌদ্ধিক আকারগুলি যে প্রত্যক্ষজগতে অমুভূত হইলেও উহারা জ্ঞাতৃতন্ত্র এবং প্রাক্পতাক্ষ কাণ্টের এই মতবাদের সহিত তুলনীয়।
- ee। शि जि. २169-6४
- ৫৬। পি ভি, ২। পুঃ ৬৫ ইত্যাদি।
- ৫৭। এন বিটি. পৃঃ ৬
- ৫৮। পি এস্, পৃঃ ৮
- ৫ ন। এন বিটি, পঃ ১৩
- ৬•। সেইজস্থ দিঙ্নাগ আন্ত-প্রতাক্ষকে প্রত্যক্ষের অন্তর্ভুক্ত না করিয়া প্রত্যক্ষের লক্ষণ নির্ণয়ের চেষ্টা করেন নাই। ধর্মকীতি কিন্তু প্রত্যক্ষকে বৌদ্ধিক কল্পনা এবং আন্তি হইতে মুক্ত জ্ঞন বলিয়াছেন। যে সকল আন্তি বৌদ্ধিক কল্পনাপ্রস্ত নয় পরস্ত ক্রত গতি, দূরত্ব, ইন্সিয়ের ক্ষতি বা রোগ প্রভৃতি কেবলমত্র বস্তুঘটিত অথবা শরীরগটিত কারণপ্রস্ত সেগুলিকে বর্জন করিবার জন্মই এইরূপ করা ইইয়াছে। এন বি, ১।৬
- ७)। এन वि, १।२२-२8
- ७२। পि छि, २।२८७, এन् वि, ১।२
- ৬৩। Buddhist Logic ২য় পণ্ড, পৃঃ ২৮
- ७८। এन् वि, ১, २, लि छि, २।२४२ ই छा नि।
- ৬৫। এন বিটি, পুঃ ৮
- ७७। এन वि, शब
- ৬৭। টি এস্, পৃঃ ৩৭২ ইত্যাদি।
- ७৮। नि अम्, पृ: ১२ , Buddhist Logic, ১ম খও, पृ: २১१।
- ৬৯। স্লোকবার্তিক (অনুমান পরিচ্ছেদ পৃ: ১৪৯ ইত্যাদি)। অর্চতের হেত্বিন্দুটীকায় উদ্ধৃত (পৃ: ২৩-২৪)।
 ইহা ধর্মকীর্তি প্রণীত হেতুবিন্দুর টীকা। বরোদা G. O. B-এ মুদ্রিত করিবার জন্ম ইহাকে লওয়া
 ইইয়ছে। আমার বন্ধু শ্রীমালবানিয়া অনুগ্রহ করিয়া এই টীকার প্রণ্ফ আমায় দেখাইয়াছিলেন।

विक पर्ननः उत्रेश

- ৭০। হেতুবিন্দুটীকা, পুঃ ২৪
- १३। ঐ शुः २६-२४
- ৭২। এন বি, ২।৩-৭।
- ৭৩। পি ভি, ৩।১ ; এন বি, ২।১১ ১২
- 98। এন বি টি, পঃ ২৪
- ৭৫। এন বি, পঃ ১৮ ইত্যাদি।
- ৭৬। পি ভি. ৩।৩०
- ৭৭। পি ভি, ২।৩০৬, এন বি, ১।১৮ ইত্যাদি।
- ৭৮। অত্যন্তবিলক্ষণানাং সলাক্ষণান, তাংপর্য টীকা ্পুঃ ৩৪০
- ৭৯। আন্মেতি, কাগ্রপ, অয়ম্ একোহন্তঃ, নৈরস্থানিতায়ং দ্বিতীয়োহন্তঃ, যদাস্থানৈরাস্থায়োর্মধাং তদরূপ্য-মনিদর্শনম্—ইয়ম্চাতে··মধামা প্রতিপদ্ধাণাং ভূত-প্রতাবেক্ষা—কগ্রপ-পরিবর্ত, পৃঃ ৮৭, এম্ কে ভি-তে উদ্ধৃত, পৃঃ ৩৫৮
- ৮০। মজ্ঝিম নিকায় (হুত্ত ৭২) সংযুক্ত নিকায় ৩। পৃঃ ২৫৭ ইত্যাদি ৪। পৃঃ ৩৭৪-৪০৩, এম্ কে দ্বাবিংশ, পঞ্জিশে এবং সপ্তবিংশ অধ্যায় এবং অষ্ট-সহস্ৰিকা পুঃ ২৬৯ ইত্যাদি।
- ৮১। Gautama the Buddha, পুঃ ৫৯ Ind. Phil, প্রথম গ্রু, পুঃ ৬৮২-৩
- ৮২। মজ্বিম নিকায় (হুত্ত ৭২), Warren, Buddhism in Translations, পুঃ ১২৫
- ৮৩। সংযুত্ত নিকায় ২।১৭
- ४८ । यम (क sela
- ৮৫। ইহার কয়েকটি বিভিন্ন পাঠ প্রচলিত আছে। মনে হয় অইসাহস্রিকা (আনুমানিক প্রথম শতান্দী পুঃখঃ) মূলগ্রন্থ এবং শতসাহস্রিকা পঞ্চবিংশতি প্রভৃতি উহারই বিস্তৃত ব্যাখ্যা এবং বজ্র-ছেদিকা ও অধার্ধশতিকা উহার সংক্ষিপ্ত আকার।
- ৮৬। মধ্যমক বৃত্তি এবং প্রক্তাপ্রদীপ যথাক্রমে বৃদ্ধপালিত এবং ভাববিবেক কর্তৃক লিখিত মধ্যমক কারিকার ভাষা। ভাববিবেক ইহা ব্যতীত তর্কজালা মধ্যমকার্গদংগ্রহ এই হুইটি গ্রন্থেবও প্রণেতা। এই হুইটি তিব্বতীয় ভাষায় রক্ষিত আছে।
- ৮৭। চতশ্রং ত্বেতা দৃষ্টয়ঃ। এদ কে ভি, প্রঃ ৫৭২-৩। চতুঃশতিকা, ১৪।২১
- ৮৮। আচার্যো ভূয়দা প্রদঙ্গাপত্তি মুথেনৈব পরপক্ষং নিরাকরোতিস্ম। এম কে ভি, পৃঃ ২৪
- ৮৯। এম কে ভি, পঃ ১৬, ১৮, ৩৪
- ৯০। ঐ পুঃ ১৪, ২২, এদ কে, ২০।২০
- २०१ के पुः ७७ के २०१०
- ন্ব। এম কে, ১৮।১০, ১৪।১৯। বিরোধ-মূলক বিচারের মূল নিয়ম সম্বন্ধে এস কে, ২।২১, ১৯।৬, এম কে ভি, পৃঃ ২০০ দ্রম্ভবা।
- ৯৩। এম্কে, ১৩৮, ১৪।১১ , এম্কে ভি, পৃঃ ২৪৭৮
- ৯৪। প্রজ্ঞা-পারমিতা জ্ঞানমন্বয়ন্ স তথাগতঃ—দিঙ্নাগ প্রণীত প্রজ্ঞাপারমিতা পিতার্থ।

- ৯৫। এম কে, ১৮, বোধিচর্যাবভার ১।২
- क्षा <u>के</u> २०। १९ ३३,२०,३
- वा है १८%
- ৯৮। এম কে ভি. পঃ ৪৯৩
- कत्र के शुरुष
- ১००। वम्, तक, अभाव २०
- ১০১। Tucci, Some Aspects of the Doctrines of Maitreyanatha, পঃ ২ ইতাদি।
- ১০২। বস্থবন্ধু ২৮০-৩৬০ খৃষ্টাব্দ, অথবা ৪২০-৫০০ খৃষ্টাব্দে জীবিত ছিলেন এ সম্বন্ধে মতভেদ আছে। সাধারণতঃ এখন প্রথম মতটিই গৃহীত হইয়া থাকে।
- ১০৩। Obermileer, The Doctrine of Prajnaparamita, পুঃ ৯৯-১০০
- ১০৪। ত্রিংশিকাভার, পৃঃ ১৫
- ১০৫ ৷ ঐ পৃঃ ৬৬
- ১০৬। মধ্যান্ত বিভাগ টীকা, পুঃ ৯, ১৩-১৪, ১৮
- ১০৭। সংক্রিষ্টা চ বিশুদ্ধা চ সমলা বিমলা চ। মধ্যান্ত, পুঃ ৪২-৩
- ১০৮। আলম্বন পরীক্ষা (দিঙ্নাগ) ১, ২। বিংশতিকা, ২। টি এদ, পুঃ ৫৫১ ইত্যাদি।
- ১০৯। এই প্রবন্ধের দ্বিতীয়াংশ ক্রন্থবা।
- ১১·। (ক) পি ভি, ২।৪৪২-৫
- ১১०। (१) ঐ २।७७७, ७४२-२১, ६५১ ईंजानि।
- ১১১। বিংশতিকা। ১. ৯
- ३३२। 🗷 २
- ১১৩। জিংশিকা, ১
- ১১৪। এবমালয়বিজ্ঞানে সতি সংসারপ্রান্তিনিবৃত্তিশ্চ ত্রিংশিকা, পঃ ৩৮
- ১১৫। ঐ তস্ত্র বাবিত্রির্বাইছে।
- ১১৬। ত্রিংশিকা, ২০
- ८५ हि । १८८
- ३३४। ঐ २२
- ১১৯। ত্রিংশিকাভান্ত, পুঃ ৩৯-৪১
- **३२०। जिः शिका, २७-७०**
- ১২১। "নহাথান মতবাদ সম্ভবতঃ কিছু পরিমাণে উপনিষদের প্রভাবের নিকট ঋণী"—Steherbateky, Buddhist Nirvana, পৃঃ ৫১
- ડરરા <u>વે</u>, જુઃ લ્ડ, હર
- ১২৩। অধ্যাপক বিধূশেথর ভট্টাচার্য কাঁহার গ্রন্থ গৌড়পাদের আগম শাল্রে তাঁহার স্বভাবস্থলভ দক্ষতার সহিত প্রমাণ করিয়াছেন।
- ১২৪। আগমশান্ত, পৃঃ CX LIV, IV

বৌদ্ধ দর্শন: গ্রন্থবিবরণী

গ্রন্থবিবর্গী

যশোমিত্র-অভিধর্মকোষ ব্যাখ্যা

ধর্মকীর্তি—প্রমাণ বার্তিক

ধর্মকীর্তি—স্থায়বিন্দু

নাগার্জুন—মূল মধ্যমক কারিকা চন্দ্রকীতির প্রসন্নপদাসহ

শান্তিদেব—বোধিচর্যাবতার

বহুবন্ধু—বিজ্ঞপ্তিমাত্রতাসিদ্ধি

শান্তিরক্ষিত—তত্ত্বসংগ্রহ

ওবারমিলার—বাষ্ট্রন্ প্রণীত বৌদ্ধর্মের ইতিহাস, ১ম ও ২য় থগু (অনুবাদ)

রাধাকৃঞ্ন—ভারতীয় দর্শন, ১ম খণ্ড পৃঃ ৬১১ ইত্যাদি

দাসগুপ্ত—ভারতীয় দর্শনের ইতিহাস, ১ম ও ২য় খণ্ড

শেরবান্ধি--নির্বাণ সম্বন্ধে বৌদ্ধমত

শেরবান্ধি—বৌদ্ধ তর্কশাস্ত্র, ২য় খণ্ড

উইন্টারনিজ —ভারতীয় সাহিত্যের ইতিহাস (ইংরাজী অনুবাদ), ২য় খণ্ড

वकामम अजिटाइम

স্যায়-বৈশেষিক দর্শন

ক। প্রাচীন স্থায়-বৈশেষিক দর্শন

১। ভূমিকা

ন্থায় ও বৈশেষিক এই হইটি স্বাধীন বিচারের উপর প্রতিষ্ঠিত বস্থবাদী দর্শন।
এই তুইটি দর্শন বৌদ্ধ আভাসবাদ ও বিজ্ঞানবাদের বিরুদ্ধে মূল্যবান প্রতিক্রিয়া।
ন্থায় প্রধানত: যুক্তি ও প্রমাণশাস্ত্র এবং বৈশেষিক প্রধানত: পদার্থ ও তত্ত্ববিদ্যা।
অবশ্য উভয়েরই মূল তত্ত্বগুলি এক এবং উভয়ের লক্ষ্যও এক—জীবের মুক্তি বা
অপবর্গ লাভ। এই তুইটি প্রস্থানের মধ্যে নিবিড় সম্পর্ক থাকায় এবং বহুকাল যাবং
উহারা একই মূল দর্শনের অঙ্গ বলিয়া,গৃহীত হওয়ায়, এই পরিচ্ছেদে তাহাদের এক
সক্ষেই আলোচনা করা হইবে।

ক্যায়-বৈশেষিক দর্শনের ইতিহাস বিংশ-শতাকী পরিব্যাপ্ত। প্রাচীন ও নবীন— এই তুই ভাগে ইহা বিভক্ত। গৌতম এবং কণাদ (আছমানিক গৃ: পৃ: তৃতীয় শতক) হইতে প্রাচীন স্থায়-বৈশেষিকের আরম্ভ এবং নব্য-স্থায়ের প্রতিষ্ঠাতা গঙ্গেশের (খৃ: ১২০০) আবিভাবের দঙ্গে ইহার পরিদমাপ্তি। গৌতমের ন্যায়স্ত্রই ন্যায় দর্শনের প্রথম স্থবিক্সন্ত রচনা। প্রাচীন ক্যায়ের অক্যাক্ত বিখ্যাত গ্রন্থের মধ্যে নিম্নলিখিত গ্রন্থগুলি উল্লেখযোগ্যঃ বাংস্থায়নের স্থায়-ভাগ্য (আন্মানিক গৃঃ ৪০০), উদ্যোতকরের তায়বাতিক (আহুমানিক গৃ: ষষ্ঠ শতক ', বাচস্পতি মিশ্রের তায়-বাতিক-তাৎপর্য-টীকা (থু: নবম শতক), উদয়নের ন্যায়-বাতিক-তাৎপর্য-পরিশুদ্ধি (গু: দশম শতক) ও ক্রায়কুস্মাঞ্জলি (খৃঃ দশম শতক), জয়স্ত ভট্টের ক্রায়মঞ্জরী এবং ভাদর্বজ্ঞের ন্তায়-সার (খঃ দশম শতক)। কণাদের বৈশেষিক-স্ত্র বৈশেষিক দর্শনের প্রথম স্থবিতাস্ত রচনা। ইহা তায়প্তের পূর্বে রচিত বলিয়ামনে হয়। বৈশেষিক স্থেরের কোন ভাগ্য এখন আর পাওয়া যায় না। যদিও লঙ্কাধিপতি রাবণ ইহার একথানি ভাষ্য রচনা করিয়াছিলেন বলিয়া শোনা যায়। প্রশন্তপাদের পদার্থ-ধর্ম-সংগ্রহকেই (খৃঃ চতুর্থ শতক) দাধারণতঃ বৈশেষিক-স্ত্তের ভাষ্য বলিয়া গ্রহণ করা হয়। কিন্তু এই গ্রন্থ পড়িলে ইহাকে ভাষ্য বলিয়া মনে হয় না। মনে হয় যেন ইহা বৈশেষিক দর্শনের উপর লিখিত একটি স্বভন্ত গ্রন্থ। প্রশন্তপাদের এই গ্রন্থের উপর

স্থায়-বৈশেষিক দর্শন: প্রমাশাস্ত

তিনটি উৎকৃষ্ট টীকা আছে: যথা ব্যোমশিবের ব্যোমবতী (খৃঃ নবম শতক), প্রীধরের স্থার-কন্দলী এবং উদয়নের কিরণাবলী (খৃঃ দশম শতক)। উদয়নের লক্ষণাবলী বৈশেষিক দর্শনের উপর লিখিত একটি ক্ষুদ্র সংগ্রহ-পুস্তক। শিবাদিত্যের সপ্তপদার্থী এবং বল্লভাচার্যের স্থায়-লীলাবতী বৈশেষিক দর্শনের উপর লিখিত অপর তুইখানি মূল্যবান্ গ্রন্থ; এই গ্রন্থ ছুইখানি প্রাচীন যুগের শেষ দিকে রচিত এবং ইহাদের মধ্যে স্থায়-বৈশেষিক দর্শনের ইঞ্চিত পাওয়া যায়।

প্রাচীন ন্থায়-বৈশেষিক দর্শনকে প্রমাশাল্প ও তত্ত্বিছা এই ছুই ভাগে ভাগ করিলে আলোচনার স্থবিধা হইবে।

२। ध्रमाभाव

ফ্রায়-বৈশেষিকের প্রমাণান্তে জ্ঞান-সম্পর্কিত প্রধান প্রধান সমস্থার সবগুলিই আলোচিত হইয়াছে। জ্ঞান আত্মার একটি গুণ, বিষয়ের প্রকাশই উহার স্বরূপ। জ্ঞানের নানা প্রকার আছে। তায় দর্শনে জ্ঞানকে প্রমা বা যথার্থ জ্ঞান এবং অপ্রমা বা অষথার্থ জ্ঞান - এই হুই ভাগে ভাগ করা হইয়াছে। প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি ও শব্দ এইগুলি প্রমার বিভাগ। স্মৃতি, সংশয়, বিপর্যয় ও তর্ক এইগুলি অপ্রমার বিভিন্ন প্রকার। বৈশেষিক দর্শনেও জ্ঞানকে প্রধানতঃ তুই ভাগে ভাগ করা হইয়াছে: বিলা বা যথাৰ্থজ্ঞান এবং অবিলা বা অ-যথাৰ্থ জ্ঞান। কিন্তু প্ৰত্যক্ষ, অনুমান, শুভি এবং আর্যজ্ঞান এইগুলিই প্রথমটির উপবিভাগ, এবং দ্বিতীয়টির উপবিভাগ হইতেছে সংশয়, বিপর্যয়, অনধ্যবদায় এবং স্বপ্ন। যথার্থজ্ঞান বলিতে বোঝা যায়, বিষয় বা বস্তু যেমন আছে তাহার সম্বন্ধে ঠিক তেমন অসন্দিগ্ধ, স্থনির্দিষ্ট ও নিভূলি অহুভব। এই মত অমুদারে, দংশয়, বিপর্যয়, তর্ক, অনধ্যবদায় এবং স্বপ্লকে ষ্ণার্থজ্ঞান হইতে বাদ দেওয়া হইয়াছে এইজন্ম যে, উহারা হয় অনিশ্চয়তা-দোবে হুট অথবা তাহারা বিষয়কে যথার্থ ভাবে প্রকাশ করে না। স্মৃতিকে নৈয়ায়িকরা অযথার্থ জ্ঞান বলিয়া মনে করেন, কারণ ইহা অফুভব নয়, কিন্তু কোন বিষয়ের অতীত অফুভবের সংস্থারজনিত জ্ঞান। যদিও কোন কোন বৈশেষিক স্মৃতিকে প্রমার অন্তর্ভুক্ত করেন, তথাপি অন্ত কেহ কেহ উহাকে প্রমা হইতে বাদ দিয়া থাকেন। আর্যজ্ঞানকে নৈয়ায়িকরা যথার্থ-জ্ঞান বলিয়া গ্রহণ করেন, কিন্ধ ইহাকে অলৌকিক জ্ঞানের পর্যায়ে ফেলা হয়।

প্রমাকে কিভাবে অযথার্থ বা ভ্রাস্ত জ্ঞান হইতে পৃথক্ করা হইবে, সে বিষয়ে গ্রায়-বৈশিষেকের মত এইরূপ: বিষয়ের স্বভাবের সঙ্গে জ্ঞানের যথন মিলন ঘটে,

তথনই জ্ঞান যথার্থ বিলয়া পরিগণিত হয়; ইহার অন্যথা হইলেই জ্ঞান প্রান্ত হয়। কোন জ্ঞান যথার্থ কিনা জ্ঞানিতে হইলে দেখিতে হইলে যে, উহা সফল প্রবৃত্তির জনক কিনা। জ্ঞান যদি সফল প্রবৃত্তির জনক হয়, তাহা হইলে উহা সত্য, তাহা না হইলে উহা মিথ্যা। অতএব, জ্ঞানের সত্যতা ও মিথ্যাত্ব নির্ভর করে বিষয়ের স্বভাবের সহিত জ্ঞানের সৃষ্ঠতি এবং অসক্ষতির উপর এবং প্রবৃত্তিসংবাদ বা প্রবৃত্তিবিসংবাদের সাহায্যে জ্ঞানের এই সত্যত্য বা মিথ্যাত্ব নির্ধারিত হয়। জ্ঞানের সত্যতা এবং মিথ্যাত্ব নির্ভর করে বিষয়ের স্বভাবের সহিত জ্ঞানের সৃষ্ঠতি এবং অসক্ষতির উপর, এবং প্রবৃত্তিসংবাদ বা প্রবৃত্তি-বিসংবাদের সাহায্যে জ্ঞানের এই সত্যতা বা মিথ্যাত্ব বন্ধর সহিত জ্ঞানের সঙ্গতি এবং অসক্ষতি এই তৃইটি কারণের উপর নির্ভর করে। এবং প্রবৃত্তিসংবাদ ও প্রবৃত্তিবিসংবাদের সাহায্যে জ্ঞানের সত্যতা এবং মিথ্যাত্ব নির্ধারিত হয় বলিয়া এই মতকে পরতঃপ্রামাণ্য এবং পরতঃ-অপ্রামাণ্যবাদ বলা হয়। কোন কোন নৈয়ায়িক অবশ্য বিশেষ ক্ষেত্রে স্বতঃপ্রামাণ্যবাদ স্বীকার করেন।

প্রমা বলিতে যেমন যথার্থ জ্ঞান ব্ঝায়, তেমনি প্রমাণ বলিতে এরপ জ্ঞানের নিয়তকরণ ব্ঝায়। কতগুলি প্রমাণ স্বীকার করা হইবে সে-বিষয়ে তায় ও বৈশেষিকের মধ্যে মতভেদ আছে। নৈয়ায়িক সাধারণতঃ চারটি প্রমাণ স্বীকার করিয়া থাকেন। যথা—প্রত্যক্ষ, অন্থমিতি, উপমিতি ও শব্দ। বৈশেষিক কেবল প্রত্যক্ষ ও অন্থমিতিকে পৃথক প্রমাণ বলিয়া স্বীকার করেন এবং তাঁহার মতে উপমিতি এবং শব্দ অন্থমিতিরই অন্তর্ভুক্ত। কোন কোন নৈয়ায়িক অবশ্য উপমিতিকে শব্দপ্রমাণ বলিয়া মনে করেন। আবার কোন কোন বৈশেষিক শ্বতি এবং শব্দকে স্বতন্ত্র প্রমাণ বলিয়া গ্রহণ করিয়া থাকেন। অন্থান্য দার্শনিকরা অর্থাপত্তি, অন্থলনির প্রভৃতি যে কতকগুলি পৃথক প্রমাণ মানিয়া থাকেন, তায়ার-বৈশেষিক দেই সকল প্রমাণকে তাঁহাদের স্বীকৃত প্রমাণের কোন না কোন একটির মধ্যে গণ্য করিয়া থাকেন। ৩

দকল প্রমাণের মধ্যে প্রত্যক্ষের স্থান প্রথম। প্রাচীন ন্যায়-বৈশেষিক দর্শনে প্রত্যক্ষের এইরপ লক্ষণ করা হইয়াছে; উহা বিষয়েক্সিয়-সন্নিকর্য-জনিত বিষয়ের নিশ্চিত এবং যথার্থ জ্ঞান। প্রাচীন নৈয়ায়িকদের অন্ত একটি সংজ্ঞা অফুসারে প্রত্যক্ষ বলিতে ব্যায় এমন সাক্ষাং প্রতীতি যাহা পূর্ব প্রত্যক্ষ বা অফুমানের উপর নির্ভর করে না। এই মতের মধ্যে নব্যন্থায়ের ইন্ধিত পাওয়া যায়। ইন্দিয়-সন্নিকর্ব হইতে উৎপন্ন প্রত্যক্ষজ্ঞানের নানাপ্রকার শ্রেণীবিভাগ আছে। প্রত্যক্ষজ্ঞান

স্থায়-বৈশেষিক দর্শন : প্রমাশাস্ত

যখন চক্ষ্, কর্ণ, জক্, জিহ্বা, নাদিকাদারা উৎপন্ন হয়, তথন ইহাকে বাফ্প্রজাক বলা হয়। যে প্রত্যক্ষজ্ঞান মন বা অস্কঃকরণ ও উহার যোগ্য বিষয়ের সিমিকর্বদারা উৎপন্ন হয়, তাহা আন্তর বা মানস-প্রত্যক্ষ। অক্সদিক হইতে প্রত্যক্ষজ্ঞানকে আবার ত্ইভাগে ভাগ করা হইয়াছে; য়থা—নির্বিকন্ধ প্রত্যক্ষ এবং সবিকন্ধ প্রত্যক্ষ প্রভাকে বস্তর কেবল অন্তিম্বের দিকটাই প্রকাশিত হয়; 'ইহা অমুক প্রকারের পদার্থ' এইরূপ কোন ধর্মধ্যিভাব স্পইভাবে গৃহীত হয় না। উহা শুধ্ বস্তু ও উহার গুণগুলির অসংবদ্ধ জ্ঞানমাত্র, বস্তুটিকে উদ্দেশ্য করিয়া এবং গুণগুলিকে বিধেয় করিয়া শন্দের মাধ্যমে জ্ঞান নহে। সবিকন্ধ প্রত্যক্ষে বস্তুকে কোন ধর্মযুক্ত বলিয়া জানা হয়। ক্যায়-বৈশেষিক মতে প্রত্যেভিজ্ঞা সবিকন্ধ প্রত্যক্ষেরই প্রকারবিশেষ। প্রত্যভিজ্ঞাতে আমরা এইরূপ বাক্য ব্যবহার করিয়া থাকি: "যে ঘট আমি পূর্বে দেখিয়াছি উহা তাহাই।" অতএব, উহা পূর্বে অমুভূত হইয়াছিল এই ভাবে কোন বিষয়ের জ্ঞান।'

প্রত্যক্ষের পরেই অমুমানের আলোচনা করা হইয়াছে। অমুমান বলিতে এমন এক বিচারপ্রণালী বুঝায়, যাহাদারা কোন বস্তুর প্রত্যক্ষে অজ্ঞাত ধর্মের জ্ঞান হয়। এই জ্ঞান ঐ বম্বতে বিভামান এমন একটি চিহ্ন বা লিক্ষের সাহায়ে উৎপন্ন হয় যাহা উক্ত ধর্মের দহিত নিয়তভাবে দম্ব। উদাহরণম্বরূপ আমরা পর্বত হইতে ধুম দেখিয়া ধুম ও অগ্নির নিয়ত সম্বন্ধ স্মরণ করি; অহুমান করি যে, পর্বতে অগ্নি আছে। যে পদার্থে কোন ধর্মের অন্তমান করা হইয়া থাকে (ষেমন এ ক্ষেত্রে পর্বত) উহাকে অর্থাৎ, অনুমিতি-বাক্যের উদ্দেশ্যকে পক্ষ বলা হয়। যাহা অনুমিতির বিষয় (বেমন এ ক্ষেত্রে অগ্নি) তাহাকে সাধ্য বলা হয় এবং যে চিহ্নের শাহায্যে এই অমুমিতি লাভ করা হইল (যেমন এ ক্ষেত্রে ধুম) তাহাকে লিস বা হেতু বলা হয়। ধূমকে এ ক্ষেত্রে অগ্নির লিঙ্ক বলিয়াধরা হইয়াছে এই জক্ত যে, ইহা পর্বতে দৃষ্ট হয় এবং পূর্ব-অভিজ্ঞতা হইতে জানা যায় যে, ধ্মমাত্রেই অগ্নির দহিত নিয়তভাবে দম্বদ্ধ। পক্ষে লিঙ্গের অবস্থিতিকে বলা হয় পক্ষধর্মতা এবং লিক্ষের সহিত দাধ্যের অব্যভিচারী সম্পর্ককে বলা হয় অ-বিনা-ভাব বা ব্যাপ্তি। অতএব দেখা যাইতেছে যে, কেবল লিক্ষের সাহায়োই অনুমান করা হয় না, কিছু লিক্ষের সহিত সাধ্যের অব্যভিচারী সম্পর্ক এবং পক্ষে উহার অবস্থিতির জ্ঞান অমুমিতির করণ। এই জ্ঞানকে লিকপরামর্শ বলা হয়।"

পূর্বে যাহা বলা হইয়াছে তাহা হইতে এই দিন্ধান্ত করা যায় যে, অমুমানে তিনটি শব্দ ও তিনটি বাক্য থাকিবে। এই তিনটি শব্দকে বলা হয় পক্ষ, সাধ্য,

লিক। এগারিস্টট্ল্-এর তর্কশাস্ত্র মতে ইহাদিগকে যথাক্রমে minor, major এবং middle term বলা যাইতে পারে। লিকের মাধ্যমে সাধ্যের সহিত পক্ষের সম্পর্ক স্থাপন করাই অন্থমিতি। স্থতরাং অন্থমানে তিনটি বাক্য থাকে। প্রথম বাক্যে সাধ্যকে পক্ষের বিধেয় করা হয়; যথা—পর্বত বহ্নিমান্। ছিতীয়টিতে পক্ষে যে লিকের সম্বন্ধ আছে তাহা বলা হয়; যথা—কারণ, পর্বত ধ্মবান্। ছতীয়টিতে বলা হয় য়ে, লিক সাধ্যের সহিত নিয়ত সম্বন্ধ। যথা—যেথানে ষেথানে ধ্ম আছে সেখানেই বহ্নি আছে, যথা পাকশালা। এইভাবে আমরা এমন একটি স্থায় পাই যাহার তিনটি অবয়ব। এই স্থায় স্থার্থায়্মমান, অর্থাৎ যাহা নিজের প্রয়োজনে ব্যবস্থত হয়। কিল্ক যে অন্থমান অপরকে কিছু ব্ঝাইবার জন্ম করা হয়, তাহাকে বলা হয় পঞ্চাবয়বী-স্থায়; ইহা পরার্থায়্মমান। এই পাঁচটি অবয়ব এবং উহাদের ক্রম নিম্নলিথিত রূপ:

(2)	প্রতিজ্ঞা—	পৰ্বত বহ্নিমান্।
(२)	হেছু—	কারণ, পর্বতে ধৃম আছে।

- (৩) উদাহরণ, অর্থাৎ দৃষ্টান্তসহ বাগিও- বেখানে ধ্ম আছে সেখানেই বহি বাক্য— আছে, যেমন—পাকশালা।
- (৪) উপনয়, অর্থাৎ প্রয়োগ— এই পর্বতের ধৃমও সেইরূপ।
 (৫) নিগমন অর্থাৎ সিদ্ধান্ত— অতএব, এই পর্বত বহিন্নান।

এখানে আমরা এমন একটি স্থায়ের উদাহরণ পাইতেছি যাহাতে পাঁচটি সর্তনিরক্ষেপ বাক্য আছে। ভারতীয় ও এারিস্টটলীয় স্থায়ের মধ্যে কোন কোন বিষয়ে সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। উভয়ের মতেই প্রত্যেক স্থায়ে তিনটি মাত্র ম্থ্য পদ থাকে। তিন অবয়বযুক্ত ভারতীয় স্থায়ে যে তিনটি বাক্য থাকে, সেইগুলি এ্যারিস্টটলীয় স্থায়ের দিন্ধান্ত, অপ্রধান ও প্রধান বাক্যের অন্থরপ। এই সাদৃশ্যের জন্ম কোন কোন পণ্ডিত বলিয়া থাকেন যে, ভারতীয় স্থায়ের বিকাশের ম্লে এ্যারিস্টটলের প্রভাব রহিয়াছে। কিন্তু আমরা ষথন উভয়ের মৌলিক প্রভেদগুলি লক্ষ্য করি, তখন আর এই দিন্ধান্ত গ্রহণ করিতে পারি না। ভারতীয় স্থায়ে, যেথানে তিনটি অবয়ব থাকে তাহাদের ক্রম এ্যারিস্টটল্ কর্তৃক নির্দিষ্ট ক্রমের বিপরীত। 'সকলে' এবং 'কেহই নহে'—এভংশংক্রান্ত নিয়ম এ্যারিস্টটলীয় স্থায়ের ম্লুক্ত্রে এবং উহা কোন শ্রেণীতে অন্তর্ভুক্ত হওয়া রূপ সম্বন্ধের উপর সম্পূর্ণ নির্ভর করে। অপর দিকে, ভারতীয় স্থায়ের ম্লুক্ত্রে হইল সাধ্য ও লিক্ষের মধ্যে অব্যভিচারী এবং অনস্থাদিদ্ধ সহচার-নিয়ম। তাহা ছাড়া, এ্যারিস্টটলের

স্থায়-বৈশেষিক দর্শন: প্রমাশান্ত

ন্থায় কেবল আকারগত এবং এই ন্যায়খারা দিছান্তের শুধু আকারগত সত্যতাই নির্ধান্থিত হয়। ইহা অফুমান অপেক্ষা বরং উপান্তবাক্যের সত্যতা ইহতে অন্থ বাক্যের সত্যতা উপপাদন করার ন্যায়। অর্থাৎ হেতুবাক্যগুলির সভ্যতা স্থীকার করিলে দিছান্তের সত্যতাও স্থীকার করিতে হয়। ভারতীয় ক্যায় যথার্থই অফুমিতি; উহাকে হেতুবাক্যগুলির সভ্যতা নিশ্চিতভাবে পরিজ্ঞাত এবং এইরূপ হেতুবাক্য হইতে আমরা একটি বাস্তব সভ্য এবং অবশ্রমীকার্য দিছান্তে উপনীত হই। ভারতীয় ক্যায়ের তৃতীয় বাক্যটি প্রকৃতপক্ষে ব্যবহারিক অভিজ্ঞতার উপর প্রতিষ্ঠিত একটি সার্বিক বাক্য। স্থতরাং ইহাতে অবরোহ এবং আবোহ অফুমানের এবং আকারগত ও বস্তুগত সভ্যের সমন্বয় করা হইয়াছে। ভারতীয় ক্যায়ের চতুর্থ বাক্যে এ্যারিস্টিলীয় প্রধান এবং অপ্রধান হেতুবাক্যের সমন্বয়সাধন করা হয়। এইরূপ করাতে প্রধান ও অপ্রধান হেতুবাক্যে যে একই মধ্যপদ ব্যবহার করা হইয়াছে উহা স্পইভাবে দেখান হয়। এফ্. এইচ্ ব্যাভ্রি প্রম্ব কোন বোন আধুনিক পাশ্চাভ্য নিয়ায়িক স্থীকার করিয়া থাকেন যে, ন্যায়ে এই ছাতীয় সমন্বয়ের প্রয়োজন আছে। এ্যারিস্টিলীয় ন্যায়ে ভারতীয় ন্যায়ের অন্তর্গত চতুর্থ বাক্যের অন্তর্গ কোন হেতুবাক্য নাই।

স্থায় ও বৈশেষিক সম্প্রদায়ে অহমানের বিভিন্নপ্রকার শ্রেণীবিভাগ আছে। স্থার্থ ও পরার্থ অহমান (অর্থাৎ নিজের জন্ম এবং পরকে ব্রাইবার জন্ম অহমান) প্রদক্ষে স্থায় ও বৈশেষিক একমতাবলম্বী। ন্যায়-প্রদর্শিত পূর্ববং, শেষবং ও দামান্যতোদৃষ্ট অহমানের স্থলে বৈশেষিক মতে দৃষ্ট ও দামান্যতোদৃষ্ট মাত্র এই হই প্রকারের অহমান স্বীকার করা হইয়াছে। যে অহমানে আমরা প্রত্যক্ষ কার্যে যাই, তাহাকে পূর্ববং অহমান বলে; শেষবং অহমানে আমরা প্রত্যক্ষ কার্য হইতে অপ্রত্যক্ষ কার্যে উপনীত হই। দৃষ্ট অহমানে আমরা অতীতে দৃষ্ট, হেতু ও সাধ্যের ব্যাপ্তির উপর নির্ভর করিয়া থাকি। হেতু ও সাধ্যের সঙ্গে শাদৃশ্য আছে এমন ত্বই পদার্থের মধ্যে যে অব্যভিচারী সম্পর্ক তাহার উপর প্রতিষ্ঠিত স্থায়কে দামান্যতোদৃষ্ট ন্যায় বলা হয়। উদাহরণস্বরূপ বলা যায়, যেহেতু কর্তনক্ষার জন্ম একটি যন্ত্রের প্রয়োজন হয়, যেমন কুঠার; তেমনি জ্ঞানক্রিয়ার ব্যাথ্যা করিতে গেলে ইন্দ্রিয়সমূহের অন্তেজকে অহমান করিতে হয়। অহমানকে আবার অক্তভাবে তিন শ্রেণীতে ভাগ করা হয়; যেম্ন—কেবলাহ্যী, কেবল-ব্যতিরেকী এবং অন্তর্যু-ব্যত্তিরেকী। যে অহমান হেতু ও দাধ্যের প্রতিষ্ঠিত, তাহাকে কেবলাহ্যী

অহমান বলে; কেবল-ব্যতিরেকী অহমান হেতু ও সাধ্যের একমাত্র ব্যতিরেক-ব্যাপ্তির (অর্থাৎ যেখানে সাধ্যাভাব সেখানে হেতুর অভাব এইরূপ ব্যাপ্তির) উপর প্রতিষ্ঠিত; অবয়-ব্যতিরেকী অহমানে হেতু ও সাধ্যের মধ্যে অবয় ও ব্যতিরেক এই উভয়প্রকার ব্যাপ্তিই থাকে।

দাধারণতঃ স্থায়-বৈশেষিক মতে অনুমানে পাঁচ প্রকারের হেডাভাদ, অর্থাৎ সদোষ হেতু মানা হয়। অবশ্য কোন কোন মতে তিন চার বা ছয় প্রকারের হেখাভাদের উল্লেখ দেখা যায়। বাস্ত অনুমান হেতুদোষ-ঘটত। এই হেখাভাস-গুলির নাম নিম্নলিখিত রূপ: (১) স-ব্যভিচার (২) বিরুদ্ধ (৩) সংপ্রতিপক্ষ (৪) অসিদ্ধ (৫) বাধিত। স্ব্যভিচার স্থলে হেতু শুধু সাধ্যের স্থানেই থাকে এমন नर्ट, किन्छ मार्त्य मार्त्य माध्यमृश शात्म थारक। উদাহরণয়রপ বলা যাইতে পারে যে, বহ্নিকে যদি হেতু হিসাবে গ্রহণ করিয়া ধুমের অন্তিত্ব অহুমান করা হয়, তাহা হইলে এই জাতীয় হেখাভাদ ঘটে। যে হেতুদারা অভীষ্ট দাধ্যের পরিবর্তে সাধ্যাভাবই প্রমাণিত হয়, তাহাকে বিরুদ্ধহেতু বলে। ষেমন যদি বলা হয়, "শব্দ নিত্য, কারণ ইহা জন্তু" তাহা হইলে 'বিক্লম' হেখাভাদ হইবে, কারণ যাহা জন্ত তাহা অবশ্রই অনিত্য। সংপ্রতিপক্ষয়লে তুলাবল অপর এমন একটি হেতু দেখান হয়, ষাহার দহিত দাধ্যাভাবের ব্যাপ্তি থাকে। যথা—শব্দ নিত্য, যেহেতু ইহা কর্ণেক্সিয়গ্রাছ—এইরূপ অনুমানের বিরুদ্ধে বলা যাইতে পারে, "শল অনিত্য, ষেহেতু ইহা উৎপন্ন।" যে হেতু কোন যথার্থ পদার্থকে নির্দেশ করে না বরং একটি ভাস্ত কল্পনার উপর প্রতিষ্ঠিত থাকে, সেই হেতৃকে অদিদ্ধ বা সাধ্যসম বলা হয়। উদাহরণস্বরূপ, "গগনারবিন্দ স্থরভি" কারণ উহা অরবিন্দ, যথা পার্থিব অরবিন্দ। ষদি অন্ত প্রমাণবারা দাধ্যের অভাব নির্ণীত হয়, তাহা হইলে তৎসাধ্যক হেতুকে 'বাধিত হেতু' বলা হয়; যেমন—"অগ্নি শীতল। কারণ ইহা একটি দ্রব্য।" এই স্থলে অগ্নির শীতলত্ব প্রত্যক্ষপ্রমাণধারাই বাধিত হইয়া থাকে। °°

উপবোক্ত পাঁচপ্রকার হেন্ধাভাদের নানাপ্রকার উপ-বিভাগ আছে। অসহন্তর বা ঘার্থক উত্তর, অভিমত শব্দার্থ বা বাক্যার্থ হইতে ভিন্ন অর্থের কল্পনা ইত্যাদি হইতে বে দকল দোবের উত্তব হয়, দেগুলিকে গ্রায়শাম্বে পৃথক্ভাবে আলোচনা করা হইয়াছে; যথা—ছল, জাতি, নিগ্রহন্থান ইদ্যাদি। এই বিভাগের সহিত এ্যারিস্ট্ল-ক্বত ভাষাগত এবং প্রান্তিবিচারগত সাদৃশ্য আছে। এ্যারিস্ট্ল-ক্বত এই বিভাগেও অব্যাপ্ত মধ্যপদ, সিদ্ধান্তে প্রধান বা অপ্রধান পদের অধিক ব্যাপকতা প্রভৃতি অহ্মানের আকারগত দোবগুলির সমাবেশ নাই।

স্থায়-বৈশেষিক দর্শনঃ তত্ত্ববিহ্যা

ন্তায় মতে উপমান তৃতীয় প্রমাণ। কোন জ্বজাত বস্তুর সহিত জ্বাত বস্তুর সাদৃষ্ঠ বা বৈষম্যের বর্ণনার উপর নির্ভর করিয়া কোন নাম ও নামীর সম্বন্ধের যে জ্ঞান লাভ করা যায়, তাহাকে উপমিতি বলে। যে নগরবাদী 'গবয়' নামক জ্বরণাচর পশুর সহিত পরিচিত নহে, তাহাকে বনবাদী বলিয়া দিতে পারে যে 'গবয়' গাভীর ন্তায় আকৃতিবিশিষ্ট পশু। পরবর্তীকালে যদি সেই লোক বনে ঐ জ্বাতীয় প্রাণী দেখিতে পায় এবং ইহাকে 'গবয়' বলিয়া চিনিতে পারে, তখন তাহার এই জ্ঞান 'উপমান-জ্ব্যু' হইবে। ক্যায়োলিখিত উপমান মীমাংসা ও বেদাস্ত মত হইতে ভিন্ন।

ন্তায় মতে শেষ প্রমাণ শব্দ। যাঁহার কোন বিষয়ে প্রত্যক্ষজ্ঞান আছে এমন বিশাসী লোকের উক্তিও শব্দপ্রমাণ। যাঁহাদের অবশ্য ঐ ঐ বিষয়ে প্রত্যক্ষজ্ঞান নাই, তাঁহারা বিশাস্যোগ্য ব্যক্তির নিকট হইতে ঐ বিষয়ে পরোক্ষজ্ঞান লাভ করিয়া থাকেন। এই জাতীয় জ্ঞান প্রত্যক্ষ বা অহ্মানের দ্বারা লব্ধ নহে বলিয়া শ্লায় ও অক্যান্ত ভারতীয় দর্শনে শব্দপ্রমাণ নামে একটি পৃথক্ প্রমাণ স্বীকার করা হইয়া থাকে। শব্দ ছই প্রকারের—দৃষ্টার্থ ও অদৃষ্টার্থ। যেথানে শব্দজ্ঞান প্রত্যক্ষ বিষয়কে নির্দেশ করে সেথানে দৃষ্টার্থ। প্রথমোক জ্ঞানের মধ্যে আমরা পাই বিশ্বাস্যোগ্য ব্যক্তির উক্তি এবং প্রত্যক্ষ বস্তুর সম্পর্কে শ্রুতির উক্তি। দ্বিতীয় প্রকার জ্ঞানের মধ্যে পাই আত্মা, দ্বার্থ ও অমরত্ব প্রভৃতি বিষয়ে মানুষের এবং শ্রুতির ই উক্তি।

৩। তত্ত্বিদা

চব্যত্বসম্পদ্ধে স্থায়ঃ বৈশেষিক মত বস্তবাদী এবং বহুত্ববাদী। এই মত অমুসারে বহু স্বস্তম্ভ্র বস্তুর অন্তিত্ব স্থীকার করা হয়; ইহাদের প্রধানতঃ ছুইভাগে বিভক্ত করা হইয়া থাকে—ভাব ও অভাব। ছয় প্রকার ভাবাত্মক পদার্থ স্থীকার করা হইয়া থাকে। ম্বথা— দ্রব্য, গুণ, কর্ম, সামান্ত, বিশেষ, সমবায়। অভাব বলিতে সকলপ্রকার নেতিবাচক বস্তু বা অবস্থাকে ব্যায়। বৈশেষিক মতে সাভটি পদার্থ স্থীকার করা হয়। ত্ব স্থায় মতে পদার্থের সংখ্যা বোল। ম্বথা—প্রমাণ, প্রমেয়, (অথবা জ্ঞানের বিষয়) সংশন্ম, প্রয়োজন, দৃষ্টান্ত, সিদ্ধান্ত, অব্য়ব, তর্ক, নির্ণয়, বাদ, জ্বন্ন, বিভণ্ডা, হেরাভাস, ছল, জাতি (অথবা নিক্ষল আপত্তি), নিগ্রহস্থান (অথবা বাদ-বিবাদে পরাজ্বরের স্থান) এইগুলিকে অবশ্ব বাত্তবপদার্থের শ্রেণী বলিয়া মনে করিলে ভুল

হইবে; আদলে ইহার। দার্শনিক বিচারের বিষয়মাত্র। দিতীয় পদার্থের মধ্যে দর্বজ্ঞেয় বিষয় এবং বৈশেষিক-সম্মত দর্বপদার্থও অন্তর্ভু ক্ত । ১৪

আত্মা নিত্য এবং বিভূ পদার্থ। জ্ঞান, ইচ্ছা, দেষ, প্রযত্ন, হ্বথ, ধর্ম, অধর্ম প্রভৃতি আত্মাব গুণ। কোন জড় দ্বাের এই দকল গুণ থাকিতে পারে না। স্বতরাং এমন একটি অজড় দ্বা আছে, যাহার এইগুলি গুণ এবং উহাকেই আত্মা বলা হয়। আত্মা দেহ, ইন্দ্রিয়, মন এবং জ্ঞানধারা হইতে ভিন্ন। কোন কোন কায়-বৈশেষিকের মতে আত্মা প্রত্যক্ষ হয় না, উহার অন্তিত্ব শ্রুতি-প্রমাণের দাহায়ে এবং জ্ঞান, ইচ্ছা, দেষ প্রভৃতি চেতন-ধর্ম হইতে অন্থমানধারা নির্ধারণ করিতে হয়। অক্যান্ত ক্যায়-বৈশেষিকদের মতে আত্মার অন্তিত্ব মানদ-প্রত্যক্ষের দাহায়েও জানা যায়; যথন কেহ বলে: আমি আছি, আমি জানিতেছি, আমি হ্বথী ইত্যাদি, তথন দে আত্মার স্বরূপগত এবং অবিচ্ছেত্ত গুণ নহে। এই গুণটি আগন্ধক, কারণ ইহা কেবল শরীরী আত্মারই ধর্ম। তত্মজানলাভের দক্ষে দক্ষে মথন অপ্রর্গলাভ হয়, তথন আত্মা দেহ হইতে মূক্ত হয় এবং ইহার স্ব্ধত্বংথের অন্তুভি বা অন্ত কোন প্রকার জান থাকে না। উক্

স্থায়-বৈশেষিক দর্শন: তথ্যবিতা

মন একটি পরমাণ্ এবং প্রত্যক্ষাতীত দ্রব্য। আত্মা এবং ইহার স্থত্ংখাদি গুণাবলী ইহা ঘারা প্রত্যক্ষ করা যায় বলিয়া মনকে অস্তরিন্দ্রির বলা হয়। যেমন বাহু প্রত্যক্ষের জন্ম বহিরিন্দ্রির প্রয়োজন হয়, তেমনি আন্তর প্রত্যক্ষের জন্ম ন বা অস্তরিন্দ্রিরের প্রয়োজন হয়। মনের অন্তিত্ব অন্ম প্রকারেও জানা যায়। যদিও বাহেন্দ্রিরের পহিত বহু বস্তুর একই দক্ষে সম্বন্ধ ঘটিতে পারে, তথাপি একই দক্ষে নানাবস্ত্রবিষয়ক বহু জ্ঞান হইতে পারে না। ইহা হইতে বুঝিতে পারা যায় যে, বহিরিন্দ্রিয় ব্যতীত আমাদের একটি আন্তর ইন্দ্রিয়ও আছে। এই আন্তরেন্দ্রিয় পরমাণুরূপ বলিয়া একই সক্ষে কেবল একটি বাহেন্দ্রিরের সঙ্গে সংযুক্ত হইতে পারে। এই কারণেই আমাদের চতুর্দিকস্থ বহু বস্তর মধ্যে যে বস্তর সহিত সম্বন্ধ ইন্দ্রিয়ে আমরা মনঃসংযোগ করি কেবল দেই বস্তুই প্রত্যক্ষ করি। ''

গুণের লক্ষণ হইতেছে, যাহা দ্রব্যে আছে অথচ যাহাতে গুণ বা ক্রিয়া থাকে না। এক দ্রব্য অন্ত দ্রব্যের সমবায়ী কারণ হইলে প্রথম দ্রব্যের গুণ দ্বিতীয় দ্রব্যের গুণের অসমবায়ী কারণ হয়, কিন্তু উহার অন্তিত্বের কারণ হয় না। ২৪ প্রকার গুণ স্বীকার করা হইয়া থাকে। যথা—রূপ, রদ, গন্ধ, স্পর্শ, শন্দ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বৃদ্ধি, স্থুণ, হুংখ, ইচ্ছা, দ্বেষ, প্রযুত্ত, গুরুত্ব, দ্রব্দ্ধ, বৃদ্ধ, সংখ্যা, ধর্ম ও অধর্ম। ১৮

কর্ম বলিতে জড় পদার্থের গতি বুঝায়। গুণের তায় ইহাও দ্রব্যের ধর্ম কিছ ইহা দ্রব্য, গুণ উভয় হইতে পৃথক্। কর্ম দান্ত, ইহা জড় দ্রব্যে থাকে, কিছ কোন দর্বব্যাপী দ্রব্যে থাকে না। কর্ম পাঁচ প্রকার, যথা—উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রদারণ ও গমন। অত্য সকল প্রকার কর্ম গমনের অন্তর্ভুক্ত। যে দ্রব্য প্রত্যক্ষ, তাহার কর্মও প্রত্যক্ষ; দ্রব্য অপ্রত্যক্ষ হইলে তাহার কর্মও অপ্রত্যক্ষ হইবে।

একই শ্রেণীর বিভিন্ন ব্যক্তির মধ্যে যে সাধারণ ধর্ম বিজ্ঞমান তাহাকে সামাল্য বলে। আধুনিক পাশ্চান্ত্য দর্শনে যাহাকে universal বলে, ইহা তাহার অফুরুপ। সামাল্য নিত্য এবং ইহা একই শ্রেণীর সর্ব ব্যক্তির মধ্যে অভিন্নরূপে বিজ্ঞমান। কোন কোন আধুনিক বস্ত্ববাদী পাশ্চান্ত্য দার্শনিকের মতে সামাল্য এমন একটি কালাতীত নিত্য বস্তু যাহা বহু ব্যক্তির মধ্যে থাকিতে পারে। এই জাতীয় পাশ্চান্ত্য দার্শনিকেরা লায় বৈশেষিকের সহিত আরও এক বিষয়ে একমত যে, সামাল্যসমূহ সন্তাবান পদার্থের অস্তর্ভুক্ত নহে। তথাপি উহাদের অন্তিত্ব আছে এবং উহারা স্বব্য, গুল ও কর্মে থাকে। একটি সামান্যের মধ্যে অপর কোন সামাল্য থাকিতে

পারে না। সামাক্ত লিকে পর, অপর এবং পরাপর এই তিনভাগে বিভক্ত করা হয়। ব্যাপকতার দিক হইতে পর হইতেছে দ্বাপেক্ষা অধিক ব্যাপক, অপর দ্বাপেক্ষা অল্পব্যাপক এবং পরাপর উহাদেব মধ্যবর্তী। সত্তা সর্বাপেক্ষা ব্যাপক অথবা পর-সামাত। ইহার উপরে আর কোন সামাত্ত নাই; ঘটত অপর-সামাত্ত, কারণ উহা দাবা ব্যাপ্য অন্ত কোনও দামান্ত নাই। দ্রব্যত্ব উহাদের মধ্যবর্তী দামান্ত, কারণ উহা পৃথিবীয় প্রভৃতি দামাক্ত হইতে অধিক ব্যাপক, আবার সভা-দামাক্ত হইতে কম ব্যাপক।^২০ সামান্তের সম্পূর্ণ বিপরীত হইতেছে বিশেষ। নিরংশ নিত্য দ্রব্যগুলির মৌলিক পার্থক্য ও অসাধাবণত্বকে বিশেষ বলা হয়। এই বিশেষ কথাটি হইতেই বৈশেষিক নামের উৎপত্তি হইয়াছে। সংহত দ্রব্যেব পার্থক্য ভাহাদের অন্তর্গত অবয়ব বা অংশেব পার্থক্যের দাহায্যে ব্যাখ্যা করা যাইতে পাবে। কিন্তু নিরংশ নিতা দ্রব্যের ব্যাখ্যা কবিতে গেলে তাহাদের অন্তর্গত মৌলিক অদাধারণত্বকে স্বীকাব কবিতে হয়। এই মৌলিক বৈশিষ্ট্যকে বলা হয় 'বিশেষ'। যে দকল নিতা দ্রব্যেব মধ্যে বিশেষ স্বীকার করিতে হয়, তাহার। হইল দেশ, কাল, আত্মা, মন এবং একই জাতীয় প্রমাণুসমূহ। ষেহেতু বিশেষের অধিষ্ঠান ব্যক্তিগুলি অসংখ্য দেই হেতু বিশেষও অসংখ্য। প্রমাণুর তাম বিশেষগুলি ইব্রিয়াতীত ৷২১

ছুইটি পদার্থের মধ্যে যখন এইরূপ স্থায়ী বা নিত্যসম্বন্ধ বর্তমান যে, তাহাদের মধ্যে একটি আর একটিতে থাকে, তখন ঐ সম্বন্ধকে 'সমবায়' বলে। অংশী অংশের মধ্যে, গুণ অথবা ক্রিয়া দ্রব্যের মধ্যে, সামাক্ত ব্যক্তিসমূহের মধ্যে, এবং বিশেষ কতকগুলি নিরংশ নিত্য দ্রব্যে থাকে। এই সকল ক্ষেত্রেই সম্বন্ধটিকে সমবায় সম্বন্ধ বলা হয়। সংযোগ বলিতে তুইটি দ্রব্যের মধ্যে অনিত্য সম্বন্ধ ব্রায়; এক্ষেত্রে একটি অপর হইতে পৃথক্তাবে থাকিতে পারে, সমবায় বলিতে এমন তুইটি দ্রব্যের মধ্যে নিত্য সম্বন্ধ ব্রায় ধাহাদের মধ্যে একটি অপরটি হইতে পৃথক্তাবে থাকিতে পারে না। ব

দকল নিষেধাত্মক বস্তু বা ঘটনা ব্যাখ্যা কবিতে গিয়া অভাব স্বীকার করা হয়।
ভাব হইতে স্বতন্ত্র অভাব-পদার্থের অন্তিত্ব অনস্বীকায়। যেমন এক বস্তু একটি
বিশেষ দেশে ও কালে আছে ইহা সহজ সত্য তেমনি অপর কোন বস্তু উক্ত বিশেষ
দেশ ও কালে নাই ইহাও সত্য। অভাব চার প্রকারের, যথা-প্রাগভাব,
প্রধ্বংসাভাব, অত্যন্তাভাব, অত্যোতাভাব। কোন বস্তুর উৎপত্তির পূর্বে উহার ষে
অভাব থাকে তাহাকে প্রাগভাব বলে; যেমন উৎপত্তির পূর্বে কারণে কার্থের

স্থায়-বৈশেষিক দর্শন: তত্তবিভা

অভাব। উৎপত্তির পরে ধ্বংস হইয়া গেলে উহার যে অভাব ঘটে, তাহাকে ধ্বংসাভাব বলে। যথা—ঘট ভাঙিয়া গেলে ঘটের ধ্বংসাভাব হইল। হুইটি বস্তুর মধ্যে সম্বন্ধের নিত্য অভাবকে বলা হয় অত্যস্তাভাব । যথা—বাতাদে বর্ণের অভাব। ছুই পদার্থের পরস্পরের ভেদকে বলা হয় অন্যোক্তাভাব। এক বস্তু অপর বস্তু হইতে ভিন্ন হইলে একটি অপর রূপে থাকিতে পারে ন।। যথা- গো অখ হইতে ভিন্ন। ইহাতে বুঝা যায় যে, কোনওটি অপরের রূপে থাকে না। বিশ্বজ্ঞাৎসম্বন্ধে ক্তায়-বৈশেষিকের মতবাদ ভারতীয় দর্শনের সাধারণ আধ্যাত্মিক দৃষ্টিভঙ্গী হারা নিয়ন্ত্রিত। বিশ্বজগতের উৎপত্তি ও ধ্বংস ব্যাখ্যা করিতে গিয়া ক্যায়-বৈশেষিক সকল সংহত বস্তুকে ক্ষিতি, অপ্, তেজ, বায়—এই চারি প্রকার পরমাণুর সমষ্টিতে পরিণত করিয়া থাকে। এইজ্বল এই মতকে পরমাণুবাদ বলাহয়। ইহা অবশ্য পাশ্চাত্য বিজ্ঞান ও দর্শনের যান্ত্রিক বা জড়বাদীয় পরমাণুবাদের অন্তর্রূপ নয়। ভায়-বৈশেষিক সম্প্রদায় প্রমাণুসমূহের সংহতি ও বিচ্ছেদের মূলে নৈতিক ও আধ্যাত্মিক নিয়মের অন্তিত্ব অম্বীকার করে না। তাহা ছাড়া নয়টি দ্রব্যের মধ্যে পাঁচটি, যথা— আকাশ, দেশ, কাল, মন ও আত্মাকে জড় পরমাণুতে অথবা উহাদের সহজে পরিণত করা হয় নাই। তায়-বৈশেষিকের প্রমাণুবাদ কেবল অনিত্য, সংহত দ্রব্যের ব্যাখ্যা করিয়া থাকে। দব দান্ত জড় দ্রব্য চারি প্রকারের পরমাণু হইতে স্ষ্ট হইয়া থাকে; এই স্ষ্টির বিভিন্ন পর্যায়ে আমরা পাই দ্যুণুক (অর্থাৎ ঘাহা তুইটি পরমাণুর সংযোগে গঠিত) ত্তাণুক (অর্থাৎ যাহা তিনটি দ্বাণুক দ্বারা গঠিত) এবং উহাদের দারা নির্মিত অভাতা বৃহত্তর যৌগিক দ্রব্য। বিশ্বজ্ঞগৎ হুই প্রকার পদার্থের সংহতি—একদিকে জড় পদার্থ, অপর দিকে মন, বৃদ্ধি, অহংকার, ইন্দ্রিয় এবং দেহসমন্ত্রিত জীব। দেশ, কাল ও আকাশে ইহাদের অবস্থিতি এবং ইহার। পরস্পর পরস্পরের প্রতি ক্রিয়াশীল। বিশ্বজগং নৈতিক নিয়মের অধীন; এখানে প্রাণিসমূহের জীবন ও ভবিগ্রুৎ কেবল যে জড় নিয়মের অধীন তাহা নহে; অধিকস্ত কর্মের নৈতিক নিয়মেরও অধীন। এই জগতের স্বষ্ট জীবের নৈতিক গুণাগুণ অদৃষ্ট খারা ব্যাধ্যা করা হয়। এবং এই স্বাষ্ট্রর উদ্দেশ্য হইতেই নৈতিক নিয়মের চবিভার্থতা।

ন্থায়-বৈশেষিক ঈশ্বরণাদের সহিত বহুবল্পবাদের সময়য়সাধন করিয়াছে। ইহা পরমাত্মরূপ ঈশ্বরে বিশাসী; এই মতে ঈশ্বর পরম পুরুষ, এক অনস্ত এবং নিত্য। জগতের সৃষ্টি, স্থিতি, প্রলয়ের তিনিই সর্বজ্ঞ এবং সর্বশক্তিমান কারণ। ঈশ্বর শৃত্য হইতে জগতের সৃষ্টি করেন নাই; তিনি নিত্য প্রমাণ্, দেশ, কাল

প্রাঢ়া ও পাশ্চাতা দর্শনের ইতিহাস

আকাশ, মন এবং আত্মার ছারা জগৎ সৃষ্টি করিয়াছেন। তিনি জগতের মূল নিমিত্তকারণ; কিন্তু তিনি জগতের উপাদান-কারণ নহেন। অর্থাৎ তিনি এই স্থানগ্রন্থ বিশ্বজগতের প্রষ্টা অথবা শিল্পী। ঈশ্ব চৈতন্তময় পুরুষ এবং তিনি বিশ্ব-জগতেব ছাবা দীমাবন্ধ নহেন। তিনি জগতের নৈতিক শাদনকর্তাও বটেন। তিনি পক্ষপাত না করিয়া আমাদের কর্মফল এবং স্থগহুংথের চরম বিধান করিয়া থাকেন।

ন্তায়দর্শনে কার্যকাবণ সম্বন্ধরূপ নৈতিক নিয়ম প্রভৃতির উপর ভিত্তি করিয়া কতকগুলি অমুমানেব সাহায্যে এবং অদৃষ্ট, শ্রুতি-প্রামাণ্য প্রভৃতির সাহায্যে ঈশবের অন্তিষ্
প্রমাণ কবা হয়। ঈশবান্তিত্বের কার্যকারণসম্বন্ধীয় যুক্তিটি সর্বাণেক্ষা প্রদিন্ধ। যুক্তিটি
এইরপ: ক্ষিতি, জল প্রভৃতি সকল সংহত অথবা জটিল বস্তুরই কারণ থাকিবে
যেহেতু তাহাবা কার্যাত্মক। যেহেতু তাহারা অব্যবহাবা গঠিত এবং উহাদের
পরিমাণ সান্ত, সেইজন্ত উহারা কার্য। দেশ, কাল, পর্মাণ্ প্রভৃতি কার্য নহে। কারণ
উহাদের অব্যব নাই এবং তাহারা হয় সীমাহীন অথবা সর্বাণেক্ষা ক্ষ্ম। অতএব
সকল সংহত অব্যবীর কারণ থাকিবে। এই কারণ কোন বৃদ্ধিমান কতা না হইয়া
পারে না। বৃদ্ধিমান কারণের নিয়ন্ত্রণ ব্যতীত যৌগিক দ্বব্যের উপাদানীভূত পর্মাণুসমূহ
হইতে সেই সেই কার্য সেই সেই স্বন্ধশ্রস নিদিষ্ট আকারে উৎপন্ন হইতে পারে
না। এই বৃদ্ধিমান কারণের পক্ষে উপাদানকারণের প্রত্যক্ষজ্ঞান, নির্দিষ্ট লক্ষ্যে
পৌছাইবার ইচ্ছা এবং অভীষ্টদিদ্ধির জন্য প্রযন্ত্রের ক্ষমতা থাকা আবশ্রুক (জ্ঞান,
ইচ্ছা ও প্রযন্ত্র)। কোন জীবের এই জাতীয় জ্ঞান ও প্রযন্ত্র নাই। অতএব, জাগতিক
অব্যবী দ্বব্যর কারণ পর্মাত্মা বা ঈশব। ২৪

ঈশবের অন্তির প্রমাণ করিতে গিয়া থায়-বৈশেষিক কারণাত্মক যুক্তি প্রযোগ কবিয়াছেন। তাহার মধ্যে পাশ্চাত্য দর্শনে ব্যবহৃত কার্যকারণীয় ও উদ্দেশ্যবাদী এই ছুইটি যুক্তির সময়য় দেখিতে পাওয়া যায়। উহা এইরূপ প্রতিপাদন করে যে, জগতের আদি কারণ হইতেছে এক বৃদ্ধিমান সতা। উহা প্রমাণ করিবার জন্ত পৃথক উদ্দেশ্যবাদী যুক্তিব প্রযোজন নাই। এই ব্যাপারে ন্তায়-বৈশেষিক মতের সহিত পল জ্যানেট, হারম্যান্ লোটজে এবং জেমদ মারটিয়্য প্রভৃতি পাশ্চাত্য দার্শনিকের মতের ঐক্য দেখিতে পাওয়া যায়। ইহারাও বলিয়া থাকেন যে, জগতের আদি কারণ এক বৃদ্ধিমান কর্তা হইতে বাধ্য। পাশ্চাত্য আন্তিকগণ বিশাস করেন যে ঈশব শুরু জাগতিক প্রব্যসমূহের শৃদ্ধলা ও নিয়মের কর্তা নহেন, তিনি ঐ উপাদান সহ ঐসব প্রব্যেরও প্রষ্টা। কিন্তু আায়-বৈশেষিকের মতে ঈশব প্রমাণুর কারণ নহেন, তিনি শুধু জগতের নিয়মশুদ্ধলার কারণ। তথাপি স্থায়-

জ্ঞায়-বৈশেষিক দর্শন: দ্রম্ভব্য

বৈশেষিক ঈশ্ববাদী, কারণ ইহাদের মতে ঈশবের সহিত জগতের নিরবচ্ছিল্ল সম্পর্ক। (ঈশর জগতের শুধু অষ্টা নহেন, তিনি ইহার পালক ও সংহারকর্তাও)। আয়-বৈশেষিক দর্শনে এমন ধারণারও আভাস পাওয়া যায় যে, বিশ্বজগতের সহিত ঈশবের সম্বন্ধ ঠিক দেহের সহিত আত্মার সম্বন্ধের অফুরুপ। কিন্তু এই ধারণাগুলি এমন পূর্ণতা লাভ করে নাই যাহাতে আমরা আয়-বৈশেষিককে এরপ্পূর্ণাঙ্গ ঈশববাদী দর্শন বলিতে পারি, যাহাতে ঈশরকে শুধু বিশ্বজগতের নিয়মশৃঙ্খলারই কারণ বলিয়া গ্রহণ করা হয় না, অধিকন্ত তাঁহাকে জগতের অন্তিম উপাদানগুলিরও কারণ বলিয়া গ্রহণ করা হয়; এবং ঈশবকে সমগ্র জগতের হৃদয়কেন্দ্র বলিয়া উপলন্ধি করা হয়।

দ্ৰপ্তব্য

- ১। স্থায়-সূত্র, ভাষ্ম এবং বার্তিক, ১৷১৷১-৩, ১৷১৷১০, ১৷১৷১৫, প্রশন্তপাদভাষ্ম এবং স্থায়কন্দলী (বারাণদী সংস্করণ, ১৮৯৫) পুঃ ১৭১ ইইতে, তর্কসংগ্রহ (কলিকাতা সংস্করণ, ১৮৯৭) পুঃ ৩২ ইইতে।
- श्राप्त-ভাগ্ত, ১।১।১; স্থায়-বাতিক-তাংপর্য-টীকা (বারাণদী সংস্করণ), পৃঃ ১১ হইতে, তাংপর্যপরিভদ্ধি (বিবলিওপিকা ইঙিকা সং) পুঃ ১১৯-২॰
- ৩। প্রশন্তপাদভান্স, পৃঃ ২১৩, ভাসর্বজ্ঞ, স্থায়-দার (বিবলিওথিকা ইণ্ডিকা নং) পৃঃ ৩০ হইতে ব্যোমশিব, ব্যোমবতী (চৌপাম্বা গ্রন্থমালা) পৃঃ ৫৫৪ বল্লভাচার্য, স্থায়লীলাবতী (নির্ণয়-সাগর সং) পুঃ ৬৭ হইতে।
- ৪। স্থায়-সূত্র এবং ভান্ন, ১।১।৪, 'প্রশন্তপাদভান্থ এবং স্থায়-কন্দলী পৃঃ ১৮৬ হইতে, লক্ষণাবলী (বারাণ্সী সং) পৃঃ ৩
- 💶 স্থায়-সূত্র, -ভাগ্য এবং তাৎপর্য, ১।১।৪, ৩।১।৭, ৩।২।২ , প্রশস্তপাদভাগ্য—ঐ
- ৬। স্থায়-সূত্র,-ভাষ্য এবং বার্তিক, ১৷১৷৫ , প্রশন্তপাদ, পৃঃ ২০০ হইতে।
- ৭। স্থায়-স্থত্র এবং -ভাষ্য, ১।১।৩২-৯, প্রশস্তপাদ, পৃঃ ২৩১ হইতে।
- ৮। স্থায়-স্ত্রে, -ভাষ্য এবং -বাতিক, ১৷১৷৫ , প্রশস্তপাদ, পৃঃ ২০৫ হইতে।
- । বৈশেষিক-স্ত্র, ৩।১।১৫, প্রশন্তপাদ, পৃঃ ২৩৮, ছায়-সার, পৃঃ ৭, সপ্ত-পদার্থী (আদিয়ার, মারোজ, ১৯৩২) পৃঃ ২৯
- ১০। স্থায়-পুত্র এবং -ভান্ন, ১।২।৪৫-৫০ , প্রশস্তপাদ, পৃঃ ২৩৩
- ১১। স্থায়-সূত্র এবং -ভান্ন, ১।১।৬, স্থায়-মঞ্জরী (বারাণদী সংস্করণ) পৃঃ ১২৮ ইইতে, শান্ত্রদীপিকা, পৃঃ ৭৪-৬; বেদাস্ত-পরিভাষা, অধ্যায় ৩
- ১২। স্থায়-সূত্র এবং -ভান্ন, ১।১।৭-৮, স্থায়-বৈশেষিক জ্ঞানতত্ত্বের বিশদ বিবৰণের জন্ম S. C. Chatterjee,
 The Nyaya Theory of Knowledge স্তাইব্য।
- ১৩। বৈশেষিক-স্ত্র, ১।১।৪ ; প্রশন্তপাদ-ভান্ত এবং স্থায়-কন্দলী পৃঃ ৬-৭ , কিরণাবলী পৃঃ ৫-৬

- ১৪। স্থার-সূত্র, এবং ভার, ১।১।১ ় ১।১।৯
- ১৫। বৈশেষিক-সূত্র, ১৷১৷৫, ১৷১৷১৫, প্রশন্তপাদ, পৃঃ ৮, ২৭ স্থায়-কন্দলী, পৃঃ ৩১ হইতে, কিরণাবলী, পুঃ ৫০ হইতে।
- ১৬। স্থায-সূত্র এবং -ভান্ন, ১।১।১০, ১।১।২২, স্থায় বার্তিক, ২।১।২২, প্রশস্তপাদ-ভান্থ এবং স্থায়-কন্দলী পুঃ ৬৯ হইতে , কিরণাবলী পুঃ ১২৭-১৪০ , স্থায়মঞ্জবী, পুঃ ৪৩২
- ১৭। স্থায় সূত্র এবং -ভারা, ১।১।১৬, বৈশেষিক-সূত্র, ৩।২।১ প্রশস্তপাদ-ভারা এবং স্থায়-কন্দলী পৃঃ ৮৯ হইতে , কিবণাবলী, পৃঃ ১৫২ হইতে।
- ১৮। বৈশেষিক-স্ত্র, ১৷১৷৬, ১৷১৷১৬, প্রশস্তপাদ এবং ক্যায-কন্দলী পৃঃ ৯৪ ইইতে, কিবণাবলী, পু.১৬১
- ১৯। বৈশেষিক-মূত্র, ১/১/৭, ১/১/১৭, প্রশস্তপাদ এবং কন্দলী পুঃ ২৯০ হইতে , কিবণাবলী, পুঃ ৩৫৭
- ২০। প্রশান্তপাদ এবং কন্দানী পৃ^১ ১১ হইতে , ৩১১ হইতে , কিবণাবলী পৃ_১ ৩৭০ , স্থায-লীলাবতী, পৃঃ ৮০-১ , তথামূত, অধ্যায় ১
- २)। প্রশন্তপাদ এবং কন্দানী পু ১৩, ৩২১ ছইতে , কিবণাবলী, পুঃ ৩৭২
- २२। ঐ পু: ১৪, १२৪ इट्ट , किवनावलो, পु: ७१२ इट्टेंट ।
- ২০। ক্সায ভাষ এবং বাতিক, ১৷১৷১ , প্রশক্তপাদ এবং কন্দলা পুঃ ২২৫-৩৽, কিবণাবলী, পুঃ ৩২৬-৩০ , ক্যায়-মঞ্জবী, পুঃ ৫৪
- ২৪। স্থাৰ সূত্ৰ এবং ভান্ত, ৪।১।১৯২১, বৈশেষিক সূত্ৰ, ২।১।১৭-১৯, প্ৰশস্তপাদ এবং কন্দলী, পৃঃ ৫৪, কিবণাবলী পৃঃ ৯৭, কুমুমাঞ্জলি, স্তবক ৫, স্থাৰ-লীলাবতী, পৃ, ২০ ইইতে। স্থায়-বৈশেষিক তথ্যবিভাব বিশাদ বিষয়ণেৰ জন্ম S C, Chatterjee and D, M. Datta, An Introduction to Indian Philosophy দেশুন।

গ্যায়-বৈশেষিক দর্শন

খ। পরবর্তী স্যায়-বৈশেষিক দর্শন

১। ভুমিকা

জড় ও চেতন উভয়বিধ বস্তব প্রকৃত স্বরূপ সম্পর্কে জ্ঞান দেওয়া প্রাচীন স্থায় ও বৈশেষিক সাহিত্যের সাধারণ উদ্দেশ্য। ইহাদের মতে যথার্থ জ্ঞান আমাদিগকে ছঃখ হইতে মুক্তিলাভ করিতে সহায়তা করে। সত্য নির্ধারণের উপায়রূপে সাধারণ বিচাব প্রণালী অতি প্রাচীন কালেই উৎকর্ষলাভ করিয়াছিল। কিন্তু তৎকালীন অস্থান্থ সম্প্রদায়ের বিক্রম স্মালোচনার ফলে স্থায়-বৈশেষিক দার্শনিকেরা তাকিক মনোর্ত্তির অধিকাধিক বিকাশসাধন করিতে থাকেন। তাঁহারা তাঁহাদের প্রতিপক্ষের মতবাদসমূহ পুঞ্জাম্বপুঞ্জভাবে পরীক্ষা করিতে থাকিলেন। যেহেতু তাঁহাদের মতসমূহের প্রচণ্ড সমালোচনা হইয়াছিল, সেইজন্থ তাঁহারা তাঁহাদের এবং বিক্রমবাদীদের ব্যবস্থৃত প্রত্যেকটি শন্দ, এমন কি উপসর্গ ও প্রত্যয়গুলিকেও বিচার করিয়া দেখিতে বাধ্য হন। ইহার স্বাভাবিক পরিণতি হইল এই যে, বিক্রমবাদীদের স্থায় তাঁহাদিগকেও স্বীয় বক্তব্যাদি প্রকাশ করিবার সময় অতীব সতর্কতা অবলম্বন করিতে হইয়াছিল। স্থায় বৈশেষিকের প্রাচীন যুগ এই অবস্থায় প্রায় ১২০০ খুটাক্ষে শেষ হইল। এই সকল দর্শনের বিকাশের পরবর্তী যুগ বর্তমান প্রবন্ধের আলোচ্য বিষয়।

ষদিও স্থায়-বৈশেষিক সাহিত্য প্রধানতঃ ভায়, টীকা, টিপ্পনী প্রভৃতিদার। গঠিত, তথাপি এরূপ ব্ঝা ঠিক হইবে না যে ইহাতে মৌলিক চিন্তার অবকাশ নাই। স্ত্র-গুলির স্পষ্ট ব্যাখ্যার ব্যাপারে বিশেষ স্বাধীনতা নাই এরূপ মানিয়া লইলেও ইহা অস্বাকার করা যায় না যে, স্ব স্ব সম্প্রদায়ের মতবাদের ব্যাখ্যা, বিশ্লেষণ ও যুক্তিপূর্ণ উপস্থাপনে লেখকদের স্বকীয় দার্শনিক তীক্ষ্ণৃষ্টির পরিচয় প্রদানের যথেষ্ট স্থোগ আছে। গৌতম ও কণাদ তাঁহাদের সংক্ষিপ্ত স্ত্রগুলিতে নিজ নিজ বিশিষ্ট দার্শনিক দৃষ্টির সহিত সামশ্লন্ম রাথিয়া বিভিন্ন পদার্থ স্থাত্তলিতে নিজ নিজ বিশিষ্ট দার্শনিক দৃষ্টির সহিত সামশ্লন্ম রাথিয়া বিভিন্ন পদার্থ সম্বন্ধ তাঁহাদের প্রমাণ বিষয়ক ও সত্তাবিষয়ক সাধারণ ও মৃল ভত্তগুলি লিপিবদ্ধ করিয়াছেন। অন্যান্ম লেখকেরা স্ত্রগুলির প্রতি তাঁহাদের আম্বন্ত ব্যক্ত করিয়াছেন।

ইতিহাস এইরূপ সাক্ষ্য দেয় যে, ১০০ হইতে ১২০০ খৃষ্টাব্দ পর্যন্ত এই তিন শতাকী ন্তায়-বৈশেষিক সাহিত্যের জড়তার যুগ। ইহার কারণ প্রবল বিরুদ্ধ সমালোচনার অভাব। এই সময়ে বেদান্তে দৃঢ়বিখাসী মহাতাকিক শ্রীহর্ষ রণাঙ্গনে প্রবেশ করিয়া তাঁহার বিখ্যাত গ্রন্থ খণ্ডনখণ্ডখাত্মে এই তুই দর্শনের ভিত্তিকে কঠোর আঘাত করিলেন।

এই গ্রন্থের প্রধান উদ্দেশ্য ইহা প্রমাণ করা যে, কোন পদার্থ আছে কি নাই তাহা কথনও নিশ্চিস্তভাবে নির্ণয় করিতে পারা যায় না। নৈয়ায়িকেরা পদার্থের যে সকল লক্ষণ দিয়াছেন দেইগুলি পরীক্ষা করিয়া গ্রন্থকার দেখাইয়াছেন যে ইহাদের একটিও যুক্তিসহ নয়। চিন্তা এবং ভাষার প্রাথমিক ভিত্তি সম্বন্ধে তাঁহার এই সমালোচনাম্লক বিচার নৈয়ায়িক পণ্ডিতদিগকে বিশ্লেষণাত্মক চিন্তা ও নৃতন অন্ত্সন্ধানে প্রবল উদ্দীপনা দিয়াছিল। ইহার ফলেই আফুমানিক ১ ২৫ খৃষ্টাব্দে নব্যন্তায় মতবাদের প্রকৃত প্রতিষ্ঠাতা বলিয়া বহুল পরিচিত গঙ্গেশ উপাধ্যায় প্রায় সমানধ্যাতিসম্পন্ধ 'তব্যচিন্তামণি' নামক গ্রন্থ প্রণয়ন করেন।

এই গ্রন্থথানি রচিত হওয়ার পর ইহা সংস্কৃত সাহিত্যের সমগ্রক্ষেত্রে বিরাট এবং বস্তুতঃ এক বৈপ্লবিক প্রভাব বিস্তার করিয়াছিল। ইহাকে শ্রীহর্ষের সমালোচনার একটি প্রত্যুত্তর মাত্র মনে করা উচিত হইবে না। এই গ্রন্থ স্বাত্মপরীক্ষার দৃষ্টিতে রচিত। গঙ্গেশের মতে অক্তাক্ত লেথকদের সমালোচনার প্রত্যুত্তর দেওয়া অপেক্ষা পদার্থসমূহের অন্তিত্ব প্রতিষ্ঠা করিবার জন্ম তাঁহাদের নিজস্ব জ্ঞানসম্বদীয় তত্ত্ব ও লক্ষণ নিরূপণের প্রণালীকে ফক্ষভাবে বিচার করিয়া দেখাই নৈয়ায়িকদের পক্ষে অধিক গুরুত্বপূর্ণ। নির্দোষ লক্ষণ ও অকাট্য প্রমাণের ভিত্তিতেই নৈয়ায়িকগণ পদার্থের অন্তিত্ব বিশ্বাদ করেন। এই তুইটি সম্পূর্ণ নিভূলি এবং যথাযথ না হইলে নৈয়ায়িকের পক্ষে সমগ্রভাবে জগতের স্বরূপ সম্বন্ধে তাঁহার মত পোষণ করা সম্ভবপর গঙ্গেশের মতে যদিও এই দকল সমালোচনা তাঁহার বস্তবাদী বিশ্বাদের ভিত্তিকে विठनिष्ठ कतिराज भारत नार्हे, ज्यां भि निःमत्मर छेराप्तत दाता हेरा तुवा शंन रय, নৈয়ায়িকসমত লক্ষণ ও প্রমাণ-প্রণালী অধিক স্পষ্ট ও যৌক্তিক দৃষ্টিতে নিভূ লভাবে নির্বচন করা প্রয়োজন। স্থতরাং গক্ষেশ সমগ্র প্রমাশান্তের পুঙ্খান্নপুঙ্খ বিচার আরম্ভ করিলেন, প্রচলিত লক্ষণ সমূহের প্রয়োজনমত সংশোধন করিলেন এবং উদাহরণের সাহায্যে তাহাদিগকে স্থপরিস্টুট করিলেন।

বাদীন্দ্র নামক একজন বৈশেষিক পণ্ডিতও (আহুমানিক, ১২২৫ খু:) এই একই

স্থার বৈশেষিক দর্শন: ভূমিকা

মনোভাব লইয়া কর্মে প্রবৃত্ত হন। বৈশেষিক দার্শনিকদের মধ্যে বিতর্কে জয়লাভের যে আদম্য প্রবৃত্তি ছিল তাহা সংশোধন করিতে তিনি সফল প্রচেষ্টা করিয়াছিলেন। যে কোন উপায়ে বিতর্কে প্রতিপক্ষের বিক্লম্বে জয়লাভের জন্ম কোন কোন বৈশেষিক পণ্ডিত মহাবিদ্যা নামক যে বিচারপদ্ধতি আবিষ্কার করিয়াছিলেন, তিনি তাহাকে ভ্রমাত্মক বলিয়া নিন্দা করিয়াছিলেন এবং তাঁহার অহুগামীদিগকে অমুরূপ পদ্ধতি-সমূহ প্রয়োগ করিতে নিষেধ করেন। গ

ইহা লক্ষ্য করিতে হইবে যে, ন্থায় ও বৈশেষিক সম্প্রদায় এই সময়ে ঘনিষ্ঠ সন্থন্ধ আবদ্ধ হইয়াছিল এবং বস্তুবাদের বিরুদ্ধে নানাদিক হইতে যে সকল আক্রমণ চলিতেছিল তাহাদের হাত হইতে উহাকে একষোগে রক্ষা করিয়াছিল। এই সময়ে কেবলমাত্র বৈশেষিক মতাবলম্বনে কয়েকথানি গ্রন্থ রচিত হইয়াছিল সত্য, কিন্তু এই ঘুইটি মতবাদের সমন্বয় সাধনের অভিমুখেই তংকালীন জ্ঞানচর্চার ধারা পরিচালিত হইয়াছিল। উদাহরণম্বরূপ বলা যায় যে, জ্ঞানসম্পর্কিত নৈয়ায়িক মত বৈশেষিকদের প্রভাবিত করিয়াছিল এবং যে সকল পদার্থের জ্ঞান পরম পুরুষার্থলাভের জন্ত অপরিহার্থ বলিয়া বিবেচিত হইত, বৈশেষিক দর্শনে সেই সকল পদার্থের যে শ্রেণী-বিভাগ করা হইয়াছিল নিয়ায়িকেরা তাহা গ্রহণ করিয়াছিলেন।

এতদ্ব্যতীত, বাঙ্গলাদেশের নবদীপে এই সময়ে রঘুনাথ শিরোমণি নামক একজন স্বাধীনচিন্ত পণ্ডিতের আবির্ভাব ঘটে। বৈশেষিক পদার্থ-সম্হের তিনি যে শ্রেণীবিভাগ করিয়াছিলেন তাহা অত্যন্ত মৌলিক এবং তৎকালীন বৈশেষিক সম্প্রদায় কর্তৃক গৃহীত শ্রেণীবিভাগের সহিত ইহার গুরুত্বপূর্ণ পার্থক্য দেখা ষায়। এই প্রসঙ্গে আমরা যেন শঙ্কর মিশ্র ও দ্বিতীয় বাচস্পতি মিশ্র এই তুইজন পূর্ববর্তী পণ্ডিতের নাম বিশ্বত না হই। ইহাদের মধ্যে প্রথম জন বৈশেষিক হত্তের টীকা রচনা করেন এবং দ্বিতীয় জন 'থণ্ডনোদ্ধার' নামক গ্রন্থে ত্যায়-বৈশেষিকদের পক্ষ হইতে শ্রীহর্ষের সমালোচনার প্রত্যুত্তর প্রদান করেন। এই সময়ের সর্বাপেকা সম্মানিত লেথকগণ হইতেছেন—মথ্রানাথ, জগদীশ এবং গদাধর। তৎকালীন স্থায় এবং বৈশেষিক মতবাদ বিশদভাবে ব্রিতে হইলে 'কিরণাবলী', লীলাবতী' এবং 'তত্বচিন্তামণির' উপর মথ্রানাথের ভাষ্য একোবারে অপরিহার্য। জগদীশ শাসজ্ঞানের প্রণালী ও লক্ষ্য-বিষয়ক তাঁহার 'শ দশক্তি-প্রকাশিকা' গ্রন্থের মাধ্যমে ভারতীয় এবং বিশেষতঃ বন্ধীয় বৈশেষকিদিগকে গভীরভাবে প্রভাবিত করেন। মৃতিমান নব্যন্থায় আধ্যায় সচরাচর যাহাকে স্থতি করা হইয়া থাকে, সেই গদাধর তর্কণাম্মের বহু জটিল প্রশ্নের মীমাংসা করেন এবং অক্ষ্র বিলয়া খ্যাত জ্ঞানের কতকগুলি বাস্তবিক অথবা কাল্পনিক স্থলের সাহায্যে জনেক

কৌতৃহলোদ্দীপক বিষয়েরও উত্থাপন করেন। এই সময়ে নবদীপ সম্প্রদায়ের গৌরব চরমে উঠিয়াছিল। আমরা দেখিতে পাই ষে, আহুমানিক সপ্তদশ শতাব্দীতে মান্দালয় (ব্রহ্ম) প্রভৃতি দ্রদেশ হইতে ছাত্তেরা নবদীপে আসিয়া বিশিষ্ট মনীধীদের নিকট দর্শনশাস্ত্র অধ্যয়ন করিতেছেন।

এখন আমরা অহমান, শক্তমাণ ও লক্ষণ সম্বন্ধে এই সম্প্রদায়ের মতসমূহ আলোচনা করিব।

২। অনুমান

ষাহাকে অনুমান করিতে হইবে (সাধ্য) সেই চিহ্নিতের বা লিন্ধীর (অর্থাৎ উহা যাহার চিহ্ন তাহার) সহিত চিহ্ন বা লিঙ্গের (হেতুর) নিয়ত সম্বন্ধের জ্ঞান (ব্যাপ্তিজ্ঞান) হইতে সঞ্জাত এক শ্রেণীর জ্ঞানকে অনুমান বলা হয়। পাশ্চাত্য তর্কশাল্পে যাহাকে মধ্যম পদ বলা হয়, হেতু তাহারই অনুরূপ এবং যাহাকে প্রধান পদ বলা হয়, সাধ্য তাহারই অনুরূপ। নিয়তসম্বন্ধের জ্ঞানের ফলে পক্ষে লিঙ্গীর সহিত অব্যভিচারীরূপে সম্বন্ধ লিঙ্গের অবস্থিতির জ্ঞান উত্তুত হয়। ইহা লক্ষ্য রাখিতে হইবে যে, যদিও অনুমান পূর্বোল্লিখিত জ্ঞান অর্থাৎ পরামর্শ হইতেই সাক্ষাংভাবে উহুত, তথাপি নিয়তসম্বন্ধের জ্ঞানই ইহার প্রকৃত কারণ। মনন্তব্যের দিক হইতে বলা যায় যে, অন্থান্থ ঐচ্ছিক ক্রিয়ার ন্থায় অনুমানের জন্ম নিয়ত পূর্ববর্তী রূপে তিনটি ব্যাপারের প্রয়োজন হয়। এই গুলিকে যুক্তিসম্বতরূপে সাজাইলে আমরা নিয়লিখিত তিনটি মানসিক উপাদান পাই:

- (১) প্রয়োজনের জ্ঞান এবং যাহাদের দারা প্রয়োজন সিদ্ধ হইবে তাহাদের জ্ঞান.
 - (२) প্রয়োজন দিদ্ধির ইচ্ছা,
 - (o) প্রয়োজন সিদ্ধ করিবার প্রচেষ্টা (প্রবৃত্তি)।

ধে কোন ব্যক্তি কোন অহমান করিতে চেটা করিবেন তাঁহার পক্ষে এইগুলি থাকা আবশ্যক:

- (১) निकीत महिक निय्कत नियक मध्यक्षत कान।
- (২) প্রয়োজন এবং উপায়ের জ্ঞান।
- (৩) প্রয়োজন সিদ্ধির ইচ্ছা।
- (४) প্রয়োজন সিদ্ধ কবিবার প্রচেষ্টা।

স্থায়-বৈশেষিক দর্শনঃ অমুমান

- (৫) কেবলমাত্র লিক হিসাবেই লিকের জ্ঞান নয় পরস্ত পক্ষে বর্তমান লিকের জ্ঞান!
 - (৬) নিয়তসম্বন্ধের স্মরণ; এবং
- (৭) লিক হিসাবেই লিকের জ্ঞান—যাহা লিক্ষীর সহিত লিকের নিয়তসম্বন্ধের জ্ঞান এবং পক্ষে ইহার অবস্থিতির জ্ঞানকে স্ফৃতিত করে।

ইহাই হইতেছে অন্নমানের জ্বন্য আবশ্যক প্রকৃত প্রক্রিয়া—এবং ইহা দারাই লিক্ষী অথবা দাধ্যের জ্ঞানে (দিক্ষান্তে) উপনীত হওয়া যায়।

নৈয়ায়িক গ্রন্থনমূহে উপরোক্ত প্রক্রিয়াকে নিম্নলিখিত স্থপ্রাচীন দৃষ্টাস্তের সাহাধ্যে ব্যাখ্যা করা হইয়াছে:

- (১) ষেখানে ধৃম (লিক) আছে দেখানে অবশ্রষ্ট অগ্নি (লিকী) থাকিবে ;
- (২) অগ্নির জ্ঞান এবং দেই জ্ঞানের উপায়ের জ্ঞান;
- (৩) এবং (৪) "অগ্নি সম্পর্কে জ্ঞান হউক"—এই ভাবে অভিব্যক্ত ইচ্ছা এবং প্রবৃত্তি ;
- (৫) কেবলমাত্র লিঙ্গ রূপে নয় পরস্ক, হেমন ধরা যাক্, পর্বতে বিভামান বস্তরপে ধুমের জ্ঞান;
 - (৬) উপরে প্রথম পঙ্কিতে উল্লিখিত ব্যাপ্তির শ্বরণ; এবং
- (৭) পর্বতোপরি অবস্থিত অগ্নির সহিত নিয়ত সম্বন্ধযুক্ত লিঙ্গরূপে পর্বতোপরি দৃষ্ট ধুমের জ্ঞান।

অমুমানের অপরিহার্য অঙ্গ নিয়তসম্বন্ধ অর্থাৎ ব্যাপ্তির লক্ষণ এইভাবে দেওয়া হইয়াছে (i) সাধ্যের অভাবের সর্ব-অধিষ্ঠানে লিঙ্গের অভাব এবং (ii) লিঙ্গের অধিষ্ঠানে অবস্থিত যে সকল অভাব নিজ প্রতিষোগীর সহিত একাধিকরণে থাকে না, সেই সকল অভাবের কোনওটিরই প্রতিষোগী নয়, এমন লিঙ্গীর সহিত লিঙ্গের সহাবস্থান (সামানাধিকরণা)।

পরবর্তী নৈয়ায়িক পণ্ডিতের। বান্তবিক ও সম্ভাব্য আপন্তিসমূহের বিরুদ্ধে ব্যবস্থা হিসাবে তাঁহাদের উক্তিগুলিকে যথায়থ করিবার জন্ম যে কি ভাবে চেষ্টা করিতেন এই কথঞ্চিৎ জটিল লক্ষণ তাহার একটি সহজ দৃষ্টাস্ত।

ব্যাপ্তির নিশ্চয়ের উৎপত্তির জন্ম নয় তাহাকে হৃদ্ঢ় করিবার জন্মই ভূয়োদর্শন আবশ্যক এইরূপ বলা হইয়াছে। এন্থলে ইহা বলা ্যাইতে পারে যে, ছুইটি বস্তুর, ধরা

^{*} ষাহার অভাব ঘটে (অপবা যাহা অবিত্যমান) তাহাকে ঐ অভাবের প্রতিযোগী বলে।

ষাক্ ধ্ম এবং অগ্নির, একত্রাবস্থানের প্রথম দৃষ্টান্ত হট্তেই ব্যাপ্তির অলোকিক সামান্ত লক্ষণ প্রত্যক্ষ ঘটিয়া থাকে। দ

এই জাতীয় অলৌকিক সামান্তলক্ষণ প্রত্যক্ষের উপায় হইতেছে ঐ প্রত্যক্ষের বিষয়ীভূত বস্তুসমূহের সহিত কোন ইন্দ্রিয়ের অলৌকিক সন্নিকর্ষ। যে সকল বিশেষ বস্তুর সহিত আমাদের ইন্দ্রিয়ের লৌকিক সন্নিকর্ষ হয়, তাহাদের মধ্যে যে সামান্তকে প্রত্যক্ষ করা হয়, অথবা প্রত্যক্ষ করা হইয়াছে বলিয়া মনে করা হয়, সেই সামান্তই ঐ অলৌকিক প্রত্যক্ষের বিষয়ীভূত বস্তুত্তলির মধ্যেও নিহিত আছে বলিয়া এইরূপ অলৌকিক সন্নিকর্ষ হইয়া থাকে। এইরূপ সন্নিকর্ষকে সামান্ত লক্ষণ সন্নিকর্ষ বলা হয়। ইহা বলা হইয়াছে যে, কোন বিশেষ ক্ষেত্রে সহচার সম্বন্ধের প্রযোজ্যতা সম্বন্ধে সন্দেহ পোষণ করিতে হইলেও এই সন্নিকর্ষলন্ধ অলৌকিক সামান্ত প্রত্যক্ষ অপিরহার্য, কারণ ন্তায়ের মতে কোন বিষয় সম্বন্ধে সন্দেহ প্রকৃতপক্ষে উহা সম্বন্ধে অনিশ্চিত জ্ঞানেরই জ্যোতক। আমাদের মনে এই বিষয় সম্বন্ধে একটা সাধারণ জ্ঞান না থাকিলে এরূপ সন্দেহ সন্তব্যর নয়।

ব্যাপ্তি সম্পর্কে সামাগ্যজ্ঞান থাক। সত্ত্বেও কোন একটি বিশেষ বিষয়ে সন্দেহ থাক।
সম্ভবপর। যদিও আমরা সাধারণভাবে উহা জানি যে ধুম থাকিলেই অগ্নি থাকিবে
তথাপি পর্বতের উপরে ধুম দেখিয়াও ঐস্থানে অগ্নির অন্তিত্ব সম্বন্ধে আমাদের সন্দেহ
থাকিতে পারে। স্বতরাং অন্তমানের সাহাষ্যেই তাহা জানিয়া লইতে হয়। এই
ধরণের সন্দেহ দূর করিবার জন্মই তর্ক বা পরোক্ষয়্কির আশ্রয় গ্রহণ করা হইয়া
থাকে।

কোন বিশেষ ক্ষেত্রে ব্যাপ্তি সম্বন্ধে দন্দেহ করিলে যাহা পূর্বেই নিশ্চিতভাবে জানা আছে তাহা অস্বীকার করিতে হয়, অথবা যাহা সত্য নয় তাহা স্বীকার করিতে হয়—ইহা প্রতিপন্ন করাই তর্কের উদ্দেশ্য। যেমন, পর্বত হইতে যথন ধ্ম উদ্পিরণ হইতেছে দেখা যায়, তথন দেখানে অগ্নির উপস্থিতি সম্বন্ধে দন্দেহ নিম্নোক্ত যুক্তির সাহায্যে দ্র করা যায় "পর্বতে যদি অগ্নি না থাকিত, তাহা হইলে ইহার অর্থ হইত এই বে, ধ্ম অগ্নির কার্য নম্ম; কিন্ধু এই সম্পর্কে জ্ঞান ইতিপ্রেই প্রত্যক্ষের মাধ্যমে প্রতিষ্ঠিত হইয়া গিয়াছে।" এইভাবে যুক্তির সাহায্যে প্রয়োজনীয় নেতিমূলক প্রমাণটি পাওয়া গেল।

[†] গো অপৰা ধ্মকে ব্যক্তিধৰ্মবিশিষ্ট বস্তুব্ধপে প্ৰত্যক্ষ না করিয়া গোছ অথবা ধূমত্ব এই সামাশ্য ধৰ্মবিশিষ্ট ক্ষপে প্ৰত্যক্ষ করাকেই সামাশ্য লক্ষণ প্ৰত্যক্ষ কলে।

স্থায়-বৈশেষিক দর্শন: অনুমান

ব্যাপ্তি সম্পর্কে সন্দেহ দূর করিবার তর্ক পাঁচ প্রকার। (১) আত্মাশ্রয়— ইহা দেখাইয়া দেয় যে ব্যাপ্তি স্বীকার না করিলে যাহাকে অহুমান করা হইবে তাহা নিজের উপর নির্ভরশীল হইয়া পড়িবে। (২) অন্তোভাশ্রয়—ইহা দেখাইয়া দেয় ষে, ব্যাপ্তি স্বীকার না করিলে দাধ্য এমন একটি বস্তুর উপর নির্ভর্শীল হইয়া পড়ে ষাহা আবার উহার উপরেই নির্ভরশীল। (৩) চক্রক প্রমাণ করিয়া দেয় যে, ব্যাপ্তিকে অস্বীকার করিলে হেতুকে সাধ্যের উপর নির্ভরশীল বলিয়া স্বীকার করিতে হয়। (৪) চতুর্থত:, এক বস্তু অপরের উপর নির্ভরশীল, তাহা আবার অপর এক বস্তুর উপর নির্ভরশীল এই জাতীয় অনবস্থা দোষ। (৫) পঞ্চম প্রকারের নাম হইতেছে "তদক্য বাধিতার্থ প্রসঙ্গ"—যে যে স্থলে কোন ব্যাপ্তিকে অস্বীকার করিলে ইতঃপুর্বে প্রত্যাথ্যাত প্রতিজ্ঞাগুলি স্বীকার করিতে আমরা বাধ্য হই, দেইগুলি ইহার অন্তভূ জি। প্রথম তিনটি প্রকারকে আবার তিন-তিনটি ভাগে বিভক্ত করা হইয়াছে। উদাহরণ-স্বরূপ, স্বাশ্রায়ের দৃষ্টাস্তের ক্ষেত্রে (ক) কোন জিনিদের উৎপত্তিকে যদি দেই জিনিষেরই উৎপত্তির উপর নির্ভরশীল বলা হয়, তাহা হইলে তাহা উৎপত্তি-সম্বন্ধে স্বাশ্রমের দুষ্টান্ত হইয়া দাঁড়ায়, (থ) যদি একটি জিনিদের অন্তিত্ব তাহার নিজস্ব অন্তিবের উপর নির্ভরশীল বলিয়া কথিত হয় তবে তাহা অন্তিব সম্বন্ধে স্বাশ্রের দুষ্টান্ত হইয়া দাঁড়ায়, এবং (গ) তৃতীয়তঃ, যদি কোন জিনিদ দম্বন্ধে আমাদের জ্ঞান সেই জিনিদের জ্ঞপ্তির উপরই নির্ভরশীল বলা হয়, তাহা হইলে তাহা জ্ঞপ্তির সম্বন্ধে স্বাশ্রমের দৃষ্টাস্ত হইয়া দাঁড়ায়। এই প্রকার ত্রিবিধ বিভাগ, দিতীয় এবং তৃতীয় প্রকার তর্কের ক্ষেত্রেও প্রযোজ্য।

তর্ক আদলে একপ্রকার অন্নমান, অথবা আরও দঠিকভাবে বলিতে গেলে, অনুমানের প্রতিভাদ। এই প্রকার অন্নমানে দল অন্নমানের জন্ম যে ব্যাপ্রিটি আবশ্যক এবং যাহার প্রতিষ্ঠার জন্ম এই তর্কের অবতারণা, দেই ব্যাপ্রিটি মিগ্যা বলিয়া ধরিয়া লইয়া দেখান হয় যে, তাহার ফলে পূর্বে যাহা মিথ্যা বলিয়া প্রমাণিত হইয়াছে তাহাকে স্বীকার করিতে হয়, অথবা যাহা দত্য বলিয়া জ্ঞাত তাহাকে অস্বীকার করিতে হয়; স্বতরাং ইহাতে মূল ব্যাপ্তির অভ্যুপগত (অর্থাৎ দত্য না হইলেও তর্কের থাতিরে দত্য বলিয়া গৃহীত) অভাবের সহিত একটি আপত্তিজনক ফলের ব্যাপ্তি থাকে। ইহাতে তর্ক এবং ব্যাপ্তির অন্যোন্তাশ্রয় রূপ দোষ উৎপন্ন হয়। এই আপত্তির উত্তরে নৈয়ায়িক বলেন যে, কেবলমাত্র ব্যাপ্তিসম্বন্ধে দন্দেহ দ্র করিয়া দিবার জন্মই এইরূপ তর্ক প্রয়োগ করা হয়। কারণ, ব্যাপ্তি ব্যতীত অন্থ্যান অসম্ভব।

কোন পদার্থকে অহুমিতির পক্ষ হইতে হইলে কি প্রয়োজ্বন—এই সম্পর্কে নৈয়ায়িকদের বিশ্লেষণ ধ্যমনই চিন্তাকর্ষক তেমনই স্ক্রা। কিন্তু ইহার আলোচনার পূর্বে এই কথাটি বলা দরকার ধে, নৈয়ায়িকদের মতে কোন পদার্থ-সম্বন্ধে অক্ত প্রমাণবারা লক্ষ জ্ঞানকে শক্তিশালী করিবার জক্তও অহুমানের ইচ্ছা সম্ভবপর। এই কথার তাংপর্য এই যে, ইহা বিশিপ্ত একপ্রকার ইচ্ছার দৃষ্টাস্ত। এই পক্ষতার জক্ত যে সাধ্য-নিশ্চয়ের সহিত অহুমিতির বিশিপ্ত ইচ্ছা থাকে না, দেই সাধ্য-নিশ্চয়ের অভাব চাই। অক্ত ভাষায় বলিতে গেলে শুধু সাধ্যধর্মের নিশ্চয় থাকিলে, উক্ত ধর্মযুক্ত পদার্থটি অহুমিতির যথার্থ পক্ষ হইতে পারে না। কিন্তু যেহেতু এখানে অহুমিতির বিশিপ্ত ইচ্ছা বর্তমান, তাই সাধ্যের নিশ্চয়ও অহুমিতির প্রতিবন্ধক হয় না। অবশ্য অহুমিতির বিশিপ্ত ইচ্ছা ব্যতীত সাধ্যের নিশ্চয় অহুমিতির প্রতিবন্ধক । স্বত্রাং দেখা যাইতেছে যে, সাধ্যের নিশ্চয় না থাকিয়া সঙ্গে সংক যদি অহুমিতির বিশিপ্ত ইচ্ছা না থাকে তাহা হইলে অহুমিতি হইবে। নৈয়ায়িকদের যথাযথ যুক্তিশান্ত্রীয় পদ্ধতিতে এই কথাটি এইভাবে বলা যাইতে পারে: অহুমিতির ইচ্ছার অভাবযুক্ত যে সাধ্যের নিশ্চয় উহার অভাব হইতেছে পক্ষতার অবশ্ব-প্রয়োজনীয় ধর্ম।

৩। শব্দ প্রমাণ

বেহেতু নৈয়ায়িক তর্কণান্ত বৈশেষিক তত্ববিভাব সহিত যুক্ত, দেইজন্ত এই সময়ের বৈশেষিক গ্রহাদিতেও যথার্থ জ্ঞানের উপায় হিদাবে শব্দ প্রমাণ দম্পর্কে বিন্তারিত আলোচনা রহিয়াছে। শব্দ প্রমাণ দম্পর্কে প্রাচীন মত এই যে ইহা শব্দের বা বাক্যের অর্থের যথার্থ জ্ঞানের অধিকারী এবং এই জ্ঞান অন্তকে জানাইতে ইচ্ছুক ব্যক্তির উচ্চারিত শব্দ বা বাক্য। শব্দ প্রমাণের এই স্থপাচীন মত এই যুগের প্রথম দক্তি ব্যাপকভাবে গৃহীত ছিল। গঙ্গেশ বলিয়াছেন যে, যে শব্দ বা বাক্যের উচ্চারণের পূর্বে উহার অর্থের যথার্থ জ্ঞান থাকে, তাহাকে শব্দপ্রমাণ বলা হয়। প্রাচীনপদ্মী পশ্তিতগণ এই মতকে সমর্থন করিয়া এই অভিমত্ত পোষণ করিতেন যে, শব্দপ্রমাণের জন্ত এইগুলি থাকা প্রয়োজন: (১) যে শব্দ বা বাক্য কথিত হইবে, তাহার অর্থের যথার্থ জ্ঞান যে কোন প্রমাণের সাহায্যে গৃহীত হইয়া বক্তার মনে উপস্থিত থাকিবে; (২) দেই যথার্থ জ্ঞানের একটি জ্ঞান এবং (৩) সেই যথার্থ জ্ঞান অন্তর্যাও লাভ কত্তক এইরূপ ইচ্ছা। ১°

স্থায়-বৈশেষিক দর্শন : শব্দ প্রমাণ

ইহা হইতে বুঝা যায় যে, শব্দ ব। বাক্যের প্রবণমাত্র হইতেই শাব্দ জ্ঞানের উৎপত্তি। কিন্তু নবদ্বীপের দার্শনিকগণের অভিমত এই যে, কেবলমাত্র উচ্চারিত শব্দ বা বাক্যের শ্রবণ নয়, বরং সেই শব্দ বা বাক্যের প্রাদঙ্গিক চিহ্ন বা প্রতীকের উপর প্রতিষ্ঠিত আন্মানিক উপলব্ধিও যথার্থ জ্ঞানলাভের ক্ষেত্রে সহায়তা করিতে পারে। শেষোক্ত জ্ঞানের দৃষ্টাস্ত হিদাবে তাঁহারা বলেন যে কোনো গ্রন্থকারের মনোভাব তাঁহার উক্তিগুলি উচ্চকণ্ঠে পাঠ না করিয়াও সহজে অমুধাবন করা যায়। স্থতরাং দেখা যাইতেছে শব্দ বা বাক্যের কেবলমাত্র বাস্তব-প্রত্যক্ষ নয়, বরং যে কোনো প্রকারেই হউক শব্দ বা বাক্যের জ্ঞানই শব্দ প্রমাণের পক্ষে ঘথেষ্ট। একটি শব্দ বা বাক্যের মাধ্যমে বিজ্ঞাপিত কোনো বিষয় বা ভাব সম্পর্কে জ্ঞানের উদ্ভব হইতে গেলে এই উপাদানগুলি ক্রমামুদারে আবশুক হয়। যেমন: (১) কথিত শব্দের ক্লেত্রে উচ্চারিত শদসমূহের প্রত্যক্ষ অথবা লিখিত শদ পাঠের ক্ষেত্রে প্রতিনিধিস্থানীয় প্রতীকের সাহায্যে তাহার অমুমান। (২) পূর্বকথিত শনগুলি এবং তাহাদের অর্থদমূহের মধ্যে যে দম্বন্ধ আছে তাহার স্মরণ, এবং (৩) শদগুলিঘারা লক্ষিত বস্তুর ধারণাক্সপে অবস্থিতি। পূর্বোল্লিখিত ধারণার অবস্থিতির সহায়ক বিভিন্ন ধরণের জ্ঞান হইতেছে, (ক) আকাজ্জা অর্থাৎ অন্ত কোনো শব্দের উপস্থিতি ব্যতীত তুইটি শব্দের পক্ষে একটি অর্থ প্রকাশে অক্ষমতা সম্পর্কে জ্ঞান, (খ) যোগ্যতার জ্ঞান অর্থাৎ বাক্যের বা শব্দের অবিদ্যাদিত অর্থের স্বন্ধে জ্ঞান, (গ) সন্নিধির জ্ঞান অর্থাৎ উচ্চারণ বা লিখনের ক্ষেত্রে একটি শব্দের সহিত অপর শব্দের নৈকট্যের জ্ঞান, (ঘ) বাক্যের রচয়িতার উদ্দেশ্য (উদ্দিষ্ট অর্থ) বা তাৎপর্য সম্পর্কে জ্ঞান। কোন ব্যক্তি একটি কলমের নীলম্ব সম্পর্কে তাঁহার জ্ঞান অন্ত কাহাকেও জানাইতে ইচ্ছা করিলে বলিয়া থাকেন "কলমটি নীল।" এই জ্ঞান গ্রহণ করিতে হইলে দ্বিতীয় ব্যক্তির প্রথম প্রয়োজন হইল এই কথিত বাক্যাট্টর উচ্চারিত শব্দের উপলব্ধি এবং তাহার পর সেই শব্দগুলির এবং তদারা লক্ষিত বস্তুগুলির মধ্যে সম্বন্ধের শ্বৃতি। এই শ্বৃতির সাহায্যেই শ্রোতা ঐ সব জ্ঞান অর্জন করিয়া থাকেন। আকাজ্জা, যোগ্যতা, সন্নিধি ও তাৎপর্য সম্বন্ধে শ্রোতার জ্ঞানের সাহায্যে উপরোক্ত জ্ঞান শ্রোতার মনে আরও নৃতন জ্ঞান উৎপন্ন করে, যাহা বক্তা যে জ্ঞান অপরেব মনে দঞ্চারিত করিতে ইচ্ছা করেন, যথা—"কলমটি নীল" তাহার অফুরুপ। যে জ্ঞান বক্তা অপরের মনে স্ঞারিত করিতে ইচ্ছা করেন তাহার অহুরূপ একটি বিশেষ শব্দ কেন একটি বিশেষ অর্থ ব্যক্ত করে ইহা ব্যাখ্যা করিবার জ্ঞান শব্দ এবং উহার অর্থের (অর্থাৎ উদ্দিষ্ট পদার্থ) মধ্যে ছই প্রকার সম্বন্ধ

প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের ইতিহাস

স্বীকৃত হইয়াছে। প্রথমটিকে শক্তি বলা হয়। ইহা লোক-প্রচলিত অর্থের (কচির) প্রতিপাদক। দ্বিতীয়টিকে লক্ষণা বলে। ইহা প্রচলিত অর্থের সহিত সম্বন্ধযুক্ত অর্থকে পরোক্ষভাবে স্থাচিত করিয়া থাকে। উদাহরণহরূপ বলা যায়, যথন মঞ্চন্থ লোকেরা চীৎকার করিতে থাকে, তথন বলা হয় যে মঞ্চ চীৎকার করিতেছে।

শক্তি জ্ঞানের আটটি উপায় আছে: যথা—(১) ব্যাকরণ, (২) উপমান, (৩) কোষ, (৪) প্রামাণ্য ব্যক্তির বাক্য (আপ্রবাক্য), (৫) ব্যবহার, (৬) প্রসঙ্গ, (৭) টীকা অথবা ব্যাখ্যা এবং (৮) সন্নিধি। প্রারম্ভিক শুরে এই জ্ঞান কেবলমাত্র ব্যবহার হইতেই লাভ হয়। ঐ শুরে অক্যান্য উপায়গুলির স্থান গৌণ।

শিশু যে ভাবে এই শক্তি সম্বন্ধে জ্ঞান আহরণ করে, তাহা হইতেছে একপ্রকার অহমান। এই অনুমানের ভিত্তি হইতেছে এক ব্যক্তির (মথা ঘ-এর) আহ্বানে অপর ব্যক্তির (মথা ক-এর) যে প্রতিক্রিয়া হয়, তাহার প্রত্যক্ষ জ্ঞান। এই অনুমানটি নিম্নোক্তভাবে ব্যক্ত করা যাইতে পারে। (১) কোন প্রয়োজন সিদ্ধির জ্ঞাক ক-এর যে ক্রিয়া, উহা তাহার আত্মাতে অবস্থিত ইচ্ছা হইতে সঞ্জাত যে প্রয়ন্ত তাহা হইতে উৎপন্ন হয়; (২) এই প্রয়ন্তের পূর্বে উক্ত প্রয়োজন এবং তৎসিদ্ধির উপায়ের জ্ঞান থাকা আবশ্যক, যেমন সচরাচর (আমার ক্ষেত্রে) লক্ষিত হয়। এই জ্ঞানের কারণ সম্বন্ধে অনুসন্ধান করিলে উক্ত শক্তি-সম্বন্ধের জ্ঞানলাভ করা যায়।

এইভাবে ইহা স্পষ্ট যে, খ-কর্তৃক উচ্চারিত শব্দগুলির জ্ঞানই ঐ সকল শব্দের অর্থবিষয়ক ক-এর জ্ঞানের কারণ। কারণ এইরূপ দেখা যায় যে, খ-কর্তৃক উচ্চারিত ঐ শব্দগুলি শুনিয়া প্রত্যেক কেন্ত্রেই ক কর্ম করে। এই জ্ঞানের পর এবং ক্রিয়া আরম্ভ হওয়ার পূর্বে ক-এর ইচ্ছা এবং প্রয়ত্ত উৎপন্ন হয়।

এই প্রণালী দ্বারা পৃথকভাবে ভিন্ন ভিন্ন শব্দগুলির অর্থ নহে, কিন্তু সমগ্র বাক্যটির অর্থ জানিতে হইলে উহাদিগকে বিভিন্ন শব্দ সম্দায়ে এবং বিভিন্ন প্রসঙ্গে প্রবণ করা আবিশ্রক।

প্রাচীন মতে শব্দের শক্তি, জাতি, ব্যক্তি, এবং আকৃতি থাকে, (অর্থাৎ শব্দের প্রাথমিক অর্থ হইতেছে জাতি, ব্যক্তি এবং আকৃতি)।

স্তরাং ইহ। হইতে স্থাপট ধারণা করা যায় যে, 'থ'-কর্তৃক উচ্চারিত শক্গুলিই হইতেছে আহ্বানের বিষয় সম্পর্কে 'ক'-এর জ্ঞানের হেতু— কারণ 'থ'-এর শব্দ ভানিলেই 'ক'-কে অনিবার্যভাবে কাব্দ করিতে দেখা যায়। এই জ্ঞানের পর কার্য আরম্ভের পূর্বে 'ক'-এর পক্ষ হইতে কর্মের প্রবৃত্তি ও অভিপ্রায় ক্লাগিয়া উঠে।

श्रात-देवरगरिक पर्णन : लक्कन-निर्वत्र

এই প্রাক্রিয়ার ফলেই পৃথক পৃথক শব্দ সম্পর্কে নয় বরং সমগ্র বাক্যের অর্থ বিষয়েই জ্ঞানের উদ্ভব হয়। পরবর্তী উদাহরণে দেখা যায় নানাবিধ সমবায়ে ও বিভিন্ন প্রসক্ষে শ্রুত শব্দ হইতেই জ্ঞান জন্মে।

প্রাচীন সম্প্রদায়ের মতে জাতি, ব্যক্তি ও ব্যক্তির আরুতির সহিতই হইতেছে শব্দের সম্বন্ধ—কিন্তু আধুনিক সম্প্রদায় মনে করেন এই সম্বন্ধ হইতেছে শব্দ এবং সামাক্যাশ্রিত ব্যক্তির মধ্যেকার ব্যাপার। ইহা স্মরণ রাখিতে হইবে যে, কোন ব্যক্তি সম্বন্ধে গবিকল্প জ্ঞানের ক্ষেত্রে জাতিও বিশেষণ হিসাবে উপস্থিত থাকে; কিন্তু নির্বিকল্প জ্ঞানের ক্ষেত্রে তুইটি উপাদানই সম্বন্ধহীন।

৪। জক্ষণ-নিশ্ম

লক্ষণ-নির্ণয়ের প্রণালী নৈয়ায়িকদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। এই বিষয়ে তাঁহাদের আলোচনা দার্শনিক বিশ্লেষণের ক্ষেত্রে পরাকাষ্ঠার নিদর্শন। সমজাতীয় বা বিষমজাতীয় পদার্থ হইতে লক্ষ্যকে ব্যাব্তত করিতে পারে এইরূপ বৈশিষ্ট্যপ্রকাশক ধর্মের (লক্ষণের) বিবৃতিই হইতেছে লক্ষণ-বাক্য। লক্ষণ-বাক্যের ষধার্থতা বলিতে অব্যাপ্তি, অতিব্যাপ্তি ও অসম্ভব এই দোষগুলির অভাব বুঝায়। (১) যথন লক্ষণ-ধর্মটি প্রত্যেক লক্ষ্য বস্তুতে থাকে না, তথন অব্যাপ্তি অথবা সঙ্কীর্ণতা দোষ ঘটে (২) যখন লক্ষণ-ধর্মটি লক্ষ্যাভিরিক্ত পদার্থেও থাকে তখন অভিব্যাপ্তি দোষ ঘটে এবং (৩) ষধন লক্ষণ-ধর্মটি কোন পদার্থেই থাকে না তথনই অসম্ভব দোষ ঘটে। শেতবর্ণ, শৃঙ্গ এবং অবিভক্ত ক্ষুর যদি গরুর লক্ষণরূপে নির্দেশ করা হয়, তাহা হইলে ক্রমান্বয়ে পূর্বোক্ত তিনটি দোষের উদাহরণ পাওয়া যাইবে। কথনও কখনও এইরূপ হয় যে, লক্ষণবাক্যের জন্ম অত্যাবশ্যক কোন বিশেষ ধর্ম সহজলভ্য নয়। এই অস্থবিধা দূর করিবার জন্ত নৈয়ায়িকগণ একটি সাধারণ ধর্মকেও লক্ষণ-ক্লপে গ্রহণ করিয়া উহাকে কোন অসাধারণ ধর্মের সাহায্যে এমনভাবে ব্যক্ত করেন ষে, তাহাতে অভিব্যাপ্তি দোষের পরিহার হয়। এইভাবে বিশেষ ধর্মের **খ্যভাবে ধ্বন কোন দাধারণ ধর্মের ভিত্তিতে লক্ষণ-বাক্য দেওয়া হয়, তব্বন** নৈয়ায়িকদের ভর্কবৃদ্ধির চরম উৎকর্ষের পরিচয় পাওয়া যায়, কারণ ইহাতে একটি সাধারণ ধর্মকে বিশেষ ধর্মে পরিণত করিতে হয় এবং তথন উহাই লক্ষণের কাজ স্কৃতাবে সম্পাদন করিতে পারে। ১১

জ্ঞান, ইচ্ছা, অভাব প্রভৃতি আপেক্ষিক পদার্থের যথায়থ বর্ণনার সমস্তা

নৈয়ায়িকেরা যেভাবে বিশ্লেষণ করিয়াছেন, তাহাতে বিশেষভাবে পূর্ববর্ণিত স্কন্ম তর্ককৌশল লক্ষিত হয়। উদাহরণস্বরূপ জ্ঞান সম্বন্ধে বলা যাইতে পারে যে, উহা বিষয়দাপেক্ষ, কারণ বিষয়শুন্ত জ্ঞান অসম্ভব (ইচ্ছা, প্রযত্ন প্রভৃতিও বিষয়দাপেক্ষ) অতএব বিষয়ের নির্দেশ ব্যতীত কোন জ্ঞানেরই যথাযথ বর্ণনা দেওয়া যাইতে পারে না। এথানে লক্ষ্য করিতে হইবে যে, উদ্দেশ্য, বিধেয় এবং উহাদের সম্বন্ধ প্রত্যেক জ্ঞানের সহিতই জড়িত থাকে এবং এই তিনটিই জ্ঞানের বিষয়। স্বতরাং যে কোন জ্ঞানের ষ্থাষ্থ বর্ণণার জন্ম ইহাদের প্রত্যেকটিরই শৃত্বপূর্বক বিশ্লেষ্ণ করা আবশ্রক। "ইহা একটি লেখনী" এই বাক্যদারা প্রকাশিত জ্ঞান "ইহা একটি পুত্তক" এই বাক্যদার। প্রকাশিত জ্ঞান হইতে পৃথক্। এই পার্থক্য উক্ত জ্ঞান তুইটির উদ্দেশ্য, বিধেয় এবং দম্মনাপেক্ষ ভেদের উপর নির্ভর করে। কিন্তু একটু বিচার করিলেই বুঝা যাইবে যে, এই বাক্যদ্নয়ে ব্যবহৃত 'ইহা' শব্দ জ্ঞানে যাহা সাক্ষাৎভাবে পাওয়া যায়, শুধু তাহাকেই ব্যক্ত করে। অতএব উদ্দেশুরূপে উদ্দেশুটি উভয়ক্ষেত্রেই এক। তাহাদের মধ্যে যেটুকু পার্থক্য আছে তাহা লেখনীত্ব এবং পুস্তকত্ব এই তুইটি বিধেয়ের ভেদের উপরই নির্ভর করে। "ইহা একটি লেখনী" এবং "ইহা একটি পুন্তক" এই উভয়ের জ্ঞানের ক্ষেত্রেই 'ইহা' রূপ একই উদ্দেশ্যকে নির্দেশ করা হয়। উহাদের পার্থক্য বিধেয়গত (উদ্দেশ্যগত নহে)। প্রথম স্থলে 'ইহা'র ধর্ম হইতেছে লেখনীঅ, দিতীয় স্থলে পুস্তকত। নৈয়ায়িকের মতে 'ইহা একটি পুস্তক' এই জ্ঞানের সম্পূর্ণ এবং যথায়থ বর্ণনা এই: এই জ্ঞান 'পুস্তকত্ব' विभिन्ने 'हेनः' विश्वासक अवः 'हेहा अकि लिथनी' अहे खार्मित वर्गना अहे : अहे खान 'লেখনীত্ব' বিশিষ্ট 'ইদং' বিশেয়ক।

একই ভাবে উদ্দেশ্যের (বিশেষ্যের) ভেদে জ্ঞানেরও ভেদ হয়। উদাহরণস্বরূপ, 'লেখনীটি কাল' এবং 'পাতৃকাটি কাল' এই তৃইটি জ্ঞানের দৃষ্টাস্ত গ্রহণ করা যাক। এখানে মনে রাখা প্রয়োজন যে, শুধু জ্ঞানের সম্পর্কেই পদার্থ উদ্দেশ্য বা বিশেয় হয়। নৈয়ায়িকরা ইহাও বলেন যে, একটি উদ্দেশ্যভার অথবা বিশেয়ভার জ্ঞাই পদার্থ উদ্দেশ্য অথবা বিশেয় হয়। স্বভরাং উদ্দেশ্যের ভেদ উদ্দেশ্যভারই ভেদ। কিছু এই উদ্দেশ্যভা পদার্থটি জ্ঞানসাপেক্ষ। উদ্দেশ্যভা অর্থাৎ জ্ঞানের সহিত সংশ্লিষ্ট পদার্থ হিসাবে ভাহার। ভাহা হইলে সকলেই এক প্রকারের। তথাপি জ্ঞানের এই তৃইটি দৃষ্টাস্থের মধ্যে পার্থক্য রহিয়াছে। এই পার্থক্য কি জ্ঞান্থে ঘটে এই প্রশ্লের উত্তরে নৈয়ায়িকগণ বলেন, এমন একটা কিছু অবশ্রুই আছে যাহাম্বারা পদার্থগুলির উল্লিখিত উদ্দেশ্যভা অবচ্ছিয় বা দীমিত হয়। আমাদের গৃহীত

স্থায়-বৈশেষিক দর্শন : লক্ষণ-নির্ণয়

উদাহরণগুলিতে লেখনী ও পাত্কাতে অবন্ধিত উদ্দেশতার অবচ্ছেদক ধর্ম হইতেছে যথাক্রমে লেখনীও পাত্কাত। লক্ষ্য করিতে হইবে যে, লেখনীও পাত্কাতে সমবেত লেখনীও পাত্কাত এই জাতি তুইটি যে এইস্থলে উদ্দেশতার অবচ্ছেদক ধর্ম হইয়াছে তাহার কারণ লেখনীও পাত্কাতে উদ্দেশতা নামক আগন্তক ধর্ম; আর এই উদ্দেশতা জ্ঞান—সাপেক্ষতা হাড়া অন্য কিছুই নহে। অতএব, নৈয়ায়িকের মতে 'লেখনীটি কাল' এই জ্ঞানের পূর্ণ বিবরণ হইবে: এই জ্ঞানটি হইতেছে কৃষ্ণত্বপ্রকারক এবং লেখনীবাবচ্ছিন্ন বিশেয়তাক (অর্থাৎ এই জ্ঞানে বিধেয় হইতেছে কৃষ্ণত্ব এবং উদ্দেশ হইতেছে লেখনীরূপে লেখনী)।

উদ্দেশ্যতা যেমন একটি পদার্থকে উদ্দেশ্যে পরিণত করে, তেমনি বিধেয়তা একটি জিনিসকে বিধেয় করে। জ্ঞানের এমন অনেক দৃষ্টান্ত আছে যাহার পরিপূর্ণ বিবরণের জন্য বিধেয়তার অবচ্ছেদকের নির্দেশ প্রয়োজন। 'টেবিলটি ঘটবান্' জ্ঞানের এই উদাহরণটি বিবেচনা করা যাউক। এথানে টেবিল সম্বন্ধে ঘটের বিধান করা হইয়াছে; ইহার অর্থ এই যে, যে পদার্থে ঘটত্ব আছে উহাকে টেবিলের বিধেয় করা হইয়াছে। কিন্তু বিধেয়গুলির বিধেয়রূপে অর্থাৎ বিধেয়ত্বান্ পদার্থরূপে এমন কিছু নাই যাহা উহাদিগকে পরস্পার হইতে ভিন্ন করিতে পারে। স্কতরাং বিধেয়তার অবচ্ছেদ কনির্দেশ করা আবশ্যক। পূর্বোক্ত উদাহরণে ঘটে অবস্থিত বিধেয়তার অবচ্ছেদ হইতেছে ঘটত। অতএব, নৈয়ায়িকের মতে 'টেবিলটি ঘটবান্' এই জ্ঞানের পূর্ণ বিবরণ হইবে এইরূপঃ এই জ্ঞানটি হইতেছে ঘটত্ব ঘটতাবিছিন্ন বিধেয়তাক এবং টেবিলন্থ টেবিল্থাবিছিন্ন উদ্দেশ্যতাক। অর্থাৎ এই জ্ঞানের বিশেয় হইতেছে টেবিল রূপে টেবিল এবং বিধেয় হইতেছে ঘটরূপে ঘট। যে বিশিষ্ট সম্বন্ধে বিধেয়ক উদ্দেশ্যের বিধেয় করা হয়, দেই সম্বন্ধের ভেদের জন্যও জ্ঞানের ভেদ হইয়া থাকে—ইহা পরবর্তী নৈয়ায়িকদের গ্রন্থে পূঞ্জায়পুঞ্জরণে আলোচিত হইয়াছে।

অনেকের কাছে নৈয়ায়িকের এই ব্যাখ্যাপদ্ধতি সৃদ্ধ বলিয়া মনে হইলেও তাহার আলোচনা অনেক ক্ষেত্রেই অর্থহীন চুলচেরা বিচার বলিয়া মনে হইতে পারে। কিন্তু আদল সত্য ইহার সম্পূর্ণ বিপরীত। নৈয়ায়িকের যাথার্থপ্রীতি এত উচ্চন্তরে উঠিয়াছিল যে, তাহার ব্যবহৃত বাক্য হইতে অভীষ্ট অর্থের ক্ষতি না করিয়া একটি শক্ষপ্ত বর্জন করা সম্ভব্পর নহে।

কেবল অন্তপস্থিতি হিসাবে অভাবের বর্ণনার এবং ভেদের বর্ণনার যে পদ্ধতি পরবর্তী ভাষশান্ত্রে প্রদর্শিত হইয়াছে, যুক্তিশান্ত্রের দিক হইতে তাহারও খুব মূল্য আছে। কিন্তু এই বিষয়ের বিশাদ ব্যাখ্যার জ্বন্ত এখানে যথেষ্ট স্থান নাই।

প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের ইতিহাস

দ্ৰপ্তব্য

- ১। উমাপতি তাঁহার "পদার্থীয় দিব্য চকু" গ্রন্থে ন্যায়-বৈশেষিক দর্শনের ঐতিহাসিক বিকাশকে প্রাচীন, মধ্য এবং নব্য কালাকুক্রমিক এই তিন ভাগে ভাগ করিয়াছেন। বর্তমান নিবন্ধের আলোচ্য বিষয়ের মধ্যে মধ্যবুগের কিছু অংশও রহিয়াছে।
- ২। ইহা মনে করিলে ভূল হইবে যে, ভারতীয় দর্শনে স্থাকে অন্ধভাবে অথবা জোর করিয়া অনুসরণ করা হইত। কারণ, বার্তিক নামে যে শ্রেণীর টীকা প্রচলিত আছে, তাহা প্রয়েজন হইলে স্থাকে সমালোচনা করিয়া থাকে আবার স্থানের মধ্যে কোন অভাব থাকিলে তাহা পূবণ করিয়াও থাকে। স্থাের অন্তনিহিত ভাব হইতে অনেক দূরে সরিয়া গিয়াছেন এবং স্বাধীন ভাবে দর্শনের সমস্তাগুলির বিচার করিয়াছেন এমন বিথাত ভায়কারের অভাব নাই।
- ৩। মহাবিভাবিডম্বনম (বরোদা সংক্ষরণ) দ্রষ্টবা।
- ৪। ঈবর হইতে পৃথক্ ভাবে অবিশ্বিত আকাশ, কাল ও দেশের অস্তিত্বে তিনি বিধাস করেন না। পদার্থ-তত্ত্ব-নিরূপণম (কাশী সংস্করণ) দ্রষ্টবা।
- ে। বর্মীয় লিপিতে লিখিত সংস্কৃত পাওলিপির ইন্ডিয়া অফিস ক্যাটালগ জন্টব্য।
- ৬। বর্ধমানের মত সমর্থন করিয়া দ্বিতীয় বাচস্পতি তাঁহার খণ্ডনোদ্ধার এছে বলিয়াছেন যে, ব্যাপ্তি হইতেছে চিহ্ন ও চিহ্নিতের মধ্যে অনৌপাধিক সম্বন্ধ। তত্ত্বিস্তামণিতে যে লক্ষণগুলি দেওয়া হইয়াছে (যাহা পূর্বে অনুদিত হইয়াছে), তাহা তাঁহাদের মতে বিশেষ বিশেষ ক্ষেত্রেই প্রযোজ্য। পণ্ডনোদ্ধার (কাশী সংস্করণ) পৃত্ত ৭৬-৭ জট্টব্য।
- ৭। সন্নিকর্বের প্রকৃতি সথয়ে মতভেদ আছে। কোন কোন লেখকের মতে ইহা বস্তুতঃ 'সামান্য' নহে, কিন্তু সামান্যের লৌকিক প্রত্যক্ষ বাহার মাধ্যমে অলৌকিক সন্নিকর্ব স্থাপিত হয়। ইহাও লক্ষ্য করিবার বিষয় যে, রথুনাথ শিরোমণি সামান্য লক্ষণ সন্নিকর্ব মত থওন করিয়াছেন। সিদ্ধান্তমূক্তাবলী এবং সামান্য লক্ষণ পরিছেছেদে তর্চিন্তামণির উপর দীধিতি স্তর্গ্য।
- ৮। তার্কিক রক্ষায় (কাশী সংস্করণ) তর্ক-অমুচ্ছেদ দ্রষ্টব্য।
- ৯। দিদ্ধান্তমূক্তাবলীতে অনুমান-খণ্ড দ্রষ্টব্য।
- ১০। তত্ত্বচিন্তামনি (শব্দ-অমুচ্ছেদ) এবং তাহার উপর মধ্বানাপের ভাষ্য (বিব্লিওপিকা ইণ্ডিকা) ক্রষ্টব্য ।
- ১১। পৃণ্বী ইত্যাদি (কাশী সংক্ষরণ)-তে শক্ষর মিশ্রের কণাদরহস্ত জষ্টব্য ।

গ্রন্থবিবরণী

যে সকল গ্রন্থের উপর নির্ভর করিয়া বর্তমান প্রবন্ধ রচিত হইয়াছে তাহাদের উল্লেখ 'স্রন্থর' অংশে করা হইয়াছে। নিম্নলিখিত ছইখানি গ্রন্থও (যাহাদের সম্বন্ধে পূর্বে উল্লেখ নাই) এই প্রবন্ধ রচনায় ব্যবহৃত হইয়াছে:

শশধর রচিত ন্যায়-সিদ্ধান্ত-দীপ (কাশী সংস্করণ)। জানকীনাথ রচিত ন্যায়-সিদ্ধান্ত-মঞ্জরী (কাশী সংস্করণ)।

षांपम अजिटाक्ष

সাংখ্য যোগ

১। ভূমিকা

সাংখ্য দর্শন ভারতবর্ষের সর্বাপেক্ষা প্রাচীন দর্শন বলিয়া মনে হয়। উপনিষদ্গুলির মধ্যেই সাংখ্য দার্শনিক চিন্তার বীজ দেখিতে পাওয়া যায়। কঠ, খেতাশতর ও মৈত্রায়ণী উপনিষদ্গুলিতে সাংখ্যসম্মত ধারণার অন্তিত্ব দেখিতে পাওয়া যায়। ইহাদের পূর্বেই সাংখ্য দার্শনিক চিন্তা নির্দিষ্ট রূপ পরিগ্রহ করিয়াছিল, ইহা ধরিয়া না লইলে উক্ত উপনিষদ্সমূহে এই ধারণাগুলির অন্তিত্ব ব্যাখ্যা করা যায় না। খেতাখতর উপনিষদে সাংখ্য মতবাদের প্রখ্যাত প্রতিষ্ঠাতা কপিলের যে উল্লেখ আছে, শঙ্কর উহার ঐতিহাসিক মূল্য অস্বীকার করিলেও উহা বিশেষ তাৎপর্যপূর্ণ। ইহা সত্য যে প্রচলিত সাংখ্য দর্শনের বৈশিষ্ট্য নান্তিক মতবাদ এই সকল গ্রন্থে হয় নাই।

সমন্ত দর্শনগুলির মধ্যে সাংখ্যেরই ক্ষতি হইয়াছে স্থাপেকা বেশী। কপিল, তাঁহার সাক্ষাথ শিশ্ব আহ্বরি এবং পঞ্চশিথের সমন্ত গ্রন্থই নই হইয়া গিয়াছে। যে একটি মাত্র গ্রন্থ হাত হইতে রক্ষা পাইয়াছে, তাহা হইতেছে ঈশবরুফের সাংখ্যকারিকা। কিন্তু ঈশবরুফ খৃষ্টীয় যুগের পূর্ববর্তী হইতে পারেন না। যদিও পুন্তকটির রচনাকাল সম্পর্কে মতভেদ রহিয়াছে তবুও সাধারণ ঘটনাপঞ্জী অফুসারে উহার স্থান অনিশ্চিত নয়। কোন মতেই আমরা এই গ্রন্থকে খৃষ্টীয় চতুর্থ শতকের পরে ফেলিতে পারি না। এই গ্রন্থের প্রাচীন টীকাগুলিও নই হইয়া গিয়াছে। হতরাং গৌড়পাদের ভায় ও বাচম্পতির সাংখ্যতত্তকাম্দীকেই ইহার প্রাচীনতম ব্যাখ্যা হিসাবে গ্রহণ করিতে হইবে। গৌড়পাদের জন্মকাল ও ব্যক্তিগত পরিচয় লইয়া অবশ্য মতদ্বৈধ রহিয়াছে। 'যুক্তিদীপিকা' নামক যে একথানি প্রাচীন ভায় আবিদ্ধত হইয়াছে তাহাতে ভর্ত্রের 'বাক্যপদীয়' হইতে উদ্ধৃতি থাকায় উহা ভর্ত্রের পরবর্তী কালের গ্রন্থ; অপরদিকে, সম্ভবতঃ উহা কুমারিল ও ধর্মকীর্ভির পূর্বেন্তী। কারণ এই তুই জনের কোন উল্লেখ্ উক্ত গ্রন্থে নাই। সৌভাগ্যক্রমে, 'যুক্তিদীপিকা'র আবিদ্ধাবের ফলে আমরা এখন বিভিন্ন সাংখ্য সম্প্রদাম সম্বন্ধ প্রাচীনতর নির্ভর্বেন্যাগ্য তথ্যাদি পাইয়াছি।

পতঞ্চলির যোগস্তত্তে এবং ব্যাস কর্তৃক রচিত বলিয়া কথিত ভারে সাংখ্যসম্বত তত্ব ও মতগুলির প্রচুর আলোচনা রহিয়াছে। পতঞ্চলির কাল ও তাঁহার ব্যক্তিগত পরিচয় লইয়া মতভেদ আছে। খুব দম্ভব তাঁহার গ্রন্থের রচনাকাল হইতেছে খুষ্টীয় যুগের প্রথম শতকগুলি। খুষীয় ষষ্ঠ শতকের রচনা বলিয়া অহুমিত যুক্তিদীপিকা সাংখ্য দর্শনের স্থদীর্ঘ বিবর্তনের ধারার উপর প্রচুর আলোকপাত করিয়াছে। ইহাতে বহু প্রাচীন লেখকের উল্লেখ বহিয়াছে। তাঁহাদের মধ্যে অনেকেই নিজ নামামুদারে ভিন্ন ভিন্ন উপদম্প্রদায়ের প্রতিষ্ঠা করিয়াছিলেন, এবং তাঁহাদের বিভিন্ন মতবাদের উদ্ধৃতি বা উল্লেখন্ড যুক্তিদীপিকাতে রহিয়াছে। বহুশতান্দী ধরিয়া সাংখ্য দর্শনের চর্চা না চলিলে এই সকল মতভেদ অবশুই দেখা দিত না। মহাভারত ও গীতায় সাংখ্যসম্মত দার্শনিক চিস্তার যে বিবরণ রহিয়াছে তাহা সাংখ্য মতবাদের স্বপ্রাচীনত্বের অকাট্য প্রমাণ। এতদ্ব্যতীত, বৃদ্ধচরিত গ্রন্থে আলারা কালামের নিকট বৃদ্ধ যে সাংখ্য দুর্শনের শিক্ষালাভ করিয়াছিলেন—তংকালে প্রচলিত এই বিখাস লিপিবদ্ধ আছে। সাংখ্যমত যে বৃদ্ধের পূর্বেই বিকাশলাভ করিয়াছিল ইহা হইতেই তাহার অধিকতর সমর্থন পাওয়া যায়। এই সকল দার্থহীন নিশ্চিত উক্তিকে নিতান্ত কল্পকাহিনী মনে কর। সমীচীন নয়। তবে প্রাচীন নির্ভর্যোগ্য গ্রন্থাদির অভাববশত: দাংখ্য চিম্ভাধারার দর্বপ্রথম উদ্ভাবন কালে এবং ঈশ্বরক্তফের রচনার প্রকাশকাল পর্যস্ত মধাকালীন শতাকীগুলিতে সাংখ্য চিস্তাধারার প্রকৃত আকার ও গঠন সম্বন্ধে নিশ্চিত মতামত জ্ঞাপন করা অত্যস্ত বিপজ্জনক।

ক্যায়ক্ত এবং ব্রহ্মছের সাংখ্য দর্শনের মৌলিক মতগুলির যে বিস্তারিত সমালোচন। বহিয়াছে, তাহা সাংখ্য দর্শনের স্প্রাচীনত্বের অতিরিক্ত প্রমাণ। এতদ্ব্যতীত চরকসংহিতাতেও সাংখ্য চিস্তার উল্লেখ দেখিতে পাওয়া যায়। অখবোষের বৃদ্ধচিরতেও অনুরূপভাবে সাংখ্যমতের ব্যাখ্যা রহিয়াছে। অহিব্র্ধ্ন সংহিতাতেও প্রয়োজনাত্বযায়ী পরিবর্তন ও পরিবর্ধনদহ সাংখ্যমতের বিবরণ দেখিতে পাওয়া যায়।

স্তরাং সাংখ্য দর্শনের মতগুলি যে প্রাক্বৌদ্ধ্ণীন এইরূপ সিদ্ধান্ত করা নিতান্তই সকত বলিয়া মনে হয়। কিন্তু ঈশরকৃষ্ণ প্রণীত সাংখ্যকারিকাতেই এই দর্শনের তব্গুলির যৌক্তিক ও স্থবিশুন্ত ব্যাখ্যা দেওয়া হইয়াছে। ইহাই আমাদের বির্তির প্রধান ভিত্তি হইবে। এই পুন্তকটিকে অসাধারণ বলিতে হইবে, কারণ আট্মটিটি শ্লোকে ইহাতে এই দর্শনের মূল ধারণাগুলি উহাদের যৌক্তিক সমর্থনসহ সংক্ষেপে বর্ণিত হইয়াছে। অবশ্র কোন কোন স্থলে ইহার ভাষা ঘ্যর্থক এবং অম্পন্ত। বাচম্পতির সাংখ্যতত্ত্বকৌমুদী ইহার একটি প্রামাণিক টীকা। যুক্তিদীপিকার

শীংখ্য বোগ: সাংখ্য দর্শনের চতুর্বিংশতি তত্ত্ব

আবিষ্কারের ফলে আমাদের পক্ষে সাংখ্য বিচারের ক্রমবিবর্তনের অনেকগুলি হারানো যোগস্ত্র খুঁজিয়া পাওয়া সম্ভবপর হইয়াছে। বিজ্ঞানভিক্ষ্র ভাষ্যসহ সাংখ্যপ্রবচন-স্ত্রেও একটি বেশ ম্ল্যবান্ গ্রন্থ।

২। দাংখ্য দর্শনের চতুর্বিংশতি তত্ত্ব

সাংখ্য এমন তুইটি মূলতত্ত্ব খীকার করিয়াছে, যাহাতে চেভন ও অচেভনাত্মক সমগ্র বান্তব জগং অন্তর্ভুক্ত। তর ছুইটি পুরুষ ও প্রকৃতি। পুরুষ বলিতে স্বরূপে স্থিত আত্মাসমূহ বুঝায়। এইগুলি নিশ্চল, কুটস্থ ও শাশ্বত পদার্থ। একমাত্র শুদ্ধচৈতক্সই উহাদের স্বরূপ। শুদ্ধচৈতত্তার বিষয়ের সহিত কোন অনিবার্য সম্বন্ধ নাই। এইরূপ চৈতন্তের সহিত বিষয়ের সংসর্গ আধ্যাসিক হইতে বাধ্য। আত্মাগুলির সংখ্যা অনস্ত বলিয়া ধরা যাইতে পারে। স্থতরাং পুরুষকে আত্মাদের সমষ্টিরূপে একপ্রকার বস্ত এবং প্রকৃতিকে অপর একপ্রকার বস্তু বলিয়া গ্রহণ না করিলে সাংখ্যকে দ্বৈতবাদী দর্শন বলা সম্পূর্ণ সঙ্গত হইবে না। প্রকৃতি ইইতেছে সমগ্র জড় ও মানসিক ঘটনাবলীর আদিতত্ত্ব। যদিও সংখ্যায় প্রক্বতি এক, তথাপি ইহাকে কোনপ্রকারেই অমিশ্র একরম দ্রব্য বলা চলে না। ইহা "পরস্পরবিরোধী পদার্থসমূহের ঐক্য।" ইহা স্বভাব ও ক্রিয়ায় পরস্পরবিরোধী দত্ত, রক্ষ ও তম এই তিন গুণদারা গঠিত। স্পষ্টির পূর্বে প্রকৃতি যথন শুদ্ধ সাম্যাবস্থায় থাকে, তথন এই পারস্পরিক বিরোধ অভিভূত থাকে। প্রকৃতির ম্ব-পরিপালন এবং স্বাভিব্যক্তির জন্ম প্রধানত: দত্তই দায়ী। রজ হইতেছে সর্বপ্রকার ক্রিয়া ও প্রেরণার কারণ। জড়তা ও ক্রিয়ানিরোধের জন্ম তম দায়ী। ব্দড় ও মনোব্দগতে এই তিন গুণের অভিব্যক্তি ভিন্ন ভিন্ন প্রকার। প্রকৃতিতে যে পরিণাম ঘটে, তাহার ক্রম যৌক্তিক অনিবার্যতা দারা নিয়ন্ত্রিত ও সমর্থনযোগ্য: অভিব্যক্তির প্রক্রিয়াতে প্রকৃতি যে দকল বিভিন্ন স্তরে উপনীত হয়, তাহাদিগকে বিভিন্ন তত্ত্ব বলিয়াও মনে করা হয়। সমগ্র পরিণাম-প্রক্রিয়াটকে সংক্ষেপে চতুর্বিংশতি তত্ত্বের অভিব্যক্তি বলিয়া বর্ণনা করা যাইতে পারে। ইহাদের মধ্যে প্রকৃতি হইতেছে স্বাদি ও মূল। ইহা এমন এক কারণ ধাহার স্বার কারণ নাই; এইজন্ম উহাকে প্রথম মূল কারণ বলা হয়। সর্বশেষ অভিব্যক্তি, অর্থাৎ কেবল বিক্ততি হইতেছে পঞ্চ মহাভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয় এবং মন। এই আ্বাদিও অস্ত্য তত্ত্বের মধ্যে আরও সাতটি তত্ব আছে: যথা—(১) মহৎ অথবা বৃদ্ধি—ইহা গুদ্ধচৈতন্তের জড়াত্মক প্রতিরূপ ও অভিব্যঞ্জক। (২) অহঙ্কার এবং (৩), (৪), (৫), (৬), (৭)—পঞ্চন্মাত্র অর্থাৎ স্কৃত। এই সাতটি তত্ব প্রকৃতিও বটে আবার বিকৃতিও বটে। প্রকৃতি হইতে প্রথম বিকৃতি হইল বৃদ্ধি। ইহা আবার নিজে অহমারের প্রকৃতি। অহমার একদিকে বৃদ্ধির বিকৃতি এবং অপরদিকে পঞ্চ স্ক্রভৃতের অর্থাং শন্দ, বর্গ, স্পর্শ, স্বাদ ও গদ্ধের এবং একাদণ ইন্দ্রিয়ের প্রকৃতি। পঞ্চ স্ক্রভৃত অহমারের বিকৃতি এবং পঞ্চ স্কুলভৃতের (মহাভূতের) অর্থাং আকাশ, বায়ু, তেজ, জল এবং পৃথিবীর প্রকৃতি। এই চতুর্বিংশতি তত্ব পুরুষের (শুক্ষচৈতন্তের) সহিত মিলিত হইয়া পঞ্চবিংশতি তত্ব হয়। এই পঞ্চবিংশতি তত্বের মধ্যে সমগ্র আধ্যাত্মিক ও জড়জগং অন্তর্ভুক্ত। কিন্তু চৈতত্য (পুরুষ) কোন কিছুর কারণও নহে, কার্যও নহে; স্বতরাং উহা পরিণাম-প্রক্রিয়ার বাহিরে এবং উহার ব্যাপারে উদাসীন।

এখন প্রশ্ন উঠে: বিশ্বের আদি উপাদান এবং মূল কারণ রূপে প্রকৃতিভন্তকে স্বীকার করিবার প্রয়োজন কি? কার্যকারণ নিয়মের অস্থরোধে এই তত্ত্ব স্বীকার করা হয়। প্রতিভাত জগতের স্থব্যব্যা, নিয়ম এবং স্পৃত্যাল কার্য অকারণে সংঘটিত ও আকস্মিক বলিয়া উড়াইয়া দেওয়া চলে না। সর্বপ্রকার পরিবর্তনের প্রধান নিয়ামক তত্ত্ব হইতেছে কারণতা। যে স্থল জগং আমরা প্রত্যক্ষ করি, তাহা নিশ্চয়ই সন্তার কোন পূর্ববর্তী অবস্থা হইতে উৎপন্ন হইয়াছে। কার্যকারণ সম্বন্ধের বৈশিষ্ট্য এই যে, কার্য কারণ হইতে ভিন্ন হইলেও উহাতে কারণের স্বরূপগত ধর্মগুলি থাকিতে বাধ্য। কার্যের এই সকল সাধারণ ধর্ম কারণ হইতেই আসে। কার্যের যে সকল বিশেষ ধর্মদার। উহাকে কারণ হইতে পৃথক্ করা হয়, সেগুলিও কারণতা ঘারাই নিয়ন্ত্রিত।

বৈশেষিক মতে ছইটি পরমাণু মিলিত হইয়া একটি দ্বাণুকের উৎপত্তি হয়, এবং এইরূপ তিনটি দ্বাণুকের সম্পিলনে ত্রাণুক উৎপন্ন হয়, ইত্যাদি। পরমাণু হইতে দ্বাণুকের পরিমাণ বেশী নয়, কিন্তু ত্রাণুকের পরিমাণ বেশী, অর্থাৎ ত্রাণুকের পরিমাণ হাণুক ও উহার উপাদানীভূত পরমাণুগুলির পরিমাণ হইতে অধিক। কিন্তু স্থলবস্তর উৎপত্তির এই ব্যাখ্যাতে একটি গুরুতর দোষ আছে। পরমাণুগুলির কোন বিন্তার নাই; তাহা হইলে উহা হইতে বিন্তারযুক্ত বস্তু কি করিয়া উৎপন্ন হইতে পারে ? বাহা অণু তাহা কখনও বৃহৎ হইতে পারে না। কিন্তু কারণ যদি বৃহৎ পরিমাণ হয়, তাহা হইলে উহা হইতে ক্ষুত্রর কার্থের উৎপত্তি হইতে পারে। কারণ, ক্ষুত্র বৃহত্তের অন্তর্ভুক্ত। যাহা পূর্বেই কারণে বিগ্রমান, শুধু তাহাই ঐ কারণ হইতে পারে। আবার বিশেষ সাধারণ হইতে উৎপন্ন হইতে পারে; কারণ, বিশেষ সাধারণের অন্তর্ভুক্ত এবং উহার বিরোধী নহে। কার্থের পরিমাণ ব্যাখ্যা করার ক্ষপ্ত বাহা

আবশ্যক তাহা হইতেছে কারণস্থ এমন একটি পরিমাণ যাহা কার্যের পরিমাণ হইতে ব্যাপকতর এবং বৃহত্তর; কারণ, দর্ব বিশেষ বিশেষ পরিমাণ দাধারণ পরিমাণের অন্তর্ভূক্ত। তাই দাংখ্যের দিদ্ধান্ত এই যে, কারণ কার্য হইতে অধিক ব্যাপক হইতে বাধ্য। পরাজাতি হইতে অপরাজাতির নিগমন করা সন্তবপর, কিন্তু ইহার বিপরীত প্রক্রিয়া সমর্থনযোগ্য নহে। গ

এখানে কারণতার স্বরূপ সম্বন্ধে আলোচনা করা দ্রকার। বস্তুতঃ কারণতা হইতেছে সাংখ্য তত্ত্বজ্ঞানের ভিত্তি এবং কার্যকারণ নিয়মের প্রয়োগদারাই সাংখ্যের বিভিন্ন তত্ত্বগুলিকে নিগমন করা হয়। ইহা সর্ববাদিসমত যে, কারণ ব্যতীত কোন ঘটনাই ঘটিতে পারে না। অধিকন্ত সাংখ্যমতে ইহাও বলা হয় যে, কার্য তাহার উপাদান কারণে পূর্ব হইতেই বিজ্ঞান থাকে। ইহাকে সংকার্যবাদ বলা হয়। সাংখ্য দর্শনের পরিণামবাদ কার্যকারণের এই সংকার্যবাদের উপর প্রতিষ্ঠিত।

ষেহেতু কার্য উপাদান কারণের পরিণাম মাত্র এবং তজ্জন্য দ্রব্যরূপে উভয়ে অভিন্ন, স্বতরাং সাংখ্য মতে কারণ এবং কার্য একই সঙ্গে থাকে। বৌদ্ধিক এবং জ্ঞান্ত সর্বপদার্থের ত্রিতম ধর্মের উপপত্তির জন্ম ত্রিগুণের ঐক্যরূপে প্রকৃতির অন্তিম্ব অন্থমান করা হয়। প্রতিভাত জগতকে কোন চরমতন্তের পরিণাম বলিয়া ব্যাখ্যা করিতে হইলে প্রথমটির স্বর্ধপাত ধর্মগুলি দ্বিতীয়টিতে থাকা আবশ্যক। কার্য ও কারণের স্বর্ধপাত অভেদ স্বীকার ক্রিলেই এইরপ দিদ্ধান্ত সমর্থন করা যায়। ইহাতেই কারণতা বিষয়ক সাংখ্য মতের সাতিশয় গুরুষ।

সাংখ্যকারণতাবাদের বিক্ষে ভায়-বৈশেষিক সম্প্রদায় গুক্তর আপত্তি উথাপন করিয়াছেন: (১) কার্য পদার্থটি উহার উপাদানীভূত অংশসকল হইতে পৃথক্ একটি নৃতন অবয়বী—উহা শুধু তাহাদের অবিভ্রম্ত সমূহমাত্র নয়। (২) উংপত্তির পূর্বে কার্য-পদার্থটিকে জানা যায় না। উহা যদি কারণ হইতে অভিন্ন হইত তাহা হইলে কারণের জ্ঞানের সঙ্গে সঙ্গে সর্বদাই উহাও জ্ঞাত হইত। (৩) উৎপত্তির পূর্বে কার্য উহার উপাদান কারণে থাকিতে পারে না। কারণ, তাহা হইলে কার্যের জ্ঞা কর্তার প্রয়ম্ব ও ক্রিয়া অনাবশুক হইত। সাংখ্যমতে বলা হয় যে, কর্তা শুধু অংশগুলির যথাযোগ্য বিভাসম্বারা উপাদানের পরিণাম ঘটাইয়া থাকেন, কিছ নৃতন পদার্থ স্থাইই করেন না। কিছ এই যুক্তি সাংখ্যের নিজের বিক্রছেই যাইবে। যে নৃতন পরিণাম পূর্বে ছিল না, তাহার উৎপাদন এবং উপাদানের পূর্ববর্তী অবিক্রম্ভ অবস্থার বিনাশ স্থাকার করিলে কোন সম্বন্ধরই বিনাশ হয় না এবং কোন অসংবস্তুই উৎপন্ন হয় না সাংখ্যের এই মত পরিত্যাগ করিতে হয়। (৪) কার্য যদি নিজের

প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের ইতিহাস

উৎপত্তির পূর্বেই বিভ্যমান থাকিত, তাহা হইলে প্রথমে ও শেষে অর্থাৎ কার্যোৎপত্তির পূর্বে এবং পরে কারণের অবস্থার মধ্যে কোন ভেদ থাকিত না। (৫) উৎপত্তির পূর্বে কার্যের অন্তিত্ব স্বীকার করিলে অন্তিত্ব এবং উৎপত্তি এক হইয়া যাইবে। কিন্তু স্ব-বিরোধ ব্যতীত উহাদের ভেদ বিলোপ করা যায় না।

প্রথম আপত্তিটি দম্বদ্ধে বক্তব্য এই যে, সাংখ্যমতে অবয়বী উহার উপাদান হইতে পৃথক কোন বস্তু নহে। যদি পৃথক হইত তাহা হইলে উহার অধিষ্ঠান হইতে পৃথক্রপেই উহা প্রত্যক্ষ হইত। কিন্তু অবয়বী কথনও উহার অবয়বগুলি হইতে পৃথকভাবে প্রত্যক্ষ হয় না। অবয়বীকে উহার অংশগুলি হইতে ভিন্ন একটি বম্ব বলিয়া মানিলে, যাহা প্রমাণ করিতে হইবে তাহাই ধরিয়া লওয়া হয়। বলা যাইতে পারে, বেহেতু অবয়বী একটি কার্য পদার্থ, স্কুতরাং উহা যেমন কর্তা করণ প্রভৃতি অক্সান্ত কারণ হইতে ভিন্ন, তেমনই উপাদানকারণ হইতেও ভিন্ন হইতে বাধ্য ; কিন্ত এইরপ যুক্তি নৈরাশ্রব্যঞ্জক। কারণ, এই কথা সত্য হইলে অবয়বী ধেমন উহার করণ হইতে পৃথকভাবে প্রতাক্ষ হয়, তেমনিই উহার অংশগুলি হইতেও পৃথকভাবে প্রত্যক্ষ হওয়া উচিত। তাহা ছাড়া, অবয়বী পুথকবস্তুব্ধপেও কিভাবে তাহার অবয়বগুলিতে থাকিতে পারে তাহার কোন যুক্তিসমত অর্থ নিরূপণ করা অসম্ভব। অবয়বী কি উহার দর্ব অংশে একত্রভাবে দন্মিলিত হইয়া থাকে অথবা পৃথক্ পুথক্ভাবে প্রত্যেকটি অংশে থাকে ? প্রথম বিকল্পটি সমর্থ ন করা যায় না। কারণ, তাহা হইলে দর্ব অবয়বের প্রত্যক্ষ ব্যতীত অবয়বীর প্রত্যক্ষ হইবে না। কিন্তু বস্তুত: একটি ব্যঞ্জক অংশ প্রত্যক্ষ করিয়াই আমরা অবয়বীকে প্রত্যক্ষ করিতে পারি। কোন ব্যক্তিকে প্রত্যক্ষ করিতে হইলে, আমরা তাহার পৃষ্ঠ অথবা অভ্যন্তর প্রত্যক্ষ করা পর্যন্ত অপেক্ষা করি না। যদি মনে করা হয় যে, অবয়বী উহার প্রত্যেক অংশে নিঃশেষে এবং সম্পূর্ণভাবে অবস্থান করে, তাহা হইলে যতগুলি অবয়ব আছে ঠিক ততগুলি অবয়বীই স্বীকার করিতে হয়। এইরূপ বলা হইয়াছে যে, যথন অবয়ব সমূহের একটি বিশেষ ধরণের সম্মেলন ঘটে, তথনই অবয়বীর আবির্ভাব হয়, षातांत्र तमहे मत्प्रजन तिनष्टे हहेत्न व्यवस्रती । तिनष्टे हहेशा यांग्र, यिन ध्र व्यवस्रत धनि পূর্ববং বিজমান থাকে। স্নতরাং অবয়বী ইহার অবয়বগুলি হইতে ভিন্ন হইতে বাধ্য। সাংখ্যমতে এই যুক্তি চক্রক দোষে ছষ্ট। কারণ, সাংখ্য অবয়বীকে একটি সঞ্জাত বা বিনাশী অভিনৰ পদার্থ বিলয়া মনে করে না। সাংখ্যের মতে একটি क्रमध्यन वित्नय नियस्य विशव्य दहेतन व्यवप्रवर्धन व्यवप्रवीत कार्य मुल्लामन करत माख। উদ্ভবের পূর্বেই কার্যের অন্তিত্ব থাকে ইহা স্বীকার করিলে, কার্যের উৎপত্তি বিষয়ে কর্তার প্রয়ত্ত্ব নির্থক হইয়া পড়ে—এই তৃতীয় আপত্তি থণ্ডন করিবার জন্ম সাংখ্য কতকগুলি যুক্তি প্রয়োগ করিয়াছে।

প্রথমতঃ, কারণের মধ্যে কার্যকে থাকিতেই হইবে, কারণ, যাহা নাই ভাহা উৎপন্ন হইতে পারে না। যথাসাধ্য চেষ্টা সত্ত্বেও একটি চতুক্ষোণ বৃত্তকে উৎপন্ন হইতে কখনও দেখা যায় নাই। কার্যের দহিত উৎপাদনক্রিয়ার নিয়ত সম্বন্ধ আছে এবং কর্তা ও করণাদির ক্রিয়ার ঐ সম্বন্ধের সহিত সম্পর্ক থাকিলেই উহার সার্থকতা বুঝা যায়। কিন্তু উৎপাদনক্রিয়ার পূর্বে কার্য অবর্তমান থাকে এবং এই প্রক্রিয়ার সমাপ্তির পরই ইহার উদ্ভব ঘটে বলিয়া মনে করা হয়। এই ছুয়ের মধ্যবর্তীকালে কার্যের কোন সন্তা থাকে না এবং সেইজন্ম ইহার উপর কোন ক্রিয়ার প্রয়োগ হইতে পারে না। সাংখ্য এই আপত্তির নিরদন করিতে পারে। শৃক্ত হইতে কার্যের উৎপত্তি হয় এই কথা विनया मुख्यामी कार्यकार्य मश्कापिक्ट व्यशीकात्र करत । এक निर्मिष्ट कार्य इट्टेंट অক্ত এক নির্দিষ্ট কার্যই উৎপন্ন হয়। এইরূপ নিয়তত্বই কার্যকারণসম্বন্ধের স্বভাব। অভাব যদি কার্যক্ষম হইত তাহা হইলে যেহেতু অভাব সর্বত্রই স্থলভ, স্থতরাং যে কোন বল্ধ হইতে অন্য যে কোন বস্ত উৎপন্ন হইতে পারিত। অদৈতবেদান্তী যথন বলেন যে, একমাত্র কারণই সভ্য এবং কার্য হইতেছে অবভাসমাত্র তথন তিনি সমস্থাকে ভুগু এড়াইয়া যান, উহার কোন সমাধান দেন না। স্থায়-বৈশেষিকের মত এই যে, কারণ-ব্যাপারের পর কার্য অন্তিম্বলাভ করে এবং তাহার পূর্বে উহার কোন অন্তিম্বই ছিল না। ইহার বিরুদ্ধে বহু গুরুতর আপত্তি তোলা যায়। "কার্যঅন্তিত্বহীন" এই বাকাটি অর্থহীন; কারণ, অন্তিত্বাভাব উদ্দেশ্যের ধর্ম হইলেই উহাকে বিধেয় করা যায়; কিন্তু ধর্ম হইতে গেলে দম্বন্ধ আবশ্যক, এবং দম্বন্ধ শুধু অন্তিম্ববান্ পদার্থের মধ্যেই সম্ভবপর। অন্তিত্বাভাবরূপ বিধেয়টি যদি উদ্দেশ্যের সহিত সম্বন্ধ না হয়, তাহা হইলে কার্যের অন্তিত্ব অস্বীকার করা যায় না; কারণ, অন্তিত্বাভাবরূপ বিধেয়টি উহার সহিত অসম্বন্ধ। উৎপত্তির পূর্বে কার্যকে অন্তিত্ববান্ বলিয়া ধরিলে প্রশ্ন উঠে —তাহা হইলে কারণব্যাপারে কি সম্পাদিত হয় ? উত্তর এই যে, কারণব্যাপারে যাহা অব্যক্ত ছিল তাহা অভিব্যক্ত হয়। উৎপত্তি মানে অভিব্যক্তি ছাড়া অন্ত কিছু নহে।

দ্বিতীয়তঃ, কোন বিশিষ্ট কার্যের জন্ম বিশেষপ্রকার উপাদান বাছিয়া লইতে হয়। ইহাতেও প্রমাণিত হয় যে, উৎপত্তির পূর্বে কার্য বিজমান থাকে। তৈল উৎপন্ন করার জন্ম ভৈলবীজ্ঞই গ্রহণ করিতে হয়, বালুকণা নহে; কারণ, তৈলবীজে তৈল অব্যক্ত-রূপে বিজ্ঞমান থাকে। কার্যের সহিত যাহা সম্বদ্ধ, শুধু তাহাই কারণ হইতে পারে। কতকগুলি অংশের সাহায্যে একটি সমৃদায় উৎপত্তির ব্যাপারে আমরা পূর্বেই দেখাইয়াছি যে, উক্ত সমৃদায় উহার অংশসকল হইতে ভিন্ন পদার্থ নহে। মূলতঃ কার্য ও কারণ পরস্পর হইতে অভিন্ন।

তৃতীয়তঃ, উৎপাদন অনিয়মিত নহে। যেহেতু কার্য উহার যোগ্য কারণের সহিত অভিন্ন অতএব উহা হইতে ভিন্ন কোন পদার্থ উৎপন্ন হইতে পারে না। উদাহরণস্বরূপ, বস্ত্র যেমন বয়নযন্ত্র হইতে ভিন্ন, দেইরূপ যদি তন্ত্র হইতেও ভিন্ন হইত, তাহা হইলে উহা তন্ত্রগুলির সজাতীয় হইত না এবং উহার আশ্রয় যেমন বয়নযন্ত্র হইতে ভিন্ন, তেমনই তন্ত্র হইতেও ভিন্ন হইত। স্বতরাং কার্য ও কারণের সম্বন্ধ অভেদ ব্যতীত অন্ত কিছু হইতে পারে না। এইভাবে ক্রায়-বৈশেষিকের প্রথম আপত্তিটির নির্দন করা যায়।

উৎপত্তির পূর্বে কার্যের উপলব্ধি হয় না বলিয়া তথন উহার অন্তিত্ব থাকে না, ন্থায়-বৈশেষিকের এই দ্বিতীয় আপত্তি সম্বন্ধে ইহা বলিলেই যথেই হইবে যে, অমুপলব্ধি অনন্তিত্বের যোগ্য হেতু নহে। উহা অনভিব্যক্ত ছিল বলিয়াই উপলব্ধ হয় নাই। কারণ ব্যাপার শুধু উহাকে অভিব্যক্ত করে।

ন্তায়-বৈশেষিকের তৃতীয় আপন্তিটি এই যে, পরিণাম ও অভিব্যক্তির উৎপত্তি স্বীকার করিলে নৃতন পদার্থের উৎপত্তিই স্বীকার করা হয়। সাংখ্যমতে এই পরিণামের স্বরূপসম্বন্ধে ভ্রান্ত ধারণাই এই আপন্তির জনক। পরিণাম বলিতে প্রাণন্তির্বান্ধর্মের নাশ অথবা প্রাণন্তির্বিহীন ধর্মের উৎপত্তি ব্ঝায় না। পরিণামের অর্থ অব্যক্তরূপে বিত্যমান ধর্মের অভিব্যক্তি এবং নাশের অর্থ অভিব্যক্ত ধর্মের পুনরায় অনভিব্যক্ত অবস্থা প্রাপ্তি। স্কতরাং এই আপন্তি বিচারদহ নহে। কার্যোৎপত্তির জন্ত উপাদানের যে নৃতন বিল্লাদ করিতে হয়, তাহা কারণপদার্থেরই ধর্ম বলিয়া উহা হইতে ভিন্ন কিছু নহে। অবশ্র সাংখ্য অন্তির ও উৎপত্তির ব্যবহারিক ভেদ অস্বীকার করে না। উৎপত্তি বলিতে শুধু অব্যক্ত পদার্থের অভিব্যক্তি ব্ঝায় এবং যেহেতু এই অভিব্যক্তি উক্ত পদার্থের সহিত অভিন্ন অভএব উহা কোন সম্পূর্ণ নৃতন ঘটনার স্বৃষ্টি ব্রুয়ায় না।

চতুর্থতঃ, কার্যকারণ দক্ষ মানিলে ইহাও মানিতে হয় যে, কারণের মধ্যে বিশিষ্ট একপ্রকার কার্য উৎপন্ন করিবার একটি বিশিষ্ট শক্তি থাকে। বাং। উৎপন্ন হইবে ভাহার দহিত যদি এই শক্তির একটি দক্ষ থাকে, শুধু ভাহা হইলেই এই শক্তি দক্রিয় হইতে পারে। ইহার অর্থ এই যে, কারণের মধ্যে কার্য বীজ্করণে বিভাষান থাকে। শক্তির ধারণার সহিত উহার আশ্রয় এবং বিষয়ের ধারণা ও অনিবার্যভাবে দক্ষ

থাকে। কিন্তু কারণরপে আশ্রয়টি পূর্ব হইতেই অন্তিম্বান্। প্রশ্ন হইতেছে, কার্যরপে বিষয়টিও কি পূর্ব হইতে অন্তিম্বান্ অথবা অন্তিম্বান্ নহে? কিন্তু শক্তি বলিতে একটি নিম্থ পদার্থ ব্যায়। অপর সম্বন্ধীটির অভাবে এই শক্তি পদার্থ অন্তিম্বান্ এবং সক্রিয় হইতে পারে না। শক্তির বিষয় অবিভ্যমান হইলে কারণের শক্তি উহার উপর কি ভাবে ক্রিয়া করিবে? যদি কারণের শক্তি অবিভ্যমান বিষয়ের উপর ক্রিয়া করিতে পারিত, তাহা হইলে যে কোন বস্তুর উৎপত্তি সম্বন্ধেই অব্যবস্থিততা দোষ পরিহার করা যাইত না।

পঞ্চমতঃ, কারণে কার্য আছে শুধু এই কথা ধরিয়া লইলেই কারণতা সম্ভবপর। যাহা অ-বস্ত তাহার কারণের কোন আবশুকতা নাই। হুইটি অ-বস্তুর মধ্যে কোন স্বরূপগত ভেদ বাহির করা কঠিন। বস্তু যদি চতুষ্কোণ বৃত্তের মত নিজ কারণে না থাকিত, তাহা হইলে প্রথমটির উৎপত্তি হয় এবং দ্বিতীয়টির হয় না ইহার ব্যাথ্যা দেওয়া অসম্ভব হইত। এক অ-বস্ত হইতে অন্য অ-বস্তুকে যদি স্বব্ধতঃ পুথক করা ষাইত, তাহা হইলে হয়ত উহার ব্যাখ্যা দেওয়া সম্ভবপর হইত। কিন্তু অবম্বতে গুণ, ক্রিয়া অথবা জাতির আকারে এইরূপ স্বরূপগত ভেদ স্বীকার করা অসম্ভব। দাংখ্য স্বীয় মত সমর্থনের জন্ম যে সকল বিভিন্ন যুক্তি দিয়াছেন উহাদের সকলগুলিই দাংখ্যের এই মূল দিদ্ধান্তের যুক্তিদন্মত অমুদিদ্ধান্তমাত্র যে, কার্য ও কারণ দ্রব্যব্ধশে এক। এই মূল সিদ্ধান্তের সমর্থনে অনেক স্ব্যুক্তি আছে। যে অধিকরণে উপাদান কারন নাই দেখানে কার্য থাকিতে পারে না এই অর্থে কার্য হইতেছে উপাদান কারণের একটি ধর্ম। কিন্তু এই ধর্ম-ধর্মী সমন্ধ বিভিন্ন দ্রব্যের মধ্যে থাকিতে পারে না। গরু ঘোড়ার ধর্ম নহে, স্থতরাং কার্য ও কারণের মধ্যে এই যে ধর্ম-ধর্মীভাব আছে. তাহাতে প্রমাণিত হয় যে উহারা পরস্পর হইতে ভিন্ন নহে এবং তজ্জক্ত উহারা পরস্পারের সহিত অভিন্ন হইতে বাধ্য। এমন কি উপাদানও পরিণামের সম্বন্ধ হুইটি विভिন্न भार्तार्थत मार्था थाकिए भारत ना । উদাহরণস্বরূপ, ঘট ও বল্পের মধ্যে এইরূপ সম্বন্ধ নাই। তদ্ধ এবং বস্তের মধ্যে যে উপাদান ও কার্যের সম্বন্ধ আছে তাহা হইতে প্রমাণিত হয় যে, উহারা পরস্পর হইতে ভিন্ন নহে। অপর একটি মূল্যবান যুক্তিধারাও এই মত সমর্থন করা যায়। কার্যক্রপে কোনও অবয়বী ঘদি উহার উপাদানীভৃত অংশগুলি হইতে ভিন্নদ্রবা হইত, তাহা হইলে উহাদের ওজন বিভিন্ন হইত। কিছ, কার্য পদার্থের (যথা বল্পের) ওন্ধন উহার উপাদানীভূত তম্বগুলির ওন্ধন হইতে অল্প বা অধিক বলিয়া লক্ষিত হয় না।

कार्य ७ कात्रागत्र मार्था উৎপाদक मार्कि, नाम, উৎপত্তি এবং ध्वःम এই मकन

প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের ইতিহাস

ব্যাপারে যে ভিন্নতা আছে তাহাতে কার্য ও কারণের আত্যন্তিক প্রভেদ প্রমাণিত হয় না। একটি বাস্তব উদাহরণ দ্বারা এই কথার সত্যতা স্পষ্ট হইবে। কচ্ছপ তাহার বিভিন্ন অন্ধ্রত্যন্ধ প্রদারণ করে আবার নিজের শরীরের মধ্যে প্রত্যাহরণ করে। এই সম্প্রদারণ ও সঙ্কোচন উৎপত্তি ও ধ্বংসের প্রতীক। একই স্বর্ণথণ্ড হইতে বিভিন্ন অন্ধারের উৎপত্তি এবং উহাতেই তাহাদের বিলয়কে বরং সম্প্রদারণ ও সঙ্কোচন অথবা ব্যক্তাবস্থা ও অব্যক্তাবস্থা বলা ঠিক হইবে। এই উদাহরণগুলি কার্য-কারণ সহস্কের নিদর্শনস্করপ। ইহাদের দ্বারা বুঝা যায় যে, পূর্বে অসৎ ছিল এইরূপ সম্পূর্ণ কোন নৃতন পদার্থের উৎপত্তি হয় না এবং কোন বিভ্যমান বস্তব ধ্বংসও হয় না। মৃত্তিকা ও ঘটের মধ্যে উৎপাদকশন্তির ব্যাপারে যে পার্থক্য আছে তাহাও উহাদের ভেদাছমিতির হেতু হইতে পারে না। যদিও এক ব্যক্তি নিপুণভাবে পথপ্রদর্শকের কান্ধ করিতে পারে তথাপি খাট বহন করিতে পারে না। কিন্তু তাহার মত একাধিক ব্যক্তি খটিট বহন করিতে সমর্থ। তেমনই একটি তন্ত উত্তরীয়ের কান্ধ করিতে পারে না, কিন্তু বহু তন্ত মিলিতভাবে বস্ততঃই এই উদ্দেশ্য দাধন করে। স্বতরাং কারণের শক্তি ও ব্যাপারের পার্থক্য কার্য ও কারণের ভেদের সপক্ষে যুক্তি নহে।

প্রকৃতিঃ প্রকৃতি হইতেছে জাগতিক স্থান্থল সমগ্র প্রবাহের চরম উপাদান কারণ এবং মূল। আমরা দেখিতে পাই যে, বিভিন্ন ঘটনাবলী উৎপন্ন হয়, বিনষ্ট হয়, পরিমিত স্থান অধিকার করে, একস্থান হইতে অপরস্থানে গমন করে, স্থিতি ও ক্রিয়ার জন্ম অন্তের উপর নির্ভর করে। কিন্তু এই সকলের কারণ থাকিতে বাধ্য। আমরা দেখিয়াছি যে কার্য অপেকা কারণ পরিমাণে ও ব্যাপকতায় অধিক না হইয়া পারে না। এক বিশিষ্ট ব্যক্তি অন্ত এক বিশিষ্ট ব্যক্তি হইতে পারে না। প্রথমে আমরা স্থল জড় বস্তু সকলের কথা বিচার করিব। এইগুলি পাঁচটি স্থল ভূতের শ্রেণীতে অন্তর্ভু কি করা হইয়া থাকে। কিন্তু ইহাদের এমন কারণ খু জিয়া বাহির করিতে হইবে ধাহা উহাদের ভূলনায় অয় বৈশিষ্ট্যযুক্ত এবং অধিক ব্যাপক। পূর্বেই বলা হইয়াছে যে, পঞ্চ স্থলভূতের কারণ হইতেছে পঞ্চ স্থলভূত, এবং ইহাদিগকে পঞ্চ ত্যাত্র বলা হয়। একাদশ ইন্দ্রিয় সহ এই পঞ্চভূত অহন্ধার হইতে, অহন্ধার বৃদ্ধি হইতে এবং বৃদ্ধি প্রকৃতি হইতেতে সন্ধে, রক্ষ ও তম এই তিন গুণের একটি মিশ্র কর্যা। সন্বের ধর্ম লঘ্ড ও প্রকাশ। ইহা পদার্থসমূহের লঘ্ডের কারণ এবং উহা জ্ঞানেন্দ্রিয়গুলিতে থাকাতে উহারা তাহাদের বিষয়গ্রহণে যোগ্য ও পট্ট হয়। রক্ষের ধর্ম হইতেছে কিয়া। উহা সর্বপ্রকার গতির কারণ। ইহার

সাহায্য ব্যতীত সন্থ ও তম কোন কার্যই করিতে পারিত না। ইহার দর্ফাই সর্বক্রিয়া, আভ্যন্তর পরিবর্তন ও বাহাগতি সন্তবপর হয়। তমের ধর্ম গুরুত্ব ও প্রতিবন্ধকতা। ইহা জড়বন্তর গুরুত্বর এবং ইন্দ্রিয় সকলের জড়তার কারণ। সত্ত্বের ফল যেমন প্রকাশ তেমনই তমের ফল হইতেছে অস্পষ্টতা বা আবরণ। ভৌতিক অথবা মানসিক সর্বপ্রকার বস্তুতেই উহাদের স্বাভাবিক বিরোধসব্যুত এই তিনটি গুণকেই পরস্পরের সহিত সহযোগিতা করিতে দেখা যায়। সলিতা, শিখা ও তৈল মিলিয়া যেমন আলোক উৎপন্ন করে তেমনই প্রকৃতির পরিণামে প্রবাহের সর্বত্রই উহারা পরস্পরের সহিত সর্বদা সহযোগিতা করে। বিভিন্ন প্রকারে এবং মাত্রায় একের প্রাধান্ত এবং অন্ত ত্রইটির অপ্রাধান্ত বশতঃ অনস্ত জটিনতা বিশিষ্ট অসংখ্য ও বিভিন্ন ঘটনাবলী উৎপন্ন হয়। কিন্ধু এই সমগ্র স্বষ্টি প্রবাহ একটি অচেতন উদ্দেশ্ভদারা নিয়ন্ত্রিত। স্বাহ্ব উদ্দেশ্ত হইতেছে জীবের ভোগ অথবা মোক্ষ স্বাহ্টির প্রত্যেক স্তরেরই উদ্দেশ্ত আছে। অবশ্য প্রকৃতি ইহার সম্বন্ধে সচেতন নহে।

এইক্ষণে আমরা এই অভিব্যক্তির বিভিন্ন স্তরগুলির যুক্তিদম্মত অর্থ বৃঝিতে চেষ্টা করিব।

প্রিলাম: প্রকৃতির প্রথম বিকার হইতেছে 'মহং' অর্থাং 'রহং'। ইহাকে বৃদ্ধিও
বলা হয়। ইহাকে মহং বলার কারণ এই যে, বিকারগুলির মধ্যে ইহারই দৈশিক
এবং কালিক পরিমাণ দ্র্বাপেক্ষা অধিক। অভুত শুনাইলেও সাংখ্যের মতে বৃদ্ধি,
মনন, অহুভূতি সঙ্কল্ল এবং অন্ত সকল মানসিক অবস্থাই প্রকৃতির বিকার। সুল জড়
পদার্থ হইতে ইহাদের পার্থক্য শুধু এই ব্যাপারে যে উহারা অধিক সুল্ম ও বিশুদ্ধ
পদার্থহারা গঠিত। প্রকৃতি হইতেছে পরস্পরবিরোধী তিনশক্তি বা তত্ত্বর
সাম্যাবস্থা। ব্যাস-ভাল্নে এইরূপ বলা হইয়াছে যে, স্প্টের উদ্দেশ্যের কথা বিবেচনা
করিলে (যেহেতু এই সাম্যাবস্থায় কোন পুরুষার্থ সিদ্ধ হয় না, অতএব) উহাকে প্রায়
অন্তিস্থান বলা যাইতে পারে। ইহা অব্যক্ত ও প্রত্যক্ষাতীত। কিন্ত যেহেতু
সাংখ্যের মতে বিশিষ্ট কার্যের কারণ অবিশিষ্ট অতএব কারণতা সম্বন্ধ সাংখ্যের
মত গ্রহণ করিলে স্প্টের মূল রূপে প্রকৃতির অন্তিম না মানিয়া উপায় নাই। সর্ব
কারণের যে কারণ তাহা সর্ব বিশেষ বর্জিত হইতে বাধ্য এবং উহাকে শুন্ধসভার বিলয়
মনে করা যাইতে পারে। কিন্তু মনোবৈজ্ঞানিক দৃষ্টিতে শুন্ধসভার অশুন্ধ সভার স্থায়ই
ধারণা ও কল্পনার অযোগ্য। সেইজন্ম সাংখ্যকার কেবল নেতি নেতি রূপেই প্রকৃতির
বর্ণনা দিয়াছেন।

মূল প্রক্লতি উহার উপাদানীভূত গুণসমূহের সম্পূর্ণ সাম্যাবস্থাবিশিষ্ট এবং যদিও

উহার স্বভাববশত: উহা দদাই পরিবর্তনশীল, তথাপি এই পরিণাম দদুশ বিকার হইতে সদৃশ বিকারেই ঘটে। আমরা পূর্বেই বলিয়াছি যে, এই সম্পূর্ণ সাম্যাবস্থাবিশিষ্ট প্রকৃতি প্রায় অন্তিত্বহীন, কারণ উহার দারা কোন পুরুষার্থ সিদ্ধ হয় না। প্রকৃতির অন্তঃস্থ এই উদ্দেশাভিমুখী প্রবণতা তুই স্বাষ্ট্রর মধ্যবর্তীকালে দাময়িকভাবে বন্ধাবস্থায় থাকে, কিন্তু পরে ইহা মুক্ত হয় এবং দাম্যাবস্থায় বিক্ষোভ দেখা দেয়। বিক্ষোভের অর্থ কোন একটি গুণের অন্যাক্ত গুণের উপর প্রাধাক্ত। প্রথম বিকার মহতের বৈশিষ্ট্য হইতেছে সম্বগুণের প্রাধান্ত। ইহা হইতেছে স্বাপেকা উচ্চ (আদি) ও অমিশ্র অন্তিত্বান্ পদার্থ। পরিণাম বা বিকৃতি হইতেছে অমিশ্র **ट्टें**एं शिट्य, माधातन ट्टेंएं वित्मास, अभिनिष्ठे ट्टेंएं भिनिष्ठे क्रायात : এवः ইহার স্বভাব দর্বাপেক্ষা ব্যাপক বলিয়াই সম্ভবতঃ উহাকে পরিণাম প্রক্রিয়ার আদিতে রাখা হইয়াছে। ইহা হইতেছে বিশুদ্ধ বৃদ্ধি এবং উহা বিশ্বব্যাপী বলিয়া দব দদীম বুদ্ধি উহার অন্তর্গত। সদীম বৃদ্ধি এবং বিশুদ্ধ বৃদ্ধির মধ্যে এইটুকু পার্থক্য আছে ধে, প্রথমটির বিষয়ের সহিত সম্বন্ধ আছে, কিন্তু দ্বিতীয়টির সেইরূপ কোন সম্বন্ধ নাই, কারণ উহা গ্রহণ করিতে পারে এমন কোন বিষয়ই নাই। দ্বিতীয় বিকার হইতেছে অহস্কার অথবা অহং-বোধ। ইহার ক্ষেত্র অপেক্ষাকৃত সম্কীর্ণ, কারণ অহম-এর সহিত ইহার সম্বন্ধ আছে কিন্তু মহৎ ঐক্বপ কোন সম্বন্ধবারা অবচ্ছিল্ল নহে। প্রত্যেক বস্তুই ইহার সম্ভাব্য বিয়য়। সমগ্র বিশের দৃষ্টি হইতে বলা ঘায় যে, প্রত্যক্ষ-জ্বাৎ উৎপন্ন হওয়ার পূর্বেও উহাকে অহঙ্কারের বিষয় করার সম্ভাবনা বীজরূপে বিভ্যমান থাকে। অহঙ্কার হইতে আন্তর ও বাহ্য এই তুইটি সমান্তরাল বিকার-ধারা উৎপন্ন হয়। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয় এবং মন প্রথমটির অন্তর্গত। মনের স্বভাব দ্বিবিধ। কারণ জ্ঞান ও ক্বতি উভয়েই মনের দ্বারা জনিত। বাহ্য বিকার ধারার মধ্যে পঞ্চ ফুক্তুত অন্তর্ভ । আন্তর বিকার-ধারা মহতের সন্থাংশ হইতে এবং বাহ্য বিকার-ধার। উহার তম-অংশ হইতে নিঃস্ত হয়। আর রক্ষ অংশের কার্য হইতেছে এই তুইটি গুণকে সক্রিয় করা। উহাদের প্রত্যেকটিতে অহস্কার অমুস্যুত থাকে বলিয়া ইহা যুক্তিসিদ্ধ যে এই সকল বিকার অহন্ধার হইতে উদ্ভুত হয়। বিভিন্ন ইন্দ্রিয়গুলি অহম্-এর প্রয়োজন দিদ্ধির উপায় এবং আত্মদাং করার প্রবৃত্তির চরিতার্থতার জন্ম বাহ্ বিষয়গুলি আবশুক। বাহ্ বিষয়গুলি হইডেছে অহম্-এর সম্পত্তি এবং অহম হইতেছে উহাদের স্বামী। ইন্দ্রিয় এবং বিষয়ের সহিত অহম্-এর যে তাদাস্মা ঘটে তাহাতে অহহারের উহাদের মধ্যে অফুস্যততা স্পষ্টভাবে অফুড়ত হয়। এই জন্মই ইক্রিয় এবং বিষয়ের অবস্থাবারা অহং প্রভাবিত হয়।

সাংখ্য যোগঃ সাংখ্য দর্শনের চতুর্বিংশতি তত্ত্ব

উলাহরণস্বরূপ, চক্ষ্ নই হইলে অহম্ মনে করে যে উহা অন্ধ এবং জড়বস্তুসকল উহার আরতে থাকিলে অথবা না থাকিলে উহা নিজেকে ধনী অথবা দরিস্ত বলিয়া মনে করে। স্ক্ষুভ্ত হইতে স্থুলভূতের উৎপত্তিতে যৌক্তিক অনিবার্যতা আছে। কারণ, কেবল স্থুল বস্তুই অহম্-এর কাজে লাগিতে পারে। ইহা স্পষ্ট যে ইন্দ্রিয়গুলি অহম্বরেরই বিশিষ্ট রূপ; কারণ, ইন্দ্রিয়গুলির সম্বন্ধ বিশেষ কিতের সহিত, কিন্তু অহম্বরের সম্বন্ধ উহাদের সকলের সহিত।

লক্ষ্য করিতে হইবে বে, সাংখ্যের তত্বগুলিকে মূল প্রকৃতি হইতে যুক্তিসমত প্রণালীতে নিগমন করা হয়। এথানে বিশেষকে সাধারণ হইতে নিগমন করা হয় এবং অবরোহাত্মক যুক্তিতেও তাহাই করা হয়। সাংখ্য অভিব্যক্তিবাদের অপর একটি বৈশিষ্ট্য এই বে, জ্ঞাতৃগত ও বিষয়গত উভয়প্রকার তত্বগুলিকে একই তত্ব হুইতে নিগমন করা হয়। উচ্চ-নীচ তত্বগুলির অভিব্যক্তিতে জ্ঞাতৃগত তত্বগুলিকে মহং বা বিশুদ্ধ বৃদ্ধি এবং অহম্বারকে বিষয়গত তত্বগুলি (যথা স্ক্রম্ম ও স্কুলভূত দকল) অপেকা উচ্চহান দেওয়া হইয়াছে—ইহা যৌক্তিক অনিবার্যতাহারা নিয়ন্ত্রিত বিলিয়া মনে হয়। জ্ঞাতৃগত তত্বগুলির বিষয়ের সহিত একটি অবশুগুব সম্বন্ধ আছে। স্কৃত্বাং এই প্রয়োজনসিদ্ধির জন্ম বিষয় সকলের অন্তিত্ব অত্যাবশুক। জগৎ-ব্যবস্থায় জ্ঞাতগত এবং বিষয়গত উভয় দিকই রহিয়াছে।

পরিশেষে লক্ষ্য করা যাইতে পারে যে, এই অভিব্যক্তি পূর্বাপরক্রমে ঘটলেও উহাতে একটি অবিচ্ছেছতা রহিয়াছে। পূর্ববর্তী তব পরবর্তী তত্ত্বের মধ্যে অমুস্যত এবং সংগৃহীত থাকে। পূর্ববর্তী তরে পরবর্তী তরে বিলুপ্ত হইয়া যায় না। বিভিন্ন প্রকার তরান্তর ঘটিলেও সর্বতব্বের অভ্যন্তরে একই সর্বব্যাপী মূল প্রকৃতি প্রবাহিত। প্রত্যেক স্তর্বই প্রকৃতির ত্রিগুণে গুণায়িত। অভিব্যক্তির ভিন্ন সর্বত্বরে এই সাধারণ স্ত্রের অভ্যন্ত বশতঃ উহাদিগকে যুক্তিশাল্পীয় পদ্ধতিতে একই সাধারণতত্বের কার্য বিলয়া প্রদর্শন করা সম্ভবপর।

বন্ধন ও মুক্তি: বৃদ্ধিও অহঙ্কারের সহিত তাদাত্ম্য হইতে আত্মার বন্ধন উৎপন্ন হয়।
বৃদ্ধিতে শুদ্ধনৈতত্ত্বের প্রতিবিদ্ধ পড়িলে এবং তজ্জ্ব্য বৃদ্ধি হইতে নৈতন্ত্র নিজেকে
পৃথক করিতে না পারিলে এই তাদাত্ম্য উৎপন্ন হয়। এই ভেদাগ্রহের ফল হইতেছে
উভয়ের তাদাত্ম্য, এবং এই তাদাত্ম্য ক্রমে ক্রমে পরবর্তী বিকারগুলির সহিত শুদ্ধ
আত্মার তাদাত্ম্য, ঘটায়। এইজন্ম যদিও বিশুদ্ধ নৈতন্ত্র নিজ স্বরূপে মুক্ত এবং
দৃংধ, পাপ এবং নৈতিক ও বৌদ্ধিক দোষ বর্জিত তথাপি উহা নিজেকে এই সকল
বন্ধনের অধীন বিশিয়া অহুভব করে।

এই সকল বন্ধন ও দোষের সংক্ষিপ্ত রূপ হইতেছে তুঃথ এবং এই তুঃথের অন্তিব্ধশতঃ আত্মা এই তুঃথন্ধাল হইতে উদ্ধারের উপায় চিস্তা করে। এই জন্তুই তত্ত্ত্তান আবশ্যক। শুদ্ধ চৈতন্ত্ররূপে জ্ঞাতা স্বভাবতঃ তুঃথ ও ক্লেশের দর্ব-স্পর্শ হইতে মৃক্ত—যথন এইরূপ যুক্তিসিদ্ধ ও সক্রিয় বিশাদ উৎপন্ন হয়, তথন উহাই পরিশেষে মৃক্তির কারণ হয়। আত্মা অনাত্মা হইতে সম্পূর্ণ ভিন্ন এবং অনাত্মার প্রভাববর্জিত এইরূপ বিবেকজ্ঞানদার। মৃক্তিলাভ হয়। কিন্তু ইহা দহজ্ব-সাধ্য নহে। ইহার জন্তু বিচারজনিত বিশাদ পরিপন্ন হইয়া পরিশেষে সত্যের সাক্ষাৎ অন্তভ্তিতে পরিণত হওয়া আবশ্যক। আবার ইহার জন্ত দীর্ঘকাল নৈতিক সাধনার প্রয়োজন। প্রথমে ইহার জন্ত সম্মান, অর্থ, পদ এবং ক্ষমতা প্রভৃতি জগতের লোভনীয় পদার্থগুলির প্রতি আদক্তি বর্জন করা আবশ্যক। এই উদ্দেশ্যে যোগদাধনা বিহিত হইয়াছে। ইহা দ্বারা আত্মা নিজের স্বাধীনতাবোধ পুনরায় প্রাপ্ত হইতে সমর্থ হয়।

পূক্ষ: শুদ্ধ-জ্ঞানাত্মক কৃটস্থ ও নিত্য চৈতক্সরূপ পুরুষের অন্তিষ লৌকিক অন্থতবের বিষয় নহে। ইহার কোন ইন্দ্রিয়গ্রাহাগুণ না থাকায় কোন বহিরিন্দ্রিয়া দারা উহার প্রত্যক্ষ হইতে পারে না। অন্তরিন্দ্রিয়াদারাও ইহাকে প্রত্যক্ষ করা যায় না কারণ, মানসপ্রত্যক্ষের বিষয়মাত্রই স্থ-ছুঃথের বেদনাযুক্ত বলিয়া সর্বদাই ত্রিগুণের বিকার।

কিন্তু সাংখ্যে এই যুক্তি দেওয়া হয় যে, সমুদায় এবং মিশ্র পদার্থসমূহ পরার্থ, অর্থাৎ অন্তের উদ্দেশ্য সাধন করে। আবার, প্রকৃতিও উহার সর্ববিকার ত্রিগুণের জটিল সমুদায়, অতএব উহারা নিশ্চয়ই অন্ত কোন তত্ত্বের উদ্দেশ্য সাধন করে। শ্যা, আসন, আসবাবপত্র প্রভৃতি বিভিন্ন উপাদানদারা গঠিত মিশ্র পদার্থ এবং উহাদের অন্তিম্ব বে উহাদের নিজেদের জন্তু নহে তাহা সাধারণ অমূভবের বিষয়। ইহাদের অন্তিম্ব অনিবার্যভাবে কোন প্রয়োজনসিদ্ধির জন্তুই। মৃত্রাং সমগ্র জড় ও মনোজগৎ সম্বন্ধেই বলা ঘাইতে পারে যে, উহাদের অন্তিম্ব উহাদের নিজেদের জন্তু নহে। যে অন্ত তত্ত্বে জন্তু উহাদের অন্তিম্ব এবং ক্রিয়া, অন্তিম বিশ্লেষণে তাহা কোন অমিশ্র চেতনাপদার্থ হইতে বাধ্য। যদিও লোকিক অমূভবে আমরা এইরূপ বিশুদ্ধ হৈতন্ত্রক জানিনা তথাপি ইহার অন্তিম্ব অবশ্বম্বীকার্য; কারণ যদি এইরূপ কোন অমিশ্র বন্ধ না থাকিত, তাহা হইলে মিশ্রবন্ধ কাহার জন্তু এই প্রশ্নের কোন অবধি থাকিত না। অমিশ্রবন্ধ অন্বীকার করিলে যে অনবন্ধা উৎপন্ন হয়, তাহাঘারং প্রমাণিত হয় যে, ইহা অস্বীকার করা একান্তই অযোজিক।

সাংখ্য যোগ: সাংখ্য দর্শনের চতুর্বিংশতি তত্ত্ব

নাংখ্যের বিতীয় যুক্তি হইতেছে প্রথম যুক্তিটিরই একটি অন্থসিদ্ধান্ত। বেহেতু প্রস্থৃতি হইতেছে ত্রিগুণের সম্দায়, অতএব উহার বিরুদ্ধর্মী কোন অমিশ্র বস্তু থাকিতে বাধ্য। প্রথম যুক্তিতে আমরা দেখিয়াছি যে, কোন মিশ্রপদার্থের জন্ত একটি অমিশ্র বস্তু অবশ্রস্থীকার্য; স্থতরাং উহাদের পরস্পরবিরোধিতা স্প্রস্থি। হতীয় যুক্তি এই যে, সর্ব-অচেতন বস্তুর কোন চেতন নিমন্তা থাকিতে বাধ্য এবং শেষ পর্যন্ত উহাকে শুদ্ধচৈতন্ত বলিয়া মানিতে হইবে। চতুর্থ যুক্তি এই যে, অচেতন বস্তুজ্গৎ উহার অনন্ত পরিবর্তন ও জটিলতাদহ কাহারও দারা অন্তত্ত হইতে বাধ্য। এই অন্তবিতা বিশ্বদ্ধচৈতন্ত না হইয়া পারে না।

দর্বশেষ যুক্তি এই ষে, মুক্তির জন্ম প্রযন্ত্র আমাদের অন্নতবের বিষয়। অন্তহীন সংসারচক্র হইতে উদ্ধার পাওয়ার আকাজ্জা প্রত্যেক আধ্যাত্মিক উন্নতিকামী ব্যক্তিই অন্নতব করেন। এই আকাজ্জা মুক্তির সম্ভাবনার দিকে অন্নূলি নির্দেশ করে। কারণ, ইহাকে নিদর্গের একটি কপট প্রতারণা বলিয়া অগ্রাহ্ম করা চলে না। কিন্তু মুক্তির জন্ম প্রস্কৃতির প্রক্রেই সম্ভবপর। তথাপি হৃংথ ও অপূর্ণতা হইতে পরিত্রাণ এবং মোক্ষ প্রকৃতির পক্ষে সম্ভবপর নহে। এই সকল অপূর্ণতা প্রকৃতির স্ক্রপের অবিচ্ছেত্য অঙ্গ; স্ক্তরাং মোক্ষের আবশ্যকভাদারা প্রমাণিত হয় যে, যাহার মোক্ষ হইতে পারে এমন কোন চেতন বস্তু থাকিতে বাধ্য।

এই দকল যুক্তি উদ্দেশ্যকারণতার উপর প্রতিষ্ঠিত। প্রকৃতির ক্রিয়া দিবিধ উদ্দেশ্য সাধন করে। প্রথমতঃ, অন্তঃকরণদারা পুরুষ যাহাতে এই বিচিত্র দংসারকে ভোগ করিতে পারে এবং দিতীয়তঃ পুরুষ যাহাতে মৃক্ত হইতে পারে প্রকৃতি ঐ উদ্দেশ্য কাজ করে। ইহাই পরিণাম-প্রক্রিয়ার উদ্দেশ্য-কারণমূলক ব্যাধ্যা। শুধু শুদ্ধ হৈতন্তের অন্তিম্ব স্থীকার করিলেই এই উদ্দেশ্য অর্থপূর্ণ এবং সাধিত হইতে পারে, এই কথার উপর পূর্বোক্ত যুক্তিগুলি বিশেষ জোর দিয়াছে।

সাংখ্য অনস্তসংখ্যক পুরুষের অন্তিত্ব স্বীকার করে। মনে হয় যে, এই পরস্পরাগত মতটিকে ধর্মবিশাদের অঞ্জনপে গ্রহণ করা হইয়াছে। ইহার সমর্থনে যে সকল যুক্তি দেওয়া হইয়াছে তর্কবিজ্ঞানের দৃষ্টিতে সেগুলি ত্র্বল এবং অপ্রত্যয়কারী। এই যুক্তিগুলির বিষয় হইতেছে বুদ্ধিতে প্রতিবিদিত চৈতয়, সাংখ্যসমত ওক্টেতজ্ঞের প্রতি এগুলি প্রযোজ্য নহে। প্রত্যেক জীবের জন্ম ও মৃত্যু যে পৃথক্তাবে নির্দিষ্ট আছে, এবং প্রত্যেকের ইন্দ্রিয় এবং তাহাদের ক্রিয়ার মধ্যে বে পার্থক্য আছে, তাহা বিভিন্ন পুরুষের অন্তিত্ব প্রমাণ করে বলিয়া মনে করা হয়। পুরুষ যদি বছু না হইতে তাহা হইলে এক ব্যক্তির জন্মে সকলের জন্ম এবং

এক ব্যক্তির মৃত্যুতে সকলের মৃত্যু হইত। যদি ইন্দ্রিয়গুলি একই পুক্ষের না হইত তাহা হইলে তাহাদের বিভিন্ন ক্রিয়া অসম্ভব হইত। এক ব্যক্তির দৃষ্টিশক্তি নষ্ট হইলে সকল ব্যক্তিই অন্ধ হইয়া ঘাইত। কিন্তু ইহা বাস্তব ঘটনার বিরোধী। দিতীয়ত:, সমস্ত দেহে যে একই সময়ে ক্রিয়া হয় না তাহাতেই প্রমাণিত হয় যে, মন ও জড়বস্তবারা গঠিত বিভিন্ন দেহে পৃথক্ পৃথক্ পুক্ষ আছে। তৃতীয়ত:, বিভিন্ন ব্যক্তির বৌদ্ধিক ও নৈতিক গুণাবলীর বিভিন্নতা হইতেও প্রমাণিত হয় যে, তাহারা বিভিন্ন পুক্ষককে আশ্রয় করিয়া থাকে।

এই দকল যুক্তির বিখাদোংপাদনক্ষমতা এবং তার্কিক মূল্য অত্যস্ত অল্প। জন্ম এবং মৃত্যু, ইন্দ্রিয়দমূহের অন্তিত্ব এবং বৃদ্ধিগত ও নৈতিকশক্তির তারতম্য প্রকৃতি এবং ইহার বিভিন্ন বিকারগুলিতেই ঘটিয়া থাকে। শুদ্ধতৈতক্তের দহিত ইহাদের কোন দংস্পর্শ নাই। স্থতরাং এই দকল ব্যাপার হইতে যে পুরুষের দহিত তাহাদের কোন দম্বন্ধ নাই তাহার বছত্ব অনুমান করা যায় না।

পুক্ষগুলির সহিত প্রকৃতির কোন সম্বন্ধ হইতে পারে কিনা তাহাই সাংখ্য দর্শনের সর্বাপেক্ষা কৃঠিন সমস্তা। ইহাকে সংযোগদম্বন্ধ বলিয়া মনে করা যায় না। কারণ, সমান্তরাল বস্তু হিসাবে পুরুষ ও প্রকৃতির নিত্য অন্তিম্ব থাকিলে এই সংযোগ অনিবার্য এবং অবিচ্ছেত্য সম্বন্ধে পরিণত হইবে। এই সংযোগ সম্বন্ধ থাকার জন্ত যদি বন্ধনদশার উদ্ভব হয়, তাহা হইলে উহা হইতে মুক্তির কোন উপায় থাকিবে না। স্থতরাং এই সম্বন্ধ অবশ্রুই অক্তপ্রকার হইবে। বস্তুতঃ, বৃদ্ধি এবং পুরুবের মধ্যে সম্বন্ধ আছে ইহা বলা হইয়াছে এবং কার্যকারণ নিয়মাম্পারে বৃদ্ধি এবং প্রকৃতি স্বন্ধপতঃ এক বলিয়া পুরুবের সহিত মূল প্রকৃতির সম্বন্ধকে অন্থমানের বিষয় বলা হইয়াছে। কিন্তু বৃদ্ধি এবং পুরুবের সম্বন্ধের স্বন্ধ কি হইতে পারে? বলা হইয়াছে যে, বৃদ্ধি ভাষর এবং স্বচ্ছ বস্তু বলিয়া উহাতে পুরুবের প্রতিবিশ্ব পড়ে। কিন্তু পুরুষ সর্বব্যাপী হওয়ায় যাবতীয় বৃদ্ধির সহিত্ই ইহার এইরূপ সম্বন্ধ না থাকিয়া পারে না, স্থতরাং এইরূপ প্রতিবিশ্ব উহাদের প্রত্যেকটিভেই পড়িবে না কেন তাহা আশ্রুবের বিষয়। সাংখ্য ইহা স্বীকার করিতে বাধ্য যে, ইহা যুক্তিগম্যা নয় এমন একটি চরম তথ্য। ইহাই অভিব্যক্তি প্রক্রিয়ার ভিত্তি এবং ঐ প্রাক্রমাকে উদ্দেশ্র্যফুক্ত এবং সার্থক করিয়াছে।

জ্ঞানতবঃ পতঞ্জলি মনের পাঁচটি বৃত্তি স্বীকার করিয়াছেন, যথা— যথার্থ-জ্ঞান প্রেমাণ), ভ্রম (বিপর্যয়), বিষয়রহিত চিস্তা (বিকল্প), স্বপ্রহীন স্বযুপ্তিকালের জ্ঞান (নিজা) এবং স্মরণ (স্বৃতি)। এইগুলির মধ্যে প্রথমটি

সাংখ্য যোগ: সাংখ্য দর্শনের চতুর্বিংশতি তত্ত্ব

সভ্যের সন্ধান দেয় বলিয়া ইহার যৌক্তিক যাথার্থ্য আছে। অন্তগুলি মানসিক অবস্থামাত্র এবং তাহাদের কোন যৌক্তিক মূল্য নাই। প্রমাণ তিন প্রকার— প্রত্যক্ষ, অহমান এবং শব্দ। কোন বস্তুর স্থনির্দিষ্ট সাক্ষাৎ অহুভৃতিই প্রত্যক্ষ। বহিঃপ্রত্যক্ষে ইন্দ্রিয়সমূহ বস্তুগুলির সহিত দাক্ষাৎ করিতে অগ্রদর হইয়া যায় এবং উহাদের সংস্পর্ণ ঘটিলে ইন্দ্রিয়সমূহ বস্তগুলির আকারে পরিবর্তিত হইয়া যায়। বৃদ্ধিও তথন স্বতঃই বম্বর আকার ধারণ করে। কিন্তু ইন্দ্রিয় এবং বৃদ্ধি উভয়েই অচেতন হওয়ায় তাহাদের রূপান্তরকে জ্ঞান বলা যাইতে পারে না। বৃদ্ধির বৃদ্ধি পুরুষের আলোকে আলোকিত হইলে জ্ঞান সম্ভবপর হয়। এই আলোকের স্বরূপ কি তাহা লইয়া বাচম্পতি এবং বিজ্ঞানভিক্ষুর মধ্যে মতভেদ আছে। বাচম্পতির মতে বৃদ্ধির বৃত্তিতে সত্তগুণের প্রাধান্ত থাকায় উহা অতীব স্বচ্ছ এবং দর্পণের ফ্রায়। দেইজ্ঞ ইহার দহিত শুদ্ধ পুরুষের দাদৃশ্য যতদূর দম্ভব ঘনিষ্ঠ হওয়ায় ইহাতে তৎক্ষণাৎ পুরুষের প্রতিবিম্ব প্রতিফলিত হইয়া থাকে, এবং ইহা সচেতনের মত হইয়া পড়ে। এইভাবেই জ্ঞান হইয়া থাকে। ইহা বিষয়ী এবং বিষয় উভয়কেই নির্দেশ করিয়া থাকে। স্থতরাং প্রত্যেক ক্ষেত্রেই প্রত্যক্ষাত্বভূতি "ইহা একটি ঘট এবং আমি জানি যে ইহা উহাই", এইরূপ বিচার ক্রিয়ার আকার ধারণ করে। বিষয়ীকে নির্দেশ করিবার জন্ম অপর একটি বৃদ্ধিবৃত্তির এবং তাহাতে পুরুষের প্রতিফলন ঘটিবার কোনও আবশুকতা নাই। এই মতে প্রতিবিধের প্রতিফলন একমুখী বলিয়া ইহাকে একপ্রতিবিম্ববাদ বলা হইয়া থাকে।

বিজ্ঞানভিক্ পৌরাণিক গ্রন্থম্য অন্থনরণ করিয়া অন্য একপ্রকার ব্যাখ্যা দিয়াছেন। তিনি বলেন যে, বৃদ্ধির পরিণতি হইলে তবেই জ্ঞান হইতে পারে। বৃদ্ধি যে বস্তুর আকার ধারণ করে তাহাকে জানিতে পারে। কিন্তু বৃদ্ধির এই পরিণতি (বৃত্তি) পুরুষে প্রতিফলিত হইলে তবেই ইহাজ্ঞাত হয়। বৃদ্ধিতে নয়, পুরুষেই সকল জ্ঞান জন্মিয়া থাকে। কোন বস্তুর বৌদ্ধিক আকারের প্রাথমিক প্রতিফলন হইতেছে বিষয়ের জ্ঞান, যথা—"ইহা একটি ঘট"। বিষয়ীঘটিত অবধারণ যথা—"আমি ঘটকে জানিতেছি" সম্বন্ধে বলা ঘাইতে পারে যে ইহা অপর একটি ক্রিয়ার অপেকা করে। এই অবধারণে বিষয়ের ত্ঞায় বিষয়ীও জ্ঞাত হয়। কিন্তু যেহেতু কোন বিষয়ের জ্ঞান হইতে গেলে তদহরপ একটি বৃদ্ধিরতির প্রয়োজন, সেই হেতু জ্ঞাতা 'আমি'র জ্ঞান হইতে গেলে তদহরপ একটি বৃদ্ধিরতির প্রয়োজন, সেই হেতু জ্ঞাতা 'আমি'র জ্ঞান হইতে গেলে বৃদ্ধির 'আমি' আকার ধারণ করা প্রয়োজন। বৃদ্ধির এই রূপান্তর শুদ্ধিতৈতেয়ে প্রতিফলিত হয়; এইভাবে "আমি ঘট জানিতেছি" এই জ্ঞান হইয়া থাকে। এস্থলে একটি প্রতিবিদ্ধের পরিবর্তে ছুইটি প্রতিবিদ্ধ এবং

ভদম্যায়ী বৃদ্ধির ছুইটি বৃত্তির কথা আছে। সাংখ্যসমূত পুরুষ-বহুত্ববাদের সহিত বাচম্পতির মতবাদের অপেকা এই ব্যাখ্যার অধিক সম্বৃতি আছে বলিয়া মনে হয়। প্রতিবিশ্বটি একটি ছায়াময় অবভাদ হইতে পারে। কিন্তু জ্ঞাতা এবং কর্তা হিসাবে পুরুষ যাহা করে তাহাকে অবভাদিক এবং মিথ্যা বলিয়া মনে করা হয়। যে মত ছুইটি প্রতিবিশ্ব সীকার করে, তাহা অপর মতের অপেকা পুরুষের এই অবভাদিক রূপের অধিকতর মুষ্ঠু ব্যাখ্যা দিতে পারে।

আর একটি প্রয়েজনীয় বিষয় আছে যাহার উল্লেখ না করা উচিত হইবে না। বাচম্পতি এবং বিজ্ঞানভিক্ষ্ উভয়েই প্রত্যক্ষকে নির্বিকল্প এবং স্বিকল্প এই ছুই শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। কিন্তু ঈশ্বরুঞ্জের গ্রন্থ এসম্বন্ধে নীরব। ব্যাস-ভাল্পের° ব্যাখ্যায় স্পষ্টভাবেই প্রত্যক্ষকে স্বিকল্প বলা হইয়াছে। যুক্তিদীপিকাতেও ছুই প্রকার প্রত্যক্ষের উল্লেখ নাই। সাংখ্যকারিকার অষ্টাবিংশতিশ্লোকে আলোচন কথাটির উল্লেখ থাকাতেই এই সমস্রার উদ্ভব হইয়াছে। বাচম্পতি ইহাকে অস্পপ্ত প্রত্যক্ষ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। অপরপক্ষে যুক্তিদীপিকায় ইহাকে ইন্দ্রিয়ের বৃত্তি বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। আরও বলা হইয়াছে যে, জ্ঞান একটি মানস ব্যাপার। তাহা ছাড়া কেবলমাত্র কোন সাধারণ ধর্মের জ্ঞান হইতে পারে না। সকল জ্ঞানই বিশেষ এবং সাধারণ এই ছুইয়ের সমাবেশের জ্ঞান। ইন্দ্রিয়ের কিছু জানিবার শক্তি নাই, এরপ শক্তি আছে স্বীকার করিলে মনের অন্তিম্ব স্থীকার করার প্রয়োজন হয় না। স্বতরাং প্রত্যক্ষের নির্বিকল্প এবং স্বিকল্প এই ছুই শ্রেণীতে বিভাগ একটি নৃতন কথা বলিয়া মনে হয়, এবং মূল গ্রন্থের সহিত ইহার সামগ্রন্থ নাই।

অন্নানকে নোটাম্টি বীত এবং অবীত এই ছুইভাগে বিভক্ত করা হইয়াছে।
বীত অন্নান অন্নী ব্যাপ্তির উপর এবং অবীত অন্নান ব্যতিরেকী ব্যাপ্তির উপর
প্রতিষ্ঠিত। বীত অন্নান ছুই প্রকার—একটি কার্যকারণ-সহস্কের উপর প্রতিষ্ঠিত,
অন্তটি সাধারণ সাদৃশ্রের উপর প্রতিষ্ঠিত। ধ্ম হইতে অগ্নির অন্নান এবং
মেঘাছর আকাশ হইতে আসর বৃষ্টির অন্নান প্রথম শ্রেণীর অন্তর্গত। দিতীয়
প্রকার অন্নানের সাহায্যে মূল প্রকৃতি ইন্দ্রিয়সমূহ প্রভৃতি প্রত্যক্ষাতীত বস্তর
নিগমন হইয়া থাকে। সাধারণতঃ কার্য ও কারণের মধ্যে সাদৃশ্র দেখিয়া জগতের
মূল কারণও বে ত্রিগুণের ব্যাপারে জগতের সদৃশ এইরপ অন্নান করা হইয়া থাকে।
ইন্দ্রিয়সমূহের অন্তিত্বের অন্নান অপর একটি দৃষ্টান্ত। ত্রিয়ামাত্রই করণ-সাধ্য।
জ্ঞানও একটি ক্রিয়া, অতএব ইহারও করণ থাকিবে। ইন্দ্রিয়সমূহই নিশ্রুই এই

সাংখ্য যোগ: যোগ

করণ। এইরূপ অমুমানের দাধ্য প্রত্যক্ষযোগ্য নহে। মৃতরাং ইহাতে দাধ্য ও দাধনের ব্যাপ্তির প্রত্যক্ষ হয় না। কিন্তু প্রত্যক্ষাতীত পদার্থের দহিত প্রত্যক্ষ পদার্থের দাদৃশ্য থাকায় এইরূপ অমুমান সম্ভবপর হইয়া থাকে।

শব্দপ্রমাণ হইতে প্রত্যক্ষাতীত বস্তুসমূহের জ্ঞান হইরা থাকে। বেদের স্থায় সর্বতোভাবে নির্দোষ, নির্ভরযোগ্য শাস্ত্রের বচনই শব্দপ্রমাণ।

৩। যোগ

গীতায় বলা হইয়াছে যে, সাংখ্য এবং যোগ অভিন্ন এবং কেবলমাত্র নির্বোধ ব্যক্তিরাই ইহাদিগকে পৃথক বলিয়া মনে করে। গীতায় এই হুইটি শব্দের যে অর্থই অভিপ্রেত হউক না কেন, ইহারা এই তুইটি শাস্ত্রকে লক্ষ্য করিতেছে এরপ মনে করিলে এই উক্তিটি দত্য হইবে। যোগ হইতেছে দাংখ্যের ব্যবহারিক প্রয়োগ। যোগও সাংখ্যের দার্শনিক ভিত্তি একই। পতঞ্চলি তাঁহার যোগহতে ঈশ্বররূপ যে অপর একটি তত্ত্বের অবতারণা করিয়াছেন তাহার জন্মই এই তুইয়ের মধ্যে পার্থক্য। সেই জন্মই যোগকে দেশর সাংখ্য বলা হয়। জগতের বাহিরে অবস্থিত ঈশরে বিশ্বাস করার ফলে. কল্পান্তে প্রলয় হইলে কিরূপে জগতের অভিব্যক্তি পুনরায় আরম্ভ হইতে পারে যোগদর্শনে সেই সমস্থার সমাধান করা সহজ হইয়াছে। ঈখরই জগৎ প্রক্রিয়াকে নিরুদ্ধ করিয়া দেন এবং তাঁহা হইতেই পরবর্তী অভিব্যক্তি-প্রক্রিয়া আরম্ভ হয়। যোগ-সূত্রে ঈশ্বরের জগৎ সম্বন্ধীয় ক্রিয়ার উপর বিশেষ জোর দেওয়। হয় নাই. কিন্তু ভাষ্যকার ব্যাসদেব ঈশ্বরের এই সকল ক্রিয়া আছে বলিয়া বিশ্বাস করেন এবং তাঁহার ব্যাখ্যাকারেরা এইগুলি প্রমাণ করিতে বিশেষ শ্রম করিয়াছেন। ভামতী টীকায় বাচম্পতি বলেন ষে, ঈশ্বর প্রকৃতির গতি-পরিচালনাও নিয়ন্ত্রণ করিয়া থাকেন। ঈশবের অন্তিত্ব অবশ্রু জগতের উৎপত্তি সম্বন্ধীয় যুক্তিদারা প্রতিপাদিত হয় নাই। ইচা এইভাবে প্রতিপাদিত হইয়াছে। বিভিন্ন ব্যক্তির জ্ঞানের পরিমাণ ও পরিসরের দিক হইতে ন্যুনাধিক্য আছে। যাহার উৎকর্ষের বিভিন্ন মাত্র। আছে, তাহার চরম মাত্রার নিশ্চয়ই কোন আধার থাকিবে। উদাহরণস্বরূপ, পরিমাণের সর্বনিম্ন মাত্রা প্রমাণুতে এবং দর্বোচ্চ মাত্রা দেশে বর্তমান। স্থতরাং বাঁহাতে জ্ঞানের দর্বোচ্চ মাত্রা বর্তমান এমন একজন পুরুষ নিশ্চয়ই আছেন। ডিনিই ঈখর। ডিনি কালকর্তৃক অবচ্ছিন্ন হইতে পারেন না, কারণ তিনি অবশুই অনস্তকালব্যাপী হইবেন। তাহা না হুইলে নিত্য ও অভ্রাম্ভ জ্ঞানের উৎস বেদের প্রকাশ সম্ভবপর হইত না।

পতঞ্জলি কিন্তু পুনর্জন্মের বন্ধন হইতে মৃক্তির পথে লইয়া যায় এমন জ্ঞানলাভের জ্ঞা ঈশরের ভক্তিপূর্ণ ধ্যানকেই একমাত্র উপায় মনে করেন না। সাংখ্যের স্থায় তিনিও অনাত্মা হইতে আত্মার ভেদজ্ঞানকেই মৃক্তির একমাত্র ও যথেষ্ট কারণ বলিয়া মনে করেন। পতঞ্জলির যোগস্ত্রে শুদ্ধ আত্মার শ্বরূপ উপলব্ধি করিবার জ্ঞা নানাবিধ ধ্যানের পদ্ধতি বিহিত হইয়াছে।

যোগ বলিতে সাধারণভাবে কি ব্ঝায় তাহা আমরা সংক্ষেপে ব্যাখ্যা করিব। যে পাঁচটি চিত্তবৃত্তির কথা পূর্বেই বলা হইয়াছে তাহাদের নিরোধ ও নিয়ন্ত্রণকেই যোগ বলা হইয়াছে। যে মনের সহিত আত্মা আপনাকে অভিন্ন বলিয়া মনে করে তাহার অবিরাম চাঞ্চল্যের ফলে আত্মার বিশুদ্ধতা ও মৃক্তস্বভাব মান হইয়া যায়। যে আদি অবিতা একটি সদর্থক পদার্থ এবং বিভিন্ন ভ্রান্ত জ্ঞানের মধ্যে যাহার প্রকাশ, ভাহার ফলেই এই অভিন্নতাবোধ সম্ভবপর। অবিতার বশীভূত হইয়া আত্মা অনিত্যকে নিত্য, অভ্নত্বকে গুল, তৃঃখকে হুখ এবং অনাত্মাকে আত্মা বলিয়া মনে করে। ইহার প্রভাবেই আত্মা বৃদ্ধির সহিত আপনাকে অভিন্ন বলিয়া অহুভব করে এবং অহুরাগ ও বেষ এবং শেষ পর্যন্ত বাঁচিবার আকাজ্জা এবং অদম্য মৃত্যুভয় স্কৃষ্টি করে। এই সকল ক্রেশ (রাগছেযাদি) এবং অশুদ্ধির প্রতিষেধক ক্রপে কডকগুলি বৌদ্ধিক, নৈতিক এবং শরীর-সম্পর্কিত সাধনার প্রয়োজন। মন এবং শরীরকে নিয়ন্ত্রণ করিবার জ্ঞা এই সকল সাধনা বিহিত হইয়াছে।

আমরা এই স্থলে পরিকর্ম অর্থাৎ চিত্তগুদ্ধিকারী সাধনা সম্হের উল্লেখ করিতে পারি। এইগুলি হইতেছে মৈত্রী, অর্থাৎ যাহারা হথে আছে তাহাদের প্রতি প্রীতি এবং বন্ধুত্বভাবের অন্থূলীলন; করুণা, অর্থাৎ হংপক্লিষ্ট লোকদের প্রতি অন্থুকুন্সা; মৃদিতা, অর্থাৎ ধার্মিক ব্যক্তিদের আধ্যাত্মিক উন্নতিতে আনন্দ এবং উপেক্ষা, অর্থাৎ পাপীদের প্রতি উদাসীয়া। ইহা ছাড়াও যোগের প্রাথমিক অন্ন হিসাবে অহিংসা, সত্যা, অ-ন্তেয়, ত্রন্ধচর্য এবং অপরিগ্রহের প্রয়োজন। এইগুলির মধ্যে অহিংসাই স্বাপেক্ষা গুরুত্বপূর্ণ এবং অপরিগ্রহের প্রয়োজন। এইগুলির মধ্যে অহিংসাই স্বাপেক্ষা গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য। এই মৌলিক ধর্মের সহিত সামঞ্জয় রাথিয়াই অক্যায় ধর্মগুলি পালন করিতে হইবে। উদাহরণস্বরূপ, যে সত্য হিংসার কারণ তাহা প্রকৃত সত্য নহে।

মনের শান্তি অথবা সমাধিলাভের জন্ম এই সকল বিভিন্ন কর্মপদ্ধতি এবং সাধনা বিহিত হইয়াছে। এই সমাধি তুই প্রকার, যথা—সম্প্রজ্ঞাত ও অসম্প্রজ্ঞাত। সম্প্রজ্ঞাত সমাধিতে আত্মা এবং চিত্তের সন্তাগত এবং ক্রিয়াগত পার্থক্যের উপলব্ধি হইয়া

माःथा योग: **अ**ष्ट्रविवन्नी

থাকে, অসম্প্রজ্ঞাত সমাধিতে এই উপলব্ধিরূপ চিত্তবৃত্তিরও নিরোধ হইয়া থাকে এবং আত্মা মৃক্ত হইয়া অসন্ধ পুরুষ হিসাবে পুনরায় স্বরূপে অবস্থান করে।

পরিশেষে বলা যায় যে, যোগশাস্ত্রে বৈরাগ্য ও অনাসক্তিকেই দর্বাধিক গুরুত্ব দেওয়া হইয়াছে। মৃক্তিকামী ব্যক্তিকে জগতের বস্তুসমৃহের অসারতা উপলব্ধি করিতে হইবে এবং দাংসারিক কর্ম হইতে বিরত থাকিতে হইবে। আত্মা ও অনাত্মার তেদের স্থময় অমৃভূতির প্রতি আসক্তি পরিহারই পরম বৈরাগ্যের অবস্থা। কারণ, ইহা ব্যতীত চরম মৃক্তিলাভ হইতে পারে না। তত্মজ্ঞান ব্যতীত বৈরাগ্য কেবলমাত্র বিভ্রমের স্থাই করিয়া থাকে।

দ্রষ্টব্য

- ১। পঃ ১৪, ৩৮
- ২। যোগস্থত ২।১৯
- ৩। যুক্তিদীপিকা পুঃ ১১৪
- ৪। যোগসূত্র ১।৭
- "চেতনাধিষ্টিতম অচেতন্য প্রবর্ততে যথা যোগিনামু ঈশ্বর-বাদিনাম"—ভামতী ব্রহ্মস্থত্র ২।২।২

গ্রন্থ বিবরণী

ঈধর কৃষ্ণের সাংখ্যকারিকা, গৌড়পাদ, মাঠর এবং বাচম্পতির টীকা সমেত। বুক্তি-দীপিকা। সাংখ্য-প্রবচন স্থ্র অনিক্ষের টীকা এবং বিজ্ঞানভিক্ষর ভাষ্ম সমেত।
পতঞ্জলির যোগস্ত্রে ব্যাস-ভাষ্ম এবং বাচম্পতি, বিজ্ঞানভিক্ এবং ভোজরাজের টীকা সমেত। ভারতীয় দর্শন ২য় থণ্ড, এস্ রাধাকৃষ্ণন্ ভারতীয় দর্শনের ইতিহাস ১ম থণ্ড, এস এন দাসগুপ্ত